তৈস্তু দুঃশাসনঃ সার্দ্ধং রথৈঃ পূর্ব্বং ন্যবর্ত্তত।
তে ভীতাস্ত্বভ্যধাবন্ত সর্ব্বে দ্রোণরথং প্রতি ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে পাষাণযোধিপরাজয়ে
পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ষড়ধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

দুঃশাসনরথং দৃষ্ট্বা সমীপে পর্য্যবস্থিতম্।
ভারদ্বাজস্ততো বাক্যং দুঃশাসনমথাব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

ত ইতি। যুযুধানেন সাত্যকিনা। প্রদুদ্রুবুর্জ্জগ্মুঃ ॥৫৬॥

তৈরিতি। ন্যবর্ত্তত সাত্যকিনা সহ যোদ্ধুমাগচ্ছৎ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

দুঃশাসনেতি। পর্য্যবস্থিতমাগতোতি শেষঃ। ভারদ্বাজো দ্রোণঃ ॥১॥

দ্রোণের সারথি এইরূপ বলিতেছিল, এমন সময়ে দেখা গেল—সাত্যকি নানাবিধ রথ নষ্ট করিতে করিতে যাইতেছেন ॥৫৫॥

রাজা! সাত্যকি যুদ্ধে বধ করিতে লাগিলে, আপনার পক্ষের সৈন্যেরা সাত্যকির রথ পরিত্যাগ করিয়া দ্রোণের সৈন্যের দিকেই ছুটিতে লাগিল ॥৫৬॥

পূর্ব্বে দুঃশাসন যে সকল রথীর সহিত ফিরিয়া আসিয়াছিলেন, তাঁহারা সকলেও ভীত হইয়া দ্রোণের রথের দিকে ধাবিত হইলেন' ॥৫৭॥

(৫৬)···দ্রোণানীকায় দুদ্রুবুঃ—বা নি। * '···একোনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বঙ্গ বর্দ্ধ, 'একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বা কা নি।

দুঃশাসন ! রথাঃ সর্ব্বে কস্মাদেতে প্রবিদ্রুতাঃ ।
কচ্চিৎ ক্ষেমস্তু নৃপতেঃ কচ্চিজ্জীবতি সৈন্ধবঃ ॥২॥
রাজপুত্রো ভবানত্র রাজভ্রাতা মহারথঃ ।
কিমর্থং দ্রবসে যুদ্ধে যৌবরাজ্যমবাপ্য হ ॥৩॥
দাসী জিতাসি দ্যূতে ত্বং যথাকামচরী ভব ।
বাসসাং বাহিকা রাজ্ঞো ভ্রাতুর্জ্যেষ্ঠস্য মে ভব ॥৪॥
ন সন্তি পতয়স্তেঽদ্য সর্ব্বে ষণ্ডতিলৈঃ সমাঃ ।
দুঃশাসনৈবমুক্ত্বা ত্বং পূর্ব্বং কস্মাৎ পলায়সে ॥৫॥
স্বয়ং বৈরং মহৎ কৃত্বা পাঞ্চালৈঃ পাণ্ডবৈঃ সহ ।
একং সাত্যকিমাসাদ্য কথং ভীতোঽসি সংযুগে ॥৬॥

ভারতকৌমুদী

দুঃশাসনেতি । ক্ষেমং কুশলম্, নৃপতের্দুর্য্যোধনস্য । সৈন্ধবো জয়দ্রথঃ ॥২॥
সোঽর্জ্জুনমাহ রাজেতি । অত্রেদানীম্, দ্রবসে পলায়সে ॥৩॥
দ্যূতকালে দ্রৌপদীং প্রতি দুঃশাসনোক্তিমনুবদতি দাসীতি । রাজ্ঞো দুর্য্যোধনস্য ॥৪॥
নেতি । ষণ্ডাঃ ক্লীবা অঙ্কুরজননাশক্তা যে তিলাস্তৈঃ, কিমপি কর্ত্তুমশক্তত্বাৎ ॥৫॥
স্বয়মিতি । পাণ্ডবৈঃ সহ বৈরকরণেনৈব দ্রৌপদীসম্বন্ধাৎ পাঞ্চালেষপি তৎকরণম্ ॥৬॥

সঞ্জয় কহিলেন—'তাহার পর দুঃশাসনের রথ আসিয়া নিকটে দাঁড়াইল দেখিয়া তখন দ্রোণ দুঃশাসনকে এই কথা বলিলেন—॥১॥

'দুঃশাসন ! এই রথ সকল ছুটিয়া আসিতেছে কেন ? রাজার মঙ্গল ত ? সিন্ধুরাজ (জয়দ্রথ) জীবিত আছেন ত ? ॥২॥

তুমি রাজার পুত্র, রাজার ভ্রাতা ও মহারথ হইয়া এবং যৌবরাজ্য পাইয়া এখন যুদ্ধে পলায়ন করিতেছ কেন ? ॥৩॥

'দ্রৌপদি ! রাজা তোমাকে দ্যূতক্রীড়ায় জয় করিয়াছেন। সুতরাং তুমি তাঁহার দাসী হইয়াছ। অতএব তুমি রাজগৃহে ইচ্ছানুসারে বিচরণ কর এবং আমার জ্যেষ্ঠ ভ্রাতা রাজা দুর্য্যোধনের বস্ত্রবাহিনী হও ॥৪॥

আজ তোমার পতিরা নাই, উহারা সকলেই নপুংসক তিলের তুল্য হইয়া গিয়াছে'। দুঃশাসন ! পূর্ব্বে তুমি এইরূপ বলিয়া এখন পলাইতেছ কেন ? ॥৫॥

নিজেরাই পাণ্ডব ও পাঞ্চালগণের সহিত গুরুতর শত্রুতা করিয়া এখন যুদ্ধে এক সাত্যকিকে পাইয়াই ভীত হইয়াছ কেন ? ॥৬॥

(২) কচ্চিৎ ক্ষেমং ন নৃপতেঃ··· পি। (৩)··· অবাপ্য হি—পি,···অবাপ্য চ—বা নি।

ন জানীষে পুরা ত্বন্তু গৃহ্ণন্নক্ষান্ দুরোদরে।
শরা হ্যেতে ভবিষ্যন্তি দারুণাশীবিষোপমাঃ ॥৭॥
অপ্রিয়াণাঞ্চ বচনং পাণ্ডবেষু বিশেষতঃ।
দ্রৌপদ্যাশ্চ পরিক্লেশস্তন্মূলো হ্যভবৎ পুরা ॥৮॥
ক্ব তে মানশ্চ দর্পশ্চ ক্ব তে তদ্বীরগর্জ্জিতম্।
আশীবিষসমান্ পার্থান্ কোপয়িত্বা ক্ব যাস্যসি ॥৯॥
শোচ্যেয়ং ভারতী সেনা রাজা চৈব সুযোধনঃ।
যস্য ত্বং কর্কশো ভ্রাতা পলায়নপরায়ণঃ ॥১০॥
নন্বু নাম ত্বয়া বীর! দীর্য্যমাণা ভয়ার্দ্দিতা।
স্ববাহুবলমাস্থায় রক্ষিতব্যা হ্যনীকিনী।
স ত্বমদ্য রণং হিত্বা ভীতো হর্ষয়সে পরান্ ॥১১॥

ভারতকৌমুদী

নেতি। দুরোদরে দ্যূতক্রীড়ায়াম্। এতে অক্ষাঃ, ভবিষ্যন্তি যুদ্ধোৎপাদনাৎ ॥৭॥
অপ্রিয়াণামিতি। তন্মূলো দ্যূতনিমিত্তঃ। এতৎ সর্বং সভাপর্ব্বণি দ্রষ্টব্যম্ ॥৮॥
ক্বেতি। আশীবিষসমান্ তীক্ষ্ণবিষসর্পতুল্যান্, পার্থান্ পাণ্ডবান্ ॥৯॥
শোচ্যেতি। ভারতী কৌরবী। কর্কশো দুর্মুখঃ ॥১০॥
নন্বিতি। দীর্য্যমাণা পরৈর্ভজ্যমানা। হিত্বা পরিত্যজ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

পূর্বে দ্যূতক্রীড়ার সময়ে পাশক গ্রহণ করিয়াছিলে; কিন্তু তখন ইহা বুঝিতে পার নাই যে, এই পাশকই ভবিষ্যতে দারুণসর্পতুল্য বাণ হইয়া যাইবে ॥৭॥

পাণ্ডবগণের উপরে বিশেষভাবে অপ্রিয়বাক্য বলা এবং দ্রৌপদীকে সর্বতোভাবে কষ্ট দেওয়া, এই সমস্তের কারণ হইয়াছিল একমাত্র সেই পূর্বের দ্যূতক্রীড়া ॥৮॥

তোমার সেই অভিমান, দর্প ও বীরগর্জ্জন আজ কোথায় গেল? তীক্ষ্ণবিষ সর্পের তুল্য পাণ্ডবগণের ক্রোধ জন্মাইয়া এখন কোথায় যাইবে? ॥৯॥

এই কৌরবসৈন্য ও তাহার প্রভু দুর্য্যোধন এই দু-ই শোকের বিষয় হইয়া পড়িয়াছেন। কারণ, যাহার রক্ষক ও যাহার দুর্মুখ ভ্রাতা তুমি এখন পলায়নমাত্র সম্বল করিয়াছ ॥১০॥

(৮)···পাণ্ডবস্য বিশেষতঃ···নি। (৯) ক্ব তে বীর্য্যং ক্ব গর্জ্জিতম্··· বা নি। (১০)···রাজ্ঞশ্চৈব···বা নি। (১১)···দার্য্যমাণা···নি।

বিদ্রুতে ত্বয়ি সৈন্যস্য নায়কে শত্রুসূদন ! ।
কোঽন্যঃ স্থাস্যতি সংগ্রামে ভীতো ভীতব্যপাশ্রয়ঃ ॥১২॥
একেন সাত্বতেনাদ্য যুধ্যমানস্য চানঘ ! ।
পলায়নে তব মতিঃ সংগ্রামাদ্ধি প্রবর্ত্ততে ॥১৩॥
যদা গাণ্ডীবধন্বানং ভীমসেনঞ্চ কৌরব ! ।
যমৌ চ যুধি দ্রষ্টাসি তদা ত্বং কিং করিষ্যসি ॥১৪॥
এতে ফাল্গুনবাণানাং সূর্য্যাগ্নিসমতেজসাম্ ।
ন তুল্যাঃ সাত্যকিশরা যেভ্যো ভীতঃ পলায়সে ॥১৫॥
যদি তাবৎ কৃতা বুদ্ধিঃ পলায়নপরায়ণা ।
পৃথিবী ধর্ম্মরাজায় শমেনৈব প্রদীয়তাম্ ॥১৬॥

ভারতকৌমুদী

বীতি। বিদ্রুতে পলায়িতে। ভীতানাং ব্যপাশ্রয়ো বিশেষেণ রক্ষকঃ ॥১২॥
একেনেতি। সাত্বতেন সাত্যকিনা সহ। অনঘেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্ ॥১৩॥
যদেতি। গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্। যমৌ নকুলসহদেবৌ, দ্রষ্টাসি দ্রক্ষ্যসি ॥১৪॥
এত ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। তদ্বাণবিষয়ত্বে তব কা গতির্ভবিষ্যতীত্যাশয়ঃ ॥১৫॥
যদীতি। পলায়নমেব পরম্ অয়নং বিষয়ো যস্যাঃ সা। শমেন শান্ত্যা ॥১৬॥

বীর ! বিপক্ষেরা সৈন্য বিদীর্ণ করিতে লাগিলে, আপন বাহুবল অবলম্বন করিয়া তোমারই সেই ভয়ার্ত্ত সৈন্য রক্ষা করা উচিত। সেই তুমি আজ ভীত হইয়া রণস্থল পরিত্যাগ করিয়া শত্রুগণকে আনন্দিত করিতেছ ! ॥১১॥

শত্রুদমন ! তুমি সৈন্যের নায়ক ছিলে, সেই অবস্থায় তুমি পলায়ন করিয়া আসিলে, ভীতরক্ষক অপর কোন্ ব্যক্তি ভীত অবস্থায় রণস্থলে থাকিবে ? ॥১২॥

নিষ্পাপ ! একমাত্র সাত্যকির সহিত যুদ্ধ করিবার সময়েই তোমার রণস্থল হইতে পলায়ন করিবার বুদ্ধি হইয়াছে ॥১৩॥

তাহাতে যখন অর্জ্জুন, ভীমসেন, নকুল ও সহদেবকে রণস্থলে দেখিতে পাইবে, তখন তুমি কি করিবে ? ॥১৪॥

সাত্যকির এই বাণগুলি, সূর্য্য ও অগ্নির তুল্য তেজস্বী অর্জ্জুনের বাণের তুল্য নহে ; যেগুলির ভয়ে তুমি পলায়ন করিয়া আসিয়াছ ॥১৫॥

তোমরা যদি পলায়নেই বুদ্ধি কর, তবে শান্তিপূর্বকই (আপোষ-নিষ্পত্তিমতেই) যুধিষ্ঠিরকে রাজ্য দান কর ॥১৬॥

(১২)···ভীতে ব্যপাশ্রয়ে—নি। (১৫)···যেষাং ভীতঃ···বর্দ্ধ।

যাবৎ ফাল্গুনবাণা বৈ নির্ম্মুক্তোরগসন্নিভাঃ।
নাবিশন্তি শরীরং তে তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৭॥
যাবত্তে পৃথিবীং পার্থা হত্বা ভ্রাতৃশতং রণে।
নাক্ষিপন্তি মহাত্মানস্তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৮॥
যাবন্ন ক্রুধ্যতে রাজা ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণশ্চ সমরশ্লাঘী তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥১৯॥
যাবদ্ভীমো মহাবাহুর্বিগাহ্য মহতীং চমূম্।
সোদরাংস্তে ন গৃহ্লাতি তাবৎ সংশাম্য পাণ্ডবৈঃ ॥২০॥
পূর্ব্বমুক্তশ্চ তে ভ্রাতা ভীষ্মেণাসৌ সুযোধনঃ।
অজেয়াঃ পাণ্ডবাঃ সংখ্যে সৌম্য! সংশাম্য তৈঃ সহ ॥২১॥

ভারতকৌমুদী

যাবদিতি। নির্ম্মুক্তোরগসন্নিভাঃ ত্যক্তচর্ম্মসর্পতুল্যাঃ। সংশাম্য শান্তো ভব ॥১৭॥
যাবদিতি। নাক্ষিপন্তি বলাদাকৃষ্য ন নয়ন্তি ॥১৮॥
যাবদিতি। ধর্ম্মপুত্রস্য ক্রোধে অধার্ম্মিকাণাং যুষ্মাকং নাস্তি নিস্তার ইতি ভাবঃ ॥১৯॥
যাবদিতি। বিগাহ্য আলোড্য। ন গৃহ্লাতি বধায় ন ধরতি ॥২০॥
ন কেবলমহমীদৃশমুক্তবান্ ব্রবীমি চেত্যাহ পূর্ব্বমিতি। সংখ্যে যুদ্ধে ॥২১॥

ত্যক্তচর্ম্মা সর্পের তুল্য অর্জ্জুনের বাণ সকল যে পর্য্যন্ত তোমার দেহে প্রবেশ না করে, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্বক সন্ধি কর ॥১৭॥

মহাত্মা পাণ্ডবেরা যে পর্য্যন্ত তোমাদের একশত ভ্রাতাকে যুদ্ধে বধ করিয়া রাজত্ব গ্রহণ না করেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্ব্বক সন্ধি কর ॥১৮॥

ধর্ম্মপুত্র রাজা যুধিষ্ঠির এবং সমরশ্লাঘী কৃষ্ণ যে পর্য্যন্ত ক্রুদ্ধ না হন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত শান্তিপূর্বক সন্ধি কর ॥১৯॥

মহাবাহু ভীমসেন যে পর্য্যন্ত বিশাল কৌরবসৈন্য আলোড়ন করিয়া তোমার সহোদরগণকে না ধরেন, তাহার মধ্যেই তুমি পাণ্ডবদের সহিত সন্ধি কর ॥২০॥

দুঃশাসন! ভীষ্মও পূর্ব্বে তোমার ভ্রাতা দুর্য্যোধনকে বলিয়াছিলেন—'সৌম্য! পাণ্ডবেরা যুদ্ধে অজেয়। সুতরাং তুমি তাহাদের সহিত সন্ধি কর' ॥২১॥

(১৭) যাবৎ ফল্গুননারাচাঃ···নি। (২০)···সোদরাংস্তে ন মৃদ্নাতি···পি নি।

ন চ তৎ কৃতবান্ মন্দস্তব ভ্রাতা সুযোধনঃ।
স যুদ্ধে ধৃতিমাস্থায় যত্তো যুধ্যস্ব কৌরব! ॥২২॥
গচ্ছ তূর্ণং রথেনৈব যত্র তিষ্ঠতি সাত্যকিঃ।
ত্বয়া হীনং বলং হ্যেতদ্বিদ্রবিষ্যতি ভারত!।
আত্মার্থং যোধয় রণে সাত্যকিং সত্যবিক্রমম্ ॥২৩॥
এবমুক্তস্তব সুতো নাবোচৎ কিঞ্চিদপ্যসৌ।
শ্রুতমশ্রুতবৎ কৃত্বা প্রায়াদ্‌যেন স সাত্যকিঃ ॥২৪॥
সৈন্যেন মহতা যুক্তো ম্লেচ্ছানামনিবর্ত্তিনাম্।
আসাদ্য চ রণে যত্তো যুযুধানমযোধয়ৎ ॥২৫॥
দ্রোণোঽপি রথিনাং শ্রেষ্ঠঃ পাঞ্চালান্ পাণ্ডবাংস্তথা।
অভ্যদ্রবৎ সুসংক্রুদ্ধো জবমাস্থায় মধ্যমম্ ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। মন্দো মূঢ়ঃ। স ত্বম্, ধৃতিং ধৈর্য্যম্, যত্তো জয়ায় যত্নবান্ ॥২২॥

গচ্ছেতি। বিদ্রবিষ্যতি পলায়িষ্যতে। আত্মার্থং স্বযশঃপ্রচারার্থম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

এবমিতি। সুতো দুঃশাসনঃ। কৃত্বা উত্তরাদানেন, যেন দিগ্‌বিভাগেন ॥২৪॥

সৈন্যেনেতি। যত্তো জয়ায় যত্নবান্ সন্, যুযুধানং সাত্যকিম্ ॥২৫॥

দ্রোণ ইতি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ, জবং বেগম্ ॥২৬॥

কিন্তু তোমার মূর্খ ভ্রাতা দুর্য্যোধন তাহা করে নাই। (সে যাহা হউক,) কৌরব! তুমি যুদ্ধে ধৈর্য্য অবলম্বন করিয়া এবং জয়ে যত্নবান্ হইয়া যুদ্ধ কর ॥২২॥

ভরতনন্দন! সাত্যকি যেখানে আছেন, তুমি রথারোহণে সত্বর সেই খানে যাও; কারণ, তুমি পরিত্যাগ করিয়া আসায় এই সৈন্যগণ পলায়ন করিবে। অতএব তুমি নিজের যশ প্রকাশ করিবার জন্যই যুদ্ধে যথার্থবিক্রমশালী সাত্যকির সহিত যুদ্ধ কর' ॥২৩॥

দ্রোণ এইরূপ বলিলে, আপনার ঐ পুত্র (দুঃশাসন) কিছুই বলিলেন না, শ্রুতকে অশ্রুতের ন্যায় করিয়া—যেখানে সাত্যকি ছিলেন, সেই দিকে প্রস্থান করিলেন ॥২৪॥

তিনি অনিবর্ত্তী বিশাল ম্লেচ্ছসৈন্যের সহিত মিলিত হইয়া রণস্থলে যাইয়া যত্নের সহিত সাত্যকির সঙ্গে যুদ্ধ করিতে লাগিলেন ॥২৫॥

(২২)···যুধ্যস্ব ভারত!—বর্দ্ধ।

প্রবিশ্য চ রণে দ্রোণঃ পাণ্ডবানাং বরূথিনীম্।
দ্রাবয়ামাস যোধান্ বৈ শতশোঽথ সহস্রশঃ ॥২৭॥
ততো দ্রোণো মহারাজ! নাম বিশ্রাব্য সংযুগে।
পাণ্ডুপাঞ্চালমৎস্যানাং প্রচক্রে কদনং মহৎ ॥২৮॥
তং জয়ন্তমনীকানি ভারদ্বাজং ততস্ততঃ।
পাঞ্চালপুত্রো দ্যুতিমান্ বীরকেতুঃ সমভ্যয়াৎ ॥২৯॥
স দ্রোণং পঞ্চভির্বাণৈর্বিদ্ধা সন্নতপর্ব্বভিঃ।
ধ্বজমেকেন বিব্যাধ সারথিঞ্চাস্য সপ্তভিঃ ॥৩০॥
তত্রাদ্ভুতং মহারাজ! দৃষ্টবানস্মি সংযুগে।
যদ্‌দ্রোণো রভসো যুদ্ধে পাঞ্চাল্যং নাভ্যবর্ত্তত ॥৩১॥

ভারতকৌমুদী

প্রবিশ্যেতি। বরূথিনীং সেনাম্। দ্রাবয়ামাস মর্দ্দয়ামাস ॥২৭॥
তত ইতি। নাম স্বসংজ্ঞাম্, বিশ্রাব্য বীরত্বপ্রকাশায় বিশেষেণ শ্রাবয়িত্বা ॥২৮॥
তমিতি। পাঞ্চালস্য দ্রুপদস্য পুত্রঃ, দ্যুতিমান্ তেজস্বী, বীরকেতুর্নাম ॥২৯॥
স ইতি। বিদ্ধা তাড়য়িত্বা, সন্নতপর্বভির্বক্রোপাঙ্গৈঃ ॥৩০॥
তত্রেতি। রভসো বেগবান্, পাঞ্চাল্যং বীরকেতুম্ ॥৩১॥

ওদিকে রথিশ্রেষ্ঠ দ্রোণও অত্যন্তক্রুদ্ধ হইয়া মধ্যম বেগ অবলম্বন করিয়া পাঞ্চাল ও পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

ক্রমে দ্রোণ রণস্থলে পাণ্ডবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া শত শত ও সহস্র সহস্র যোদ্ধাকে মর্দ্দন করিতে লাগিলেন ॥২৭॥

মহারাজ! তৎপরে দ্রোণ যুদ্ধমধ্যে নিজের নাম শুনাইয়া শুনাইয়া পাণ্ডব, পাঞ্চাল ও মৎস্যসৈন্যগণের উপরে গুরুতর পীড়ন করিতে থাকিলেন ॥২৮॥

দ্রোণ নানাদিকে পাণ্ডবসৈন্য জয় করিতেছিলেন, এমন সময়ে দ্রুপদপুত্র তেজস্বী বীরকেতু তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

ক্রমে তিনি নতপর্ব্ব পাঁচটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া একটাদ্বারা তাঁহার ধ্বজ ও সাতটাদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৩০॥

মহারাজ! তখন আমি যুদ্ধে একটা আশ্চর্য্য দেখিলাম, যে হেতু যুদ্ধে বেগবান্ দ্রোণও বীরকেতুর সম্মুখে থাকিতে পারিলেন না ॥৩১॥

(২৭)...পাঞ্চালানামনীকিনীম্...পি। (৩১)...যদ্‌দ্রোণো রভসঃ যুদ্ধে পাঞ্চাল্যং নাভ্যবর্ত্তত—বা নি।

সন্নিরুদ্ধং রণে দ্রোণং পাঞ্চালা বীক্ষ্য মারিষ ! ।
আবব্রুঃ সর্ব্বতো রাজন্ ! ধর্ম্মপুত্রজয়ৈষিণঃ ॥৩২॥
তে শরৈরগ্নিসঙ্কাশৈস্তোমরৈশ্চ সহস্রশঃ ।
শস্ত্রৈশ্চ বিবিধৈ রাজন্ ! দ্রোণমেকমবাকিরন্ ॥৩৩॥
নিহত্য তান্ বাণগণৈর্দ্রোণো রাজন্ ! সমন্ততঃ ।
মহাজলধরান্ ব্যোম্নি মাতরিশ্বেব চাবভৌ ॥৩৪॥
ততঃ শরং মহাবেগং সূর্য্যপাবকসন্নিভম্ ।
সন্দধে পরবীরঘ্নো বীরকেতো রথং প্রতি ॥৩৫॥
স ভিত্ত্বা তু শরো রাজন্ ! পাঞ্চালকুলনন্দনম্ ।
অভ্যগাদ্ধরণীং তূর্ণং লোহিতার্দ্রো জ্বলন্নিব ॥৩৬॥

ভারতকৌমুদী

সন্নিরুদ্ধমিতি। হে মারিষ ! আর্য্য !। আবব্রুঃ বিবেষ্টিরে ॥৩২॥
ত ইতি। অবাকিরন্ আবৃণ্বন্ ॥৩৩॥
নিহত্যেতি। মহাজলধরান্ বিশালমেঘান্, ব্যোম্নি গগনে, মাতরিশ্বা বায়ুঃ ॥৩৪॥
তত ইতি। পরবীরঘ্নো বিপক্ষবীরহন্তা দ্রোণঃ ॥৩৫॥
স ইতি। পাঞ্চালকুলনন্দনং বীরকেতুম্। লোহিতার্দ্রো রক্তসিক্তঃ ॥৩৬॥

মাননীয় রাজা ! যুধিষ্ঠিরের জয়াভিলাষী পাঞ্চালেরা তখন দ্রোণকে যুদ্ধে নিরুদ্ধ দেখিয়া সকল দিকে যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিল ॥৩২॥

রাজা ! ক্রমে তাহারা অগ্নিতুল্য সহস্র সহস্র বাণ, তোমর ও অন্য নানাবিধ অস্ত্রদ্বারা এক দ্রোণকে আবৃত করিয়া ফেলিল ॥৩৩॥

রাজা ! পরে বায়ু যেমন আকাশে বিশাল মেঘসমূহকে বিনষ্ট করে, সেইরূপ দ্রোণ বাণসমূহদ্বারা সমস্ত দিকের পাঞ্চালদিগকে বিনষ্ট করিয়া প্রকাশ পাইলেন ॥৩৪॥

তাহার পর বিপক্ষবীরহন্তা দ্রোণ মহাবেগশালী এবং সূর্য্য ও অগ্নির ন্যায় তেজস্বী একটা বাণ বীরকেতুর রথের দিকে সন্ধান করিলেন ॥৩৫॥

রাজা ! সেই বাণটা যাইয়া বীরকেতুকে বিদীর্ণ করিয়া রক্তসিক্ত হইয়া জ্বলিতে জ্বলিতেই যেন সত্বর ভূমিতে প্রবেশ করিল ॥৩৬॥

(৩৩)···তোমরৈশ্চ মহাধনৈঃ···বঙ্গ বর্দ্ধ বা নি। (৩৪) নিবার্য্য তান্ বাণগণান্···নি,··· মাতরিশ্বা বিবানিব—পি,···মাতরিশ্বা ইবাবভৌ—বঙ্গ বর্দ্ধ। (৩৬)···পাঞ্চাল্যকুলনন্দনম্··· পি,···পাঞ্চাল্যং কুরুনন্দন !···বঙ্গ বর্দ্ধ।

ততোঽপতদ্রথাত্তূর্ণং পাঞ্চালকুলনন্দনঃ।
পর্বতাগ্রাদিব মহাংশ্চম্পকো বায়ুপীড়িতঃ ॥৩৭॥
তস্মিন্ হতে মহেষ্বাসে রাজপুত্রে মহারথে।
পাঞ্চালাস্ত্বরিতা দ্রোণং সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৩৮॥
চিত্রকেতুঃ সুধন্বা চ চিত্রবর্ম্মা চ ভারত!।
তথা চিত্ররথশ্চৈব ভ্রাতৃব্যসনকর্ষিতাঃ ॥৩৯॥
অভ্যদ্রবন্ত সহিতা ভারদ্বাজং যুযুৎসবঃ।
মুঞ্চন্তঃ শরবর্ষাণি বর্ষাস্বিব বলাহকাঃ ॥৪০॥ (যুগ্মকম্)
স বধ্যমানো বহুধা রাজপুত্রৈর্মহারথৈঃ।
ক্রোধমাহারয়ত্তেষামভাবায় দ্বিজর্ষভঃ।
ততঃ শরময়ং জালং দ্রোণস্তেষামবাসৃজৎ ॥৪১॥

ভারতকৌমুদী

তত ইতি। চম্পকো বৃক্ষঃ ॥৩৭॥

তস্মিন্নিতি। মহেষ্বাসে মহাধনুর্দ্ধরে। সমন্তাৎ সর্বাসু দিক্ষু ॥৩৮॥

চিত্রেতি। ভ্রাতুর্বীরকেতোর্ব্যসনেন বিনাশেন কর্ষিতাঃ শোকার্ত্তাঃ। অভ্যদ্রবন্ত অভ্যধাবন্, ভারদ্বাজং দ্রোণম্, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। বলাহকা মেঘাঃ ॥৩৯—৪০॥

স ইতি। আহারয়দকরোৎ, অভাবায় বিনাশায়। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

তাহার পর বায়ুতাড়িত বিশাল চম্পকবৃক্ষ যেমন পর্ব্বতাগ্র হইতে পতিত হয়, সেইরূপ বীরকেতু সত্বর রথ হইতে পতিত হইলেন ॥৩৭॥

মহাধনুর্দ্ধর ও মহারথ সেই রাজপুত্র নিহত হইলে, পাঞ্চালেরা ত্বরান্বিত হইয়া সকল দিকে দ্রোণকে বেষ্টন করিল ॥৩৮॥

ভরতনন্দন! এবং ভ্রাতার মৃত্যুতে গুরুতর শোকার্ত্ত চিত্রকেতু, সুধন্বা, চিত্রবর্ম্মা ও চিত্ররথ সম্মিলিত হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া বাণবর্ষণ করিতে করিতে বর্ষাকালের মেঘের ন্যায় দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৩৯—৪০॥

সেই মহারথ রাজপুত্রেরা বহুভাবে আঘাত করিতে লাগিলে, দ্রোণ তাঁহাদের বিনাশের জন্য ক্রোধ করিলেন এবং তৎপরে তাঁহাদের উপরে বাণসমূহ নিক্ষেপ করিলেন ॥৪১॥

---

(৩৮) ততো হতে···পি। (৪০)···শরবর্ষাণি তপান্তে জলদা ইব—বঙ্গ বৰ্দ্ধ বা নি।

তে হন্যমানা দ্রোণস্য শরৈরাকর্ণচোদিতৈঃ।
কর্ত্তব্যং নাভ্যজানন্ বৈ কুমারা রাজসত্তম! ॥৪২॥
তান্ বিমূঢ়ান্ রণে দ্রোণঃ প্রহসন্নিব ভারত!।
ব্যশ্বসূতরথাংশ্চক্রে কুমারান্ কুপিতো রণে ॥৪৩॥
অথাপরৈঃ সুনিশিতৈর্ভল্লৈস্তেষাং মহাযশাঃ।
পুষ্পাণীব বিচিন্বান উত্তমাঙ্গান্যপাতয়ৎ ॥৪৪॥
তে রথেভ্যো হতাঃ পেতুঃ ক্ষিতৌ রাজন্! সুবর্চ্চসঃ।
দেবাসুরেষু যুদ্ধেষু যথা দৈতেয়দানবাঃ ॥৪৫॥
তান্ নিহত্য রণে রাজন্! ভারদ্বাজঃ প্রতাপবান্।
কার্ম্মুকং ভ্রাময়ামাস হেমপৃষ্ঠং দুরাসদম্ ॥৪৬॥

ভারতকৌমুদী

ত ইতি। আকর্ণচোদিতৈঃ আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্তৈঃ ॥৪২॥
তানিতি। বিগতা অশ্বাঃ সূতাঃ সারথয়ো রথাশ্চ যেষাং তান্ ॥৪৩॥
অথেতি। মহাযশা দ্রোণঃ। বিচিন্বানঃ সঞ্চিন্বন্, উত্তমাঙ্গানি শিরাংসি ॥৪৪॥
ত ইতি। সুবর্চ্চসঃ সুন্দরকান্তয়ঃ ॥৪৫॥
তানিতি। ভারদ্বাজো দ্রোণঃ। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠদেশম্ ॥৪৬॥

রাজশ্রেষ্ঠ! তখন দ্রোণের আকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা আহত হইতে থাকিয়া সেই রাজকুমারেরা কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৪২॥

ভরতনন্দন! সেই রাজকুমারগণকে যুদ্ধে কর্ত্তব্যবিমূঢ় দেখিয়া কুপিত দ্রোণ হাসিতে হাসিতেই যেন তাঁহাদের অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন ॥৪৩॥

তদনন্তর মহাযশা দ্রোণ পুষ্প চয়ন করতই যেন অপর কতকগুলি সুধার ভল্লদ্বারা তাঁহাদের মস্তক ছেদন করিলেন ॥৪৪॥

রাজা! তখন দেবাসুরযুদ্ধে দৈত্য ও দানবগণ যেমন পতিত হইয়াছিল, সেইরূপ সেই মনোহরমূর্ত্তি রাজকুমারেরা রথ হইতে ভূতলে পতিত হইলেন ॥৪৫॥

রাজা! প্রতাপশালী দ্রোণ যুদ্ধে তাঁহাদিগকে বধ করিয়া স্বর্ণখচিতপৃষ্ঠ ও দুর্দ্ধর্ষ ধনু ভ্রমণ করাইতে লাগিলেন ॥৪৬॥

(৪৩)...কুপিতঃ কঙ্কপত্রিণা—পি।

পাঞ্চালান্ নিহতান্ দৃষ্ট্বা দেবকল্পান্ মহারথান্।
ধৃষ্টদ্যুম্নো ভৃশোদ্বিগ্নো নেত্রাভ্যাং পাতয়ন্ জলম্।
অভ্যবর্ত্তত সংগ্রামে যত্তো দ্রোণরথং প্রতি ॥৪৭॥
ততো হাহেতি সহসা নাদঃ সমভবন্নৃপ!।
পাঞ্চাল্যেন রণে দৃষ্ট্বা দ্রোণমাবারিতং শরৈঃ ॥৪৮॥
স চ্ছাদ্যমানো বহুধা পার্ষতেন মহাত্মনা।
ন বিব্যথে ততো দ্রোণঃ স্ময়ন্নেবাম্বযুধ্যত ॥৪৯॥
ততো দ্রোণং মহারাজ! পাঞ্চাল্যঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
আজঘানোরসি ক্রুদ্ধো নবত্যা নতপর্ব্বণাম্ ॥৫০॥
স গাঢ়বিদ্ধো বলিনা পার্ষতেন দ্বিজর্ষভঃ।
নিষসাদ রথোপস্থে কশ্মলঞ্চ জগাম হ ॥৫১॥

ভারতকৌমুদী

পাঞ্চালানিতি। পাঞ্চালান্ পাঞ্চালরাজপুত্রান্। যত্তো জয়ায় যত্নবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

তত ইতি। হাহেতি নাদঃ পাণ্ডবপক্ষে ধৃষ্টদ্যুম্নস্যাপি জীবনাশঙ্কয়া ॥৪৮॥

স ইতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৪৯॥

তত ইতি। ক্রোধেন মূর্চ্ছিত উত্তেজিতঃ। উরসি বক্ষসি। নতপর্ব্বণাং শরাণাম্ ॥৫০॥

স ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে স্থিতিস্থানে, কশ্মলং মোহম্ ॥৫১॥

দেবতুল্য ও মহারথ পাঞ্চালরাজকুমারগণকে নিহত দেখিয়া ধৃষ্টদ্যুম্ন শোকে অস্থির হইয়া অশ্রুপাত করিতে থাকিয়া রণস্থলে দ্রোণের রথের দিকে যত্নপূর্ব্বক ধাবিত হইলেন ॥৪৭॥

রাজা! তৎপরে ধৃষ্টদ্যুম্ন বাণদ্বারা যুদ্ধে দ্রোণকে বারণ করিলেন দেখিয়া তৎক্ষণাৎ পাণ্ডবপক্ষে হাহারব উঠিল ॥৪৮॥

মহাত্মা ধৃষ্টদ্যুম্ন বহুপ্রকারে দ্রোণকে আবৃত করিলেও তিনি ব্যথিত হইলেন না, বরং ঈষৎ হাস্য করিতে থাকিয়া যুদ্ধই করিতে থাকিলেন ॥৪৯॥

মহারাজ! তাহার পর ধৃষ্টদ্যুম্ন ক্রোধে উত্তেজিত হইয়া নব্বইটা নতপর্ব্ব বাণদ্বারা দ্রোণের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫০॥

(৪৭)··· ধৃষ্টদ্যুম্নো ভৃশং ক্রুদ্ধো নেত্রাভ্যামশ্রু পাতয়ন্···ক্রুদ্ধো দ্রোণরথং প্রতি—পি। (৪৯) সংছাদ্যমানঃ···পি বঙ্গ বর্দ্ধ। (৫১) স গাঢ়বিদ্ধো ব্যথিতো ভারদ্বাজো মহারথঃ··· বঙ্গ বর্দ্ধ, স গাঢ়বিদ্ধো বলিনা ভারদ্বাজো মহাযশাঃ···বা নি।

তং বৈ তথাগতং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নঃ পরাক্রমী।
সমুৎসৃজ্য ধনুস্তূর্ণং জগ্রাহাসিং স বীর্য্যবান্ ॥৫২॥
অবপ্লুত্য রথাচ্চাপি ত্বরিতঃ স মহাবলঃ।
আরুরোহ রথং তূর্ণং ভারদ্বাজস্য মারিষ !।
হর্ত্তুমিচ্ছন্ শিরঃ কায়াৎ ক্রোধসংরক্তলোচনঃ ॥৫৩॥
লব্ধসংজ্ঞস্ততো দ্রোণশ্চাপমাদায় বীর্য্যবান্।
আসন্নমাগতং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নং জিঘাংসয়া ॥৫৪॥
শরৈর্বৈতস্তিকৈ রাজন্ ! বিব্যাধাসন্নবেধিভিঃ।
যোধয়ামাস সমরে ধৃষ্টদ্যুম্নং মহারথম্ ॥৫৫॥ (যুগ্মকম্)
তে হি বৈতস্তিকা নাম শরা আসন্নযোধিনঃ।
দ্রোণস্য বিদিতা রাজন্ ! বৈর্ধৃষ্টদ্যুম্নমাক্ষিণোৎ ॥৫৬॥

ভারতকৌমুদী

তমিতি। তথাগতং মোহপ্রাপ্তম্। সমুৎসৃজ্য বিহায় ॥৫২॥
অবেতি। ভারদ্বাজস্য দ্রোণস্য। শিরো দ্রোণস্যৈব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
লব্ধেতি। আসন্নং সমীপম্। বিতস্তিঃ প্রমাণমেষামিতি বৈতস্তিকাস্তৈঃ ।৫৪—৫৫॥
ত ইতি। আসন্নান্ সমীপস্থান্ যুধ্যন্তে প্রহরন্তীতি তে। আক্ষিণোদতাড়য়ৎ ॥৫৬॥

তখন ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ সবল-ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক গাঢ়বিদ্ধ হইয়া রথমধ্যে উপবেশন করিলেন এবং মোহাপন্ন হইলেন ॥৫১॥

তাঁহাকে সেইরূপ দেখিয়া বলবান্ ও পরাক্রমশালী ধৃষ্টদ্যুম্ন সত্বর ধনু ত্যাগ করিয়া তরবারি ধারণ করিলেন ॥৫২॥

এবং মাননীয় রাজা ! মহাবল ও ক্রোধে আরক্তনয়ন ধৃষ্টদ্যুম্নকে দ্রোণের দেহ হইতে মস্তক হরণ করিবার ইচ্ছা করিয়া সত্বর নিজের রথ হইতে লাফাইয়া যাইয়া দ্রোণের রথে আরোহণ করিলেন ॥৫৩॥

রাজা ! তখন বলবান্ দ্রোণ চৈতন্য লাভ করিয়া ধৃষ্টদ্যুম্নকে জিঘাংসাবশতঃ নিকটে আগত দেখিয়া ধনু লইয়া আসন্নবেধী বিতস্তিপ্রমাণ বাণসমূহদ্বারা মহারথ ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন এবং তাহাদ্বারাই যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৪—৫৫॥

রাজা ! দ্রোণ যেগুলিদ্বারা ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিতেছিলেন, সেই বাণ-

(৫৩)…রথাচ্চৈব· ·নি। (৫৪) পর্য্যাশ্বস্তস্ততঃ…বঙ্গ বর্দ্ধ, প্রত্যাশ্বস্তস্ততঃ…বা নি।
(৫৫)…নিতান্তমাসন্নযোধিভিঃ…বঙ্গ বর্দ্ধ।

স বধ্যমানো বহুভিঃ সায়কৈস্তৈর্মহারথঃ।
হৃতসঙ্কল্পভূয়িষ্ঠঃ প্রাদ্রবৎ স্বরথং প্রতি ॥৫৭॥
ততঃ স রথমারুহ্য প্রগৃহ্য চ মহদ্ধনুঃ।
বিব্যাধ সমরে দ্রোণং কঙ্কপত্রিভিরায়সৈঃ।
দ্রোণশ্চাপি মহারাজ! শরৈর্বিব্যাধ পার্ষতম্ ॥৫৮॥
তদদ্ভুতমভূদ্‌যুদ্ধং দ্রোণপাঞ্চাল্যয়োস্তদা।
ত্রৈলোক্যকাঙ্ক্ষিণোরাসীচ্ছক্রপ্রহ্লাদয়োরিব ॥৫৯॥
মণ্ডলানি বিচিত্রাণি যমকানীতরাণি চ।
চরন্তৌ যুদ্ধমার্গজ্ঞৌ ততক্ষতুরথেষুভিঃ ॥৬০॥
মোহয়ন্তৌ মনাংস্যাজৌ যোধানাং দ্রোণপার্ষতৌ।
সৃজন্তৌ শরবর্ষাণি বর্ষাস্বিব বলাহকৌ।
ছাদয়ন্তৌ মহাত্মানৌ শরৈর্ব্যোম দিশো মহীম্ ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। হৃতং দ্রোণেন নাশিতং সঙ্কল্পস্য শিরশ্ছেদনেচ্ছায়া ভূয়িষ্ঠং যস্য সঃ ॥৫৭॥

তত ইতি। কঙ্কপত্রিভির্বাণৈঃ, আয়সৈর্লৌহময়ৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥

তদিতি। ত্রৈলোক্যকাঙ্ক্ষিণোস্ত্রিভুবনরাজত্বাভিলাষিণোঃ ॥৫৯॥

মণ্ডলানীতি। যমকানি তির্য্যগ্‌গমনানি। ততক্ষতুর্বিদারয়ামাসতুঃ, ইষুভির্বাণৈঃ। সৃজন্তৌ ক্ষিপন্তৌ। বলাহকৌ মেঘৌ। ব্যোম গগনম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬০—৬১॥

গুলির নাম—'বৈতস্তিক', সেগুলিদ্বারা নিকটবর্ত্তীকে প্রহার করিতে হয় এবং সেগুলি দ্রোণেরই জানা ছিল ॥৫৬॥

দ্রোণ বহুতর সেই বাণদ্বারা আঘাত করিতে লাগিলে এবং সঙ্কল্পের বহুভাগ বিনষ্ট করিলে, মহারথ ধৃষ্টদ্যুম্ন দ্রুত নিজের রথের দিকে গমন করিলেন ॥৫৭॥

মহারাজ! তাহার পর ধৃষ্টদ্যুম্ন নিজের রথে উঠিয়া এবং বিশাল ধনু লইয়া যুদ্ধে লৌহময় বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিতে লাগিলেন; আবার দ্রোণও বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিতে থাকিলেন ॥৫৮॥

রাজা! পূর্ব্বে ত্রিভুবনের রাজত্বাভিলাষী ইন্দ্র ও প্রহ্লাদের যেরূপ অদ্ভুত যুদ্ধ হইয়াছিল, সেইরূপ তখন দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল ॥৫৯॥

---

(৫৭)...তৈর্মহাবলঃ। অবপ্লুত্য রথাত্তূর্ণং ভগ্নবেগঃ পরাক্রমী—বঙ্গ বৰ্দ্ধ বা নি। (৫৮) আরুহ্য স্বরথং বীরঃ...ধৃষ্টদ্যুম্নো মহারথঃ—বঙ্গ বৰ্দ্ধ বা নি।

তদদ্ভুতং তয়োর্যুদ্ধং ভূতসংঘা হ্যপূজয়ন্ ।
ক্ষত্রিয়াশ্চ মহারাজ ! যে চান্যে তত্র সৈনিকাঃ ॥৬২॥
অবশ্যং সমরে দ্রোণো ধৃষ্টদ্যুম্নেন সঙ্গতঃ ।
বশমেষ্যতি নো রাজন্ ! পাঞ্চালা ইতি চুক্রুশুঃ ॥৬৩॥
দ্রোণস্তু ত্বরিতো যুদ্ধে ধৃষ্টদ্যুম্নস্য সারথেঃ ।
শিরঃ প্রচ্যাবয়ামাস ফলং পক্বং তরোরিব ।
ততস্তু প্রদ্রুতা বাহা রাজংস্তস্য মহাত্মনঃ ॥৬৪॥
তেষু প্রদ্রবমাণেষু পাঞ্চালান্ সৃঞ্জয়াংস্তথা ।
ব্যদ্রাবয়দ্রণে দ্রোণস্তত্র তত্র পরাক্রমী ॥৬৫॥

ভারতকৌমুদী

তদিতি । ভূতসংঘা গগনস্থা দেবাদয়ঃ প্রাণিনঃ, অপূজয়ন্ প্রাশংসন্ ॥৬২॥
অবশ্যমিতি । সঙ্গতঃ সম্মিলিতঃ । নঃ অস্মাকম্ । চুক্রুশুঃ উচ্চৈরূচুঃ ॥৬৩॥
দ্রোণ ইতি । প্রদ্রুতা দ্রুতং চলিতাঃ, বাহা অশ্বাঃ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥
তেষ্বিতি । প্রদ্রবমাণেষু রণাঙ্গনাদ্দ্রুতং গচ্ছৎসু । ব্যদ্রাবয়ৎ আমর্দ্দয়ৎ ॥৬৫॥

ক্রমে যুদ্ধমার্গাভিজ্ঞ ও মহাত্মা দ্রোণ এবং ধৃষ্টদ্যুম্ন বর্ষাকালীন দুইটা মেঘের ন্যায় বাণবর্ষণ, বাণদ্বারা আকাশ, দিক্ ও ভূতল আচ্ছাদন, যোদ্ধাদের মনোমোহন এবং বিচিত্র মণ্ডলাকারে গমন, তির্য্যগ্ভাবে গমন ও অন্যবিধ গমন করিতে থাকিয়া উভয়ে উভয়কে বিদীর্ণ করিতে থাকিলেন ॥৬০—৬১॥

মহারাজ ! তখন ক্ষত্রিয়েরা, সেখানে যে সকল সৈন্য ছিল তাহারা এবং আকাশবর্ত্তী দেবতাপ্রভৃতি প্রাণীরা তাঁহাদের সেই অদ্ভুত যুদ্ধের প্রশংসা করিতে লাগিলেন ॥৬২॥

রাজা ! তখন পাঞ্চালেরা উচ্চস্বরে এইরূপ বলিতে লাগিল যে, 'দ্রোণ যখন যুদ্ধে ধৃষ্টদ্যুম্নের সহিত মিলিত হইয়াছেন, তখন অবশ্যই আমাদের বশীভূত হইবেন' ॥৬৩॥

কিন্তু দ্রোণ ত্বরান্বিত হইয়া বৃক্ষ হইতে পক্ব ফলের ন্যায় ধৃষ্টদ্যুম্নের সারথির দেহ হইতে তাহার মস্তকটী নিপাতিত করিলেন । রাজা ! তাহার পর সেই মহাত্মার অশ্বগুলি রণস্থল হইতে দ্রুত চলিয়া গেল ॥৬৪॥

সেই অশ্বগুলি দ্রুত প্রস্থান করিলে, পরাক্রমশালী দ্রোণ যুদ্ধে সেই সেই স্থানে পাঞ্চাল ও সৃঞ্জয়গণকে পীড়ন করিতে লাগিলেন ॥৬৫॥

(৬৪)…পার্ষতস্য মহাত্মনঃ—পি । (৬৫) তেষু দ্রুতেষ্বথাশ্বেষু…পি,…অযোধয়দ্রণে দ্রোণঃ…বা নি ।

বিজিত্য পাণ্ডুপাঞ্চালান্ ভারদ্বাজঃ প্রতাপবান্।
স্বং ব্যূহং পুনরাস্থায় স্থিতোঽভবদরিন্দমঃ।
ন চৈনং পাণ্ডবা যুদ্ধে জেতুমুৎসেহিরে প্রভো! ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দ্রোণপরাক্রমে
ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

ততো দুঃশাসনো রাজন্! শৈনেয়ং প্রত্যবারয়ৎ।
রথব্রাতেন মহতা নানাদেশোদ্ভবেন হ ॥১॥

ভারতকৌমুদী

বিজিত্যেতি। আস্থায় অবলম্ব্য। উৎসেহিরে শেকুঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষড়ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃঃ)———

তত ইতি। শৈনেয়ং সাত্যকিম্। রথানাং ব্রাতেন সমূহেন ॥১॥

ক্রমে প্রতাপশালী ও শত্রুদমনকারী দ্রোণ পাণ্ডব ও পাঞ্চালগণকে জয় করিয়া পুনরায় আপন ব্যূহে আসিয়া অবস্থান করিলেন। কিন্তু রাজা! পাণ্ডবেরা যুদ্ধে দ্রোণকে জয় করিতে সমর্থ হইলেন না' ॥৬৬॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'রাজা! তাহার পর ওদিকে দুঃশাসন নানাদেশীয়

---

(৬৬)…পাণ্ডূন্ পাঞ্চালান্ …বর্দ্ধ,…প্রত্যতিষ্ঠদরিন্দমঃ…পাণ্ডবা রাজন্! জেতুমুৎসেহিরে তদা—পি। * '…বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ…' বঙ্গ বর্দ্ধ, '…দ্বাবিংশত্যধিকশত-তমোঽধ্যায়ঃ…' বা রা নি। (১)…শৈনেয়ং সমুপাদ্রবৎ…বঙ্গ বর্দ্ধ,…শৈনেয়ং সমুপাদ্রবৎ। কিরন্ শরসহস্রাণি পর্জ্জন্য ইব বৃষ্টিমান্॥ স বিদ্ধ্বা সাত্যকিং ষষ্ট্যা তথা ষোড়শভিঃ শরৈঃ। নাকম্পয়ৎ স্থিতং যুদ্ধে মৈনাকমিব পর্বতম্॥ তং তু দুঃশাসনঃ শূরঃ সায়কৈরাবৃণোদ্-ভূশম্।…বা নি।

সর্ব্বতো ভরতশ্রেষ্ঠো বিসৃজন্ সায়কান্ বহূন্ ।
পর্জ্জন্য ইব ঘোষেণ নাদয়ন্ বৈ দিশো দশ ॥২॥
তমাপতন্তমালোক্য সাত্যকিঃ কৌরবং রণে ।
অভিক্রুত্য মহাবাহুশ্ছাদয়ামাস সায়কৈঃ ॥৩॥
তে ছাদ্যমানা বাণৌঘৈর্দুঃশাসনপুরোগমাঃ ।
প্রাদ্রবন্ সমরে ভীতাস্তব পুত্রস্য পশ্যতঃ ॥৪॥
তেষু দ্রবৎসু রাজেন্দ্র ! পুত্রো দুঃশাসনস্তব ।
তস্থৌ ব্যপেতভী রাজন্ ! সাত্যকিঞ্চার্দ্দয়চ্ছরৈঃ ॥৫॥
চতুর্ভির্বাজিনস্তস্য সারথিঞ্চ ত্রিভিঃ শরৈঃ ।
সাত্যকিঞ্চ শতেনাজৌ বিদ্ধা নাদং মুমোচ সঃ ॥৬॥

ভারতকৌমুদী

সর্ব্বত ইতি। সর্ব্বতো বেষ্টিতবানিতি শেষঃ। পর্জ্জন্যো মেঘঃ, ঘোষেণ রথশব্দেন ॥২॥
তমিতি। কৌরবং দুঃশাসনম্। অভিক্রুত্য ক্রুতমভিপত্য ॥৩॥
ত ইতি। দুঃশাসনাৎ পুরোগমা অগ্রবর্ত্তিনঃ। প্রাদ্রবন্ পলায়ন্ত ॥৪॥
তেম্বিতি। দ্রবৎসু পলায়মানেষু। ব্যপেতভীর্নির্ভয়ঃ ॥৫॥
চতুর্ভিরিতি। তস্য সাত্যকেঃ। নাদং সিংহনাদম্, স দুঃশাসনঃ ॥৬॥

বিশাল রথিসৈন্যসমূহের সহিত যাইয়া সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১॥

ক্রমে ভরতশ্রেষ্ঠ দুঃশাসন বহুতর বাণক্ষেপ এবং মেঘের ন্যায় রথের শব্দে দশ দিক্ নিনাদিত করিতে থাকিয়া সকল দিকে সাত্যকিকে বেষ্টন করিলেন ॥২॥

তখন দুঃশাসনকে আসিতে দেখিয়া মহাবাহু সাত্যকি দ্রুত উপস্থিত হইয়া বাণদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥৩॥

দুঃশাসনের অগ্রবর্ত্তী সৈন্যেরা তখন সাত্যকির বাণসমূহে আবৃত হইতে থাকিয়া ভীত হইয়া তাঁহার সাক্ষাতেই পলায়ন করিতে লাগিল ॥৪॥

রাজশ্রেষ্ঠ রাজা ! সেই সৈন্যেরা পলায়ন করিতে লাগিলে, আপনার পুত্র দুঃশাসন নির্ভয় হইয়া রহিলেন এবং বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিতে থাকিলেন ॥৫॥

ক্রমে তিনি চারিটা বাণদ্বারা সাত্যকির চারিটা অশ্বকে, তিনটা বাণদ্বারা তাঁহার সারথিকে এবং একশত বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥৬॥

ততঃ ক্রুদ্ধো মহারাজ! মাধবস্তস্য সংযুগে।
রথং সূতং ধ্বজং তঞ্চ চক্রেঽদৃশ্যমজিহ্মগৈঃ ॥৭॥
মশকং সমনুপ্রাপ্তমূর্ণনাভ ইবোর্ণয়া।
ত্বরন্ সমাবৃণোদ্বাণৈর্দুঃশাসনমমিত্রজিৎ ॥৮॥
দৃষ্ট্বা দুঃশাসনং রাজা তথা শরশতাচিতম্।
ত্রিগর্ত্তাংশ্চোদয়ামাস যুযুধানরথং প্রতি ॥৯॥
তেঽগচ্ছন্ যুযুধানস্য সমীপং ক্রূরকারিণঃ।
ত্রিগর্ত্তানাং ত্রিসাহস্রা রথা যুদ্ধবিশারদাঃ ॥১০॥
তে তু তং রথবংশেন মহতা পর্য্যবারয়ন্।
স্থিরাং কৃত্বা মতিং যুদ্ধে ভূত্বা সংশপ্তকা মিথঃ ॥১১॥
তেষামাপততাং সংখ্যে শরবর্ষাণি মুঞ্চতাম্।
যোধান্ পঞ্চশতান্ মুখ্যানগ্রানীকে ব্যপোথয়ৎ ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। মাধবঃ সাত্যকিঃ। সূতং সারথিম্, অজিহ্মগৈর্বাণৈঃ ॥৭॥
মশকমিতি। ঊর্ণনাভঃ কীটবিশেষঃ, ঊর্ণয়া স্বসূত্রেণ। অমিত্রজিৎ সাত্যকিঃ ॥৮॥
দৃষ্ট্বেতি। রাজা দুর্য্যোধনঃ, শরশতেন আচিতং ব্যাপ্তম্। চোদয়ামাস প্রেরয়ামাস ॥৯॥
ত ইতি। ক্রূরকারিণো যুদ্ধে নিষ্ঠুরকার্য্যকারকাঃ ॥১০॥
ত ইতি। রথানাং বংশেন সমূহেন। সম্যক্ শপ্তকং জয়ে মৃত্যৌ বা শপথো যেষাং তে ॥১১॥

মহারাজ! তাহার পর সাত্যকি ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা দুঃশাসনের রথ, সারথি, ধ্বজ ও তাঁহাকে অদৃশ্য করিয়া ফেলিলেন ॥৭॥

মশক উপস্থিত হইলে, ঊর্ণনাভ (মাকড়শা) যেমন সূত্রদ্বারা তাহাকে আবৃত করে, সেইরূপ শত্রুবিজয়ী সাত্যকি বাণদ্বারা সত্বর দুঃশাসনকে আবৃত করিলেন ॥৮॥

দুঃশাসনকে সেইরূপ বাণসমূহে আবৃত দেখিয়া দুর্য্যোধন ত্রিগর্ত্তদেশীয় সৈন্যদিগকে সাত্যকির রথের দিকে প্রেরণ করিলেন ॥৯॥

তখন যুদ্ধে নিষ্ঠুরকার্য্যকারী ও যুদ্ধবিশারদ তিন হাজার ত্রিগর্ত্তসৈন্য সাত্যকির নিকটে গমন করিল ॥১০॥

ক্রমে তাহারা যুদ্ধে স্থিরবুদ্ধি এবং জয়ে বা মরণে পরস্পর শপথ করিয়া যাইয়া বিশাল রথসমূহদ্বারা সাত্যকিকে পরিবেষ্টন করিল ॥১১॥

---

(৮)… ঊর্ণনাভিরিবোর্ণয়া…বা নি। (১২) তেষাং প্রযততাং যুদ্ধে…বঙ্গ বর্দ্ধ।

তেঽপতন্ নিহতাস্তূর্ণং শিনিপ্রবরসায়কৈঃ।
মহামারুতবেগেন ভগ্না ইব নগাদ্‌দ্রুমাঃ ॥১৩॥
রথৈশ্চ বহুভিশ্ছিন্নৈর্ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ।
হয়ৈশ্চ কনকাপীড়ৈঃ পতিতৈস্তত্র মেদিনী ॥১৪॥
শৈনেয়শরসংকৃত্তৈঃ শোণিতৌঘপরিপ্লুতৈঃ।
অশোভত মহারাজ! কিংশুকৈরিব পুষ্পিতৈঃ ॥১৫॥ (যুগ্মকম্)
তে বধ্যমানাঃ সমরে যুযুধানেন তাবকাঃ।
ত্রাতারং নাধ্যগচ্ছন্ত পঙ্কমগ্না ইব দ্বিপাঃ ॥১৬॥
ততস্তে পর্য্যবর্ত্তন্ত সর্বে দ্রোণরথং প্রতি।
ভয়াৎ পতগরাজস্য গর্ত্তানিব মহোরগাঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। অগ্রানীকে সৈন্যাগ্রে স্থিতান্, ব্যপোথয়ৎ ব্যনাশয়ৎ ॥১২॥
ত ইতি। শিনিপ্রবরস্য সাত্যকেঃ সায়কৈঃ। নগাৎ পর্ব্বতাৎ ॥১৩॥
রথৈরিতি। কনকাপীড়ৈঃ স্বর্ণশেখরৈঃ। শৈনেয়শরৈঃ সংকৃত্তৈশ্ছিন্নৈঃ ॥১৪—১৫॥
ত ইতি। বধ্যমানা আহন্যমানাঃ, যুযুধানেন সাত্যকিনা। দ্বিপা গজাঃ ॥১৬॥
তত ইতি। পর্য্যবর্ত্তন্ত পরিবৃত্যাগচ্ছন্। পতগরাজস্য গরুড়স্য ॥১৭॥

তাহারা বাণবর্ষণ করিতে করিতে আসিতে লাগিলে, সাত্যকি তাহাদের মধ্যে সম্মুখবর্ত্তী পাঁচশত প্রধান যোদ্ধাকে বিনাশ করিলেন ॥১২॥

তখন প্রবল বায়ুবেগে ভগ্ন হইয়া বৃক্ষ সকল যেমন পর্ব্বত হইতে পতিত হয়, সেইরূপ তাহারা সাত্যকির বাণে নিহত হইয়া রথ হইতে পতিত হইল ॥১৩॥

মহারাজ! ক্রমে সাত্যকির বাণে ছিন্ন বহুতর রথ, নিপাতিত ধ্বজ, পতিত স্বর্ণশেখর অশ্ব এবং পুষ্পিত কিংশুকবৃক্ষের ন্যায় রক্তাক্ত নরদেহদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৪—১৫॥

সাত্যকি যুদ্ধে আঘাত করিতে লাগিলে, আপনার পক্ষের সৈন্যেরা কর্দ্দম-মগ্ন হস্তিগণের ন্যায় রক্ষক পাইল না ॥১৬॥

তাহার পর মহাসর্পগণ যেমন গরুড়ের ভয়ে গর্ত্তের ভিতরে গমন করে, তেমন তাহারা সকলে দ্রোণের রথের দিকে গমন করিতে লাগিল ॥১৭॥

(১৩)··বিহতাস্তূর্ণং সাত্বতস্য নরাধিপ!···মহাদ্রুমাঃ—পি, তেঽপতন্ত হতাস্তূর্ণং শিনি-পুঙ্গবসায়কৈঃ··· মহাদ্রুমাঃ—বঙ্গ বৰ্দ্ধ। (১৭)··গর্ত্তানীব মহোরগাঃ—বা নি।

হত্বা পঞ্চশতান্ যোধান্ শরৈরাশীবিষোপমৈঃ।
প্রায়াৎ স শনকৈর্বীরো ধনঞ্জয়রথং প্রতি ॥১৮॥
তং প্রয়ান্তং নরশ্রেষ্ঠং পুত্রো দুঃশাসনস্তব।
বিব্যাধ নবভিস্তূর্ণং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১৯॥
স তু তং প্রতিবিব্যাধ পঞ্চভির্নিশিতৈঃ শরৈঃ।
রুক্মপুঙ্খৈর্মহেষ্বাসো গার্ধ্রপত্রৈরজিহ্মগৈঃ ॥২০॥
সাত্যকিস্তু মহারাজ! প্রহসন্নিব ভারত!।
দুঃশাসনস্ত্রিভির্বিদ্ধা পুনর্বিব্যাধ পঞ্চভিঃ ॥২১॥
শৈনেয়স্তব পুত্রস্তু বিদ্ধা পঞ্চভিরাশুগৈঃ।
ধনুশ্চাস্য রণে ছিত্ত্বা প্রস্ময়ন্নর্জ্জুনং যযৌ ॥২২॥

ভারতকৌমুদী

হত্বেতি। আশীবিষোপমৈঃ তীক্ষ্ণবিষসর্পতুল্যৈঃ। স যুযুধানঃ ॥১৮॥

তমিতি। সন্নতপর্ব্বভিঃ বক্রোপাঙ্গৈঃ ॥১৯॥

স ইতি। গৃধ্রাণামিমানীতি গার্ধ্রাণি পত্রাণি পক্ষা যেষু তৈঃ, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥২০॥

সাত্যকিমিতি। ত্রিভিঃ পঞ্চভিশ্চ শরৈরিতি শেষঃ ॥২১॥

শৈনেয় ইতি। আশুগৈর্বাণৈঃ। প্রস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২২॥

ওদিকে মহাবীর সাত্যকি তীক্ষ্ণবিষ-সর্পতুল্য বাণসমূহদ্বারা পাঁচশত যোদ্ধাকে বধ করিয়া ধীরে ধীরে অর্জ্জুনের রথের দিকে যাইতে লাগিলেন ॥১৮॥

নরশ্রেষ্ঠ সাত্যকি যাইতে লাগিলে, আপনার পুত্র দুঃশাসন নতপর্ব্ব নয়টা বাণদ্বারা সত্বর তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৯॥

তখন মহাধনুর্দ্ধর সাত্যকিও সুধার, স্বর্ণপুঙ্খ, গৃধ্রপক্ষযুক্ত এবং সরলগামী পাঁচটা বাণদ্বারা দুঃশাসনকে প্রতিবিদ্ধ করিলেন ॥২০॥

ভরতনন্দন মহারাজ! পরে দুঃশাসন হাসিতে হাসিতেই যেন তিনটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিয়া পুনরায় পাঁচটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২১॥

তখন সাত্যকি পাঁচটা বাণদ্বারা দুঃশাসনকে তাড়ন করিয়া তাঁহার ধনু ছেদনপূর্ব্বক মন্দ হাস্য করিতে করিতে অর্জ্জুনের দিকে চলিলেন ॥২২॥

(১৮) ততস্তান্ হতবিক্রান্তান্ কৃত্বা যোধান্ সহস্রশঃ···নি। (২২)···বিস্ময়ন্নর্জ্জুনং যযৌ—বা নি।

ততো দুঃশাসনঃ ক্রুদ্ধো বৃষ্ণিবীরায় গচ্ছতে।
সর্ব্বপারশবীং শক্তিং বিসসর্জ জিঘাংসয়া ॥২৩॥
তাস্তু শক্তিং তদা ঘোরাং তব পুত্রস্য সাত্যকিঃ।
চিচ্ছেদ শতধা রাজন্! নিশিতৈঃ কঙ্কপত্রিভিঃ ॥২৪॥
অথান্যদ্ধনুরাদায় পুত্রস্তব জনেশ্বর!।
সাত্যকিং দশভির্বিদ্ধা সিংহনাদং ননাদ হ ॥২৫॥
সাত্যকিস্তু রণে ক্রুদ্ধো মোহয়িত্বা সুতং তব।
শরৈরগ্নিশিখাকারৈরাজঘান স্তনান্তরে ॥২৬॥
দুঃশাসনস্তু বিংশত্যা সাত্যকিং প্রত্যবিধ্যত।
সাত্বতোঽপি মহারাজ! তং বিব্যাধ স্তনান্তরে।
ত্রিভিরেব মহাবেগৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৭॥
ততোঽস্য বাহান্ নিশিতৈঃ শরৈর্জঘ্নে মহাহবে।
সারথিঞ্চ সুসংক্রুদ্ধঃ ষড়্ভিঃ সন্নতপর্ব্বভিঃ ॥২৮॥

ভারতকৌমুদী

তত ইতি। সর্বেষ্বেবাবয়বেষু পারশবীং লৌহময়ীম্। জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥২৩॥
তামিতি। নিশিতৈঃ সুধারৈঃ, কঙ্কানাং পক্ষিণাং পত্রাণি পক্ষা এষাং সন্তীতি তৈঃ ॥২৪॥
অথেতি। দশভির্বাণৈঃ। ননাদ চকার ॥২৫॥
সাত্যকিরিতি। মোহয়িত্বা প্রস্থানেঙ্গিতেন। স্তনয়োরন্তরে মধ্যদেশে ॥২৬॥
দুঃশাসন ইতি। বিংশত্যা শরৈঃ। সাত্বতঃ সাত্যকিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তৎপরে দুঃশাসন ক্রুদ্ধ হইয়া সাত্যকিকে বধ করিবার ইচ্ছায় লৌহময়ী একটা শক্তি তাঁহার প্রতি নিক্ষেপ করিলেন ॥২৩॥

রাজা! তখন সাত্যকি নিশিত বাণসমূহদ্বারা আপনার পুত্রের সেই ভয়ঙ্কর শক্তিটাকে শত খণ্ডে ছেদন করিলেন ॥২৪॥

নরনাথ! তাহার পর আপনার পুত্র অন্য ধনু লইয়া দশটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিয়া উঠিলেন ॥২৫॥

এই সময়ে সাত্যকি ক্রুদ্ধ হইয়া আপনার পুত্রকে মোহিত করিয়া অগ্নি-শিখার ন্যায় উজ্জ্বল বাণসমূহদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৬॥

মহারাজ! তখন দুঃশাসনও কুড়িটা বাণদ্বারা সাত্যকিকে প্রতিবিদ্ধ করিলেন, আবার সাত্যকিও মহাবেগশালী এবং নতপর্ব তিনটা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥২৭॥

(২৫)…সিংহনাদং ননাদ চ—নি।

ধনুরেকেন ভল্লেন হস্তাবাপঞ্চ পঞ্চভিঃ।
ধ্বজঞ্চ রথশক্তিঞ্চ ভল্লাভ্যাং পরমাস্ত্রবিৎ।
চিচ্ছেদ বিশিখৈস্তীক্ষ্ণৈস্তথোভৌ পার্ষ্ণিসারথী ॥২৯॥
স ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ।
ত্রিগর্ত্তসেনাপতিনা স্বরথেনাপবাহিতঃ ॥৩০॥
তমভিক্রুত্য শৈনেয়ো মুহূর্ত্তমিব ভারত!।
ন জঘান মহাবাহুর্ভীমসেনবচঃ স্মরন্ ॥৩১॥
ভীমসেনেন হি বধঃ সুতানাং তব ভারত!।
প্রতিজ্ঞাতঃ সভামধ্যে সর্বেষামেব সংযুগে ॥৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। বাহান্ অশ্বান্। জয়ে সাত্বত ইত্যনুবৃত্তিঃ ॥২৮॥

ধনুরিতি। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতহস্তাবরণম্। পার্ষ্ণিসারথী পৃষ্ঠসারথী। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

স ইতি। স দুঃশাসনঃ। অপবাহিতো রণস্থলাদপসারিতঃ ॥৩০॥

তমিতি। অভিক্রুত্য দ্রুতমভিগম্যাপি ॥৩১॥

কিং তদ্ভীমসেনবচ ইত্যাহ ভীমেতি। সর্ব্বেষামেব সুতানামিতি সম্বন্ধঃ ॥৩২॥

তদনন্তর সাত্যকি অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সুধার ও নতপর্ব্ব ছয়টা বাণদ্বারা মহাযুদ্ধে দুঃশাসনের চারিটা অশ্ব ও সারথিকে বধ করিলেন ॥২৮॥

ক্রমে পরমাস্ত্রজ্ঞ সাত্যকি একটা ভল্লদ্বারা দুঃশাসনের ধনু, পাঁচটাদ্বারা তাঁহার হস্তাবাপ, দুইটা ভল্লদ্বারা ধ্বজ ও রথশক্তি এবং অপর তীক্ষ্ণ বাণসমূহ-দ্বারা তাঁহার দুইজন পৃষ্ঠসারথিকে ছেদন করিলেন ॥২৯॥

তখন ত্রিগর্ত্তসেনাপতি আসিয়া ছিন্নকার্ম্মুক, রথশূন্য, অশ্বরহিত ও হতসারথি দুঃশাসনকে আপন রথে তুলিয়া লইয়া অপসারিত করিলেন ॥৩০॥

ভরতনন্দন! এই সময়ে মহাবাহু সাত্যকি ভীমসেনের বাক্য স্মরণ করিয়া কিছুকাল দুঃশাসনের পশ্চাৎ ধাবিত হইয়াও তাঁহাকে বধ করিলেন না ॥৩১॥

কারণ, ভরতনন্দন! পূর্ব্বে ভীমসেন সভামধ্যে আপনার সমস্ত পুত্রবধেরই প্রতিজ্ঞা করিয়াছিলেন ॥৩২॥

---

(৩১) সম্প্রাপ্তমপি নৈয়েষ হন্তুং দুঃশাসনং রণে। শৈনেয়ো ভরতশ্রেষ্ঠ! ভীমসেনবচঃ স্মরন্—পি।

তথা দুঃশাসনং জিত্বা সাত্যকিঃ সংযুগে প্রভো ! ।
জগাম ত্বরিতো রাজন্ ! যেন যাতো ধনঞ্জয়ঃ ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে দুঃশাসনপরাজয়ে
সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০◆০—

অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ।

—ঃ-০-ঃ—

ধৃতরাষ্ট্র উবাচ ।

কিং তস্যাং মম সেনায়াং নাসন্ কেচিন্মহারথাঃ ।
যে তথা সাত্যকিং যান্তং নৈবাঘ্নন্ নাপ্যবারয়ন্ ॥১॥
একো হি সমরে কর্ম্ম কৃতবান্ সত্যবিক্রমঃ ।
শক্রতুল্যবলো যুদ্ধে মহেন্দ্রো দানবেষ্বিব ॥২॥

ভারতকৌমুদী

তথেতি । সংযুগে যুদ্ধে । যেন পথা ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে সপ্তাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ০ঃ—

কিমিতি । অঘ্নন্ হন্তুমশক্নুবন্, অবারয়ন্ বারয়িতুমশক্নুবন্ ॥১॥
এক ইতি । সত্যবিক্রমঃ শক্রতুল্যবলশ্চ সাত্যকিঃ ॥২॥

প্রভাবশালী রাজা ! সাত্যকি সেইভাবে যুদ্ধে দুঃশাসনকে জয় করিয়া—অর্জ্জুন যে পথে গিয়াছিলেন, সত্বর সেই পথে গমন করিতে লাগিলেন' ॥৩৩॥

—০ঃঃ০—

ধৃতরাষ্ট্র বলিলেন—'আমার সেই সৈন্যের মধ্যে এমন কোন মহারথেরা কি ছিলেন না, যাঁহারা গমনকালে সাত্যকিকে বধ বা বারণও করিতে পারেন নাই ॥১॥

* '...একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...' বঙ্গ বঙ্ক, '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ...' বা রা নি ।

অথবা শূন্যমাসীত্তদ্যেন যাতঃ স সাত্যকিঃ।
একো হি বহুলাঃ সেনাঃ প্রমৃদ্নন্ পুরুষর্ষভঃ ॥৩॥
কথঞ্চ যুধ্যমানানামতিক্রান্তো মহাত্মনাম্।
একো বহূনাং শৈনেয়স্তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৪॥

সঞ্জয় উবাচ।

রাজন্! সেনাসমুদ্যোগো নাগাশ্বরথপত্তিমান্।
তুমুলস্তব সৈন্যানাং যুগান্তসদৃশোঽভবৎ ॥৫॥
আহূতেষু সমূহেষু তব সৈন্যস্য মানদ!।
নাস্তি লোকে সমঃ কশ্চিৎ সমূহ ইতি মে মতিঃ ॥৬॥
তত্র দেবাঃ স্ম ভাষন্তে চারণাশ্চ সমাগতাঃ।
এতদন্তাঃ সমূহা বৈ ভবিষ্যন্তি মহীতলে ॥৭॥

ভারতকৌমুদী

অথবেতি। শূন্যং বীররহিতম্, তৎ স্থানম্, যেন স্থানেন। প্রমৃদ্নন্ সংহরন্ ॥৩॥
কথমিতি। যুধ্যমানানাং সমূহমিতি শেষঃ। শৈনেয়ঃ সাত্যকিঃ ॥৪॥
রাজন্নিতি। সেনা সৈনিকসমষ্টিরিতি ভেদঃ। যুগস্য অন্তো যস্মাৎ স রুদ্রঃ ॥৫॥
আহূতেষ্বিতি। সৈন্যস্য সেনায়াঃ। সমূহঃ সৈনিকসংঘঃ ॥৬॥

পূর্ব্বে ইন্দ্র যেমন যুদ্ধে দানবগণের উপরে করিয়াছিলেন, ইন্দ্রের তুল্য বলবান্ ও যথার্থবিক্রমশালী সাত্যকি একাকী যুদ্ধে সেইরূপ কার্য্য করিয়াছেন ॥২॥

অথবা পুরুষশ্রেষ্ঠ সেই সাত্যকি একাকী প্রচুর সৈন্য সংহার করিতে করিতে যে পথে গিয়াছিলেন, সম্ভবতঃ সে পথ শূন্য ছিল ॥৩॥

না হইলে, একাকী সাত্যকি কি করিয়া যুধ্যমান বহুতর মহাত্মাকে অতিক্রম করিতে পারিলেন? সে যাহা হউক, সঞ্জয়! সেই বৃত্তান্ত আমার নিকট বল' ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনার সেনাব্যূহে হস্তী, অশ্ব, রথ ও পদাতি ছিল; সুতরাং সে তুমুল ব্যূহ রুদ্রের তুল্যই ছিল ॥৫॥

মানী জনের মানকারী রাজা! আপনার সৈন্যসমূহ অহূত হইয়া সমবেত হইলে, তাহার তুল্য সমূহ জগতেই নাই, ইহাই আমার ধারণা ছিল ॥৬॥

(৩)...হতভূয়িষ্ঠমথবা যেন যাতঃ স সাত্যকিঃ—বা নি। ইতঃ পরং নানা পাঠভেদা দৃশ্যন্তে। (৫)...অতুলাস্তব সেনায়াম্...নি। (৬)...আহ্নিকেষু সমূহেষু...বা।

ন চৈব তাদৃশঃ কশ্চিদ্ব্যূহ আসীদ্বিশাংপতে ! ।
যাদৃগ্জয়দ্রথবধে দ্রোণেন বিহিতোঽভবৎ ॥৮॥
চণ্ডবাতাভিপন্নানাং সমুদ্রাণামিব স্বনঃ ।
রণেঽভবদ্বলৌঘানামন্যোন্যমভিধাবতাম্ ॥৯॥
পার্থিবানাং সমেতানাং বহূন্যাসন্ নরোত্তম ! ।
ত্বদ্বলে পাণ্ডবানাঞ্চ সহস্রাণি শতানি চ ॥১০॥
সংরব্ধানাং প্রবীরাণাং সমরে দৃঢ়কর্ম্মণাম্ ।
তত্রাসীৎ সুমহান্ শব্দস্তুমুলো লোমহর্ষণঃ ॥১১॥
অথাক্রন্দদ্ভীমসেনো ধৃষ্টদ্যুম্নশ্চ পার্ষতঃ ।
নকুলঃ সহদেবশ্চ ধর্ম্মরাজশ্চ পাণ্ডবঃ ॥১২॥

ভারতকৌমুদী

উক্তার্থে প্রমাণমাহ তত্রেতি। এতদন্তাঃ, অত্রৈব প্রায়েণ লোকক্ষয়াদিত্যাশয়ঃ ॥৭॥
নেতি। জয়দ্রথবধে জয়দ্রথবধদিবসে ॥৮॥
চণ্ডেতি। চণ্ডবাতাভিপন্নানাং প্রবলবায়ুবেগনাপন্নানাম্ ॥৯॥
পার্থিবানামিতি। পাণ্ডবানাঞ্চ বল ইত্যনুষঙ্গঃ ॥১০॥
সমিতি। সংরব্ধানাং সোৎসাহানাম্। শব্দঃ কোলাহলঃ ॥১১॥
অথেতি। আক্রন্দৎ আহ্বয়ৎ, "ক্রন্দনে রোদনাহ্বানে" ইত্যমরঃ ॥১২॥

তখন আকাশে সমাগত দেবগণ ও চারণগণ বলিতেছিলেন যে, 'ভূতলে এই পর্য্যন্তই এইরূপ সমূহ হইবে' ॥৭॥

নরনাথ! জয়দ্রথবধের দিন দ্রোণ যেরূপ ব্যূহ রচনা করিয়াছিলেন, সেরূপ কোন ব্যূহ পূর্ব্বে হয় নাই ॥৮॥

ক্রমে প্রবলবায়ুবেগে আহত সমুদ্রের শব্দের ন্যায় পরস্পর অভিধাবিত সৈন্যগণের কোলাহল হইতে লাগিল ॥৯॥

নরশ্রেষ্ঠ! আপনার সৈন্যমধ্যে এবং পাণ্ডবসৈন্যমধ্যেও বহুশত ও বহুসহস্র রাজা সমবেত হইয়াছিলেন ॥১০॥

তখন উৎসাহী ও দৃঢ়কার্য্যকারী প্রধান বীরগণের তুমুল ও লোমহর্ষণ মহাকোলাহল হইতে থাকিল ॥১১॥

তদনন্তর ভীমসেন, পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্ন, নকুল, সহদেব এবং পাণ্ডুনন্দন যুধিষ্ঠির আহ্বান করিতে লাগিলেন—॥১২॥

(৯) চণ্ডবাতবিভিন্নানাম্...বা নি। (১১)...সুমহাশব্দঃ...বা নি। (১২)...ধৃষ্টদ্যুম্নশ্চ মারিষ!...বা নি।

আগচ্ছত প্রহরত দ্রুতং বিপরিধাবত।
প্রবিষ্টাবরিসেনাং হি বীরৌ মাধবপাণ্ডবৌ ॥১৩॥
যথা সুখেন গচ্ছেতাং জয়দ্রথবধং প্রতি।
তথা প্রকুরুত ক্ষিপ্রমিতি সৈন্যান্যচোদয়ন্ ॥১৪॥
তয়োরভাবে কুরবঃ কৃতার্থাঃ স্যুর্বয়ং জিতাঃ।
তে যূয়ং সহিতা ভূত্বা তূর্ণমেব বলার্ণবম্।
ক্ষোভয়ধ্বং মহাবেগাঃ পবনাঃ সাগরং যথা ॥১৫॥
ভীমসেনেন তে রাজন্! পাঞ্চাল্যেন চ চোদিতাঃ।
আজগ্মুঃ কৌরবান্ সংখ্যে ত্যক্ত্বাসূনাত্মনঃ প্রিয়ান্ ॥১৬॥
ইচ্ছন্তো নিধনং যুদ্ধে শস্ত্রৈশ্চোত্তমতেজসঃ।
স্বর্গেপ্সবো মিত্রকার্য্যে নাভ্যনন্দন্ত জীবিতম্ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কীদৃশমাক্রন্দদিত্যাহ আগচ্ছতেতি। মাধবপাণ্ডবৌ সাত্যক্যর্জ্জুনৌ ॥১৩॥

যথেতি। গচ্ছেতাং তৌ মাধবপাণ্ডবৌ। অচোদয়ন্ প্রৈরয়ন্ ॥১৪॥

তয়োরিতি। যেন বয়ং জিতা ভবিষ্যাম ইতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥

ভীমেতি। পাঞ্চাল্যেন ধৃষ্টদ্যুম্নেন, চোদিতাঃ প্রেরিতাঃ। ত্যক্ত্বা ত্যাগোদ্যমং কৃত্বা, অসূন্ প্রাণান্। স্বর্গেপ্সবঃ স্বর্গলিপ্সবঃ, নাভ্যনন্দন্ত নাপ্রিয়ন্ত ॥১৬—১৭॥

'সৈন্যগণ! তোমরা আগমন কর, ধাবিত হও এবং সত্বর প্রহার করিতে থাক। কারণ, মহাবীর অর্জ্জুন ও সাত্যকি শত্রুসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছেন ॥১৩॥

যাহাতে তাঁহারা অনায়াসে জয়দ্রথবধের জন্য যাইতে পারেন, তোমরা সত্বর তাহা কর' এই বলিয়া তাঁহারা সৈন্যগণকে চালাইতে লাগিলেন ॥১৪॥

'তাঁহাদের অভাবে আমরাও পরাজিত হইব; তাহাতে কৌরবেরা কৃতার্থ হইবে। অতএব মহাবেগশালী বায়ু যেমন সমুদ্রকে উদ্বেলিত করে, সেইরূপ তোমরা মিলিত হইয়া সত্বরই কৌরবসৈন্যসাগর উদ্বেলিত কর' ॥১৫॥

রাজা! ভীমসেন ও ধৃষ্টদ্যুম্ন এইভাবে প্রোৎসাহিত করিলে, সেই মহাতেজা পাণ্ডবযোদ্ধারা অস্ত্রদ্বারা যুদ্ধে মৃত্যু কামনা করিয়া স্বর্গলিপ্সু হইয়া আপনাদের প্রিয় প্রাণত্যাগেরও উদ্যম করিয়া যুদ্ধে কৌরবগণের দিকে আসিতে লাগিলেন; কিন্তু মিত্রকার্য্যে জীবনের মমতা করিলেন না ॥১৬—১৭॥

---

(১৫) ...পবনঃ সাগরং যথা—বা নি।

তথৈব তাবকা রাজন্ ! প্রার্থয়ন্তো মহদ্‌যশঃ ।
আর্য্যাং যুদ্ধে মতিং কৃত্বা যুদ্ধায়ৈবাবতস্থিরে ॥১৮॥
তস্মিংস্তু তুমুলে যুদ্ধে বর্ত্তমানে ভয়াবহে ।
জিত্বা সর্ব্বাণি সৈন্যানি প্রায়াৎ সাত্যকিরর্জ্জুনম্ ॥১৯॥
কবচানাং প্রভাস্তত্র সূর্য্যরশ্মিবিমিশ্রিতাঃ ।
দৃষ্টীঃ সংখ্যে সৈনিকানাং প্রতিজঘ্নুঃ সমন্ততঃ ॥২০॥
তথা প্রয়তমানানাং পাণ্ডবানাং মহাত্মনাম্ ।
দুর্য্যোধনো মহারাজ ! ব্যগাহত মহদ্বলম্ ॥২১॥
স সন্নিপাতস্তুমুলস্তব তেষাঞ্চ ভারত ! ।
অভবৎ সর্ব্বসৈন্যানামভাবকরণো মহান্ ॥২২॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

তথাগতেষু সৈন্যেষু তথা কৃচ্ছ্রগতঃ স্বয়ম্ ।
কচ্চিদ্দুর্য্যোধনঃ সূত ! নাকার্ষীৎ পৃষ্ঠতো রণম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তথেতি। তাবকাস্তব পক্ষীয়া যোদ্ধারঃ। আর্য্যাং সাধ্বীং ছলাদিশূন্যাম্ ॥১৮॥
তস্মিন্নিতি। সৈন্যানি সেনাঃ, "বরূথিনী বলং সৈন্যম্" ইত্যমরঃ ॥১৯॥
কবচানামিতি। দৃষ্টীর্নয়নানি, সৈনিকাস্তাঃ প্রভা দদৃশুরিত্যর্থঃ ॥২০॥
তথেতি। প্রয়তমানানাং জয়ায়েতি শেষঃ। ব্যগাহত প্রাবিশৎ ॥২১॥
স ইতি। সন্নিপাতঃ সংঘর্ষঃ। অভাবকরণঃ ক্ষয়জনকঃ ॥২২॥

রাজা ! আপনার পক্ষের যোদ্ধারাও সেইরূপই মহাযশ কামনা এবং যুদ্ধবিষয়ে সদ্‌বুদ্ধি করিয়া যুদ্ধের জন্যই অবস্থান করিতে লাগিলেন ॥১৮॥

সেই ভয়াবহ তুমুল যুদ্ধ চলিতে লাগিলে, সাত্যকি সমস্ত কৌরবসৈন্য জয় করিয়া অর্জ্জুনের দিকে যাইতে থাকিলেন ॥১৯॥

তখন দুইপক্ষের সৈন্যেরাই সমরস্থলে সকল দিকে সূর্য্যরশ্মিমিশ্রিত কবচের প্রভা দর্শন করিতে লাগিল ॥২০॥

মহারাজ ! মহাত্মা পাণ্ডবেরা জয়ের জন্য সেইভাবে যত্ন করিতে লাগিলে, দুর্য্যোধন তাঁহাদের বিশাল সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥২১॥

ভরতনন্দন ! আপনার ও পাণ্ডবগণের সমস্ত সৈন্যের সেই তুমুল সংঘর্ষ গুরুতর লোকক্ষয় জন্মাইতে লাগিল' ॥২২॥

---

(২০)…সূর্য্যরশ্মিবিরাজিতাঃ… নি। (২২)…অভবৎ সর্বভূতানাম্…পি বা নি। (২৩) তথাগতেষু সৈন্যেষু…পি বা নি।

একস্য চ বহূনাঞ্চ সন্নিপাতো মহাহবে।
বিশেষতো নরপতের্বিষমঃ প্রতিভাতি মে ॥২৪॥
সোঽত্যন্তসুখসংবৃদ্ধো লক্ষ্ম্যা লোকস্য চেশ্বরঃ।
একো বহূন্ সমাসাদ্য কচ্চিন্নাসীৎ পরাঙ্মুখঃ ॥২৫॥

সঞ্জয় উবাচ।

রাজন্! সংগ্রামমাশ্চর্য্যং তব পুত্রস্য ভারত!।
একস্য বহুভিঃ সার্দ্ধং শৃণুষ্ব গদতো মম ॥২৬॥
দুর্য্যোধনেন সমরে পাণ্ডবী পৃতনা রণে।
নলিনী দ্বিরদেনেব সমন্তাদ্বিপ্রলোড়িতা ॥২৭॥
পাণ্ডুসেনাং হতাং দৃষ্ট্বা তব পুত্রেণ মারিষ!।
ভীমসেনপুরোগাস্তং পাঞ্চালাঃ সমুপাদ্রবন্ ॥২৮॥

ভারতকৌমুদী

তথেতি। রণং পৃষ্ঠতো নাকার্ষীৎ রণস্থলান্নাপসসার ॥২৩॥
একস্যেতি। বিষমো নিতান্তবিপজ্জনকঃ, প্রতিভাতি বোধবিষয়ো ভবতি ॥২৪॥
স ইতি। লক্ষ্ম্যা রাজসম্পদ ঈশ্বরঃ পতিঃ ॥২৫॥
রাজন্নিতি। পুত্রস্য দুর্য্যোধনস্য। গদতো ব্রুবতঃ ॥২৬॥
দুর্য্যোধনেনেতি। পৃতনা সেনা। নলিনী পদ্মসরসী, দ্বিরদেন হস্তিনা ॥২৭॥
পাণ্ডিতি। ভীমসেনঃ পুরোগঃ অগ্রগামী যেষাং তে, সমুপাদ্রবন্ অভ্যধাবন্ ॥২৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'পাণ্ডবসৈন্যেরা সেইভাবে আসিতে লাগিলে, স্বয়ং দুর্য্যোধন সেইরূপ কষ্টকর অবস্থায় পতিত হইয়া রণস্থল হইতে অপসৃত হন নাই ত? ॥২৩॥

মহাযুদ্ধে বহুজনের সহিত একজনের, বিশেষতঃ রাজার সংঘর্ষ অত্যন্ত-বিপজ্জনক বলিয়া আমার ধারণা হয় ॥২৪॥

অত্যন্তসুখে বৃদ্ধিপ্রাপ্ত এবং রাজলক্ষ্মী ও লোকের অধীশ্বর এক দুর্য্যোধন বহু বিপক্ষের সম্মুখে যাইয়া পরাঙ্মুখ হন নাই ত?' ॥২৫॥

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন রাজা! আমি বলিতেছি—বহুযোদ্ধার সহিত আপনার পুত্র এক দুর্য্যোধনের আশ্চর্য্য যুদ্ধের বিষয় শ্রবণ করুন ॥২৬॥

একটা হাতী যেমন সকল দিকে পদ্মসরোবর আলোড়ন করে, সেইরূপ এক দুর্য্যোধন যুদ্ধে পাণ্ডবসৈন্য আলোড়ন করিতে লাগিলেন ॥২৭॥

(২৮) ততস্তাং প্রহতাং সেনাং দৃষ্ট্বা পুত্রেণ তে নৃপ!...পি বা নি।

স ভীমসেনং দশভির্মাদ্রীপুত্রৌ ত্রিভিস্ত্রিভিঃ।
বিরাটদ্রুপদৌ ষড়্ভিঃ শতেন চ শিখণ্ডিনম্ ॥২৯॥
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিংশত্যা ধর্ম্মপুত্রঞ্চ সপ্তভিঃ।
কেকয়ান্ দশভির্বিদ্ধ্বা দ্রৌপদেয়াংস্ত্রিভিস্ত্রিভিঃ ॥৩০॥
শতশশ্চাপরান্ যোধান্ সদ্বিপাংশ্চ রথান্ রণে।
শরৈরবচকর্ত্তোগ্রৈঃ ক্রুদ্ধোঽন্তক ইব প্রজাঃ ॥৩১॥ (বিশেষকম্)
ন সন্দধদ্বিমুঞ্চন্ বা মণ্ডলীকৃতকার্ম্মুকঃ।
অদৃশ্যত রিপূন্ নিঘ্নন্ শিক্ষয়াস্ত্রবলেন চ ॥৩২॥
তস্য তান্ নিঘ্নতঃ শত্রূন্ হেমপৃষ্ঠং মহদ্ধনুঃ।
অজস্রং মণ্ডলীভূতং দদৃশুঃ সমরে জনাঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

স ইতি। স তব পুত্রঃ, দশভিঃ শরৈঃ। এবং সর্ব্বত্র। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্। সদ্বিপান্ হস্তিসহিতান্। অবচকর্ত্ত চিচ্ছেদ বিব্যাধেত্যর্থঃ। প্রজাঃ প্রাণিনঃ ॥২৯—৩১॥

নেতি। সন্দধৎ বিমুঞ্চংশ্চ শরান্। অদৃশ্যত তব পুত্র ইত্যনুবৃত্তিঃ ॥৩২॥

তস্যেতি। হেমপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্ ॥৩৩॥

মাননীয় রাজা! আপনার পুত্র বহুতর পাণ্ডবসৈন্য বধ করিয়াছেন দেখিয়া পাঞ্চালেরা ভীমসেনকে অগ্রবর্ত্তী করিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৮॥

তখন ক্রুদ্ধ যম যেমন প্রাণিগণকে তাড়ন করেন, সেইরূপ দুর্য্যোধন ভয়ঙ্কর দশটা বাণদ্বারা ভীমকে, তিন তিনটাদ্বারা নকুল ও সহদেবকে, ছয়টাদ্বারা বিরাট ও দ্রুপদকে, একশতদ্বারা শিখণ্ডীকে, কুড়িটাদ্বারা ধৃষ্টদ্যুম্নকে, সাতটাদ্বারা যুধিষ্ঠিরকে, দশটাদ্বারা কেকয়দেশীয় পঞ্চভ্রাতাকে, তিন তিনটাদ্বারা দ্রৌপদীর পুত্রগণকে এবং শত শত বাণদ্বারা হস্তী ও রথের সহিত অপর যোদ্ধাদিগকে তাড়ন করিলেন ॥২৯—৩১॥

দুর্য্যোধন যখন শিক্ষাবল ও অস্ত্রবলে শত্রুসংহার করিতেছিলেন, তখন তাঁহার বাণসন্ধান বা বাণক্ষেপ ইহার কিছুই দেখা যায় নাই; কিন্তু মণ্ডলীকৃত ধনুখানাই কেবল দেখা যাইতেছিল ॥৩২॥

তিনি যখন শত্রুসংহার করিতেছিলেন, তখন তাঁহার স্বর্ণখচিতপৃষ্ঠ ও মণ্ডলীভূত বিশাল ধনুখানাই কেবল লোকের দৃষ্টিগোচর হইতেছিল ॥৩৩॥

(২৯)···দশভিঃ শরৈর্বিব্যাধ পাণ্ডবম্। ত্রিভিস্ত্রিভির্যমৌ বীরৌ ধর্ম্মরাজঞ্চ সপ্তভিঃ—বা নি।

তেতো যুধিষ্ঠিরো রাজা! ভল্লাভ্যামচ্ছিনদ্ধনুঃ।
তত্র পুত্রস্য কৌরব্য! যতমানস্য সংযুগে ॥৩৪॥
বিব্যাধ চৈনং দশভিঃ সম্যগস্তৈঃ শিতৈঃ শরৈঃ।
বর্ম্ম চাশু সমাসাদ্য তে ভগ্নাঃ ক্ষিতিমাবিশন্ ॥৩৫॥
ততঃ প্রমুদিতাঃ পার্থাঃ পরিবব্রুর্যুধিষ্ঠিরম্।
যথা বৃত্রবধে দেবাঃ পুরা শক্রং মহর্ষয়ঃ ॥৩৬॥
ততোঽন্যদ্ধনুরাদায় তব পুত্রঃ প্রতাপবান্।
তিষ্ঠ তিষ্ঠেতি রাজানং ব্রুবন্ পাণ্ডবমভ্যয়াৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। যতমানস্য জয়ায়েতি শেষঃ ॥৩৪॥
বিব্যাধেতি। অস্তৈঃ ক্ষিপ্তৈঃ। দ্রোণবদ্ধস্য তস্য বর্ম্মণোঽক্ষয়ত্বাদিত্যাশয়ঃ ॥৩৫॥
তত ইতি। পরিবব্রুঃ সাহায্যার্থং পরিবিবেষ্টিরে। মহর্ষয়শ্চ ॥৩৬॥
তত ইতি। পুত্রো দুর্য্যোধনঃ। পাণ্ডবং যুধিষ্ঠিরম্ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

কিং তস্যামিতি ॥১—২৪॥ লক্ষ্যোতি বিশেষণে তৃতীয়া ॥২৫—৩৩॥ ভল্লেন প্রত্যেকম্ ॥৩৪—৪৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৮॥

কৌরবনন্দন! আপনার পুত্র যুদ্ধে এইভাবে জয়ের জন্য চেষ্টা করিতে লাগিলে, রাজা যুধিষ্ঠির দুইটা ভল্লদ্বারা তাঁহার ধনুখানা ছেদন করিলেন ॥৩৪॥

এবং তিনি সমীচীনভাবে নিক্ষিপ্ত সুধার দশটা বাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। কিন্তু সে বাণগুলি সত্বর আসিয়া দুর্য্যোধনের বর্ম্মে লাগিয়া ভগ্ন হইয়া ভূতলে পতিত হইল ॥৩৫॥

তাহার পর, পূর্ব্বে যেমন বৃত্রাসুরবধের সময়ে দেবতারা ও মহর্ষিরা ইন্দ্রকে পরিবেষ্টন করিয়াছিলেন, সেইরূপ পাণ্ডবেরা আনন্দিত হইয়া যাইয়া যুধিষ্ঠিরকে পরিবেষ্টন করিলেন ॥৩৬॥

তদনন্তর প্রতাপশালী দুর্য্যোধন অন্য ধনু লইয়া 'থাক থাক' এই কথা বলিতে বলিতে রাজা যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৭॥

---

(৩৫)…সম্যগস্তৈঃ শরোত্তমৈঃ…তে ভিত্ত্বা ক্ষিতিমাবিশন্—বা নি। (৩৭) অথ দুর্য্যোধনো রাজা দৃঢ়মাদায় কার্ম্মুকম্…বর্দ্ধ।

তমায়ান্তমভিপ্রেক্ষ্য তব পুত্রং মহামৃধে।
প্রত্যুদ্‌যযুঃ প্রমুদিতাঃ পাঞ্চালা জয়গৃদ্ধিনঃ ॥৩৮॥
তান্ দ্রোণঃ প্রতিজগ্রাহ পরীপ্সন্ যুধি পার্থিবম্।
চণ্ডবাতোদ্ধতান্ মেঘান্ গিরিরম্বুমুচো যথা ॥৩৯॥
তত্র রাজন্! মহানাসীৎ সংগ্রামো লোমহর্ষণঃ।
পাণ্ডবানাং মহাবাহো! তাবকানাঞ্চ সংযুগে।
রুদ্রস্যাক্রীড়সদৃশঃ সংহারঃ সর্বদেহিনাম্ ॥৪০॥
ততঃ শব্দো মহানাসীদ্‌যাতো যেন ধনঞ্জয়ঃ।
অতীব সর্ব্বশব্দেভ্যো লোমহর্ষকরঃ প্রভো! ॥৪১॥
অর্জ্জুনস্য মহাবাহো! তাবকানাঞ্চ ধন্বিনাম্।
মধ্যে ভারতসৈন্যস্য মাধবস্য মহারণে।
দ্রোণস্যাপি পরৈঃ সার্দ্ধং ব্যূহদ্বারে মহারণে ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। মহামৃধে মহাযুদ্ধে। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৩৮॥

তানিতি। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্, পার্থিবং দুর্য্যোধনম্ ॥৩৯॥

তত্রেতি। আক্রীড়সদৃশস্তাণ্ডবতুল্যঃ সংহ্রিয়তে অনেনেতি সংহারঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪০॥

তত ইতি। যেন পথা। অতীব অধিকঃ। মাধবস্য সাত্যকেঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৪১—৪২॥

তখন দুর্য্যোধনকে মহাযুদ্ধে আসিতে দেখিয়া জয়াভিলাষী পাঞ্চালেরা আনন্দিত হইয়া তাঁহার প্রত্যুদ্‌গমন করিলেন ॥৩৮॥

তৎকালে, পর্ব্বত যেমন প্রবলবায়ুসঞ্চালিত জলবর্ষী মেঘসমূহকে গ্রহণ করে, সেইরূপ দ্রোণ যুদ্ধে দুর্য্যোধনকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া পাঞ্চালগণকে গ্রহণ করিলেন ॥৩৯॥

মহাবাহু রাজা! ক্রমে সমস্ত প্রাণীর সংহারকারী রুদ্রের তাণ্ডবনৃত্যের ন্যায় রণস্থলে পাণ্ডবপক্ষের ও আপনার পক্ষের লোমহর্ষণ মহাযুদ্ধ হইতে লাগিল ॥৪০॥

মহাবাহু নরনাথ! তাহার পর, অর্জ্জুন যেদিকে গিয়াছিলেন, সেই দিকে অর্জ্জুনের ও আপনার পক্ষের ধনুর্দ্ধরগণের লোমহর্ষজনক সমস্ত শব্দ অপেক্ষা

(৩৮) তমেবং বাদিনং রাজন্! তব পুত্রং মহারথম্···বঙ্গ। (৩৯)···সজলানচলো যথা—বঙ্গ বঙ্গ। (৪০)···সংগ্রামো ভয়বর্দ্ধনঃ···বঙ্গ। (৪১)···পুনর্যেন ধনঞ্জয়ঃ—বঙ্গ।

এবমেষ ক্ষয়ো বৃত্তঃ পৃথিব্যাং পৃথিবীপতে!।
ক্রুদ্ধেঽর্জ্জুনে তথা দ্রোণে সাত্বতে চ মহারথে ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
জয়দ্রথবধে সাত্যকিপ্রবেশে সঙ্কুলযুদ্ধে
অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০✻০——

নবাধিকশততমোঽধ্যায়ঃ।

——ঃ-০-ঃ——

সঞ্জয় উবাচ।
অপরাহ্ণে মহারাজ! সংগ্রামঃ সমপদ্যত।
পর্জ্জন্যসমনির্ঘোষঃ পুনর্দ্রোণস্য সোমকৈঃ ॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। বৃত্তো জাতঃ। সাত্বতে সাত্বতবংশীয়ে সাত্যকৌ চ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(::)——

অপেতি। সমপদ্যত সমজায়ত। পর্জ্জন্যো মেঘস্তন্নির্ঘোষস্তৎসমো নির্ঘোষো যস্মিন্ সঃ ॥১॥

অধিক মহাকোলাহল হইতে লাগিল; মহাযুদ্ধে সাত্যকি ও কৌরবসৈন্যের মধ্যে ভীষণ কোলাহল হইতে থাকিল এবং ব্যূহদ্বারে বিপক্ষগণের সহিত দ্রোণের মহাযুদ্ধেও ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল ॥৪১—৪২॥

মহারাজ! মহারথ অর্জ্জুন, দ্রোণ ও সাত্যকি ক্রুদ্ধ হইলে, এইভাবে পৃথিবীতে এই লোকক্ষয় হইতে লাগিল' ॥৪৩॥

——ঃ০ঃ——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ক্রমে অপরাহ্ণকালে পুনরায় সোমকগণের সহিত দ্রোণের যুদ্ধ লাগিয়া গেল; তখন মেঘগর্জ্জনের ন্যায় রথসমূহের গম্ভীর ধ্বনি হইতে লাগিল ॥১॥

(৪৩) ···সাত্বতানাং মহারথে—বঙ্গ বৰ্দ্ধ। * '···দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বঙ্গ বৰ্দ্ধ, '···চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ···' বা রা নি। (১)···সংগ্রামঃ সুমহানভূৎ··· পি বা নি।

শোণাশ্বং রথমাস্থায় নরবীরঃ সমাহিতঃ।
সমরেঽভ্যদ্রবৎ পাণ্ডূন্ জবমাস্থায় মধ্যমম্ ॥২॥
তব প্রিয়হিতে যুক্তো মহেষ্বাসো মহাবলঃ।
চিত্রপুঙ্খৈঃ শিতৈর্বাণৈঃ কলসোত্তমসম্ভবঃ ॥৩॥
বরান্ বরান্ হি যোধানাং বিচিন্বন্নিব ভারত!।
অক্রীড়ত রণে রাজন্! ভারদ্বাজঃ প্রতাপবান্ ॥৪॥ (যুগ্মকম্)
তমভ্যয়াদ্বৃহৎক্ষত্রঃ কৈকেয়ানাং মহারথঃ।
ভ্রাতৃণাং নৃপ! পঞ্চানাং জ্যেষ্ঠঃ সমরকর্কশঃ ॥৫॥
বিমুঞ্চন্ বিশিখাংস্তীক্ষ্ণানাচার্য্যঞ্চার্দ্দয়দ্ভৃশম্।
মহামেঘো যথা বর্ষং বিমুঞ্চন্ গন্ধমাদনে ॥৬॥
তস্ম দ্রোণো মহারাজ! স্বর্ণপুঙ্খান্ শিলাশিতান্।
প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ সায়কান্ দশ পঞ্চ চ ॥৭॥

ভারতকৌমুদী

শোণেতি। শোণা রক্তবর্ণা অশ্বা যস্য তম্। নরবীরো দ্রোণঃ। জবং বেগম্ ॥২॥
তবেতি। কলসোত্তমে দ্রোণে সম্ভব উৎপত্তির্যস্য সঃ। বিচিন্বন্ গৃহ্নন্ সংহরন্ ॥৩—৪॥
তমিতি। অভ্যয়াৎ অভ্যগচ্ছৎ। সমরে কর্কশঃ কঠিনঃ ॥৫॥
বিমুঞ্চন্নিতি। বিশিখান্ বাণান্, আচার্য্যং দ্রোণম্। বর্ষং বৃষ্টিম্ ॥৬॥
তস্মেতি। শিলয়া তত্র ঘর্ষণেন শিতান্ সুধারীকৃতান্ ॥৭॥

নরবীর দ্রোণ রক্তবর্ণঘোটকযুক্ত রথে আরোহণ করিয়া যুদ্ধে মনোযোগী হইয়া মধ্যম বেগ অবলম্বনপূর্ব্বক পাণ্ডবপক্ষের দিকে ধাবিত হইলেন ॥২॥

ভরতনন্দন রাজা! ক্রমে আপনার প্রিয় ও হিত কার্য্যে নিরত, মহাধনুর্দ্ধর, মহাবল, দ্রোণসঞ্জাত ও প্রতাপশালী দ্রোণ বিচিত্রপুঙ্খ ও সুধার বাণসমূহদ্বারা বিপক্ষ যোদ্ধাদের মধ্যে প্রধান প্রধান বীরকে সংহার করিতে থাকিয়া যেন ক্রীড়া করিতে লাগিলেন ॥৩—৪॥

রাজা! তখন মহারথ, রণকর্কশ ও কেকয়দেশীয় পঞ্চভ্রাতার মধ্যে জ্যেষ্ঠ বৃহৎক্ষত্র দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৫॥

ক্রমে মহামেঘ যেমন গন্ধমাদনপর্ব্বতে বারি বর্ষণ করিয়া তাহাকে পীড়ন করে, সেইরূপ বৃহৎক্ষত্র তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া দ্রোণকে গুরুতর পীড়ন করিতে থাকিলেন ॥৬॥

মহারাজ! তখন দ্রোণ অত্যন্তক্রুদ্ধ হইয়া তাঁহার উপরে স্বর্ণপুঙ্খ ও শিলাঘর্ষণে সুধারীকৃত পনরটা বাণ নিক্ষেপ করিলেন ॥৭॥

তাংস্তু দ্রোণধনুর্ম্মুক্তান্ শরানাশীবিষোপমান্।
একৈকং দশভির্ব্বাণৈর্যুধি চিচ্ছেদ হৃষ্টবৎ ॥৮॥
তদস্য লাঘবং দৃষ্ট্বা প্রহসন্ দ্বিজপুঙ্গবঃ।
প্রেষয়ামাস বিশিখানষ্টৌ সন্নতপর্ব্বণঃ ॥৯॥
তান্ দৃষ্ট্বাপততস্তূর্ণং দ্রোণচাপচ্যুতান্ শরান্।
অবারয়চ্ছরৈরেব তাবদ্ভির্নিশিতৈর্দৃঢ়ৈঃ ॥১০॥
ততোঽভবন্মহারাজ! সৈন্যস্য তব বিস্ময়ঃ।
বৃহৎক্ষত্রেণ তৎ কর্ম্ম কৃতং দৃষ্ট্বা সুদুষ্করম্ ॥১১॥
ততো দ্রোণো মহারাজ! বৃহৎক্ষত্রং বিশেষয়ন্।
প্রাদুশ্চক্রে রণে দিব্যং ব্রাহ্মমস্ত্রং সুদুর্জয়ম্ ॥১২॥

ভারতকৌমুদী

তানিতি। একৈকমিতি বীপ্সানুসারাদ্দশভিরিত্যত্রাপি বীপ্সাবগন্তব্যা ॥৮॥
তদিতি। লাঘবং ক্ষুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। দ্বিজপুঙ্গবো দ্রোণঃ ॥৯॥
তানিতি। আপততঃ আগচ্ছতঃ। অবারয়ৎ বৃহৎক্ষত্রঃ ॥১০॥
তত ইতি। লঘুহস্ততাতিশয়দর্শনাদেব বিস্ময় ইতি ভাবঃ ॥১১॥
তত ইতি। বিশেষয়ন্ স্বাপেক্ষয়া ন্যূনীকুর্ব্বন্। দিব্যং স্বর্গীয়ম্ ॥১২॥

পরে বৃহৎক্ষত্র আনন্দিতের ন্যায় হইয়া দশ দশটা বাণদ্বারা দ্রোণকার্ম্মুক-নিক্ষিপ্ত সর্পতুল্য সেই বাণগুলির এক একটাকে ছেদন করিলেন ॥৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ বৃহৎক্ষত্রের সেই লঘুহস্ততা দেখিয়া হাস্য করিতে থাকিয়া নতপর্ব্ব আটটা বাণ নিক্ষেপ করিলেন ॥৯॥

দ্রোণকার্ম্মুকনির্গত সেই বাণগুলিকে সত্বর আসিতে দেখিয়া বৃহৎক্ষত্র ততগুলি সুধার ও দৃঢ় বাণদ্বারাই সেগুলিকে নিবারণ করিলেন ॥১০॥

মহারাজ! বৃহৎক্ষত্র অতিদুষ্কর কার্য্য করিয়াছেন দেখিয়া তখন আপনার সৈন্যগণের বিস্ময় জন্মিল ॥১১॥

মহারাজ! তদনন্তর দ্রোণ বৃহৎক্ষত্রকে খর্ব্ব করতঃ রণস্থলে স্বর্গীয় অতিদুর্জ্জয় ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিলেন ॥১২॥

(৮) তাংস্তু দ্রোণবিনির্ম্মুক্তান্—বা নি, কৃষ্ণাশীবিষসন্নিভান্…পি বা নি। (৯)…প্রহস্য দ্বিজসত্তমঃ…বঙ্গ বর্দ্ধ,…প্রহস্য দ্বিজপুঙ্গবঃ…বা নি। (১০)…নিশিতৈ রণে—পি,…নিশিতৈর্ম্মৃধে—বা নি। (১২)…কৈকেয়ং বৈ বিশেষয়ন্…অস্ত্রং মহাতপাঃ—বর্দ্ধ।

ভরতনন্দন! প্রাণবিহীন মানুষ, হস্তী ও অশ্ব; রথের নীচের কাঠ ও পতাকা; হস্তী, অশ্ব ও রথের ভূষণ; নিপাতিত রথ; ভগ্ন চক্র, তেরচা কাঠ ও খাড়া কাঠ; স্বর্ণভূষিত ও মহাশব্দকারী ধনু; খোলসশূন্য সর্পের ন্যায় উজ্জ্বল ও স্বর্ণপুঙ্খ কর্ণ ও ভীমনিক্ষিপ্ত সহস্র সহস্র বাণ ও নারাচ; প্রাস ও তোমর-সমূহ; তরবারি ও পরশু; স্বর্ণখচিত গদা, মুষল ও পট্টিশ; নানাপ্রকার বজ্র; শক্তি ও পরিঘ এবং বিচিত্র শতঘ্নীদ্বারা আবৃত হইয়া সমরভূমি শোভা পাইতে লাগিল ॥১৬—২০॥

মাননীয় ভরতনন্দন! নিপাতিত স্বর্ণের কেয়ূর, হার, কুণ্ডল, মুকুট, বলয় ও অঙ্গুরীয়; চূড়ামণি, উষ্ণীষ, স্বর্ণসূত্র, বর্ম্ম, হস্তাবরণ, গ্রীবালঙ্কার, ছিন্ন-বিচ্ছিন্ন

(১৯)···গদামুসলপট্টিসৈঃ—নি। (২১)···স্তথৈবাঙ্গুলিবেষ্টকৈঃ—বা নি। (২২)···হারৈর্নিষ্কৈশ্চ ভারত!—বা নি।

অচিন্ত্যমদ্ভুতঞ্চৈব তয়োঃ কর্ম্মাতিমানুষম্ ।
দৃষ্ট্বা চারণসিদ্ধানাং বিস্ময়ঃ সমজায়ত ॥২৫॥
অগ্নের্বায়ুসহায়স্য গতিঃ কক্ষ ইবাহবে ।
আসীদ্ভীমসহায়স্য রৌদ্রমাধিরথের্গতম্ ॥২৬॥
নিপাতিতধ্বজরথং হতবাজিনরদ্বিপম্ ।
গজাভ্যাং সম্প্রযুক্তাভ্যামাসীন্নলবনং যথা ॥২৭॥
মেঘজালনিভং সৈন্যমাসীত্তব নরাধিপ ! ।
বিমর্দ্দঃ কর্ণভীমাভ্যামাসীচ্চ পরমো রণে ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অচিন্ত্যমিতি। তয়োর্ভীমকর্ণয়োঃ। চারণসিদ্ধানাং গগনস্থানাং দেবযোনিবিশেষাণাম্ ॥২৫॥
অগ্নেরিতি। কক্ষে শুষ্কতৃণসমূহে। আধিরথেঃ কর্ণস্য, গতং বিচরণম্ ॥২৬॥
নিপাতিতেতি। পূর্ব্বার্দ্ধে যুদ্ধমিতি শেষঃ। সম্প্রযুক্তাভ্যাং যুদ্ধে মিলিতাভ্যাম্ ॥২৭॥
মেঘেতি। বিমর্দ্দো যুদ্ধসংঘর্ষঃ, কর্ণভীমাভ্যাং কর্ণভীময়োঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ঊনবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

বস্ত্র, ছত্র, চামর ও ব্যজন; বাণবিদীর্ণ ও রক্তাক্ত হস্তী, অশ্ব ও মনুষ্য এবং বিদীর্ণ, পতিত ও পাতিত নানাবিধ দ্রব্যদ্বারা ভিন্ন ভিন্ন স্থানের রণভূমিগুলি—গ্রহদ্বারা আকাশের ন্যায় শোভা ধারণ করিল ॥২১—২৪॥

ভীম ও কর্ণের অচিন্তনীয়, অদ্ভুত ও অলৌকিক কার্য্য দেখিয়া আকাশবর্ত্তী সিদ্ধ ও চারণগণের বিস্ময় জন্মিল ॥২৫॥

শুষ্ক তৃণসমূহে বায়ুসমন্বিত অগ্নির যেমন ভয়ঙ্কর গতি হয়, সেইরূপ যুদ্ধে ভীমের সহিত সম্মিলিত কর্ণের ভয়ঙ্কর গতি চলিতে লাগিল ॥২৬॥

দুইটা হাতী যুদ্ধে মিলিত হইলে নলবনের যেরূপ অবস্থা হয়, সেইরূপ ধ্বজ ও রথ নিপাতিত এবং হস্তী, অশ্ব ও পদাতি নিহত হওয়ায় ভীম-কর্ণ-যুদ্ধের অবস্থা হইয়া পড়িল ॥২৭॥

---

(২৮) তথারূপং মহৎ সৈন্যম্...নি। * '...ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

ততঃ কর্ণো মহারাজ! ভীমং বিদ্ধা ত্রিভিঃ শরৈঃ।
মুমোচ শরবর্ষাণি বিচিত্রাণি বহূনি চ ॥১॥
বধ্যমানো মহাবাহুঃ সূতপুত্রেণ পাণ্ডবঃ।
ন বিব্যথে ভীমসেনো ভিদ্যমান ইবাচলঃ ॥২॥
স কর্ণং কর্ণিনা কর্ণে পীতেন নিশিতেন চ।
বিব্যাধ সুভৃশং সংখ্যে তৈলধৌতেন মারিষ! ॥৩॥
স কুণ্ডলং মহৎ কর্ণাৎ কর্ণস্যাপাতয়দ্ভুবি।
তাপনীয়ং মহারাজ! দীপ্তং জ্যোতিরিবাম্বরাৎ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। বিদ্ধা তাড়য়িত্বা। মুমোচ চকার ॥১॥
বধ্যেতি। বধ্যমান আহন্যমানঃ। ন বিব্যথে দৃঢ়দেহত্বাদ্বর্মাবৃতত্বাচ্চ ॥২॥
স ইতি। কর্ণিনা তদাখ্যেন বাণেন, পীতেন প্রাক্পীতরক্তসজাতীয়েন ॥৩॥
স ইতি। তপনীয়স্য স্বর্ণস্যেদমিতি তাপনীয়ম্, দীপ্তমুজ্জ্বলম্, জ্যোতির্নক্ষত্রম্ ॥৪॥

মহারাজ! আপনার সৈন্য মেঘসমূহের তুল্য ছিল এবং কর্ণ ও ভীমসেনের সংঘর্ষ সমরাঙ্গনে গুরুতরভাবে চলিতেছিল' ॥২৮॥

———ঃ০ঃ———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর কর্ণ তিনটা বাণদ্বারা ভীমকে তাড়ন করিয়া আবার তাঁহার উপরে বিচিত্র ও বহুতর বাণ বর্ষণ করিলেন ॥১॥

কর্ণ আঘাত করিলেও মহাবাহু পাণ্ডুনন্দন ভীমসেন বিদার্য্যমাণ পর্ব্বতের ন্যায় ব্যথিত হইলেন না ॥২॥

মাননীয় রাজা! পরে ভীমসেন একটা রক্তপায়ী, সুধার ও তৈলমার্জ্জিত কর্ণী-(বাণবিশেষ) দ্বারা গুরুতরভাবে কর্ণের কর্ণে আঘাত করিলেন ॥৩॥

মহারাজ! সেই কর্ণীটা যাইয়া কর্ণের কর্ণ হইতে স্বর্ণময় বিশাল কুণ্ডলটাকে—আকাশ হইতে উজ্জ্বল নক্ষত্রের ন্যায় ভূতলে পাতিত করিল ॥৪॥

(৪) স কুণ্ডলং মহচ্চাস্য—বঙ্গ বৰ্দ্ধ বা নি।

অথাপরেণ ভল্লেন সূতপুত্রং স্তনান্তরে।
আজঘান ভৃশং ক্রুদ্ধো হসন্নিব বৃকোদরঃ ॥৫॥
পুনরস্য ত্বরন্ ভীমো নারাচান্ দশ ভারত!।
রণে প্রৈষীন্মহাবাহুর্নির্ম্মুক্তাশীবিষোপমান্ ॥৬॥
তে ললাটং বিনির্ভিদ্য সূতপুত্রস্য মারিষ!।
বিবিশুশ্চোদিতাস্তেন বল্মীকমিব পন্নগাঃ ॥৭॥
ললাটস্থৈস্তু তৈর্ব্বাণৈঃ সূতপুত্রো ব্যরোচত।
নীলোৎপলময়ীং মালাং ধারয়ন্ বৈ যথা পুরা ॥৮॥
সোঽতিবিদ্ধো ভৃশং কর্ণঃ পাণ্ডবেন তরস্বিনা।
রথকূবরমালম্ব্য ন্যমীলয়ত লোচনে ॥৯॥

ভারতকৌমুদী

অথেতি। সূতপুত্রং কর্ণম্, স্তনান্তরে বক্ষসি ॥৫॥
পুনরিতি। নির্ম্মুক্তাস্ত্যক্তচর্ম্মাণো যে আশীবিষাঃ সর্পাস্তদুপমান্ ॥৬॥
ত ইতি। চোদিতাঃ প্রেরিতাঃ, তেন ভীমেন, বল্মীকম্ উইমৃত্তিকাস্তূপম্ ॥৭॥
ললাটেতি। ধারয়ন্, কণ্ঠে তেষাং বাণানাং ছায়াপতনাৎ। পুরা পূর্ব্বং সুস্থকালে ॥৮॥
স ইতি। তরস্বিনা বলবতা। রথস্য কূবরমূর্দ্ধদণ্ডম্, ন্যমীলয়ত মুদ্রিতবান্ ॥৯॥

তদনন্তর অত্যন্তক্রুদ্ধ ভীমসেন হাসিতে হাসিতেই যেন অন্য একটা ভল্লদ্বারা কর্ণের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৫॥

ভরতনন্দন! পুনরায় মহাবাহু ভীমসেন ত্বরান্বিত হইয়া কর্ণের উপরে ত্যক্তচর্ম্মা সর্পসমূহের ন্যায় দশটা নারাচ নিক্ষেপ করিলেন ॥৬॥

মাননীয় রাজা! ভীমনিক্ষিপ্ত সেই নারাচগুলি যাইয়া কর্ণের ললাট ভেদ করিয়া—সর্প যেমন উইর মাটীর ভিতরে প্রবেশ করে, সেইরূপ কর্ণের ললাটের ভিতরে প্রবেশ করিল ॥৭॥

সেই বাণগুলি যাইয়া কর্ণের ললাটদেশে প্রবিষ্ট থাকিলে, সেগুলির ছায়া কণ্ঠে পতিত হওয়ায়—কর্ণ পূর্ব্বে কণ্ঠে নীলোৎপলমালা ধারণ করিয়া যেমন শোভা পাইতেন, তেমন শোভা পাইতে লাগিলেন ॥৮॥

বলবান্ ভীমসেন অত্যন্ত বিদ্ধ করিলে, কর্ণ বেদনায় রথের ঊর্দ্ধদণ্ড ধারণ করিয়া নয়নযুগল মুদ্রিত করিলেন ॥৯॥

(৮) ললাটস্থৈস্ততো বাণৈঃ···বঙ্গ বৰ্দ্ধ বা নি।

স মুহূর্ত্তাৎ পুনঃ সংজ্ঞাং লব্ধ্বা কর্ণঃ পরন্তপঃ।
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গঃ ক্রোধমাহারয়ৎ পরম্ ॥১০॥
ততঃ ক্রুদ্ধো রণে কর্ণঃ পীড়িতো দৃঢ়ধন্বনা।
বেগং চক্রে মহাবেগো ভীমসেনরথং প্রতি ॥১১॥
তস্মৈ কর্ণঃ শতং রাজন্নিষূণাং গার্দ্ধ্রবাসসাম্।
অমর্ষী বলবান্ ক্রুদ্ধঃ প্রেষয়ামাস ভারত! ॥১২॥
ততঃ প্রাসৃজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ।
সমরে তমনাদৃত্য তস্য বীর্য্যমচিন্তয়ন্ ॥১৩॥
কর্ণস্ততো মহারাজ! পাণ্ডবং নবভিঃ শরৈঃ।
আজঘানোরসি ক্রুদ্ধঃ ক্রুদ্ধরূপং পরন্তপঃ ॥১৪॥
তাবুভৌ নরশার্দ্দূলৌ শার্দ্দূলাবিব দংষ্ট্রিণৌ।
জীমূতাবিব চান্যোন্যং প্রববর্ষতুরাহবে ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। আহারয়ৎ অকরোৎ, পরমত্যন্তম্ ॥১০॥
তত ইতি। দৃঢ়ং ধনুর্যস্য তেন ভীমসেনেন ॥১১॥
তস্মা ইতি। গার্দ্ধ্রবাসসাং গৃধ্রপক্ষাবৃতানাম্। অমর্ষী অসহিষ্ণুঃ ॥১২॥
তত ইতি। প্রাসৃজৎ অকরোৎ। তং কর্ণম্। উভয়ত্রাপি ন্যূনত্বাবধারণাদিতি ভাবঃ ॥১৩॥
কর্ণ ইতি। পাণ্ডবং ভীমম্। উরসি বক্ষসি ॥১৪॥
তাবিতি। দংষ্ট্রিণৌ অতিশয়েন দন্তবন্তৌ। জীমূতৌ মেঘৌ ॥১৫॥

রক্তসিক্তসর্ব্বাঙ্গ পরন্তপ কর্ণ মুহূর্ত্তকালপরে পুনরায় সংজ্ঞা লাভ করিয়া গুরুতর ক্রোধ করিলেন ॥১০॥

দৃঢ়ধনুর্দ্ধর ভীমসেন পীড়ন করিলে, ক্রুদ্ধ ও মহাবেগশালী কর্ণ ভীমসেনের রথের দিকে বিশেষ বেগ করিলেন ॥১১॥

ভরতনন্দন রাজা! তদনন্তর অসহিষ্ণু, বলবান্ ও ক্রুদ্ধ কর্ণ গৃধ্রপক্ষযুক্ত একশত বাণ ভীমের উপরে নিক্ষেপ করিলেন ॥১২॥

তাহার পর ভীমও যুদ্ধে কর্ণকে অবজ্ঞা করিয়া এবং তাঁহার বলের বিষয় চিন্তা না করিয়া কর্ণের উপরে ভয়ঙ্কর বাণবর্ষণ করিলেন ॥১৩॥

মহারাজ! তৎপরে ক্রুদ্ধ ও পরন্তপ কর্ণ নয়টা বাণদ্বারা ভীমসেনের বক্ষস্থলে আঘাত করিলেন ॥১৪॥

(১০)...সংজ্ঞাং লেভে...বা নি।

তলশব্দবরৈশ্চৈব ত্রাসয়েতাং পরস্পরম্ ।
শরজালৈশ্চ বিবিধৈশ্ছাদয়ামাসতুর্ম্মৃধে ।
অন্যোন্যং সমরে ক্রুদ্ধৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥১৬॥
ততো ভীমো মহাবাহুঃ সূতপুত্রস্য ভারত ! ।
ক্ষুরপ্রেণ ধনুশ্ছিত্ত্বা ননাদ পরবীরহা ॥১৭॥
তদপাস্য ধনুশ্ছিন্নং সূতপুত্রো মহারথঃ ।
অন্যৎ কার্ম্মুকমাদত্ত ভারঘ্নং বেগবত্তরম্ ॥১৮॥
দৃষ্ট্বা সকুরুসৌবীরসিন্ধুবীরবলক্ষয়ম্ ।
সবর্ম্মধ্বজশস্ত্রৈশ্চ পতিতৈঃ সংবৃতাং মহীম্ ॥১৯॥
হস্ত্যশ্বনরদেহাংশ্চ গতাসূন্ প্রেক্ষ্য সর্ব্বতঃ ।
সূতপুত্রস্য সংরম্ভাদ্দীপ্তং বপুরজায়ত ॥২০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তলেতি। তলশব্দবরৈর্বিশালহস্তাবাপশব্দৈঃ। মৃধে যুদ্ধে। কৃতস্য আঘাতস্য প্রতিকৃতং প্রত্যাঘাতং কর্ত্তুমিচ্ছত ইতি কৃতপ্রতিকৃতৈষিণৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

তত ইতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণবিশেষেণ। পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥১৭॥

তদিতি। আদত্ত অগৃহ্লাৎ, ভারঃ শত্রোরাক্রমণরূপং দুঃসহং ব্যাপারং হন্তীতি তৎ ॥১৮॥

দৃষ্ট্বেতি। কুরুসৌবীরসিন্ধূনাং দেশানাং বীরৈঃ সহেতি তত্তাদৃশং যদ্বলং তস্য ক্ষয়ম্। সবর্ম্মধ্বজশস্ত্রৈশ্চ রথাদিভিঃ। গতাসূন্ নির্গতপ্রাণান্। সংরম্ভাৎ ক্রোধাৎ, দীপ্তং রক্তোজ্জ্বলম্ ॥১৯—২০॥

বিশালদন্তশালী দুইটা ব্যাঘ্রের ন্যায় ভীষণ সেই দুই জন নরশ্রেষ্ঠ দুইটা মেঘের তুল্য যুদ্ধে পরস্পর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

ক্রুদ্ধ ও আঘাতের প্রত্যাঘাত করিবার অভিলাষী কর্ণ ও ভীম বিশাল হস্তাবরণের শব্দে পরস্পরের ত্রাস জন্মাইতে লাগিলেন এবং যুদ্ধে নানাবিধ বাণজালদ্বারা পরস্পরকে আবৃত করিতে থাকিলেন ॥১৬॥

ভরতনন্দন! তাহার পর মহাবাহু ও বিপক্ষবীরহন্তা ভীমসেন একটা ক্ষুরপ্রদ্বারা কর্ণের ধনু ছেদন করিয়া সিংহনাদ করিলেন ॥১৭॥

তখন মহারথ কর্ণ সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া বিপক্ষের আক্রমণনাশক ও বিশেষবেগশালী অন্য একখানা ধনু লইলেন ॥১৮॥

ক্রমে কুরু, সৌবীর ও সিন্ধুদেশীয় বীরগণের বিনাশ এবং বর্ম্ম, ধ্বজ ও

(১৬) তলশব্দরবৈশ্চৈব ··বঙ্গ বর্দ্ধ বা নি,···ত্রাসয়ামাসতুর্ম্মৃধে···বা নি। (২০) ·প্রেক্ষ্য সর্ব্বশঃ·· বা নি।

স বীস্ফার্য্য মহচ্চাপং কার্ত্তস্বরবিভূষিতম্।
ভীমং প্রৈক্ষত রাধেয়ো রাজন্! ঘোরেণ চক্ষুষা ॥২১॥
ততঃ ক্রুদ্ধঃ শরানস্যন্ সূতপুত্রো ব্যরোচত।
মধ্যন্দিনগতোঽর্চ্চিষ্মান্ শরদীব দিবাকরঃ ॥২২॥
মরীচিবিকচস্যেব রাজন্! ভানুমতো বপুঃ।
আসীদাধিরথের্ঘোরং বপুঃ শরশতাচিতম্ ॥২৩॥
করাভ্যামাদদানস্য সন্দধানস্য চাশুগান্।
কর্ষতো মুঞ্চতো বাণান্ নান্তরং দদৃশে রণে ॥২৪॥
অগ্নিচক্রোপমং ঘোরং মণ্ডলীকৃতমায়ুধম্।
কর্ণস্যাসীন্মহীপাল! সব্যদক্ষিণমস্যতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

স ইতি। কার্ত্তস্বরবিভূষিতং স্বর্ণালঙ্কৃতম্ ॥২১॥
তত ইতি। অস্যন্ ক্ষিপন্। অর্চ্চিষ্মান্ কিরণবান্, শরদি শরৎকালে ॥২২॥
মরীচীতি। মরীচিবিকচস্য কিরণপ্রকাশিতস্য, ভানুমতঃ সূর্য্যস্য ॥২৩॥
করাভ্যামিতি। আশুগান্ বাণান্। কর্ষতঃ তূণাদুদ্ধরতঃ। অন্তরমবকাশঃ ॥২৪॥
অগ্নীতি। আয়ুধং ধনুঃ। সব্যদক্ষিণং বামদক্ষিণয়োর্দিশোঃ, অস্যতঃ ক্ষিপতঃ ॥২৫॥

অশ্বের সহিত পতিত রথপ্রভৃতিদ্বারা সমরভূমি আবৃত হইয়াছে দেখিয়া, আর সকল দিকে প্রাণহীন হস্তী, অশ্ব ও মনুষ্যগণের দেহ দর্শন করিয়া ক্রোধে কর্ণের দেহ আরক্তবর্ণ হইয়া উঠিল ॥১৯—২০॥

রাজা! তখন তিনি স্বর্ণভূষিত বিশাল ধনু বিস্ফারিত করিয়া ভীষণ নয়নদ্বারা ভীমের দিকে দৃষ্টিপাত করিলেন ॥২১॥

তদনন্তর ক্রুদ্ধ কর্ণ বাণক্ষেপ করিতে থাকিয়া শরৎকালে মধ্যাহ্নসময়ে তেজস্বী সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥২২॥

রাজা! তৎকালে কর্ণের বহুতরবাণব্যাপ্ত দেহটা কিরণসমন্বিত সূর্য্যের মূর্ত্তির তুল্য ভয়ঙ্কর হইয়া পড়িল ॥২৩॥

তখন কর্ণ যে বাণ গ্রহণ, তূণ হইতে উত্তোলন, সন্ধান এবং হস্তযুগলদ্বারা ক্ষেপ করিতেছিলেন, তাহার অবকাশ দেখা যাইতেছিল না ॥২৪॥

মহারাজ! কর্ণ যখন বামে ও দক্ষিণে বাণক্ষেপ করিতেছিলেন, তখন

(২২)···সূতপুত্রো ব্যদৃশ্যত···পি। (২৫)···সব্যং দক্ষিণমস্যতঃ—বা নি।

স্বর্ণপুঙ্খাঃ সুনিশিতাঃ কর্ণচাপচ্যুতাঃ শরাঃ।
প্রাচ্ছাদয়ন্ মহারাজ! দিশঃ সূর্য্যস্য চ প্রভাঃ ॥২৬॥
ততঃ কনকপুঙ্খানাং শরাণাং নতপর্ব্বণাম্।
ধনুশ্চ্যুতানাং বিয়তি দদৃশে বহুধা ব্রজঃ ॥২৭॥
বাণাসনাদাধিরথেঃ প্রভবন্তি স্ম সায়কাঃ।
শ্রেণীকৃতা ব্যরোচন্ত রাজন্! ক্রৌঞ্চা ইবাম্বরে ॥২৮॥
গার্দ্ধ্রপত্রান্ শিলাধৌতান্ কার্ত্তস্বরবিভূষিতান্।
মহাবেগান্ প্রসন্নাগ্রান্ মুমোচাধিরথিঃ শরান্ ॥২৯॥
তে তু চাপবলোদ্ধূতাঃ শাতকুম্ভবিভূষিতাঃ।
অজস্রমপতন্ বাণা ভীমসেনরথং প্রতি ॥৩০॥

ভারতকৌমুদী

স্বর্ণেতি। সুনিশিতাঃ সুধারাঃ ॥২৬॥
তত ইতি। বিয়তি আকাশে। ব্রজঃ সমূহঃ ॥২৭॥
বাণেতি। বাণাসনাৎ কার্ম্মুকাৎ, প্রভবন্তি নির্গচ্ছন্তি। ক্রৌঞ্চাঃ পক্ষিণঃ ॥২৮॥
গার্দ্ধ্রেতি। গার্দ্ধ্রেত্যাদিকং প্রাগ্ব্যাখ্যাতম্। প্রসন্নাগ্রান্ নির্ম্মলমুখান্ ॥২৯॥
ত ইতি। চাপবলেন ধনুঃশক্ত্যা উদ্ধূতাঃ সঞ্চালিতাঃ, শাতকুম্ভবিভূষিতাঃ স্বর্ণখচিতাঃ ॥৩০॥

তাঁহার ভয়ঙ্কর ধনুখানা অগ্নিচক্রের ন্যায় কেবল মণ্ডলীকৃত দেখা যাইতেছিল ॥২৫॥

নরনাথ! কর্ণের ধনু হইতে নির্গত স্বর্ণপুঙ্খ ও সুধার বাণ সকল সমস্ত দিক্ ও সূর্য্যের আলোক আবৃত করিয়াছিল ॥২৬॥

তাহার পর কর্ণের কার্ম্মুক হইতে নির্গত স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব বাণসমূহ আকাশে বহুপ্রকার দেখা যাইতে লাগিল ॥২৭॥

রাজা! কর্ণের ধনু হইতে বাণ সকল নির্গত হইতে থাকিল; তখন আকাশে শ্রেণীকৃত ক্রৌঞ্চপক্ষীর ন্যায় সেগুলি প্রকাশ পাইতে থাকিল ॥২৮॥

কর্ণ গৃধ্রপক্ষযুক্ত, শিলাশাণিত, স্বর্ণভূষিত, মহাবেগশালী ও নির্ম্মলমুখ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২৯॥

কর্ণের কার্ম্মুকনিক্ষিপ্ত স্বর্ণালঙ্কৃত সেই বাণগুলি যাইয়া অনবরত ভীমসেনের রথের উপরে পতিত হইতে থাকিল ॥৩০॥

(২৬)···দিশঃ সূর্য্য ইবাংশুভিঃ—নি। (২৯)···মহাবেগান্ প্রদীপ্তাগ্রান্···পি বা নি।

তে ব্যোম্নি রুক্মবিকৃতা ব্যকাশন্ত সহস্রশঃ।
শলভানামিব ব্রাতাঃ শরাঃ কর্ণসমীরিতাঃ ॥৩১॥
চাপাদাধিরথের্ব্বাণাঃ প্রপতন্তশ্চকাশিরে।
একো দীর্ঘ ইবাত্যর্থমাকাশে সংহিতঃ শরঃ ॥৩২॥
পর্ব্বতং বারিধারাভিশ্ছাদয়ন্নিব তোয়দঃ।
কর্ণঃ প্রাচ্ছাদয়ৎ ক্রুদ্ধো ভীমং সায়কবৃষ্টিভিঃ ॥৩৩॥
তত্র ভারত! ভীমস্য বলং বীর্য্যং পরাক্রমম্।
ব্যবসায়ঞ্চ পুত্রাস্তে দদৃশুঃ সহসৈনিকাঃ ॥৩৪॥
তাং সমুদ্রমিবোদ্ধূতাং শরবৃষ্টিং সমুত্থিতাম্।
অচিন্তয়িত্বা ভীমস্তু ক্রুদ্ধঃ কর্ণমুপাদ্রবৎ ॥৩৫॥
রুক্মপৃষ্ঠং মহচ্চাপং ভীমস্যাসীদ্বিশাংপতে!।
আকর্ণান্মণ্ডলীভূতং শক্রচাপমিবাপরম্।
তস্মাচ্ছরাঃ প্রাদুরাসন্ পূরয়ন্ত ইবাম্বরম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ত ইতি। রুক্মবিকৃতাঃ স্বর্ণখচিতাঃ। ব্রাতাঃ সমূহাঃ ॥৩১॥
চাপাদিতি। সংহিতঃ সন্ধানপূর্ব্বকং ক্ষিপ্তঃ ॥৩২॥
পর্ব্বতমিতি। তোয়দো মেঘঃ ॥৩৩॥
তত্রেতি। বলং মনঃশক্তিম্, বীর্য্যং দেহশক্তিম্। ব্যবসায়মধ্যবসায়ম্ ॥৩৪॥
তামিতি। উদ্ধূতামুদ্বেলিতাম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৩৫॥

কর্ণনিক্ষিপ্ত স্বর্ণখচিত সেই বাণসমূহ পতঙ্গসমূহের ন্যায় আকাশে প্রকাশ পাইতে লাগিল ॥৩১॥

কর্ণের ধনু হইতে নির্গত বাণসমূহ, সন্ধানপূর্ব্বক নিক্ষিপ্ত একটা অতিদীর্ঘ বাণের ন্যায় আকাশে প্রকাশ পাইতে থাকিল ॥৩২॥

মেঘ যেমন বারিধারাদ্বারা পর্ব্বত আচ্ছাদন করে, সেইরূপ কর্ণ ক্রুদ্ধ হইয়া বাণবৃষ্টিদ্বারা ভীমকে আচ্ছাদন করিয়া ফেলিলেন ॥৩৩॥

ভরতনন্দন! তখন আপনার পুত্রেরা ভীমের মানসিক বল, দৈহিক বল, পরাক্রম ও অধ্যবসায় দেখিতে লাগিলেন ॥৩৪॥

সমুদ্রের ন্যায় উদ্বেলিত সেই বাণবৃষ্টি অগ্রাহ্য করিয়া ক্রুদ্ধ ভীমসেন কর্ণের দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

(৩২)···সংস্থিতঃ শরঃ—বা নি।

সুবর্ণপুঙ্খৈর্ভীমেন সায়কৈর্নতপর্ব্বভিঃ।
গগনে রচিতা মালা কাঞ্চনীব ব্যরাজত ॥৩৭॥
ততো ব্যোম্নি বিষক্তানি শরজালানি ভাগশঃ।
আহতানি ব্যশীর্য্যন্ত ভীমসেনস্য পত্রিভিঃ ॥৩৮॥
কর্ণস্য শরজালৌঘৈর্ভীমসেনস্য চোভয়োঃ।
অগ্নিস্ফুলিঙ্গসংস্পর্শৈরঞ্জোগতিভিরাহবে।
তৈস্তৈঃ কনকপুঙ্খানাং দ্যৌরাসীৎ সংবৃতা ব্রজৈঃ ॥৩৯॥
ন স্ম সূর্য্যস্তদা ভাতি ন স্ম বাতি সমীরণঃ।
শরজালাবৃতে ব্যোম্নি ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৪০॥
স ভীমং ছাদয়ন্ বাণৈঃ সূতপুত্রঃ পৃথগ্‌বিধৈঃ।
উপারোহদনাদৃত্য তস্য বীর্য্যং মহাত্মনঃ ॥৪১॥

ভারতকৌমুদী

রুক্মেতি। রুক্মপৃষ্ঠং স্বর্ণখচিতপৃষ্ঠম্। প্রাদুরাসন্ নিরগচ্ছন্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৬॥

সুবর্ণেতি। কাঞ্চনস্য স্বর্ণস্যেয়মিতি কাঞ্চনী, অণ্‌প্রত্যয়ান্তাদ্দীপ্রত্যয়ঃ ॥৩৭॥

তত ইতি। বিষক্তানি লগ্নানি, শরজালানি কর্ণস্য, ভাগশো ভাগে ভাগে ॥৩৮॥

কর্ণস্যেতি। অঞ্জোগতিভিদ্রুতগমনৈঃ। দ্যৌরাকাশম্। ব্রজৈঃ সমূহৈঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৯॥

নেতি। শরজালাবৃতে সতি, ব্যোম্নি গগনে ॥৪০॥

নরনাথ! স্বর্ণখচিতপৃষ্ঠ ও বিশাল ভীমের ধনু আকর্ষণবশতঃ অপর ইন্দ্রধনুর ন্যায় যেন মণ্ডলীভূত হইয়াই রহিতেছিল এবং তাহা হইতে বাণ সকল আকাশ পূর্ণ করতই যেন নির্গত হইতেছিল ॥৩৬॥

ভীমসেন যেন স্বর্ণপুঙ্খ ও নতপর্ব বাণসমূহদ্বারা আকাশে একটা স্বর্ণময়ী মালা নির্ম্মাণ করিয়া দিতেছিলেন ॥৩৭॥

তদনন্তর কর্ণের শরজাল আকাশে ভাগে ভাগে সংসক্ত হইতেছিল; সেগুলি আবার ভীমের বাণজালে আহত হইয়া বিনষ্ট হইতেছিল ॥৩৮॥

কর্ণের শরজালসমূহে এবং ভীমসেনের অগ্নিস্ফুলিঙ্গসংস্পর্শ ও দ্রুতগামী স্বর্ণপুঙ্খ বাণসমূহে আকাশটা আবৃত হইয়া গিয়াছিল ॥৩৯॥

তখন আকাশটা বাণজালে আবৃত হইলে, সূর্য্য প্রকাশ পান নাই, বায়ু চলে নাই এবং আকাশের কোন বিষয় জানা যায় নাই ॥৪০॥

---

(৪০)…ন চাজ্ঞায়ত কিঞ্চন—পি।

তয়োর্বিসৃজতোস্তত্র শরজালানি মারিষ!।
বায়ুভূতান্যদৃশ্যন্ত সংসক্তানীতরেতরম্ ॥৪২॥
অন্যোন্যশরসংঘর্ষাত্তয়োর্মনুজসিংহয়োঃ।
আকাশে ভরতশ্রেষ্ঠ! পাবকঃ সমজায়ত ॥৪৩॥
তস্মৈ কর্ণঃ শিতান্ বাণান্ কর্ম্মারপরিমার্জ্জিতান্।
সুবর্ণবিকৃতান্ ক্রুদ্ধঃ প্রাহিণোদ্বধকাঙ্ক্ষয়া ॥৪৪॥
তানন্তরীক্ষে বিশিখৈস্ত্রিধৈকৈকমশাতয়ৎ।
বিশেষয়ন্ সূতপুত্রং ভীমস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪৫॥
পুনশ্চাসৃজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ।
অমর্ষী বলবান্ ক্রুদ্ধো দিধক্ষন্নিব পাবকঃ ॥৪৬॥

ভারতকৌমুদী

স ইতি। উপারোহং উপর্য্যারোহং প্রাধান্যং প্রাপ্নোদিত্যর্থঃ। তস্য ভীমস্য ॥৪১॥
তয়োরিতি। বায়ুভূতানি বায়ুস্বরূপাণি বায়ুবদ্বেগবন্তীত্যর্থঃ ॥৪২॥
অন্যোন্যেতি। মনুজসিংহয়োর্নরশ্রেষ্ঠয়োঃ। পাবকো বহ্নিঃ ॥৪৩॥
তস্মা ইতি। কর্ম্মারপরিমার্জ্জিতান্ শিল্পিপরিষ্কৃতান্। সুবর্ণবিকৃতান্ স্বর্ণখচিতান্ ॥৪৪॥
তানিতি। অশাতয়ৎ অচ্ছিনৎ। বিশেষয়ন্ স্বাপেক্ষয়া ন্যূনীকুর্ব্বন্ ॥৪৫॥
পুনরিতি। অমর্ষী অসহিষ্ণুঃ। দিধক্ষন্ দগ্ধুমিচ্ছন্ ॥৪৬॥

ক্রমে কর্ণ নানাবিধ বাণদ্বারা ভীমসেনকে আবৃত করতঃ অবজ্ঞাপূর্ব্বক সেই মহাত্মার শক্তির উপরে যেন আরোহণ করিয়াছিলেন ॥৪১॥

মাননীয় রাজা! তাঁহারা দুই জন শরজাল বর্ষণ করিতে থাকিলে, বায়ুর ন্যায় বেগবান্ সেই শরজালগুলিকে পরস্পর সংলগ্ন অবস্থায় দেখা যাইতে লাগিল ॥৪২॥

ভরতশ্রেষ্ঠ! নরশ্রেষ্ঠ কর্ণ ও ভীমসেনের পরস্পর বাণসংঘর্ষবশতঃ আকাশে অগ্নি উৎপন্ন হইতে লাগিল ॥৪৩॥

ক্রমে কর্ণ ক্রুদ্ধ হইয়া ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া শিল্পিপরিমার্জ্জিত, সুধার ও স্বর্ণখচিত বাণ সকল তাঁহার উপরে নিক্ষেপ করিতে থাকিলেন ॥৪৪॥

এই সময়ে ভীমসেন আপনা অপেক্ষা কর্ণকে ন্যূন প্রমাণ করিবার ইচ্ছা করিয়া বাণদ্বারা কর্ণের এক একটা বাণকে তিন তিন খণ্ডে ছেদন করিলেন এবং বলিলেন—'থাক' ॥৪৫॥

---

(৪৪) তথা কর্ণঃ···বঙ্গ বর্দ্ধ বা নি।

ততশ্চটচ্চটাশব্দো গোধাঘাতাদভূত্তয়োঃ।
তলশব্দশ্চ সুমহান্ সিংহনাদশ্চ ভৈরবঃ।
রথনেমিনিনাদশ্চ জ্যাশব্দশ্চৈব দারুণঃ ॥৪৭॥
যোধা ব্যুপারমন্ যুদ্ধাদ্দিদৃক্ষন্তঃ পরাক্রমম্।
কর্ণপাণ্ডবয়ো রাজন্! পরস্পরবধৈষিণোঃ ॥৪৮॥
দেবর্ষিসিদ্ধগন্ধর্ব্বাঃ সাধু সাধ্বিত্যপূজয়ন্।
মুমুচুঃ পুষ্পবর্ষঞ্চ বিদ্যাধরগণাস্তথা ॥৪৯॥
ততো ভীমো মহাবাহুঃ সংরম্ভী দৃঢ়বিক্রমঃ।
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য শরৈর্বিব্যাধ সূতজম্ ॥৫০॥
কর্ণোঽপি ভীমসেনস্য নিবার্য্যেষূন্ মহাবলঃ।
প্রাহিণোন্নব নারাচানাশীবিষসমান্ রণে ॥৫১॥

ভারতকৌমুদী

তত ইতি। গোধায়া অঙ্গুলিত্রস্যাঘাতাৎ। জ্যা ধনুর্গুণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥
যোধা ইতি। ব্যুপারমন্ বিরতা অভবন্, দিদৃক্ষন্তো দ্রষ্টুমিচ্ছন্তঃ ॥৪৮॥
দেবেতি। দেবাদয়ো গগনবর্ত্তিনঃ। অপূজয়ন্ প্রাশংসন্ ॥৪৯॥
তত ইতি। সংরম্ভী ক্রোধী। বিব্যাধ তাড়য়ামাস, সূতজং কর্ণম্ ॥৫০॥
কর্ণ ইতি। ইষূন্ বাণান্। প্রাহিণোৎ ক্ষিপ্তবান্, আশীবিষোপমান্ সর্পতুল্যান্ ॥৫১॥

পরে দহনার্থী অগ্নির ন্যায় ক্রোধোত্তেজিত, অসহিষ্ণু ও বলবান্ ভীমসেন পুনরায় কর্ণের উপরে ভয়ঙ্কর বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৪৬॥

তদনন্তর তাঁহাদের অঙ্গুলিত্রের আঘাতে চটচটাশব্দ, গুরুতর হস্তাবরণের শব্দ, ভীষণ সিংহনাদ, রথচক্রের শব্দ ও দারুণ ধনুর গুণের শব্দ হইতে থাকিল ॥৪৭॥

রাজা! তখন পরস্পর বধৈষী কর্ণ ও ভীমের পরাক্রম দেখিবার ইচ্ছা করিয়া যোদ্ধারা যুদ্ধ হইতে বিরত হইলেন ॥৪৮॥

আর আকাশবর্ত্তী দেবগণ, ঋষিগণ, সিদ্ধগণ ও গন্ধর্বগণ 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতে লাগিলেন এবং বিদ্যাধরেরা পুষ্প বর্ষণ করিতে থাকিলেন ॥৪৯॥

তদনন্তর উৎসাহী, দৃঢ়বিক্রমশালী ও মহাবাহু ভীমসেন অস্ত্রদ্বারা কর্ণের অস্ত্রগুলিকে নিবারণ করিয়া বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৫০॥

মহাবল কর্ণও ভীমের বাণগুলিকে বারণ করিয়া তাঁহার উপরে সর্পতুল্য নয়টা নারাচ নিক্ষেপ করিলেন ॥৫১॥

তাবদ্ভিরথ তান্ ভীমো ব্যোম্নি চিচ্ছেদ পত্রিভিঃ।
নারাচান্ সূতপুত্রস্য তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৫২॥
ততো ভীমো মহাবাহুঃ শরং ক্রুদ্ধান্তকোপমম্।
মুমোচাধিরথের্বীরো যমদণ্ডমিবাপরম্ ॥৫৩॥
তমাপতন্তং চিচ্ছেদ রাধেয়ঃ প্রহসন্নিব।
ত্রিভিঃ শরৈঃ শরং রাজন্! পাণ্ডবস্য প্রতাপবান্ ॥৫৪॥
পুনশ্চাসৃজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ।
তস্য তান্যাদদে কর্ণঃ সর্ব্বাণ্যস্ত্রাণ্যভীতবৎ।
যুধ্যমানস্য ভীমস্য সূতপুত্রোঽস্ত্রমায়য়া ॥৫৫॥
তস্যেষুধী ধনুর্জ্যাঞ্চ বাণৈঃ সন্নতপর্ব্বভিঃ।
রশ্মীন্ যোক্ত্রাণি চাশ্বানাং ক্রুদ্ধঃ কর্ণোঽচ্ছিনন্মৃধে ॥৫৬॥
তস্যাশ্বাংশ্চ পুনর্হত্বা সূতং বিব্যাধ পত্রিভিঃ।
সোঽপসৃত্য দ্রুতং সূতো যুধামন্যো রথং যযৌ ॥৫৭॥

ভারতকৌমুদী

তাবদ্ভিরিতি। তাবদ্ভির্নবভিরেব। পত্রিভির্বাণৈঃ ॥৫২॥
তত ইতি। আধিরথেঃ কর্ণস্যোপরি ॥৫৩॥
তমিতি। রাধেয়ঃ কর্ণঃ। পাণ্ডবস্য ভীমস্য ॥৫৪॥
পুনরিতি। অস্ত্রমায়য়া অস্ত্রবারণকৌশলেন। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৫॥
তস্যেতি। ইষুধী তূণদ্বয়ম্। রশ্মীন্ মুখরজ্জূঃ, যোক্ত্রাণি বন্ধনরজ্জূঃ ॥৫৬॥

তাহার পর ভীমসেন ততগুলি (নয়টা) বাণদ্বারা কর্ণের নারাচগুলিকে আকাশেই ছেদন করিলেন এবং 'থাক থাক' এইরূপ বলিলেন ॥৫২॥

তৎপরে মহাবাহু ও বীর ভীমসেন ক্রুদ্ধ যমের তুল্য এবং অপর যমদণ্ডের সমান একটা বাণ কর্ণের দিকে নিক্ষেপ করিলেন ॥৫৩॥

রাজা! ভীমের সেই বাণটা আসিতে লাগিলে, প্রতাপশালী কর্ণ হাসিতে হাসিতেই যেন তিনটা বাণদ্বারা তাহা ছেদন করিলেন ॥৫৪॥

তখন ভীমসেন পুনরায় ভীষণ বাণ বর্ষণ করিতে লাগিলেন। তৎকালে সূতনন্দন কর্ণ নির্ভয়ের ন্যায় অস্ত্রনিবারণের কৌশলে যুধ্যমান ভীমসেনের সেই সমস্ত অস্ত্রই গ্রহণ করিতে থাকিলেন ॥৫৫॥

তৎপরে কর্ণ ক্রুদ্ধ হইয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা ভীমের তূণদ্বয়, ধনুর গুণ এবং অশ্বগণের মুখরজ্জু ও বন্ধনরজ্জু ছেদন করিলেন ॥৫৬॥

বিহসন্নিব ভীমস্য ক্রুদ্ধঃ কালানলদ্যুতিঃ।
ধ্বজং চিচ্ছেদ রাধেয়ঃ পতাকাঞ্চ ব্যশাতয়ৎ ॥৫৮॥
স বিধন্বা মহাবাহুরথ শক্তিং পরামৃশৎ।
তামবাসৃজদাবিধ্য ক্রুদ্ধঃ কর্ণরথং প্রতি ॥৫৯॥
তামধিরথিরায়স্তঃ শক্তিং কাঞ্চনভূষণাম্।
আপতন্তীং মহোল্কাভাং চিচ্ছেদ দশভিঃ শরৈঃ ॥৬০॥
সাপতদ্দশধা ছিন্না কর্ণস্য নিশিতৈঃ শরৈঃ।
অস্যতঃ সূতপুত্রস্য মিত্রার্থে চিত্রযোধিনঃ ॥৬১॥
স চর্ম্মাদত্ত কৌন্তেয়ো জাতরূপপরিষ্কৃতম্।
খড়্গঞ্চান্যতরং প্রেপ্সুর্জয়ং মরণমেব বা ॥৬২॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্য ভীমস্য। সূতং সারথিম্, বিব্যাধ কর্ণঃ, পত্রিভির্বাণৈঃ ॥৫৭॥
বিহসন্নিতি। কালানলদ্যুতিঃ প্রলয়কালীনবহ্নিবত্তেজস্বী। ব্যশাতয়দচ্ছিনৎ ॥৫৮॥
স ইতি। স ভীমঃ, বিধন্বা ধনুঃশূন্যঃ। পরামৃশদগৃহ্লাৎ। আবিধ্য ঘূর্ণয়িত্বা ॥৫৯॥
তামিতি। আধিরথিঃ কর্ণঃ, আয়স্তঃ শ্রান্তোঽপি ॥৬০॥
সেতি। অস্যতঃ অস্ত্রাণি ক্ষিপতঃ, মিত্রার্থে সুহৃদো দুর্য্যোধনস্যার্থে ॥৬১॥
স ইতি। আদত্ত অগৃহ্লাৎ, জাতরূপপরিষ্কৃতং স্বর্ণালঙ্কৃতম্। প্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুঃ ॥৬২॥

এবং তিনি পুনরায় বাণসমূহদ্বারা ভীমের অশ্বগুলিকে বধ করিয়া সারথিকে বিদ্ধ করিলেন। তখন সেই সারথি রথ হইতে নামিয়া দ্রুত যাইয়া যুধামন্যুর রথে আরোহণ করিল ॥৫৭॥

পরে ক্রুদ্ধ এবং প্রলয়কালের অগ্নির ন্যায় তেজস্বী কর্ণ হাসিতে হাসিতেই যেন ভীমের ধ্বজ ও পতাকা ছেদন করিলেন ॥৫৮॥

তদনন্তর কার্ম্মুকবিহীন মহাবাহু ভীম একটা শক্তি গ্রহণ করিলেন এবং সেটাকে ঘূর্ণিত করিয়া কর্ণের রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৫৯॥

স্বর্ণভূষিত সেই শক্তিটা বিশাল উল্কার ন্যায় আসিতে লাগিলে, কর্ণ শ্রান্ত থাকিয়াও দশটা বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন ॥৬০॥

মিত্র দুর্য্যোধনের জন্য অস্ত্রক্ষেপকারী ও বিচিত্রযোধী সূতপুত্র কর্ণের সুধার বাণসমূহে দশ খণ্ডে ছিন্ন হইয়া সেই শক্তিটা পতিত হইল ॥৬১॥

(৫৯) মহাবাহু রথশক্তিম্···পি। (৬২)···মৃত্যবে চ জয়ায় বা—পি,··· মৃত্যোরগ্রে জয়স্য বা—বর্দ্ধ,···অন্যতরপ্রেপ্সুঃ···নি।

তদস্য তরসা কর্ণো ব্যধমচ্চর্ম্ম সুপ্রভম্।
শরৈর্ব্বহুভিরত্যুগ্রৈঃ প্রহসন্নিব ভারত! ॥৬৩॥
স বিচর্ম্মা মহারাজ! বিরথঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
অসিং প্রাসৃজদাবিধ্য ত্বরন্ কর্ণরথং প্রতি ॥৬৪॥
স ধনুঃ সূতপুত্রস্য সজ্যং ছিত্ত্বা মহানসিঃ।
পপাত ভুবি রাজেন্দ্র! ক্রুদ্ধঃ সর্প ইবাম্বরাৎ ॥৬৫॥
ততঃ প্রহস্যাধিরথিরন্যদাদায় কার্ম্মুকম্।
শত্রুঘ্নং সমরে ক্রুদ্ধো দৃঢ়জ্যং বেগবত্তরম্ ॥৬৬॥
ব্যায়চ্ছৎ স শরান্ কর্ণঃ কুন্তীপুত্রজিঘাংসয়া।
সহস্রশো মহারাজ! রুক্মপুঙ্খান্ সুতেজনান্ ॥৬৭॥ (যুগ্মকম্)
স বধ্যমানো বলবান্ কর্ণচাপচ্যুতৈঃ শরৈঃ।
বিহায়সং প্রাক্রমদ্বৈ কর্ণস্য ব্যথয়ন্ মনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

তদিতি। তরসা বেগেন, ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৬৩॥
স ইতি। বিচর্ম্মা বিনষ্টচর্ম্মা। আবিধ্য ঘূর্ণয়িত্বা ॥৬৪॥
স ইতি। সজ্যং গুণযুক্তম্। অম্বরাদাকাশাৎ ॥৬৫॥
তত ইতি। দৃঢ়জ্যং দৃঢ়গুণম্। ব্যায়চ্ছৎ ব্যায়ামেন শ্রমেণ সুক্ষিপৎ ॥৬৬—৬৭॥

তখন ভীমসেন জয় বা মৃত্যু ইহার একটার প্রার্থী হইয়া স্বর্ণালঙ্কৃত চর্ম্ম (ঢাল) এবং তরবারি গ্রহণ করিলেন ॥৬২॥

ভরতনন্দন! তৎকালে কর্ণ হাসিতে হাসিতেই যেন অতিভীষণ বহুতর বাণদ্বারা সত্বর ভীমের সেই সুন্দর চর্ম্ম-(ঢাল) খানা বিনষ্ট করিলেন ॥৬৩॥

মহারাজ! পরে চর্ম্মশূন্য ও রথবিহীন ভীমসেন ক্রোধে অস্থির হইয়া সেই তরবারিখানা ঘূর্ণিত করিয়া সত্বর কর্ণের রথের দিকে নিক্ষেপ করিলেন ॥৬৪॥

রাজশ্রেষ্ঠ! তখন সেই বিশাল তরবারিখানা যাইয়া কর্ণের গুণযুক্ত ধনু ছেদন করিয়া আকাশ হইতে ক্রুদ্ধ সর্পের ন্যায় ভূতলে পতিত হইল ॥৬৫॥

মহারাজ! তাহার পর কর্ণ হাস্য করিয়া ক্রুদ্ধ হইয়া শত্রুনাশক, দৃঢ়গুণ-যুক্ত ও গুরুতরবেগশালী অন্য ধনু লইয়া যুদ্ধে ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া স্বর্ণপুঙ্খ ও উজ্জ্বলাকৃতি সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিলেন ॥৬৬—৬৭॥

(৬৮)···বৈহায়সং প্রাক্রমদ্বৈ···বা নি, কর্ণস্য রথমাবিশৎ—নি।

স তস্য চরিতং দৃষ্ট্বা সংগ্রামে বিজয়ৈষিণঃ।
লয়মাস্থায় রাধেয়ো ভীমসেনমবঞ্চয়ৎ ॥৬৯॥
তঞ্চ দৃষ্ট্বা রথোপস্থে নিলীনং ব্যথিতেন্দ্রিয়ম্।
ধ্বজমস্য সমারুহ্য তস্থৌ ভীমো মহীতলে ॥৭০॥
তদস্য কুরবঃ সর্বে চারণাশ্চাভ্যপূজয়ন্।
যদিয়েষ রথাৎ কর্ণং হন্তুং তার্ক্ষ্য ইবোরগম্ ॥৭১॥
স ছিন্নধন্বা বিরথঃ স্বধর্ম্মমনুপালয়ন্।
স্বরথং পৃষ্ঠতঃ কৃত্বা যুদ্ধায়ৈব ব্যবস্থিতঃ ॥৭২॥
তদ্বিহত্যাস্য রাধেয়স্তত এনং সমভ্যয়াৎ।
সংরব্ধাৎ পাণ্ডবং সংখ্যে যুদ্ধায় সমবস্থিতম্ ॥৭৩॥

ভারতকৌমুদী

স ইতি। বিহায়সং গগনম্, প্রাক্রমৎ লম্ফেনারোহৎ, ব্যথয়ন্ উদ্বেজয়ন্ ॥৬৮॥
স ইতি। লয়ং স্তম্ভপার্শ্বে লুক্কায়িতভাবম্। অবঞ্চয়ৎ তৎপ্রহারপরিহারাৎ ॥৬৯॥
তমিতি। ব্যথিতেন্দ্রিয়মুদ্বিগ্নচিত্তম্। সমারুহ্য রথারোহণায়াবলম্ব্য ॥৭০॥
তদিতি। চারণা গগনবর্ত্তিনো দেবযোনিবিশেষাঃ। তার্ক্ষ্যো গরুড়ঃ ॥৭১॥
স ইতি। স্বধর্ম্মমপৃষ্ঠপ্রদর্শনরূপং ক্ষত্রিয়ধর্ম্মম্ ॥৭২॥
তদিতি। তৎ আক্রমণম্, বিহত্য প্রাগুক্তপ্রকারেণ প্রতিহত্য। সংরব্ধাদুৎসাহাৎ ॥৭৩॥

কর্ণের ধনু হইতে নির্গত বাণ সকল যাইয়া আঘাত করিতে লাগিলে, বলবান্ ভীম কর্ণের মন উদ্বিগ্ন করিয়া লাফ দিয়া আকাশে উঠিলেন ॥৬৮॥

তখন যুদ্ধে জয়াভিলাষী ভীমসেনের চরিত্র দেখিয়া কর্ণ রথস্তম্ভের পার্শ্বে লুকায়িত হইয়া তাঁহাকে বঞ্চিত করিলেন ॥৬৯॥

কর্ণকে রথমধ্যে লুক্কায়িত ও উদ্বিগ্ন দেখিয়া ভীমসেন তাঁহার ধ্বজদণ্ড ধারণ করিয়া ভূতলে দাঁড়াইলেন ॥৭০॥

কৌরবেরা সকলে এবং আকাশবর্ত্তী চারণেরা ভীমসেনের সেই কার্য্যের সর্ব্বতোভাবে প্রশংসা করিতে লাগিলেন। যে হেতু গরুড় যেমন সর্প বধ করিবার ইচ্ছা করেন, সেইরূপ ভীমসেন রথ হইতে কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়াছিলেন ॥৭১॥

পরে ছিন্নকার্ম্মুক ও রথবিহীন ভীমসেন ক্ষত্রিয়ধর্ম্ম রক্ষা করতঃ আপন রথ পিছনে রাখিয়া যুদ্ধ করিবার জন্যই দাঁড়াইলেন ॥৭২॥

(৬৯)…ধ্বজালয়স্থো রাধেয়ঃ…নি। (৭০) তমদৃষ্ট্বা…নি। (৭১)…চারণাশ্চাপ্যপূজয়ন্…পি বঙ্গ বর্দ্ধ। (৭৩) তদ্বিচিন্ত্য স রাধেয়ঃ…নি।

তৌ সমেতৌ মহারাজ! স্পর্দ্ধমানৌ মহাবলৌ।
জীমূতাবিব ঘর্ম্মান্তে গর্জ্জমানৌ নরর্ষভৌ ॥৭৪॥
তয়োরাসীৎ সম্প্রহারঃ ক্রুদ্ধয়োর্নরসিংহয়োঃ।
অমৃষ্যমাণয়োঃ সংখ্যে দেবদানবয়োরিব ॥৭৫॥
ক্ষীণশস্ত্রস্তু কৌন্তেয়ঃ কর্ণেন সমভিদ্রুতঃ।
দৃষ্ট্বার্জ্জুনহতান্ নাগান্ পতিতান্ পর্ব্বতোপমান্।
রথমার্গবিঘাতার্থং ব্যায়ুধঃ প্রবিবেশ হ ॥৭৬॥
হস্তিনাং ব্রজমাসাদ্য রথদুর্গং প্রবিশ্য চ।
পাণ্ডবো জীবিতাকাঙ্ক্ষী রাধেয়ং নাভ্যহারয়ৎ ॥৭৭॥
ব্যবস্থানমথাকাঙ্ক্ষন্ ধনঞ্জয়শরৈর্হতম্।
উদ্যম্য কুঞ্জরং পার্থস্তস্থৌ পরপুরঞ্জয়ঃ।
মহৌষধিসমাযুক্তং হনূমানিব পর্ব্বতম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

তাবিতি। সমেতৌ পুনর্যুদ্ধায় মিলিতৌ। জীমূতৌ মেঘৌ, ঘর্ম্মান্তে গ্রীষ্মান্তে ॥৭৪॥

তয়োরিতি। সংপ্রহারো যুদ্ধম্। অমৃষ্যমাণয়োরসহমানয়োঃ ॥৭৫॥

ক্ষীণেতি। সমভিদ্রুত আক্রান্তঃ। নাগান্ গজান্। ব্যায়ুধো নিরস্ত্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

হস্তিনামিতি। ব্রজং সমূহম্, রথদুর্গং প্রভূতরথরাশিম্। নাভ্যহারয়ৎ নাক্রামৎ ॥৭৭॥

ব্যবেতি। ব্যবস্থানমবস্থিতিম্। উদ্যম্য স্বদেহাবরণায়োত্তোল্য। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭৮॥

এদিকে কর্ণ ভীমসেনের সেই আক্রমণ ব্যর্থ করিয়া উৎসাহবশতঃ যুদ্ধের জন্যই অবস্থিত ভীমের দিকে ধাবিত হইলেন ॥৭৩॥

মহারাজ! তাহার পর দুইটা মেঘের ন্যায় গর্জনকারী, পরস্পর স্পর্দ্ধাশালী, মহাবল ও নরশ্রেষ্ঠ কর্ণ এবং ভীম পুনরায় যুদ্ধে মিলিত হইলেন ॥৭৪॥

ক্রমে ক্রুদ্ধ ও অসহিষ্ণু নরশ্রেষ্ঠ কর্ণ ও ভীমের দেব ও দানবের তুল্য যুদ্ধ হইতে লাগিল ॥৭৫॥

কর্ণ আসিয়া ক্ষীণশস্ত্র ভীমকে আক্রমণ করিলে, নিরস্ত্র ভীমসেন অর্জুননিহত ও পতিত পর্ব্বতপ্রমাণ হস্তীগুলিকে দেখিয়া কর্ণের রথপথনিবারণের জন্য তাহার মধ্যে প্রবেশ করিলেন ॥৭৬॥

ভীমসেন জীবনার্থী হইয়া হস্তিসমূহমধ্যে যাইয়া এবং বিনষ্ট রথরাশির ভিতরে প্রবেশ করিয়া থাকিতে লাগিলেন, কিন্তু কর্ণকে আর আক্রমণ করিলেন না ॥৭৭॥

তমস্য বিশিখৈঃ কর্ণো ব্যধমৎ কুঞ্জরং পুনঃ।
হস্ত্যঙ্গান্যথ কর্ণায় প্রাহিণোৎ পাণ্ডুনন্দনঃ ॥৭৯॥
চক্রাণ্যশ্বাংস্তথা চান্যদ্‌যদ্‌যৎ পশ্যতি ভূতলে।
তত্তদাদায় চিক্ষেপ ক্রুদ্ধঃ কর্ণায় পাণ্ডবঃ।
তদস্য সর্ব্বং চিচ্ছেদ ক্ষিপ্তং ক্ষিপ্তং শিতৈঃ শরৈঃ ॥৮০॥
ভীমোঽপি মুষ্টিমুদ্যম্য বজ্রগর্ভং সুদারুণম্।
হন্তুমৈচ্ছৎ সূতপুত্রং সংস্মরন্নর্জ্জুনং ক্ষণাৎ ॥৮১॥
শক্তোঽপি নাবধীৎ কর্ণং সমর্থঃ পাণ্ডুনন্দনঃ।
রক্ষমাণঃ প্রতিজ্ঞাং তাং যা কৃতা সব্যসাচিনা ॥৮২॥ (যুগ্মকম্)
তমেবং ব্যাকুলং ভীমং ভূয়ো ভূয়ঃ শিতৈঃ শরৈঃ।
মূর্চ্ছয়াভিপরীতাঙ্গমকরোৎ সূতনন্দনঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

তমিতি। তং কুঞ্জরম্। ব্যধমৎ ছিত্ত্বা ব্যনাশয়ৎ ॥৭৯॥
চক্রাণীতি। অন্যৎ পতিতাস্ত্রাদিকম্। পাণ্ডবো ভীমঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৮০॥
ভীম ইতি। বজ্রগর্ভং বজ্রতুল্যম্। তাম্ "অহং কর্ণং হনিষ্যামি" ইতি প্রাগুক্তাম্ ॥৮১-৮২॥
তমিতি। অভিপরীতাঙ্গমাক্রান্তচিত্তম্ ॥৮৩॥

বিপক্ষনগরবিজয়ী ভীমসেন অবস্থান করিবার ইচ্ছা করিয়া অর্জ্জুনবাণে নিহত হস্তী তুলিয়া ধরিয়া—বিশল্যকরণীযুক্ত গন্ধমাদন পর্ব্বত ধরিয়া হনুমানের ন্যায় দাঁড়াইতে লাগিলেন ॥৭৮॥

কর্ণ আবার তখন বাণদ্বারা সেই হস্তী কাটিয়া ফেলিতে থাকিলেন। তৎকালে ভীমও সেই হস্তীর অঙ্গ সকল কর্ণের দিকে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৭৯॥

সেইরূপ ক্রুদ্ধ ভীমসেন চক্র, অশ্ব এবং ভূতলে অন্য যাহা যাহা দেখিতে লাগিলেন, তাহা তাহাই লইয়া কর্ণের উপরে ক্ষেপ করিতে থাকিলেন; কর্ণও সুধার বাণসমূহদ্বারা সে সমস্ত ছেদন করিতে লাগিলেন ॥৮০॥

শক্তিশালী পাণ্ডুনন্দন ভীমসেন ক্রমে বজ্রতুল্য দারুণ মুষ্টি উত্তোলন করিয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিলেন; কিন্তু ক্ষণকালমধ্যেই অর্জ্জুনকে স্মরণ করিয়া তিনি যে প্রতিজ্ঞা করিয়াছিলেন, তাহা রক্ষা করিবার জন্য সমর্থ হইয়াও কর্ণকে বধ করিলেন না ॥৮১—৮২॥

ভীম এইভাবে আকুল হইয়া উঠিলেন; তখন কর্ণ সুধার বাণসমূহদ্বারা বার বার প্রহার করিয়া তাঁহাকে মূর্চ্ছিতপ্রায় করিয়া ফেলিলেন ॥৮৩॥

ব্যায়ুধং নাবধীচ্চৈনং কর্ণঃ কুন্ত্যা বচঃ স্মরন্।
ধনুষোঽগ্রেণ তং কর্ণস্ত্বভিক্রুত্য পরাম্মৃশৎ ॥৮৪॥
বিহসন্নিব রাধেয়ো বাক্যমেতদুবাচ হ।
পুনঃ পুনস্তূবরক! মূঢ়কৌদরিকেতি চ।
অকৃতাস্ত্রক! মা যৌৎসীর্বাল! সংগ্রামকাতর! ॥৮৫॥
যত্র ভোজ্যং বহুবিধং ভক্ষ্যং পেয়ঞ্চ পাণ্ডব!।
তত্র ত্বং দুর্ম্মতে! যোগ্যো ন যুদ্ধেষু কদাচন ॥৮৬॥
মূলপুষ্পফলাহারো ব্রতেষু নিয়মেষু চ।
উচিতস্ত্বং বনে ভীম! ন ত্বং যুদ্ধবিশারদঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

ব্যায়ুধমিতি। বচ উদ্যোগপর্ব্বোক্তম্। অভিক্রুত্য দ্রুতং গত্বা, পরাম্মৃশদস্পৃশৎ ॥৮৪॥

বিহসন্নিতি। হে তূবরক! শ্মশ্রুশূন্যবদন! "অজাতশৃঙ্গো গৌঃ কালেঽপ্যশ্মশ্রুর্না চ তূবরঃ" ইত্যমরঃ। সর্বত্র পুংস্যায়াং কপ্রত্যয়ঃ। মূঢ়ক! মোহাবিষ্ট!। বাল! মূর্খ!। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৫॥

যত্রেতি। ভক্ষ্যং চর্ব্ব্যম্। যোগ্যস্তৎসংস্কারনিপুণত্বাদিতি ভাবঃ ॥৮৬॥

মূলেতি। মূলানি পুষ্পাণি ফলানি চ আহরতি আনয়তীতি সঃ। কর্ম্মণ্যণ্ ॥৮৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪০॥ উপাদেধং সন্নিকর্ষমগাৎ ॥৪১॥ বায়ুভূতানি বাতোদ্ধূতাস্তৃতি-বেগবন্তি বা ॥৪২—৬৮॥ নয়মঙ্গসঙ্কোচম্ ॥৬৯—৮০॥ তত্রত্যাপি সাধনং সর্ব্বত্র নিক্রম্য বজ্রগর্ভমনভিহিতাঙ্গুষ্ঠম্ ॥৮১॥ সমর্থঃ সমীচীনার্থো ধর্ম্মাপেক্ষীতি যাবৎ ॥৮২—৮৪॥ তূবরকো

কিন্তু কর্ণ কুন্তীর বাক্য স্মরণ করিয়া অস্ত্রবিহীন ভীমকে বধ করিলেন না; তবে দ্রুত যাইয়া ধনুর অগ্রদ্বারা তাঁহাকে স্পর্শ করিলেন ॥৮৪॥

এবং কর্ণ হাস্য করিতে করিতেই যেন বার বার এই কথা বলিলেন— 'শ্মশ্রুহীন! মূঢ়! ঔদরিক! অশিক্ষিতাস্ত্র! মূর্খ! যুদ্ধকাতর! তুই আর যুদ্ধ করিস্ না ॥৮৫॥

পাণ্ডুর পুত্র! দুর্ম্মতি! যেখানে নানাবিধ খাদ্য, পেয় ও চর্ব্ব্য বস্তু থাকে, তুই সেই স্থানেরই যোগ্য; কিন্তু কখনও যুদ্ধের যোগ্য নহিস্ ॥৮৬॥

ভীম! তুই বনমধ্যে ব্রত বা নিয়মের সময়ে ফল, মূল, ও পুষ্প আহরণের যোগ্য; কিন্তু যুদ্ধ জানিস্ই না ॥৮৭॥

---

(৮৫)···বাণসংঘাতকাতর!—পি।

ক্ব যুদ্ধং ক্ব মুনিত্বঞ্চ বনং গচ্ছ বৃকোদর ! ।
ন ত্বং যুদ্ধোচিতস্তাত ! বনবাসরতির্ভবান্ ॥৮৮॥
সূদান্ ভৃত্যজনান্ দাসাংস্ত্বং গৃহে ত্বরয়ন্ ভৃশম্ ।
যোগ্যস্তাড়য়িতুং ক্রোধাদ্ভোজনার্থং বৃকোদর ! ॥৮৯॥
মুনির্ভূত্বাথবা ভীম ! ফলান্যদ্ধি সুদুর্ম্মতে ! ।
বনায় ব্রজ কৌন্তেয় ! ন ত্বং যুদ্ধবিশারদঃ ॥৯০॥
ফলমূলাশনে যুক্তস্ত্বং তথাতিথিপূজনে ।
ন ত্বাং শস্ত্রসমুদ্‌যোগে যোগ্যং মন্যে বৃকোদর ! ॥৯১॥
কৌমারে যানি বৃত্তানি বিপ্রিয়াণি বিশাংপতে ! ।
তানি সর্ব্বাণি চাপ্যেনং রূক্ষাণ্যশ্রাবয়দ্ভৃশম্ ॥৯২॥
অথৈনং তত্র সংলীনমস্পৃশদ্ধনুষা পুনঃ ।
প্রহসংশ্চ পুনর্ব্বাক্যং ভীমমাহ বৃষস্তদা ॥৯৩॥

ভারতকৌমুদী

কেতি। যুদ্ধে উচিতো যোগ্যঃ, তাত ! বৎস !, বনবাসে রতিরনুরাগো যস্য সঃ ।৮৮॥
সূদানিতি। সূদান্ পাচকান্, ভৃত্যজনান্ পাকস্থানস্থান্, দাসান্ ভোজনগৃহগতান্ ।৮৯॥
মুনিরিতি। অদ্ধি ভুঙ্‌ক্ষ্ব। অথ ফলানি কুত্র লভ্যন্ত ইত্যাহ বনায়েতি ।৯০॥
ফলেতি। ফলমূলয়োরশনে ভোজনে, যুক্তো যোগ্যঃ। শস্ত্রাণাং সমুদ্‌যোগে প্রয়োগে ॥৯১॥
কৌমার ইতি। বৃত্তানি জাতানি, বিপ্রিয়াণি বিষদানাদীন্যপ্রিয়াণি ।৯২॥
অথেতি। তত্র হস্তিদেহান্তরালে। বৃষঃ কর্ণঃ ।৯৩॥

যুদ্ধই বা কোথায়, আর মুনিত্বই বা কোথায়। অতএব বৎস বৃকোদর ! তুই বনে গমন কর্। কেন না, তুই যুদ্ধের যোগ্য নহিস্, বনবাসেরই অনুরাগী ॥৮৮॥

বৃকোদর ! তুই সত্বর ভোজন করিবার জন্য আপন গৃহে ক্রোধবশতঃ পাচক, পাকগৃহের ভৃত্য ও ভোজনগৃহের ভৃত্যদিগকে গুরুতর তাড়ন করিবারই যোগ্য ॥৮৯॥

কুন্তীর পুত্র ! অতিদুর্ম্মতি ! ভীম ! তুই মুনি হইয়া ফলভক্ষণ করিতে থাক্, বনে গমন কর্। কারণ, তুই যুদ্ধ জানিস্ই না ॥৯০॥

বৃকোদর ! তুই ফলমূলভক্ষণে ও অতিথিসৎকারেই যোগ্য ; কিন্তু আমি তোকে অস্ত্রপ্রয়োগে যোগ্য বলিয়াই মনে করি না’ ॥৯১॥

নরনাথ ! বাল্যকালে যে সকল অপ্রিয় কার্য্য হইয়াছিল, সেই সকল রূক্ষ কার্য্য ও কর্ণ ভীমকে বিশেষভাবে শুনাইলেন ॥৯২॥

যোদ্ধব্যং মারিষান্যত্র ন যোদ্ধব্যস্তু মাদৃশৈঃ।
মাদৃশৈর্যুধ্যমানানামেতচ্চান্যচ্চ বিদ্যতে ॥৯৪॥
গচ্ছ বা যত্র তৌ কৃষ্ণৌ তৌ ত্বাং রক্ষিষ্যতো রণে।
গৃহং বা গচ্ছ কৌন্তেয়! কিং তে যুদ্ধেন বালক! ॥৯৫॥
এবং তং বিরথং কৃত্বা কর্ণো রাজন্! ব্যকত্থত।
প্রমুখে বৃষ্ণিসিংহস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥৯৬॥
ততো রাজন্! শিলাধৌতান্ শরান্ শাখামৃগধ্বজঃ।
প্রাহিণোৎ সূতপুত্রায় কেশবেন প্রচোদিতঃ ॥৯৭॥

ভারতকৌমুদী

যোদ্ধব্যমিতি। হে মারিষ! আর্য!। সোল্লুণ্ঠনং সম্বোধনমিদম্। এতদ্দুঃখম্ ॥৯৪॥
গচ্ছেতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ। হে বালক! মূর্খ!। কুৎসায়াং কপ্রত্যয়ঃ ॥৯৫॥
এবমিতি। ব্যকত্থত গর্বমকরোৎ। বৃষ্ণিসিংহস্য কৃষ্ণস্য, পার্থস্য অর্জ্জুনস্য ॥৯৬॥

ভারতভাবদীপঃ

বহ্বাশী ॥৮৫—৮৬॥ ব্রতেষু নিয়মেষু আগন্তুকেষু ॥৮৭—৯২॥ সংলীনং সঙ্কুচিতাঙ্গম্ ॥৯৩—৯৫॥
ব্যকত্থৎ ভৎসিতবান্ ॥৯৬—১১০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২০॥

তাহার পর কর্ণ পুনরায় ধনুর অগ্রদ্বারা হস্তীর অন্তরালে লুক্কায়িত ভীমকে স্পর্শ করিলেন এবং হাসিতে হাসিতে পুনরায় এই কথা ভীমকে বলিলেন—॥৯৩॥

'সভ্য! অন্য স্থানে তোমার যুদ্ধ করা উচিত, আমাদের ন্যায় বীরগণের সহিত যুদ্ধ করা উচিত নহে। কারণ, আমাদের তুল্য বীরগণের সহিত যুদ্ধ করিলে, তোমাদের এইরূপ দুঃখ এবং অন্যরূপ অনেক দুঃখ হইবে ॥৯৪॥

মূর্খ! কুন্তীপুত্র! যেখানে কৃষ্ণ ও অর্জ্জুন রহিয়াছেন, তুমি সেইখানে যাও; তাঁহারা তোমাকে যুদ্ধে রক্ষা করিবেন; অথবা তুমি ঘরে যাও, তোমার যুদ্ধের প্রয়োজন কি' ॥৯৫॥

রাজা! কর্ণ ভীমসেনকে রথবিহীন করিয়া মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুনের সম্মুখে এইরূপ গর্ব্ব করিলেন ॥৯৬॥

রাজা! তদনন্তর কৃষ্ণের অনুমতিক্রমে অর্জ্জুন কর্ণের প্রতি শিলাপরিমার্জ্জিত বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৯৭॥

---

(৯৬)...কর্ণো রাজন্! ব্যকত্থৎ...পি।

ততঃ পার্থভুজোৎসৃষ্টাঃ শরাঃ কনকভূষণাঃ।
গাণ্ডীবপ্রভবাঃ কর্ণং হংসাঃ ক্রৌঞ্চমিবাবিশন্ ॥৯৮॥
স ভুজঙ্গৈরিবাবিষ্টৈর্গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
ভীমসেনাদপাসেধৎ সূতপুত্ত্রং ধনঞ্জয়ঃ ॥৯৯॥
স ছিন্নধন্বা ভীমেন ধনঞ্জয়শরাহতঃ।
কর্ণো ভীমাদপায়াসীদ্রথেন মহতা দ্রুতম্ ॥১০০॥
ভীমোঽপি সাত্যকের্ব্বাহং সমারুহ্য নরর্ষভঃ।
অন্বয়াদ্‌ভ্রাতরং সংখ্যে পাণ্ডবং সব্যসাচিনম্ ॥১০১॥
ততঃ কর্ণং সমুদ্দিশ্য ত্বরমাণো ধনঞ্জয়ঃ।
নারাচং ক্রোধতাম্রাক্ষঃ প্রৈষীন্মৃত্যুমিবান্তকঃ ॥১০২॥

ভারতকৌমুদী

তত ইতি। শিলাধৌতান্ শিলাঘর্ষণেন পরিষ্কৃতান্, শাখামৃগধ্বজঃ কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥৯৭॥
তত ইতি। গাণ্ডীবাৎ প্রভবন্তি নির্গচ্ছন্তীতি তে। ক্রৌঞ্চং তদাখ্যং পর্ব্বতম্ ॥৯৮॥
স ইতি। আবিষ্টৈর্গর্ত্তপ্রবেশোদ্যতৈঃ। অপাসেধৎ অপাসারয়ৎ ॥৯৯॥
স ইতি। ছিন্নধন্বা কৃপাণক্ষেপেণ। অপায়াসীৎ অপাসরৎ ॥১০০॥
ভীম ইতি। উহ্যতে অনেনেতি বাহো রথস্তম্। অন্বয়াদন্বগচ্ছৎ ॥১০১॥
তত ইতি। প্রৈষীৎ অক্ষিপৎ ॥১০২॥

তাহার পর অর্জ্জুনের বাহুনিক্ষিপ্ত, গাণ্ডীব হইতে নির্গত, স্বর্ণভূষিত বাণসমূহ যাইয়া—হংসগণ যেমন ক্রৌঞ্চপর্ব্বতে প্রবেশ করে, সেইরূপ কর্ণের দেহে প্রবেশ করেতে লাগিল ॥৯৮॥

ক্রমে অর্জ্জুন গর্ত্তপ্রবেশোদ্যত সর্পের ন্যায় গাণ্ডীবনিক্ষিপ্ত বাণদ্বারা কর্ণকে ভীমসেনের নিকট হইতে সরাইয়া দিলেন ॥৯৯॥

ওদিকে ভীম কর্ণের ধনু ছেদন করিয়াছিলেন, অর্জ্জুনও বাণদ্বারা তাহাকে আঘাত করিতেছিলেন। সুতরাং কর্ণ বিশাল-রথারোহণে সত্বর ভীমের নিকট হইতে সরিয়া গেলেন ॥১০০॥

নরশ্রেষ্ঠ ভীমও সাত্যকির রথে আরোহণ করিয়া রণস্থলে ভ্রাতা অর্জ্জুনের অনুসরণ করিতে লাগিলেন ॥১০১॥

তদনন্তর ক্রোধে আরক্তনয়ন অর্জ্জুন ত্বরান্বিত হইয়া কর্ণকে লক্ষ্য করিয়া—যম যেমন মৃত্যুকে প্রেরণ করেন, সেইরূপ একটা নারাচ নিক্ষেপ করিলেন ॥১০২॥

স গরুত্মানিবাকাশে প্রার্থয়ন্ ভুজগোত্তমম্।
নারাচোঽভ্যপতৎ কর্ণং তূর্ণং গাণ্ডীবচোদিতঃ ॥১০৩॥
তমন্তরীক্ষে নারাচং দ্রৌণিশ্চিচ্ছেদ পত্রিণা।
ধনঞ্জয়ভয়াৎ কর্ণমুজ্জিহীর্ষন্ মহারথঃ ॥১০৪॥
ততো দ্রৌণিং চতুঃষষ্ট্যা বিব্যাধ কুপিতোঽর্জ্জুনঃ।
শিলীমুখৈর্মহারাজ! মা গাস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥১০৫॥
স তু মত্তগজাকীর্ণমনীকং রথসঙ্কুলম্।
তূর্ণমভ্যাবিশদ্দ্রৌণির্ধনঞ্জয়শরার্দ্দিতঃ ॥১০৬॥
ততঃ সুবর্ণপৃষ্ঠানাং চাপানাং কূজতাং রণে।
শব্দং গাণ্ডীবঘোষেণ কৌন্তেয়োঽভ্যভবদ্বলী ॥১০৭॥
ধনঞ্জয়স্তথা যান্তং পৃষ্ঠতো দ্রৌণিমভ্যয়াৎ।
নাতিদীর্ঘমিবাধ্বানং শরৈঃ সংত্রাসয়ন্ বলী ॥১০৮॥

ভারতকৌমুদী

স ইতি। গরুত্মান্ গরুড়ঃ। গাণ্ডীবেন চোদিতঃ প্রেরিতঃ ॥১০৩॥
তমিতি। দ্রৌণিরশ্বত্থামা, পত্রিণা বাণেন। উজ্জিহীর্ষন্ উদ্ধর্ত্তুমিচ্ছন্ ॥১০৪॥
তত ইতি। বিব্যাধ তাড়য়ামাস। শিলীমুখৈর্বাণৈঃ, মা গাঃ ন গচ্ছ ॥১০৫॥
স ইতি। অনীকং কৌরবসৈন্যম্। অভ্যাবিশৎ আত্মরক্ষার্থং প্রাবিশৎ ॥১০৬॥
তত ইতি। কূজতামব্যক্তং শব্দং কুর্ব্বতাম্। কৌন্তেয়োঽর্জ্জুনঃ, অভ্যভবত্তিরশ্চকার ॥১০৭॥

তখন গাণ্ডীবনিক্ষিপ্ত সেই নারাচটা—বিশালসর্পাভিলাষী গরুড়ের ন্যায় কর্ণকে লক্ষ্য করিয়া দ্রুত আকাশে উঠিল ॥১০৩॥

এই সময়ে মহারথ অশ্বত্থামা অর্জ্জুনের ভয় হইতে কর্ণকে উদ্ধার করিবার ইচ্ছা করিয়া একটা বাণদ্বারা আকাশেই সেই নারাচটাকে ছেদন করিলেন ॥১০৪॥

মহারাজ! তাহাতে অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া চৌষট্টিটা বাণদ্বারা অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন এবং বলিলেন—'যাইও না, থাক' ॥১০৫॥

তৎপরে অর্জ্জুনশরপীড়িত অশ্বত্থামা মত্তহস্তিসমাকীর্ণ ও রথপরিপূর্ণ কৌরবসৈন্যমধ্যে যাইয়া সত্বর প্রবেশ করিলেন ॥১০৬॥

তদনন্তর বলবান্ অর্জ্জুন গাণ্ডীবের শব্দে স্বর্ণখচিতপৃষ্ঠ ও অব্যক্তশব্দকারী অপর ধনুগুলির শব্দকে অভিভূত করিলেন ॥১০৭॥

---

(১০৪) তমন্তরিক্ষে নারাচম্…নি। (১০৮)…পৃষ্ঠতো দ্রৌণিমথয়াৎ—বি।

বিদার্য্য দেহান্ নারাচৈর্নরবারণবাজিনাম্ ।
কঙ্কবর্হিণবাসোভির্বলং ব্যধমদর্জ্জুনঃ ॥১০৯॥
তদ্বলং ভরতশ্রেষ্ঠ ! সবাজিদ্বিপমানবম্ ।
পাকশাসনিরায়স্তঃ পার্থঃ সংনিজঘান হ ॥১১০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ভীমপ্রবেশে ভীমকর্ণযুদ্ধে বিংশত্য-ধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———

একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———

ধৃতরাষ্ট্র উবাচ ।

অহন্যহনি মে দীপ্তং যশঃ পততি সঞ্জয় ! ।
হতা মে বহবো যোধা মন্যে কালস্য পর্য্যয়ম্ ॥১॥

ভারতকৌমুদী

ধনঞ্জয় ইতি। অধ্বানং পন্থানম্, সংত্রাসয়ন্ দ্রৌণিমেব ॥১০৮॥

বিদার্য্যেতি। কঙ্কবর্হিণবাসোভিঃ কঙ্কময়ূরপক্ষাবৃতৈঃ ব্যধমৎ বানাশয়ৎ ॥১০৯॥

তদিতি। পাকশাসনিরর্জ্জুনঃ, আয়স্তঃ শ্রান্তোঽপি ॥১১০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

অহনীতি। দীপ্তমুজ্জ্বলম্, পততি খলতি। পর্য্যয়ং পরিবর্ত্তনম্ ॥১॥

অশ্বত্থামা সেইভাবে যাইতে লাগিলে, বলবান্ অর্জ্জুন বাণদ্বারা সন্ত্রস্ত করতঃ অশ্বত্থামার পিছনে অনতিদীর্ঘ পথ গমন করিলেন ॥১০৮॥

পরে অর্জ্জুন কঙ্ক ও ময়ূরপক্ষযুক্ত নারাচসমূহদ্বারা দেহ বিদীর্ণ করিয়া করিয়া কৌরবপক্ষের হস্তী, অশ্ব ও মনুষ্য বিনাশ করিতে লাগিলেন ॥১০৯॥

ভরতশ্রেষ্ঠ ! অর্জ্জুন পরিশ্রান্ত হইয়াও হস্তী, অশ্ব ও মনুষ্যের সহিত কৌরবসৈন্য সংহার করিতে থাকিলেন' ॥১১০॥

---

(১০৯)···ৰরবারণবাজিনাম্···পি। * '···সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···একোনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (১) অহন্যহনি কোন্দীপ্তম্···পি।

ধনঞ্জয়ঃ সুসংক্রুদ্ধঃ প্রবিষ্টো মামকং বলম্।
রক্ষিতং দ্রৌণিকর্ণাভ্যামপ্রবেশ্যং সুরৈরপি ॥২॥
তাভ্যামূর্জিতবীর্য্যাভ্যামাপ্যায়িতপরাক্রমঃ।
সহিতঃ কৃষ্ণভীমাভ্যাং শিনীনামৃষভেণ চ ॥৩॥ (যুগ্মকম্)
তদা প্রভৃতি মাং শোকো দহত্যগ্নিরিবাশ্রয়ম্।
গ্রস্তানিব প্রপশ্যামি ভূমিপালান্ সসৈন্ধবান্ ॥৪॥
অপ্রিয়ং সুমহৎ কৃত্বা সিন্ধুরাজঃ কিরীটিনঃ।
চক্ষুর্বিষয়মাপন্নঃ কথং জীবিতমাপ্নুয়াৎ ॥৫॥
অনুমানাচ্চ পশ্যামি নাস্তি সঞ্জয়! সৈন্ধবঃ।
যুদ্ধন্তু তদ্‌যথা বৃত্তং তন্মমাচক্ষ্ব সঞ্জয়! ॥৬॥

ভারতকৌমুদী

ধনেতি। দ্রৌণিরশ্বত্থামা। উর্জ্জিতবীর্য্যাভ্যাং শিক্ষাভ্যাসাদিনা ক্রমবৃদ্ধিপ্রাপ্তবলাভ্যাম্, আপ্যায়িতপরাক্রমো বর্দ্ধিতবিক্রমঃ। শিনীনামৃষভেণ শিনিবংশশ্রেষ্ঠেন সাত্যকিনা চ ॥২—৩॥

তদেতি। আশ্রয়ম্ আধারীভূতং কাষ্ঠাদিকম্। সসৈন্ধবান্ জয়দ্রথসহিতান্ ॥৪॥

অপ্রিয়মিতি। অপ্রিয়ম্ অভিমন্যুবধরূপম্। আপন্নঃ প্রাপ্তঃ ॥৫॥

অন্বিতি। পশ্যামি জানামি। সৈন্ধবঃ সিন্ধুরাজো জয়দ্রথঃ। বৃত্তং জাতম্ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! দিনে দিনে আমার উজ্জ্বল যশ স্খলিত হইতেছে, আমার বহুতর যোদ্ধা নিহত হইয়াছেন। সুতরাং আমি মনে করি—কালের পরিবর্ত্তন হইয়াছে ॥১॥

অশ্বত্থামা ও কর্ণ যাহা রক্ষা করিতেছিলেন, সুতরাং যাহা দেবগণেরও প্রবেশের অযোগ্য ছিল, অর্জ্জুন ক্রুদ্ধ হইয়া আমার সেই সৈন্যমধ্যে আসিয়া প্রবেশ করিয়াছে। তা'র পর আবার মহাবল কৃষ্ণ ও ভীম তাহার পরাক্রম বর্দ্ধিত করিয়াছেন এবং শিনিবংশশ্রেষ্ঠ সাত্যকিও আসিয়া তাহার সহিত মিলিত হইয়াছেন ॥২—৩॥

(ইহা যখন শুনিলাম,) তদবধি—অগ্নি যেমন আশ্রয় দগ্ধ করে, সেইরূপ শোক আমাকে দগ্ধ করিতেছে। (স্থূল কথা—) এখন অর্জ্জুন যেন জয়দ্রথের সহিত রাজগণকে গ্রাস করিয়াছে বলিয়া মনে করিতেছি ॥৪॥

হায়! সিন্ধুরাজ অর্জ্জুনের গুরুতর অপ্রিয় কার্য্য করিয়া এখন তাহার দৃষ্টির বিষয় হইয়া কি করিয়া জীবন রক্ষা করিবেন ॥৫॥

---

(৪)···অগ্নিরিবাশ্রয়ম্···বঙ্গ বর্দ্ধ বা নি।

যশ্চ বিক্ষোভ্য মহতীং সেনামালোড্য চাসকৃৎ।
একঃ প্রবিষ্টঃ সংক্রুদ্ধো নলিনীমিব কুঞ্জরঃ ॥৭॥
তস্য মে বৃষ্ণিবীরস্য ব্রূহি যুদ্ধং যথাতথম্।
ধনঞ্জয়ার্থে যত্তস্য কুশলো হ্যসি সঞ্জয়! ॥৮॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

তথা তু বৈকর্ত্তনপীড়িতং তং ভীমং প্রয়ান্তং পুরুষপ্রবীরম্।
সমীক্ষ্য রাজন্! নরমুখ্যমধ্যে শিনিপ্রবীরোঽনুযযৌ রথেন ॥৯॥
নদন্ যথা বজ্রধরস্তপান্তে জ্বলন্ যথা জলদান্তে চ সূর্য্যঃ।
নিঘ্নন্নমিত্রান্ ধনুষা দৃঢ়েন সংকম্পয়ংস্তব পুত্রস্য সেনাম্ ॥১০॥ (যুগ্মকম্)
তং যান্তমশ্বৈ রজতপ্রকাশৈরায়োধনে বীরবরং নদন্তম্।
নাশক্নুবন্ বারয়িতুং ত্বদীয়াঃ সর্ব্বে তথা ভারত! মাধবাগ্র্যম্ ॥১১॥

ভারতকৌমুদী

য ইতি। নলিনীং পদ্মসরসীম্। তস্য সাত্যকেঃ। যত্তস্য যত্নবতঃ, কুশল উক্তিনিপুণঃ ॥৭—৮॥
তথেতি। বৈকর্ত্তনেন কর্ণেন পীড়িতম্। শিনিপ্রবীরঃ সাত্যকিঃ। বজ্রধরো মেঘঃ, তপান্তে গ্রীষ্মাবসানে। জলদান্তে মেঘাপগমে। অমিত্রান্ শত্রূন্ ॥৯—১০॥
তমিতি। রজতপ্রকাশৈ রজতবজ্জ্বলবর্ণৈঃ, আয়োধনে রণাঙ্গনে ॥১১॥

সুতরাং সঞ্জয়! আমি অনুমানে বুঝিতেছি—জয়দ্রথ নাই। (সে যাহা হউক,) সঞ্জয়! সেই যুদ্ধ যেরূপ হইয়াছিল, তাহা তুমি আমার নিকট বল ॥৬॥

হস্তী যেমন পদ্মময় সরোবর বিক্ষুব্ধ ও আলোড়িত করে, সেইরূপ যিনি ক্রুদ্ধ হইয়া একাকী বার বার বিশাল সৈন্য বিক্ষুব্ধ ও আলোড়িত করিয়া প্রবিষ্ট হইয়াছিলেন, অর্জ্জুনের জয়ের জন্য যত্নবান্ ও বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সেই সাত্যকির যুদ্ধের বৃত্তান্ত যথাযথভাবে আমার নিকট বল। সঞ্জয়! তুমি বলিতে বড়ই নিপুণ' ॥৭—৮॥

সঞ্জয় বলিলেন—রাজা! পুরুষপ্রবীর ভীমসেন কর্ণকর্ত্তৃক পীড়িত হইয়া সেইভাবে বীরগণমধ্যে গমন করিতেছেন দেখিয়া শিনিবংশপ্রবীর সাত্যকি রথারোহণে তাঁহার পশ্চাতে যাইতে লাগিলেন। তৎকালে তিনি গ্রীষ্মাবসানে মেঘের ন্যায় গর্জ্জন করিতে থাকিয়া এবং মেঘ অপসৃত হইলে সূর্য্যের তুল্য তেজস্বী হইয়া দৃঢ় ধনুর্দ্বারা শত্রুগণকে সংহার করতঃ আপনার পুত্রের সৈন্যগণকে কাঁপাইতে থাকিয়া যাইতেছিলেন ॥৯—১০॥

---

(১১)···বীরতরং নদন্তম্···বা নি।

অমর্ষপূর্ণস্ত্বনিবৃত্তযোধী শরাসনী কাঞ্চনবর্ম্মধারী।
অলম্বুষঃ সাত্যকিং মাধবাগ্র্যমবারয়দ্রাজবরোঽভিপত্য ॥১২॥
তয়োরভূদ্ভারত! সম্প্রহারো যথাবিধো নৈব বভূব কশ্চিৎ।
প্রৈক্ষন্ত এবাহবশোভিনৌ তৌ যোধাস্ত্বদীয়াশ্চ পরে চ সর্ব্বে ॥১৩॥
অবিধ্যদেনং দশভিঃ-পৃষৎকৈরলম্বুষো রাজবরঃ প্রসহ্য।
অনাগতানেব তু তান্ পৃষৎকাংশ্চিচ্ছেদ বাণৈঃ শিনিপুঙ্গবোঽপি ॥১৪॥
পুনঃ স বাণৈস্ত্রিভিরগ্নিকল্পৈরাকর্ণপূর্ণৈর্নিশিতৈঃ সুপুঙ্খৈঃ।
বিব্যাধ দেহাবরণং বিদার্য্য তে সাত্যকেরাবিবিশুঃ শরীরম্ ॥১৫॥

ভারতকৌমুদী

অমর্ষেতি। অনিবৃত্তযোধী অপলায়নেন যুদ্ধকারী, শরাসনী ধনুষ্মান্ ॥১২॥
তয়োরিতি। সম্প্রহারো যুদ্ধম্। পদয়োঃ সন্ধের্বৈকল্পিকত্বাৎ প্রৈক্ষন্ত এবেতি ন সন্ধিঃ ॥১৩॥
অবিধ্যদিতি। পৃষৎকৈর্বাণৈঃ। রাজবর ইত্যনেন রাক্ষসত্যাবৃক্তিঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

অহন্যহনীতি ॥১—১২॥ প্রৈক্ষন্তে প্রেক্ষকা বভূবুরিতি তথা বচনমন্তৃসন্ধাতে ॥১৩॥ প্রসহ্য অনাদৃত্য ॥১৪—২৪॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২১॥

ভরতনন্দন! বীরশ্রেষ্ঠ ও মধুবংশপ্রধান সাত্যকি রণস্থলে গর্জন করিতে থাকিয়া রজতের ন্যায় শুভ্রবর্ণ ঘোটকচালিত রথে যাইতে লাগিলে, আপনার পক্ষের সমস্ত যোদ্ধাও তাঁহাকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥১১॥

তখন ক্রোধে পরিপূর্ণ, যুদ্ধে অপলায়ী, ধনুর্দ্ধর ও স্বর্ণময়কবচধারী রাজশ্রেষ্ঠ অলম্বুষ অগ্রবর্ত্তী হইয়া মধুবংশশ্রেষ্ঠ সাত্যকিকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১২॥

ভরতনন্দন! তাহার পর, পূর্ব্বে যেরূপ কোন যুদ্ধ আর হয় নাই, সেইরূপ তাঁহাদের যুদ্ধ হইতে লাগিল। তখন আপনার পক্ষের ও বিপক্ষের যোদ্ধারা সকলে সেই যুদ্ধশোভী বীর দুই জনকে দেখিতে লাগিলেন ॥১৩॥

পরে রাজশ্রেষ্ঠ অলম্বুষ দশটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিবার জন্য তাহা ক্ষেপ করিলেন; সাত্যকিও বাণদ্বারা অনাগত অবস্থাতেই সেগুলিকে ছেদন করিলেন ॥১৪॥

অলম্বুষ পুনরায় কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া সুধার ও সুপুঙ্খ অগ্নিতুল্য তিনটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিলেন। তখন সেই বাণগুলি যাইয়া সাত্যকির বর্ম্ম ভেদ করিয়া তাঁহার শরীরে প্রবেশ করিল ॥১৫॥

(১৫)…আবিবিশুঃ পৃষৎকাঃ—পি।

তৈঃ কায়মস্যাগ্ন্যনিলপ্রভাবৈর্বিদার্য্য বাণৈর্নিশিতৈর্জ্জ্বলদ্ভিঃ।
আজঘ্নিবাংস্তান্ রজতপ্রকাশানশ্বাংশ্চতুর্ভিশ্চতুরঃ প্রসহ্য ॥১৬॥
তথা তু তেনাভিহতস্তরস্বী নপ্তা শিনেশ্চক্রধরপ্রভাবঃ।
অলম্বুষস্যোত্তমবেগবদ্ভিরশ্বাংশ্চতুর্ভির্নিজঘান বাণৈঃ ॥১৭॥
অথাস্য সূতস্য শিরো নিকৃত্য ভল্লেন কালানলসন্নিভেন।
সকুণ্ডলং পূর্ণশশিপ্রকাশং ভ্রাজিষ্ণু বক্ত্রং নিচকর্ত্ত দেহাৎ ॥১৮॥
নিহত্য তং পার্থিবপুত্রপৌত্রং সংখ্যে যদূনামৃষভঃ প্রমাথী।
ততোঽন্বয়াদর্জ্জুনমেব বীরঃ সৈন্যানি রাজংস্তব সন্নিবার্য্য ॥১৯॥
অন্বাগতং বৃষ্ণিবরং সমীক্ষ্য তথারিমধ্যে পরিবর্ত্তমানম্।
ঘ্নন্তং কুরূণামিষুভির্ব্বলানি পুনঃ পুনর্ব্বায়ুমিবাভ্রপূগান্ ॥২০॥
ততোঽবহন্ সৈন্ধবাঃ সাধু দান্তা গোক্ষীরকুন্দেন্দুহিমপ্রকাশাঃ।
সুবর্ণজালাবততাঃ সদশ্বা যতো যতঃ কাময়তে নৃসিংহঃ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুনরিতি। আকর্ণপূর্ণৈঃ আকর্ণাকৃষ্টধনুর্নিক্ষিপ্তৈঃ। তে বাণাঃ ॥১৫॥
তৈরিতি। অস্য সাত্যকেঃ, অগ্নিবদুজ্জ্বলৈঃ অনিলবদ্বেগবদ্ভিশ্চ। প্রসহ্য হঠেন ॥১৬॥
তথেতি। তরস্বী বলবান্, শিনের্নপ্তা পৌত্রঃ, চক্রধরপ্রভাবঃ কৃষ্ণতুল্যপ্রভাবঃ ॥১৭॥
অথেতি। সূতস্য সারথেঃ, নিকৃত্য ছিত্ত্বা। ভ্রাজিষ্ণু উজ্জ্বলম্, নিচকর্ত্ত চিচ্ছেদ ॥১৮॥
নিহত্যেতি। পার্থিবয়োরেব পুত্রশ্চাসৌ পৌত্রশ্চেতি তম্। প্রমাথী শত্রুমর্দ্দী ॥১৯॥

অলম্বুষ সেই বাণগুলিদ্বারা সাত্যকির দেহ বিদীর্ণ করিয়া অগ্নির ন্যায় উজ্জ্বল, বায়ুর তুল্য বেগবান্ ও সুধার অপর চারিটা বাণদ্বারা সাত্যকির রজততুল্য শুভ্রবর্ণ চারিটা অশ্বকে সবলে আঘাত করিলেন ॥১৬॥

অলম্বুষ সেইভাবে আঘাত করিলে, বলবান্ ও কৃষ্ণের তুল্য প্রভাবশালী সাত্যকি মহাবেগযুক্ত চারিটা বাণদ্বারা অলম্বুষের চারিটা অশ্বকে বধ করিলেন ॥১৭॥

তৎপরে সাত্যকি অলম্বুষের সারথির মস্তক ছেদন করিয়া প্রলয়কালের অগ্নির ন্যায় উজ্জ্বল একটা ভল্লদ্বারা কুণ্ডলযুক্ত, পূর্ণচন্দ্রের ন্যায় সুন্দর ও উজ্জ্বল অলম্বুষের মুখখানিকে দেহ হইতে কাটিয়া ফেলিলেন ॥১৮॥

রাজা! তদনন্তর যদুবংশশ্রেষ্ঠ ও শত্রুবিমর্দ্দী মহাবীর সাত্যকি রাজার পুত্র ও রাজারই পৌত্র অলম্বুষকে বধ করিয়া আপনার সৈন্যগণকে বারণপূর্ব্বক অর্জ্জুনের দিকেই গমন করিতে লাগিলেন ॥১৯॥

(১৭)…চক্রধরপ্রবীরঃ…পি। (২০)…বৃষ্ণিবীরম্…বা নি।

অথাত্মজাস্তে সহিতাভিপেতুরন্যে চ যোধাস্ত্বরিতাস্ত্বদীয়াঃ।
কৃত্বা মুখং ভারত! যোধমুখ্যং দুঃশাসনং ত্বৎসুতমাজমীঢ়!॥২২॥
তে সর্ব্বতঃ সম্পরিবার্য্য সংখ্যে শৈনেয়মাজঘ্নুরনীকসাহাঃ।
স চাপি তান্ প্রবরঃ সাত্বতানাং ন্যবারয়দ্বাণজালেন বীরঃ॥২৩॥
নিবার্য্য তাংস্তূর্ণমমিত্রঘাতী নপ্তা শিনেঃ পত্রিভিরগ্নিকল্পৈঃ।
দুঃশাসনস্যাভিজঘান বাহানুদ্যম্য বাণাসনমাজমীঢ়!।
ততোঽর্জ্জুনো হর্ষমবাপ সংখ্যে কৃষ্ণশ্চ দৃষ্ট্বা পুরুষপ্রবীরম্॥২৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে অলম্বুষরাজবধে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

অন্বিতি। অন্বাগতং শক্রসঙ্কটান্নির্গতম্। অভ্রপূগান্ মেঘসমূহান্। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ, সাধু সম্যক্, দান্তাঃ শিক্ষিতাঃ, গোক্ষীরাদিবচ্ছুভ্রা ইত্যর্থঃ। সুবর্ণজালেন অবততা আবৃতদেহাঃ॥২০—২১॥

অথেতি। সহিতাভিপেতুরিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। মুখমগ্রবর্ত্তিনম্॥২২॥

তইতি। সম্পরিবার্য্য পরিবেষ্ট্য। অনীকং শত্রুসৈন্যং সহন্ত ইতি তে। কর্ণ্যবাণ॥২৩॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সাত্যকি এক শত্রুসঙ্কট হইতে নির্গত হইয়া অন্য শত্রুসমূহমধ্যে আসিয়া পড়িয়াছেন এবং বায়ু যেমন মেঘসমূহ বিনাশ করে, সেইরূপ বাণদ্বারা বার বার কৌরবসৈন্য বিনাশ করিতেছেন, এই সমস্ত দেখিয়া সিন্ধুদেশীয়, সম্যক্ শিক্ষিত, গোদুগ্ধ, কুন্দপুষ্প, চন্দ্র ও হিমের ন্যায় শুভ্রবর্ণ এবং স্বর্ণজালে আবৃতদেহ উত্তম অশ্বগণ—নরশ্রেষ্ঠ সাত্যকি যে দিকে যে দিকে যাইবার ইচ্ছা করিতে লাগিলেন, সেই দিকে সেই দিকেই তাঁহাকে বহন করিয়া লইয়া যাইতে লাগিল॥২০—২১॥

অজমীঢ়বংশীয় ভরতনন্দন! তাহার পর আপনার পুত্রেরা এবং আপনার পক্ষের অন্য যোদ্ধারা সম্মিলিত ও ত্বরান্বিত হইয়া আপনার পুত্র যোদ্ধৃশ্রেষ্ঠ দুঃশাসনকে অগ্রবর্ত্তী করিয়া সাত্যকির অভিমুখে ধাবিত হইলেন॥২২॥

বিপক্ষসৈন্যনিবারণনিপুণ সেই বীরেরা সকল দিকে সাত্যকিকে বেষ্টন করিয়া আঘাত করিতে লাগিলেন। তখন সাত্বতবংশশ্রেষ্ঠ মহাবীর সাত্যকিও বাণসমূহদ্বারা তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন॥২৩॥

(২৩)⋯ অনীকসংঘাঃ⋯পি। * '⋯অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '⋯চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———(॰॰)———

সঞ্জয় উবাচ।

তমুদ্যতং মহাবাহুং দুঃশাসনরথং প্রতি।
ত্বরিতং ত্বরণীয়েষু ধনঞ্জয়জয়ৈষিণম্ ॥১॥
ত্রিগর্ত্তানাং মহেষ্বাসাঃ সুবর্ণবিকৃতধ্বজাঃ।
সেনাসমুদ্রমাবিষ্টমনন্তং পর্য্যবারয়ন্ ॥২॥ (যুগ্মকম্)
অথৈনং রথবংশেন সর্ব্বতঃ সন্নিবার্য্য তে।
অবাকিরন্ শরব্রাতৈঃ ক্রুদ্ধাঃ পরমধন্বিনঃ ॥৩॥

ভারতকৌমুদী

নিবার্য্যেতি। বাহান্ অশ্বান্, বাণাসনং ধনুঃ। পুরুষপ্রবীরং সাত্যকিম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে একবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——০॥০——

তমিতি। ত্বরণীয়েষু ত্বরয়া সম্পাদ্যেষু কর্ম্মসু। আবিষ্টং প্রবিষ্টম্ ॥১—২॥

অথেতি। রথানাং বংশেন সমূহেন, সন্নিবার্য্য পরিবেষ্ট্য। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৩॥

এবং অজমীঢ়নন্দন! শক্রহন্তা সাত্যকি সত্বর তাঁহাদিগকে বারণ করিয়া ধনু উত্তোলনপূর্ব্বক অগ্নিতুল্য বাণসমূহদ্বারা দুঃশাসনের অশ্বগুলিকে বধ করিলেন। পরে কৃষ্ণ ও অর্জ্জুন পুরুষশ্রেষ্ঠ সাত্যকিকে দেখিয়া আনন্দ লাভ করিলেন' ॥২৪॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'অর্জ্জুনের জয়াভিলাষী মহাবাহু সাত্যকি দুঃশাসনের রথের দিকে গমন করিতে উদ্যত এবং সত্বর কর্ত্তব্য কার্য্যের প্রতি ত্বরান্বিত হইয়া অনন্ত কৌরবসৈন্যসমুদ্রমধ্যে প্রবেশ করিলে, স্বর্ণখচিতধ্বজ ত্রিগর্ত্তদেশীয় মহাধনুর্দ্ধরেরা যাইয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥১—২॥

অনন্তর সেই মহাধনুর্দ্ধরেরা ক্রুদ্ধ হইয়া রথসমূহদ্বারা সাত্যকিকে পরিবেষ্টন করিয়া তাঁহার উপরে বাণসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩॥

---

(১)···ধনঞ্জয়জয়ৈষিণঃ—পি। (২)···সাত্বতং পর্য্যবারয়ন্—পি।

অজয়দ্রাজপুত্রাংস্তান্ যতমানান্ মহারণে।
একঃ পঞ্চাশতং শত্রূন্ সাত্যকিঃ সত্যবিক্রমঃ ॥৪॥
সম্প্রাপ্য ভারতীমধ্যং তলঘোষসমাকুলম্।
অসিশক্তিগদাপূর্ণমপ্লবং সলিলং যথা ॥৫॥ (যুগ্মকম্)
তত্রাদ্ভুতমপশ্যাম শৈনেয়চরিতং রণে।
প্রতীচ্যাং দিশি তং দৃষ্ট্বা প্রাচ্যাং পশ্যাম লাঘবাৎ ॥৬॥
উদীচীং দক্ষিণাং প্রাচীং প্রতীচীং বিদিশস্তথা।
নৃত্যন্নিবাচরচ্ছূরো যথা রথশতং তথা ॥৭॥
তদ্দৃষ্ট্বা চরিতং তস্য সিংহবিক্রান্তগামিনঃ।
ত্রিগর্ত্তাঃ সংন্যবর্ত্তন্ত সন্তপ্তাঃ স্বজনং প্রতি ॥৮॥
তমন্যে শূরসেনানাং শূরাঃ সংখ্যে ন্যবারয়ন্।
নিয়চ্ছন্তঃ শরব্রাতৈর্মত্তং দ্বিপমিবাঙ্কুশৈঃ ॥৯॥

ভারতকৌমুদী

অজয়দিতি। যতমানান্ জয়ে। ভারতী কৌরবী সেনা তস্যা মধ্যম্, তলঘোষেণ হস্তাবরণশব্দেন সমাকুলং ব্যাপ্তম্। অপ্লবং তরিশূন্যম্, সলিলং সমুদ্রজলম্ ॥৪—৫॥

তত্রেতি। শৈনেয়চরিতং সাত্যকিকার্য্যম্। লাঘবাৎ দ্রুতগমনাৎ ॥৬॥

উদীচীমিতি। বিদিশো দিগন্তরালানি। শূরঃ সাত্যকিঃ ॥৭॥

তদিতি। সিংহ ইব বিক্রান্তেন বিক্রমেণ গচ্ছতীতি তস্য। সন্তপ্তাঃ শোকেন ॥৮॥

তমিতি। নিয়চ্ছন্তঃ স্বস্থান এব স্থাপয়ন্তঃ, শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥৯॥

ক্রমে যথার্থবিক্রমশালী সাত্যকি নৌকাশূন্য সমুদ্রজলের তুল্য, অসি, শক্তি ও গদায় পরিপূর্ণ এবং হস্তাবরণের শব্দে সমাকুল কৌরবসৈন্যমধ্যে উপস্থিত হইয়া একাকীই মহাযুদ্ধে জয়ে যত্নশীল সেই পঞ্চাশ জন শত্রু রাজপুত্রকে জয় করিলেন ॥৪—৫॥

তখন আমরা যুদ্ধে সাত্যকির অদ্ভুত চরিত্র দেখিলাম। যে হেতু তাঁহাকে পশ্চিমদিকে দেখিয়া দ্রুতগামিতাবশতঃ পরক্ষণেই পূর্বদিকে দেখিয়াছিলাম ॥৬॥

শত রথীর ন্যায় একমাত্র রথী বীর সাত্যকি নৃত্য করিতে করিতেই যেন উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম ও কোণ দিকে বিচরণ করিতে লাগিলেন ॥৭॥

সিংহের ন্যায় বিক্রমের সহিত বিচরণকারী সাত্যকির সেই আচরণ দেখিয়া এবং আত্মীয়-স্বজন নিহত হওয়ায় শোকে সন্তপ্ত হইয়া ত্রিগর্ত্তেরা যুদ্ধ হইতে নিবৃত্তি পাইল ॥৮॥

(৫)···অপ্লবং সাগরং যথা—নি।

তৈর্ব্যবাহরদার্য্যাত্মা মুহূর্ত্তমিব সাত্যকিঃ।
ততঃ কলিঙ্গৈর্যুযুধে সোঽচিন্ত্যবলবিক্রমঃ ॥১০॥
তাঞ্চ সেনামতিক্রম্য কলিঙ্গানাং দুরত্যয়াম্।
অথ পার্থং মহাবাহুর্ধনঞ্জয়মুপাসদৎ ॥১১॥
তরন্নিব জলে শ্রান্তো যথা স্থলমুপেযিবান্।
তং দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রং যুযুধানঃ সমাশ্বসৎ ॥১২॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য কেশবঃ পার্থমব্রবীৎ।
অসাবায়াতি শৈনেয়স্তব পার্থ! পদানুগঃ ॥১৩॥
এষ শিষ্যঃ সখা চৈব তব সত্যপরাক্রমঃ।
সর্ব্বান্ যোধাংস্তৃণীকৃত্য বিজিগ্যে পুরুষর্ষভঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তৈরিতি। ব্যবাহরৎ যুদ্ধমকরোৎ, আর্য্যাত্মা দুরভিসন্ধিশূন্যচিত্তঃ ॥১০॥
তামিতি। দুরত্যয়াং দুস্তরাম্। উপাসদৎ উপাগমৎ ॥১১॥
তরন্নিতি। উপেযিবান্ প্রাপ্তবান্। যুযুধানঃ সাত্যকিঃ ॥১২॥
তমিতি। পার্থমর্জ্জুনম্। শৈনেয়ঃ সাত্যকিঃ। পদানুগঃ অনুচরঃ ॥১৩॥
এষ ইতি। তৃণীকৃত্য তৃণবদবজ্ঞায়, বিজিগ্যে বিজিতবান্ ॥১৪॥

সেই সময়ে শূরসেনদেশীয় বীরেরা অঙ্কুশদ্বারা মত্তহস্তীর ন্যায় বাণসমূহদ্বারা সাত্যকিকে স্বস্থানেই রাখিয়া যুদ্ধে বারণ করিতে লাগিলেন ॥৯॥

তখন অচিন্তনীয়বলবিক্রমশালী সাত্যকি মুহূর্ত্তকাল তাঁহাদের সঙ্গে সদ্ভাবে যুদ্ধ করিলেন, পরে কলিঙ্গদেশীয়গণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন ॥১০॥

ক্রমে মহাবাহু সাত্যকি সেই দুস্তর কলিঙ্গসৈন্যও অতিক্রম করিয়া পৃথানন্দন অর্জ্জুনের নিকটে উপস্থিত হইলেন ॥১১॥

জলে সন্তরণকারী লোক পরিশ্রান্ত হইয়া স্থল পাইয়া যেমন আশ্বস্ত হয়, সেইরূপ সাত্যকি পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুনকে দেখিয়া আশ্বস্ত হইলেন ॥১২॥

ওদিকে কৃষ্ণ সাত্যকিকে আসিতে দেখিয়া অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! ঐ তোমার অনুচর সাত্যকি আসিতেছেন ॥১৩॥

যথার্থবিক্রমশালী এই পুরুষশ্রেষ্ঠ তোমার শিষ্য ও সখা; ইনি সমস্ত বিপক্ষযোদ্ধাকে তৃণের ন্যায় অবজ্ঞাপূর্ব্বক জয় করিয়াছেন ॥১৪॥

(১০)···মুহূর্ত্তাদেব···বা নি।

এষ কৌরবযোধানাং কৃত্বা ঘোরমুপদ্রবম্।
তব প্রাণৈঃ প্রিয়তমঃ কিরীটিন্নেতি সাত্যকিঃ ॥১৫॥
এষ দ্রোণং তথা ভোজং কৃতবর্ম্মাণমেব চ।
কদর্থীকৃত্য বিশিখৈঃ ফাল্গুনাভ্যেতি সাত্যকিঃ ॥১৬॥
ধর্ম্মরাজপ্রিয়ান্বেষী হত্বা যোধান্ বরান্ বরান্।
শূরৈশ্চৈব কৃতাস্ত্রশ্চ ফাল্গুনাভ্যেতি সাত্যকিঃ ॥১৭॥
কৃত্বা সুদুষ্করং কর্ম্ম সৈন্যমধ্যে মহাবলঃ।
তব দর্শনমন্বিচ্ছন্ পাণ্ডবাভ্যেতি সাত্যকিঃ ॥১৮॥
বহূনেকরথেনাজৌ যোধয়িত্বা মহারথান্।
আচার্য্যপ্রমুখান্ পার্থ! প্রয়াত্যেষ স সাত্যকিঃ ॥১৯॥
স্ববাহুবলমাশ্রিত্য বিদার্য্য চ বরূথিনীম্।
প্রেষিতো ধর্ম্মরাজেন পার্থৈষোঽভ্যেতি সাত্যকিঃ ॥২০॥

ভারতকৌমুদী

অন্বয়ায় সানন্দমাহ এষ ইত্যাদি। উপদ্রবমুৎপীড়নম্। প্রাণৈস্তুল্য ইতি শেষঃ ॥১৫॥
এষ ইতি। ভোজং ভোজবংশীয়ম্। কদর্থীকৃত্য বিজিত্য, হে ফাল্গুন! অর্জ্জুন! ॥১৬॥
স কথং কৌরবেয়েণ সমরেষ্বনিবারিতঃ।
নিগৃহ্য ভূরিশ্রবসা বলাদ্ভুবি নিপাতিতঃ ॥২॥

সঞ্জয় উবাচ।

শৃণু রাজন্নিহোৎপত্তিং শৈনেয়স্য যথা পুরা।
যথা চ ভূরিশ্রবসো যত্র তে সংশয়ো নৃপ ! ॥৩॥
অত্রেঃ পুত্ত্রোঽভবৎ সোমঃ সোমস্য তু বুধঃ স্মৃতঃ।
বুধস্যৈলো মহেন্দ্রাভঃ পুত্ত্র আসীৎ পুরূরবাঃ ॥৪॥
পুরূরবস আয়ুস্তু আয়ুষো নহুষঃ সুতঃ।
নহুষস্য যযাতিস্তু রাজর্ষির্দেবসম্মিতঃ ॥৫॥
যযাতের্দেবযান্যাস্তু যদুর্জ্যেষ্ঠোঽভবৎ সুতঃ।
যদোরভূদন্ববায়ে দেবমীঢ় ইতি শ্রুতঃ ॥৬॥

ভারতকৌমুদী

স ইতি। নিগৃহ্য অভিভূয়। নিপাতিত এব ন নিহতঃ ॥২॥
শৃণ্বিতি। যথোৎপত্তিরভবৎ তথা তয়োরুৎপত্তিং শৃণ্বিত্যর্থঃ ॥৩॥
অত্রেরিতি। অত্রের্ব্রহ্মণো দ্বিতীয়মানসপুত্ত্রস্য। ঐল ইলায়াং জাতঃ ॥৪॥
পুরূরবস ইতি। দেবসম্মিতো দেবতুল্যঃ ॥৫॥
যযাতেরিতি। দেবযান্যাং তদাখ্যায়াং শুক্রতনয়ায়াম্। অন্ববায়ে বংশে ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বীর সাত্যকি যুধিষ্ঠিরের নিকটে অর্জ্জুনের দর্শন ও তাঁহার সংবাদ প্রদান করিতে স্বীকার করিয়া নির্গত হইয়াছিলেন; কিন্তু দ্রোণ, কর্ণ, বিকর্ণ ও কৃতবর্ম্মা তাঁহাকে জয় করিতে না পারায় তিনি কৌরবসৈন্যসাগর উত্তীর্ণ হইয়া গিয়াছিলেন ॥১॥

সুতরাং বহুযুদ্ধে অনিবারিত সেই সাত্যকিকে কুরুবংশীয় ভূরিশ্রবা কি প্রকারে বলপূর্ব্বক অভিভূত করিয়া ভূতলে পাতিত করিয়াছিলেন?' ॥২॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ রাজা! পূর্ব্বে যেভাবে সাত্যকি ও ভূরিশ্রবার উৎপত্তি হইয়াছিল এবং যে বিষয়ে আপনার সন্দেহ হইতেছে, তাহা আপনি শ্রবণ করুন ॥৩॥

অত্রির পুত্র চন্দ্র, চন্দ্রের পুত্র বুধ, বুধের ঔরসে ইলার গর্ভে 'পুরূরবা-'নামে ইন্দ্রের তুল্য এক পুত্র হইয়াছিল ॥৪॥

সেই পুরূরবার পুত্র আয়ু, আয়ুর পুত্র নহুষ এবং নহুষের পুত্র যযাতি। সেই যযাতি রাজর্ষি ও দেবতার তুল্য প্রভাবশালী ছিলেন ॥৫॥

(৪)…বুধস্যৈকঃ…বা,…বুধস্যৈলো মহাবাহুঃ…নি। (৬)…আজমীঢ় ইতি শ্রুতঃ—নি।

যাদবস্তস্য তু সুতঃ শূরস্ত্রৈলোক্যসম্মতঃ।
শূরস্য শৌরিনৃবরো বসুদেবো মহাযশাঃ ॥৭॥
ধনুষ্যনবরঃ শূরঃ কার্ত্তবীর্য্যসমো যুধি।
তদ্বীর্য্যশ্চাপি তত্রৈব কুলে শিনিরভূন্নৃপ! ॥৮॥
এতস্মিন্নেব কালে তু দেবকস্য মহাত্মনঃ।
দুহিতুঃ স্বয়ম্বরে রাজন্! সর্ব্বক্ষত্রসমাগমে ॥৯॥
তত্র বৈ দেবকীং দেবীং বসুদেবার্থমাশু বৈ।
নির্জ্জিত্য পার্থিবান্ সর্ব্বান্ রথমারোপয়চ্ছিনিঃ ॥১০॥ (যুগ্মকম্)
তাং দৃষ্ট্বা দেবকীং শূরো রথস্থাং পুরুষর্ষভ!।
নামৃষ্যত মহাতেজাঃ সোমদত্তঃ শিনের্নৃপ! ॥১১॥
তয়োর্যুদ্ধমভূদ্রাজন্! দিনার্দ্ধং চিত্রমদ্ভুতম্।
বাহুযুদ্ধং সুবলিনোঃ প্রসক্তং পুরুষর্ষভ! ॥১২॥

ভারতকৌমুদী

যাদব ইতি। শূরো নাম। শূরস্যাপত্যং পুত্র ইতি শৌরিঃ ॥৭॥

ধনুষীতি। অনবরঃ অনিকৃষ্টঃ, কার্ত্তবীর্য্যসমঃ শূরো যুদ্ধে শিক্ষিতঃ। তদ্বীর্য্যস্তদ্বদ্বলবান্ ॥৮॥

এতস্মিন্নিতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। দেবকীং তদাখ্যাং দেবককন্যাম্ ॥৯-১০॥

তামিতি। শূরো বীরঃ। নামৃষ্যত নাসহত, সোমদত্তো নাম কৌরবঃ ॥১১॥

যযাতির জ্যেষ্ঠপুত্র যদু দেবযানীর গর্ভে জন্ম গ্রহণ করেন। কালক্রমে সেই যদুর বংশে দেবমীঢ় উৎপন্ন হন ॥৬॥

সেই দেবমীঢ়ের 'শূর-'নামে একটী পুত্র হয়, তিনি যথাকালে ত্রিভুবনের প্রিয় হইয়াছিলেন। সেই শূরের পুত্র—মনুষ্যশ্রেষ্ঠ মহাযশা বসুদেব ॥৭॥

রাজা! সেই যদুবংশে ধনুর্ব্বেদে সুশিক্ষিত এবং যুদ্ধে কার্ত্তবীর্য্যার্জ্জুনের তুল্য বীর ও বলবান্ 'শিনি-'নামে একব্যক্তি জন্মগ্রহণ করেন ॥৮॥

রাজা! এই সময়ে মহাত্মা দেবকের কন্যার স্বয়ম্বরসভায় সমস্ত ক্ষত্রিয় উপস্থিত হন; তখন শিনি সকল রাজাকে পরাজিত করিয়া বসুদেবের জন্য দেবকীদেবীকে রথে আরোহণ করান ॥৯—১০॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! সেই দেবকীদেবীকে শিনির রথে অবস্থিত দেখিয়া বীর ও মহাতেজা সোমদত্ত সহ্য করিলেন না ॥১১॥

---

(১১)…রথস্থাং পুরুষর্ষভঃ…বা নি।

শিনিনা সোমদত্তস্তু প্রসহ্য ভুবি পাতিতঃ।
অসিমুদ্যম্য কেশেষু প্রগৃহ্য চ পদাহতঃ ॥১৩॥
মধ্যে রাজসহস্রাণাং প্রেক্ষকাণাং সমন্ততঃ।
কৃপয়া চ পুনস্তেন স জীবেতি বিসর্জ্জিতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
তদবস্থঃ কৃতস্তেন সোমদত্তোঽথ মারিষ !।
প্রাসাদয়ন্মহাদেবমমর্ষবশমাস্থিতঃ ॥১৫॥
তস্য তুষ্টো মহাদেবো বরদানাং মহাপ্রভুঃ।
বরেণ চ্ছন্দয়ামাস স তু বব্রে বরং নৃপ ! ॥১৬॥
পুত্রমিচ্ছামি ভগবন্ ! যো নিপাত্য শিনেঃ সুতম্।
মধ্যে রাজসহস্রাণাং পদাহন্যাচ্চ সংযুগে ॥১৭॥

ভারতকৌমুদী

তয়োরিতি। যুদ্ধং প্রথমমস্ত্রৈঃ। প্রসক্তং প্রবৃত্তম্ ॥১২॥
শিনিনেতি। প্রসহ্য বলেন। উদ্যম্য উত্তোল্য। তেন শিনিনা, স সোমদত্তঃ ॥১৩-১৪॥
তদিতি। প্রাসাদয়দারাধনেন, মহাদেবং শিবম্ ॥১৫॥
তস্যেতি। মহাপ্রভুরতীবপ্রধানঃ। বরেণ বরদানাঙ্গীকারেণ, ছন্দয়ামাস তোষয়ামাস ॥১৬॥
পুত্রমিতি। শিনের্নপ্তা শিনেঃ পৌত্র ইত্যাদিপূর্ব্বোক্তেঃ সুতপদং বংশ্যপরম্ ॥১৭॥

পুরুষশ্রেষ্ঠ রাজা ! তদনন্তর দিবসার্দ্ধপর্য্যন্ত বলবান্ সেই শিনি ও সোমদত্তের বিচিত্র ও অদ্ভুত যুদ্ধ হইল ; পরে তাঁহাদের বাহুযুদ্ধ আরম্ভ হইল ॥১২॥

ক্রমে সমস্ত দিকে অবস্থিত দর্শক সহস্র সহস্র রাজার মধ্যে শিনি বলপূর্ব্বক সোমদত্তকে ভূতলে নিপাতিত করিয়া কেশাকর্ষণ ও অসি উত্তোলনপূর্ব্বক পদাঘাত করিলেন এবং দয়া করিয়া পুনরায় তিনি 'জীবিত থাক' বলিয়া সোমদত্তকে ছাড়িয়া দিলেন ॥১৩—১৪॥

মাননীয় রাজা ! শিনি সেই অবস্থা করায় সোমদত্ত অত্যন্ত ক্রুদ্ধ হইয়া যাইয়া বহু আরাধনা করিয়া মহাদেবকে প্রসন্ন করেন ॥১৫॥

রাজা ! বরদাতৃগণের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ মহাদেব সোমদত্তের উপরে সন্তুষ্ট হইয়া বরদান করিবার অঙ্গীকার করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিলেন ; তিনিও বর চাহিলেন ॥১৬॥

'ভগবন্ ! আমি এমন পুত্র লাভ করিতে ইচ্ছা করি যে, যুদ্ধে সহস্র সহস্র রাজার মধ্যে শিনির বংশধরকে ভূতলে পাতিত করিয়া পদাঘাত করিতে পারিবে' ॥১৭॥

(১৬)···বরাণাং বরদঃ প্রভুঃ···বা নি,···নৃপঃ···বা নি বর্দ্ধ।

তস্য তদ্বচনং শ্রুত্বা সোমদত্তস্য পার্থিব !।
এবমস্ত্বিতি তত্রোক্ত্বা স দেবোঽন্তরধীয়ত।
স তেন বরদানেন লব্ধবান্ ভূরিদক্ষিণম্ ॥১৮॥
ন্যপাতয়চ্চ সমরে সৌমদত্তিঃ শিনেঃ সুতম্।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং পদা চৈনমতাড়য়ৎ ॥১৯॥
এতত্তে কথিতং রাজন্ ! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি।
নহি শক্যো রণে জেতুং সাত্বতো মনুজর্ষভৈঃ ॥২০॥
লব্ধলক্ষ্যাশ্চ সংগ্রামে বহুশশ্চিত্রযোধিনঃ।
দেবদানবগন্ধর্ব্বান্ বিজেতারো হ্যবিস্মিতাঃ।
স্ববীর্য্যাবজয়ে যুক্তা নৈতে পরপরিগ্রহাঃ ॥২১॥
ন তুল্যং বৃষ্ণিভিরিহ দৃশ্যতে কিঞ্চন প্রভো !।
ভূতং ভব্যং ভবিষ্যঞ্চ বলেন ভরতর্ষভ ! ॥২২॥

ভারতকৌমুদী

তস্যেতি। স সোমদত্তঃ। ভূরিদক্ষিণং ভূরিশ্রবসম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥

ন্যপাতয়দিতি। সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, শিনেঃ সুতং পৌত্রং সাত্যকিম্ ॥১৯॥

এতদিতি। শিনেঃ সুতমিত্যনেন সাত্যকেরুৎপত্তিরপি ব্যাখ্যাতেতি ন ন্যূনতা ॥২০॥

লব্ধেতি। স্ববীর্য্যেণৈব অবজয়ে শত্রুজয়ে, যুক্তা যোগ্যাঃ, পরপরিগ্রহাঃ পরবলাশ্রয়াঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

নেতি। কিঞ্চন বলম্। ভব্যং বর্ত্তমানম্, বলেন শক্ত্যা ॥২২॥

রাজা ! মহাদেব সোমদত্তের সেই কথা শুনিয়া 'এইরূপই হউক' এই কথা বলিয়া সেইস্থানেই অন্তর্হিত হইলেন। সোমদত্তও যথাকালে সেই বরের প্রভাবে ভূরিশ্রবাকে পুত্ররূপে লাভ করিয়াছিলেন ॥১৮॥

এই জন্যই ভূরিশ্রবা যুদ্ধে সাত্যকিকে ভূতলে পাতিত করিতে এবং সমস্ত সৈন্যের সমক্ষে উঁহাকে পদাঘাত করিতে পারিয়াছিলেন ॥১৯॥

রাজা ! আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহা এই বলিলাম। স্থূল কথা—প্রধান মানুষেরাও যুদ্ধে সাত্যকিকে জয় করিতে সমর্থ হন না ॥২০॥

এই যদুবংশীয়েরা যুদ্ধে বহু লক্ষ্য পাইয়াছেন, বিচিত্র যুদ্ধ করিয়া থাকেন, দেব, দানব ও গন্ধর্ব্বদিগকে জয় করিতে পারেন, তাহাতেও বিস্মিত হন না, আপন শক্তিতেই বিপক্ষজয় করিতে সমর্থ এবং পরের শক্তি অবলম্বন করেন না ॥২১॥

ন জ্ঞাতিমবমন্যন্তে বৃদ্ধানাং শাসনে রতাঃ।
ন দেবাসুরগন্ধর্ব্বা ন যক্ষোরগরাক্ষসাঃ।
জেতারো বৃষ্ণিবীরাণাং কিং পুনর্মানবা রণে ॥২৩॥
ব্রহ্মদ্রব্যে গুরুদ্রব্যে জ্ঞাতিস্বে চাপ্যহিংসকাঃ।
এতেষাং রক্ষিতারশ্চ যে স্যুঃ কস্যাঞ্চিদাপদি ॥২৪॥
অর্থবন্তো ন চোৎসিক্তা ব্রহ্মণ্যাঃ সত্যবাদিনঃ।
সর্ব্বথা নাবমন্যন্তে দীনানভ্যুদ্ধরন্তি চ ॥২৫॥
নিত্যং দেবপরা দান্তা দাতারশ্চাবিকত্থনাঃ।
তেন বৃষ্ণিপ্রবীরাণাং চক্রং ন প্রতিহন্যতে ॥২৬॥

ভারতকৌমুদী

নেতি। বৃদ্ধানাং শাসনে রতা ইত্যনেন সৎপথবর্ত্তিত্বং সূচিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥
ব্রহ্মেতি। ব্রহ্মদ্রব্যে ব্রাহ্মণধনে। যে স্যুস্তেষাং দ্রব্যে চাহিংসকা ইতি সম্বন্ধঃ ॥২৪॥
অর্থেতি। উৎসিক্তা গর্বিতাঃ, ব্রহ্মণ্যা ব্রাহ্মণহিতকারিণঃ। নাবমন্যন্তে কমপি ॥২৫॥
নিত্যমিতি। দান্তা বিনীতাঃ। অবিকত্থনা অনাত্মশ্লাঘাকারিণঃ। চক্রং সৈন্যম্ ॥২৬॥

ভারতভাবদীপঃ

অজিত ইতি ॥১—২০॥ পরপরিগ্রহাঃ পরাধীনাঃ ॥২১—২৫॥ চক্রং প্রতাপঃ ॥২৬—২৮॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৫॥

ভরতনন্দন রাজা! জগতে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান কোন যোদ্ধাকেই শক্তিতে বৃষ্ণিবংশীয়দের সমান দেখা যায় না ॥২২॥

যদুবংশীয়েরা জ্ঞাতির অবমাননা করেন না, বৃদ্ধদিগের শাসনে থাকেন এবং দেব, দানব, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও নাগেরা ইহাদিগকে যুদ্ধে জয় করিতে পারেন না; তাহাতে মানবগণের কথা আর কি বলিব ॥২৩॥

ইহারা ব্রাহ্মণদ্রব্য, গুরুদ্রব্য, বা জ্ঞাতিদ্রব্যে হিংসা করেন না, কিংবা কোন বিপদে যাহারা ইহাদিগকে রক্ষা করে, তাহাদের দ্রব্যেও হিংসা করেন না ॥২৪॥

ইহারা ধনবান্ অথ চ গর্বিত নহেন এবং ব্রাহ্মণহিতকারী ও সত্যবাদী; আর উহারা কোন ব্যক্তিরই অবমাননা করেন না এবং দুঃস্থদিগকে উদ্ধার করেন ॥২৫॥

আর যদুবংশীয়েরা চিরদিন দেবতাভক্ত, বিনীত, দাতা ও অনাত্মশ্লাঘাকারী। সেই জন্যই যদুবংশীয়দের সৈন্য কোথাও প্রতিহত হয় না ॥২৬॥

---

(২৫)···সমর্থান্ নাবমন্যন্তে···বা নি। (২৬)···ত্রাতারশ্চাবিকত্থনাঃ···বা নি।

অপি মেরুং বহেৎ কশ্চিত্তরেদ্বা মকরালয়ম্ ।
ন তু বৃষ্ণিপ্রবীরাণাং সমেত্যান্তং ব্রজেন্নৃপ ! ॥২৭॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং যত্র তে সংশয়ো বিভো ! ।
কুরুরাজ ! নরশ্রেষ্ঠ ! তব হ্যপনয়ো মহান্ ॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে বৃষ্ণিবংশপ্রশংসায়াং পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——***——

ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———(ঃ*ঃ)———

ধৃতরাষ্ট্র উবাচ ।
তদবস্থে হতে তস্মিন্ ভূরিশ্রবসি কৌরবে ।
যথা ভূয়োঽভবদ্যুদ্ধং তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥১॥

ভারতকৌমুদী

অপীতি । মকরালয়ং সমুদ্রম্ । অন্তং যুদ্ধে সমীপম্ ॥২৭॥

এতদিতি । অপনয়ো দুর্নীতিঃ । অত এবায়ং স্বজনক্ষয় ইতি ভাবঃ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ০ঃ——

তদিতি । সা প্রায়োপবেশনরূপা অবস্থা যস্য তস্মিন্ । ভূয়ঃ পুনঃ ॥১॥

রাজা ! কোন লোক হয় ত সুমেরুপর্ব্বত বহন করিতে পারে, কিংবা সমুদ্র পার হইতে সমর্থ হয় ; কিন্তু যুদ্ধে বৃষ্ণিবংশীয় বীরগণের নিকটে যাইয়া ফিরিয়া যাইতে সমর্থ হয় না ॥২৭॥

প্রভু ! আপনার যে বিষয়ে সন্দেহ ছিল, এই সে সমস্ত বিষয় আপনার নিকট বলিলাম। স্থূল কথা—কুরুরাজ ! নরশ্রেষ্ঠ ! আপনারই গুরুতর দুর্নীতি' ॥২৮॥

---

(২৮)···তব বাপনয়ো মহান্—নি। * '···দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সঞ্জয় উবাচ।

ভূরিশ্রবসি সংক্রান্তে পরলোকায় ভারত !।
বাসুদেবং মহাবাহুরর্জ্জুনঃ সমচূচুদৎ ॥২॥
চোদয়াশ্বান্ ভৃশং কৃষ্ণ ! যতো রাজা জয়দ্রথঃ।
প্রতিজ্ঞাং সফলাঞ্চাপি কর্ত্তুমর্হসি মেঽনঘ ! ॥৩॥
অস্তমেতি মহাবাহো ! ত্বরমাণো দিবাকরঃ।
এতদ্ধি পুরুষব্যাঘ্র ! মহদভ্যুদ্যতং ময়া।
কার্য্যং সংরক্ষ্যতে চৈব কুরুসেনামহারথৈঃ ॥৪॥
নাস্তমেতি যথা সূর্য্যো যথা সত্যং ভবেদ্বচঃ।
চোদয়াশ্বাংস্তথা কৃষ্ণ ! যথা হন্যাং জয়দ্রথম্ ॥৫॥
ততঃ কৃষ্ণো মহাবাহু রজতপ্রতিমান্ হয়ান্।
হয়জ্ঞশ্চোদয়ামাস জয়দ্রথরথং প্রতি ॥৬॥

ভারতকৌমুদী

ভূরীতি। সংক্রান্তে গতে। সমচূচুদৎ প্রেরিতবান্ আদিষ্টবানিত্যর্থঃ ॥২॥
চোদয়েতি। চোদয় প্রেরয়। যতো যত্র বর্ত্তত ইতি শেষঃ ॥৩॥
এতদিতি। অভ্যুদ্যতং কর্ত্তুম্। সংরক্ষ্যতে জয়দ্রথঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥
নেতি। বচঃ পূর্ব্বকৃতা প্রতিজ্ঞা। চোদয় প্রেরয়। হন্যাং হন্তুং শক্নুয়াম্ ॥৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! প্রায়োপবিষ্ট কুরুবংশীয় সেই ভূরিশ্রবা নিহত হইলে, পুনরায় যেরূপ যুদ্ধ হইয়াছিল, তাহা আমার নিকট বল' ॥১॥

সঞ্জয় কহিলেন—'ভরতনন্দন ! ভূরিশ্রবা পরলোকে গমন করিলে, মহাবাহু অর্জ্জুন কৃষ্ণকে আদেশ করিলেন—॥২॥

'কৃষ্ণ ! রাজা জয়দ্রথ যেস্থানে রহিয়াছেন, সেই দিকে ঘোড়াগুলিকে চালাইয়া দাও ; নিষ্পাপ ! আমার প্রতিজ্ঞা সফল কর ॥৩॥

মহাবাহু পুরুষশ্রেষ্ঠ ! সূর্য্য সত্বর অস্ত যাইতেছেন, আমি এই গুরুতর কার্য্য করিতে উদ্যত হইয়াছি, ওদিকেও কৌরবসৈন্যের মহারথেরা জয়দ্রথকে রক্ষা করিতেছেন ॥৪॥

কৃষ্ণ ! যাহাতে সূর্য্য অস্ত না যান, যাহাতে আমার প্রতিজ্ঞা সত্য হয় এবং আমি যাহাতে জয়দ্রথকে বধ করিতে পারি, সেইভাবে ঘোড়াগুলিকে চালাও' ॥৫॥

(৩) চোদয়াশ্বান্ হৃষীকেশ ! যত্র সৈন্ধবকো নৃপঃ···পি। ইতঃ পরং 'শ্রূয়তে পুণ্ডরীকাক্ষ ! ত্রিষু ধর্ম্মেষু বর্ত্ততে' ইতি পাঠঃ পি নি। ইতঃ প্রভৃতি পাঠবিপ্লবা এব বিদ্যন্তে।

তং প্রয়ান্তমমোঘেষুমুৎপতদ্ভিরিবাশুগৈঃ।
ত্বরমাণা মহারাজ! সেনামুখ্যাঃ সমাদ্রবন্ ॥৭॥
দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ বৃষসেনোঽথ মদ্ররাট্।
অশ্বত্থামা কৃপশ্চৈব স্বয়মেব চ সৈন্ধবঃ ॥৮॥ (যুগ্মকম্)
সমাসাদ্য চ বীভৎসুঃ সৈন্ধবং প্রমুখে স্থিতম্।
নেত্রাভ্যাং ক্রোধদীপ্তাভ্যাং সংপ্রৈক্ষন্নির্দহন্নিব ॥৯॥
ততো দুর্য্যোধনো রাজা রাধেয়ং ত্বরিতোঽব্রবীৎ।
অর্জ্জুনং প্রেক্ষ্য সংযান্তং জয়দ্রথরথং প্রতি ॥১০॥
অয়ং স বৈকর্ত্তন! যুদ্ধকালো বিদর্শয়স্বাত্মবলং মহাত্মন্!।
যথা ন বধ্যেত রণেঽর্জ্জুনেন জয়দ্রথঃ কর্ণ! তথা কুরুষ্ব ॥১১॥
অল্পাবশেষো দিবসো নৃবীর! বিঘাতয়স্বাদ্য রিপুং শরৌঘৈঃ।
দিনক্ষয়ং প্রাপ্য নরপ্রবীর! ধ্রুবো হি নঃ কর্ণ! জয়ো ভবিষ্যতি ॥১২॥

ভারতকৌমুদী

তত ইতি। রজতপ্রতিমান্ শুভ্রান্। হয়জ্ঞঃ অশ্বচালনাদিকৌশলবিৎ ॥৬॥
তমিতি। আশুগৈর্দ্রুতগামিভিরশ্বৈঃ। সমাদ্রবন্নভ্যধাবন্। সৈন্ধবো জয়দ্রথঃ ॥৭—৮॥
সমাসাদ্যেতি। বীভৎসুরর্জ্জুনঃ, প্রমুখে অগ্রতঃ। সংপ্রৈক্ষৎ সংপ্রৈক্ষত ॥৯॥
তত ইতি। রাধেয়ং কর্ণম্ ॥১০॥
অয়মিতি। হে বৈকর্ত্তন! কর্ণ! বিদর্শয়স্ব যোধবর্গমিতি শেষঃ ॥১১॥
অল্পেতি। বিঘাতয়স্বেতি স্বার্থে ইন্। ধ্রুবো নিশ্চিতঃ ॥১২॥

তদনন্তর মহাবাহু ও অশ্বকৌশলজ্ঞ কৃষ্ণ জয়দ্রথের রথের দিকে রৌপ্যতুল্য শুভ্রবর্ণ অশ্বগুলিকে চালাইয়া দিলেন ॥৬॥

মহারাজ! অব্যর্থবাণ অর্জ্জুন আসিতে লাগিলে, দুর্য্যোধন, কর্ণ, বৃষসেন, শল্য, অশ্বত্থামা, কৃপ এবং স্বয়ং জয়দ্রথ এই সকল প্রধান যোদ্ধা উড্ডীয়মানের ন্যায় দ্রুতগামী অশ্বগণের গুণে ত্বরান্বিত হইয়া অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৭—৮॥

ওদিকে অর্জ্জুন উপস্থিত হইয়া ক্রোধপ্রদীপ্ত নয়নদ্বারা সম্মুখবর্ত্তী জয়দ্রথকে দগ্ধ করতই যেন দর্শন করিতে লাগিলেন ॥৯॥

তদনন্তর রাজা দুর্য্যোধন অর্জ্জুনকে জয়দ্রথের রথের দিকে যাইতে দেখিয়া ত্বরান্বিত হইয়া কর্ণকে বলিলেন—॥১০॥

'কর্ণ! এই সেই যুদ্ধের সময়। অতএব মহাত্মন্! নিজের শক্তি দেখাও। কর্ণ! যাহাতে অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিতে না পারে, তাহা কর ॥১১॥

সৈন্ধবে রক্ষ্যমাণে তু সূর্য্যস্যাস্তমনং প্রতি।
মিথ্যাপ্রতিজ্ঞঃ কৌন্তেয়ঃ প্রবেক্ষ্যতি হুতাশনম্ ॥১৩॥
অনর্জ্জুনায়াঞ্চ ভুবি মুহূর্ত্তমপি মানদ!।
জীবিতুং নোৎসহেরন্ বৈ ভ্রাতরোঽস্য সহানুগাঃ ॥১৪॥
বিনষ্টৈঃ পাণ্ডবেয়ৈশ্চ সশৈলবনকাননাম্।
বসুন্ধরামিমাং কর্ণ! ভোক্ষ্যামো হতকণ্টকাম্ ॥১৫॥
দৈবেনোপহতঃ পার্থো বিপরীতশ্চ মানদ!।
কার্য্যাকার্য্যমজানানঃ প্রতিজ্ঞাং কৃতবান্ রণে ॥১৬॥
নূনমাত্মবিনাশায় পাণ্ডবেন কিরীটিনা।
প্রতিজ্ঞেয়ং কৃতা কর্ণ! জয়দ্রথবধং প্রতি ॥১৭॥

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। অস্তমনং প্রতি অস্তগমনং যাবৎ। কৌন্তেয়োঽর্জ্জুনঃ ॥১৩॥
অনর্জ্জুনায়ামিতি। নোৎসহেরন্ শোকান্ন শক্নুয়ুঃ। সহানুগা ধৃষ্টদ্যুম্নাদিভিঃ সহ ॥১৪॥
বিনষ্টৈরিতি। শৈলৈঃ পর্বতৈঃ বনৈররণ্যৈঃ কাননৈরুদ্যানৈশ্চ সহেতি তাম্ ॥১৫॥
দৈবেনেতি। পার্থোঽর্জ্জুনঃ, বিপরীতো বিপরীতবুদ্ধিঃ ॥১৬॥
নূনমিতি। আত্মবিনাশায় প্রতিজ্ঞানুসারেণাগ্নিপ্রবেশাদিত্যাশয়ঃ ॥১৭॥

নরবীর! দিনের অল্পমাত্র অবশিষ্ট আছে। অতএব বাণসমূহদ্বারা শত্রুকে আঘাত করিতে থাক। নরপ্রবীর! দিবাবসান হইয়া গেলে নিশ্চয়ই আমাদের জয় হইবে ॥১২॥

সূর্য্যের অস্তগমনপর্য্যন্ত জয়দ্রথকে রক্ষা করিতে পারিলে, অর্জ্জুনের প্রতিজ্ঞা মিথ্যা হইয়া যাইবে; সুতরাং তখন অর্জ্জুন অগ্নিতে প্রবেশ করিবে ॥১৩॥

মানী জনের সম্মানকারক কর্ণ! পৃথিবীতে অর্জ্জুন না থাকিলে, উহার ভ্রাতারা অনুচরদের সহিত মুহূর্ত্তকালও জীবিত থাকিতে পারিবে না ॥১৪॥

কর্ণ! পাণ্ডবেরা বিনষ্ট হইলে পর্ব্বত, বন ও উদ্যানের সহিত এই নিষ্কণ্টক পৃথিবীটা আমরাই ভোগ করিব ॥১৫॥

কর্ণ! দৈবই অর্জ্জুনকে বিনষ্ট করিয়াছে; তাই উহার বিপরীত বুদ্ধি হইয়াছিল। সুতরাং ও—কর্ত্তব্য বা অকর্ত্তব্য না বুঝিয়া যুদ্ধবিষয়ে প্রতিজ্ঞা করিয়াছে ॥১৬॥

---

(১৩)···সূর্য্যাস্তগমনং প্রতি···পি। (১৪)···মুহূর্ত্তমিব···পি। (১৬)···কার্য্যাকার্য্যমজানন্ বৈ···পি।

কথং জীবতি দুৰ্দ্ধর্ষে ত্বয়ি রাধেয় ! ফাল্গুনঃ ।
অনস্তং গত আদিত্যে হন্যাৎ সৈন্ধবকং নৃপম্ ॥১৮॥
রক্ষিতং মদ্ররাজেন কৃপেণ চ মহাত্মনা ।
জয়দ্রথং রণমুখে কথং হন্যাদ্ধনঞ্জয়ঃ ॥১৯॥
দ্রৌণিনা রক্ষ্যমাণঞ্চ ময়া দুঃশাসনেন চ ।
কথং প্রাপ্স্যতি বীভৎসুঃ সৈন্ধবং কালচোদিতঃ ॥২০॥
যুধ্যন্তে বহবঃ শূরা লম্বতে চ দিবাকরঃ ।
শঙ্কে জয়দ্রথং পার্থো নৈব প্রাপ্স্যতি মানদ ! ॥২১॥
স ত্বং কর্ণ ! ময়া সার্দ্ধং শূরৈশ্চান্যৈর্মহারথৈঃ ।
দ্রৌণিনা ত্বং হি সহিতো মদ্রেশেন কৃপেণ চ ।
যুধ্যস্ব যত্নমাস্থায় পরং পার্থেন সংযুগে ॥২২॥

ভারতকৌমুদী

অথ জয়দ্রথবধে কথমাত্মবিনাশ ইত্যাহ কথমিতি । সৈন্ধবকমিত্যনুকম্পায়াং কঃ ॥১৮॥

রক্ষিতমিতি । হন্যাৎ হন্তুং শক্নুয়াৎ ॥১৯॥

দ্রৌণিনেতি । দ্রৌণিনা অশ্বত্থাম্না । বীভৎসুরর্জ্জুনঃ, কালেন চোদিতো মৃত্যবে প্রেরিতঃ ॥২০॥

যুধ্যন্ত ইতি । লম্বতে পশ্চিমাকাশাৎ ভ্রংসতে । শঙ্কে মন্যে ॥২১॥

স ইতি । পরমত্যন্তম্, সংযুগে রণস্থলে । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

কর্ণ ! পাণ্ডুর পুত্র অর্জ্জুন নিশ্চয়ই নিজের বিনাশের জন্য জয়দ্রথবধবিষয়ে এই প্রতিজ্ঞা করিয়াছে ॥১৭॥

রাধানন্দন ! তুমি যুদ্ধে দুর্দ্ধর্ষ । সুতরাং তুমি জীবিত থাকিতে, সূর্য্য অস্ত যাইবার পূর্ব্বে কি করিয়া অর্জ্জুন জয়দ্রথকে বধ করিবে ? ॥১৮॥

যুদ্ধের সম্মুখে মদ্ররাজ শল্য এবং মহাত্মা কৃপ জয়দ্রথকে রক্ষা করিতেছেন ; ঐ অবস্থায় অর্জ্জুন কিপ্রকারে উঁহাকে বধ করিবে ? ॥১৯॥

তা'র পর অশ্বত্থামা, আমি ও দুঃশাসন উঁহাকে রক্ষা করিতেছি । সুতরাং দৈবপ্রেরিত অর্জ্জুন কি করিয়া জয়দ্রথকে পাইবে ? ॥২০॥

কর্ণ ! বহু বীর যুদ্ধ করিতেছেন, সূর্য্যও ঝুলিয়া পড়িয়াছেন । অতএব আশা করি—অর্জ্জুন জয়দ্রথকে পাইবেই না ॥২১॥

অতএব কর্ণ ! অশ্বত্থামা, শল্য, কৃপ, অন্যান্য মহারথ বীরও আমার সহিত

---

(২০)···কালদেশিতঃ—নি ।

এবমুক্তস্তু রাধেয়স্তব পুত্রেণ মারিষ !।
দুর্য্যোধনমিদং বাক্যং প্রত্যুবাচ কুরূত্তমম্ ॥২৩॥
দৃঢ়লক্ষ্যেণ বীরেণ ভীমসেনেন ধন্বিনা।
ভৃশং ভিন্নতনুঃ সংখ্যে শরজালৈরনেকশঃ ॥২৪॥
স্থাতব্যমিতি তিষ্ঠামি রণে সম্প্রতি মানদ !।
নাঙ্গমিঙ্গতি কিঞ্চিন্মে সন্তপ্তস্য মহেষুভিঃ ॥২৫॥
যোৎস্যামি তু যথাশক্তি ত্বদর্থং জীবিতং মম।
যথা পাণ্ডবমুখ্যোঽসৌ ন হনিষ্যতি সৈন্ধবম্ ॥২৬॥
ন হি মে যুধ্যমানস্য সায়কানস্যতঃ শিতান্।
সৈন্ধবং প্রাপ্স্যতে বীরঃ সব্যসাচী ধনঞ্জয়ঃ ॥২৭॥
যত্তু ভক্তিমতা কার্য্যং সততং হিতকাঙ্ক্ষিণা।
তৎ করিষ্যামি কৌরব্য ! জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥২৮॥

ভারতকৌমুদী

এবমিতি। রাধেয়ঃ কর্ণঃ। হে মারিষ ! আর্য্য ! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥২৩॥
দৃঢ়েতি। দৃঢ়ং লক্ষ্যং তত্রাঘাতো যস্য তেন। ভিন্নতনুর্বিদীর্ণদেহঃ ॥২৪॥
স্থাতব্যমিতি। ইঙ্গতি চলতি, সন্তপ্তস্য নিপীড়িতস্য ॥২৫॥
যোৎস্যামীতি। জীবিতং জীবনম্। সৈন্ধবং সিন্ধুরাজং জয়দ্রথম্ ॥২৬॥
নেতি। অস্যতঃ ক্ষিপতঃ, শিতান্ শিলাঘর্ষণেন সুধারান্ ॥২৭॥

মিলিত হইয়া বিশেষ যত্ন অবলম্বন করিয়া তুমি রণস্থলে অর্জ্জুনের সহিত যুদ্ধ কর' ॥২২॥

মাননীয় রাজা ! আপনার পুত্র এইরূপ বলিলে, কর্ণ সেই কৌরবশ্রেষ্ঠকে এই কথা বলিলেন—॥২৩॥

'দৃঢ়াঘাতকারী, বীর ও ধনুর্দ্ধর ভীমসেন অনেক বাণসমূহদ্বারা যুদ্ধে আমার দেহ অত্যন্ত বিদীর্ণ করিয়াছে ॥২৪॥

অতএব রাজা ! থাকিতে হয় বলিয়া আমি এখন যুদ্ধে থাকিতেছি। কিন্তু মহাবাণে বিদীর্ণ হওয়ায় আমার অঙ্গ একটুকুও চলিতেছে না ॥২৫॥

তথাপি আমার জীবন তোমার জন্য বলিয়া শক্তি অনুসারে যুদ্ধ করিব ; যাহাতে পাণ্ডবশ্রেষ্ঠ অর্জ্জুন জয়দ্রথকে বধ করিতে না পারে ॥২৬॥

আমি যুদ্ধে ব্যাপৃত থাকিয়া সুধার বাণসমূহ নিক্ষেপ করিতে থাকিলে, নিশ্চয়ই সব্যসাচী বীর অর্জ্জুন জয়দ্রথকে পাইবে না ॥২৭॥

(২৮)·· জয়ো দৈবে ব্যবস্থিতঃ—পি।

সৈন্ধবার্থে পরং যত্নং করিষ্যাম্যদ্য সংযুগে।
ত্বৎপ্রিয়ার্থং মহারাজ! জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥২৯॥
অদ্য যোৎস্যেঽর্জ্জুনমহং পৌরুষং স্বং ব্যপাশ্রিতঃ।
ত্বদর্থং পুরুষব্যাঘ্র! জয়ো দৈবে প্রতিষ্ঠিতঃ ॥৩০॥
অদ্য যুদ্ধং কুরুশ্রেষ্ঠ! মম পার্থস্য চোভয়োঃ।
পশ্যন্তু সর্বসৈন্যানি দারুণং লোমহর্ষণম্ ॥৩১॥
কর্ণকৌরবয়োরেবং রণে সংভাষমাণয়োঃ।
অর্জ্জুনো নিশিতৈর্বাণৈর্জঘান তব বাহিনীম্ ॥৩২॥
চিচ্ছেদ নিশিতৈর্বাণৈঃ শূরাণামনিবর্ত্তিনাম্।
ভুজান্ পরিঘসঙ্কাশান্ হস্তিহস্তোপমান্ রণে ॥৩৩॥
শিরাংসি চ মহাবাহুশ্চিচ্ছেদ নিশিতৈঃ শরৈঃ।
হস্তিহস্তান্ হয়গ্রীবান্ রথাক্ষাংশ্চ সমন্ততঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

যদিতি। ভক্তিমতা স্বামিন্যনুরক্তেন জনেন, কার্য্যং কর্ত্তব্যম্ ॥২৮॥
সৈন্ধবেতি। সৈন্ধবার্থে জয়দ্রথরক্ষার্থে, পরং মহান্তম্ ॥২৯॥
অদ্যেতি। ব্যপাশ্রিতঃ সর্বথাবলম্বিতবান্ ॥৩০॥
অদ্যেতি। পার্থস্য অর্জ্জুনস্য ॥৩১॥
কর্ণেতি। কৌরবো দুর্য্যোধনঃ। সম্ভাষমাণয়োঃ পরস্পরং ব্রুবতোঃ ॥৩২॥
চিচ্ছেদেতি। অনিবর্ত্তিনামপলায়িনাম্। হস্তিহস্তোপমান্ হস্তিশুণ্ডাতুল্যান্ ॥৩৩॥

কৌরবনন্দন! প্রভুর প্রতি অনুরক্ত ও হিতৈষী লোকের সর্ব্বদা যাহা কর্ত্তব্য, তাহা আমি করিব ; তবে জয় দৈবের উপরে প্রতিষ্ঠিত ॥২৮॥

মহারাজ! তোমার প্রীতি হইবে বলিয়া জয়দ্রথকে রক্ষা করিবার জন্য আজ আমি যুদ্ধে বিশেষ যত্ন করিব ; কিন্তু জয় দৈবের অধীন ॥২৯॥

পুরুষশ্রেষ্ঠ! আজ আমি তোমার জন্য আপন পুরুষকার অবলম্বন করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিব ; তবে জয় দৈবের উপর নির্ভর করে ॥৩০॥

কৌরবশ্রেষ্ঠ! আজ সমস্ত সৈন্য আমার ও অর্জ্জুনের দারুণ ও লোমহর্ষণ যুদ্ধ দর্শন করুক' ॥৩১॥

মহারাজ! কর্ণ ও দুর্য্যোধন রণস্থলে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা আপনার সৈন্য সংহার করিতে লাগিলেন ॥৩২॥

এবং তিনি নিশিত শরসমূহদ্বারা অপলায়ী বীরগণের পরিঘ ও হস্তিশুণ্ড-তুল্য বাহু সকল ছেদন করিতে থাকিলেন ॥৩৩॥

শোণিতাক্তান্ হয়ারোহান্ গৃহীতপ্রাসতোমরান্।
ক্ষুরৈশ্চিচ্ছেদ বীভৎসুর্দ্বিধৈকৈকং ত্রিধৈব চ ॥৩৫॥
হয়া বারণমুখ্যাশ্চ প্রাপতন্ত সহস্রশঃ।
ধ্বজাশ্ছত্রাণি চাপানি চামরাণি সিতানি চ ॥৩৬॥
কক্ষমগ্নিরিবোদ্ধূতঃ প্রদহংস্তব বাহিনীম্।
অচিরেণ মহীং পার্থশ্চকার রুধিরোত্তরাম্ ॥৩৭॥
হতভূয়িষ্ঠযোধং তৎ কৃত্বা তব বলং বলী।
আসসাদ দুরাধর্ষঃ সৈন্ধবং সত্যবিক্রমঃ ॥৩৮॥
বীভৎসুর্ভীমসেনেন সাত্বতেন চ রক্ষিতঃ।
প্রবভৌ ভরতশ্রেষ্ঠ! জ্বলন্নিব হুতাশনঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

শিরাংসীতি। গ্রীবাশব্দস্ত পুংস্ত্বমার্ষম্। রথানামঙ্গান্ চক্রাণি ॥৩৪॥
শোণিতেতি। হয়ারোহান্ অশ্বারোহিণঃ। ক্ষুরৈঃ ক্ষুরপ্রৈঃ, বীভৎসুরর্জ্জুনঃ ॥৩৫॥
হয়া ইতি। বারণমুখ্যা গজশ্রেষ্ঠাঃ। সিতানি শুভ্রাণি ॥৩৬॥
কক্ষমিতি। কক্ষং তৃণরাশিম্। মহীং সমরভূমিম্। রুধিরোত্তরাং রক্তাবৃতাম্ ॥৩৭॥
হতেতি। হতা ভূয়িষ্ঠা বহুলা যোধা যস্ত তৎ। বলী অর্জ্জুনঃ ॥৩৮॥
বীভৎসুরিতি। বীভৎসুরর্জ্জুনঃ, সাত্বতেন সাত্যকিনা ॥৩৯॥

আর মহাবাহু অর্জ্জুন সুধার শরসমূহদ্বারা সকল দিকে মস্তক, হস্তিশুণ্ড, অশ্বগ্রীবা ও রথচক্র ছেদন করিতে লাগিলেন ॥৩৪॥

অর্জ্জুন ক্ষুরপ্রদ্বারা রক্তাক্তদেহ এবং প্রাস ও তোমরধারী অশ্বারোহীদের মধ্যে এক এক জনকে দুই দুই ও তিন তিন খণ্ডে ছেদন করিতে থাকিলেন ॥৩৫॥

তৎকালে সহস্র সহস্র অশ্ব, হস্তী, ধ্বজ, ছত্র, ধনু ও শুভ্রবর্ণ চামর পতিত হইতে থাকিল ॥৩৬॥

প্রজ্বলিত অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ অর্জ্জুন আপনার সৈন্য দগ্ধ করিতে থাকিয়া অচিরকালমধ্যে সমরভূমিকে রক্তময় করিয়া ফেলিলেন ॥৩৭॥

বলবান্, যথার্থবিক্রমশালী ও দুর্দ্ধর্ষ অর্জ্জুন আপনার সৈন্যের বহুতর যোদ্ধাকে নিহত করিয়া ক্রমে জয়দ্রথের সম্মুখে যাইয়া উপস্থিত হইলেন ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! এই সময়ে অর্জ্জুন—ভীমসেন ও সাত্যকিকর্ত্তৃক রক্ষিত হইয়া প্রজ্বলিত অগ্নির ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩৯॥

তং তথাবস্থিতং দৃষ্ট্বা ত্বদীয়া বীর্য্যসম্পদা।
নাম্মৃষ্যন্ত মহেষ্বাসাঃ পাণ্ডবং পুরুষর্ষভাঃ ॥৪০॥
দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ বৃষসেনোঽথ মদ্ররাট্।
অশ্বত্থামা কৃপশ্চৈব স্বয়মেব চ সৈন্ধবঃ ॥৪১॥
সন্নদ্ধাঃ সৈন্ধবস্যার্থে সমাবৃণ্বন্ কিরীটিনম্।
নৃত্যন্তং রথমার্গেষু ধনুর্জ্যাতলনিস্বনৈঃ ॥৪২॥ (যুগ্মকম্)
সংগ্রামকোবিদং পার্থং সর্ব্বে যুদ্ধবিশারদাঃ।
অভীতাঃ পর্য্যবর্ত্তন্ত ব্যাদিতাস্যা ইবান্তকাঃ ॥৪৩॥
সৈন্ধবং পৃষ্ঠতঃ কৃত্বা জিঘাংসন্তোঽচ্যুতার্জ্জুনৌ।
সূর্য্যাস্তমনমিচ্ছন্তো লোহিতায়তি ভাস্করে ॥৪৪॥ (যুগ্মকম্)
তে ভুজৈর্ভোগিভোগাভৈর্ধনুংষ্যানম্য সায়কান্।
মুমুচুঃ সূর্য্যরশ্ম্যাভান্ শতশঃ ফাল্গুনং প্রতি ॥৪৫॥

ভারতকৌমুদী

তমিতি। বীর্য্যসম্পদা শক্তিবাহুল্যেন হেতুনা। নাম্মৃষ্যন্ত নাসহন্ত ॥৪০॥

দুর্য্যোধন ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। তলং হস্তাবাপঃ ॥৪১—৪২॥

সংগ্রামেতি। পর্য্যবর্ত্তন্ত পর্য্যবেষ্টয়ন্, ব্যাদিতাস্যাঃ প্রকটিতবদনাঃ। সূর্য্যাস্ত অস্তমনমস্তগমনম্, তদনন্তরমর্জ্জুনমরণাবধারণাদিত্যাশয়ঃ। লোহিতায়তি রক্তবর্ণে সতি ॥৪৩—৪৪॥

তখন অর্জ্জুনকে সেইভাবে অবস্থান করিতে দেখিয়া আপনার পক্ষের মহাধনুর্দ্ধর পুরুষশ্রেষ্ঠেরা শক্তিবাহুল্যবশতঃ আর সহ্য করিলেন না ॥৪০॥

এই সময়ে অর্জ্জুন ধনুর গুণ ও হস্তাবরণের শব্দের সঙ্গে সঙ্গে তাঁহার রথপথে যেন নৃত্য করিতেছিলেন। সেই অবস্থায় যুদ্ধসজ্জায় সজ্জিত দুর্য্যোধন, কর্ণ, বৃষসেন, শল্য, অশ্বত্থামা ও কৃপ ইঁহারা যাইয়া জয়দ্রথকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন এবং জয়দ্রথও তাঁহাদের পিছনে অগ্রসর হইলেন ॥৪১—৪২॥

তখন সূর্য্য রক্তবর্ণ হইয়া উঠিয়াছিলেন। তাই তাঁহার অস্তগমন ইচ্ছা করিয়া কিংবা কৃষ্ণ ও অর্জ্জুনকে বধ করিবার কামনা করিয়া জয়দ্রথকে পিছনে রাখিয়া সেই যুদ্ধবিশারদেরা সকলে নির্ভয়চিত্তে প্রকটিতমুখ যমসমূহের ন্যায় যাইয়া যুদ্ধদক্ষ অর্জ্জুনকে পরিবেষ্টন করিলেন ॥৪৩—৪৪॥

তাঁহারা বিশাল-সর্প-শরীর-তুল্য বাহুদ্বারা আপন আপন ধনু আকর্ষণ

(৪০)…ফাল্গুনং পুরুষর্ষভাঃ—পি। (৪৩)…ব্যাদিতাস্যমিবান্তকম্—ব।

তানস্তানস্যমানাংশ্চ কিরীটী যুদ্ধদুর্ম্মদঃ।
দ্বিধা ত্রিধাষ্টধৈকৈকং ছিত্ত্বা বিব্যাধ তান্ রথান্ ॥৪৬॥
সিংহলাঙ্গূলকেতুস্তু দর্শয়ন্ বীর্য্যমাত্মনঃ।
শারদ্বতীসুতো রাজন্নর্জ্জুনং প্রত্যবারয়ৎ ॥৪৭॥
স বিদ্ধা দশভিঃ পার্থং বাসুদেবঞ্চ সপ্তভিঃ।
অতিষ্ঠদ্রথমার্গেষু সৈন্ধবং প্রতিপালয়ন্ ॥৪৮॥
অথৈনং কৌরবশ্রেষ্ঠাঃ সর্ব এব সমন্ততঃ।
মহতা রথবংশেন সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥৪৯॥
বিস্ফারয়ন্তশ্চাপানি বিসৃজন্তশ্চ সায়কান্।
সৈন্ধবং প্রত্যরক্ষন্ত শাসনাত্তনয়স্য তে ॥৫০॥

ভারতকৌমুদী

ত ইতি। ভোগিভোগাভৈর্বৃহৎসর্পশরীরতুল্যৈঃ। আনম্য আকৃষ্য ॥৪৫॥
তানিতি। অস্তান্ ক্ষিপ্তান্, অস্যমানান্ ক্ষিপ্যমাণান্। ছিত্ত্বা লঘুহস্ততাতিশয়াৎ ॥৪৬॥
সিংহেতি। শারদ্বতীসুতঃ কৃপঃ ॥৪৭॥
স ইতি। পার্থমর্জ্জুনম্। রথমার্গেষু অর্জ্জুনস্যৈব ॥৪৮॥
অথেতি। রথানাং বংশেন সমূহেন, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্ ॥৪৯॥
বিস্ফারয়ন্ত ইতি। সৈন্ধবং জয়দ্রথম্, শাসনাদাদেশাৎ, তনয়স্য দুর্য্যোধনস্য ॥৫০॥

করিয়া অর্জ্জুনের প্রতি সূর্য্যরশ্মির তুল্য উজ্জ্বল শত শত বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৪৫॥

তখন যুদ্ধদুর্দ্ধর্ষ অর্জ্জুন সেই ক্ষিপ্ত ও ক্ষিপ্যমাণ বাণসমূহের মধ্যে এক একটাকে দুই, তিন বা আট আট খণ্ডে ছেদন করিয়া সেই রথিগণকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৪৬॥

রাজা! ক্রমে সিংহলাঙ্গূলধ্বজ কৃপাচার্য্য আপন শক্তি দেখাইবার ইচ্ছা করিয়া অর্জ্জুনকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪৭॥

তিনি দশটা বাণদ্বারা অর্জ্জুনকে এবং সাতটা বাণদ্বারা কৃষ্ণকে বিদ্ধ করিয়া জয়দ্রথকে রক্ষা করতঃ অর্জ্জুনের রথপথে অবস্থান করিলেন ॥৪৮॥

তদনন্তর কৌরবশ্রেষ্ঠেরা সকলেই সকল দিক্ হইতে যাইয়া বিশাল রথ-সমূহদ্বারা সমস্ত দিকে অর্জ্জুনকে বেষ্টন করিলেন ॥৪৯॥

তাঁহারা আপনার পুত্রের আদেশে ধনু বিস্ফারিত করিয়া বাণক্ষেপ করিতে থাকিয়া জয়দ্রথকে রক্ষা করিতে লাগিলেন ॥৫০॥

(৪৬) ··ভিত্ত্বা বিব্যাধ বা নি। (৪৯)···সর্ব্ব এব মহারথাঃ নি, সর্ব্বতঃ প্রত্যবারয়ন্—বা নি।

ততঃ পার্থস্য শূরস্য বাহ্বোর্বলমদৃশ্যত।
ইষুধ্যোরক্ষয়ত্বঞ্চ ধনুষো গাণ্ডিবস্য চ ॥৫১॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য দ্রৌণেঃ শারদ্বতস্য চ।
একৈকং দশভির্বাণৈঃ সর্ব্বানেব সমার্পয়ৎ ॥৫২॥
তং দ্রৌণিঃ পঞ্চবিংশত্যা বৃষসেনশ্চ সপ্তভিঃ।
দুর্য্যোধনশ্চ সপ্তত্যা কর্ণশ্চ দশভিঃ শরৈঃ ॥৫৩॥
ত এনমভিগর্জ্জন্তো বিধ্যন্তশ্চ পুনঃ পুনঃ।
বিধুন্বন্তশ্চ চাপানি সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥৫৪॥
শ্লিষ্টঞ্চ সর্ব্বতশ্চক্রু রথমণ্ডলমাশু তে।
সূর্য্যাস্তমনমিচ্ছন্তস্ত্বরমাণা মহারথাঃ ॥৫৫॥
ত এনমভিনর্দ্দন্তো বিধুন্বানা ধনূংষি চ।
সিষিচুর্মার্গণৈস্তীক্ষ্ণৈর্গিরিং মেঘা ইবাম্বুভিঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

তত ইতি। পার্থস্য অর্জ্জুনস্য। ইষুধ্যোস্তূণয়োঃ। গাণ্ডিবস্যেতি হ্রস্বমধ্যত্বমপি ॥৫১॥
অস্ত্রৈরিতি। দ্রৌণেরশ্বত্থাম্নঃ, শারদ্বতস্য কৃপস্য। সমার্পয়দপীড়য়দর্জ্জুনঃ ॥৫২॥
তমিতি। অত্র সর্বত্র সমার্পয়দিত্যনুবৃত্তিঃ ॥৫৩॥
ত ইতি। অভি লক্ষীকৃত্য। বিধুন্বন্তশ্চালয়ন্তঃ ॥৫৪॥
শ্লিষ্টমিতি। শ্লিষ্টম্ অর্জ্জুনরথেন সহ সংসক্তম্। সূর্য্যাস্য অস্তমনমস্তগমনম্ ॥৫৫॥

তাহার পর বীর অর্জ্জুনের বাহুবল এবং তাঁহার তূণ দুইটার ও গাণ্ডীবধনুর অক্ষয়ত্ব আমরা দেখিতে লাগিলাম ॥৫১॥

অর্জ্জুন অস্ত্রদ্বারা অশ্বত্থামা ও কৃপাচার্য্যের অস্ত্র নিবারণ করিয়া দশ দশটা বাণদ্বারা এক এক করিয়া সকলকেই পীড়ন করিলেন ॥৫২॥

পরে অশ্বত্থামা পঁচিশটা, বৃষসেন সাতটা, দুর্য্যোধন সত্তরটা এবং কর্ণ দশটা বাণদ্বারা অর্জ্জুনকে তাড়ন করিলেন ॥৫৩॥

ক্রমে গর্জ্জন, বার বার তাড়ন ও ধনু সঞ্চালন করিতে থাকিয়া তাঁহারা সকল দিকে অর্জ্জুনকে বেষ্টন করিলেন ॥৫৪॥

পরে সেই মহারথেরা সূর্য্যের অস্তগমন ইচ্ছা করিয়া ত্বরান্বিত হইয়া আপনাদের রথগুলিকে সকল দিকে অর্জ্জুনের রথের সহিত সংলগ্ন করিলেন ॥৫৫॥

(৫১) ইষুণামক্ষয়ত্বঞ্চ···বা নি। (৫৩)···দুর্য্যোধনশ্চ বিংশত্যা কর্ণশল্যৌ ত্রিভিস্ত্রিভিঃ—বা নি।

তে মহাস্ত্রাণি দিব্যাণি তত্র রাজন্! ব্যদর্শয়ন্।
ধনঞ্জয়স্য গাত্রেষু শূরাঃ পরিঘবাহবঃ ॥৫৭॥
তং কর্ণঃ সংযুগে রাজন্! প্রত্যবারয়দাশুগৈঃ।
মিষতো ভীমসেনস্য সাত্বতস্য চ ভারত! ॥৫৮॥
তং পার্থো দশভির্বাণৈঃ প্রত্যবিধ্যদ্রণাজিরে।
সূতপুত্রং মহাবাহুঃ সর্ব্বসৈন্যস্য পশ্যতঃ ॥৫৯॥
সাত্বতশ্চ ত্রিভির্ব্বাণৈঃ কর্ণং বিব্যাধ মারিষ!।
ভীমসেনস্ত্রিভিশ্চৈব পুনঃ পার্থশ্চ সপ্তভিঃ ॥৬০॥
তান্ কর্ণঃ প্রতিবিব্যাধ ষষ্ট্যা ষষ্ট্যা মহারথঃ।
তদ্‌যুদ্ধমভবদ্রাজন্! কর্ণস্য বহুভিঃ সহ ॥৬১॥

ভারতকৌমুদী

ত ইতি। বিধুন্বানাশ্চালয়ন্তঃ। সিষিচুঃ প্রজহ্রুঃ বারিভিরিব মেঘাঃ পর্ব্বতম্; তীক্ষ্ণৈর্বাণৈঃ ॥৫৬॥
ত ইতি। দিব্যানি স্বর্গীয়াণি ব্রাহ্মাদীনি। পরিঘা ইব বাহবো যেষাং তে ॥৫৭॥
তমিতি। আশুগৈর্বাণৈঃ। মিষতঃ পশ্যতঃ, সাত্বতস্য সাত্যকেঃ ॥৫৮॥
তমিতি। পার্থোঽর্জ্জুনঃ। রণাজিরে সমরাঙ্গনে ॥৫৯॥
সাত্বত ইতি। হে মারিষ! আর্য্য!। "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৬০॥
তানিতি। ষষ্ট্যা ষষ্ট্যা বাণৈরিতি শেষঃ ॥৬১॥

তাঁহারা গর্জন ও ধনু সঞ্চালন করতঃ—মেঘ যেমন জলদ্বারা পর্ব্বত সিক্ত করে, সেইরূপ তীক্ষ্ণ বাণসমূহদ্বারা অর্জ্জুনকে প্রহার করিতে লাগিলেন ॥৫৬॥

রাজা! পরিঘের (মুদ্গরবিশেষের) ন্যায় বাহুশালী সেই বীরেরা অর্জ্জুনের গাত্রে দিব্য অস্ত্র সকল দেখাইতে থাকিলেন ॥৫৭॥

ভরতনন্দন রাজা! কর্ণ ভীমসেন ও সাত্যকির সমক্ষে বাণদ্বারা অর্জ্জুনকে বারণ করিতে লাগিলেন ॥৫৮॥

তখন মহাবাহু অর্জ্জুন সমরাঙ্গনে সমস্ত সৈন্যের সমক্ষে দশটা বাণদ্বারা কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন ॥৫৯॥

মাননীয় রাজা! ক্রমে সাত্যকি তিনটা, ভীমসেন তিনটা এবং অর্জ্জুন পুনরায় সাতটা বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ॥৬০॥

রাজা! পরে মহারথ কর্ণ ষাট্ ষাট্টা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে

(৫৭) ইতঃ পরম্ 'হতভূয়িষ্ঠযোধং তং কৃত্বা তব বলং বলী। আসসাদ দুরাধর্ষঃ সৈন্ধবং সত্যবিক্রমঃ॥' ইত্যধিকঃ শ্লোকঃ বঙ্গ বা নি, অবিকলং পূর্ব্বমুক্তত্বাৎ পুনরুক্তেঃ।

তত্রাদ্ভুতমপশ্যাম সূতপুত্রস্য মারিষ !।
যদেকঃ সমরে ক্রুদ্ধস্ত্রীন্ রথান্ প্রত্যবারয়ৎ ॥৬২॥
ফাল্গুনস্তু মহাবাহুঃ কর্ণং বৈকর্ত্তনং রণে।
সায়কানাং শতেনৈব সর্ব্বমর্ম্মস্বতাড়য়ৎ ॥৬৩॥
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গঃ সূতপুত্রঃ প্রতাপবান্।
শরৈঃ পঞ্চাশতা বীরঃ ফাল্গুনং প্রত্যবিধ্যত।
তস্য তল্লাঘবং দৃষ্ট্বা নামৃষ্যত রণেঽর্জ্জুনঃ ॥৬৪॥
ততঃ পার্থো ধনুশ্ছিত্ত্বা বিব্যাধৈনং স্তনান্তরে।
সায়কৈর্নবভির্বীরস্ত্বরমাণো ধনঞ্জয়ঃ ॥৬৫॥
বধার্থং তস্য সমরে সায়কং সূর্য্যবর্চ্চসম্।
চিক্ষেপ ত্বরয়া যুক্তস্ত্বরাকালে ধনঞ্জয়ঃ ॥৬৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। অদ্ভুতং যুদ্ধনৈপুণ্যম্। ত্রীন্ ভীমার্জ্জুনসাত্যকীন্, রথান্ রথিনঃ ॥৬২॥
ফাল্গুন ইতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ। বৈকর্ত্তনং বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রম্ ॥৬৩॥
রুধিরেতি। লাঘবং ক্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্, নামৃষ্যত নাসহত। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥
তত ইতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৬৫॥
বধেতি। ত্বরাকালে, সূর্য্যাস্তাস্তোন্মুখতয়া ক্রুতজয়প্রথবধাবশ্যকত্মাদিতি ভাবঃ ॥৬৬॥

প্রতিবিদ্ধ করিলেন। তখন বহুবীরের সহিত এক কর্ণের সেই যুদ্ধ হইতে লাগিল ॥৬১॥

মাননীয় রাজা! তখন আমরা কর্ণের অদ্ভুত যুদ্ধনৈপুণ্য দেখিতে লাগিলাম। যে হেতু এক কর্ণ ক্রুদ্ধ হইয়া তিন জন রথীকে বারণ করিতে থাকিলেন ॥৬২॥

ক্রমে মহাবাহু অর্জুন একশত বাণদ্বারা সূর্য্যনন্দন কর্ণের সমস্ত মর্ম্মস্থানে তাড়ন করিলেন ॥৬৩॥

তখন কর্ণের সমস্ত অঙ্গ রক্তে সিক্ত হইয়া গেল; তথাপি প্রতাপশালী বীর কর্ণ পঞ্চাশটা বাণদ্বারা অর্জুনকে প্রতিবিদ্ধ করিলেন। কিন্তু কর্ণের সেই লঘুহস্ততা দেখিয়া অর্জুন সহ্য করিলেন না ॥৬৪॥

তদনন্তর পৃথানন্দন বীর অর্জুন কর্ণের ধনু ছেদন করিয়া ত্বরান্বিত হইয়া নয়টা বাণদ্বারা তাঁহার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৬৫॥

পরে অর্জুন সেই ত্বরার সময়ে আরও ত্বরান্বিত হইয়া কর্ণকে বধ করিবার জন্য সূর্য্যের ন্যায় উজ্জ্বল একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৬৬॥

তমাপতন্তং বেগেন দ্রৌণিশ্চিচ্ছেদ সায়কম্।
অর্দ্ধচন্দ্রেণ তীক্ষ্ণেন স ভিন্নঃ প্রাপতদ্ভুবি ॥৬৭॥
অথান্যদ্ধনুরাদায় সূতপুত্ত্রঃ প্রতাপবান্।
সায়কৈর্ব্বহুসাহস্রৈশ্ছাদয়ামাস পাণ্ডবম্ ॥৬৮॥
তাং বাণবৃষ্টিমতুলাং কর্ণচাপসমুত্থিতাম্।
ব্যধমৎ সায়কৈঃ পার্থঃ শলভানিব মারুতঃ ॥৬৯॥
ছাদয়ামাস স চ তং সায়কৈরর্জ্জুনো রণে।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং দর্শয়ন্ পাণিলাঘবম্ ॥৭০॥
কর্ণোঽপি দ্বিষতাং হন্তা চ্ছাদয়ামাস ফাল্গুনম্।
সায়কৈর্ব্বহুসাহস্রৈঃ কৃতপ্রতিকৃতেপ্সয়া ॥৭১॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ নরসিংহৌ মহারথৌ।
সায়কৌঘপ্রতিচ্ছন্নং চক্রতুঃ খমজিহ্মগৈঃ।
অদৃশ্যৌ চ শরৌঘৈস্তৌ ঘ্নহতামিতরেতরম্ ॥৭২॥

ভারতকৌমুদী

তমিতি। দ্রৌণিরশ্বত্থামা। অর্দ্ধচন্দ্রেণ বাণেন। ভিন্নশ্ছিন্নঃ ॥৬৭॥
অথেতি। পাণ্ডবমর্জ্জুনম্, তৎপ্রস্তাবাৎ ॥৬৮॥
তামিতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। শলভান্ পতঙ্গান্, মারুতো বেগবান্ বায়ুঃ ॥৬৯॥
ছাদয়ামাসেতি। পাণিলাঘবম্ অস্ত্রক্ষেপে হস্তস্য শীঘ্রতাম্ ॥৭০॥
কর্ণ ইতি। কৃতস্য প্রহারস্য প্রতিকৃতং প্রতিপ্রহারস্তস্য ঈপ্সয়া ইচ্ছয়া ॥৭১॥

সেই বাণটা বেগে আসিতে লাগিলে, অশ্বত্থামা একটা তীক্ষ্ণ অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সেই বাণটাকে ছেদন করিলেন; তখন তাহা ছিন্ন হইয়া ভূতলে পতিত হইল ॥৬৭॥

তাহার পর প্রতাপশালী কর্ণ অন্য ধনু লইয়া বহুসহস্র বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৬৮॥

তখন বেগবান্ বায়ু যেমন পতঙ্গসমূহকে অপসারিত করে, সেইরূপ অর্জ্জুন বাণদ্বারা কর্ণকার্ম্মুকসম্পাদিত সেই অতুলনীয় বাণবৃষ্টি বিনষ্ট করিলেন ॥৬৯॥

এবং অর্জ্জুন লঘুহস্ততা দেখাইতে থাকিয়া বাণদ্বারা সমস্ত সৈন্যের সমক্ষে কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭০॥

আবার শত্রুহন্তা কর্ণও প্রহারের প্রতিপ্রহার করিবার ইচ্ছায় বহুসহস্র বাণদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন ॥৭১॥

(৬৮)…সায়কৈরষ্টসাহস্রৈঃ…বা নি। (৬৯) তাং শস্ত্রবৃষ্টিম্…পি বঙ্গ বর্দ্ধ।

কর্ণ ! পার্থোঽস্মি তিষ্ঠস্ব কর্ণোঽহং তিষ্ঠ ফাল্গুন ! ।
ইত্যেবং তর্জয়ন্তৌ তৌ বাক্‌শল্যৈস্তুদতাং তদা ॥৭৩॥
যুধ্যতাং সমরে বীরৌ চিত্রং লঘু চ সুষ্ঠু চ ।
প্রেক্ষণীয়াবভবতাং সর্ব্বযোধসমাগমে ॥৭৪॥
প্রশস্যমানৌ সমরে সিদ্ধচারণপন্নগৈঃ ।
অযুধ্যেতাং মহারাজ ! পরস্পরবধৈষিণৌ ॥৭৫॥
ততো দুর্য্যোধনো রাজংস্তাবকানভ্যভাষত ।
যত্তা রক্ষত রাধেয়ং নাহত্বা সমরেঽর্জ্জুনম্ ।
নিবর্ত্তিষ্যতি রাধেয় ইতি মামুক্তবান্ বৃষঃ ॥৭৬॥

ভারতকৌমুদী

তাবিতি। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ শরৌঘৈঃ। অহতামাহতবন্তৌ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥

কর্ণেতি। তুদতাম্ অব্যথয়তাম্। অড়াগমাভাব আর্ষঃ ॥৭৩॥

যুধ্যতামিতি। যুধ্যতাম্ অযুধ্যেতাম্। অত্রাপ্যড়ভাবঃ পরস্মৈপদঞ্চার্ষে ॥৭৪॥

প্রশস্যেতি। সিদ্ধচারণপন্নগৈর্গগনবর্ত্তিভিঃ ॥৭৫॥

তত ইতি। যত্তা যূয়ং যত্নবন্তঃ। বৃষঃ কর্ণঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

নরশ্রেষ্ঠ ও মহারথ কর্ণ ও অর্জুন দুইটা বৃষের ন্যায় গর্জন করিতে থাকিয়া আকাশটাকে বাণসমূহে আচ্ছন্ন করিলেন এবং তাঁহারা সরলগামী বাণসমূহে অদৃশ্য থাকিয়া পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৭২॥

তাঁহারা তর্জন করিতে থাকিয়া 'কর্ণ! থাক, আমি অর্জুন এবং অর্জুন! থাক, আমি কর্ণ' এইরূপ বাক্‌শল্যদ্বারা পরস্পর ব্যথিত করিতে থাকিলেন ॥৭৩॥

ক্রমে সেই বীরেরা দুই জন বিচিত্র, দ্রুত ও সুন্দর যুদ্ধ করিতে থাকিলেন এবং সমস্তযোদ্ধ্‌সম্মেলনে তাঁহারাই দর্শনীয় হইলেন ॥৭৪॥

মহারাজ! তাঁহারা পরস্পর বধাভিলাষী হইয়া যুদ্ধ করিতে লাগিলেন; তখন আকাশবর্ত্তী সিদ্ধ, চারণ ও নাগেরা তাঁহাদের প্রশংসা করিতে থাকিলেন ॥৭৫॥

রাজা! তদনন্তর দুর্য্যোধন আপনার পক্ষের যোদ্ধাদিগকে বলিলেন—'আপনারা যত্নবান্ হইয়া কর্ণকে রক্ষা করুন; কর্ণ যুদ্ধে অর্জুনকে বধ না করিয়া ফিরিবেন না; ইহা কর্ণই আমাকে বলিয়াছেন' ॥৭৬॥

---

(৭৫)···সিদ্ধচারণবাতিকৈঃ···পি বর্দ্ধ।

এতস্মিন্নন্তরে রাজন্! দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
আকর্ণমুক্তৈরিষুভিঃ কর্ণস্য চতুরো হয়ান্।
অনয়ৎ প্রেতলোকায় চতুর্ভিঃ শ্বেতবাহনঃ ॥৭৭॥
সারথিঞ্চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ।
ছাদয়ামাস চ শরৈস্তব পুত্রস্য পশ্যতঃ ॥৭৮॥
স চ্ছাদ্যমানঃ সমরে হতাশ্বো হতসারথিঃ।
মোহিতঃ শরজালেন কর্ত্তব্যং নাভ্যপদ্যত ॥৭৯॥
তং তথা বিরথং দৃষ্ট্বা রথমারোপ্য তং তদা।
অশ্বত্থামা মহারাজ! ভূয়োঽর্জ্জুনমযোধয়ৎ ॥৮০॥
মদ্ররাজশ্চ কৌন্তেয়মবিধ্যত্ত্রিংশতা শরৈঃ।
শারদ্বতস্তু বিংশত্যা বাসুদেবং সমার্পয়ৎ ॥৮১॥
ধনঞ্জয়ং দ্বাদশভিরাজঘান শিলীমুখৈঃ।
চতুর্ভিঃ সিন্ধুরাজশ্চ বৃষসেনশ্চ সপ্তভিঃ।
পৃথক্ পৃথঙ্‌মহারাজ! বিব্যধুঃ কৃষ্ণপাণ্ডবৌ ॥৮২॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। আকর্ণমুক্তৈরাকর্ণাকৃষ্টকার্ম্মুকনিক্ষিপ্তৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৭॥
সারথিমিতি। অপাতয়ৎ শ্বেতবাহন এব। ছাদয়ামাস কর্ণম্ ॥৭৮॥
স ইতি। নাভ্যপদ্যত অবধারয়িতুং নাশক্নোৎ ॥৭৯॥
তমিতি। তং কর্ণম্। ভূয়ঃ পুনঃ ॥৮০॥
মদ্রেতি। কৌন্তেয়মর্জ্জুনম্। শারদ্বতঃ কৃপঃ। সমার্পয়দপীড়য়ৎ ॥৮১॥

রাজা! এই সময়ে অর্জ্জুন কর্ণের বিক্রম দেখিয়া কর্ণপর্য্যন্ত ধনু আকর্ষণ করিয়া চারিটা বাণদ্বারা কর্ণের চারিটা অশ্বকে বধ করিলেন ॥৭৭॥

এবং তিনি একটা ভল্লদ্বারা কর্ণের সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন, আর দুর্য্যোধনের সমক্ষেই বাণদ্বারা কর্ণকে আবৃত করিয়া ফেলিলেন ॥৭৮॥

অশ্ব ও সারথি নিহত এবং শরজালদ্বারা নিজে আবৃত হওয়ায় কর্ণ মোহিত হইয়া কর্ত্তব্য স্থির করিতে পারিলেন না ॥৭৯॥

মহারাজ! তখন অশ্বত্থামা কর্ণকে রথবিহীন দেখিয়া তাঁহাকে নিজের রথে তুলিয়া লইয়া পুনরায় অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৮০॥

এই সময়ে শল্য ত্রিশটা বাণদ্বারা অর্জ্জুনকে বিদ্ধ করিলেন এবং কৃপ কুড়িটা শরদ্বারা কৃষ্ণকে তাড়ন করিলেন ॥৮১॥

তথৈব তান্ প্রত্যবিধ্যৎ কুন্তীপুত্রো ধনঞ্জয়ঃ।
দ্রোণপুত্রং চতুঃষষ্ট্যা মদ্ররাজং শতেন চ ॥৮৩॥
সৈন্ধবং দশভির্ব্বাণৈর্বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ।
শারদ্বতঞ্চ বিংশত্যা বিদ্ধা পার্থো ননাদ হ ॥৮৪॥ (যুগ্মকম্)
তে প্রতিজ্ঞাপ্রতীঘাতমিচ্ছন্তঃ সব্যসাচিনঃ।
সহিতাস্তাবকাস্তূর্ণমভিপেতুর্ধনঞ্জয়ম্ ॥৮৫॥
অথার্জ্জুনঃ সর্ব্বতো বারুণাস্ত্রং প্রাদুশ্চক্রে ত্রাসয়ন্ ধার্ত্তরাষ্ট্রান্।
তং প্রত্যুদীয়ুঃ কুরবঃ পাণ্ডুপুত্রং রথৈর্মহার্হৈঃ শরবর্ষাণ্যবর্ষন্ ॥৮৬॥

ভারতকৌমুদী

ধনঞ্জয়মিতি। দ্বাদশভিঃ শারদ্বত এব। বিব্যধুঃ সর্ব এব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৮২॥
তথেতি। চতুঃষষ্ট্যা শতেন চ বাণৈরিতি পরেণ সম্বন্ধঃ। পার্থোঽর্জ্জুনঃ ॥৮৩—৮৪॥
ত ইতি। প্রতিজ্ঞাপ্রতীঘাতং যুদ্ধবিধানাৎ সূর্য্যাস্তপর্য্যন্তবিলম্বেনেত্যাশয়ঃ ॥৮৫॥
অথেতি। প্রত্যুদীয়ুঃ প্রতিযযুঃ। মহার্হৈর্মহামূল্যৈঃ ॥৮৬॥

পরে আবার কৃপ বারটা, জয়দ্রথ চারিটা ও বৃষসেন সাতটা বাণদ্বারা অর্জ্জুনকে আঘাত করিলেন। মহারাজ! তৎপরে আবার তাঁহারা পৃথক্ পৃথক্ ভাবে কৃষ্ণ ও অর্জ্জুনকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৮২॥

কুন্তীনন্দন অর্জ্জুনও সেইভাবেই তাঁহাদিগকে প্রতিবিদ্ধ করিলেন। ক্রমে তিনি চৌষট্টিটা বাণদ্বারা অশ্বত্থামাকে, একশতদ্বারা শল্যকে, দশটাদ্বারা জয়দ্রথকে, তিনটাদ্বারা বৃষসেনকে এবং কুড়িটা বাণদ্বারা কৃপাচার্য্যকে বিদ্ধ করিয়া সিংহনাদ করিলেন ॥৮৩—৮৪॥

মহারাজ! পরে আপনার পক্ষের সেই যোদ্ধারা অর্জ্জুনের প্রতিজ্ঞার ব্যাঘাত করিবার ইচ্ছা করিয়া সত্বর মিলিত হইয়া অর্জ্জুনের উপরে যাইয়া পতিত হইলেন ॥৮৫॥

তাহার পর অর্জ্জুন আপনার যোদ্ধাদের ভয় জন্মাইবার জন্য সকল দিকে বারুণাস্ত্র আবিষ্কার করিলেন। তথাপি কৌরবেরা মহামূল্য রথে আরোহণ করিয়া অর্জ্জুনের দিকে যাইতে লাগিলেন এবং বাণবর্ষণ করিতে থাকিলেন ॥৮৬॥

(৮৬)···সর্ব্বতো ধারমস্ত্রম্···পি বঙ্গ বর্দ্ধ,···শরবর্ষং স্বজন্তঃ—নি।

ততস্তু তস্মিংস্তুমুলে সমুত্থিতে সুদারুণে ভারত! মোহনীয়ে।
নামুহ্যত প্রাপ্য স রাজপুত্রঃ কিরীটমালী বিসৃজন্ শরৌঘান্ ॥৮৭॥
রাজ্যপ্রেপ্সুঃ সব্যসাচী কুরূণাং স্মরন্ ক্লেশান্ দ্বাদশবর্ষবৃত্তান্।
গাণ্ডীবমুক্তৈরিষুভির্মহাত্মা সর্ব্বা দিশো ব্যাবৃণোদপ্রমেয়ঃ ॥৮৮॥
প্রদীপ্তোল্কমভবচ্চান্তরীক্ষং মৃতেষু দেহেষ্বপতন্ বয়াংসি।
যৎ পিঙ্গলজ্যেন কিরীটমালী ক্রুদ্ধো রিপূনাজগবেন হন্তি ॥৮৯॥
কিরীটমালী মহতা মহাযশাঃ শরাসনেনাস্য শরাননীকজিৎ।
হয়প্রবেকোত্তমনাগধূর্গতান্ কুরুপ্রবীরানিষুভির্ন্যপাতয়ৎ ॥৯০॥

ভারতকৌমুদী

তত ইতি। তস্মিন্ অস্ত্রসমূহে। মোহনীয় ইতি কর্ত্তব্যানীয়ঃ। প্রাপ্য তদস্ত্রচয়ম্ ॥৮৭॥

রাজ্যেতি। ব্যাবৃণোৎ ব্যাপ্নোৎ, অপ্রমেয়ঃ অজ্ঞেয়প্রভাবঃ ॥৮৮॥

প্রেতি। প্রদীপ্তা উল্কা যত্র তদিব। বয়াংসি পক্ষিণঃ। পিঙ্গলা জ্যা গুণো যস্য তেন। আজগবং হরধনুস্তেন তত্তুল্যেন গাণ্ডীবেনেত্যর্থঃ, হন্তি স্ম ॥৮৯॥

ভারতভাবদীপঃ

তদবস্থ ইতি ॥১—৫॥ হয়জ্ঞঃ হয়হৃদয়জ্ঞঃ ॥৬—১৫॥ উপহতো মোহিতঃ, বিপরীতোঽন্যথাভূতপ্রকৃতিঃ ॥১৬—২৩॥ দৃঢ়পক্ষোণ দৃঢ়প্রহারেণ ॥২৪—২৭॥ প্রতিষ্ঠিতোঽহীনঃ ॥২৮—৮৯॥ আস্য সমন্ততঃ ক্ষিপ্ত্বা ॥৯০—৯৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৬॥

ভরতনন্দন! তখন তুমুল, সুদারুণ ও মোহজনক সেই অস্ত্রসমূহ উত্থিত হইলেও রাজপুত্র অর্জ্জুন মোহিত হইলেন না, বরং বাণসমূহই ক্ষেপ করিতে থাকিলেন ॥৮৭॥

পরে কৌরবগণের রাজ্যলিপ্সু, মহাত্মা ও অজ্ঞেয়প্রভাব অর্জ্জুন দ্বাদশ বৎসরের ক্লেশ স্মরণ করিয়া গাণ্ডীবনিক্ষিপ্ত বাণসমূহদ্বারা সমস্ত দিক্ ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥৮৮॥

তৎকালে ক্রুদ্ধ অর্জ্জুন যে হেতু পিঙ্গলবর্ণগুণযুক্ত এবং হরধনুর তুল্য গাণ্ডীবধনুদ্বারা শত্রুসংহার করিতে লাগিলেন, সেই হেতু মাংসভোজী পক্ষীরা মৃতদেহের উপরে পড়িতে লাগিল এবং আকাশে যেন বহুতর উল্কা জ্বলিতে থাকিল ॥৮৯॥

---

(৮৭)…নো মুহ্যত… ব্যসৃজচ্ছরৌঘান্—বা নি,…স রাজপুত্রম্…পি বঙ্গ বৰ্দ্ধ। (৮৮) বধপ্রেপ্সুঃ…বা নি। (৮৯)…দেহেষু ভূরীণ্যপতন্ বয়াংসি। তান্ পিঙ্গলজ্যেন…পি বঙ্গ বৰ্দ্ধ। (৯০)…নাগঘূর্ণিতান্…ব্যপাতয়ৎ—বা নি।

গদাশ্চ গুর্বীঃ পরিবানয়স্ময়ান্ অসীংশ্চ শক্তীশ্চ রণে নরাধিপাঃ।
মহান্তি শস্ত্রাণি চ ভীমদর্শনাঃ প্রগৃহ্য পার্থং সহসাভিদুদ্রুবুঃ ॥৯১॥
ততো যুগান্তাভ্রসমস্বনং মহন্মহেন্দ্রচাপপ্রতিমং স গাণ্ডিবম্।
চকর্ষ দোর্ভ্যাং বিহসন্ ভৃশং যযৌ দহংস্ত্বদীয়ান্ যমরাষ্ট্রবর্দ্ধনঃ ॥৯২॥
স তানুদীর্ণান্ সরথাশ্ববারণান্ পদাতিসংঘাংশ্চ মহাধনুর্দ্ধরঃ।
বিপন্নসর্ব্বায়ুধজীবিতান্ রণে চকার বীরো যমরাষ্ট্রবর্দ্ধনান্ ॥৯৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি
জয়দ্রথবধে সঙ্কুলযুদ্ধে ষড়্‌বিংশত্যধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কিরীটেতি। অনীকজিৎ শক্রসৈন্যবিজয়ী, অতএব মহাযশাঃ, কিরীটমালী অর্জ্জুনঃ, মহতা শরাসনেন ধনুষা, শরান্ আশু নিক্ষিপ্য, তৈরিষুভিঃ শরৈঃ, হয়প্রবেকানামশ্বশ্রেষ্ঠানাম্ উত্তমানাং নাগানাং গজানাঞ্চ ধুর্গতান্ পৃষ্ঠবর্ত্তিনঃ কুরুপ্রবীরান্ ন্যপাতয়ৎ ॥৯০॥

গদা ইতি। অয়স্ময়ান্ লোহময়ান্। ভীমদর্শনা নরাধিপা ইতি সম্বন্ধঃ ॥৯১॥

তত ইতি। যুগান্তে প্রলয়কালে যদভ্রং মেঘস্তস্য তদ্গর্জনস্য সমঃ স্বনঃ শব্দো যস্য তৎ, মহেন্দ্রচাপপ্রতিমম্ ইন্দ্রধনুস্তুল্যম্। দোর্ভ্যাং বাহুভ্যাম্ ॥৯২॥

স ইতি। মহাধনুর্দ্ধরো বীরশ্চ সোঽর্জ্জুনঃ, রথৈরশ্বৈঃ বারণৈর্গজৈশ্চ সহেতি তান্,

---

ক্রমে শক্রসৈন্যবিজয়ী মহাযশা অর্জ্জুন বিশাল ধনুদ্বারা বাণক্ষেপ করিয়া করিয়া উত্তম অশ্ব ও উত্তম হস্তীর পৃষ্ঠগত কুরুপ্রবীরগণকে নিপাত করিতে লাগিলেন ॥৯০॥

তখন ভীষণাকৃতি রাজারা বিশাল গদা, লৌহময় পরিঘ, তরবারি, শক্তি এবং অন্যান্য বিশাল অস্ত্র সকল ধারণ করিয়া বেগে অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৯১॥

তৎকালে যমরাজ্যবৃদ্ধিকারী অর্জ্জুন বিকট হাস্য করিতে থাকিয়া বাহুযুগল-দ্বারা প্রলয়কালের মেঘগর্জনের তুল্য গম্ভীরশব্দকারী ও ইন্দ্রধনুর তুল্য বিশাল গাণ্ডীবধনু গুরুতর আকর্ষণ করিতে লাগিলেন এবং আপনার পক্ষের বীরগণকে বিনাশ করতঃ গমন করিতে থাকিলেন ॥৯২॥

---

(৯২)·প্রতিমঞ্চ গাণ্ডিবম্...বা নি। (৯৩)...সরথান্ সবারণান্...বা নি। * '...ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' বা, '...ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

শ্রুত্বা নিনাদং ধনুষশ্চ তস্য বিস্পষ্টমুৎক্রুষ্টমিবান্তকস্য।
শক্রাশনিস্ফোটসমং সুঘোরং বিকৃষ্যমাণস্য ধনঞ্জয়েন ॥১॥
ত্রাসোদ্বিগ্নং ভয়োদ্‌ভ্রান্তং ত্বদীয়ং তদ্বলং নৃপ!।
যুগান্তবাতসংক্ষুব্ধং চলদ্বীচিতরঙ্গিতম্।
প্রলীনমীনমকরং সাগরাম্ভ ইবাভবৎ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উদীর্ণাংস্তুপাগতান্, তান্ কৌরবযোধান্ পদাতিসংঘাংশ্চ, রণে, বিপন্নানি নষ্টানি সর্বায়ুধানি জীবিতানি চ যেষাং তান্, অতএব যমরাষ্ট্রবর্দ্ধনান্ চকার ॥৯৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি জয়দ্রথবধে ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

শ্রুত্বেতি। উৎক্রুষ্টমুচ্চৈর্গর্জ্জনম্। শক্রাশনিস্ফোটসমম্ ইন্দ্রবজ্রশব্দতুল্যম্। ত্রাসেন উদ্বিগ্নমস্থিরম্, ভয়েন উদ্‌ভ্রান্তং বিচলিতম্। চলন্তীভির্বীচিভিস্তরঙ্গিতং চঞ্চলীকৃতম্। প্রলীনা লুক্কায়িতা মীনা মকরাশ্চ যত্র তৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১—২॥

ক্রমে মহাধনুর্দ্ধর ও মহাবীর অর্জ্জুন যুদ্ধে হস্তী, অশ্ব ও রথের সহিত উপস্থিত বীরগণের এবং পদাতিসমূহের সমস্ত অস্ত্র ও জীবন বিনষ্ট করিয়া করিয়া যমরাজ্যের বৃদ্ধি করিতে লাগিলেন ॥৯৩॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'রাজা! তৎকালে অর্জ্জুন অনবরত গাণ্ডীবধনু আকর্ষণ করিতে লাগিলে, যমের উচ্চ গর্জ্জনের ন্যায় এবং ইন্দ্রের বজ্রশব্দের তুল্য ভয়ঙ্কর সেই ধনুর সুস্পষ্ট শব্দ শুনিয়া আপনার সৈন্যেরা ত্রাসে অস্থিরচিত্ত এবং ভয়ে বিচলিত হইয়া পড়িল। সুতরাং প্রলয়কালের বায়ুসঞ্চালিত, চঞ্চলতরঙ্গযুক্ত এবং লুক্কায়িত-মৎস্য-মকর-সমন্বিত সমুদ্রজলের ন্যায় সেই সৈন্যগণকে দেখা যাইতে লাগিল ॥১—২॥

স রণে ব্যচরৎ পার্থঃ প্রেক্ষণীয়ো ধনঞ্জয়ঃ।
যুগপদ্দিক্ষু সর্বাসু সর্বাণ্যস্ত্রাণি দর্শয়ন্ ॥৩॥
আদদানং মহারাজ! সন্দধানঞ্চ পাণ্ডবম্।
উৎকর্ষন্তং সৃজন্তঞ্চ ন স্ম পশ্যাম লাঘবাৎ ॥৪॥

ভারতকৌমুদী

স ইতি। প্রেক্ষণীয়ো বীরশোভাতিরেকাদিত্যাশয়ঃ ॥৩॥

আদদানমিতি। পাণ্ডবমর্জ্জুনম্। উৎকর্ষন্তং ধনুরাকর্ষন্তম্। লাঘবাৎ শীঘ্রত্বাৎ ॥৪॥

ক্রমে বীরশোভায় সুদৃশ্যমূর্ত্তি পৃথানন্দন অর্জ্জুন সমস্ত অস্ত্র আবিষ্কার করিতে থাকিয়া একদা সমরাঙ্গনের সকল দিকে বিচরণ করিতে লাগিলেন ॥৩॥

মহারাজ! তখন তূণ হইতে অর্জ্জুনের বাণ গ্রহণ, তাহার সন্ধান, ধনু আকর্ষণ এবং বাণক্ষেপ ইহার কোন ব্যাপারই আমরা তাহার লঘুহস্ততাবশতঃ দেখিতে পাইলাম না ॥৪॥

---

(৪) ইতঃ পরং ষট্‌ত্রিংশৎ শ্লোকা অধিকাঃ পি বঙ্গ বর্দ্ধ। তে চ বহুষেব পুস্তকেষু ন দৃশ্যন্তে বিসদৃশরচনাশ্চ। যথা—

ততঃ পার্থো মহাবাহুরৈন্দ্রমস্ত্রং দুরাসদম্। প্রাদুশ্চক্রে মহারাজ! ত্রাসয়ন্ সর্ব্বভারতান্ ॥১॥
ততঃ শরাঃ প্রাদুরাসন্ দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতাঃ। প্রদীপ্তাগ্রাঃ শিখিমুখাঃ শতশোঽথ সহস্রশঃ ॥২॥
আকর্ণপূর্ণনির্মুক্তৈরুগ্রার্কাংশুনিভৈঃ শরৈঃ। নভোঽভবৎ সুদুষ্প্রেক্ষ্যমুল্কাভিরিব সংবৃতম্ ॥৩॥
ততঃ শস্ত্রান্ধকারং তৎ কৌরবৈঃ সমুদীরিতম্। অশক্যং মনসাপ্যন্যৈঃ পাণ্ডবঃ সংভ্রমন্নিব ॥৪॥
নাশয়ামাস বিক্রম্য শরৈর্দিব্যাস্ত্রমন্ত্রিতৈঃ। নৈশং তমোঽংশুভিঃ ক্ষিপ্রং দিনাদাবিব ভাস্করঃ ॥৫॥
ততস্ত তাবকং সৈন্যং দীপ্তৈঃ শরগভস্তিভিঃ। আক্ষিপৎ পল্বলাম্বূনি নিদাঘার্ক ইব প্রভুঃ ॥৬॥
ততো দিব্যাস্ত্রবিদুষা প্রহিতাঃ সায়কাংশবঃ। সমাপ্লুবন্ দ্বিষৎসৈন্যং লোকং ভানোরিবাংশবঃ ॥
তথাপরে সমুৎসৃষ্টা বিশিখাস্তিগ্মতেজসঃ। হৃদয়ান্যাশু বীরাণাং বিবিশুঃ প্রিয়বন্ধুবৎ ॥৮॥
য এনমীয়ুঃ সমরে দ্বন্দ্বযোধাঃ শূরমানিনঃ। শলভা ইব তে দীপ্তা অগ্নিং প্রাপ্য যযুঃ ক্ষয়ম্ ॥৯॥
এবং স মৃদ্নন্ শূরাণাং জীবিতানি যশাংসি চ। পার্থশ্চচার সংগ্রামে মৃত্যুর্বিগ্রহবানিব ॥১০॥
সকিরীটানি বক্ত্রাণি সাঙ্গদান্ বিপুলান্ ভুজান্। সকুণ্ডলযুগান্ কর্ণান্ দ্বিষাং নিরহরচ্ছরৈঃ ॥
সতোমরান্ গজস্থানাং সপ্রাসান্ হয়সাদিনাম্। সচর্ম্মণঃ পদাতীনাং রথিনাঞ্চ সধন্বনঃ।
সপ্রতোদান্নিয়ন্তৄণাং বাহূংশ্চিচ্ছেদ পাণ্ডবঃ ॥১২॥
স দীপ্তোগ্রশরার্চ্চিষ্মান্ বভৌ তত্র ধনঞ্জয়ঃ। সবিস্ফুলিঙ্গোগ্রশিখো জ্বলন্নিব হুতাশনঃ ॥১৩॥
তং দেবরাজপ্রতিমং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্। যুগপদ্দিক্ষু সর্ব্বাসু রথস্থং পুরুষর্ষভম্ ॥১৪॥
দর্শয়ন্তং মহাস্ত্রাণি প্রেক্ষণীয়ং ধনঞ্জয়ম্। নৃত্যন্তং রথমার্গেষু ধনুর্জ্যাতলনাদিতম্ ॥১৫॥
নিরীক্ষিতুং ন শেকুস্তে যত্নবন্তোঽপি পার্থিবাঃ। মধ্যন্দিনগতং সূর্য্যং প্রতপন্তমিবাম্বরে ॥১৬॥
দীপ্তোগ্রসংহিতশরঃ কিরীটী বিররাজ হ। বর্ষাস্বিবোদীর্ণজলঃ সেন্দ্রধনুরম্বুদো মহান্ ॥১৭॥
মহাস্ত্রসংপ্লবে তস্মিন্ জিষ্ণুনা সম্প্রবর্ত্তিতে। সুদুস্তরে মহাঘোরে মমজ্জুর্যোধপুঙ্গবাঃ ॥১৮॥

ভ্রমন্ত ইব শূরস্য শরব্রাতা মহাত্মনঃ।
অদৃশ্যন্তান্তরীক্ষস্থাঃ শতশোঽথ সহস্রশঃ ॥৫॥
তথা সর্ব্বা দিশো রাজন্! সর্ব্বাংশ্চ রথিনো রণে।
ব্যাকুলীকৃত্য কৌন্তেয়ো জয়দ্রথমুপাদ্রবৎ।
বিব্যাধ চ চতুঃষষ্ট্যা শরাণাং নতপর্ব্বণাম্ ॥৬॥

ভারতকৌমুদী

ভ্রমন্ত ইতি। শূরস্যার্জ্জুনস্য, শরাণাং ব্রাতাঃ সমূহাঃ ॥৫॥

তথেতি। উপাদ্রবদভ্যধাবৎ। বিব্যাধ জয়দ্রথমেব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

কিন্তু আমরা ইহামাত্র দেখিলাম যে, বীর ও মহাত্মা অর্জ্জুনের শত শত ও সহস্র সহস্র বাণ যেন আকাশে থাকিয়া ঘুরিতেছিল ॥৫॥

উৎকৃত্তবদনৈর্দেহৈঃ শরীরৈঃ কৃত্তবাহুভিঃ। ভুজৈশ্চ পাণিনির্মুক্তৈঃ পাণিভির্ব্যঙ্গুলীকৃতৈঃ ॥১৯॥
কৃত্তাগ্রহস্তৈঃ করিভিঃ কৃত্তদন্তৈর্মদোৎকটৈঃ। হয়ৈশ্চ বিধুরগ্রীবৈ রথৈশ্চ শকলীকৃতৈঃ ॥২০॥
নিকৃত্তান্ত্রৈঃ কৃত্তপাদৈস্তথান্যৈঃ কৃত্তসন্ধিভিঃ। নিশ্চেষ্টৈর্বিস্ফুরদ্ভিশ্চ শতশোঽথ সহস্রশঃ ॥২১॥
মৃত্যোরাঘাতননিভং তৎ পার্থায়োধনং মহৎ। অপশ্যাম মহীপাল! ভীরূণাং ভয়বর্দ্ধনম্।
আক্রীড়মিব রুদ্রস্য পুরাভ্যর্দ্দয়তঃ পশূন্ ॥২২॥
গজানাং ক্ষুরনির্মুক্তৈঃ করৈঃ সভুজগেব ভূঃ। ক্বচিদ্বভৌ স্রগ্বিণীব বক্ত্রপদ্মৈঃ সমাচিতা ॥২৩॥
বিচিত্রোষ্ণীষমুকুটৈঃ কেয়ূরাঙ্গদকুণ্ডলৈঃ। স্বর্ণচিত্রতনুত্রৈশ্চ ভাণ্ডৈশ্চ গজবাজিনাম্ ॥২৪॥
কিরীটশতসঙ্কীর্ণা তত্র তত্র সমাচিতা। বিররাজ ভৃশং চিত্রা মহী নববধূরিব ॥২৫॥
মজ্জমেদঃকর্দ্দমিনীং শোণিতৌঘতরঙ্গিণীম্। মর্ম্মাস্থিভিরগাধাঞ্চ কেশশৈবলশাদ্বলাম্ ॥২৬॥
শিরোবাহূপলতটাং কম্বুক্রোড়াস্থিসঙ্কটাম্। চিত্রধ্বজপতাকাঢ্যাং ছত্রচর্ম্মোর্ম্মিমালিনীম্ ॥২৭॥
বিগতাসুমহাকায়ং গজদেহাভিসঙ্কুলাম্। রথোড়ুপশতাকীর্ণাং হয়সঙ্ঘাতরোধসম্ ॥২৮॥
রথচক্রযুগেষাক্ষকূবরৈরতিদুর্গমাম্। প্রাসাসিপাশপরশুবিশিখা হি দুরাসদাম্ ॥২৯॥
বলকঙ্কমহানক্রাং গোমায়ুমকরোৎকরাম্। গৃধ্রোদগ্রমহাগ্রাহাং শিবাভিরুতভৈরবাম্ ॥৩০॥
নৃত্যৎপ্রেতপিশাচাদ্যৈর্ভূতৈঃ কীর্ণাং সহস্রশঃ। গতাসুযোধনিশ্চেষ্টশরীরশতবাহিনীম্ ॥৩১॥
মহাপ্রতিভয়াং রৌদ্রাং ঘোরাং বৈতরণীমিব। নদীং প্রবর্ত্তয়ামাস ভীরূণাং ভয়বর্দ্ধিনীম্ ॥৩২॥
তদ্দৃষ্ট্বা তস্য বিক্রান্তমন্তকস্যেব রূপিণঃ। অভূতপূর্ব্বং কুরুষু ভয়মাগাদ্রণাজিরে ॥৩৩॥
তত আদায় বীরাণামস্ত্রৈরস্ত্রাণি পাণ্ডবঃ। আত্মানং রৌদ্রমাচষ্ট রৌদ্রকর্ম্মণি নিষ্ঠিতঃ ॥৩৪॥
ততো রথবরান্ রাজন্ অভ্যতিক্রামদর্জ্জুনঃ। মোহয়ন্নিব নারাচৈর্জয়দ্রথবধেপ্সয়া ॥৩৫॥
বিসৃজন্ দিক্ষু সর্ব্বাসু শরানসিতসারথিঃ। স রণে ব্যচরত্তূর্ণং প্রেক্ষণীয়ো ধনঞ্জয়ঃ ॥৩৬॥

(৫) ··শরব্রাতাঃ সহস্রশঃ···পি বঙ্গ বর্দ্ধ। ইতঃ পরম্ 'আদদানং মহেষ্বাসং সন্দধানঞ্চ সায়কান্। বিসৃজন্তঞ্চ কৌন্তেয়ং নানুপশ্যাম বৈ তদা ॥' ইতি প্রাগুক্তরূপ এব শ্লোকঃ পি বঙ্গ বর্দ্ধ। (৬) ইতঃ পরং ষট্ শ্লোকা অসমঞ্জসা অধিকাঃ পি বঙ্গ বর্দ্ধ। তে চ যথা—
সৈন্ধবাভিমুখং যান্তং যোধাঃ সম্প্রেক্ষ্য পাণ্ডবম্। ন্যবর্ত্তন্ত রণাদ্বীরা নিরাশাস্তস্য জীবিতে ॥১॥

সৈন্ধবস্তু তথা বিদ্ধঃ শরৈর্গাণ্ডীবধন্বনা।
ন চক্ষমে সুসংক্রুদ্ধস্তোত্ত্রার্দ্দিত ইব দ্বিপঃ ॥৭॥
স বরাহধ্বজস্তূর্ণং গার্ধ্রপক্ষানজিহ্মগান্।
ক্রুদ্ধাশীবিষসঙ্কাশান্ কর্ম্মারপরিমার্জিতান্।
মুমোচ নিশিতান্ সংখ্যে সায়কান্ সব্যসাচিনঃ ॥৮॥
ত্রিভিস্তু বিদ্ধা গোবিন্দং নারাচৈঃ ষড়্ভিরর্জ্জুনম্।
অষ্টাভির্ব্বাজিনোঽবিধ্যদ্ধ্বজঞ্চৈকেন পত্রিণা ॥৯॥
স বিক্ষিপ্যার্জ্জুনস্তীক্ষ্ণান্ সৈন্ধবপ্রহিতান্ শরান্।
যুগপত্তস্য চিচ্ছেদ শরাভ্যাং সৈন্ধবস্য হ।
সারথেশ্চ শিরঃ কায়াদ্ধ্বজঞ্চ সমলঙ্কৃতম্ ॥১০॥

ভারতকৌমুদী

সৈন্ধব ইতি। সৈন্ধবো জয়দ্রথঃ। ন চক্ষমে ন সেহে, তোত্ত্রেণাঙ্কুশেনার্দ্দিতঃ ॥৭॥

স ইতি। বরাহধ্বজো জয়দ্রথঃ, গৃধ্রাণামিম ইতি গার্ধ্রাঃ পক্ষা যেষু তান্, অজিহ্মগান্ সরলগামিনঃ। কর্ম্মারৈঃ শিল্পিভিঃ পরিমার্জিতান্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৮॥

ত্রিভিরিতি। বাজিনো ধ্বজঞ্চার্জ্জুনস্যৈব। পত্রিণা বাণেন ॥৯॥

স ইতি। বিক্ষিপ্য নিবার্য্য। যুগপদেকদা। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১০॥

রাজা! ক্রমে অর্জ্জুন সমস্ত দিক্ ও সকল রথীকে আকুল করিয়া জয়দ্রথের দিকে ধাবিত হইলেন এবং নতপর্ব্ব চৌষট্টিটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৬॥

অর্জ্জুন বাণদ্বারা সেইভাবে বিদ্ধ করিলে, জয়দ্রথ অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় অত্যন্তক্রুদ্ধ হইয়া তাহা সহ্য করিলেন না ॥৭॥

তখন বরাহধ্বজ জয়দ্রথ অর্জ্জুনের উপরে গৃধ্রপক্ষযুক্ত, সরলগামী, ক্রুদ্ধসর্পতুল্য, শিল্পিপরিমার্জ্জিত ও সুধার বহুতর বাণ নিক্ষেপ করিলেন ॥৮॥

এবং তিনি তিনটা নারাচদ্বারা কৃষ্ণকে, ছয়টা নারাচদ্বারা অর্জ্জুনকে, আটটাদ্বারা অর্জ্জুনের অশ্বগুলিকে এবং একটা বাণদ্বারা তাঁহার ধ্বজটাকে বিদ্ধ করিলেন ॥৯॥

যো যোঽভ্যধাবদাক্রন্দে তাবকঃ পাণ্ডবং রণে। তস্য তস্যান্তকো বাণঃ শরীরে হ্যপতৎ প্রভো ॥
কবন্ধসঙ্কুলং চক্রে তব সৈন্যং মহারথঃ। অর্জ্জুনো জয়তাং শ্রেষ্ঠঃ শরৈরগ্ন্যংশুসন্নিভৈঃ ॥৩॥
এবং তত্তব রাজেন্দ্র! চতুরঙ্গবলং তদা। ব্যাকুলীকৃত্য কৌন্তেয়ো জয়দ্রথমুপাদ্রবৎ ॥৪॥
দ্রৌণিং পঞ্চাশতাবিধ্যদ্বৃষসেনং ত্রিভিঃ শরৈঃ। কৃপায়মাণঃ কৌন্তেয়ঃ কৃপং নবভিরার্দ্দয়ৎ ॥৫॥
শল্যং ষোড়শভির্ব্বাণৈঃ কর্ণং দ্বাত্রিংশতা শরৈঃ। সৈন্ধবঞ্চ চতুঃষষ্ট্যা বিদ্ধা সিংহ ইবানদৎ ॥৬॥

স চ্ছিন্নযষ্টিঃ সুমহান্ ধনঞ্জয়শরাহতঃ।
বরাহঃ সিন্ধুরাজস্য পপাতেন্দুসমপ্রভঃ ॥১১॥
এতস্মিন্নেব কালে তু দ্রুতং গচ্ছতি ভাস্করে।
অব্রবীৎ পাণ্ডবং রাজন্! ত্বরমাণো জনার্দ্দনঃ ॥১২॥
এষ মধ্যে কৃতঃ ষড়্‌ভিঃ পার্থ! বীরৈর্ম্মহারথৈঃ।
জীবিতেপ্সুর্ম্মহাবাহো! ভীতস্তিষ্ঠতি সৈন্ধবঃ ॥১৩॥
এতাননির্জ্জিত্য রণে ষড়্‌রথান্ পুরুষর্ষভ!।
ন শক্যঃ সৈন্ধবো হন্তুং যত্তো নির্ব্যাজমর্জ্জুন! ॥১৪॥
যোগমত্র বিধাস্যামি সূর্য্যস্যাবরণং প্রতি।
অস্তং গতমিবাব্যক্তং দ্রক্ষ্যত্যর্কং স সিন্ধুরাট্ ॥১৫॥

ভারতকৌমুদী

স ইতি। ইন্দুসমপ্রভশ্চন্দ্রতুল্যশুভ্রবর্ণঃ, রজতময়ত্বাৎ ॥১১॥
এতস্মিন্নিতি। গচ্ছতি অস্তমিতি শেষঃ। পাণ্ডবমর্জ্জুনম্ ॥১২॥
এষ ইতি। ষড়্‌ভিঃ অশ্বত্থামকৃপদুর্য্যোধনকর্ণশল্যবৃষসেনৈঃ ॥১৩॥
এতানিতি। যত্তো জীবনরক্ষায়াং যত্নবান্, নির্ব্যাজম্ অচ্ছলং যথা স্যাত্তথা ॥১৪॥
যোগমিতি। যোগমুপায়ম্, "যোগঃ সন্নহনোপায়ধ্যানসঙ্গতিযুক্তিষু" ইত্যমরঃ ॥১৫॥

তখন অর্জ্জুন জয়দ্রথনিক্ষিপ্ত তীক্ষ্ণ বাণগুলিকে নিবারণ করিয়া দুইটা বাণদ্বারা একদাই জয়দ্রথের সারথির দেহ হইতে মস্তকটা এবং তাঁহার অলঙ্কৃত ধ্বজটাকে কাটিয়া ফেলিলেন ॥১০॥

অর্জ্জুনের বাণে ধ্বজদণ্ড ছিন্ন হইলে, চন্দ্রের তুল্য শুভ্রবর্ণ ও বিশাল জয়দ্রথের ধ্বজস্থিত সেই বরাহটা ভূতলে পতিত হইল ॥১১॥

রাজা! এই সময়ে সূর্য্য দ্রুত অস্ত যাইতে লাগিলে, কৃষ্ণ ত্বরান্বিত হইয়া অর্জ্জুনকে বলিলেন—॥১২॥

'মহাবাহু পৃথানন্দন! জীবনার্থী এই জয়দ্রথ ছয় জন বীর মহারথের মধ্যে ভীত হইয়া অবস্থান করিতেছে ॥১৩॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন! জয়দ্রথ নিজেও জীবনরক্ষায় যত্নবান্ হইয়া রহিয়াছে। সুতরাং তুমি যুদ্ধে এই ছয় জন রথীকে জয় না করিয়া কিংবা কোন ছল অবলম্বন না করিয়া জয়দ্রথকে বধ করিতে পারিবে না ॥১৪॥

---

(১১)…শীর্য্যমাণঃ শরাহতঃ…পপাতাগ্নিশিখোপমঃ—বর্দ্ধ। (১৫)…অস্তং গত ইতি ব্যক্তং দ্রক্ষ্যত্যেকঃ স সিন্ধুরাট্—বঙ্গ বর্দ্ধ।

হর্ষেণ জীবিতাকাঙ্ক্ষী বিনাশার্থং তব প্রভো !।
ন গোপ্স্যতি দুরাচারঃ স আত্মানং কথঞ্চন।
তত্র ছিদ্রে প্রহর্ত্তব্যং ত্বয়াস্য কুরুসত্তম ! ॥১৬॥
ব্যপেক্ষা নৈব কর্ত্তব্যা গতোঽস্তমিতি ভাস্করঃ।
এবমস্ত্বিতি বীভৎসুঃ কেশবং প্রত্যভাষত ॥১৭॥
ততোঽসৃজত্তমঃ কৃষ্ণঃ সূর্য্যস্যাবরণং প্রতি।
যোগী যোগেন সংযুক্তো যোগিনামীশ্বরো হরিঃ ॥১৮॥
সৃষ্টে তমসি কৃষ্ণেন গতোঽস্তমিতি ভাস্করঃ।
ত্বদীয়া জহৃষুর্যোধাঃ পার্থনাশান্নরাধিপ ! ॥১৯॥
তে প্রহৃষ্টা রণে রাজন্ ! নাপশ্যন্ সৈনিকা রবিম্।
উন্নাম্য বক্ত্রাণি তদা স চ রাজা জয়দ্রথঃ ॥২০॥

ভারতকৌমুদী

হর্ষেণেতি। বিনাশার্থম্, সূর্য্যাস্তাৎ পূর্বং জয়দ্রথাবধেঽর্জ্জুনেনাগ্নিপ্রবেশপ্রতিজ্ঞানাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥

ব্যপেক্ষেতি। ব্যপেক্ষা জয়দ্রথবধে বিলম্বঃ। ইতি হেতৌ, গতো গচ্ছতি ॥১৭॥

তত ইতি। তমঃ অন্ধকারমসৃজৎ, যোগপ্রভাবেণ সূর্য্যাস্তিকেঽপি তমঃস্থিতিসম্ভবাৎ। যোগী সদানুবৃত্তযোগঃ ক্রিয়াকালে লৌকিকভাবেনাভিভাবিততদ্ভাবঃ, যোগেন প্রাকাম্যাখ্যেন যোগফলেন। হরতি ত্রীন্ তাপানিতি হরিঃ ॥১৮॥

সৃষ্ট ইতি। ইতি বিভাব্য। পার্থস্য নাশাৎ প্রতিজ্ঞানুসারেণ নাশমবধার্য্য ॥১৯॥

অতএব আমি সূর্য্যকে আবরণ করিবার জন্য একটা উপায় করিব; তাহাতে জয়দ্রথ সূর্য্যকে অস্তগতের ন্যায় অস্পষ্ট দেখিবে ॥১৫॥

প্রভাবশালী কৌরবশ্রেষ্ঠ ! তখন জীবনার্থী দুরাচার জয়দ্রথ তোমার মৃত্যু হইবে ভাবিয়া আনন্দে কোন প্রকারে আত্মগোপন করিবে না; সেই অবসরে তুমি উহার উপরে প্রহার করিবে ॥১৬॥

সূর্য্য অস্ত যাইতেছেন। সুতরাং মোটেই বিলম্ব করিও না।' তখন অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'এইরূপই হউক' ॥১৭॥

তদনন্তর যোগী ও যোগিগণের অধীশ্বর ত্রিতাপহারী কৃষ্ণ যোগযুক্ত হইয়া সূর্য্যের আবরণের জন্য অন্ধকার সৃষ্টি করিলেন ॥১৮॥

নরনাথ ! কৃষ্ণ অন্ধকার সৃষ্টি করিলে, সূর্য্য অস্ত গিয়াছেন মনে করিয়া এবং অর্জ্জুন বিনষ্ট হইবেন ভাবিয়া আপনার পক্ষের যোদ্ধারা আনন্দিত হইলেন ॥১৯॥

বীক্ষমাণে ততস্তস্মিন্ সিন্ধুরাজে দিবাকরম্।
পুনরেবাব্রবীৎ কৃষ্ণো ধনঞ্জয়মিদং বচঃ ॥২১॥
পশ্য সিন্ধুপতিং বীর! প্রেক্ষমাণং দিবাকরম্।
ভয়ং বিপুলমুৎসৃজ্য ত্বত্তো ভরতসত্তম! ॥২২॥
অয়ং কালো মহাবাহো! বধায়াস্য দুরাত্মনঃ।
ছিন্ধি মূর্দ্ধানমস্যাশু কুরু সাফল্যমাত্মনঃ ॥২৩॥
ইত্যেবং কেশবেনোক্তঃ পাণ্ডুপুত্রঃ প্রতাপবান্।
ন্যবধীত্তাবকং সৈন্যং শরৈরর্কাগ্নিসন্নিভৈঃ ॥২৪॥
কৃপং বিব্যাধ বিংশত্যা কর্ণং পঞ্চাশতা শরৈঃ।
শল্যং দুর্য্যোধনঞ্চৈব ষড়্ভিঃ ষড়্ভিরতাড়য়ৎ ॥২৫॥

ভারতকৌমুদী

ত ইতি। উন্নাম্য উত্তোল্য। স রাজা জয়দ্রথশ্চ বক্ত্রমুন্নাম্য রবিং নাপশ্যৎ ॥২০॥
বীক্ষেতি। তস্মিন্ তাদৃশে উত্তোলিতবক্ত্রে ॥২১॥
পশ্যেতি। ত্বত্তঃ ত্বৎ ॥২২॥
অয়মিতি। আত্মনঃ প্রতিজ্ঞায়া ইতি শেষঃ ॥২৩॥
ইতীতি। ন্যবধীৎ, অস্ত্রপ্রয়োগপথপরিষ্কারার্থমিতি ভাবঃ ॥২৪॥
কৃপমিতি। অতাড়য়ৎ পাণ্ডুপুত্র ইত্যন্বয়ঃ ॥২৫॥

দুর্ম্মদস্য চ বীরস্য দুষ্কর্ণস্য চ তং রথম্।
পাদপ্রহারেণ ধরাং প্রাবেশয়দরিন্দমঃ ॥৩৮॥ (যুগ্মকম্)
ততঃ সুতৌ তে বলিনৌ শূরৌ দুষ্কর্ণদুর্ম্মদৌ।
মুষ্টিনাহত্য স‍ংক্রুদ্ধো মমর্দ্দ চ ননাদ চ ॥৩৯॥
ততো হাহাকৃতে সৈন্যে দৃষ্ট্বা ভীমং নৃপাব্রুবন্।
রুদ্রোঽয়ং ভীমরূপেণ ধার্ত্তরাষ্ট্রেষু যুধ্যতি ॥৪০॥
এবমুক্ত্বা পলায়ন্ত সর্ব্বে ভারত! পার্থিবাঃ।
বিসংজ্ঞা বাহয়ন্ বাহান্ ন চ দ্বৌ সহ ধাবতঃ ॥৪১॥

ভারতকৌমুদী

তত ইতি। মিষতঃ পশ্যতঃ, দ্রৌণেরশ্বত্থাম্নঃ। ধরাং ভূমিম্ ।৩৭—৩৮।

তত ইতি। সংক্রুদ্ধো ভীমঃ ॥৩৯॥

তত ইতি। নৃপাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ। যুধ্যতি যুধ্যতে ॥৪০॥

এবমিতি। বিসংজ্ঞা ভয়েনাচেতনপ্রায়াঃ, বাহয়ন্ বাহয়ন্তঃ, বাহান্ বাহনানি ॥৪১॥

মহারাজ! তদনন্তর আপনার পুত্র দুর্ম্মদ ও দুষ্কর্ণ একরথে আরোহণ করিয়া বাণদ্বারা ভীমকে তাড়ন করিতে লাগিলেন ॥৩৬॥

তৎপরে কর্ণ, অশ্বত্থামা, দুর্য্যোধন, কৃপ, সোমদত্ত ও বাহ্লীকের সমক্ষেই শত্রুদমনকারী ভীমসেন পদাঘাত করিয়া বীর দুর্ম্মদ ও দুষ্কর্ণের সেই রথখানাকে কিয়ৎপরিমাণে ভূমিতে প্রবেশ করাইয়া দিলেন ॥৩৭—৩৮॥

তাহার পর অত্যন্তক্রুদ্ধ ভীমসেন বলবান্ ও বীর আপনার পুত্র দুষ্কর্ণ ও দুর্ম্মদকে মুষ্টিপ্রহার করিয়া মর্দ্দন করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩৯॥

তদনন্তর সৈন্যেরা হাহাকার করিতে লাগিলে, রাজারা ভীমকে দেখিয়া বলিতে লাগিলেন—'এই রুদ্র ভীমরূপে ধার্ত্তরাষ্ট্রগণের সহিত যুদ্ধ করিতেছেন' ॥৪০॥

ভরতনন্দন! রাজারা সকলে এইরূপ বলিয়া ভয়ে অচেতনপ্রায় হইয়া বেগে বাহনগুলিকে চালাইতে থাকিয়া পলায়ন করিতে লাগিলেন; কিন্তু দুই জন এক সঙ্গে ধাবিত হইলেন না ॥৪১॥

(৩৯)…মমর্দ্দ চ ননর্দ্দ চ—বা,…মমর্দ্দ চরণেন হ—নি। (৪১) এবমুক্ত্বা পলায়ন্তে…পি বা নি।

ততো বলে ভৃশলুলিতে নিশামুখে সুপূজিতো নৃপবরবৈর্বৃকোদরঃ।
মহাবলঃ কমলবিবুদ্ধলোচনো যুধিষ্ঠিরং নৃপতিমপূজয়দ্বলী ॥৪২॥
ততো যমৌ দ্রুপদবিরাটকেকয়া যুধিষ্ঠিরশ্চাপি পরাং মুদং যযুঃ।
বৃকোদরং ভৃশমভিপূজয়ংশ্চ তে যথান্ধকে প্রতিনিহতে হরং সুরাঃ ॥৪৩॥
ততঃ সুতাস্তব বরুণাত্মজোপমা রুষান্বিতাঃ সহ গুরুণা মহাত্মনা।
বৃকোদরং সরথপদাতিকুঞ্জরা যুযুৎসবো ভৃশমভিপর্য্যবারয়ন্ ॥৪৪॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো নিশামুখে প্রদোষকালে, বলে কৌরবসৈন্যে, ভৃশলুলিতে অতীবাকুলে সতি, নৃপবরৈ রাজশ্রেষ্ঠৈঃ, সুপূজিতঃ শৌর্য্যাতিশয়দর্শনাৎ সম্মানিতঃ, দেহে মহাবলঃ, বলী মনসি বলবান্, বিবুদ্ধং বিকসিতং কমলমিতি কমলবিবুদ্ধম্। অগ্নিষ্টোমাদিবদ্বিশেষণস্য পরনিপাতঃ। তদ্বৎ লোচনে যস্য সঃ, বৃকোদরঃ, নৃপতিং যুধিষ্ঠিরং নমস্কারেণাপূজয়ৎ। রুচিরা বৃত্তম্ ॥৪২॥

তত ইতি। ততো যমৌ নকুলসহদেবৌ দ্রুপদবিরাটকেকয়া যুধিষ্ঠিরশ্চাপি, পরামধিকাম্, মুদমানন্দম্, যযুঃ প্রাপুঃ। ততশ্চ অন্ধকে অসুরে, প্রতিনিহতে হরেণৈব বিনাশিতে সতি, সুরা হরং যথা, তথা তে যমাদয়ঃ, বৃকোদরম্, ভৃশমভিপূজয়ন্ সম্মানিতবন্তঃ। অড়াগমাভাব আর্ষঃ। অত্র রুচিরাবংশস্থবিলয়োর্মেলনাদুপজাতির্বৃত্তম্ ॥৪৩॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৯॥ অন্ধে তমস্যন্ধকারাশয়ে ॥১০॥ সম্ভৃষ্টান্ প্রাপ্তমনোরথান্ ॥১১—৩৯॥ নৃপাব্রুবন্নিতি নৃপেতি সম্বোধনম্, অব্রুবন্ পার্থিবা ইত্যানাগতেনান্বয়ঃ ॥৪০—৪৩॥ বরুণাত্মজঃ পুষ্করঃ ॥৪৪—৪৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৫॥

তদনন্তর সেই সন্ধ্যাকালে কৌরবসৈন্য অত্যন্ত আকুল হইয়া পড়িলে, প্রধান রাজারা ভীমসেনের বিশেষ সম্মান করিলেন। তখন দৈহিক ও মানসিক বলশালী এবং প্রস্ফুটিতপদ্মতুল্যনয়ন ভীমসেন যাইয়া রাজা যুধিষ্ঠিরকে নমস্কার করিলেন ॥৪২॥

তৎকালে নকুল, সহদেব, দ্রুপদ, বিরাট, কেকয়গণ এবং যুধিষ্ঠির অত্যন্ত আনন্দ লাভ করিলেন। পরে, অন্ধকাসুর নিহত হইলে, দেবতারা যেমন মহাদেবের বিশেষ সম্মান করিয়াছিলেন, সেইরূপ তাঁহারা ভীমসেনের বিশেষ সম্মান করিলেন ॥৪৩॥

---

(৪৩) ··ভৃশমপূজয়ংশ্চ তে···বা, ··ভৃশমসুপূজয়ংশ্চ তে·· নি। (৪৪)···ততঃ সুতাস্তে···নি।

ততোঽভবত্তিমিরঘনৈরিবাবৃতে মহাভয়ে ভয়দমতীবদারুণম্ ।
নিশামুখে বৃকবলগৃধ্রমোদনং মহাত্মনাং নৃপবর ! যুদ্ধমদ্ভুতম্ ॥৪৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
ঘটোৎকচবধে ভীমসেনপরাক্রমে পঞ্চত্রিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—০*০—

ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—(°*°)—

সঞ্জয় উবাচ ।
প্রায়োপবিষ্টে তু হতে পুত্রে সাত্যকিনা তদা ।
সোমদত্তো ভৃশং ক্রুদ্ধঃ সাত্যকিং বাক্যমব্রবীৎ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। বরুণাত্মজোপমাঃ পুষ্করাখ্যবরুণপুত্রতুল্যাঃ। গুরুণা দ্রোণেন। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ, অভিপর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টয়ন্। রুচিরা বৃত্তম্ ॥৪৪॥

তত ইতি। হে নৃপবর ! ততঃ, তিমিরাণ্যন্ধকারা ঘনা মেঘা ইব তৈরাবৃতে, অতএব মহাভয়ে মহদ্ভয়ং যস্মাত্তাদৃশে, নিশামুখে প্রদোষে, ভয়দম্, স্বরূপতোঽতীবদারুণম্, বৃকাণাং ব্যাঘ্রবিশেষাণাং বলানাং কাকানাং গৃধ্রাণাং পক্ষিণাঞ্চ মোদনং মাংসদানেনানন্দজনকম্, অদ্ভুতঞ্চ, মহাত্মনাং বীরাণাম্, যুদ্ধমভবৎ। অত্রাপি রুচিরা বৃত্তম্ ॥৪৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে
পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মহারাজ ! তাহার পর বরুণপুত্রতুল্য আপনার পুত্রেরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া রথ, পদাতি ও হস্তী লইয়া মহাত্মা দ্রোণের সহিত যাইয়া ভীমসেনকে পরিবেষ্টন করিলেন ॥৪৪॥

রাজশ্রেষ্ঠ ! তৎপরে মেঘের ন্যায় নিবিড় অন্ধকারে আবৃত ও মহাভয়জনক সেই সন্ধ্যাকালে ভয়ঙ্কর, অতিদারুণ এবং ব্যাঘ্র, কাক ও গৃধ্রগণের আমোদজনক বীরগণের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল' ॥৪৫॥

---

* '…ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, 'পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '…ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' নি ।

ক্ষত্রধর্ম্মঃ পুরা দৃষ্টো যস্তু দেবৈর্মহাত্মভিঃ।
তং ত্বং সাত্বত! সন্ত্যজ্য দস্যুধর্ম্মে কথং রতঃ ॥২॥
পরাঙ্মুখায় দীনায় ন্যস্তশস্ত্রায় সাত্যকে!।
ক্ষত্রধর্ম্মরতঃ প্রাজ্ঞঃ কথং নু প্রহরেদ্রণে ॥৩॥
দ্বাবেব কিল বৃষ্ণীনাং তত্র খ্যাতৌ মহারথৌ।
প্রদ্যুম্নশ্চ মহাবাহুস্ত্বঞ্চৈব যুধি সাত্বত! ॥৪॥
কথং প্রায়োপবিষ্টায় পার্থেন ছিন্নবাহবে।
নৃশংসং পতনীয়ঞ্চ তাদৃশং কৃতবানসি ॥৫॥
কর্ম্মণস্তস্য দুর্ব্বৃত্ত! ফলং প্রাপ্নুহি সংযুগে।
অদ্য চ্ছেৎস্যামি তে মূঢ়! শিরো বিক্রম্য পত্রিণা ॥৬॥

ভারতকৌমুদী

প্রায়েতি। প্রায়ায় মরণায় উপবিষ্টে, পুত্রে ভূরিশ্রবসি ॥১॥
ক্ষত্রেতি। দৃষ্টো ন্যায়দৃষ্ট্যা নির্ণীতঃ। হে সাত্বত! সাত্বতবংশীয়! ॥২॥
পরাঙিতি। দীনায় কাতরায়, ন্যস্তশস্ত্রায় কারণবিশেষাৎ ত্যক্তাস্ত্রায় ॥৩॥
দ্বাবিতি। কৃষ্ণস্তু বর্জনন্তু পরমেশ্বরত্বেনাবধারণাদিত্যাশয়ঃ ॥৪॥
কথমিতি। পতত্যনেনেতি পতনীয়ম্। "কৃত্যলুটোঽন্যত্রাপি" ইতি করণে অনীয়ঃ ॥৫॥
কর্ম্মণ ইতি। হে দুর্ব্বৃত্ত! দুরাচার!। সংযুগে যুদ্ধে। পত্রিণা বাণেন ॥৬॥

সঞ্জয় বলিলেন—'সাত্যকি তখন প্রায়োপবিষ্ট পুত্র ভূরিশ্রবাকে বধ করিয়াছিলেন বলিয়া সোমদত্ত অত্যন্তক্রুদ্ধ হইয়া সাত্যকিকে এই কথা বলিলেন—॥১॥

'সাত্বত! মহাত্মা দেবতারা পূর্ব্বে বিশেষ বিবেচনা করিয়া যে ক্ষত্রিয়ধর্ম্ম নিরূপণ করিয়াছিলেন, তুমি তাহা পরিত্যাগ করিয়া দস্যুর ধর্ম্মে নিরত হইলে কেন? ॥২॥

সাত্যকি! ক্ষত্রিয়ধর্ম্মনিরত ও বিচক্ষণ লোক যুদ্ধে পরাঙ্মুখ, কাতর ও অস্ত্রহীন ব্যক্তিকে কি করিয়া প্রহার করিতে পারেন? ॥৩॥

সাত্বত! বৃষ্ণিবংশের মধ্যে দুই জন যুদ্ধে মহারথ বলিয়া বিখ্যাত; এক—মহাবাহু প্রদ্যুম্ন, দ্বিতীয়—তুমি ॥৪॥

তাহাতে অর্জ্জুন দক্ষিণ বাহু ছেদন করায় যিনি প্রায়োপবেশন করিয়াছিলেন, সেই ভূরিশ্রবার উপরে তুমি কি করিয়া সেইরূপ নৃশংস ও পাতিত্যজনক ব্যবহার করিলে? ॥৫॥

(২)…পরো দৃষ্টঃ…নি। (৩)…ন্যস্তশস্ত্রায় যাচতে…নি। (৫)…নৃশংস! পতনীয়ঞ্চ…পি,…নৃশংসং বত দীনঞ্চ…নি।

শপে সাত্বত ! পুত্রাভ্যামিষ্টেন সুকৃতেন চ।
অনতীতামিমাং রাত্রিং যদি ত্বাং বীরমানিনম্ ॥৭॥
অরক্ষ্যমাণং পার্থেন জিষ্ণুনা সসুতানুজম্।
ন হন্যাং নরকে ঘোরে পতেয়ং বৃষ্ণিপাংসন ! ॥৮॥ (যুগ্মকম্)
এবমুক্ত্বা সুসংক্রুদ্ধঃ সোমদত্তো মহাবলঃ।
দধ্মৌ শঙ্খঞ্চ তারেণ সিংহনাদং ননাদ চ ॥৯॥
ততঃ কমলপত্রাক্ষঃ সিংহদংষ্ট্রো দুরাসদঃ।
সাত্বতো ভৃশসংক্রুদ্ধঃ সোমদত্তমথাব্রবীৎ ॥১০॥
কৌরবেয় ! ন মে ত্রাসঃ কথঞ্চিদপি বিদ্যতে।
ত্বয়া সার্দ্ধমথান্যৈশ্চ যুধ্যতো হৃদি কশ্চন ॥১১॥
যদি সর্বেণ সৈন্যেন গুপ্তো মাং যোধয়িষ্যসি।
তথাপি ন ব্যথা কাচিত্ত্বয়ি স্যান্মম কৌরব ! ॥১২॥

ভারতকৌমুদী

শপ ইতি। ইষ্টেন প্রাগুক্তবচনাদগ্নিহোত্রাদিজনিতেন, সুকৃতেন ধর্ম্মেণ। রাত্রিমিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। জিষ্ণুনা অর্জ্জুনেন। হে বৃষ্ণিপাংসন ! বৃষ্ণিকুলাধম ! ॥৭—৮॥

এবমিতি। দধ্মৌ বাদয়ামাস, তারেণ উচ্চস্বরেণ ॥৯॥

তত ইতি। কমলপত্রাক্ষঃ পদ্মদলতুল্যনয়নঃ, সিংহস্যেব দংষ্ট্রা দন্তশ্রেণির্যস্য সঃ ॥১০॥

কৌরবেয়েতি। যুধ্যতো যুধ্যমানস্য ॥১১॥

দুরাচার ! তুই যুদ্ধে সেই দুষ্কর্ম্মের ফল ভোগ কর্। মূর্খ ! আজ আমি বিক্রম প্রকাশ করিয়া বাণদ্বারা তোর মস্তকচ্ছেদন করিব ॥৬॥

বৃষ্ণিকুলাধম সাত্যকি ! অবশিষ্ট দুই পুত্র এবং অগ্নিহোত্রাদির ধর্ম্মদ্বারা আমি এই শপথ করিতেছি—অর্জ্জুন যদি রক্ষা না করেন, তবে এই রাত্রি অতীত হইবার পূর্ব্বেই পুত্র ও অনুজগণের সহিত বীরাভিমানী তোকে আমি যদি বধ না করি, তবে যেন ঘোর নরকে পতিত হই' ॥৭—৮॥

এই কথা বলিয়া অত্যন্তক্রুদ্ধ মহাবল সোমদত্ত শঙ্খধ্বনি করিলেন এবং উচ্চস্বরে সিংহনাদ করিয়া উঠিলেন ॥৯॥

তদনন্তর পদ্মনয়ন ও সিংহদন্ত দুর্দ্ধর্ষ সাত্যকি অত্যন্তক্রুদ্ধ হইয়া সোমদত্তকে বলিলেন—॥১০॥

'কুরুবংশীয় ! তোমার বা অন্যের সহিত যুদ্ধ করিতে আমার মনে কোন প্রকারে কোন ভয় হয় না ॥১১॥

যুদ্ধসারেণ বাক্যেন সতামবমতেন চ।
নাহং ভীষয়িতুং শক্যঃ ক্ষত্রব্রতে স্থিতস্ত্বয়া ॥১৩॥
যদি তেঽস্তি যুযুৎসাদ্য ময়া সহ নরাধিপ !।
নির্দ্দয়ো নিশিতৈর্ব্বাণৈঃ প্রহর প্রহরামি তে ॥১৪॥
হতো ভূরিশ্রবা বীরস্তব পুত্রো মহারথঃ।
শলশ্চৈব মহারাজ! ভ্রাতৃব্যসনকর্ষিতঃ ॥১৫॥
ত্বাঞ্চাপ্যদ্য বধিষ্যামি সপুত্রং সহবান্ধবম্।
তিষ্ঠেদানীং রণে যত্তঃ কৌরবোঽসি মহারথঃ ॥১৬॥
যস্মিন্ দানং দমঃ শৌচমহিংসা হ্রীর্ধৃতিঃ ক্ষমা।
অনপায়ীনি সর্ব্বাণি নিত্যং রাজ্ঞি যুধিষ্ঠিরে ॥১৭॥

ভারতকৌমুদী

যদীতি। গুপ্তো রক্ষিতঃ। ব্যথা ভয়বেদনা ॥১২॥
যুদ্ধেতি। যুদ্ধাৎ সারেণ প্রবলেনাধিকেনেত্যর্থঃ। ভীষয়িতুং ভয়ং প্রাপয়িতুম্ ॥১৩॥
যদীতি। যুযুৎসা যোদ্ধুমিচ্ছা। নির্দ্দয়ঃ সন্, নিশিতৈঃ সুধারৈঃ ॥১৪॥
হত ইতি। ভ্রাতুর্ভূরিশ্রবসো ব্যসনেন বিপদা মৃত্যুনা কর্ষিতঃ পীড়িতঃ ॥১৫॥
ত্বামিতি। যত্তো যুদ্ধে যত্নবান্ সন্ ॥১৬॥

ভারতভাবদীপঃ

প্রায়োপবিষ্ট ইতি ॥১—৪॥ পতনীয়ং পাতকাবহম্ ॥৫—১৬॥ দানং স্বদ্রব্যস্য পাত্রসাৎ-করণম্, দম উপশমঃ, শৌচমসাঙ্কর্য্যম্, অহিংসা ভূতানভিদ্রোহঃ, হ্রীরকার্য্যবিবর্জ্জনম্, ধৃতিরব-

কৌরব! তুমি যদি সমস্তসৈন্যকর্ত্তৃক রক্ষিত হইয়াও আমার সহিত যুদ্ধ কর, তথাপি আমার কোন উদ্বেগ হইবে না ॥১২॥

আমি ক্ষত্রিয়ধর্ম্মে রহিয়াছি। সুতরাং তুমি যুদ্ধ অপেক্ষা অতিরিক্ত এবং সজ্জনের অবজ্ঞাত বাক্যদ্বারা আমার ভয় জন্মাইতে পারিবে না ॥১৩॥

রাজা! আজ যদি আমার সহিত তোমার যুদ্ধ করিবার ইচ্ছা হইয়া থাকে, তবে তুমি নির্দ্দয় হইয়া সুধার বাণদ্বারা আমাকে প্রহার কর, আমিও তোমাকে প্রহার করি ॥১৪॥

মহারাজ! বীর ও মহারথ তোমার পুত্র ভূরিশ্রবা নিহত হইয়াছে এবং সেই ভ্রাতার মৃত্যুতে শোকার্ত্ত শলও বিনষ্ট হইয়াছে ॥১৫॥

আজ অবশিষ্ট পুত্র ও বন্ধুবর্গের সহিত তোমাকেও বধ করিব। তুমি কুরুবংশীয় এবং মহারথ। অতএব এখন যুদ্ধে যত্নবান্ হইয়া থাক ॥১৬॥

(১৩)...বাক্যেন অসতাং সম্মতেন চ...বা নি। (১৭)...অনপায়ানি সর্ব্বাণি...বা নি।

মৃদঙ্গকেতোস্তস্য ত্বং তেজসা নিহতঃ পুরা।
সকর্ণসৌবলঃ সংখ্যে বিনাশমুপযাস্যসি ॥১৮॥ (যুগ্মকম্)
শপেঽহং কৃষ্ণচরণৈরিষ্টাপূর্ত্তেন চৈব চ।
যদি ত্বাং সসুতং পাপং ন হন্যাং যুধি রোষিতঃ।
অপযাস্যসি চেত্ত্যক্ত্বা রণং মুক্তো ভবিষ্যসি ॥১৯॥
এবমাভাষ্য চান্যোন্যং ক্রোধসংরক্তলোচনৌ।
প্রবৃত্তৌ শরসম্পাতং কর্ত্তুং পুরুষসত্তমৌ ॥২০॥
ততো রথসহস্রেণ নাগানামযুতেন চ।
দুর্য্যোধনঃ সোমদত্তং পরিবার্য্য ব্যবস্থিতঃ ॥২১॥
শকুনিশ্চ সুসংক্রুদ্ধঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ।
পুত্রপৌত্রৈঃ পরিবৃতো ভ্রাতৃভিশ্চেন্দ্রবিক্রমৈঃ।
শ্যালস্তব মহাবাহুর্বজ্রসংহননো যুবা ॥২২॥

ভারতকৌমুদী

যস্মিন্নিতি। দম ইন্দ্রিয়দমনম্, হ্রীঃ অকার্য্যাকরণে লজ্জা, ধৃতির্ধৈর্য্যম্। অনপায়ীনি অবিনশ্বরাণি তিষ্ঠন্তীতি শেষঃ। মৃদঙ্গঃ কেতৌ ধ্বজে যস্য তস্য। বিনাশমদর্শনম্ ॥১৭—১৮॥

শপ ইতি। কৃষ্ণয়োঃ গুর্ব্বোঃ কৃষ্ণার্জ্জুনয়োশ্চরণৈঃ। অতএব বহুত্বাদ্‌গুরুত্বাচ্চ বহুবচনম্। ইষ্টমগ্নিহোত্রাদি পূর্ত্তং বাপ্যাদি। প্রমাণং পূর্ব্বমুক্তম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

এবমিতি। প্রবৃত্তৌ সাত্যকিসোমদত্তৌ ॥২০॥

তত ইতি। নাগানাং গজানাম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২১॥

দান, ইন্দ্রিয়দমন, পবিত্রতা, অহিংসা, লজ্জা, ধৈর্য্য ও ক্ষমা এই সমস্ত গুণ অবিনশ্বরভাবে সর্ব্বদা যে রাজা যুধিষ্ঠিরে রহিয়াছে, সেই মৃদঙ্গধ্বজ যুধিষ্ঠিরের তেজে পূর্ব্বেই তুমি নিহত হইয়া রহিয়াছ; এখন যুদ্ধে কর্ণ ও শকুনির সহিত কেবল অদৃশ্য হইয়া যাইবে ॥১৭—১৮॥

সুতরাং আমি ক্রুদ্ধ হইয়া যুদ্ধে পুত্রদের সহিত তোমাকে যদি বধ না করি, তবে কৃষ্ণ ও অর্জ্জুনের চরণ এবং অগ্নিহোত্রপ্রভৃতির ধর্ম্মদ্বারা শপথ করি। আর তুমি যদি রণস্থল ত্যাগ করিয়া যাও, তবে মুক্তি পাইবে' ॥১৯॥

পরস্পর এইরূপ বলিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া পুরুষশ্রেষ্ঠ সাত্যকি ও সোমদত্ত পরস্পর বাণক্ষেপ করিতে প্রবৃত্ত হইলেন ॥২০॥

তদনন্তর দুর্য্যোধন সহস্র রথী ও অযুত হস্তীর সহিত যাইয়া সোমদত্তকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিলেন ॥২১॥

---

(১৯)···ততো মুক্তো ভবিষ্যসি—পি বঙ্গ বর্দ্ধ। (২১)···পরিবার্য্য সমন্ততঃ—বা।

সাগ্রং শতসহস্রন্তু হয়ানাং তস্য ধীমতঃ।
সোমদত্তং মহেষ্বাসং সমন্তাৎ পর্য্যরক্ষত।
রক্ষ্যমাণশ্চ বলিভিশ্ছাদয়ামাস সাত্যকিম্ ॥২৩॥
তং ছাদ্যমানং বিশিখৈর্দৃষ্ট্বা সন্নতপর্ব্বভিঃ।
ধৃষ্টদ্যুম্নোঽভ্যয়াৎ ক্রুদ্ধঃ প্রগৃহ্য মহতীং চমূম্ ॥২৪॥
চণ্ডবাতাভিসৃষ্টানামুদধীনামিব স্বনঃ।
আসীদ্রাজন্! বলৌঘানামন্যোন্যমভিনিঘ্নতাম্ ॥২৫॥
বিব্যাধ সোমদত্তস্তু সাত্বতং নবভিঃ শরৈঃ।
সাত্যকির্নবভিশ্চৈনমবধীৎ কুরুপুঙ্গবম্ ॥২৬॥

ভারতকৌমুদী

শকুনিরিতি। বজ্রবৎ দৃঢ়ং সংহননং শরীরং যস্য সঃ। ব্যবস্থিত ইত্যনুবৃত্তিঃ। অত্র যুদ্ধযোগ্যপৌত্রসমন্বিতস্যাপি শকুনের্যুবত্বাভিধানাত্তদানীং সপ্ততিবর্ষপর্য্যন্তং যৌবনস্থিতিরকামেনাপ্যঙ্গীকার্য্যা। এতেন তাদৃশানামর্জ্জুনাদীনামপি পদে পদে যুবত্বাভিধানং সঙ্গচ্ছতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২২॥

সাগ্রমিতি। সাগ্রং সাধিকম্। রক্ষ্যমাণঃ সোমদত্তঃ, ছাদয়ামাস শরৈঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৩॥

তমিতি। বিশিখৈর্বাণৈঃ, সন্নতপর্ব্বভির্বক্রোপাঙ্গৈঃ। প্রগৃহ্য আদায় ॥২৪॥

চণ্ডেতি। চণ্ডবাতাভিসৃষ্টানাং প্রবলবায়ুচালিতানাম্ ॥২৫॥

মহারাজ! সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ, মহাবাহু, বজ্রের তুল্য দৃঢ়শরীর ও যুবা আপনার শ্যালক শকুনিও অত্যন্তক্রুদ্ধ এবং পুত্র, পৌত্র ও ইন্দ্রের তুল্য বিক্রমশালী ভ্রাতৃগণে পরিবেষ্টিত হইয়া সোমদত্তের সাহায্য করিবার জন্য অবস্থান করিতে লাগিলেন ॥২২॥

ধীমান্ শকুনির সমধিক লক্ষ অশ্বারোহী সকল দিকে থাকিয়া মহাধনুর্দ্ধর সোমদত্তকে রক্ষা করিতে লাগিল। সেই অবস্থায় সোমদত্ত বাণদ্বারা সাত্যকিকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৩॥

তখন ধৃষ্টদ্যুম্ন সাত্যকিকে নতপর্ব্ব বাণজালে আবৃত দেখিয়া ক্রুদ্ধ হইয়া বিশাল সৈন্য লইয়া সোমদত্তের দিকে ধাবিত হইলেন ॥২৪॥

রাজা! সেই সময়ে প্রবলবায়ুচালিত সমুদ্রের ন্যায় পরস্পর আঘাতকারী সৈন্যগণের কোলাহল হইতে লাগিল ॥২৫॥

ক্রমে সোমদত্ত নয়টা বাণদ্বারা সাত্যকিকে আঘাত করিলেন; সাত্যকিও নয়টা শরদ্বারা সোমদত্তকে তাড়ন করিলেন ॥২৬॥

---

(২৬)...সাত্যকির্নবভিশ্চৈবম্...বর্দ্ধ।

সোঽতিবিদ্ধো বলবতা সমরে দৃঢ়ধন্বিনা।
রথোপস্থং সমাসাদ্য মুমোহ গতচেতনঃ ॥২৭॥
তং বিমূঢ়ং সমালক্ষ্য সারথিস্ত্বরয়ান্বিতঃ।
অপোবাহ রণাদ্বীরং সোমদত্তং মহারথম্ ॥২৮॥
তং বিসংজ্ঞং সমালক্ষ্য যুযুধানশরার্দ্দিতম্।
অভ্যধাবত্ততো দ্রোণো যদুবীরজিঘাংসয়া ॥২৯॥
তমায়ান্তমভিপ্রেক্ষ্য যুধিষ্ঠিরপুরোগমাঃ।
পরিবব্রুর্মহাত্মানং পরীপ্সন্তো যদূদ্বহম্ ॥৩০॥
ততঃ প্রববৃতে যুদ্ধং দ্রোণস্য সহ পাণ্ডবৈঃ।
বলেরিব সুরৈঃ পূর্ব্বং ত্রৈলোক্যজয়কাঙ্ক্ষয়া ॥৩১॥
ততঃ সায়কজালেন পাণ্ডবানীকমাবৃণোৎ।
ভারদ্বাজো মহাতেজা বিব্যাধ চ যুধিষ্ঠিরম্ ॥৩২॥

ভারতকৌমুদী

বিব্যাধেতি। সাত্বতং সাত্যকিম্। কুরুপুঙ্গবং সোমদত্তম্ ॥২৬॥
স ইতি। স সোমদত্তঃ। রথস্য উপস্থমুপবেশনস্থানম্ ॥২৭॥
তমিতি। অপোবাহ অপসারয়ামাস ॥২৮॥
তমিতি। যুযুধানস্য সাত্যকেঃ শরেণার্দ্দিতম্। যদুবীরস্য সাত্যকেরেব জিঘাংসয়া ॥২৯॥
তমিতি। পরীপ্সন্তো রক্ষিতুমিচ্ছন্তঃ, যদূদ্বহং যদুবংশপ্রধানং সাত্যকিম্ ॥৩০॥
তত ইতি। বলেস্তদাখ্যস্যাসুররাজস্য, সুরৈঃ সহ ॥৩১॥

বলবান্ ও দৃঢ়ধন্বা সাত্যকি যুদ্ধে অত্যন্ত বিদ্ধ করিলে, সোমদত্ত অচৈতন্য হইয়া রথমধ্যে মূর্চ্ছিত হইলেন ॥২৭॥

তাঁহাকে মূর্চ্ছিত দেখিয়া তাঁহার সারথি ত্বরান্বিত হইয়া বীর ও মহারথ সোমদত্তকে রণস্থল হইতে লইয়া চলিয়া গেল ॥২৮॥

তখন দ্রোণ সোমদত্তকে সাত্যকির বাণে পীড়িত ও অচৈতন্য দেখিয়া সাত্যকিকে বধ করিবার ইচ্ছায় তাঁহার দিকে ধাবিত হইলেন ॥২৯॥

মহাত্মা দ্রোণ আসিয়াছেন দেখিয়া যুধিষ্ঠিরপ্রভৃতি পাণ্ডবেরা সাত্যকিকে রক্ষা করিবার ইচ্ছা করিয়া দ্রোণকে পরিবেষ্টন করিলেন ॥৩০॥

তদনন্তর, পূর্ব্বকালে ত্রিভুবন জয় করিবার ইচ্ছায় দেবগণের সহিত বলির যেমন যুদ্ধ লাগিয়াছিল, সেইরূপ পাণ্ডবগণের সহিত দ্রোণের যুদ্ধ লাগিয়া গেল ॥৩১॥

(২৯)…অভ্যদ্রবত্ততো দ্রোণঃ…বা নি। (৩০)…পরীপ্সন্তো যদূত্তমম্—বা নি।

সাত্যকিং দশভির্ব্বাণৈর্বিংশত্যা পার্ষতং শরৈঃ।
ভীমসেনঞ্চ নবভির্নকুলং পঞ্চভিস্তথা ॥৩৩॥
সহদেবং তথাষ্টাভিঃ শতেন চ শিখণ্ডিনম্।
দ্রৌপদেয়ান্ মহাবাহুঃ পঞ্চভিঃ পঞ্চভিঃ শরৈঃ ॥৩৪॥
বিরাটং মৎস্যমষ্টাভির্দ্রুপদং দশভিঃ শরৈঃ।
যুধামন্যুং ত্রিভিঃ ষড়্‌ভিরুত্তমৌজসমাহবে।
অন্যাংশ্চ সৈনিকান্ বিদ্ধা যুধিষ্ঠিরমুপাদ্রবৎ ॥৩৫॥ (বিশেষকম্)
তে বধ্যমানা দ্রোণেন পাণ্ডুপুত্রস্য সৈনিকাঃ।
প্রাদ্রবন্ বৈ ভয়াদ্রাজন্! সার্ত্তনাদা দিশো দশ ॥৩৬॥
কাল্যমানস্তু তৎ সৈন্যং দৃষ্ট্বা দ্রোণেন ফাল্গুনঃ।
কিঞ্চিদাগতসংরম্ভো গুরুং পার্থোঽভ্যয়াদ্দ্রুতম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবানামনীকং সৈন্যম্। ভারদ্বাজো দ্রোণঃ ॥৩২॥

সাত্যকিমিতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। দ্রৌপদেয়ান্ দ্রৌপদ্যাঃ পুত্রান্, মহাবাহুর্দ্রোণঃ। মৎস্যং মৎস্যদেশাধিপতিং বিরাটম্। উপাদ্রবৎ অভ্যধাবৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৩—৩৫॥

ত ইতি। প্রাদ্রবন্ পলায়ন্ত। আর্ত্তনাদৈঃ সহেতি সার্ত্তনাদাঃ ॥৩৬॥

কাল্যেতি। কাল্যমানং পীড্যমানম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ। সংরম্ভঃ ক্রোধঃ ॥৩৭॥

তাহার পর মহাতেজা দ্রোণ বাণসমূহদ্বারা পাণ্ডবসৈন্য আবৃত করিলেন এবং যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন ॥৩২॥

ক্রমে মহাবাহু দ্রোণ দশটা বাণদ্বারা সাত্যকিকে, কুড়িটাদ্বারা ধৃষ্টদ্যুম্নকে, নয়টাদ্বারা ভীমসেনকে, পাঁচটাদ্বারা নকুলকে, আটটাদ্বারা সহদেবকে, একশতদ্বারা শিখণ্ডীকে, পাঁচ পাঁচটাদ্বারা দ্রৌপদীর প্রত্যেক পুত্রকে, আটটাদ্বারা মৎস্যরাজ বিরাটকে, দশটাদ্বারা দ্রুপদকে, তিনটাদ্বারা যুধামন্যুকে, ছয়টাদ্বারা উত্তমৌজাকে এবং যুদ্ধে অন্যান্য সৈন্যকেও বিদ্ধ করিয়া যুধিষ্ঠিরের দিকে ধাবিত হইলেন ॥৩৩—৩৫॥

রাজা! দ্রোণ বধ করিতে লাগিলে, পাণ্ডবসৈন্যেরা আর্ত্তনাদ করিতে করিতে ভয়ে দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥৩৬॥

দ্রোণ পাণ্ডবসৈন্য পীড়ন করিতেছেন দেখিয়া অর্জ্জুনের কিঞ্চিৎ ক্রোধ জন্মিল; সুতরাং তিনি দ্রুত দ্রোণের দিকে গমন করিতে থাকিলেন ॥৩৭॥

দৃষ্ট্বা দ্রোণস্তু বীভৎসুমভিধাবন্তমাহবে।
সংন্যবর্ত্তত তৎ সৈন্যং পুনর্যৌধিষ্ঠিরং নৃপ !।
ততো যুদ্ধমভূদ্ভূয়ো ভারদ্বাজস্য পাণ্ডবৈঃ ॥৩৮॥
দ্রোণস্তব সুতৈ রাজন্ ! সর্ব্বতঃ পরিবারিতঃ।
ব্যধমৎ পাণ্ডুসৈন্যানি তূলরাশিমিবানলঃ ॥৩৯॥
তং জ্বলন্তমিবাদিত্যং দীপ্তানলসমদ্যুতিম্।
রাজন্ননিশমস্যন্তং দৃষ্ট্বা দ্রোণং শরার্চ্চিষম্ ॥৪০॥
মণ্ডলীভূতধন্বানং তপন্তমিব ভাস্করম্।
দহন্তমহিতান্ সৈন্যে নৈনং কশ্চিদবারয়ৎ ॥৪১॥ (যুগ্মকম্)
যো যো হি প্রমুখে তস্য তস্থৌ দ্রোণস্য পূরুষঃ।
তস্য তস্য শিরশ্ছিত্ত্বা যযুর্দ্রোণশরাঃ ক্ষিতিম্ ॥৪২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। দ্রোণমভিধাবন্তং বীভৎসুমর্জ্জুনং দৃষ্ট্বেতি সম্বন্ধঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥
দ্রোণ ইতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। ব্যধমৎ ব্যনাশয়দদহচ্চ ॥৩৯॥
তমিতি। অস্যন্তং ক্ষিপন্তম্। শরাঃ অর্চ্চিঃ শিখেব তাম্। মণ্ডলীভূতং কেবলং গোলাকারীভূতং ধনুর্যস্য তম্। অহিতান্ শত্রূন্, সৈন্যে সৈন্যমধ্যে ॥৪০—৪১॥
য ইতি। প্রমুখে সম্মুখে। "পূরুষাঃ পুরুষা নরঃ" ইত্যমরঃ ॥৪২॥

রাজা! অর্জ্জুন দ্রোণের দিকে ধাবিত হইয়াছেন দেখিয়া সেই যুধিষ্ঠিরের সৈন্য পুনরায় ফিরিল। তাহার পর পাণ্ডবসৈন্যের সহিত পুনরায় দ্রোণের যুদ্ধ হইতে লাগিল ॥৩৮॥

রাজা! ক্রমে দ্রোণ আপনার পুত্রগণে পরিবেষ্টিত হইয়া—অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে লাগিলেন ॥৩৯॥

নরনাথ! তখন দ্রোণ প্রজ্বলিত অগ্নির ন্যায় তেজস্বী হইলেন, সূর্য্যের ন্যায় জ্বলিতে লাগিলেন এবং সন্তাপ জন্মাইতে থাকিলেন, আর অনবরত অগ্নির তুল্য বাণ সকল ক্ষেপ করিতে লাগিলেন এবং শত্রুদিগকে দগ্ধ করিতে থাকিলেন; কিন্তু বিপক্ষসৈন্যমধ্যে কোন ব্যক্তিই উঁহাকে বারণ করিতে পারিল না ॥৪০—৪১॥

তৎকালে যে যে লোক সেই দ্রোণের সম্মুখে থাকিতে লাগিল, দ্রোণের

---

(৩৮)···পুনর্যৌধিষ্ঠিরং বলম্···বা নি। (৪১) মণ্ডলীকৃতধন্বানম্···বা নি। (৪২)···যযৌ দ্রোণশরঃ ক্ষিতিম্—পি বঙ্গ বর্দ্ধ।

এবং সা পাণ্ডবী সেনা বধ্যমানা মহাত্মনা।
প্রদুদ্রাব পুনর্ভীতা পশ্যতঃ সব্যসাচিনঃ ॥৪৩॥
সংপ্রভগ্নং বলং দৃষ্ট্বা দ্রোণেন নিশি ভারত!।
গোবিন্দমব্রবীজ্জিষ্ণুর্গচ্ছ দ্রোণরথং প্রতি ॥৪৪॥
ততো রজতগোক্ষীরকুন্দেন্দুসদৃশপ্রভান্।
চোদয়ামাস দাশার্হো হয়ান্ দ্রোণরথং প্রতি ॥৪৫॥
ভীমসেনোঽপি তং দৃষ্ট্বা যান্তং দ্রোণায় ফাল্গুনম্।
স্বসারথিমুবাচেদং দ্রোণানীকায় মাং বহ ॥৪৬॥
সোঽপি তস্য বচঃ শ্রুত্বা বিশোকোঽবাহয়দ্ধয়ান্।
পৃষ্ঠতঃ সত্যসন্ধস্য জিষ্ণোর্ভরতসত্তম! ॥৪৭॥
তৌ দৃষ্ট্বা ভ্রাতরৌ যত্তৌ দ্রোণানীকমভিদ্রুতৌ।
পাঞ্চালাঃ সৃঞ্জয়া মৎস্যাশ্চেদিকারূষকোশলাঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

এবমিতি। মহাত্মনা দ্রোণেন। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে ॥৪৩॥
সমিতি। বলং স্বসৈন্যম্। গোবিন্দং কৃষ্ণম্, জিষ্ণুরর্জ্জুনঃ ॥৪৪॥
তত ইতি। চোদয়ামাস চালয়ামাস, দাশার্হঃ কৃষ্ণঃ ॥৪৫॥
ভীমেতি। ফাল্গুনমর্জ্জুনম্। দ্রোণস্য অনীকায় সৈন্যং প্রতি ॥৪৬॥
স ইতি। বিশোকো নাম ভীমসেনসারথিঃ। সত্যসন্ধস্য সত্যপ্রতিজ্ঞস্য ॥৪৭॥

বাণ সকল সেই সেই লোকেরই মস্তকচ্ছেদন করিয়া করিয়া ভূমিতে প্রবেশ করিতে থাকিল ॥৪২॥

এইভাবে দ্রোণ বধ করিতে লাগিলে, পাণ্ডবসৈন্য ভীত হইয়া অর্জ্জুনের সমক্ষেই পুনরায় পলায়ন করিতে লাগিল ॥৪৩॥

ভরতনন্দন! রাত্রিতে দ্রোণের প্রভাবে সৈন্য ভগ্ন হইতেছে দেখিয়া অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'দ্রোণের রথের দিকে চল' ॥৪৪॥

তদনন্তর কৃষ্ণ—রৌপ্য, গোদুগ্ধ, কুন্দপুষ্প ও চন্দ্রের তুল্য শুভ্রবর্ণ অশ্বগুলিকে দ্রোণের রথের দিকে চালাইয়া দিলেন ॥৪৫॥

অর্জ্জুনকে দ্রোণের দিকে যাইতে দেখিয়া ভীমসেনও আপন সারথিকে ইহা বলিলেন—'দ্রোণসৈন্যের দিকে আমাকে লইয়া চল' ॥৪৬॥

ভরতশ্রেষ্ঠ! সে বিশোকও ভীমসেনের আদেশ শুনিয়া অশ্বগুলিকে সত্যপ্রতিজ্ঞ অর্জ্জুনের পিছনে চালাইয়া দিল ॥৪৭॥

(৪৩) দুদ্রাব চ পুনর্ভীতা···পি।

অন্বগচ্ছন্ মহারাজ! কেকয়াশ্চ মহারথাঃ।
ততো রাজন্নভূদ্ঘোরঃ সংগ্রামো লোমহর্ষণঃ ॥৪৯॥ (যুগ্মকম্)
বীভৎসুর্দক্ষিণং পার্শ্বমুত্তরঞ্চ বৃকোদরঃ।
মহদ্ভ্যাং রথবৃন্দাভ্যাং বলং জগৃহতুস্তব ॥৫০॥
তৌ দৃষ্ট্বা পুরুষব্যাঘ্রৌ ভীমসেনধনঞ্জয়ৌ।
ধৃষ্টদ্যুম্নোঽভ্যয়াদ্রাজন্! সাত্যকিশ্চ মহাবলঃ ॥৫১॥
চণ্ডবাতাভিপন্নানামুদধীনামিব স্বনঃ।
আসীদ্রাজন্! বলৌঘানাং তদান্যোন্যমভিঘ্নতাম্ ॥৫২॥
সৌমদত্তিবধাৎ ক্রুদ্ধো দৃষ্ট্বা সাত্যকিমাহবে।
দ্রৌণিরভ্যদ্রবদ্রাজন্! বধায় কৃতনিশ্চয়ঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তাবিতি। যত্তৌ যুদ্ধায় যত্নবন্তৌ। অন্বগচ্ছন্ তাবেব ॥৪৮—৪৯॥
বীভৎসুরিতি। বীভৎসুরর্জ্জুনঃ। জগৃহতুঃ আচক্রমতুঃ ॥৫০॥
তাবিতি। তৌ দ্রোণং প্রতি গচ্ছন্তাবিতি শেষঃ। অভ্যয়াৎ দ্রোণং প্রত্যগচ্ছৎ ॥৫১॥
চণ্ডেতি। চণ্ডবাতাভিপন্নানাং প্রবলবায়ুচালিতানাম্। প্রসঙ্গভেদাদপৌনরুক্ত্যম্ ॥৫২॥
সৌমেতি। সৌমদত্তেস্তু ভূরিশ্রবসো বধাৎ। তস্যৈবাতিশয়েনাত্মীয়ত্বাদিতি ভাবঃ ॥৫৩॥

মহারাজ! তখন ভীম ও অর্জ্জুন দুই ভ্রাতাকে যত্নসহকারে দ্রোণসৈন্যের দিকে যাইতে দেখিয়া পাঞ্চাল, সৃঞ্জয়, মৎস্য, চেদি, কারূষ ও কোশলদেশীয় সৈন্যেরা এবং কেকয়দেশীয় মহারথেরা ভীম ও অর্জ্জুনের অনুসরণ করিতে লাগিলেন। রাজা! তাহার পর ভয়ঙ্কর ও লোমহর্ষণ যুদ্ধ হইতে লাগিল ॥৪৮—৪৯॥

মহারাজ! ক্রমে দুইটা বিশাল রথসমূহ লইয়া অর্জ্জুন আপনার সৈন্যের দক্ষিণ পার্শ্ব এবং ভীমসেন উত্তর পার্শ্ব আক্রমণ করিলেন ॥৫০॥

রাজা! পুরুষশ্রেষ্ঠ ভীম ও অর্জ্জুনকে যাইতে দেখিয়া ধৃষ্টদ্যুম্ন এবং মহাবল সাত্যকিও দ্রোণের দিকে গমন করিলেন ॥৫১॥

নরনাথ! তখন প্রবলবায়ুসঞ্চালিত সমুদ্রের গর্জনের ন্যায় পরস্পর আঘাতকারী সৈন্যসমূহের কোলাহল হইতে লাগিল ॥৫২॥

রাজা! অশ্বত্থামা পূর্ব্বেই ভূরিশ্রবার বধে সাত্যকির প্রতি ক্রুদ্ধ হইয়াছিলেন। সুতরাং তৎকালে সেই সাত্যকিকে আসিতে দেখিয়া অশ্বত্থামা তাঁহার বধে কৃতনিশ্চয় হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

তমাপতন্তং সংপ্রেক্ষ্য শৈনেয়স্য রথং প্রতি।
ভৈমসেনিঃ সুসংক্রুদ্ধঃ প্রত্যমিত্রমবারয়ৎ ॥৫৪॥
কার্ষ্ণায়সং মহাঘোরমৃক্ষচর্ম্মপরিচ্ছদম্।
মহান্তং রথমাস্থায় ত্রিংশন্নল্বান্তরান্তরম্ ॥৫৫॥
বিক্ষিপ্তযন্ত্রসন্নাহং মহামেঘৌঘনিস্বনম্।
যুক্তং গজনিভৈর্বাহৈর্ন হয়ৈর্নাপি বারণৈঃ ॥৫৬॥
বিক্ষিপ্তপক্ষচরণবিবৃতাক্ষেণ কূজতা।
ধ্বজেনোচ্ছ্রিতদণ্ডেন গৃধ্ররাজেন রাজতা ॥৫৭॥
লোহিতার্দ্রপতাকং তমন্ত্রমালাবিভূষিতম্।
অষ্টচক্রসমাযুক্তমাস্থায় বিপুলং রথম্ ॥৫৮॥
শূলমুদ্‌গরধারিণ্যা শৈলপাদপহস্তয়া।
রক্ষসাং ঘোররূপাণামক্ষৌহিণ্যা সমাবৃতঃ ॥৫৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

অথ ষড়্‌ভিঃ শ্লোকৈঃ কুলকেন ঘটোৎকচকর্ত্তৃকবারণাদিকং বর্ণয়তি তমিতি। শৈনেয়স্য সাত্যকেঃ। ভৈমসেনির্ভীমসেনপুত্রো ঘটোৎকচঃ, প্রত্যমিত্রং প্রতিপক্ষীভূতং শত্রুং দ্রৌণিম্। কৃষ্ণেনায়সা লৌহেন নির্ম্মিতমিতি কার্ষ্ণায়সম্, ঋক্ষস্য ভল্লূকস্য চর্ম্ম পরিচ্ছদ আবরণং যস্য তম্। ত্রিংশৎ নল্বাশ্চতুঃশতহস্তা অন্তরমবকাশঃ অন্তরে মধ্যে যস্য তম্। "নল্বঃ কিষ্কুচতুঃশতম্" ইত্যমরঃ। এতৎপরিমাণাভিধানং বৃহত্ত্বমাত্রদ্যোতনার্থম্। বিক্ষিপ্তা অভ্যন্তরে স্থাপিতা যন্ত্রসন্নাহা গুলিকাক্ষেপকযন্ত্রযুদ্ধসজ্জাশ্চ যস্য তম্, মহামেঘৌঘস্যেব নিস্বনঃ শব্দো যস্য তম্। বাহৈরদৃষ্টচরৈর্ব্বাহনৈঃ। বারণৈর্গজৈঃ। বিক্ষিপ্তৌ অনবরতং সঞ্চালিতৌ পক্ষৌ চরণৌ চ যেন স চাসৌ বিবৃতে প্রসারিতে অক্ষিণী চক্ষুষী যেন স চেতি তেন, কূজতা অব্যক্তরবং কুর্ব্বতা, গৃধ্ররাজেন গৃধ্রপক্ষিশ্রেষ্ঠেন, তথা রাজতা দীপ্যমানেন, উচ্ছ্রিত উত্তোলিতো দণ্ডো যস্য তেন, ধ্বজেন চ বিশিষ্টম্। বিশেষণে তৃতীয়া। লোহিতা রক্তবর্ণা আর্দ্রা চ পতাকা যস্য তম্, অন্ত্রমালয়া প্রাণিনাড়ীবিশেষশ্রেণ্যা বিভূষিতম্। অষ্টাভিশ্চক্রৈঃ সমাযুক্তম্। আস্থায় বিপুলং রথমিতি পুনরুক্তির্দোষঃ। শৈলাঃ পর্ব্বতপাষাণাঃ পাদপা বৃক্ষাশ্চ হস্তেষু যস্যাস্তয়া। রক্ষসাং রাক্ষসানাম্ ॥৫৪—৫৯॥

প্রতিপক্ষ অশ্বত্থামা সাত্যকির রথের দিকে আসিতেছেন দেখিয়া ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া অতিবিশাল রথে আরোহণ করিয়া তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইল। ঘটোৎকচের সেই রথখানা কৃষ্ণলৌহে (ইস্পাতে) নির্ম্মিত, মহাভয়ঙ্কর ও ভল্লূকচর্ম্মে পরিবেষ্টিত ছিল এবং সেই রথখানার অভ্যন্তরদেশ

(৫৮) আর্দ্রপতাকস্ত আন্ত্রমালা···বা নি।

তমুদ্যতমহাচাপং নিশম্য ব্যথিতা নৃপাঃ।
যুগান্তকালসময়ে দণ্ডহস্তমিবান্তকম্ ॥৬০॥
ততস্তং গিরিশৃঙ্গাভং ভীমরূপং ভয়াবহম্।
দংষ্ট্রাকরালোগ্রমুখং শঙ্কুকর্ণং মহাহনুম্ ॥৬১॥
ঊর্দ্ধকেশং বিরূপাক্ষং দীপ্তাস্যং নির্ণতোদরম্।
মহাশ্বভ্রগলদ্বারং কিরীটচ্ছন্নমূর্দ্ধজম্ ॥৬২॥
ত্রাসনং সর্ব্বভূতানাং ব্যাত্তাননমিবান্তকম্।
বীক্ষ্য দীপ্তমিবায়ান্তং রিপুবিক্ষোভকারিণম্।
তমুদ্যতমহাচাপং রাক্ষসেন্দ্রং ঘটোৎকচম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

তমিতি। নিশম্য দৃষ্ট্বা। যুগান্তকালে যঃ সময়ঃ প্রাণিসংহারাচারস্তত্র ॥৬০॥

চতুর্ভিঃ শ্লোকৈঃ কলাপকেন ঘটোৎকচং বর্ণয়ন্নাহ তত ইতি। ভয়াবহং ভয়জনকম্। দংষ্ট্রয়া দন্তশ্রেণ্যা করালং বিকটমুগ্রঞ্চ মুখং যস্য তম্, শঙ্কুবৎ অস্থূলৌ দীর্ঘৌ চ কর্ণৌ যস্য

ভারতভাবদীপঃ

সাদাদাবপানবসাদঃ, ক্ষমাহপকারিণ্যানপচিকীর্ষা ॥১৭—২৪॥ চণ্ডবাতেন প্রচণ্ডবায়ুনা, অভিস্থষ্টা-নামান্দোলিতানাম্ ॥২৫—৫৭॥ লোহিতার্দ্রা লৌহিতৈকদেশার্দ্রা পতাকা যত্র ॥৫৮—৬১॥

দ্বাদশসহস্রহস্তপরিমিত (অতিবৃহৎ) ছিল; তাহার মধ্যে যন্ত্র (কামান) ও নানাবিধ যুদ্ধসজ্জা স্থাপিত ছিল; মহামেঘগর্জনের ন্যায় সেই রথের শব্দ হইতেছিল; অশ্বও নহে এবং হস্তীও নহে, অথ চ হস্তীর আকৃতিযুক্ত কতকগুলি বাহন সে রথে যোজিত ছিল; সেই রথে একটা উজ্জ্বল ধ্বজ উত্তোলিত ছিল, তাহার উপরে থাকিয়া একটা বিশাল গৃধ্রপক্ষী অনবরত পক্ষ ও চরণসঞ্চালন এবং নয়নযুগল প্রসারণ করিয়া রব করিতেছিল; তাহাতে একটা রক্তবর্ণ ও আর্দ্র পতাকা দুলিতেছিল; প্রাণিগণের নাড়ীর মালা দিয়া সে রথখানাকে অলঙ্কৃত করা হইয়াছিল এবং সে রথখানার আটটা চক্র ছিল। আর সে সময়ে শূল, মুদ্গর, প্রস্তর ও বৃক্ষধারী ভয়ঙ্করমূর্ত্তি এক অক্ষৌহিণী রাক্ষসসৈন্য ঘটোৎকচকে পরিবেষ্টন করিয়া রহিয়াছিল ॥৫৪—৫৯॥

ক্রমে প্রলয়কালে দণ্ডহস্ত যমের ন্যায় উদ্যতকার্ম্মুক ঘটোৎকচকে দেখিয়া রাজারা ভীত হইয়া পড়িলেন ॥৬০॥

মহারাজ! তাহার পর, আবর্ত্ত ও তরঙ্গসঙ্কুল গঙ্গানদী যেমন বায়ুবেগে বিক্ষুব্ধ হয়, সেইরূপ আপনার পুত্রের বাহিনী সেই ঘটোৎকচকে দেখিয়া ভয়ে

(৬০)···নিশাম্য···নি। (৬২) ঊর্দ্ধবক্ত্রম্···পি বঙ্গ বর্দ্ধ।

ভয়ার্দ্দিতা প্রচুক্ষোভ পুত্রস্য তব বাহিনী।
বায়ুনা ক্ষোভিতাবর্ত্তা গঙ্গেবোর্দ্ধতরঙ্গিণী ॥৬৪॥ (কলাপকম্)
ঘটোৎকচপ্রমুক্তেন সিংহনাদেন ভীষিতাঃ।
প্রসুস্রুবুর্গজা মূত্রং বিব্যথুশ্চ নরা ভৃশম্ ॥৬৫॥
ততোঽশ্মবৃষ্টিরত্যর্থমাসীত্তত্র সমন্ততঃ।
সন্ধ্যাকালাধিকবলৈঃ প্রযুক্তা রাক্ষসৈঃ ক্ষিতৌ ॥৬৬॥
আয়সানি চ চক্রাণি ভুষুণ্ড্যঃ প্রাসতোমরাঃ।
পতন্ত্যবিরলাঃ শূলাঃ শতঘ্ন্যঃ পট্টিশাস্তথা ॥৬৭॥

ভারতকৌমুদী

তম্, মহান্ হনুঃ ওষ্ঠাধোদেশো যস্য তম্। উর্দ্ধা উন্নতাঃ কেশা যস্য তম্, বিরূপে বিকৃতে অক্ষিণী যস্য তম্, দীপ্তমুজ্জ্বলাভ্যন্তরম্ আস্যং মুখং যস্য তম্, নির্ণতং গভীরমুদরং যস্য তম্। মহাশ্বভ্রবৎ বিশালগর্ত্তবৎ গলদ্বারং যস্য তম্, কিরীটেন ছন্না আবৃতা মূর্দ্ধজাঃ কেশা যস্য তম্। ব্যাত্তাননং প্রকটিতবদনম্। দীপ্তং প্রজ্বলিতম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। প্রচুক্ষোভ বিচচাল। ক্ষোভিতাঃ সঞ্চালিতা আবর্ত্তা জলভ্রময়ো যস্যাঃ সা, উর্দ্ধা উচ্চাস্তরঙ্গা অস্যাঃ সন্তীতি সা ॥৬১—৬৪॥

ঘটেতি। ভীষিতা ভয়ং প্রাপিতাঃ। প্রসুস্রুবুঃ তত্যজুঃ ॥৬৫॥

তত ইতি। অশ্মনাং পাষাণানাং বৃষ্টিঃ। সন্ধ্যাকালে অধিকং বলং যেষাং তৈঃ ॥৬৬॥

বিক্ষুব্ধ হইয়া পড়িল। কারণ, ঘটোৎকচের দেহটা পর্ব্বতশৃঙ্গের তুল্য, তাহার রূপ ভীষণ ও ভয়াবহ, মুখখানা বিকট ও দন্তশ্রেণীতে ভীষণ, কাণ দুখানা পেরেকের মত লম্বা ও সরু, হনুদেশ বিশাল, মাথার চুলগুলি উচু উচু, চোখ দুইটা বিকৃত, মুখের ভিতরটা উজ্জ্বল, উদরটা গভীর, বিশাল গর্ত্তের ন্যায় গলদ্বার এবং চুলগুলি কিরীটে আবৃত ছিল। বিবৃতবদন যমের ন্যায় সমস্ত প্রাণীর ভয়জনক এবং শত্রুপক্ষের চাঞ্চল্যকারক রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচ তখন বিশাল ধনু উত্তোলন করিয়া জ্বলিতে থাকিয়াই যেন আসিতে লাগিল ॥৬১—৬৪॥

ক্রমে ঘটোৎকচ সিংহনাদ করিয়া উঠিলে, হস্তী সকল মূত্রত্যাগ করিতে লাগিল এবং মানুষেরা অত্যন্ত ভীত হইল ॥৬৫॥

সন্ধ্যাকালে রাক্ষসদিগের বল অধিক হইয়া থাকে। সুতরাং তখন অধিক-বলশালী রাক্ষসেরা সমরাঙ্গনের সকল দিকে প্রবল প্রস্তরবৃষ্টি করিতে থাকিল ॥৬৬॥

---

(৬৫) ঘটোৎকচপ্রযুক্তেন···বা নি। (৬৭)···পতন্ত্যবিরতাঃ···বা নি।

তদুগ্রমতিরৌদ্রঞ্চ দৃষ্ট্বা যুদ্ধং নরাধিপাঃ।
তনয়াস্তব কর্ণশ্চ ব্যথিতাঃ প্রাদ্রবন্ দিশঃ ॥৬৮॥
তত্রৈকোঽস্ত্রবলশ্লাঘী দ্রৌণির্মানী ন বিব্যথে।
ব্যধমচ্চ শরৈর্মায়াং ঘটোৎকচবিনির্ম্মিতাম্ ॥৬৯॥
বিহতায়াস্তু মায়ায়ামমর্ষী স ঘটোৎকচঃ।
বিসসর্জ্জ শরান্ ঘোরাংস্তেঽশ্বত্থামানমাবিশন্ ॥৭০॥
ভুজগা ইব বেগেন বল্মীকং ক্রোধমূর্চ্ছিতাঃ।
তে শরা রুধিরাক্তাঙ্গা ভিত্ত্বা শারদ্বতীসুতম্।
বিবিশুর্ধরণীং শীঘ্রা রুক্মপুঙ্খাঃ শিলাশিতাঃ ॥৭১॥
অশ্বত্থামা তু সংক্রুদ্ধো লঘুহস্তঃ প্রতাপবান্।
ঘটোৎকচমতিক্রুদ্ধং বিভেদ দশভিঃ শরৈঃ ॥৭২॥

ভারতকৌমুদী

আয়সানীতি। আয়সানি লৌহময়ানি। ভুষুণ্ড্যাদয়স্তদানীন্তনা অস্ত্রবিশেষাঃ ॥৬৭॥
তদিতি। ব্যথিতা ভীতাঃ, প্রাদ্রবন্ অপাসরন্ ॥৬৮॥
তত্রেতি। দ্রৌণিরশ্বত্থামা। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৬৯॥
বিহতায়ামিতি। অমর্ষী ক্রুদ্ধঃ। বিসসর্জ নিচিক্ষেপ ॥৭০॥
ভুজগা ইতি। বল্মীকম্ উইমৃত্তিকাস্তূপম্। শারদ্বতীসুতমশ্বত্থামানম্। ষট্পাদঃ ॥৭১॥
অশ্বেতি। লঘুক্ষর্তাস্ত্রক্ষেপক্ষমো হস্তো যস্য সঃ। বিভেদ বিদারয়ামাস ॥৭২॥

এবং লৌহময় চক্র, ভুষুণ্ডী, প্রাস, তোমর, শূল, শতঘ্নী ও পট্টিশ সকল অবিরল ধারায় পতিত হইতে থাকিল ॥৬৭॥

রাজা! অতিভীষণ ও অতিরৌদ্র সেই যুদ্ধ দেখিয়া রাজারা, আপনার পুত্রেরা এবং কর্ণ ভীত হইয়া এক এক প্রান্তে সরিয়া যাইতে লাগিলেন ॥৬৮॥

কিন্তু তখন অস্ত্রবলশ্লাঘী ও অভিমানী একমাত্র অশ্বত্থামাই ভীত হইলেন না; বরং তিনি বাণদ্বারা ঘটোৎকচের মায়া বিনষ্ট করিতে থাকিলেন ॥৬৯॥

মায়া বিনষ্ট হইলে, ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া ভয়ঙ্কর বাণসমূহ নিক্ষেপ করিল; তখন সেই বাণগুলি যাইয়া অশ্বত্থামার শরীরে প্রবেশ করিল ॥৭০॥

দ্রুতগামী, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত সেই বাণগুলি অশ্বত্থামার দেহ বিদীর্ণ করিয়া রক্তাক্ত হইয়া—ক্রুদ্ধ সর্প সকল যেমন উইয়ের মাটির ভিতরে প্রবেশ করে, সেইরূপ ভূতলে প্রবেশ করিল ॥৭১॥

(৭০) নিহতায়াস্তু ···পি বঙ্গ বৰ্দ্ধ। (৭১) ভুজঙ্গা ইব···বা নি।

ঘটোৎকচোঽতিবিদ্ধস্তু দ্রোণপুত্রেণ মর্ম্মসু।
চক্রং শতসহস্রারমগৃহ্লাদ্ব্যথিতো ভৃশম্ ॥৭৩॥
ক্ষুরান্তং বালসূর্য্যাভং মণিবজ্রবিভূষিতম্।
অশ্বত্থাম্নি স চিক্ষেপ ভৈমসেনির্জ্জিঘাংসয়া ॥৭৪॥
বেগেন মহতাগচ্ছদ্বিক্ষিপ্তং দ্রোণিনা শরৈঃ।
অভাগ্যস্যেব সঙ্কল্পস্তন্মোঘমপতদ্ভুবি ॥৭৫॥
ঘটোৎকচস্ততস্তূর্ণং দৃষ্ট্বা চক্রং নিপাতিতম্।
দ্রৌণিং প্রাচ্ছাদয়দ্বাণৈঃ স্বর্ভানুরিব ভাস্করম্ ॥৭৬॥
ঘটোৎকচসুতঃ শ্রীমান্ ভিন্নাঞ্জনচয়োপমঃ।
রুরোধ দ্রৌণিমায়ান্তং প্রভঞ্জনমিবাদ্রিরাট্ ॥৭৭॥

ভারতকৌমুদী

ঘটেতি। শতং সহস্রাণি অরা অভ্যন্তরদণ্ডা যস্য তৎ ॥৭৩॥
ক্ষুরেতি। ক্ষুরস্যেব অন্তো ধারা যস্য তৎ। বজ্রং হীরকম্ ॥৭৪॥
বেগেনেতি। বিক্ষিপ্তং প্রতিহতম্। মোঘং ব্যর্থং সৎ ॥৭৫॥
ঘটেতি। স্বর্ভানুঃ ভূমিচ্ছায়ারূপো রাহুঃ ॥৭৬॥

তখন লঘুহস্ত ও প্রতাপশালী অশ্বত্থামা অত্যন্তক্রুদ্ধ হইয়া দশটা বাণদ্বারা অতিক্রুদ্ধ ঘটোৎকচকে বিদ্ধ করিলেন ॥৭২॥

অশ্বত্থামা মর্ম্মদেশে অত্যন্তবিদ্ধ করিলে, ঘটোৎকচ গুরুতর ব্যথিত হইয়া বহুতির্য্যগ্দণ্ডযুক্ত একটা চক্র গ্রহণ করিল ॥৭৩॥

পরে ঘটোৎকচ অশ্বত্থামাকে বধ করিবার ইচ্ছা করিয়া ক্ষুরধার, নবীন সূর্য্যের তুল্য উজ্জ্বল এবং মণি ও হীরকভূষিত সেই চক্রটা অশ্বত্থামার উপরে নিক্ষেপ করিল ॥৭৪॥

ঘটোৎকচনিক্ষিপ্ত সেই চক্রটা মহাবেগে আসিতে লাগিলে, অশ্বত্থামা বাণদ্বারা সেটাকে প্রতিহত করিলেন। তখন ভাগ্যহীন লোকের মনোবাসনার ন্যায় সেটা ব্যর্থ হইয়া ভূতলে পতিত হইল ॥৭৫॥

তাহার পর ঘটোৎকচ চক্রটাকে নিপাতিত দেখিয়া—রাহু যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ বাণদ্বারা সত্বর অশ্বত্থামাকে আবৃত করিল ॥৭৬॥

পরে অশ্বত্থামা আসিতে লাগিলে, পর্ব্বতশ্রেষ্ঠ যেমন বায়ুকে রুদ্ধ করে, সেইরূপ বীরশোভাশালী ও বিস্তৃতকজ্জলরাশির তুল্য বিশালমূর্ত্তি ঘটোৎকচপুত্র অঞ্জনপর্ব্বা অশ্বত্থামাকে রুদ্ধ করিল ॥৭৭॥

(৭৬) ঘটোৎকচসুতস্তূর্ণম্···পি, ঘটোৎকচসুতস্তূগ্রম্· ·বঙ্গ বর্দ্ধ।

পৌত্রেণ ভীমসেনস্য শরৈঃ সোঽঞ্জনপর্বণা।
বভৌ মেঘেন ধারাভির্গিরির্মেরুরিবাচিতঃ ॥৭৮॥
অশ্বত্থামা ত্বসংভ্রান্তো রুদ্রোপেন্দ্রেন্দ্রবিক্রমঃ।
ধ্বজমেকেন বাণেন চিচ্ছেদাঞ্জনপর্ব্বণঃ ॥৭৯॥
দ্বাভ্যাস্তু রথযন্তারং ত্রিভিশ্চাস্য ত্রিবেণুকম্।
ধনুরেকেন চিচ্ছেদ চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৮০॥
বিরথস্যোদ্যতং হস্তাদ্ধেমবিন্দুভিরাচিতম্।
বিশিখেন সুতীক্ষ্ণেন খড়্গমস্য দ্বিধাকরোৎ ॥৮১॥
গদা হেমাঙ্গদা রাজংস্তূর্ণং হৈড়িম্বসূনুনা।
ভ্রাম্যোৎক্ষিপ্তা শরৈশ্চাপি দ্রৌণিনাভ্যাহতাপতৎ ॥৮২॥

ভারতকৌমুদী

ঘটেতি। ভিন্নো বিদীর্ণো যোঽঞ্জনচয়ঃ কজ্জলরাশিস্তদুপমঃ। প্রভঞ্জনং বায়ুম্ ॥৭৭॥
পৌত্রেণেতি। সঃ অশ্বত্থামা অঞ্জনপর্বণা তন্নাম্না। আচিতো ব্যাপ্তঃ ॥৭৮॥
অশ্বেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ। উপেন্দ্রো বিষ্ণুঃ ॥৭৯॥
দ্বাভ্যামিতি। রথস্য যন্তারং সারথিম্। ত্রিবেণুকং রথস্যৈব দণ্ডবিশেষম্ ॥৮০॥
বিরথস্যেতি। বিরথস্যাঞ্জনপর্বণঃ, উদ্যতমুত্তোলিতম্। আচিতং ব্যাপ্তম্ ॥৮১॥
গদেতি। হেমাঙ্গদা স্বর্ণকেয়ূরবেষ্টিতা। হৈড়িম্বসূনুনা ঘটোৎকচপুত্রেণ ॥৮২॥

ভীমসেনের পৌত্র অঞ্জনপর্ব্বা বাণদ্বারা অশ্বত্থামাকে ব্যাপ্ত করিলে, মেঘের জলধারায় ব্যাপ্ত সুমেরুপর্ব্বতের ন্যায় অশ্বত্থামা প্রকাশ পাইতে লাগিলেন ॥৭৮॥

কিন্তু রুদ্র, বিষ্ণু ও ইন্দ্রের ন্যায় বিক্রমশালী অশ্বত্থামা অবিচলিত থাকিয়াই একটা বাণদ্বারা অঞ্জনপর্ব্বার ধ্বজ ছেদন করিলেন ॥৭৯॥

ক্রমে তিনি দুইটা বাণদ্বারা অঞ্জনপর্ব্বার সারথিকে এবং চারিটা বাণদ্বারা চারিটা অশ্বকে বধ করিলেন, আর তিনটা বাণদ্বারা ত্রিবেণু ও একটা বাণদ্বারা ধনু ছেদন করিলেন ॥৮০॥

তখন অঞ্জনপর্ব্বা রথবিহীন হইয়া স্বর্ণবিন্দুব্যাপ্ত তরবারি উত্তোলন করিলে, অশ্বত্থামা একটা সুতীক্ষ্ণ বাণদ্বারা অঞ্জনপর্ব্বার হস্ত হইতেই সে তরবারিখানাকে দুই খণ্ডে ছেদন করিয়া নিপাতিত করিলেন ॥৮১॥

রাজা! পরে অঞ্জনপর্ব্বা স্বর্ণকেয়ূরযুক্ত একটা গদা ঘূর্ণিত করিয়া নিক্ষেপ

---

(৭৮)…গিরির্মেরুরিবাচলঃ—পি, …গিরির্মেরুরিবাবৃতঃ—বা নি। (৮০)…রথযন্তারৌ… বা নি। (৮২)… হৈড়িম্বিসূনুনা…বঙ্গ বৰ্দ্ধ বা নি।

ততোঽন্তরীক্ষমুৎপত্য কালমেঘ ইবোন্নদন্।
ববর্ষাঞ্জনপর্বা স দ্রুমবর্ষং নভস্তলাৎ ॥৮৩॥
ততো মায়াধরং দ্রৌণির্ঘটোৎকচসুতং দিবি।
মার্গণৈরভিবিব্যাধ ঘনং সূর্য্য ইবাংশুভিঃ ॥৮৪॥
সোঽবতীর্য্য পুনস্তস্থৌ রথে হেমপরিষ্কৃতে।
মহীগত ইবাত্যুগ্রঃ শ্রীমানঞ্জনপর্ব্বতঃ ॥৮৫॥
তময়স্ময়বর্ম্মাণং দ্রৌণির্ভীমাত্মজাত্মজম্।
জঘানাঞ্জনপর্ব্বাণং মহেশ্বর ইবান্ধকম্ ॥৮৬॥
অথ দৃষ্ট্বা হতং পুত্রমশ্বত্থাম্না মহাবলম্।
দ্রৌণেঃ সকাশমভ্যেত্য রোষাৎ প্রচলিতাঙ্গদঃ ॥৮৭॥
প্রাহ বাক্যমসংভ্রান্তো বীরং শারদ্বতীসুতম্।
দহন্তং পাণ্ডবানীকং বনমগ্নিমিবোদ্ধতম্ ॥৮৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। উন্নদন্ উচ্চৈর্গর্জন্। ববর্ষ চকার। দ্রুমবর্ষং বৃক্ষবর্ষণম্ ॥৮৩॥
তত ইতি। মার্গণৈর্বাণৈঃ, ঘনং মেঘম্, অংশুভিঃ কিরণৈঃ ॥৮৪॥
স ইতি। হেমপরিষ্কৃতে স্বর্ণালঙ্কৃতে। অঞ্জনপর্ব্বতঃ কজ্জলগিরিঃ ॥৮৫॥
তমিতি। অয়স্ময়ং লৌহময়ং বর্ম্ম যস্য তম্। অন্ধকং তদাখ্যমসুরম্ ॥৮৬॥
অথেতি। প্রচলিতাঙ্গদঃ কম্পিতকেয়ূরঃ। শারদ্বতীসুতমশ্বত্থামানম্ ॥৮৭—৮৮॥

করিল; তখন অশ্বত্থামা বাণদ্বারা সেটাকেও প্রতিহত করিলে, সেটা পড়িয়া গেল ॥৮২॥

তাহার পর অঞ্জনপর্ব্বা আকাশে উঠিয়া কৃষ্ণমেঘের ন্যায় উচ্চস্বরে গর্জন করিতে থাকিয়া আকাশ হইতে বৃক্ষ বর্ষণ করিতে লাগিল ॥৮৩॥

তদনন্তর সূর্য্য যেমন কিরণদ্বারা মেঘ বিদ্ধ করেন, সেইরূপ অশ্বত্থামা বাণদ্বারা আকাশস্থিত মায়াবী ঘটোৎকচপুত্রকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৮৪॥

তখন অঞ্জনপর্বা আকাশ হইতে অবতীর্ণ হইয়া—ভীষণ ও স্নিগ্ধ কজ্জলপর্বত যেমন ভূতলে অবস্থান করে, সেইরূপ পুনরায় স্বর্ণালঙ্কৃত রথে অবস্থান করিল ॥৮৫॥

ক্রমে, পূর্ব্বকালে মহাদেব যেমন অন্ধকাসুরকে বধ করিয়াছিলেন, সেইরূপ অশ্বত্থামা ভীমসেনের পুত্রের পুত্র লৌহবর্ম্মধারী অঞ্জনপর্বাকে বধ করিলেন ॥৮৬॥

(৮৫)…পুনস্তস্থৌ…বা নি। (৮৭)…রোষাৎ প্রস্ফুরিতাধরঃ—নি। (৮৮)…বনমগ্নিমিবোচ্ছ্রিতম্—বা নি।

ঘটোৎকচ উবাচ।

তিষ্ঠ তিষ্ঠ ন মে জীবন্ দ্রোণপুত্র! গমিষ্যসি।
ত্বামদ্য নিহনিষ্যামি ক্রৌঞ্চমগ্নিসুতো যথা ॥৮৯॥

অশ্বত্থামোবাচ।

গচ্ছ বৎস! সহান্যৈস্ত্বং যুধ্যস্বামরবিক্রম!।
ন হি পুত্রেণ হৈড়িম্ব! পিতা ন্যায্যঃ প্রবাধিতুম্ ॥৯০॥
কামং খলু ন রোষো মে হৈড়িম্বে! বিদ্যতে ত্বয়ি।
কিন্তু রোষান্বিতো জন্তুর্হন্যাদাত্মানমপ্যুত ॥৯১॥

ভারতকৌমুদী

তিষ্ঠেতি। ক্রৌঞ্চং পর্বতম্, অগ্নিসুতঃ কার্ত্তিকেয়ঃ ॥৮৯॥

গচ্ছেতি। প্রবাধিতুং পীড়য়িতুম্। অত্রায়ং ভাবঃ—মম সতীর্থস্য ভীমস্য পুত্রতয়া ত্বং মমাপি পুত্র এব। অতস্ত্বয়াহং পীড়য়িতুং ন যুক্ত ইতি। সকৌতুকোল্লুণ্ঠনোক্তিরিয়ম্ ॥৯০॥

কামমিতি। কামং পর্য্যাপ্তং ন বিদ্যতে। তর্হি কথং মৎপুত্রো হত ইত্যাহ কিন্ত্বিতি। জন্তুঃ প্রাণী। তথা চ পুত্রস্থানীয়তয়া ত্বাং প্রতি মে নাধিকো রোষঃ, কিন্তু জিঘাংসয়াগতং ত্বৎপুত্রং মহারোষান্বিতঃ পৌত্রস্থানীয়মপি নিহতবানেব রোষাদাত্মানমিবেতি ভাবঃ। উত পাদপূরণে ॥৯১॥

তাহার পর অশ্বত্থামা মহাবল পুত্রকে বধ করিয়াছেন দেখিয়া ঘটোৎকচ ক্রোধে কাঁপিতে লাগিল; তাহাতে তাহার কেয়ূরও কাঁপিতে থাকিল। সেই অবস্থায় ঘটোৎকচ অশ্বত্থামার সম্মুখে যাইয়া অবিচলিত থাকিয়া বনদাহকারী প্রজ্বলিত অগ্নির ন্যায় পাণ্ডবসৈন্যদাহকারী অশ্বত্থামাকে এই কথা বলিল ॥৮৭—৮৮॥

ঘটোৎকচ বলিল—'দ্রোণপুত্র! থাক থাক, তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে যাইতে পারিবে না। পূর্ব্বকালে কার্ত্তিক যেমন ক্রৌঞ্চপর্ব্বত বধ করিয়াছিলেন, সেইরূপ আমি আজ তোমাকে বধ করিব' ॥৮৯॥

অশ্বত্থামা বলিলেন—'দেবতুল্যবিক্রমশালী বৎস! তুমি যাও, যাইয়া অন্যের সহিত যুদ্ধ কর। কারণ, হিড়িম্বানন্দন! পিতাকে পীড়ন করা পুত্রের উচিত নহে ॥৯০॥

হিড়িম্বানন্দন! তোমার উপরে আমার অধিক ক্রোধ নাই। কিন্তু ক্রুদ্ধ মানুষ আত্মহত্যাও করিয়া থাকে' ॥৯১॥

(৯০)···হৈড়িম্বে!···বঙ্গ বৰ্দ্ধ বা। (৯১)···হন্যাদাত্মানমেব চ—পি।

সঞ্জয় উবাচ।

শ্রুত্বৈতৎ ক্রোধতাম্রাক্ষঃ পুত্রশোকসমন্বিতঃ।
অশ্বত্থামানমায়স্তো ভৈমসেনিরভাষত ॥৯২॥
কিমহং কাতরো দ্রৌণে! পৃথগ্জন ইবাহবে।
যস্মাৎ ভীষয়সে বাগ্ভিরসদেতদ্বচস্তব ॥৯৩॥
ভীমাৎ খলু সমুৎপন্নঃ কুরূণাং বিপুলে কুলে।
পাণ্ডবানামহং পুত্রঃ সমরেষ্বনিবর্ত্তিনাম্।
রক্ষসামধিরাজোঽহং দশগ্রীবসমো বলে ॥৯৪॥
তিষ্ঠ তিষ্ঠ ন মে জীবন্ দ্রোণপুত্র! গমিষ্যসি।
যুদ্ধশ্রদ্ধামহং তেঽদ্য বিনেষ্যামি রণাজিরে ॥৯৫॥
ইত্যুক্ত্বা রোষতাম্রাক্ষো রাক্ষসঃ সুমহাবলঃ।
দ্রৌণিমভ্যদ্রবৎ ক্রুদ্ধো গজেন্দ্রমিব কেশরী ॥৯৬॥
রথাক্ষমাত্রৈরিষুভিরভ্যবর্ষদ্ঘটোৎকচঃ।
রথিনামৃষভং দ্রৌণিং ধারাভিরিব তোয়দঃ ॥৯৭॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। আয়স্তো যুদ্ধেন শ্রান্তঃ, ভৈমসেনির্ঘটোৎকচঃ ॥৯২॥
কিমিতি। পৃথগ্জনো নীচলোকঃ। ভীষয়সে ভয়ং প্রাপয়সি। অসন্মিথ্যা ॥৯৩॥
ভীমাদিতি। অনিবর্ত্তিনামপলায়িনাম্। দশগ্রীবসমো রাবণতুল্যঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯৪॥
তিষ্ঠেতি। যুদ্ধশ্রদ্ধাং যুদ্ধং প্রত্যুৎকটমাগ্রহম্। বিনেষ্যামি অপনেষ্যামি ॥৯৫॥
ইতীতি। রাক্ষসো ঘটোৎকচঃ। দ্রৌণিমশ্বত্থামানম্ ॥৯৬॥

সঞ্জয় কহিলেন—পুত্রশোকার্ত্ত ও যুদ্ধশ্রান্ত ঘটোৎকচ অশ্বত্থামার এই কথা শুনিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া তাঁহাকে বলিল—॥৯২॥

'দ্রোণপুত্র। আমি কি নীচলোকের ন্যায় যুদ্ধে কাতর যে, তুমি আমাকে বাক্যদ্বারা ভয় দেখাইতেছ। তোমার এ বাক্য মিথ্যা ॥৯৩॥

আমি বিশাল কুরুকুলে ভীম হইতে উৎপন্ন হইয়াছি। সুতরাং আমি যুদ্ধে অনিবর্ত্তী পাণ্ডবগণের পুত্র, রাক্ষসদের রাজা এবং বলে রাবণের তুল্য ॥৯৪॥

অতএব দ্রোণপুত্র! থাক থাক, তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে যাইতে পারিবে না। আমি আজ সমরাঙ্গনে তোমার যুদ্ধলালসা দূর করিব ॥৯৫॥

এই কথা বলিয়া অতিমহাবল ঘটোৎকচ ক্রোধে আরক্তনয়ন হইয়া—সিংহ যেমন গজেন্দ্রের প্রতি ধাবিত হয়, সেইরূপ অশ্বত্থামার প্রতি ধাবিত হইল ॥৯৬॥

(৯৫)···নাশয়ামি রণাজিরে—পি।

শরবৃষ্টিং শরৈর্দ্রৌণিরপ্রাপ্তাং তাং ব্যশাতয়ৎ।
ততোঽন্তরীক্ষে বাণানাং সংগ্রামোঽন্য ইবাভবৎ ॥৯৮॥
অথাস্ত্রসংঘর্ষকৃতৈর্বিস্ফুলিঙ্গৈস্তদা বভৌ।
বিভাবরীমুখে ব্যোম খদ্যোতৈরিব চিত্রিতম্ ॥৯৯॥
নিশম্য নিহতাং মায়াং দ্রৌণিনা রণমানিনা।
ঘটোৎকচস্ততো মায়াং সসর্জান্তর্হিতঃ পুনঃ ॥১০০॥
সোঽভবদ্‌গিরিরত্যুচ্চঃ শিখরৈস্তরুসঙ্কটৈঃ।
শূলপ্রাসাসিমুষলজলপ্রস্রবণো মহান্ ॥১০১॥
তমঞ্জনগিরিপ্রখ্যং দ্রৌণির্দৃষ্ট্বা মহীধরম্।
প্রপতদ্ভিশ্চ বহুভিঃ শস্ত্রসংঘৈর্ন চুক্ষুভে ॥১০২॥

ভারতকৌমুদী

রথেতি। রথাক্ষমাত্রৈ রথস্য তির্য্যগ্‌দণ্ডপ্রমাণৈঃ। ঋষভং শ্রেষ্ঠম্ ॥৯৭॥

শরেতি। অপ্রাপ্তামনাগতামেব, ব্যশাতয়ৎ ব্যনাশয়ৎ। ততো হেতোঃ ॥৯৮॥

অথেতি। বিস্ফুলিঙ্গৈরগ্নিকণৈঃ। বিভাবরীমুখে প্রদোষে, খদ্যোতৈর্জ্যোতিরিঙ্গণৈঃ ॥৯৯॥

নিশম্যেতি। নিশম্য দৃষ্ট্বা। রণমানিনা যুদ্ধশ্লাঘিনা। সসর্জ চকার ॥১০০॥

স ইতি। তরুসঙ্কটৈর্বৃক্ষব্যাপ্তৈঃ। শূলপ্রাসাসিমুষলানাং জলানামিব প্রস্রবণং যস্মাৎ সঃ ॥১০১॥

তমিতি। অঞ্জনগিরিপ্রখ্যং কজ্জলপর্ব্বততুল্যম্। ন চুক্ষুভে ন বিচচাল ॥১০২॥

পরে, মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ ঘটোৎকচ রথিশ্রেষ্ঠ অশ্বত্থামার উপরে রথদণ্ডপ্রমাণ বাণ সকল বর্ষণ করিতে লাগিল ॥৯৭॥

সেই বাণবৃষ্টি না আসিতেই, অশ্বত্থামা বাণদ্বারা তাহা বিনাশ করিতে লাগিলেন। তাহাতে আকাশে যেন বাণসমূহেরই অপর যুদ্ধ হইতে লাগিল ॥৯৮॥

ক্রমে সেই প্রদোষকালে অস্ত্রসংঘর্ষজনিত অগ্নিস্ফুলিঙ্গে আকাশটা যেন খদ্যোতচিত্রিত হইয়া শোভা পাইতে থাকিল ॥৯৯॥

রণশ্লাঘী অশ্বত্থামা মায়া বিনষ্ট করিয়াছেন দেখিয়া ঘটোৎকচ অন্তর্হিত হইয়া পুনরায় মায়া সৃষ্টি করিল ॥১০০॥

সে তখন বৃক্ষসঙ্কুল বহুশৃঙ্গযুক্ত একটা অতিভীষণ মহাপর্ব্বত হইল এবং তাহা হইতে জলধারার ন্যায় শূল, প্রাস, তরবারি ও মুষল নিপতিত হইতে লাগিল ॥১০১॥

---

(১০০) নিশাম্য···নি,···রণশালিনা·· বৰ্দ্ধ। (১০২)···শস্ত্রসংঘৈর্ন বিব্যথে—বা নি।

ততো হসন্নিব দ্রৌণির্দিব্যমস্ত্রমুদৈরয়ৎ।
স তেনাস্ত্রেণ শৈলেন্দ্রঃ ক্ষিপ্তঃ ক্ষিপ্রমনশ্যত ॥১০৩॥
ততঃ স তোয়দো ভূত্বা নীলঃ সেন্দ্রায়ুধো দিবি।
শস্ত্রবৃষ্টিভিরত্যুগ্রো দ্রৌণিমাচ্ছাদয়দ্রণে ॥১০৪॥
অথ সন্ধায় বায়ব্যমস্ত্রমস্ত্রবিদাং বরঃ।
ব্যধমদ্‌দ্রোণতনয়ো নীলমেঘং সমুত্থিতম্ ॥১০৫॥
স মার্গণগণৈর্দ্রৌণির্দিশঃ প্রচ্ছাদ্য সর্ব্বশঃ।
শতং রথসহস্রাণাং জঘান দ্বিপদাং বরঃ ॥১০৬॥
স দৃষ্ট্বা পুনরায়ান্তং রথেনায়তকার্ম্মুকম্।
ঘটোৎকচমসংভ্রান্তং রাক্ষসৈর্বহুভির্বৃতম্ ॥১০৭॥
সিংহশার্দ্দূলসদৃশৈর্মত্তদ্বিরদবিক্রমৈঃ।
গজস্থৈশ্চ রথস্থৈশ্চ বাজিপৃষ্ঠগতৈরপি ॥১০৮॥

ভারতকৌমুদী

তত ইতি। দিব্যং স্বর্গীয়ম্, উদৈরয়ৎ অক্ষিপৎ। ক্ষিপ্তঃ প্রেরিতঃ ॥১০৩॥
তত ইতি। তোয়দো মেঘঃ। সেন্দ্রায়ুধ ইন্দ্রধনুর্যুক্তঃ ॥১০৪॥
অথেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, সমুত্থিতং ঘটোৎকচমায়য়া সমাগতম্ ॥১০৫॥
স ইতি। মার্গণানাং বাণানাং গণৈঃ। দ্বিপদাং মনুষ্যাণাম্ ॥১০৬॥
স ইতি। স দ্রৌণিরিতি পঞ্চমশ্লোকস্থেন সম্বন্ধঃ। তাদৃশং ঘটোৎকচং দৃষ্ট্বা বিধন্নং তে

কজ্জলপর্ব্বতের ন্যায় সেই পর্ব্বত দেখিয়া কিংবা তাহা হইতে বহুতর অস্ত্র-সমূহ পতিত হইতে থাকাতেও অশ্বত্থামা বিচলিত হইলেন না ॥১০২॥

তাহার পর অশ্বত্থামা হাসিতে হাসিতেই যেন এক অলৌকিক অস্ত্র নিক্ষেপ করিলেন; সেই অস্ত্রের আঘাতে সেই মহাপর্ব্বত বিক্ষিপ্ত হইয়া সত্বরই বিনষ্ট হইল ॥১০৩॥

তদনন্তর ঘটোৎকচ ইন্দ্রধনুর্যুক্ত অতিভীষণ একটা নীল মেঘ হইয়া অস্ত্রবৃষ্টি-দ্বারা রণস্থলে অশ্বত্থামাকে আবৃত করিল ॥১০৪॥

তাহার পর অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অশ্বত্থামা বায়ব্য অস্ত্র সন্ধান করিয়া সেই সমুত্থিত নীলমেঘ বিনাশ করিলেন ॥১০৫॥

ক্রমে মনুষ্যশ্রেষ্ঠ অশ্বত্থামা বাণসমূহদ্বারা সকল দিক্ আবৃত করিয়া শত সহস্র রথীকে বধ করিলেন ॥১০৬॥

(১০৩)···বজ্রমস্ত্রমুদৈরয়ৎ···বা নি।

বিকৃতাস্যশিরোগ্রীবৈর্হৈড়িম্বানুচরৈঃ সহ।
পৌলস্ত্যৈর্যাতুধানৈশ্চ তামসৈশ্চেন্দ্রবিক্রমৈঃ ॥১০৯॥
নানাশস্ত্রধরৈর্বীরৈর্নানাকবচভূষণৈঃ।
মহাবলৈর্ভীমরবৈঃ সংরম্ভোদ্‌বৃত্তলোচনৈঃ ॥১১০॥
উপস্থিতৈস্ততো যুদ্ধে রাক্ষসৈর্যুদ্ধদুর্ম্মদৈঃ।
বিষণ্ণমভিসংপ্রেক্ষ্য পুত্ত্রং তে দ্রৌণিরব্রবীৎ ॥১১১॥ (কুলকম্)
তিষ্ঠ দুর্য্যোধনাদ্য ত্বং ন কার্য্যঃ সম্ভ্রমস্ত্বয়া।
সহৈভির্ভ্রাতৃভির্বীরৈঃ পার্থিবৈশ্চেন্দ্রবিক্রমৈঃ ॥১১২॥
নিহনিষ্যাম্যমিত্রাংস্তে ন তবাস্তি পরাজয়ঃ।
সত্যং তে প্রতিজানামি পর্য্যাশ্বাসয় বাহিনীম্ ॥১১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

পুত্রমভিসংপ্রেক্ষ্যেত্যন্বয়ঃ। আয়তকার্ম্মুকমাকৃষ্টধন্বানম্। অসংভ্রান্তমবিচলিতম্। সিংহ-শার্দ্দূলসদৃশৈর্বল ইতি শেষঃ। আস্যং মুখম্। পৌলস্ত্যৈঃ পুলস্ত্যবংশীয়ৈঃ, অপরৈশ্চ যাতুধানৈ রাক্ষসৈঃ, তামসৈঃ প্রবলতমোগুণৈঃ। সংরম্ভেণ ক্রোধেন উদ্‌বৃত্তানি উত্তোলিতানি লোচনানি যৈস্তৈঃ। সহেতি সম্বন্ধঃ। পুত্রং দুর্য্যোধনম্, তস্যৈব পরত্রাভিধানাৎ ॥১০৭—১১১॥

তিষ্ঠেতি। সম্ভ্রম উদ্বেগব্যস্ততা। এভিঃ পাণ্ডবৈঃ। অমিত্রান্ শত্রূন্ ॥১১২—১১৩॥

ভারতভাবদীপঃ

মহাশঙ্খো মহাবক্ষস্তম্বদ্‌গলবিলমস্য ॥৮২—৯১। আয়স্তঃ প্রাপ্তক্ষোভঃ ॥৯২—৯৯॥ রণমানিনা যুদ্ধাহঙ্কারবতা ॥১০০॥ শূলাদীন্যেব জলানি প্রস্রবন্তীতি তথা ॥১০১—১০৮॥ যাতুধানৈঃ

মহারাজ! এই সময়ে ঘটোৎকচ ধনু আকর্ষণ করিয়া অবিচলিত থাকিয়া রথে আরোহণপূর্ব্বক পুনরায় আগমন করিতে লাগিল। তখন সিংহ ও ব্যাঘ্রের তুল্য বলবান্ এবং মত্ত হস্তীর ন্যায় বিক্রমশালী বহুতর রাক্ষস হস্তী, অশ্ব ও রথে আরোহণ করিয়া ঘটোৎকচকে পরিবেষ্টনপূর্ব্বক আসিতে থাকিল। ঘটোৎকচের সেই অনুচরগণের মুখ, মস্তক ও গ্রীবা বিকৃত ছিল। তাহাদের মধ্যে অনেকে পুলস্ত্যবংশীয় এবং অনেকে অপরাপরবংশীয় রাক্ষস ছিল; কিন্তু সকলেরই তমোগুণ প্রবল এবং ইন্দ্রের তুল্য বিক্রম ছিল। তাহারা সকলেই বীর ও মহাবল ছিল এবং নানাবিধ অস্ত্র, কবচ ও অলঙ্কার ধারণ করিয়াছিল, ভীষণ রব করিতেছিল, আর ক্রোধে নয়ন উত্তোলন করিয়াছিল। এহেন যুদ্ধ-দুর্দ্ধর্ষ রাক্ষসেরা উপস্থিত হইলে, তাহা দেখিয়া দুর্য্যোধন বিষণ্ণ হইয়া পড়িলেন এবং তাঁহাকে বিষণ্ণ দেখিয়া অশ্বত্থামা বলিলেন ॥১০৭—১১১॥

(১০৯)...হৈড়িম্বোঽনুচরৈঃ সহ...বা,...হিড়িম্বানুচরৈঃ সহ...নি।

দুর্য্যোধন উবাচ।

ন ত্বেতদদ্ভুতং মন্যে যত্তে মহদিদং মনঃ।
অস্মাসু চ পরা ভক্তিস্তব গৌতমিনন্দন! ॥১১৪॥

সঞ্জয় উবাচ।

অশ্বত্থামানমুক্ত্বৈবং ততঃ সৌবলমব্রবীৎ।
বৃতং শতসহস্রেণ হয়ানাং রণশোভিনাম্ ॥১১৫॥
ষষ্ট্যা রথসহস্রৈশ্চ প্রয়াহি ত্বং ধনঞ্জয়ম্।
কর্ণশ্চ বৃষসেনশ্চ কৃপো নীলস্তথৈব চ ॥১১৬॥
উদীচ্যাঃ কৃতবর্ম্মা চ পুরুমিত্রঃ শ্রুতার্পণঃ।
দুঃশাসনো নিকুম্ভশ্চ কুম্ভভেদী পুরুক্রমঃ ॥১১৭॥
পুরঞ্জয়ো দৃঢ়রথঃ পতাকী হেমকম্পনঃ।
শল্যারুণীন্দ্রসেনাশ্চ সঞ্জয়ো বিজয়ো জয়ঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

নেতি। ভক্তিরনুরাগঃ। গৌতমীতি "যাকারৌ স্ত্রীকৃতৌ হ্রস্বৌ ক্বচিৎ" ইতি হ্রস্বত্বম্ ॥১১৪॥
অশ্বেতি। সৌবলং শকুনিম্, অব্রবীৎ দুর্য্যোধন এব ॥১১৫॥
ষষ্ট্যেতি। রথসহস্রৈঃ সহ। কর্ণাদয়শ্চ প্রয়ান্তু ॥১১৬॥

'দুর্য্যোধন! আজ তুমি থাক, ব্যস্ত হইও না। ইন্দ্রের তুল্য বিক্রমশালী এই রাজগণ এবং এই বীর ভ্রাতৃগণের সহিত তোমার শত্রুগণকে আমিই বধ করিব; তোমার পরাজয় হইবে না; আমি সত্য প্রতিজ্ঞা করিতেছি। তুমি তোমার সৈন্যকে আশ্বস্ত কর' ॥১১২—১১৩॥

দুর্য্যোধন বলিলেন—গৌতমীপুত্র! যখন তোমার এইরূপ উদার চিত্ত এবং আমাদের উপরে পরম অনুরাগ রহিয়াছে, তখন তোমার পক্ষে এটাকে আশ্চর্য্য বলিয়া মনে করি না' ॥১১৪॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ! দুর্য্যোধন অশ্বত্থামাকে এইরূপ বলিয়া পরে শকুনিকে বলিলেন—। শকুনি তখন সমরশোভী শতসহস্র অশ্বারোহী দ্বারা পরিবেষ্টিত ছিলেন ॥১১৫॥

'মাতুল! আপনি ষাট হাজার রথীর সহিত অর্জ্জুনের দিকে গমন করুন। কর্ণ, বৃষসেন, কৃপ এবং নীলও আপনার সঙ্গে যাইবেন ॥১১৬॥

উত্তরদেশীয় বীরগণ, কৃতবর্ম্মা, পুরুমিত্র, শ্রুতার্পণ, দুঃশাসন, নিকুম্ভ, কুম্ভ-

(১১৭)···পুরুমিত্রঃ স্তুতাপনঃ···কুম্ভভেদী পরাক্রমঃ—বা নি।

কমলাক্ষঃ পুরক্রাথী জয়বর্ম্মা সুদর্শনঃ।
এতে ত্বামনুযাস্যন্তি পত্তীনাময়ুতানি ষট্ ॥১১৯॥ (বিশেষকম্)
জহি ভীমং যমৌ চোভৌ ধর্ম্মরাজঞ্চ মাতুল!।
অসুরানিব দেবেন্দ্রো জয়াশা মে ত্বয়ি স্থিতা ॥১২০॥
দারিতান্ দ্রৌণিনা বাণৈর্ভৃশং বিক্ষতবিগ্রহান্।
জহি মাতুল! কৌন্তেয়ানসুরানিব পাবকিঃ ॥১২১॥
এবমুক্তো যযৌ শীঘ্রং পুত্রেণ তব সৌবলঃ।
পিপ্রীষুস্তে সুতান্ রাজন্! দিধক্ষুশ্চৈব পাণ্ডবান্ ॥১২২॥
অথ প্রববৃতে যুদ্ধং দ্রৌণিরাক্ষসয়োর্মৃধে।
বিভাবর্য্যাং সুতুমুলং শক্রপ্রহ্লাদয়োরিব ॥১২৩॥

ভারতকৌমুদী

উদীচ্যা ইতি। উদীচ্যা উত্তরদেশীয়া বীরাঃ। শল্যশ্চ আরুণিশ্চ ইন্দ্রসেনশ্চ তে। পত্তীনাং পদাতীনাম্, ষড়য়ুতানি চ ত্বামনুযাস্যন্তীতি সম্বন্ধঃ ॥১১৭—১১৯॥

জহীতি। যমৌ নকুলসহদেবৌ, ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥১২০॥

দারিতানিতি। বিক্ষতবিগ্রহান্ বিশেষেণ ক্ষতদেহান্। পাবকিরগ্নিপুত্রঃ কার্ত্তিকেয়ঃ ॥১২১॥

এবমিতি। পিপ্রীষুঃ প্রীণয়িতুমিচ্ছুঃ। দিধক্ষুর্দগ্ধুমিচ্ছুঃ ॥১২২॥

অথেতি। দ্রৌণিরাক্ষসয়োঃ অশ্বত্থামঘটোৎকচয়োঃ, মৃধে রণভূমৌ ॥১২৩॥

ভেদী, পুরুক্রম, পুরঞ্জয়, দৃঢ়রথ, পতাকী, হেমকম্পন, শল্য, আরুণি, ইন্দ্রসেন, সঞ্জয়, বিজয়, জয়, কমলাক্ষ, পুরক্রাথী, জয়বর্ম্মা ও সুদর্শন ইহারা আপনার অনুসরণ করিবেন এবং ষাট হাজার পদাতিও আপনার পিছনে যাইবে ॥১১৭—১১৯॥

মাতুল! পূর্ব্বকালে ইন্দ্র যেমন অসুরগণকে বধ করিতেন, সেইরূপ আপনি যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেবকে বধ করুন। আপনার উপরেই আমার জয়ের আশা রহিয়াছে ॥১২০॥

মাতুল! অশ্বত্থামাই বাণদ্বারা কুন্তীপুত্রগণকে বিদীর্ণ করিয়াছেন। সুতরাং উহাদের দেহ ক্ষত-বিক্ষত হইয়াই রহিয়াছে। অতএব কার্ত্তিক যেমন অসুরদিগকে বধ করিয়াছিলেন, আপনিও সেইরূপ কুন্তীপুত্রগণকে বধ করুন' ॥১২১॥

রাজা! আপনার পুত্র দুর্য্যোধন এইরূপ বলিলে, শকুনি আপনার পুত্রদিগকে সন্তুষ্ট এবং পাণ্ডবদিগকে দগ্ধ করিবার ইচ্ছা করিয়া সত্বর গমন করিলেন ॥১২২॥

(১১৯)···পরক্রাথী···বা নি।

ততো ঘটোৎকচো বাণৈর্দশভির্গৌতমীসুতম্।
জঘানোরসি সংক্রুদ্ধো বিষাগ্নিপ্রতিমৈর্দৃঢ়ৈঃ ॥১২৪॥
স তৈরভ্যাহতো গাঢ়ং শরৈর্ভীমসুতেরিতৈঃ।
চচাল রথমধ্যস্থো বাতোদ্ধূত ইব দ্রুমঃ ॥১২৫॥
ভূয়শ্চাঞ্জলিকেনাস্য মার্গণেন মহাপ্রভম্।
দ্রৌণের্হস্তস্থিতং চাপং চিচ্ছেদাশু ঘটোৎকচঃ ॥১২৬॥
ততোঽন্যদ্‌দ্রৌণিরাদায় ধনুর্ভারসহং মহৎ।
ববর্ষ বিশিখাংস্তীক্ষ্ণান্ বারিধারা ইবাম্বুদঃ ॥১২৭॥
ততঃ শারদ্বতীপুত্রঃ প্রেষয়ামাস ভারত !।
সুবর্ণপুঙ্খান্ শত্রুঘ্নান্ খচরান্ খচরং প্রতি ॥১২৮॥

ভারতকৌমুদী

তত ইতি। গৌতমী কৃপভগিনী দ্রোণভার্য্যা তস্যাঃ সুতমশ্বত্থামানম্। উরসি বক্ষসি ॥১২৪॥
স ইতি। চচাল চকম্পে, বাতোদ্ধূতো বায়ুচালিতঃ ॥১২৫॥
ভূয় ইতি। অঞ্জলিকেন তদাখ্যেন, মার্গণেন বাণেন ॥১২৬॥
তত ইতি। ভারসহং গুরুতরাকর্ষণযোগ্যম্। বিশিখান্ বাণান্ ॥১২৭॥
তত ইতি। শারদ্বতীপুত্রঃ অশ্বত্থামা। খচরান্ বাণান্, খচরং রাক্ষসম্ ॥১২৮॥

তাহার পর সেই রাত্রিতে সমরাঙ্গনে ইন্দ্র ও প্রহ্লাদের ন্যায় অশ্বত্থামা ও ঘটোৎকচের অতিতুমুল যুদ্ধ লাগিয়া গেল ॥১২৩॥

তখন ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া বিষ ও অগ্নির তুল্য দশটা দৃঢ় বাণদ্বারা অশ্বত্থামার বক্ষস্থলে আঘাত করিল ॥১২৪॥

ঘটোৎকচনিক্ষিপ্ত সেই বাণগুলি আসিয়া গুরুতর আঘাত করিলে, বায়ুসঞ্চালিত বৃক্ষের ন্যায় অশ্বত্থামা রথমধ্যে থাকিয়া কাঁপিতে লাগিলেন ॥১২৫॥

ঘটোৎকচ পুনরায় অঞ্জলিকনামক একটা বাণদ্বারা অশ্বত্থামার হস্তস্থিত উজ্জ্বল ধনুখানা সত্বর ছেদন করিল ॥১২৬॥

তদনন্তর অশ্বত্থামা অধিক আকর্ষণের যোগ্য অন্য একখানা বিশাল ধনু লইয়া মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥১২৭॥

ভরতনন্দন ! তাহার পর অশ্বত্থামা রাক্ষসগণের প্রতি স্বর্ণপুঙ্খ শত্রুনাশক বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥১২৮॥

(১২৬)···অঞ্জলিকেনাথ···দ্রৌণিহস্তস্থিতম্···বা নি।

তদ্বাণৈরর্দ্দিতং যূথং রক্ষসাং পীনবক্ষসাম্ ।
সিংহৈরিব বভৌ মত্তং গজানামাকুলং কুলম্ ॥১২৯॥
বিধম্য রাক্ষসান্ বাণৈঃ সাশ্বসূতরথদ্বিপান্ ।
দদাহ ভগবান্ বহ্নির্ভূতানীব যুগক্ষয়ে ॥১৩০॥
স দগ্ধ্বাক্ষৌহিণীং বাণৈর্নৈঋতীং রুরুচে ভৃশম্ ।
পুরেব ত্রিপুরং দগ্ধ্বা দিবি দেবো মহেশ্বরঃ ॥১৩১॥
যুগান্তে সর্ব্বভূতানি দগ্ধ্বেব বসুরুল্বণঃ ।
ররাজ জয়তাং শ্রেষ্ঠো দ্রোণপুত্রস্তবাহিতান্ ॥১৩২॥
ততো ঘটোৎকচঃ ক্রুদ্ধো রক্ষসাং ভীমকর্ম্মণাম্ ।
দ্রৌণিং হতেতি মহতীং চোদয়ামাস তাং চমূম্ ॥১৩৩॥

ভারতকৌমুদী

তদিতি। যূথং সমূহঃ, পীনবক্ষসাং বিশালবক্ষসাম্। কুলং গণঃ ॥১২৯॥
বিধম্যেতি। বিধম্য নিপীড্য। ধমধাতুরেবার্থঃ। ভূতানি ক্ষিত্যাদীনি ॥১৩০॥
স ইতি। নৈঋতানাং রাক্ষসানামিয়মিতি নৈঋতী তাম্। ত্রিপুরমসুরম্ ॥১৩১॥
যুগান্ত ইতি। বসুরগ্নিঃ "দেবভেদেঽনলে রশ্মৌ বসু রত্নে ধনে বসু" ইত্যমরঃ ॥১৩২॥
তত ইতি। হত যূয়ং বিনাশয়ত। চোদয়ামাস প্রেরয়ামাস ॥১৩৩॥

বিশালবক্ষা রাক্ষসগণ সেই বাণসমূহে পীড়িত হইয়া সিংহপীড়িত মত্ত হস্তিগণের ন্যায় বিহ্বল হইয়া পড়িল ॥১২৯॥

ক্রমে অশ্বত্থামা বাণদ্বারা অশ্ব, সারথি, রথ ও হস্তিগণের সহিত রাক্ষসগণকে পীড়ন করিয়া—প্রলয়কালে ভগবান্ অগ্নি যেমন ভূতসমূহকে দগ্ধ করেন, সেইরূপ তাহাদিগকে দগ্ধ করিতে লাগিলেন ॥১৩০॥

পূর্ব্বে মহাদেব যেমন আকাশস্থ ত্রিপুরাসুরকে দগ্ধ করিয়া বিশেষ শোভা পাইয়াছিলেন, অশ্বত্থামাও সেইরূপ বাণদ্বারা এক অক্ষৌহিণী রাক্ষস দগ্ধ করিয়া বিশেষ শোভা পাইতে থাকিলেন ॥১৩১॥

মহারাজ! আর প্রলয়কালে প্রবল অগ্নি সমস্ত ভূত দগ্ধ করিয়া যেমন দীপ্তি পায়, সেইরূপ বিজয়িশ্রেষ্ঠ অশ্বত্থামা আপনার শত্রুগণকে দগ্ধ করিয়া দীপ্তি পাইতে থাকিলেন ॥১৩২॥

তদনন্তর ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া 'অশ্বত্থামাকে বধ কর' এইভাবে সেই ভীমকর্ম্মা বিশাল রাক্ষসসেনাকে আদেশ করিল ॥১৩৩॥

(১৩১)···রুরুচে নৃপ।··বা নি।

ঘটোৎকচস্য তামাজ্ঞাং প্রতিগৃহ্যাথ রাক্ষসাঃ।
দংষ্ট্রোজ্জ্বলমহাবক্ত্রা ঘোররূপা ভয়ানকাঃ।
ব্যাত্তাননা দীর্ঘজিহ্বাঃ ক্রোধতাম্রেক্ষণা ভৃশম্ ॥১৩৪॥
সিংহনাদেন মহতা নাদয়ন্তো বসুন্ধরাম্।
হন্তমভ্যদ্রবন্ দ্রৌণিং নানাপ্রহরণায়ুধাঃ ॥১৩৫॥ (যুগ্মকম্)
শক্তীঃ শতঘ্নীঃ পরিঘানশনীঃ শূলপট্টিশান্।
খড়্গান্ গদা ভিন্দিপালান্ মুষলানি পরশ্বধান্ ॥১৩৬॥
প্রাসানসীংস্তোমরাংশ্চ কণপান্ কম্পনান্ শিতান্।
হুলান্ ভুষুণ্ড্যশ্মগুড়াঃ স্থূণাঃ কার্ষ্ণায়সীস্তথা ॥১৩৭॥
মুদ্গরাংশ্চ মহাঘোরান্ সমরে শত্রুদারণান্।
দ্রৌণিমূর্দ্ধন্যজস্রং তে রাক্ষসা ঘোরবিক্রমাঃ।
চিক্ষিপুঃ ক্রোধতাম্রাক্ষাঃ শতশোঽথ সহস্রশঃ ॥১৩৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

ঘটেতি। দংষ্ট্রয়া দন্তশ্রেণ্যা উজ্জ্বলানি মহান্তি চ বক্ত্রাণি যেষাং তে। ব্যাত্তাননা বিবৃতমুখাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ। নানা বহুবিধানি প্রহরণানি প্রহারা যৈস্তানি আয়ুধানি যেষাং তে ॥১৩৪—১৩৫॥

শক্তীরিতি। অশনীর্বজ্রান্। আকৃতিভেদাৎ খড়্গাস্ত্রোর্ভেদঃ। শিতান্ সুধারান্। হুলান্ তদানীন্তনানস্ত্রবিশেষান্, অশ্মগুড়াঃ প্রস্তরগুলিকাঃ, স্থূণা দণ্ডান্, কৃষ্ণেন অয়সা লৌহেন কৃতা ইতি কার্ষ্ণায়স্যস্তাঃ। দ্রৌণিমূর্দ্ধনি অশ্বত্থামশিরসি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩৬—১৩৮॥

ভারতভাবদীপঃ

যাতুধানকুলজৈঃ, তামসৈঃ মায়ামযৈঃ ॥১০৯—১১৩॥ মহৎ ক্রিয়াতিশয়োৎসুক্যম্ ॥১১৪—১২১॥ পিপ্রীষুঃ প্রীণয়িতুমিচ্ছুঃ ॥১২২॥ যুদ্ধং সম্প্রহারঃ ॥১২৩—১৩৫॥ শতঘ্নী সকণ্টকায়ো লগুড়ান্ ॥১৩৬॥ অসীন্ দুর্ব্বাসীন্, তোমরান্ প্রসর্পণশালিনঃ কণপান্, অগ্নিবাতান্ কম্পনান্ যষ্টি-

---

তাহার পর দন্তোজ্জ্বলবিশালমুখ, ভয়ঙ্করমূর্ত্তি, ভীষণকার্য্যকারী, বিবৃতবদন, দীর্ঘজিহ্বাশালী এবং ক্রোধে আরক্তনয়ন সেই রাক্ষসেরা ঘটোৎকচের সেই আদেশ গ্রহণ করিয়া বিশাল সিংহনাদে সমরভূমি নিনাদিত করিয়া নানাবিধ অস্ত্র উত্তোলনপূর্ব্বক অশ্বত্থামাকে বধ করিবার জন্য ধাবিত হইল ॥১৩৪—১৩৫॥

ক্রমে ক্রোধে আরক্তনয়ন ও ভয়ঙ্করবিক্রমশালী সেই রাক্ষসেরা অশ্বত্থামার মস্তকের উপরে অনবরত শক্তি, শতঘ্নী, পরিঘ, বজ্র, শূল, পট্টিশ, খড়্গ, গদা,

---

(১৩৪) দংষ্ট্রোজ্জ্বলা মহাবক্ত্রাঃ⋯বা নি। (১৩৭) স্থূলান্ ভুষুণ্ড্যশ্মগদাস্থূণান্ কার্ষ্ণায়সাংস্তথা—বা নি।

তচ্ছস্ত্রবর্ষং সুমহদ্দ্রোণপুত্রস্য মূর্দ্ধনি।
পতমানং সমীক্ষ্যাথ যোধাস্তে ব্যথিতাভবন্ ॥১৩৯॥
দ্রোণপুত্রস্ত্বসংভ্রান্তস্তদ্বর্ষং ঘোরমুত্থিতম্।
শরৈর্বিধ্বংসয়ামাস বজ্রকল্পৈঃ শিলাশিতৈঃ ॥১৪০॥
ততোঽন্যৈর্বিশিখৈস্তূর্ণং স্বর্ণপুঙ্খৈর্মহামনাঃ।
নিজঘ্নে রাক্ষসান্ দ্রৌণির্দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ ॥১৪১॥
তে রাক্ষসাঃ সুসংক্রুদ্ধা দ্রোণপুত্রেণ তাড়িতাঃ।
ক্রুদ্ধাঃ সংপ্রাদ্রবন্ দ্রৌণিং জিঘাংসন্তো মহাবলাঃ ॥১৪২॥
তত্রাদ্ভুততমং দ্রৌণির্দর্শয়ামাস বিক্রমম্।
অশক্যং কর্তুমন্যেন সর্ব্বভূতেষু ভারত! ॥১৪৩॥

ভারতকৌমুদী

তদিতি। তে তব। ব্যথিতাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১৩৯॥
দ্রোণেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ স্থিত এব ॥১৪০॥
তত ইতি। দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ দিব্যাস্ত্রমন্ত্রেণাভিমন্ত্রিতৈঃ ॥১৪১॥
ত ইতি। সুসংক্রুদ্ধাঃ ক্রুদ্ধা ইতি পুনরুক্তিরার্ষত্বাৎ সোঢ়ব্যা ॥১৪২॥
তত্রেতি। বিক্রমম্ অতিশক্তিম্, "বিক্রমস্ত্বতিশক্তিতা" ইত্যমরঃ ॥১৪৩॥

ভিন্দিপাল, মুষল, পরশু, প্রাস, অসি, তোমর, কণপ, সুধার কম্পন, শূল, ভুষুণ্ডী, প্রস্তরের গুলি, কৃষ্ণলোহ-(ইস্পাত) নির্ম্মিত দণ্ড এবং মহাভীষণ ও শত্রুবিদারক শত শত ও সহস্র সহস্র মুদ্গর নিক্ষেপ করিতে লাগিল ॥১৩৬—১৩৮॥

মহারাজ! তাহার পর অশ্বত্থামার মস্তকে সেই বিশাল অস্ত্রবৃষ্টি পতিত হইতেছে দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা উদ্বিগ্ন হইলেন ॥১৩৯॥

কিন্তু অশ্বত্থামা অবিচলিত থাকিয়াই বজ্রতুল্য ও শিলাশাণিত শরসমূহদ্বারা উত্থিত সেই ভয়ঙ্কর অস্ত্রবৃষ্টি বিনষ্ট করিলেন ॥১৪০॥

ক তে বীর্য্যং ক চাস্ত্রাণি যত্ত্বাং নির্জিত্য সংযুগে।
গাণ্ডীবধন্বা হতবান্ প্রেক্ষতস্তে জয়দ্রথম্ ॥৫॥
যেন সাক্ষান্মহাদেবো যোধিতঃ সমরে পুরা।
তমিচ্ছসি বৃথা জেতুং সূতাধম! মনোরথৈঃ ॥৬॥
যং হি কৃষ্ণেন সহিতং সর্ব্বশস্ত্রভৃতাং বরম্।
জেতুং ন শক্তাঃ সহিতাঃ সেন্দ্রা অপি সুরাসুরাঃ ॥৭॥
লোকৈকবীরমজিতমর্জ্জুনং সূত! সংযুগে।
কিং পুনস্ত্বং সুদুর্বুদ্ধে! সহৈভির্ব্বসুধাধিপৈঃ ॥৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদিতি। হে নরাধম সুদুর্বুদ্ধে! দর্পেণ উৎসেকেন অহঙ্কারেণ চ গৃহীত আক্রান্তস্ত্বম্, শৌর্য্যেণ, বিকত্থমান আত্মশ্লাঘাং কুর্ব্বন্, তথা মৃধে যুদ্ধবিষয়ে, সর্বলোকধনুর্ভৃতাং মধ্যে কঞ্চিদপি ন গণয়ন্, তথ্যান্ সত্যানেব অর্জ্জুনগুণান্, কীর্ত্তয়ানং কীর্ত্তয়মানম্, শূরং মাতুলং কৃপম্, অস্য যত্ত্বং সয়সি, তৎপ্রতিক্রিয়াং করোমীতি শেষঃ ॥৩—৪॥

কেতি। যদ্‌যদা। গাণ্ডীবধন্বা অর্জ্জুনঃ, প্রেক্ষতঃ প্রেক্ষমাণস্য ॥৫॥

যেনেতি। পুরা বনবাসকালে। তমর্জ্জুনম্, বৃথা নিষ্ফলৈর্মনোরথৈঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

তথেতি ॥১—৩॥ কঞ্চিদ্ধনুর্ধরং ন গণয়ন্নিত্যন্বয়ঃ ॥৪—৯॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৯॥

অশ্বত্থামা বলিলেন—'অতিদুর্বুদ্ধি নরাধম! তুই দর্পে ও অহঙ্কারে আক্রান্ত হইয়া আপন বীরত্বের জন্য আত্মশ্লাঘা করিতে থাকিয়া সমগ্র জগতের ধনুর্দ্ধরদের মধ্যে কাহাকেও গণনা করিতেছিলি না; সেই সময়ে আমার মাতুল বীর কৃপাচার্য্য অর্জ্জুনের যথার্থ গুণগুলির উল্লেখ করিতেছিলেন; তথাপি তুই বিদ্বেষবশতঃ তাঁহাকে যে ভর্ৎসনা করিলি, আমি এখনই তাহার প্রতিক্রিয়া করিতেছি ॥৩—৪॥

অর্জ্জুন যখন তোকে যুদ্ধে জয় করিয়া তোর সমক্ষেই জয়দ্রথকে বধ করিয়াছিলেন, তখন তোর বল কোথায় ছিল? অস্ত্র সকলই বা কোথায় ছিল? ॥৫॥

সূতাধম! যিনি পূর্ব্বে সাক্ষাৎ মহাদেবের সহিত যুদ্ধ করিয়াছিলেন, তুই কেবল বৃথা সঙ্কল্পদ্বারা সেই অর্জ্জুনকে জয় করিবার ইচ্ছা করিস্! ॥৬॥

(৪)…ন কিঞ্চিদ্‌গণয়ন্ মৃধে—বর্দ্ধ। (৫)… যং ত্বাম্…বা নি।

কর্ণ! পশ্য সুদুর্বুদ্ধে! তিষ্ঠেদানীং নরাধম!।
এষ তেঽদ্য শিরঃ কায়াদুদ্ধরামি সুদুর্ম্মতে! ॥৯॥

সঞ্জয় উবাচ।

তমুৎপতন্তং বেগেন রাজা দুর্য্যোধনঃ স্বয়ম্।
ন্যবারয়ন্মহারাজ! কৃপশ্চ বদতাং বরঃ ॥১০॥

কর্ণ উবাচ।

শূরোঽয়ং সমরশ্লাঘী দুর্ম্মতিশ্চ দ্বিজাধমঃ।
আসাদয়তু মদ্বীর্য্যং মুঞ্চৈনং কুরুসত্তম! ॥১১॥

অশ্বত্থামোবাচ।

তবৈতৎ ক্ষম্যতেঽস্মাভিঃ সূতাত্মজ! সুদুর্ম্মতে!।
দর্পমুৎসিক্তমেতং তে ফাল্গুনো নাশয়িষ্যতি ॥১২॥

ভারতকৌমুদী

যমিতি। সহিতা মিলিতাঃ। তমর্জ্জুনং জেতুং কিং পুনস্ত্বং শক্তঃ স্যাঃ ॥৭—৮॥
কর্ণেতি। উদ্ধরামি ছিত্বা পৃথক্‌কৃত্য উত্তোলয়ামি ॥৯॥
তমিতি। উৎপতন্তং কর্ণোপরি পতন্তম্ ॥১০॥
শূর ইতি। শূরঃ সমরশ্লাঘীতি সোল্লুণ্ঠনোক্তিঃ। আসাদয়তু প্রাপ্নোতু ॥১১॥
তবেতি। উৎসিক্তমুদ্রিক্তম্। ফাল্গুনোঽর্জ্জুনঃ ॥১২॥

অতিদুর্বুদ্ধি সূত! ইন্দ্রের সহিত মিলিত দেবদানবগণও কৃষ্ণের সহিত মিলিত সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ যে অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হন না, জগতের অদ্বিতীয় বীর এবং অপরাজিত সেই অর্জ্জুনকে তুই এই কয় জন রাজার সহিত মিলিত হইয়া যুদ্ধে জয় করিতে সমর্থ হইবি? ॥৭—৮॥

অতিদুর্বুদ্ধি নরাধম কর্ণ! দেখ, এখন দাঁড়া। অতিদুর্ম্মতি! আজ এই আমি তোর দেহ হইতে মস্তক হরণ করিতেছি' ॥৯॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! এই কথা বলিয়াই অশ্বত্থামা বেগে যাইয়া কর্ণের উপরে পড়িতে লাগিলে, রাজা স্বয়ং দুর্য্যোধন এবং বাগ্মিশ্রেষ্ঠ কৃপ তাঁহাকে নিবারণ করিলেন ॥১০॥

কর্ণ বলিলেন—'কৌরবশ্রেষ্ঠ! তুমি ওটাকে ছাড়; বীর, সমরশ্লাঘী ও দুর্বুদ্ধি এই ব্রাহ্মণাধমটা আমার শক্তি অনুভব করুক' ॥১১॥

---

(১০) তমুদ্যতং তু বেগেন···ন্যবারয়ন্মহাতেজাঃ কৃপশ্চ দ্বিপদাং বরঃ—বা নি। (১২)··· দর্পমুৎসিক্তমেতত্তে···বঙ্গ বর্দ্ধ বা নি।

দুর্য্যোধন উবাচ।

অশ্বত্থামন্! প্রসীদস্ব ক্ষন্তুমর্হসি মানদ!।
কোপঃ খলু ন কর্ত্তব্যঃ সূতপুত্রে কথঞ্চন ॥১৩॥
ত্বয়ি কর্ণে কৃপে দ্রোণে মদ্ররাজেঽথ সৌবলে।
মহৎ কার্য্যং সমাসক্তং প্রসীদ দ্বিজসত্তম! ॥১৪॥
এতে হ্যভিমুখাঃ সর্ব্বে রাধেয়েন যুযুৎসবঃ।
আয়ান্তি পাণ্ডবা ব্রহ্মন্! আহ্বয়ন্তঃ সমন্ততঃ ॥১৫॥

সঞ্জয় উবাচ।

প্রসাদ্যমানস্ত ততো রাজ্ঞা দ্রৌণির্মহামনাঃ।
প্রসসাদ মহারাজ! ক্রোধবেগসমন্বিতঃ ॥১৬॥
ততঃ কৃপ উবাচেদমাচার্য্যঃ সুমহামনাঃ।
সৌম্যস্বভাবাদ্রাজেন্দ্র! ক্ষিপ্রমাগতমার্দ্দবঃ ॥১৭॥

ভারতকৌমুদী

অশ্বেতি। মানদত্বাদেবানুরোধরক্ষণেন ক্ষমাং কুর্ব্বন্ রাজ্ঞো মে মানং দাস্যসীতি ভাবঃ ॥১৩॥
ত্বয়ীতি। সৌবলে শকুনৌ। কার্য্যং বিপক্ষবিজয়রূপম্, সমাসক্তং ন্যস্তম্ ॥১৪॥
এত ইতি। রাধেয়েন কর্ণেন সহ, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ। কর্ণং প্রত্যেবাগমনকারণন্তু পশ্চাৎ স্বয়মেব বক্ষ্যতি ॥১৫॥
প্রসাদ্যেতি। রাজ্ঞা দুর্য্যোধনেন। মহামনস্ত্বাদেব প্রসসাদেত্যাশয়ঃ ॥১৬॥
তত ইতি। সৌম্যস্বভাবাৎ শান্তপ্রকৃতিকত্বাৎ, আগতং মার্দ্দবং কোমলতা যস্য সঃ ॥১৭॥

অশ্বত্থামা বলিলেন—'অতিদুর্বুদ্ধি সারথির পুত্র! আমরা তোকে এই ক্ষমা করিলাম; কিন্তু অর্জ্জুন তোর এই উদ্রিক্ত দর্প নাশ করিবেন' ॥১২॥

দুর্য্যোধন বলিলেন—'মানী জনের সম্মানরক্ষক গুরুপুত্র! আপনি প্রসন্ন হউন, ক্ষমা করুন। আপনি কর্ণের উপরে কোন প্রকারেই ক্রোধ করিবেন না ॥১৩॥

কারণ, আপনি, কর্ণ, কৃপ, দ্রোণ, শল্য ও শকুনি ইহাদের উপরে গুরুতর কার্য্যের ভার রহিয়াছে। সুতরাং ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি প্রসন্ন হউন ॥১৪॥

ব্রাহ্মণ! এই পাণ্ডবেরা সকলে কর্ণের সহিত যুদ্ধ করিবার ইচ্ছা করিয়া সকল দিক্ হইতে আহ্বান করিতে থাকিয়া ইহার অভিমুখেই আসিতেছে' ॥১৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন দুর্য্যোধন অনুরোধ করিতে লাগিলে, মহামনা অশ্বত্থামা ক্রুদ্ধ থাকিয়াও প্রসন্নভাব ধারণ করিলেন ॥১৬॥

---

(১৩)…সূতপুত্রং কথঞ্চন—বা নি। (১৬)…ক্রোধমত্যসমন্বিতঃ—পি বর্দ্ধ।

কৃপ উবাচ।

তবৈতৎ ক্ষম্যতেঽস্মাভিঃ সূতাত্মজ! সুদুর্ম্মতে!।
দর্পমুৎসিক্তমেতং তে ফাল্গুনো নাশয়িষ্যতি ॥১৮॥

সঞ্জয় উবাচ।

ততস্তে পাণ্ডবা রাজন্! পাঞ্চালাশ্চ যশস্বিনঃ।
আজগ্মুঃ সহিতাঃ কর্ণং তর্জয়ন্তঃ সমন্ততঃ ॥১৯॥
কর্ণোঽপি রথিনাং শ্রেষ্ঠশ্চাপমুদ্যম্য বীর্য্যবান্।
কৌরবাগ্র্যৈঃ পরিবৃতঃ শক্রো দেবগণৈরিব।
পর্য্যতিষ্ঠত তেজস্বী স্ববাহুবলমাশ্রিতঃ ॥২০॥
ততঃ প্রববৃতে যুদ্ধং কর্ণস্য সহ পাণ্ডবৈঃ।
সংরব্ধস্য মহারাজ! সিংহনাদবিনাদিতম্ ॥২১॥

ভারতকৌমুদী

তবেতি। পূর্ব্বং ব্যাখ্যাতমিদম্ ॥১৮॥
তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥১৯॥
কর্ণ ইতি। উদ্যম্য উত্তোল্য। কৌরবেষু অগ্র্যৈঃ প্রধানৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
তত ইতি। সংরব্ধস্য ক্রুদ্ধস্য। ক্রোধস্য প্রাধান্যেন স্বং প্রত্যোবাগমনাৎ ॥২১॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর অতিমহামনা কৃপাচার্য্যের শান্তস্বভাববশতঃ সত্বরই কোমলতা আসিল, তখন তিনি এই কথা বলিলেন ॥১৭॥

কৃপাচার্য্য বলিলেন—'অতিদুর্ম্মতি সূতপুত্র! আমরা তোমাকে এই ক্ষমা করিলাম; কিন্তু অর্জ্জুন তোমার এই উদ্রিক্ত দর্প নাশ করিবেন' ॥১৮॥

সঞ্জয় বলিলেন—'রাজা! তদনন্তর সেই যশস্বী পাণ্ডবগণ ও পাঞ্চালগণ সম্মিলিত হইয়া কর্ণকে ভৎর্সনা করিতে থাকিয়া সকল দিক্ হইতে আসিতে লাগিলেন ॥১৯॥

রথিশ্রেষ্ঠ, বলবান্ এবং তেজস্বী কর্ণও ধনু উত্তোলন করিয়া দেবগণপরিবৃত ইন্দ্রের ন্যায় প্রধান কৌরবগণে পরিবৃত হইয়া আপন বাহুবল অবলম্বনপূর্ব্বক অবস্থান করিতে লাগিলেন ॥২০॥

মহারাজ! তাহার পর পাণ্ডবগণের সহিত ক্রুদ্ধ কর্ণের যুদ্ধ লাগিয়া গেল। তখন সিংহনাদে সকল দিক্ নিনাদিত হইল ॥২১॥

(১৮)···দর্পমুৎসিক্তমেতত্তে···বঙ্গ বর্দ্ধ বা নি। (২১)···ভীষণং সুমহারাজ! সিংহনাদবিরাজিতম্—বা নি।

ততস্তে পাণ্ডবা রাজন্ ! পাঞ্চালাশ্চ যশস্বিনঃ ।
দৃষ্ট্বা কর্ণং মহাবাহুমুচ্চৈঃশব্দমথানদন্ ॥২২॥
অয়ং কর্ণঃ কুতঃ কর্ণস্তিষ্ঠ কর্ণ ! মহারণে ।
যুধ্যস্ব সহিতোঽস্মাভির্দুরাত্মন্ ! পুরুষাধম ! ॥২৩॥
অন্যে তু দৃষ্ট্বা রাধেয়ং ক্রোধরক্তেক্ষণাব্রুবন্ ।
হন্যতাময়মুৎসিক্তঃ সূতপুত্রোঽল্পচেতনঃ ।
সর্ব্বৈঃ পার্থিবশার্দ্দূলৈর্নানেনার্থোঽস্তি জীবতা ॥২৪॥
অত্যন্তবৈরী পার্থানাং সততং পাপপূরুষঃ ।
এষ মূলমনর্থানাং দুর্য্যোধনমতে স্থিতঃ ॥২৫॥
হতৈনমিতি জল্পন্তঃ ক্ষত্রিয়াঃ সমুপাদ্রবন্ ।
মহতা শরবর্ষেণ চ্ছাদয়ন্তো মহারথাঃ ।
বধার্থং সূতপুত্রস্য পাণ্ডবেয়েন চোদিতাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

তত ইতি । উচ্চৈঃ শব্দো যস্মিন্ কর্ম্মণি তদ্‌যথা তথা ॥২২॥

কীদৃশ উচ্চৈঃশব্দ ইত্যাহ অয়মিতি । বক্তৃভেদাদ্বাক্যভেদঃ । কুতঃ কুত্র ॥২৩॥

অন্য ইতি । ক্রোধরক্তেক্ষণাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ । উৎসিক্তো দর্পিতঃ । অল্পচেতনো লঘুচিত্তঃ । অর্থঃ প্রয়োজনম্ । অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৪॥

নম্বপরান্ কুরুপক্ষীয়ানপহায় কথং কর্ণং প্রত্যেব যুষ্মাকমাক্রোশ ইত্যাহ অত্যন্তেতি । পার্থানাং পাণ্ডবানাম্ । অনর্থানাং বিষদানাদিদুষ্কাশ্চানাম্, দুর্য্যোধনপ্ররোচনাৎ ॥২৫॥

হতেতি । সমুপাদ্রবন্ অভ্যধাবন্ । পাণ্ডবেয়েন যুধিষ্ঠিরেণ । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥

রাজা ! তৎপরে সেই যশস্বী পাণ্ডব ও পাঞ্চালেরা মহাবাহু কর্ণকে দেখিয়া উচ্চ শব্দে কোলাহল করিতে লাগিলেন ॥২২॥

'এই কর্ণ' 'কোথায় কর্ণ' 'কর্ণ ! মহাযুদ্ধে অবস্থান কর' 'দুরাত্মন্ ! নরাধম ! কর্ণ ! তুমি আমাদের সহিত যুদ্ধ কর' ॥২৩॥

অন্য বীরেরা কর্ণকে দেখিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া বলিলেন—'রাজশ্রেষ্ঠেরা সকলে এই দর্পিত ও লঘুচেতা কর্ণকে বধ করুন ; ইহার জীবনে কোন প্রয়োজন নাই' ॥২৪॥

দুর্য্যোধনের মতানুবর্ত্তী এই পাপপুরুষটা সর্বদাই পাণ্ডবগণের মহাশত্রু এবং সমস্ত অনর্থের মূল ॥২৫॥

অতএব ইহাকে বধ কর' এইরূপ বলিতে বলিতে যুধিষ্ঠিরপ্রেরিত মহারথ

তাংস্তু সর্ব্বাংস্তথা দৃষ্ট্বা ধাবমানান্ মহারথান্।
ন বিব্যথে সূতপুত্রো ন চ ত্রাসমগচ্ছত ॥২৭॥
দৃষ্ট্বা নগরকল্পং তমুদ্ধূতং সৈন্যসাগরম্।
পিপ্রীষুস্তব পুত্রাণাং সংগ্রামেষ্বপরাজিতঃ ॥২৮॥
সায়কৌঘেন বলবান্ ক্ষিপ্রকারী মহাবলঃ।
বারয়ামাস তৎ সৈন্যং সমন্তাদ্ভরতর্ষভ! ॥২৯॥ (যুগ্মকম্)
ততস্তু শরবর্ষেণ পার্থিবাস্তমবারয়ন্।
ধনূংষি তে বিধুন্বানাঃ শতশোঽথ সহস্রশঃ।
অযোধয়ন্ত রাধেয়ং শক্রং দৈত্যগণা ইব ॥৩০॥
শরবর্ষন্তু তৎ কর্ণঃ পার্থিবৈঃ সমুদীরিতম্।
শরবর্ষেণ মহতা সমন্তাদ্ব্যকিরৎ প্রভো! ॥৩১॥

ভারতকৌমুদী

তানিতি। ত্রাসং ভয়ম্, অগচ্ছত প্রাপ্নোৎ ॥২৭॥

দৃষ্ট্বেতি। উদ্ধূতমুদ্বেলিতম্। পিপ্রীষুঃ প্রীতিং কর্ত্তুমিচ্ছুঃ। বলবান্ মহাদৈহিকশক্তিশালী, ক্ষিপ্রকারী ক্রুতাস্ত্রক্ষেপদক্ষঃ, মহাবলো মহামানসিকবলশালী চ কর্ণঃ ॥২৮—২৯॥

তত ইতি। বিধুন্বানাঃ সঞ্চালয়ন্তঃ। রাধেয়ং কর্ণম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩০॥

শরেতি। সমুদীরিতং নিক্ষিপ্তম্। ব্যকিরৎ অপাসারয়ৎ ॥৩১॥

ক্ষত্রিয়েরা কর্ণকে বধ করিবার জন্য বিশাল বাণবর্ষণদ্বারা তাঁহাকে আবৃত করতঃ ধাবিত হইলেন ॥২৬॥

কিন্তু কর্ণ সেই সকল মহারথকে ধাবিত দেখিয়াও ব্যথিত বা ভীত হইলেন না ॥২৭॥

ভরতশ্রেষ্ঠ! দৈহিকবলবান্, মানসিকমহাশক্তিশালী, ক্ষিপ্রকারী ও বহুযুদ্ধে অপরাজিত কর্ণ আপনার পুত্রগণের প্রীতিসম্পাদন করিবার ইচ্ছা করিয়া নগরতুল্য সেই সৈন্যসাগর উদ্বেলিত দেখিয়া সকল দিকেই সে সৈন্য বারণ করিতে লাগিলেন ॥২৮—২৯॥

তখন রাজারাও বাণবর্ষণ করিয়া কর্ণকে বারণ করিতে থাকিলেন। ক্রমে দৈত্যগণ যেমন ইন্দ্রের সহিত যুদ্ধ করিত, সেইরূপ সেই শত শত ও সহস্র সহস্র রাজা ধনু সঞ্চালন করিতে থাকিয়া কর্ণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৩০॥

রাজা! সেই সময়ে কর্ণ বিশাল বাণবর্ষণ করিয়া রাজগণনিক্ষিপ্ত সেই বাণবর্ষণ অপসারিত করিতে থাকিলেন ॥৩১॥

---

(২৮)⋯ উদ্ধতং সৈন্যসাগরম্⋯পি।

তদ্‌যুদ্ধমভবত্তেষাং কৃতপ্রতিকৃতৈষিণাম্।
যথা দেবাসুরে যুদ্ধে শক্রস্য সহ দানবৈঃ ॥৩২॥
তত্রাদ্ভুতমপশ্যাম সূতপুত্রস্য লাঘবম্।
যদেনং সর্বতো যত্তা নাপ্নুবন্তি পরে যুধি ॥৩৩॥
নিবার্য্য চ শরৌঘাংস্তান্ পার্থিবানাং মহারথঃ।
যুগেষ্বীষাসু চ্ছত্রেষু ধ্বজেষু চ হয়েষু চ।
আত্মনামাঙ্কিতান্ বাণান্ রাধেয়ঃ প্রাহিণোচ্ছিতান্ ॥৩৪॥
ততস্তে ব্যাকুলীভূতা রাজানঃ কর্ণপীড়িতাঃ।
বভ্রমুস্তত্র তত্রৈব গাবঃ শীতার্দ্দিতা ইব ॥৩৫॥
হয়ানাং বধ্যমানানাং গজানাং রথিনাং তথা।
তত্র তত্রাভ্যবৈক্ষাম সংঘান্ কর্ণেন তাড়িতান্ ॥৩৬॥

ভারতকৌমুদী

তদিতি। কৃতস্য অপকারস্য প্রতিকৃতং প্রত্যপকারমিচ্ছন্তীতি তেষাম্ ॥৩২॥
তত্রেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্। যত্তা প্রাপ্তয়ে যত্নবন্তঃ সন্তোঽপি ॥৩৩॥
নিবার্য্যেতি। যুগেষা রথগতদারুবিশেষাঃ। শিতান্ সুধারান্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৩৪॥
তত ইতি। তে পাণ্ডবপক্ষীয়াঃ। তত্র তত্রৈব স্থানে ॥৩৫॥
হয়ানামিতি। হয়ানামশ্বানাম্। অভ্যবৈক্ষাম সর্বত্রাপশ্যাম বয়ম্ ॥৩৬॥

পূর্ব্বে দেবাসুরযুদ্ধে দানবগণের সহিত ইন্দ্রের যেরূপ যুদ্ধ হইয়াছিল, তখন অপকারের প্রত্যপকারার্থী সেই বীরগণেরও সেইরূপই যুদ্ধ হইতে লাগিল ॥৩২॥

মহারাজ! তখন আমরা কর্ণের অদ্ভুত লঘুহস্ততা দেখিলাম। যে হেতু বিপক্ষেরা সর্বপ্রকারে যত্নবান্ হইয়াও যুদ্ধে কর্ণের নিকটে আসিতে পারিল না ॥৩৩॥

অথচ কর্ণ বিপক্ষ রাজগণের সেই বাণসমূহ নিবারণ করিয়া তাঁহাদের রথের যুগ ও ঈষাদণ্ডে এবং ছত্র, ধ্বজ ও অশ্বের উপরে নিজনামাঙ্কিত সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৪॥

তদনন্তর সেই বিপক্ষ রাজারা কর্ণের বাণে পীড়িত ও বিহ্বল হইয়া শীতার্ত্ত গোসমূহের ন্যায় সেই সেই স্থানে ঘুরিতে থাকিলেন ॥৩৫॥

তখন আমরা দেখিলাম যে, কর্ণ সেই সেই স্থানে হস্তী, অশ্ব ও রথীদিগকে অনবরত পীড়ন করিতেছেন ॥৩৬॥

(৩৪)···বাণান্ রাধেয়ঃ প্রাহিণোজ্জ্বরান্—বা,···ঘোরান্ রাধেয়ঃ প্রাহিণোজ্জ্বরান্—নি।
(৩৫)···গাবঃ সিংহার্দ্দিতা ইব—বর্দ্ধ।

শিরোভিঃ পতিতৈ রাজন্! বাহুভিশ্চ সমন্ততঃ।
আস্তীর্ণা বসুধা সর্ব্বা শূরাণামনিবর্ত্তিনাম্ ॥৩৭॥
হতৈশ্চ হন্যমানৈশ্চ নিষ্টনদ্ভিশ্চ সর্ব্বতঃ।
বভূবায়োধনং রৌদ্রং বৈবস্বতপুরোপমম্ ॥৩৮॥
ততো দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
অশ্বত্থামানমাসাদ্য বাক্যমেতদুবাচ হ ॥৩৯॥
যুধ্যতেঽসৌ রণে কর্ণো দংশিতঃ সর্ব্বপার্থিবৈঃ।
পশ্যৈতাং দ্রবতীং সেনাং কর্ণসায়কপীড়িতাম্।
কার্ত্তিকেয়েন বিধ্বস্তামাসুরীং পৃতনামিব ॥৪০॥
দৃষ্ট্বৈতাং নির্জ্জিতাং সেনাং রণে কর্ণেন পীড়িতাম্।
অভিযাত্যেষ বীভৎসুঃ সূতপুত্রজিঘাংসয়া ॥৪১॥
তদ্যথা প্রেক্ষমাণানাং সূতপুত্রং মহারথম্।
ন হন্যাৎ পাণ্ডবঃ সংখ্যে তথা নীতির্বিধীয়তাম্ ॥৪২॥

ভারতকৌমুদী

শিরোভিরিতি। সমন্ততঃ সর্বাসু দিক্ষু। বসুধা সমরভূমিঃ ॥৩৭॥
হতৈরিতি। নিষ্টনদ্ভিঃ আর্ত্তনাদং কুর্বদ্ভিঃ। আয়োধনং রণাঙ্গনম্ ॥৩৮॥
তত ইতি। আসাদ্য প্রাপ্য। হশব্দঃ পাদপূরণে ॥৩৯॥
যুধ্যত ইতি। দংশিতঃ সন্নদ্ধঃ। দ্রবতীং পলায়মানাম্। পৃতনাং সেনাম্। ষট্পাদঃ ॥৪০॥
দৃষ্ট্বেতি। বীভৎসুরর্জ্জুনঃ, সূতপুত্রজিঘাংসয়া কর্ণহননেচ্ছয়া ॥৪১॥

রাজা! ক্রমে অনিবর্ত্তী বীরগণের মস্তক ও বাহুসকল নিপতিত হইতে থাকিয়া সকল দিকে সমগ্র সমরভূমি আবৃত করিয়া ফেলিল ॥৩৭॥

বিপক্ষেরা সকল দিকেই নিহত হওয়ায় এবং আহত হইয়া আর্ত্তনাদ করিতে থাকায় রণস্থলটা যমপুরের ন্যায় ভয়ঙ্কর হইয়া পড়িল ॥৩৮॥

তৎপরে রাজা দুর্য্যোধন কর্ণের বিক্রম দেখিয়া অশ্বত্থামার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৩৯॥

'গুরুপুত্র! যুদ্ধসজ্জায় সজ্জিত কর্ণ সমস্ত বিপক্ষরাজার সহিত ঐ যুদ্ধ করিতেছেন। তাহাতে দর্শন করুন—কার্ত্তিকবিধ্বস্ত অসুরসৈন্যের ন্যায় এই পাণ্ডবসৈন্য কর্ণের বাণে পীড়িত হইয়া পলায়ন করিতেছে ॥৪০॥

কর্ণ পীড়ন করিয়া পাণ্ডবসৈন্য জয় করিয়াছেন দেখিয়া অর্জ্জুন উঁহাকে বধ করিবার ইচ্ছায় এই উঁহার অভিমুখে আসিতেছে ॥৪১॥

(৩৮)…নিষ্টনদ্ভিশ্চ সর্ব্বশঃ…বা নি।

তততা দ্রৌণিঃ কৃপঃ শল্যো হার্দ্দিক্যশ্চ মহারথঃ।
প্রত্যুদ্‌যযুস্তদা পার্থং সূতপুত্রপরীপ্সয়া ॥৪৩॥
আয়ান্তং বীক্ষ্য কৌন্তেয়ং শক্রং দৈত্যচমূমিব।
প্রত্যুদ্‌যযৌ তদা কর্ণো যথা বৃত্রঃ শতক্রতুম্ ॥৪৪॥

ধৃতরাষ্ট্র উবাচ।

সংরব্ধং ফাল্গুনং দৃষ্ট্বা কালান্তকযমোপমম্।
কর্ণো বৈকর্ত্তনঃ সূত ! প্রত্যপদ্যৎ কিমুত্তরম্ ॥৪৫॥
স হ্যস্পর্দ্ধত পার্থেন নিত্যমেব মহারথঃ।
আশংসতে চ বীভৎসুং যুদ্ধে জেতুং সুদারুণে ॥৪৬॥

ভারতকৌমুদী

তদিতি। প্রেক্ষমাণানাং পশ্যতামস্মাকং সমক্ষমেবেতি শেষঃ। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৪২॥

তত ইতি। দ্রৌণিরশ্বত্থামা। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। সূতপুত্রস্য পরীপ্সয়া রক্ষেচ্ছয়া ॥৪৩॥

আয়ান্তমিতি। দৈত্যচমূমায়ান্তং শক্রমিবেতি সম্বন্ধঃ। বৃত্রো নামাসুরঃ ॥৪৪॥

সংরব্ধমিতি। হে সূত ! সঞ্জয় ! বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ কর্ণঃ, সংরব্ধং ক্রুদ্ধম্, কালে আয়ুঃশেষসময়ে অন্তকো বন্ধনকারী যো যমঃ স উপমা যস্য তম্, ফাল্গুনমর্জ্জুনং দৃষ্ট্বা, কিম্ উত্তরং পরং কর্ত্তব্যং কার্য্যম্, প্রত্যপদ্যৎ প্রত্যপদ্যত অকরোৎ ॥৪৫॥

স ইতি। পার্থেনার্জ্জুনেন সহ। আশংসতে আশাবিষয়ীকরোতি ॥৪৬॥

অতএব অর্জ্জুন আমাদের সমক্ষে যাহাতে মহারথ কর্ণকে বধ করিতে না পারে, আপনারা সেইরূপ নীতি অবলম্বন করুন' ॥৪২॥

তাহার পর অশ্বত্থামা, কৃপ, শল্য ও মহারথ কৃতবর্ম্মা কর্ণকে রক্ষা করিবার জন্য অর্জ্জুনের দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

তখন ইন্দ্র যেমন দৈত্যসৈন্যের দিকে যাইতেন, সেইরূপ অর্জ্জুনকে কৌরব-সৈন্যের দিকে আসিতে দেখিয়া—বৃত্রাসুর যেমন ইন্দ্রের দিকে যাইত, সেইরূপ কর্ণ অর্জ্জুনের দিকে গমন করিলেন' ॥৪৪॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! সূর্য্যনন্দন কর্ণ কালান্তক যমের ন্যায় ক্রুদ্ধ অর্জ্জুনকে আসিতে দেখিয়া কি করিলেন ? ॥৪৫॥

মহারথ কর্ণ সর্ব্বদাই অর্জ্জুনের সহিত স্পর্দ্ধা করিয়া থাকেন এবং সুদারুণ যুদ্ধে অর্জ্জুনকে জয় করিবারও আশা করেন ॥৪৬॥

---

(৪৪) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'বীভৎসুরপি রাজেন্দ্র ! পাঞ্চালৈরভিসংবৃতঃ' ইতি পাদদ্বয়মধিকম্, তথা···যথা বৃত্রং শতক্রতুঃ বা নি। ইতঃ পরম্ অধ্যায়সমাপ্তিঃ কচিৎ।

স তু তং সহসা প্রাপ্তং নিত্যমত্যন্তবৈরিণম্।
কর্ণো বৈকর্ত্তনঃ সূত! কিমুত্তরমপদ্যত ॥৪৭॥

সঞ্জয় উবাচ।

আয়ান্তং পাণ্ডবং দৃষ্ট্বা গজং প্রতি গজো যথা।
অসংভ্রান্ততরঃ কর্ণঃ প্রত্যুদীয়াদ্ধনঞ্জয়ম্ ॥৪৮॥
তমাপতন্তং বেগেন বৈকর্ত্তনমজিহ্মগৈঃ।
বারয়ামাস তেজস্বী পাণ্ডবঃ শত্রুতাপনঃ ॥৪৯॥
তং কর্ণঃ শরজালেন চ্ছাদয়ামাস ভারত!।
বিব্যাধ চ সুসংক্রুদ্ধঃ শরৈস্ত্রিভিরজিহ্মগৈঃ ॥৫০॥
তস্য তল্লাঘবং পার্থো নামৃষ্যত মহাবলঃ।
তস্মৈ বাণান্ শিলাধৌতান্ প্রসন্নাগ্রানজিহ্মগান্।
প্রাহিণোৎ সূতপুত্রায় ত্রিংশতং শত্রুতাপনঃ ॥৫১॥

ভারতকৌমুদী

স ইতি। তমর্জ্জুনং দৃষ্ট্বেতি শেষঃ। উত্তরং পরকর্ত্তব্যম্, অপদ্যত অকরোৎ ॥৪৭॥

আয়ান্তমিতি। পাণ্ডবমর্জ্জুনম্। অসংভ্রান্ততরঃ অতীবাবিচলিতঃ, প্রত্যুদীয়াৎ প্রত্যগচ্ছৎ ॥৪৮॥

তমিতি। বৈকর্ত্তনং কর্ণম্, অজিহ্মগৈর্বাণৈঃ। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৪৯॥

তমিতি। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৫০॥

তস্যেতি। লাঘবং দ্রুতাস্ত্রক্ষেপযোগ্যতাম্, নামৃষ্যত নাসহত। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

সঞ্জয়! সূর্য্যনন্দন কর্ণ চিরমহাশত্রু অর্জ্জুনকে সহসা উপস্থিত দেখিয়া কি কার্য্য করিলেন?' ॥৪৭॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! অর্জ্জুনকে আসিতে দেখিয়া কর্ণ অতিস্থির চিত্তে একটা হাতী যেমন অপর হাতীর প্রতি গমন করে, সেইরূপ অর্জ্জুনের প্রতি গমন করিতে লাগিলেন ॥৪৮॥

কর্ণ বেগে আসিতে লাগিলে, তেজস্বী ও শত্রুতাপন অর্জ্জুন বাণসমূহদ্বারা তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥৪৯॥

ভরতনন্দন! তখন কর্ণ অত্যন্তক্রুদ্ধ হইয়া শরজালদ্বারা অর্জ্জুনকে আবৃত করিলেন এবং সরলগামী তিনটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধও করিলেন ॥৫০॥

(৪৮)···অসংভ্রান্তো রণে কর্ণঃ···বা নি। ইতঃ পরং বিবিধাঃ পাঠভেদাঃ বা নি। (৫০) তস্য বিদ্ধস্য বাণেন···বা নি।

বিব্যাধ চৈনং সংরব্ধো বাণেনৈকেন বীর্য্যবান্ ।
সব্যে ভুজাগ্রে বলবান্ নারাচেন হসন্নিব ॥৫২॥
তস্য বিদ্ধস্য বেগেন করাচ্চাপং পপাত হ ।
পুনরাদায় তচ্চাপং নিমেষার্দ্ধান্মহাবলঃ ।
ছাদয়ামাস বাণৌঘৈঃ ফাল্গুনং কৃতহস্তবৎ ॥৫৩॥
শরবৃষ্টিন্তু তাং মুক্তাং সূতপুত্রেণ ভারত ! ।
ব্যধমচ্ছরবর্ষেণ স্ময়ন্নিব ধনঞ্জয়ঃ ॥৫৪॥
তৌ পরস্পরমাসাদ্য শরবর্ষেণ পার্থিব ! ।
ছাদয়েতাং মহেষ্বাসৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ ॥৫৫॥
তদদ্ভুতমভূদ্‌যুদ্ধং কর্ণপাণ্ডবয়োর্ম্মৃধে ।
ক্রুদ্ধয়োর্ব্বাসিতাহেতোর্ব্বন্যয়োর্গজয়োরিব ॥৫৬॥

ভারতকৌমুদী

বিব্যাধেতি। সংরব্ধঃ ক্রুদ্ধঃ। বীর্য্যবানর্জ্জুনঃ। সব্যে বামে ॥৫২॥
তস্যেতি। ফাল্গুনমর্জ্জুনম্, কৃতহস্তবৎ শিক্ষিতহস্তৈন্দ্রজালিকবৎ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৫৩॥
শরেতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ, স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৫৪॥
তাবিতি। কৃতস্যাপকারস্য প্রতিকৃতং প্রত্যপকারমিচ্ছত ইতি তৌ ॥৫৫॥
তদিতি। মৃধে রণস্থলে। বাসিতায়া ঋতুমত্যা হস্তিন্যা হেতোঃ ॥৫৬॥

কর্ণের সেই লঘুহস্ততা দেখিয়া মহাবল অর্জ্জুন সহ্য করিলেন না। তিনি কর্ণের উপরে শিলাশাণিত, নির্ম্মলমুখ ও সরলগামী ত্রিশটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫১॥

ক্রমে মানসিকবলবান্, দৈহিকবলশালী ও ক্রুদ্ধ অর্জ্জুন একটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন এবং হাসিতে হাসিতেই যেন একটা নারাচদ্বারা কর্ণের বামহস্তে তাড়ন করিলেন ॥৫২॥

কর্ণের বামহস্ত বিদ্ধ হইলে, তাহা হইতে বেগে ধনু পড়িয়া গেল। তখন মহাবল কর্ণ অর্দ্ধনিমেষমধ্যে পুনরায় সেই ধনু লইয়া শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় বাণসমূহদ্বারা অর্জ্জুনকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

ভরতনন্দন ! তখন অর্জ্জুন হাসিতে হাসিতেই যেন বাণবর্ষণদ্বারা কর্ণ-নিক্ষিপ্ত সেই বাণবৃষ্টি নিবারণ করিলেন ॥৫৪॥

রাজা ! ক্রমে মহাধনুর্দ্ধর ও কৃতপ্রহারের প্রতিপ্রহারকরণার্থী কর্ণ ও অর্জ্জুন বাণবর্ষণ করিয়া পরস্পর আচ্ছাদন করিলেন ॥৫৫॥

(৫৬) তদদ্ভুতং মহদ্‌যুদ্ধম্‌···বা নি।

ততঃ পার্থো মহেষ্বাসো দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
মুষ্টিদেশে ধনুস্তস্য চিচ্ছেদ ত্বরয়ান্বিতঃ ॥৫৭॥
অশ্বাংশ্চ চতুরো ভল্লৈরনয়দ্‌যমসাদনম্।
সারথেশ্চ শিরঃ কায়াদহরচ্ছত্রুতাপনঃ ॥৫৮॥
অথৈনং ছিন্নধন্বানং হতাশ্বং হতসারথিম্।
বিব্যাধ সায়কৈঃ পার্থশ্চতুর্ভিঃ পাণ্ডুনন্দনঃ ॥৫৯॥
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য নরর্ষভঃ।
আরুরোহ রথং তূর্ণং কৃপস্য শরপীড়িতঃ ॥৬০॥
রাধেয়ং নির্জ্জিতং দৃষ্ট্বা তাবকা ভরতর্ষভ!।
ধনঞ্জয়শরৈর্ন্নুগ্নাঃ প্রাদ্রবন্ত দিশো দশ ॥৬১॥
দ্রবতস্তান্ সমালোক্য রাজা দুর্য্যোধনো নৃপ!।
নিবর্ত্তয়ামাস তদা বাক্যঞ্চেদমুবাচ হ ॥৬২॥

ভারতকৌমুদী

তত ইতি। মুষ্টিদেশ ইতি গলে বদ্ধা গৌরিত্যাদিবদধিকরণে সপ্তমী ॥৫৭॥
অশ্বানিতি। যমস্য সাদনং ভবনম্। শত্রুতাপনোঽর্জ্জুনঃ ॥৫৮॥
অথেতি। এনং কর্ণম্। বিব্যাধ তাড়য়ামাস ॥৫৯॥
হতেতি। অর্জ্জুনস্য শরৈঃ পীড়িতো নরর্ষভঃ কর্ণ ইতি সম্বন্ধঃ ॥৬০॥
রাধেয়মিতি। হুগ্নাঃ ক্ষতদেহাঃ, প্রাদ্রবন্ত দ্রুতং পলায়ন্ত ॥৬১॥

পরে ঋতুমতী হস্তিনীর জন্য দুইটা বন্য হস্তীর যেমন অদ্ভুত যুদ্ধ হয়, সেইরূপ ক্রুদ্ধ কর্ণ ও অর্জ্জুনের অদ্ভুত যুদ্ধ হইতে লাগিল ॥৫৬॥

ক্রমে মহাধনুর্দ্ধর অর্জ্জুন কর্ণের বিক্রম দেখিয়া ত্বরান্বিত হইয়া তাঁহার ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন ॥৫৭॥

এবং শত্রুতাপন অর্জ্জুন চারিটা ভল্লদ্বারা কর্ণের চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন, আর একটা ভল্লদ্বারা কর্ণের সারথির দেহ হইতে মস্তকটা হরণ করিলেন ॥৫৮॥

কর্ণের ধনু ছিন্ন এবং অশ্ব ও সারথি নিহত হইলে, পাণ্ডুনন্দন অর্জ্জুন চারিটা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥৫৯॥

তখন নরশ্রেষ্ঠ কর্ণ অর্জ্জুনের বাণে পীড়িত হইয়া সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া দ্রুত যাইয়া কৃপাচার্য্যের রথে আরোহণ করিলেন ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ! এই সময়ে অর্জ্জুনের বাণে ক্ষতবিক্ষতদেহ কৌরবসৈন্যেরা কর্ণকে পরাজিত দেখিয়া বেগে দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥৬১॥

অলং দ্রুতেন বঃ শূরাস্তিষ্ঠধ্বং ক্ষত্রিয়র্ষভাঃ ! ।
এষ পার্থবধায়াহং স্বয়ং গচ্ছামি সংযুগে ।
অহং পার্থান্ হনিষ্যামি সপাঞ্চালান্ সসোমকান্ ॥৬৩॥
অদ্য মে যুধ্যমানস্য সহ গাণ্ডীবধন্বনা ।
দ্রক্ষ্যন্তি বিক্রমং পার্থাঃ কালস্যেব যুগক্ষয়ে ॥৬৪॥
অদ্য মদ্বাণজালানি বিমুক্তানি সহস্রশঃ ।
দ্রক্ষ্যন্তি সমরে যোধাঃ শলভানামিবায়তীঃ ॥৬৫॥
অদ্য বাণময়ং বর্ষং সৃজতো মম ধন্বিনঃ ।
জীমূতস্যেব ঘর্ম্মান্তে দ্রক্ষ্যন্তি যুধি সৈনিকাঃ ॥৬৬॥
জেষ্যাম্যদ্য রণে পার্থং সায়কৈর্নতপর্ব্বভিঃ ।
তিষ্ঠধ্বং সমরে শূরা ভয়ং ত্যজত ফাল্গুনাৎ ॥৬৭॥

ভারতকৌমুদী

দ্রবত ইতি। দ্রবতো দ্রুতং পলায়মানান্। নিবর্ত্তয়ামাস তানেব ॥৬২॥
অলমিতি। দ্রুতেন দ্রুতং পলায়নেন। পার্থস্যার্জ্জুনস্য বধায়। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥
অদ্যেতি। পার্থা অপরে পাণ্ডবাঃ, কালস্য মহাকালাখ্যরুদ্রস্য ॥৬৪॥
অদ্যেতি। শলভানাং পতঙ্গানাম্, আয়তীঃ শ্রেণীঃ ॥৬৫॥
অদ্যেতি। জীমূতস্য মেঘস্য, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাবসানে ॥৬৬॥
জেষ্যামীতি। নতপর্বভিঃ ঈষদ্বক্রোপান্তৈঃ ॥৬৭॥

রাজা! তখন কৌরবসৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া রাজা দুর্য্যোধন তাহাদিগকে ফিরাইবার ইচ্ছা করিলেন এবং এই কথা বলিলেন—॥৬২॥

'হে বীর ক্ষত্রিয়গণ! আপনারা থামুন, বেগে পলায়ন করিবেন না। এই আমি নিজেই অর্জ্জুনকে বধ করিবার জন্য যুদ্ধে যাইতেছি। আমিই পাঞ্চাল ও সোমকগণের সহিত পাণ্ডবগণকে বধ করিব ॥৬৩॥

আজ আমি অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলে, পাণ্ডবেরা প্রলয়কালে রুদ্রের বিক্রমের ন্যায় আমার বিক্রম দেখিতে পাইবে ॥৬৪॥

আজ যোদ্ধারা সমরাঙ্গনে পতঙ্গশ্রেণীর ন্যায় আমার নিক্ষিপ্ত সহস্র সহস্র বাণজাল দর্শন করিবেন ॥৬৫॥

গ্রীষ্মকাল অতীত হইলে মেঘের বারিবর্ষণের ন্যায় আমার বাণবর্ষণ আজ যুদ্ধে সৈন্যেরাও দেখিতে পাইবে ॥৬৬॥

আজ আমি নতপর্ব্ব বাণসমূহে অর্জ্জুনকে জয় করিব। অতএব বীরগণ! আপনারা সমরাঙ্গনে অবস্থান করুন এবং অর্জ্জুনের ভয় ত্যাগ করুন ॥৬৭॥

নহি মদ্বীর্য্যমাসাদ্য ফাল্গুনঃ প্রসহিষ্যতি।
যথা বেলাং সমাসাদ্য সাগরো মকরালয়ঃ ॥৬৮॥
ইত্যুক্ত্বা প্রযযৌ রাজা সৈন্যেন মহতাবৃতঃ।
ফাল্গুনং প্রতি দুর্দ্ধর্ষঃ ক্রোধাৎ সংরক্তলোচনঃ ॥৬৯॥
তং প্রয়ান্তং মহাবাহুং দৃষ্ট্বা শারদ্বতস্তদা।
অশ্বত্থামানমাসাদ্য বাক্যমেতদুবাচ হ ॥৭০॥
এষ রাজা মহাবাহুরমর্ষী ক্রোধমূর্চ্ছিতঃ।
পতঙ্গবৃত্তিমাস্থায় ফাল্গুনং যোদ্ধুমিচ্ছতি ॥৭১॥
যাবন্নঃ পশ্যমানানাং প্রাণান্ পার্থেন সঙ্গতঃ।
ন জহ্যাৎ পুরুষব্যাঘ্রস্তাবদ্বারয় কৌরবম্ ॥৭২॥
যাবৎ ফাল্গুনবাণানাং গোচরং নাধিগচ্ছতি।
কৌরবঃ পার্থিবো বীরস্তাবদ্বারয় সংযুগাৎ ॥৭৩॥

ভারতকৌমুদী

নেতি। বেলাং তীরম্। যথা অতিক্রমিতুং ন শক্নোতি তথেত্যর্থঃ ॥৬৮॥
ইতীতি। রাজা দুর্য্যোধনঃ। ফাল্গুনমর্জ্জুনম্ ॥৬৯॥
তমিতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ কৃপঃ ॥৭০॥
এষ ইতি। অমর্ষী অসহিষ্ণুঃ। পতঙ্গবৃত্তিং বহ্নৌ শলভব্যবহারম্ ॥৭১॥
যাবদিতি। নঃ অস্মাকম্। সঙ্গতো যুদ্ধে মিলিতঃ। কৌরবং দুর্য্যোধনম্ ॥৭২॥

মকরের আশ্রয় সমুদ্র যেমন তীরের নিকটে যাইয়া তাহা অতিক্রম করিতে পারে না, সেইরূপ অর্জ্জুনও আমার বিক্রমের বিষয়ে উপস্থিত হইয়া তাহা সহ্য করিতে পারিবে না' ॥৬৮॥

এই কথা বলিয়া দুর্দ্ধর্ষ এবং ক্রোধে আরক্তনয়ন দুর্য্যোধন বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া অর্জ্জুনের দিকে গমন করিতে লাগিলেন ॥৬৯॥

তখন মহাবাহু দুর্য্যোধনকে অর্জ্জুনের দিকে যাইতে দেখিয়া কৃপাচার্য্য অশ্বত্থামার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥৭০॥

'অসহিষ্ণু ও ক্রোধে অধীর মহাবাহু দুর্য্যোধন অগ্নির নিকটে পতঙ্গের ব্যবহার আশ্রয় করিয়া অর্জ্জুনের সহিত যুদ্ধ করিবার জন্য এই চলিয়াছেন ॥৭১॥

অতএব অশ্বত্থামা! যে পর্য্যন্ত পুরুষশ্রেষ্ঠ দুর্য্যোধন অর্জ্জুনের সহিত যুদ্ধে মিলিত হইয়া আমাদের সমক্ষেই প্রাণত্যাগ না করেন, তাহার মধ্যেই উঁহাকে বারণ কর ॥৭২॥

যাবৎ পার্থশরৈর্ঘোরৈর্নির্ম্মুক্তোরগসন্নিভৈঃ।
ন ভস্মীক্রিয়তে রাজা তাবদ্‌যুদ্ধান্নিবার্য্যতাম্ ॥৭৪॥
অযুক্তমিব পশ্যামি তিষ্ঠৎস্বস্মাসু মানদ!।
স্বয়ং যুদ্ধায় যদ্রাজা পার্থং যাত্যসহায়বান্ ॥৭৫॥
দুর্লভং জীবিতং মন্যে কৌরবস্য কিরীটিনা।
যুধ্যমানস্য পার্থেন শার্দ্দূলেনেব হস্তিনঃ ॥৭৬॥
মাতুলেনৈবমুক্তস্তু দ্রৌণিঃ শস্ত্রভৃতাং বরঃ।
দুর্য্যোধনমিদং বাক্যং ত্বরিতঃ সমভাষত ॥৭৭॥
ময়ি জীবতি গান্ধারে! ন যুদ্ধং গন্তুমর্হসি।
মামনাদৃত্য কৌরব্য! তব নিত্যং হিতৈষিণম্ ॥৭৮॥

ভারতকৌমুদী

যাবদিতি। গোচরং বিষয়ম্। বারয় এনমিতি শেষঃ ॥৭৩॥
যাবদিতি। নির্ম্মুক্তাস্ত্যক্তত্বচো য উরগাঃ সর্পাস্তৎসন্নিভৈঃ ॥৭৪॥
অযুক্তমিতি। সাধারণসৈন্যসহায়ত্বস্যৈব তাদৃশবীরসহায়শূন্য ইত্যাশয়ঃ ॥৭৫॥
দুর্লভমিতি। দুর্লভং পার্থেন বিনাশস্যৈব সম্ভবাদিতি ভাবঃ। কৌরবস্য দুর্য্যোধনস্য ॥৭৬॥
মাতুলেনেতি। মাতুলেন কৃপেণ। ত্বরিতঃ অধিকাগ্রগমননিবারণার্থম্ ॥৭৭॥
ময়ীতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ বাহ্বাদিত্বাদিন্। তৎসম্বোধনম্ ॥৭৮॥

বীর কুরুরাজ যে পর্য্যন্ত অর্জ্জুনের বাণপথে না যান, তাহার মধ্যেই উহাকে যুদ্ধ হইতে বারণ কর ॥৭৩॥

ত্যক্তচর্ম্মা সর্পসমূহের তুল্য ভয়ঙ্কর পার্থশর যে পর্য্যন্ত দুর্য্যোধনকে ভস্মীভূত না করে, তাহার মধ্যেই তুমি উহাকে যুদ্ধ হইতে নিবারণ কর ॥৭৪॥

বৎস! আমরা বিদ্যমান থাকিতে রাজা দুর্য্যোধন যে নিঃসহায় অবস্থায় নিজেই যুদ্ধ করিবার জন্য অর্জ্জুনের দিকে যাইতেছেন, ইহা যেন অসঙ্গত বলিয়া মনে করিতেছি ॥৭৫॥

ব্যাঘ্রের সহিত হস্তীর ন্যায় অর্জ্জুনের সহিত দুর্য্যোধন যুদ্ধ করিতে লাগিলে, উঁহার জীবন দুর্লভ হইবে বলিয়াই আমি মনে করি' ॥৭৬॥

মাতুল কৃপ এইরূপ বলিলে, অস্ত্রধারিশ্রেষ্ঠ অশ্বত্থামা ত্বরান্বিত হইয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৭৭॥

'কুরুরাজ গান্ধারীনন্দন! আমি জীবিত থাকিতে, চিরহিতৈষী আমাকে ত্যাগ করিয়া আপনার যুদ্ধে যাওয়া উচিত নহে ॥৭৮॥

নহি তে সম্ভ্রমঃ কার্য্যঃ পার্থস্য বিজয়ং প্রতি।
অহমাবারয়িষ্যামি পার্থং তিষ্ঠ সুযোধন ! ॥৭৯॥

দুর্য্যোধন উবাচ।

আচার্য্যঃ পাণ্ডুপুত্রান্ বৈ পুত্রবৎ পরিরক্ষতি।
ত্বমপ্যুপেক্ষাং কুরুষে তেষু নিত্যং দ্বিজোত্তম ! ॥৮০॥
মম বা মন্দভাগ্যত্বান্মন্দস্তে বিক্রমো যুধি।
ধর্ম্মরাজপ্রিয়ার্থং বা দ্রৌপদ্যা বা ন বিদ্ম তৎ ॥৮১॥
ধিগস্তু মম লুব্ধস্য যৎ কৃতে সর্ব্ববান্ধবাঃ।
সুখার্হাঃ পরমং দুঃখং প্রাপ্নুবন্ত্যপরাজিতাঃ ॥৮২॥
কো হি শস্ত্রবিদাং মুখ্যো মহেশ্বরসমো যুধি।
শত্রূনুপেক্ষতে শক্তো যো ন স্যাদ্গৌতমীসুতঃ ॥৮৩॥

ভারতকৌমুদী

নহীতি। সম্ভ্রমস্ত্বরা। প্রকরণাদিশূন্যং পার্থপদমর্জ্জুনমেবাভিধত্তে ॥৭৯॥
আচার্য্য ইতি। আচার্য্যো দ্রোণঃ। উপেক্ষাং বধসম্ভবেঽপি। উভয়ত্রাপি স্নেহাৎ ॥৮০॥
মমেতি। মন্দঃ অল্পীভবতি। দ্রৌপদ্যা বা প্রিয়ার্থমিত্যনুষঙ্গঃ ॥৮১॥
ধিগিতি। লুব্ধস্য রাজ্যলোভিনঃ। ধিগ্যোগেঽপ্যার্ষত্বাৎ ষষ্ঠী ॥৮২॥
ক ইতি। গৌতমী কৃপভগিনী দ্রোণভার্য্যা তস্যাঃ সুতোঽশ্বত্থামা ॥৮৩॥

রাজা ! অর্জ্জুনকে জয় করিবার বিষয়ে আপনি ব্যস্ত হইবেন না, আমিই উহাকে বারণ করিব, আপনি থাকুন' ॥৭৯॥

দুর্য্যোধন বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ ! আচার্য্য পাণ্ডবগণকে পুত্রের ন্যায় রক্ষা করেন, আপনিও তাহাদিগকে সর্বদাই উপেক্ষা করিয়া থাকেন ॥৮০॥

অথবা আমার ভাগ্য মন্দ বলিয়া যুদ্ধে আপনার বিক্রম ও মন্দ হইয়া যায় ; কিংবা যুধিষ্ঠির বা দ্রৌপদীর প্রীতির জন্য আপনিই আপনার বিক্রম অল্প প্রকাশ করেন, তাহা বুঝিতে পারি না ॥৮১॥

আমি রাজ্যলোভী, আমাকে ধিক্। কেন না, যাহার জন্য সুখভোগের যোগ্য এবং চিরদিন অপরাজিত সমস্ত বান্ধব গুরুতর দুঃখভোগ করিতেছেন ॥৮২॥

যিনি গৌতমীর পুত্র নহেন, এমন অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ এবং যুদ্ধে মহাদেবের তুল্য কোন্ শক্তিশালী লোক শত্রুদিগকে উপেক্ষা করেন ? ॥৮৩॥

---

(৮৩)···শত্রুং ন ক্ষপয়েচ্ছক্তঃ···বা নি।

অশ্বত্থামন্ ! প্রসীদস্ব নাশয়ৈতান্ মমাহিতান্ ।
ত্বদস্ত্রগোচরে শক্তাঃ স্থাতুং দেবাপি নানঘ ! ॥৮৪॥
পাঞ্চালান্ সোমকাংশ্চৈব জহি দ্রৌণে ! সহানুগান্ ।
বয়ং শেষান্ হনিষ্যামস্ত্বয়ৈব পরিরক্ষিতাঃ ॥৮৫॥
এতে হি সোমকা বিপ্র ! পাঞ্চালাশ্চ যশস্বিনঃ ।
মম সৈন্যেষু সংক্রুদ্ধা বিচরন্তি দবাগ্নিবৎ ॥৮৬॥
তান্ বারয় মহাবাহো ! কেকয়াংশ্চ নরোত্তম ! ।
পুরা কুর্ব্বন্তি নিঃশেষং রক্ষ্যমাণাঃ কিরীটিনা ॥৮৭॥
অশ্বত্থামংস্ত্বরাযুক্তো যাহি শীঘ্রমরিন্দম ! ।
আদৌ বা যদি বা পশ্চাত্তবেদং কর্ম্ম মারিষ ! ॥৮৮॥

ভারতকৌমুদী

অশ্বেতি। অহিতান্ শত্রূন্। দেবাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৮৪॥
পাঞ্চালানিতি। সহানুগান্ অনুচরসহিতান্ ॥৮৫॥
এত ইতি। দবাগ্নিবৎ বনবহ্নিবৎ, "দবদাবৌ বনারণ্যবহ্নী" ইত্যমরঃ ॥৮৬॥
তানিতি। পুরা পরবর্ত্তিনি কালে, নিঃশেষং মম সৈন্যমিতি শেষঃ ॥৮৭॥

নিষ্পাপ গুরুপুত্র ! আপনি প্রসন্ন হউন, আমার এই শত্রুগণকে নাশ করুন। দেবতারাও ত আপনার অস্ত্রের পথে থাকিতে সমর্থ হন না ॥৮৪॥

দ্রোণনন্দন ! আপনি অনুচরগণের সহিত পাঞ্চাল ও সোমকগণকে সংহার করুন। পরে আপনি আমাদিগকে রক্ষা করিতে থাকিবেন, সেই অবস্থায় আমরা অবশিষ্ট শত্রুগণকে বধ করিব ॥৮৫॥

ব্রাহ্মণ ! এই যশস্বী পাঞ্চাল ও সোমকেরা ক্রুদ্ধ হইয়া আমার সৈন্যমধ্যে দাবাগ্নির ন্যায় বিচরণ করিতেছে ॥৮৬॥

অতএব নরশ্রেষ্ঠ মহাবাহু ! আপনি উহাদিগকে এবং কেকয়গণকে বারণ করুন। না হইলে, পরে অর্জুন উহাদিগকে রক্ষা করিতে থাকিবে, সেই অবস্থায় উহারা আমার সৈন্য একেবারে নিঃশেষ করিয়া ফেলিবে ॥৮৭॥

সুতরাং অরিন্দম মাননীয় গুরুপুত্র ! আপনি ত্বরান্বিত হইয়া আমার সৈন্যের অগ্রে কিংবা পশ্চাদ্ভাগে শীঘ্র গমন করুন ; ইহা আপনারই কার্য্য ॥৮৮॥

(৮৪)···স্থাতুং দেবা ন দানবাঃ—বা নি।

ত্বমুৎপন্নো মহাবাহো ! পাঞ্চালানাং বধং প্রতি।
করিষ্যসি জগৎ সর্বমপাঞ্চালং কিলাচ্যুত ! ॥৮৯॥
এবং সিদ্ধাব্রুবন্ বাচো ভবিষ্যতি চ তত্তথা।
তস্মাত্ত্বং পুরুষব্যাঘ্র ! পাঞ্চালান্ জহি সানুগান্ ॥৯০॥
ন তেঽস্ত্রগোচরে শক্তাঃ স্থাতুং দেবাঃ সবাসবাঃ।
কিমু পার্থাঃ সপাঞ্চালাঃ সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৯১॥
ন ত্বাং সমর্থাঃ সংগ্রামে পাণ্ডবাঃ সহ সোমকৈঃ।
বলাদ্‌যোধয়িতুং বীর ! সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৯২॥
গচ্ছ গচ্ছ মহাবাহো ! ন নঃ কালাত্যয়ো ভবেৎ।
ইয়ং হি দ্রবতে সেনা পার্থসায়কপীড়িতা ॥৯৩॥

ভারতকৌমুদী

অশ্বেতি। আদৌ মম সৈন্যানামগ্রে। হে মারিষ ! আর্য্য ! ॥৮৮॥
ত্বমিতি। ন বিদ্যন্তে পাঞ্চালা যত্র তদপাঞ্চালম্, হে অচ্যুত ! বীরধর্ম্মাদভ্রষ্ট ! ॥৮৯॥
নন্বেতৎ কথমবগতমিত্যাহ এবমিতি। সিদ্ধাব্রুবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্যঃ ॥৯০॥
নেতি। বাসবেন ইন্দ্রেণ সহেতি সবাসবাঃ। পার্থাঃ পাণ্ডবাঃ ॥৯১॥
নেতি। যোধয়িতুং সম্প্রহর্ত্তুম্ ॥৯২॥
গচ্ছেতি। কালস্যাত্যয়ঃ অতিক্রমো বিলম্বঃ। দ্রবতে পলায়তে ॥৯৩॥

মহাবাহু ! আপনি পাঞ্চালগণের বধের জন্যই উৎপন্ন হইয়াছেন। অতএব বীর ! আপনি নিশ্চয়ই সমগ্র জগৎকে পাঞ্চালশূন্য করিবেন ॥৮৯॥

সিদ্ধপুরুষেরা এইরূপ কথা বলিয়াছেন। সুতরাং তাহা সেরূপ হইবেও। অতএব পুরুষশ্রেষ্ঠ ! আপনি অনুচরগণের সহিত পাঞ্চালগণকে সংহার করুন ॥৯০॥

আমি আপনার নিকট ইহা সত্য বলিতেছি যে, ইন্দ্রের সহিত দেবতারাও আপনার অস্ত্রের পথে থাকিতে পারেন না ; তাহাতে পাণ্ডব ও পাঞ্চালদের কথা আর কি বলিব ॥৯১॥

বীর ! সোমকদের সহিত পাণ্ডবেরা রণস্থলে বলপূর্ব্বক আপনার সহিত যুদ্ধ করিতে সমর্থ নহে ; ইহা আপনার নিকট সত্য বলিতেছি ॥৯২॥

মহাবাহু ! আমাদের কালাতিক্রম না হয়, সেই জন্য আপনি গমন করুন, গমন করুন। এই কৌরবসৈন্য অর্জ্জুনের বাণে পীড়িত হইয়া পলায়ন করিতেছে ॥৯৩॥

---

(৮৯)···কিলোদ্যতঃ—বা নি।

শক্তো হ্যসি মহাবাহো ! দিব্যেন স্বেন তেজসা ।
নিগ্রহে পাণ্ডুপুত্রাণাং পাঞ্চালানাঞ্চ মানদ ! ॥৯৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দুর্য্যোধনবাক্যে ঊনচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

দুর্য্যোধনেনৈবমুক্তো দ্রৌণিরাহবদুর্ম্মদঃ ।
প্রত্যুবাচ মহাবাহুস্তব পুত্রমিদং বচঃ ॥১॥
সত্যমেতন্মহাবাহো ! যথা বদসি কৌরব ! ।
প্রিয়া হি পাণ্ডবা নিত্যং মম চাপি পিতুশ্চ মে ॥২॥

ভারতকৌমুদী

শক্ত ইতি । দিব্যেন অলৌকিকেন । নিগ্রহে পরাভবে ॥৯৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

দুর্য্যোধনেনেতি । দ্রৌণিরশ্বত্থামা, আহবদুর্ম্মদো যুদ্ধদুর্দ্ধর্ষঃ ॥১॥
সত্যমিতি । ত্বদুক্তমংশতঃ সত্যমিত্যঙ্গীকরোমীতি ভাবঃ ॥২॥

মানী জনের সম্মানকারক মহাবাহু ! আপনি নিজের অলৌকিক তেজে পাণ্ডব ও পাঞ্চালগণকে পরাজয় করিতে সমর্থই আছেন' ॥৯৪॥

সঞ্জয় কহিলেন—'মহারাজ ! দুর্য্যোধন এইরূপ বলিলে, মহাবাহু ও যুদ্ধ-দুর্দ্ধর্ষ অশ্বত্থামা দুর্য্যোধনের কথার এই প্রত্যুত্তর করিলেন— ॥১॥

---

* '...সপ্তপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি ।

তথৈবাবাং প্রিয়ৌ তেষাং ন তু যুদ্ধে কুরূদ্বহ !।
শক্তিতস্তাত ! যুধ্যাবস্ত্যক্ত্বা প্রাণানভীতবৎ ॥৩॥
অহং কর্ণশ্চ শল্যশ্চ কৃপো হার্দ্দিক্য এব চ।
নিমেষাৎ পাণ্ডবীং সেনাং ক্ষপয়েম নৃপোত্তম ! ॥৪॥
তে চাপি কৌরবীং সেনাং নিমেষার্দ্ধাৎ কুরূদ্বহ !।
ক্ষপয়েয়ুর্মহাবাহো ! ন স্থাম যদি সংযুগে ॥৫॥
যুধ্যতাং পাণ্ডবান্ শক্ত্যা তেষাঞ্চাস্মান্ যুযুৎসতাম্।
তেজস্তেজঃ সমাসাদ্য প্রশমং যাতি ভারত ! ॥৬॥
অশক্যা তরসা জেতুং পাণ্ডবানামনীকিনী।
জীবৎসু পাণ্ডুপুত্রেষু তদ্ধি সত্যং ব্রবীমি তে ॥৭॥

ভারতকৌমুদী

অংশতস্তস্যাসত্যত্বং প্রতিপাদয়ন্নাহ তথেতি। আবাং পিতা অহঞ্চ। প্রাণান্ প্রাণাশাম্ ॥৩॥
অহমিতি। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। ক্ষপয়েম নাশয়িতুমর্হাম ॥৪॥
ত ইতি। ক্ষপয়েয়ুঃ নাশয়িতুং শক্নুয়ুঃ। স্থাম তিষ্ঠাম ॥৫॥
যুধ্যতামিতি। যুধ্যতাং যুধ্যমানানামস্মাকম্। যুযুৎসতাং যোদ্ধুমিচ্ছতাম্ ॥৬॥
অশক্যেতি। তরসা বেগেন। অনীকিনী সেনা ॥৭॥

'মহাবাহু কুরুরাজ! আপনি যাহা বলিলেন, তাহা সত্য; পাণ্ডবেরা সর্ব্বদাই আমার ও আমার পিতার প্রিয় ॥২॥

আবার সেইরূপই আমরাও তাঁহাদের প্রিয়; কিন্তু যুদ্ধে নহে। বৎস কুরুশ্রেষ্ঠ! সেই জন্যই আমরা প্রাণের আশা ত্যাগ করিয়া শক্তি অনুসারে নির্ভয়ের ন্যায় তাঁহাদের সহিত যুদ্ধ করিয়া থাকি ॥৩॥

রাজশ্রেষ্ঠ! আমি, কর্ণ, শল্য, কৃপ ও কৃতবর্ম্মা আমরা নিমেষকালমধ্যে পাণ্ডবসৈন্য ধ্বংস করিতে পারি ॥৪॥

মহাবাহু কৌরবশ্রেষ্ঠ! আবার আমরা যদি যুদ্ধে না থাকি, তবে পাণ্ডবেরাও নিমেষার্দ্ধকালমধ্যে কৌরবসৈন্য সংহার করিতে পারেন ॥৫॥

ভরতনন্দন! আমরা যখন শক্তি অনুসারে পাণ্ডবদের সহিত যুদ্ধ করিতে থাকি এবং পাণ্ডবেরাও আমাদের সহিত যুদ্ধ করেন, তখন এক তেজ অপর তেজকে পাইয়া বিলীন হইয়া যায় ॥৬॥

(৬)··· যাতু ভারত!—পি, যুধ্যস্বঃ পাণ্ডবান্ শক্ত্যা তেঽপি চাস্মান্ যুযুৎসবঃ···বা, যুধ্যাম পাণ্ডবান্ শক্ত্যা তেঽপি চাস্মান্ যথাবলম্···যাতু ভারত!—নি।

আত্মার্থং যুধ্যমানাস্তে সমর্থাঃ পাণ্ডুনন্দনাঃ ।
কিমর্থং তব সৈন্যানি ন হনিষ্যন্তি ভারত ! ॥৮॥
ত্বন্তু লুব্ধতমো রাজন্ ! নিকৃতিজ্ঞশ্চ কৌরব ! ।
সর্ব্বাভিশঙ্কী মানী চ ততোঽস্মান্ প্রতি শঙ্কসে ॥৯॥
অহন্তু যত্নমাস্থায় ত্বদর্থে ত্যক্তজীবিতঃ ।
এষ গচ্ছামি সংগ্রামং ত্বৎকৃতে কুরুসত্তম ! ॥১০॥
যোৎস্যেঽহং শত্রুভিঃ সার্দ্ধং জেষ্যামি চ বরান্ বরান্ ।
পাঞ্চালৈঃ সহ যোৎস্যামি সোমকৈঃ কৈকয়ৈস্তথা ।
পাণ্ডবেয়ৈশ্চ সংগ্রামে ত্বৎপ্রিয়ার্থমরিন্দম ! ॥১১॥
অদ্য মদ্বাণনির্দগ্ধাঃ পাঞ্চালাঃ সোমকাস্তথা ।
সিংহেনেবার্দ্দিতা গাবো বিদ্রবিষ্যন্তি সর্ব্বশঃ ॥১২॥

ভারতকৌমুদী

আত্মেতি। বয়ন্তু পরার্থং যুধ্যমানা ইতি তেষাং সৈন্যানি তথা ন হন্ম ইতি ভাবঃ ।৮।
ত্বমিতি। নিকৃতিজ্ঞঃ শাঠ্যবিৎ। ততোঽস্মান্ প্রতি শঙ্কসে আত্মৌপম্যাদিত্যাশয়ঃ ।৯।
অহমিতি। ত্যক্তজীবিতো জীবনত্যাগোদ্যতঃ। ত্বৎকৃতে ত্বদর্থে ।১০।
যোৎস্য ইতি। বরান্ বরান্ পাণ্ডবপক্ষীয়বীরানিতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ।১১।
অদ্যেতি। বিদ্রবিষ্যন্তি পলায়িষ্যন্তে, সর্ব্বশঃ সর্ব্বাসু দিক্ষু ।১২।

তবে রাজা ! আপনার নিকট সত্য বলিতেছি যে, পাণ্ডবেরা জীবিত থাকিতে তাহাদের সৈন্য হঠাৎ জয় করা অসম্ভব ॥৭॥

ভরতনন্দন ! শক্তিশালী পাণ্ডবেরা নিজেদের জন্য যুদ্ধ করিতেছেন। সুতরাং কেন তাঁহারা আপনার সৈন্য সংহার করিবেন না ? ॥৮॥

কিন্তু কুরুরাজ ! আপনি অত্যন্তলোভী, শঠ, সর্ব্বাভিশঙ্কী ও অভিমানী। অতএব আপনি আমাদের উপরে আশঙ্কা করিয়া থাকেন ॥৯॥

সে যাহা হউক, কৌরবশ্রেষ্ঠ ! এই আমি যত্ন অবলম্বন করিয়া আপনার জন্য জীবনত্যাগে উদ্যত হইয়া আপনার জন্যই যুদ্ধে যাইতেছি ॥১০॥

অরিন্দম ! আমি আপনার প্রীতির জন্য শত্রুদের সহিত যুদ্ধ করিব, বিপক্ষের প্রধান প্রধান বীরকে জয় করিব এবং পাঞ্চাল, সোমক, কেকয় ও পাণ্ডবগণের সহিত যুদ্ধ করিব ॥১১॥

আজ পাঞ্চালেরা এবং সোমকেরা আমার বাণে পীড়িত হইয়া, সিংহার্দ্দিত গোগণের ন্যায় সকল দিকে পলায়ন করিবে ॥১২॥

(৯)···ততোঽস্মানভিশঙ্কসে—পি বা নি।

অদ্য ধর্ম্মসুতো রাজা দৃষ্ট্বা মম পরাক্রমম্।
অশ্বত্থামময়ং লোকং মংস্যতে সহ সোমকৈঃ ॥১৩॥
আগমিষ্যতি নির্ব্বেদং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
দৃষ্ট্বা বিনিহতান্ সংখ্যে পাঞ্চালান্ সোমকৈঃ সহ ॥১৪॥
যে মাং যুদ্ধেঽভিযোৎস্যন্তি তান্ হনিষ্যামি ভারত!।
ন হি তে বীর! মোক্ষ্যন্তে মদ্বাহ্বন্তরমাগতাঃ ॥১৫॥
এবমুক্ত্বা মহাবাহুঃ পুত্রং দুর্য্যোধনং তব।
অভ্যবর্ত্তত যুদ্ধায় দ্রাবয়ন্ সর্ব্বধন্বিনঃ।
চিকীর্ষুস্তব পুত্রাণাং প্রিয়ং প্রাণভৃতাং বর! ॥১৬॥
ততোঽব্রবীৎ সকৈকেয়ান্ পাঞ্চালান্ গৌতমীসুতঃ।
প্রহরধ্বমিতঃ সর্ব্বে মম গাত্রে মহারথাঃ!।
স্থিরীভূতাশ্চ যুধ্যধ্বং দর্শয়ন্তোঽস্ত্রলাঘবম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অদ্যেতি। অশ্বত্থামময়মশ্বত্থাম্না ব্যাপ্তম্, লোকং জগৎ, তথা দর্শনাদিব ॥১৩॥
আগমীতি। নির্ব্বেদং স্বাবমাননাম্, রক্ষিতুমশক্তত্বাদিত্যভিপ্রায়ঃ ॥১৪॥
য ইতি। বাহ্বোরন্তরমবধিং বাহুযুগলক্ষিপ্তাস্ত্রপাতসীমামিত্যর্থঃ ॥১৫॥
এবমিতি। দ্রাবয়ন্ মর্দ্দয়ন্। চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬॥
তত ইতি। গৌতমীসুতঃ অশ্বত্থামা। অস্ত্রেষু লাঘবং ক্রুতক্ষেপযোগ্যতাম্। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥১৭॥

আজ সোমকদের সহিত যুধিষ্ঠির আমার পরাক্রম দেখিয়া জগৎটাকেই অশ্বত্থামময় বলিয়া মনে করিবেন ॥১৩॥

এবং ধর্ম্মপুত্র যুধিষ্ঠির যুদ্ধে সোমকগণের সহিত পাঞ্চালগণকে নিহত দেখিয়া আত্মগ্লানি অনুভব করিবেন ॥১৪॥

ভরতনন্দন! যাহারা রণস্থলে আসিয়া আমার সহিত যুদ্ধ করিবে, আমি তাহাদিগকে বধ করিব। কারণ, বীর! তাহারা আমার অস্ত্রপাতের সীমায় আসিয়া মুক্তি পাইবে না ॥১৫॥

প্রাণিশ্রেষ্ঠ! মহাবাহু অশ্বত্থামা আপনার পুত্র দুর্য্যোধনকে এইরূপ বলিয়া আপনার পুত্রগণের প্রিয় কার্য্য করিবার ইচ্ছা করিয়া বিপক্ষের সমস্ত ধনুর্দ্ধরকে পীড়ন করিতে থাকিয়া অগ্রসর হইতে লাগিলেন ॥১৬॥

(১৬)···ত্রাসয়ন্ সর্ব্বধন্বিনঃ···প্রাণভৃতাং বরঃ—বা নি।

এবমুক্তাস্ত তে সর্ব্বে শস্ত্রবৃষ্টিমপাতয়ন্।
দ্রৌণিং প্রতি মহারাজ ! জলং জলধরা ইব ॥১৮॥
তান্ নিহত্য শরৈর্দ্রৌণির্দশ বীরানপোথয়ৎ।
প্রমুখে পাণ্ডুপুত্রাণাং ধৃষ্টদ্যুম্নস্য চ প্রভো ! ॥১৯॥
তে হন্যমানাঃ সমরে পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা।
পরিত্যজ্য রণে দ্রৌণিং ব্যদ্রবন্ত দিশো দশ ॥২০॥
তান্ দৃষ্ট্বা দ্রবতঃ শূরান্ পাঞ্চালান্ সহসোমকান্।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ ! দ্রৌণিমভ্যদ্রবদ্‌যুধি ॥২১॥
ততঃ কাঞ্চনচিত্রাণাং সজলাম্বুদনাদিনাম্।
বৃতঃ শতেন শূরাণাং রথিনামনিবর্ত্তিনাম্ ॥২২॥
পুত্রঃ পাঞ্চালরাজস্য ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
দ্রৌণিমিত্যব্রবীদ্বাক্যং দৃষ্ট্বা যোধান্ নিপাতিতান্ ॥২৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। দ্রৌণিমশ্বত্থামানম্। জলধরা মেঘাঃ ॥১৮॥
তানিতি। নিহত্য আহত্য। অপোথয়ৎ ব্যনাশয়ৎ। প্রমুখে সম্মুখে ॥১৯॥
ত ইতি। ব্যদ্রবন্ত দ্রুতং পলায়ন্ত ॥২০॥
তানিতি। দ্রবতো দ্রুতং পলায়মানান্। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥২১॥
তত ইতি। বৃতঃ পরিবেষ্টিতঃ। দ্রৌণিমশ্বত্থামানম্ ॥২২—২৩॥

তদনন্তর অশ্বত্থামা কেকয় ও পাঞ্চালদিগকে বলিলেন—'মহারথগণ ! আপনারা সকলে আমার গাত্রে প্রহার করুন এবং স্থির হইয়া ও দ্রুত অস্ত্রক্ষেপের যোগ্যতা দেখাইতে থাকিয়া যুদ্ধ করুন' ॥১৭॥

মহারাজ ! অশ্বত্থামা এইরূপ বলিলে, মেঘ যেমন জল বর্ষণ করে, সেইরূপ তাঁহারা সকলে অশ্বত্থামার প্রতি শর বর্ষণ করিতে থাকিলেন ॥১৮॥

রাজা ! তখন অশ্বত্থামা পাণ্ডবগণ ও ধৃষ্টদ্যুম্নের সম্মুখেই বাণদ্বারা আঘাত করিয়া দশ জন বীরকে বিনাশ করিলেন ॥১৯॥

অশ্বত্থামা যুদ্ধে বধ করিতে লাগিলে, সেই পাঞ্চাল ও সৃঞ্জয়েরা রণস্থলে অশ্বত্থামাকে ত্যাগ করিয়া বেগে দশ দিকে পলায়ন করিতে লাগিল ॥২০॥

মহারাজ ! সেই পাঞ্চাল ও সোমকগণকে পলায়ন করিতে দেখিয়া ধৃষ্টদ্যুম্ন অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন ॥২১॥

(১৯)…শরান্ দ্রৌণিঃ…নি। (২২)…রথানামনিবর্ত্তিনাম্—বা নি।

আচার্য্যপুত্র! দুর্বুদ্ধে! কিমন্যৈর্নিহতৈস্তব।
সমাগচ্ছ ময়া সার্দ্ধং যদি শূরোঽসি সংযুগে।
অহং ত্বাং নিহনিষ্যামি তিষ্ঠেদানীং মমাগ্রতঃ ॥২৪॥
ততস্তমাচার্য্যসুতং ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
মর্ম্মভিদ্ভিঃ শরৈস্তীক্ষ্ণৈর্জঘান ভরতর্ষভ! ॥২৫॥
তে তু পঙ্‌ক্তীকৃতা দ্রৌণিং শরা বিবিশুরাশুগাঃ।
রুক্মপুঙ্খাঃ প্রসন্নাগ্রাঃ সর্ব্বকায়াবদারণাঃ।
মধ্বর্থিন ইবোদ্দামা ভ্রমরাঃ পুষ্পিতদ্রুমম্ ॥২৬॥
সোঽতিবিদ্ধো ভৃশং ক্রুদ্ধঃ পদাক্রান্ত ইবোরগঃ।
মানী দ্রৌণিরসংভ্রান্তো বাণপাণিরভাষত ॥২৭॥
ধৃষ্টদ্যুম্ন! স্থিরো ভূত্বা মুহূর্ত্তং প্রতিপালয়।
যাবত্ত্বাং নিশিতৈর্ব্বাণৈঃ প্রেষয়ামি যমক্ষয়ম্ ॥২৮॥

ভারতকৌমুদী

আচার্য্যেতি। সমাগচ্ছ সম্মিলিতো ভব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪॥
তত ইতি। মর্ম্মভিদ্ভির্বক্ষোবিদারকৈঃ, জঘান প্রজহার ॥২৫॥
ত ইতি। পঙ্‌ক্তীকৃতাঃ শ্রেণীকৃতাঃ। আশুগা দ্রুতগামিনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৬॥
স ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ ॥২৭॥

তদনন্তর স্বর্ণবিচিত্রদেহ, জলপূর্ণ মেঘের ন্যায় গর্জনকারী, অনিবর্ত্তী ও রথারোহী একশত বীরে পরিবেষ্টিত পাঞ্চালরাজপুত্র মহারথ ধৃষ্টদ্যুম্ন যোদ্ধাদিগকে নিপাতিত দেখিয়া অশ্বত্থামাকে এই কথা বলিলেন—॥২২—২৩॥

'দুর্বুদ্ধি আচার্য্যপুত্র! অন্য যোদ্ধাদিগকে বধ করিয়া তোমার কি ফল হইতেছে; তুমি যদি বীর হও, তাহা হইলে যুদ্ধে আমার সহিত মিলিত হও এবং এখন আমার সম্মুখে থাক; আমি তোমাকে বধ করিব' ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন তীক্ষ্ণ ও মর্ম্মবিদারক বাণসমূহদ্বারা অশ্বত্থামাকে আঘাত করিলেন ॥২৫॥

তখন মধুলোভী মত্ত ভ্রমরগণ যেমন পুষ্পিত বৃক্ষে প্রবেশ করে, সেইরূপ শ্রেণীকৃত, স্বর্ণপুঙ্খ, নির্ম্মলমুখ, সর্ব্বদেহবিদারক ও দ্রুতগামী সেই বাণ সকল যাইয়া অশ্বত্থামার দেহে প্রবেশ করিল ॥২৬॥

পরে অভিমানী ও বাণধারী অশ্বত্থামা অত্যন্ত বিদ্ধ হওয়ায় চরণাক্রান্ত সর্পের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অবিচলিতভাবে বলিলেন—॥২৭॥

(২৪) আচার্য্যপুত্র! ভদ্রং তে পি।

দ্রৌণিরেবমথাভাষ্য পার্ষতং পরবীরহা।
ছাদয়ামাস বাণৌঘৈঃ সমন্তাল্লঘুহস্তবৎ ॥২৯॥
সংছাদ্যমানঃ সমরে দ্রৌণিনা যুদ্ধদুর্ম্মদঃ।
দ্রৌণিং পাঞ্চালতনয়ো বাগ্ভিরাতর্জয়ত্তদা ॥৩০॥
ন জানীষে প্রতিজ্ঞাং মে বিপ্রোৎপত্তিং তথৈব চ।
দ্রোণং হত্বা কিল ময়া হন্তব্যস্ত্বং সুদুর্ম্মতে!।
ততস্ত্বাহং ন হন্ম্যদ্য দ্রোণে জীবতি সংযুগে ॥৩১॥
ইমান্তু রজনীং প্রাপ্তামপ্রভাতাং সুদুর্ম্মতে!।
নিহত্য পিতরং তেঽদ্য ততস্ত্বামপি সংযুগে।
নৈষ্যামি মৃত্যুলোকায়েত্যেতন্মে মনসি স্থিতম্ ॥৩২॥

ধৃষ্টেতি। প্রতিপালয় প্রতীক্ষস্ব। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥২৮॥
দ্রৌণিরিতি। আভাষ্য উক্ত্বা, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্। লঘুহস্তবদৈন্দ্রজালিক ইব ॥২৯॥
সংছাদ্যেতি। আতর্জয়ৎ সম্যগভর্ৎসয়ৎ ॥৩০॥
নেতি। ত্বা ত্বাম্, ন হন্মি প্রতিজ্ঞাব্যুৎক্রমাপত্তেঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥
ইমামিতি। প্রাপ্তামুপস্থিতাম্। অত্যন্তসংযোগে দ্বিতীয়া। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৩২॥

'ধৃষ্টদ্যুম্ন! স্থির হইয়া মুহূর্ত্তকাল অপেক্ষা কর; আমি তোমাকে সুধার বাণসমূহদ্বারা যমালয়ে প্রেরণ করিতেছি' ॥২৮॥

ঐন্দ্রজালিকের ন্যায় দ্রুতহস্তসঞ্চালনদক্ষ ও বিপক্ষবীরহন্তা অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নকে এইরূপ বলিয়া বাণসমূহদ্বারা সকল দিকে তাঁহাকে আবৃত করিলেন ॥২৯॥

অশ্বত্থামা আবৃত করিলে, যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন তখন বাক্যদ্বারা অশ্বত্থামাকে ভর্ৎসনা করিতে লাগিলেন—॥৩০॥

'ব্রাহ্মণ! তুমি আমার প্রতিজ্ঞার বিষয় এবং উৎপত্তির বৃত্তান্ত জান না। অতিদুর্ম্মতি! আমি দ্রোণকে বধ করিয়া তোমাকে বধ করিব। এই জন্যই দ্রোণ জীবিত থাকিতে আজ তোমাকে বধ করিতেছি না ॥৩১॥

অতিদুর্ম্মতি! এই রাত্রি উপস্থিত হইয়াছে, ইহা প্রভাত হইবার পূর্ব্বেই তোমার পিতাকে বধ করিয়া পরে তোমাকেও যমলোকে পাঠাইব; ইহাই আমার মনে রহিয়াছে' ॥৩২॥

(৩০) স বাধ্যমানঃ সমরে···বা নি। (৩২)···নেষ্যামি প্রেতলোকায়···বা নি।

যস্তে পার্থেষু বিদ্বেষো যা ভক্তিঃ কৌরবেষু চ।
তাং দর্শয় স্থিরো ভূত্বা ন মে জীবন্ বিমোক্ষ্যসে ॥৩৩॥
যো হি ব্রাহ্মণ্যমুৎসৃজ্য ক্ষত্রধর্ম্মে রতো দ্বিজঃ।
স বধ্যঃ সর্ব্বলোকস্য যথা ত্বং পুরুষাধম ! ॥৩৪॥
ইত্যুক্তঃ পরুষং বাক্যং পার্ষতেন দ্বিজোত্তমঃ।
ক্রোধমাহারয়ত্তীব্রং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩৫॥
নির্দ্দহন্নিব চক্ষুর্ভ্যাং পার্ষতং সোঽভ্যবৈক্ষত।
ছাদয়ামাস চ শরৈর্নিশ্বসন্ পন্নগো যথা ॥৩৬॥
স চ্ছাদ্যমানঃ সমরে দ্রৌণিনা রাজসত্তম !।
সর্ব্বপাঞ্চালসেনাভিঃ সংবৃতো রথসত্তমঃ ॥৩৭॥
নাকম্পত মহাবাহুঃ স্ববীর্য্যং সমুপাশ্রিতঃ।
সায়কাংশ্চৈব বিবিধানশ্বত্থাম্নি মুমোচ হ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

রোষাতিরেকাৎ প্রতিজ্ঞাব্যুৎক্রমমঙ্গীকৃত্যাহ য ইতি। পার্থেষু পাণ্ডবেষু ॥৩৩॥
য ইতি। ব্রাহ্মণ্যং ব্রাহ্মণকার্য্যং যাজনাদি। বধ্যো বৃত্তিভ্রংশাদিত্যাশয়ঃ ॥৩৪॥
ইতীতি। পরুষং নিষ্ঠুরম্। দ্বিজোত্তমঃ অশ্বত্থামা। আহারয়দকরোৎ ॥৩৫॥
নির্দ্দহন্নিতি। চক্ষুর্ভ্যাং নয়নতেজসা, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥৩৬॥
স ইতি। রথসত্তমো রথিশ্রেষ্ঠঃ। স্ববীর্য্যসমাশ্রয়াদেব নাকম্পত ॥৩৭—৩৮॥

অতএব পাণ্ডবগণের উপরে তোমার যে বিদ্বেষ রহিয়াছে এবং কৌরবগণের উপরে যে অনুরাগ আছে, স্থির হইয়া তাহা দেখাইতে থাক। কিন্তু তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে মুক্তি পাইবে না ॥৩৩॥

নরাধম ! যে ব্রাহ্মণ ব্রাহ্মণের কার্য্য পরিত্যাগ করিয়া ক্ষত্রিয়ধর্ম্মে নিরত হয়, সে—তোমারই মত সমস্ত লোকের বধ্য হয়' ॥৩৪॥

ধৃষ্টদ্যুম্ন এইরূপ নিষ্ঠুর কথা বলিলে, অশ্বত্থামা গুরুতর ক্রোধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৩৫॥

ক্রমে অশ্বত্থামা সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করতঃ নয়নের তেজে ধৃষ্টদ্যুম্নকে যেন দগ্ধ করিতে থাকিয়া বাণদ্বারা তাঁহাকে আচ্ছাদন করিলেন ॥৩৬॥

রাজশ্রেষ্ঠ ! অশ্বত্থামা বাণজালে আচ্ছাদন করিলে, সমস্ত পাঞ্চালসৈন্যে পরিবেষ্টিত, রথিশ্রেষ্ঠ ও মহাবাহু ধৃষ্টদ্যুম্ন আপন শক্তি অবলম্বন করিয়া

(৩৪)...ক্ষত্রধর্ম্মরতো দ্বিজঃ...বা নি।

তৌ পুনঃ সংন্যবর্ত্তেতাং প্রাণদ্যূতপণে রণে।
নিপীড়য়ন্তৌ বাণৌঘৈঃ পরস্পরবধৈষিণৌ।
উৎসৃজন্তৌ মহেষ্বাসৌ শরবৃষ্টীঃ সমন্ততঃ ॥৩৯॥
দ্রৌণিপার্ষতয়োর্যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্।
দৃষ্ট্বা সম্পূজয়ামাসুঃ সিদ্ধচারণবাতিকাঃ ॥৪০॥
শরৌঘৈঃ পূরয়ন্তৌ তাবাকাশং প্রদিশস্তথা।
অলক্ষ্যৌ সমযুধ্যেতাং মহৎ কৃত্বা শরৈস্তমঃ ॥৪১॥
নৃত্যমানাবিব রণে মণ্ডলীকৃতকার্ম্মুকৌ।
পরস্পরবধে যত্তৌ পরস্পরজয়ৈষিণৌ ॥৪২॥

ভারতকৌমুদী

তাবিতি। সংন্যবর্ত্তেতাম্ অবাতিষ্ঠেতাম্, প্রাণা দ্যূতপণা ইব যত্র তস্মিন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

দ্রৌণীতি। বাতেন চরন্তীতি বাতিকাঃ সুপর্ণাদয়ঃ ॥৪০॥

শরৌঘৈরিতি। প্রদিশো দিশো বিদিশশ্চ। অলক্ষ্যৌ অদৃশ্যৌ ॥৪১॥

নৃত্যেতি। যত্তৌ যত্নবন্তৌ অভূতামিতি শেষঃ ॥৪২॥

বিচলিত হইলেন না; বরং অশ্বত্থামার উপরে নানাবিধ বাণ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৩৭—৩৮॥

সেই যুদ্ধে তাঁহাদের উভয়েরই প্রাণ হইয়াছিল দ্যূতক্রীড়ার পণের তুল্য। সুতরাং সেই মহাধনুর্দ্ধরেরা পরস্পর বধৈষী হইয়া বাণসমূহদ্বারা পীড়ন এবং সকল দিকে বাণবর্ষণ করিতে থাকিয়া রণস্থলে অবস্থান করিতে থাকিলেন ॥৩৯॥

ক্রমে সিদ্ধ, চারণ ও বায়ুভরগামী প্রাণীরা অশ্বত্থামা ও ধৃষ্টদ্যুম্নের সেই ভয়ঙ্কর মহাযুদ্ধ দেখিয়া তাহার প্রশংসা করিতে লাগিলেন ॥৪০॥

তাঁহারা বাণসমূহে আকাশ, দিক্ ও বিদিক্ পূর্ণ এবং গুরুতর অন্ধকার করিয়া নিজেরা অদৃশ্য হইয়া যুদ্ধ করিতে থাকিলেন ॥৪১॥

তাঁহারা রণস্থলে যেন নৃত্য করিতেছিলেন এবং তাঁহাদের ধনু দুইখানা যেন মণ্ডলীকৃতই রহিয়াছিল; এই অবস্থায় তাঁহারা পরস্পরের জয়ৈষী ও পরস্পরের বধে যত্নবান্ হইতেছিলেন ॥৪২॥

---

(৩৯) ··পরস্পরমমর্ষিণৌ···বা নি। (৪০)···সিদ্ধচায়নবাত্তিকাঃ—বা, ··সিদ্ধচারণবাদিকাঃ—নি।

অযুধ্যেতাং মহাবাহূ চিত্রং লঘু চ সুষ্ঠু চ।
সংপূজ্যমানৌ সমরে যোধমুখ্যৈঃ সহস্রশঃ ॥৪৩॥
তৌ প্রযুদ্ধৌ রণে দৃষ্ট্বা বনে বন্যৌ গজাবিব।
উভয়োঃ সেনয়োর্হর্ষস্তুমুলঃ সমপদ্যত ॥৪৪॥
সিংহনাদরবাশ্চাসন্ দধ্মুঃ শঙ্খাংশ্চ সৈনিকাঃ।
বাদিত্রাণ্যভ্যবাদ্যন্ত শতশোঽথ সহস্রশঃ ॥৪৫॥
তস্মিন্ সুতুমুলে যুদ্ধে ভীরূণাং ভয়বর্দ্ধনে।
মুহূর্ত্তমিব তদ্যুদ্ধং সমরূপং তদাভবৎ ॥৪৬॥
ততো দ্রৌণির্মহারাজ! পার্ষতস্য মহাত্মনঃ।
ধ্বজং ধনুস্তথা চ্ছত্রমুভৌ চ পার্ষ্ণিসারথী।
সূতমশ্বাংশ্চ চতুরো নিহত্যাভ্যদ্রবদ্রণে ॥৪৭॥

ভারতকৌমুদী

অযুধ্যেতামিতি। লঘু দ্রুতম্, সুষ্ঠু সমীচীনম্। সংপূজ্যমানৌ প্রশস্যমানৌ ॥৪৩॥
তাবিতি। প্রকৃষ্টং যুদ্ধং যয়োস্তৌ। তুমুলো মহান্, সমপদ্যত সমজায়ত ॥৪৪॥
সিংহেতি। সিংহনাদা এব রবাস্তে, দধ্মুর্বাদয়ামাসুঃ ॥৪৫॥
তস্মিন্নিতি। যুদ্ধে সাধারণে। তৎ দ্রৌণিপার্ষতকৃতম্ ॥৪৬॥
তত ইতি। পার্ষ্ণিসারথী পৃষ্ঠবর্ত্তিনৌ সূতৌ। সূতং সম্মুখসারথিম্। ষট্পাদঃ ॥৪৭॥

মহাবাহু অশ্বত্থামা ও ধৃষ্টদ্যুম্ন বিচিত্র, দ্রুত ও সমীচীনভাবে যুদ্ধ করিতে লাগিলেন; তখন সহস্র সহস্র প্রধান যোদ্ধা তাঁহাদের প্রশংসা করিতে থাকিলেন ॥৪৩॥

বনে দুইটা বন্য হস্তীর ন্যায় তাঁহাদিগকে মহাযুদ্ধে প্রবৃত্ত দেখিয়া উভয় সৈন্যেরই তুমুল আনন্দ জন্মিল ॥৪৪॥

তখন সিংহনাদ হইতে লাগিল, সৈন্যেরা শঙ্খধ্বনি করিতে থাকিল এবং শত শত ও সহস্র সহস্র বাদ্য বাজাইতে লাগিল ॥৪৫॥

ভীরুজনের ভয়বর্দ্ধক সেই মহাতুমুল যুদ্ধে অশ্বত্থামা ও ধৃষ্টদ্যুম্নের সেই যুদ্ধ তখন মুহূর্ত্তকাল যেন সমানভাবে হইয়াছিল ॥৪৬॥

মহারাজ! তাহার পর অশ্বত্থামা মহাত্মা ধৃষ্টদ্যুম্নের ধ্বজ, ধনু, ছত্র, পৃষ্ঠসারথিদ্বয়, সম্মুখের সারথি ও চারিটা অশ্বকে বধ করিয়া তাঁহার সৈন্যের দিকে ধাবিত হইলেন ॥৪৭॥

(৪৫) সিংহনাদরবাঃ···পি,···শঙ্খাংশ্চ মারিষ!···বঙ্গ,···অভাবাদন্ত···পি বঙ্গ।

পাঞ্চালাংশ্চৈব তান্ সর্বান্ বাণৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ব্যদ্রাবয়দমেয়াত্মা শতশোঽথ সহস্রশঃ ॥৪৮॥
ততস্তু বিব্যথে সেনা পাণ্ডবী ভরতর্ষভ!।
দৃষ্ট্বা দ্রৌণের্মহৎ কর্ম্ম বাসবস্যেব সংযুগে ॥৪৯॥
শতেন চ শতং হত্বা পাঞ্চালানাং মহারথঃ।
ত্রিভিশ্চ নিশিতৈর্বাণৈর্হত্বা ত্রীন্ বৈ মহারথান্ ॥৫০॥
দ্রৌণির্দ্রুপদপুত্রস্য ফাল্গুনস্য চ পশ্যতঃ।
নাশয়ামাস পাঞ্চালান্ ভূয়িষ্ঠং যে ব্যবস্থিতাঃ ॥৫১॥ (যুগ্মকম্)
তে বধ্যমানাঃ পাঞ্চালাঃ সমরে সহ সৃঞ্জয়ৈঃ।
অগচ্ছন্ দ্রৌণিমুৎসৃজ্য বিপ্রকীর্ণরথধ্বজাঃ ॥৫২॥
স জিত্বা সমরে শত্রূন্ দ্রোণপুত্রো মহারথঃ।
ননাদ সুমহানাদং তপান্তে জলদো যথা ॥৫৩॥

ভারতকৌমুদী

পাঞ্চালানিতি। ব্যদ্রাবয়দপীড়য়ৎ, অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিরশ্বত্থামা ॥৪৮॥

তত ইতি। মহৎ কর্ম্ম দারুণং যুদ্ধম্, বাসবস্য ইন্দ্রস্য সংযুগে রণস্থলে ॥৪৯॥

শতেনেতি। শতেন বাণৈঃ। মহারথো দ্রৌণিরিতি পরেণ সম্বন্ধঃ। দ্রুপদপুত্রস্য ধৃষ্টদ্যুম্নস্য, ফাল্গুনস্য অর্জ্জুনস্য। ভূয়িষ্ঠং বহুলং যথা স্যাত্তথা, যে পাঞ্চালাঃ ॥৫০—৫১॥

ত ইতি। বিপ্রকীর্ণাস্ত্যক্তা রথা ধ্বজাশ্চ যৈস্তে ॥৫২॥

স ইতি। ননাদ চকার, তপান্তে গ্রীষ্মকালাপগমে বর্ষাসু ॥৫৩॥

তৎপরে অজ্ঞেয়শক্তি অশ্বত্থামা নতপর্ব্ব বাণসমূহদ্বারা সেই সমস্ত পাঞ্চাল-সৈন্যকে অন্য শত শত ও সহস্র সহস্র সৈন্যকে পীড়ন করিতে লাগিলেন ॥৪৮॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর রণস্থলে ইন্দ্রের ন্যায় অশ্বত্থামার গুরুতর ব্যাপার দেখিয়া পাণ্ডবসৈন্যেরা ব্যথিত হইয়া পড়িল ॥৪৯॥

পরে মহারথ অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্ন ও অর্জ্জুনের সমক্ষেই একশত বাণদ্বারা একশত পাঞ্চালকে এবং সুধার তিনটা বাণদ্বারা তিন জন মহারথকে বধ করিয়া—যাহারা যুদ্ধে অবস্থান করিতেছিল, সেই পাঞ্চালগণের বহুসংখ্যক বীরকে বিনাশ করিলেন ॥৫০—৫১॥

অশ্বত্থামা বধ করিতে লাগিলে, সৃঞ্জয়গণের সহিত পাঞ্চালেরা রথ ও ধ্বজ ফেলাইয়া অশ্বত্থামাকে ত্যাগ করিয়া পলায়ন করিতে লাগিল ॥৫২॥

এইভাবে মহারথ অশ্বত্থামা যুদ্ধে শত্রুগণকে জয় করিয়া—বর্ষাকালে মেঘ যেমন গর্জন করে, সেইরূপ বিশাল গর্জন করিতে লাগিলেন ॥৫৩॥

স নিহত্য বহূন্ শত্রূনশ্বত্থামা ব্যরোচত।
যুগান্তে সর্ব্বভূতানি ভস্ম কৃত্বেব পাবকঃ ॥৫৪॥
সংপূজ্যমানো যুধি কৌরবেয়ৈর্বিজিত্য সংখ্যেঽরিগণান্ সহস্রশঃ।
ব্যরোচত দ্রোণসুতঃ প্রতাপবান্ যথা সুরেন্দ্রোঽরিগণান্ নিহত্য ॥৫৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে অশ্বত্থামপরাক্রমে চত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

স ইতি। যুগান্তে প্রলয়কালে। পাবকো বহ্নিঃ ॥৫৪॥

সমিতি। সংপূজ্যমানঃ প্রশস্যমানঃ। সংখ্যে যুদ্ধে ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

ভারতভাবদীপঃ

দুর্য্যোধনেনেতি ॥১—১৩॥ নির্ব্বেরশ্চেতসো গ্লানিরুপায়াপায়চিন্তনৈঃ ॥১৪—৩৮॥ প্রাণ এব দ্যূতং পণো ধনং যত্র ॥৩৯॥ বার্ত্তিকাঃ বার্ত্তাবহাঃ ॥৪০—৪২॥ সূত্রং সূপকারম্ ॥৪৩—৪৬॥ পার্ষ্ণিসারথী সারথিসহায়ঃ পার্শ্বরক্ষক ইতি যাবৎ ॥৪৭—৫৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪০॥

———০*০———

এবং প্রলয়কালে অগ্নি যেমন সমস্ত ভূত দগ্ধ করিয়া দীপ্তি পায়, সেইরূপ অশ্বত্থামা বহু শত্রু সংহার করিয়া দীপ্তি পাইতে থাকিলেন ॥৫৪॥

ক্রমে পূর্ব্বকালে ইন্দ্র যেমন শত্রু সংহার করিয়া শোভা পাইয়াছিলেন, সেইরূপ প্রতাপশালী অশ্বত্থামা যুদ্ধে সহস্র সহস্র শত্রু জয় করিয়া শোভা পাইতে লাগিলেন এবং কৌরবেরা তাঁহার প্রশংসা করিতে থাকিলেন ॥৫৫॥

———:০:———

(৫৪)···বহূন্ শূরান্···পি বা নি। (৫৫)···নির্জিত্য সংখ্যে···নি। *'···অষ্টপঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, 'একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

ততো যুধিষ্ঠিরশ্চৈব ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
দ্রোণপুত্রং মহারাজ! সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥১॥
ততো দুর্য্যোধনো রাজা ভারদ্বাজেন সংবৃতঃ।
অভ্যয়াৎ পাণ্ডবান্ সংখ্যে ততো যুদ্ধমবর্ত্তত।
ঘোররূপং মহারাজ! ভীরূণাং ভয়বর্দ্ধনম্ ॥২॥
অম্বষ্ঠান্ মালবান্ বঙ্গান্ শিবীংস্ত্রৈগর্ত্তকানপি।
প্রাহিণোন্মৃত্যুলোকায় গণান্ ক্রুদ্ধো যুধিষ্ঠিরঃ ॥৩॥
অভীষাহান্ শূরসেনান্ ক্ষত্রিয়ান্ যুদ্ধদুর্ম্মদান্।
নিকৃত্য পৃথিবীং চক্রে ভীমঃ শোণিতকর্দ্দমাম্ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু, পর্য্যবারয়দবেষ্টত ॥১॥
তত ইতি। ভারদ্বাজেন দ্রোণসৈন্যেন। অভ্যয়াদভ্যগচ্ছৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
অম্বষ্ঠানিতি। অম্বষ্ঠাদয়ো দেশবিশেষাঃ। গণান্ যোদ্ধৃসমূহান্ ॥৩॥
অভীতি। নিকৃত্য ছিত্বা। শোণিতং ঘনীভূতং রক্তং কর্দ্দম ইব যস্যাঃ তাম্ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তদনন্তর পাণ্ডুনন্দন যুধিষ্ঠির ও ভীমসেন আসিয়া সকল দিকে অশ্বত্থামাকে বেষ্টন করিলেন ॥১॥

তখন রাজা দুর্য্যোধন দ্রোণসৈন্যে পরিবেষ্টিত হইয়া পাণ্ডবগণের দিকে ধাবিত হইলেন। মহারাজ! তাহার পর ভীরুজনের ভয়বর্দ্ধক ভীষণ যুদ্ধ লাগিয়া গেল ॥২॥

ক্রমে যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া অম্বষ্ঠ, মালব, বঙ্গ, শিবি ও ত্রিগর্ত্তদেশীয় বীরগণকে যমলোকে প্রেরণ করিতে লাগিলেন ॥৩॥

ভীমসেন—অভীষাহ ও শূরসেনদেশীয় যুদ্ধদুর্দ্ধর্ষ ক্ষত্রিয়গণকে ছেদন করিয়া করিয়া ভূতলে রক্তের কর্দ্দম উৎপাদন করিলেন ॥৪॥

---

(১)…সমন্তাৎ পর্য্যবারয়ন্—পি বা নি।

যৌধেয়ানদ্রিজান্ রাজন্! মদ্রকান্ মালবানপি।
প্রাহিণোন্মৃত্যুলোকায় কিরীটী নিশিতৈঃ শরৈঃ ॥৫॥
প্রগাঢ়মঞ্জোগতিভির্নারাচৈরভিতাড়িতাঃ।
নিপেতুর্দ্বিরদা ভূমৌ দ্বিশৃঙ্গা ইব পর্ব্বতাঃ ॥৬॥
নিকৃত্তৈর্হস্তিহস্তৈশ্চ চেষ্টমানৈরিতস্ততঃ।
ররাজ বসুধা কীর্ণা বিসর্পদ্ভিরিবোরগৈঃ ॥৭॥
ক্ষিপ্তৈঃ কনকচিত্রৈশ্চ নৃপচ্ছত্রৈঃ ক্ষিতির্বভৌ।
দ্যৌরিবাদিত্যচন্দ্রাদ্যৈর্গ্রহৈঃ কীর্ণা যুগক্ষয়ে ॥৮॥
হত প্রহরতাভীতা বিধ্যত ব্যবকৃন্তত।
ইত্যাসীত্তুমুলঃ শব্দঃ শোণাশ্বস্য রথং প্রতি ॥৯॥

ভারতকৌমুদী

যৌধেয়ানিতি। প্রাহিণোৎ প্রৈরয়ৎ, কিরীটী অর্জ্জুনঃ ॥৫॥

প্রগাঢ়মিতি। অঞ্জোগতিভিদ্রুতগামিভিঃ। দ্বিশৃঙ্গা ইত্যনেন দ্বিরদানাং দ্বিদন্তত্ব-মাক্ষিপ্তম্ ॥৬॥

নিকৃত্তৈরিতি। নিকৃত্তৈশ্ছিন্নৈঃ, হস্তিনাং হস্তৈঃ শুণ্ডাভিঃ, চেষ্টমানৈঃ স্পন্দমানৈঃ ॥৭॥

ক্ষিপ্তৈরিতি। দ্যৌরাকাশম্। কীর্ণা ব্যাপ্তা, যুগক্ষয়ে প্রলয়কালে ॥৮॥

হতেতি। অভীতা নির্ভয়া যূয়ম্, ব্যবকৃন্তত ছিন্ত। শোণাশ্বস্য দ্রোণস্য ॥৯॥

এবং রাজা! অর্জ্জুনও সুধার বাণসমূহদ্বারা যৌধেয়, অদ্রিজ, মদ্র ও মালবদেশীয় যোদ্ধাদিগকে যমলোকে পাঠাইতে থাকিলেন ॥৫॥

তৎকালে হস্তী সকল দ্রুতগামী নারাচসমূহে গুরুতর তাড়িত হইয়া শৃঙ্গদ্বয়-যুক্ত পর্বতসমূহের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিল ॥৬॥

স্পন্দমান বৃহৎ সর্পসমূহের ন্যায় ছিন্ন ও স্পন্দমান হস্তিশুণ্ড সকল নানা দিকে সমরভূমি ব্যাপ্ত করিল ॥৭॥

নানাস্থানে বিক্ষিপ্ত স্বর্ণবিচিত্র রাজচ্ছত্র সকল রণস্থলকে ব্যাপ্ত করিল; তাহাতে প্রলয়কালে চন্দ্রসূর্য্যপ্রভৃতিগ্রহগণব্যাপ্ত আকাশের ন্যায় সে রণস্থল প্রকাশ পাইতে লাগিল ॥৮॥

'তোমরা নির্ভয় হইয়া বধ কর, প্রহার কর, বিদ্ধ কর ও ছেদন কর' ইত্যাকার তুমুল শব্দ দ্রোণের রথের দিকে হইতে থাকিল ॥৯॥

---

(৫) যৌধেয়াবট্টরাজস্থান্...পি, যৌধেয়ারট্টরাজন্যান্... বঙ্গ বর্দ্ধ। (৭)...চলমানৈ-রিতস্ততঃ...পি,...বলমানৈরিতস্ততঃ...বঙ্গ বর্দ্ধ।

দ্রোণস্তু পরমক্রুদ্ধো বায়ব্যাস্ত্রেণ সংযুগে।
ব্যধমত্তান্ মহাবায়ুর্মেঘানিব দুরত্যয়ঃ ॥১০॥
তে হন্যমানা দ্রোণেন পাঞ্চালাঃ প্রাদ্রবন্ ভয়াৎ।
পশ্যতো ভীমসেনস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥১১॥
ততঃ কিরীটী ভীমশ্চ সহসা সংন্যবর্ত্ততাম্।
মহতা রথবংশেন পরিগৃহ্য বলং তব ॥১২॥
বীভৎসুর্দক্ষিণং পার্শ্বমুত্তরঞ্চ বৃকোদরঃ।
ভারদ্বাজং শরৌঘাভ্যাং মহদ্ভ্যামভ্যবর্ষতাম্ ॥১৩॥
তৌ তদা সৃঞ্জয়াশ্চৈব পাঞ্চালাশ্চ মহৌজসঃ।
অন্বগচ্ছন্ মহারাজ! মৎস্যাশ্চ সহ সোমকৈঃ ॥১৪॥

ভারতকৌমুদী

দ্রোণ ইতি। ব্যধমৎ অপাসারয়ৎ। দুরত্যয়ো দুরতিক্রমঃ ॥১০॥
ত ইতি। প্রাদ্রবন্ পলায়ন্ত। পার্থস্য অর্জ্জুনস্য ॥১১॥
তত ইতি। সংন্যবর্ত্ততাং তত্রাগচ্ছতাম্। রথানাং বংশেন সমূহেন ॥১২॥
বীভৎসুরিতি। বীভৎসুরর্জ্জুনঃ, পার্শ্বং পরিগৃহ্যেত্যনুবৃত্তিঃ ॥১৩॥
তাবিতি। তৌ ভীমার্জ্জুনৌ অন্বগচ্ছন্নিতি সম্বন্ধঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৯॥ দুরত্যয়ো দুরতিক্রমঃ ॥১০—১২॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪১॥

তখন দুরতিক্রম মহাবায়ু যেমন মেঘ অপসারণ করে, সেইরূপ পরমক্রুদ্ধ দ্রোণ বায়ব্যাস্ত্রদ্বারা তাহাদিগকে অপসারণ করিলেন ॥১০॥

দ্রোণ বধ করিতে লাগিলে, সেই পাঞ্চালেরা ভয়ে মহাত্মা ভীম ও অর্জ্জুনের সমক্ষেই পলায়ন করিতে লাগিল ॥১১॥

মহারাজ! তাহার পর ভীম ও অর্জ্জুন বিশাল রথসমূহদ্বারা আপনার সৈন্য গ্রহণ করিয়া হঠাৎ সেস্থানে উপস্থিত হইলেন ॥১২॥

অর্জ্জুন দক্ষিণ পার্শ্ব এবং ভীম উত্তর পার্শ্ব গ্রহণ করিয়া বিশাল বাণসমূহ-দ্বারা দ্রোণকে পীড়ন করিতে থাকিলেন ॥১৩॥

মহারাজ! তখন মহাতেজা সৃঞ্জয়, পাঞ্চাল, মৎস্য ও সোমকসৈন্যেরা ভীম ও অর্জ্জুনের অনুসরণ করিতে লাগিল ॥১৪॥

---

(১২)···বলং মহৎ— বা নি। (১৪) তৌ তথা—বা নি।

তথৈব তব পুত্রস্য রথোদারাঃ প্রহারিণঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং জগ্মুর্দ্রোণরথং প্রতি ॥১৫॥
ততঃ সা ভারতী সেনা বধ্যমানা কিরীটিনা।
তমসা নিদ্রয়া চৈব পুনরেব ব্যদীর্য্যত ॥১৬॥
দ্রোণেন বার্য্যমাণাস্তু স্বয়ং তব সুতেন চ।
নাশক্যন্ত মহারাজ! যোধা বারয়িতুং তদা ॥১৭॥
সা পাণ্ডুপুত্রস্য শরৈর্দ্দীর্য্যমাণা মহাচমূঃ।
তমসা সংবৃতে লোকে ব্যদ্রবৎ সর্ব্বতোমুখী ॥১৮॥
উৎসৃজ্য শতশো বাহাংস্তত্র কেচিন্নরাধিপাঃ।
প্রাদ্রবন্ত মহারাজ! ভয়াবিষ্টাঃ সমন্ততঃ ॥১৯॥
সোমদত্তস্তু সংপ্রেক্ষ্য বিধুন্বানং মহদ্ধনুঃ।
সাত্যকিঃ প্রাহ যন্তারং সোমদত্তায় মাং বহ ॥২০॥

ভারতকৌমুদী

তথেতি। রথোদারা মহারথাঃ। জগ্মুর্দ্রোণসাহায্যার্থম্ ॥১৫॥
তত ইতি। ভারতী কৌরবী। তমসা রাত্র্যন্ধকারেণ। ব্যদীর্য্যত ভগ্না ॥১৬॥
দ্রোণেনেতি। সুতেন দুর্য্যোধনেন ॥১৭॥
সেতি। পাণ্ডুপুত্রস্যার্জ্জুনস্য। ব্যদ্রবৎ পলায়ত, সর্বতোমুখী সর্ব্বদিগভিমুখী ॥১৮॥
উৎসৃজ্যেতি। বাহান্ রথাদীন্। প্রাদ্রবন্ত পলায়ন্ত ॥১৯॥

সেইরূপই আপনার পুত্রের মহারথ যোদ্ধারাও বিশাল সৈন্যের সহিত দ্রোণের রথের দিকে যাইতে থাকিলেন ॥১৫॥

তদনন্তর সেই কৌরবসৈন্য অর্জ্জুন বধ করিতে থাকায়, অন্ধকারে ও নিদ্রায় আবারও বিশ্লিষ্ট হইতে লাগিল ॥১৬॥

মহারাজ! তখন দ্রোণ এবং আপনার পুত্র স্বয়ং দুর্য্যোধন নিষেধ করিতে থাকিয়াও সেই যোদ্ধাদিগকে বারণ করিতে পারিলেন না ॥১৭॥

অন্ধকার যখন জগৎ আবৃত করিয়াছিল, সেই সময়ে সেই কৌরবসৈন্য অর্জ্জুনের বাণে বিদীর্ণ হইতে থাকিয়া সকল দিকে পলায়ন করিতে থাকিল ॥১৮॥

মহারাজ! কতকগুলি রাজা ভয়াবিষ্ট হইয়া শত শত বাহন পরিত্যাগ করিয়া সকল দিকে পলায়ন করিতে লাগিলেন ॥১৯॥

(১৯) ইতঃ পরম্ '...একোনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বঙ্ক, '...একষষ্ট্যধিক-শততমোঽধ্যায়ঃ' বা বা '...দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

নহ্যহত্বা রণে শত্রুং বাহ্লীকং কৌরবাধমম্ ।
নিবর্ত্তিষ্যে রণাৎ সূত ! সত্যমেতদ্বচো মম ॥২১॥
ততঃ সংপ্রৈষয়দ্যন্তা সৈন্ধবাংস্তান্ মনোজবান্ ।
তুরঙ্গমান্ শঙ্খবর্ণান্ সর্ব্বশব্দাতিগান্ রণে ॥২২॥
তেঽবহন্ যুযুধানন্তু মনোমারুতরংহসঃ ।
যথেন্দ্রং হরয়ো রাজন্ ! পুরা দৈত্যবধোদ্যতম্ ॥২৩॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য সাত্বতং রভসং রণে ।
সোমদত্তো মহাবাহুরসংভ্রান্তোঽভ্যবর্ত্তত ॥২৪॥
বিমুঞ্চন্ শরবর্ষাণি পর্জন্য ইব বৃষ্টিমান্ ।
ছাদয়ামাস শৈনেয়ং জলদো ভাস্করং যথা ॥২৫॥

ভারতকৌমুদী

সোমেতি । বিধুন্বানং চালয়ন্তম্ । যন্তারং স্বসারথিম্ ॥২০॥

নহীতি । বাহ্লীকস্যাপত্যমিতি বাহ্লীকঃ সোমদত্তস্তম্, বাহ্লীকস্য প্রাঙ্ নিহতত্বাৎ ॥২১॥

তত ইতি । যন্তা সারথিঃ, সৈন্ধবান্ সিন্ধুদেশীয়ান্, মনস ইব জবো বেগো যেষাং তান্ ॥২২॥

ত ইতি । যুযুধানং সাত্যকিম্ । হরয়ঃ অশ্বাঃ ॥২৩॥

তমিতি । সাত্বতং সাত্যকিম্, রভসং বেগবন্তম্ । অসংভ্রান্তঃ অবিচলিতঃ ॥২৪॥

বিমুঞ্চন্নিতি । পর্জন্যো মেঘঃ । শৈনেয়ং শিনেঃ পৌত্রং সাত্যকিম্ ॥২৫॥

এই সময়ে সোমদত্ত বিশাল ধনু সঞ্চালন করিতে করিতে আসিতেছেন দেখিয়া সাত্যকি তাঁহার সারথিকে বলিলেন—'আমাকে সোমদত্তের দিকে লইয়া চল ॥২০॥

আমি যুদ্ধে কৌরবাধম শত্রু সোমদত্তকে বধ না করিয়া যুদ্ধ হইতে ফিরিব না । সারথি ! ইহা আমার সত্য বাক্য' ॥২১॥

তাহার পর সারথি মনের ন্যায় বেগবান্, শঙ্খের তুল্য শুভ্রবর্ণ এবং যুদ্ধে সর্বপ্রকারশব্দসহ সিন্ধুদেশীয় অশ্বগুলিকে চালাইয়া দিল ॥২২॥

রাজা ! পূর্বকালে অশ্বগণ যেমন দৈত্যবধে উদ্যত ইন্দ্রকে বহন করিত, সেইরূপ মন ও বায়ুর ন্যায় বেগবান্ সেই অশ্বগণ সাত্যকিকে বহন করিতে লাগিল ॥২৩॥

তখন সাত্যকিকে বেগে আসিতে দেখিয়া মহাবাহু সোমদত্ত অবিচলিত থাকিয়া তাঁহার অভিমুখবর্ত্তী হইলেন ॥২৪॥

(২১)…শত্রুং সোমদত্তং মহাবলম্…নি । (২৪)…অসংভ্রান্তো ন্যবর্ত্তত—বা নি ।

অসংভ্রান্তশ্চ সমরে সাত্যকিঃ কুরুপুঙ্গবম্।
ছাদয়ামাস বাণৌঘৈঃ সমন্তাদ্ভরতর্ষভ! ॥২৬॥
সোমদত্তস্তু তং ষষ্ট্যা বিব্যাধোরসি মাধবম্।
সাত্যকিশ্চাপি তং রাজন্নবিধ্যৎ সায়কৈঃ শিতৈঃ ॥২৭॥
তাবন্যোন্যং শরোৎকৃত্তৌ ব্যরাজেতাং নরর্ষভৌ।
সুপুষ্পৌ পুষ্পসময়ে পুষ্পিতাবিব কিংশুকৌ ॥২৮॥
রুধিরোক্ষিতসর্ব্বাঙ্গৌ কুরুবৃষ্ণিযশস্করৌ।
পরস্পরমবৈক্ষেতাং দহন্তাবিব লোচনৈঃ ॥২৯॥
রথমণ্ডলমার্গেষু চরন্তাবরিমর্দ্দনৌ।
ঘোররূপৌ হি তাবাস্তাং বৃষ্টিমন্তাবিবাম্বুদৌ ॥৩০॥

ভারতকৌমুদী

অসংভ্রান্ত ইতি। কুরুপুঙ্গবং সোমদত্তম্ ॥২৬॥
সোমেতি। ষষ্ট্যা সায়কৈঃ, উরসি বক্ষসি, মাধবং মধুবংশ্যং সাত্যকিম্ ॥২৭॥
তাবিতি। শরৈরুৎকৃত্তৌ ছিন্নগাত্রৌ। শোভনানি পুষ্পাণি যয়োস্তৌ ॥২৮॥
রুধিরেতি। কুরুবৃষ্ণিযশস্করৌ কুরুবংশবৃষ্ণিবংশয়োর্যশোজনকৌ ॥২৯॥
রথেতি। বৃষ্টিমন্তাবিত্যনেন শরবর্ষিত্বমাক্ষিপ্যতে। অম্বুদৌ মেঘৌ ॥৩০॥

ক্রমে সোমদত্ত জলবর্ষণকারী মেঘের ন্যায় বাণবর্ষণ করিতে থাকিয়া মেঘ যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ সাত্যকিকে আবৃত করিলেন ॥২৫॥

ভরতশ্রেষ্ঠ! সাত্যকিও যুদ্ধে অবিচলিত থাকিয়া বাণসমূহদ্বারা সকল দিকে সোমদত্তকে আচ্ছাদন করিলেন ॥২৬॥

রাজা! তখন সোমদত্ত ষাট্টা বাণদ্বারা সাত্যকির বক্ষস্থল বিদ্ধ করিলেন; আবার সাত্যকিও সুধার বাণসমূহদ্বারা সোমদত্তকে তাড়ন করিলেন ॥২৭॥

নরশ্রেষ্ঠ সাত্যকি ও সোমদত্ত পরস্পর শরবিক্ষত হইয়া বসন্তকালে সুন্দর-পুষ্পযুক্ত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় শোভা পাইতে লাগিলেন ॥২৮॥

সাত্যকি ও সোমদত্তের সমস্ত অঙ্গই রক্তাক্ত হইয়া গিয়াছিল; সেই অবস্থায় তাঁহারা নয়নদ্বারা দগ্ধ করতই যেন পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিলেন ॥২৯॥

শত্রুমর্দ্দন সাত্যকি ও সোমদত্ত রথপথে বিচরণ করিতে থাকিয়া জলবর্ষী দুইটা মেঘের ন্যায় ভীষণমূর্ত্তি হইয়া উঠিলেন ॥৩০॥

(২৮)···শরৈঃ কৃত্তৌ···বা নি।

শরসংভিন্নগাত্রৌ তৌ সর্ব্বতঃ শকলীকৃতৌ।
শ্বাবিধাবিব রাজেন্দ্র! দৃশ্যেতাং শরবিক্ষতৌ ॥৩১॥
সুবর্ণপুঙ্খৈরিষুভিরাচিতৌ তৌ ব্যরাজতাম্।
খদ্যোতৈরাবৃতৌ রাজন্! প্রাবৃষীব বনস্পতী ॥৩২॥
সম্প্রদীপিতসর্ব্বাঙ্গৌ সায়কৈস্তৌ মহারথৌ।
অদৃশ্যেতাং রণে ক্রুদ্ধাবুল্কাভিরিব কুঞ্জরৌ ॥৩৩॥
ততো যুধি মহারাজ! সোমদত্তো মহারথঃ।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ মাধবস্য মহদ্ধনুঃ ॥৩৪॥
অথৈনং পঞ্চবিংশত্যা সায়কানাং সমার্পয়ৎ।
ত্বরমাণস্ত্বরাকালে পুনশ্চ দশভিঃ শরৈঃ ॥৩৫॥
অথান্যদ্ধনুরাদায় সাত্যকির্বেগবত্তরম্।
পঞ্চভিঃ সায়কৈস্তূর্ণং সোমদত্তমবিধ্যত ॥৩৬॥

ভারতকৌমুদী

শরেতি। শকলীকৃতৌ খণ্ডিতৌ। শ্বাবিধৌ শল্যাখ্যৌ জন্তু [illegible] ॥৩১॥
সুবর্ণেতি। আচিতৌ ব্যাপ্তদেহৌ। প্রাবৃষি বর্ষাকালে, বনস্পতী বৃক্ষৌ ॥৩২॥
সমিতি। সম্প্রদীপিতানি স্বর্ণপুঙ্খতয়া প্রকাশিতানি সর্ব্বাণ্যঙ্গানি যয়োস্তৌ ॥৩৩॥
তত ইতি। অর্দ্ধচন্দ্রেণ অর্দ্ধচন্দ্রাকারফলকেন বাণেন, মাধবস্য সাত্যকেঃ ॥৩৪॥
অথেতি। এনং সাত্যকিম্। সমার্পয়ৎ অপীড়য়ৎ সোমদত্তঃ ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ! শরগ্রথিতগাত্র, শরখণ্ডিতাঙ্গ ও শরবিক্ষতদেহ সাত্যকি ও সোমদত্ত ক্রমে দুইটা শেজারুর ন্যায় দৃষ্টিগোচর হইতে লাগিলেন ॥৩১॥

রাজা! স্বর্ণপুঙ্খবাণে সাত্যকি ও সোমদত্তের দেহ ব্যাপ্ত হইয়া গিয়াছিল। সুতরাং বর্ষাকালে খদ্যোতাবৃত দুইটা বৃক্ষের ন্যায় তাঁহারা প্রকাশ পাইতে থাকিলেন ॥৩২॥

মহারথ সাত্যকি ও সোমদত্তের সমস্ত অঙ্গ স্বর্ণপুঙ্খ বাণে উদ্দীপিত করিয়াছিল। সুতরাং উল্কাসমুদ্দীপিত দুইটা হস্তীর ন্যায় তাঁহাদিগকে দেখা যাইতে লাগিল ॥৩৩॥

মহারাজ! তাহার পর মহারথ সোমদত্ত একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা সাত্যকির বিশাল ধনু কাটিয়া ফেলিলেন ॥৩৪॥

তদনন্তর সোমদত্ত ত্বরার সময়ে ত্বরান্বিত হইয়া পঁচিশটা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন এবং আবারও দশটা বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥৩৫॥

ততোঽপরেণ ভল্লেন ধ্বজং চিচ্ছেদ কাঞ্চনম্।
বাহ্লীকস্য রণে রাজন্! সাত্যকিঃ প্রহসন্নিব ॥৩৭॥
সোমদত্তস্ত্বসংভ্রান্তো দৃষ্ট্বা কেতুং নিপাতিতম্।
শৈনেয়ং পঞ্চবিংশত্যা সায়কানাং সমাচিনোৎ ॥৩৮॥
সাত্বতোঽপি রণে ক্রুদ্ধঃ সোমদত্তস্য ধন্বিনঃ।
ধনুশ্চিচ্ছেদ সমরে ক্ষুরপ্রেণ শিতেন হ ॥৩৯॥
অথৈনং রুক্মপুঙ্খানাং শতেনানতপর্ব্বণা।
আচিনোদ্বহুধা রাজন্! ভগ্নদংষ্ট্রমিব দ্বিপম্ ॥৪০॥
অথান্যদ্ধনুরাদায় সোমদত্তো মহারথঃ।
সাত্যকিং ছাদয়ামাস শরবৃষ্ট্যা মহাবলঃ ॥৪১॥

ভারতকৌমুদী

অথেতি। বেগবত্তরং বাণানাং মহাবেগজনকং সুদৃঢ়মিত্যর্থঃ ॥৩৬॥
তত ইতি। কাঞ্চনস্যায়মিতি কাঞ্চনস্তম্। বাহ্লীকস্য পূর্ব্বব্যাখ্যানাৎ সোমদত্তস্য ॥৩৭॥
সোমেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ। শৈনেয়ং সাত্যকিম্। সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥৩৮॥
সাত্বত ইতি। সাত্বতঃ সাত্যকিঃ। শিতেন সুধারেণ ॥৩৯॥
অথেতি। ভগ্নদংষ্ট্রমিত্যনেন সোমদত্তস্য ছিন্নকার্ম্মুকত্বমাক্ষিপ্তম্ ॥৪০॥
অথেতি। মহারথত্বান্মহাবলত্বাচ্চ পীড়নেঽপি চ্ছাদনসম্ভব ইতি ভাবঃ ॥৪১॥

তৎপরে সাত্যকি সুদৃঢ় অন্য একখানা ধনু লইয়া সত্বর পাঁচটা বাণদ্বারা সোমদত্তকে বিদ্ধ করিলেন ॥৩৬॥

রাজা! তাহার পর সাত্যকি হাসিতে হাসিতেই যেন অন্য একটা ভল্লদ্বারা সোমদত্তের স্বর্ণময় ধ্বজটাকে ছেদন করিলেন ॥৩৭॥

কিন্তু সোমদত্ত ধ্বজটাকে নিপাতিত দেখিয়াও অবিচলিত থাকিয়াই পঁচিশটা বাণদ্বারা সাত্যকিকে ব্যাপ্ত করিলেন ॥৩৮॥

সাত্যকিও ক্রুদ্ধ হইয়া একটা সুধার ক্ষুরপ্রদ্বারা ধনুর্দ্ধর সোমদত্তের ধনুখানা কাটিয়া ফেলিলেন ॥৩৯॥

রাজা! তৎপরে সাত্যকি স্বর্ণপুঙ্খ ও নতপর্ব্ব একশত বাণদ্বারা ভগ্নদন্ত হস্তীর ন্যায় ছিন্নকার্ম্মুক সোমদত্তকে বহুপ্রকারে ব্যাপ্ত করিলেন ॥৪০॥

তদনন্তর মহারথ ও মহাবল সোমদত্ত অন্য ধনু লইয়া বাণবৃষ্টিদ্বারা সাত্যকিকে আবৃত করিলেন ॥৪১॥

---

(৩৯)...ভল্লেন ক্ষুরপ্রেণ শিতেন হ—বা নি। (৪০)...শতেন নতপর্ব্বণা...বা নি।

সোমদত্তস্তু সংক্রুদ্ধো রণে বিব্যাধ সাত্যকিঃ।
সাত্যকিং শরজালেন সোমদত্তোঽপ্যপীড়য়ৎ ॥৪২॥
দশভিঃ সাত্বতস্যার্থে ভীমোঽহন্ বাহ্লিকাত্মজম্।
সোমদত্তোঽপ্যসংভ্রান্তঃ শৈনেয়মবধীচ্ছরৈঃ ॥৪৩॥
ততস্তু সাত্বতস্যার্থে ভীমসেনো নবং দৃঢ়ম্।
মুমোচ পরিঘং ঘোরং সোমদত্তস্য বক্ষসি ॥৪৪॥
তমাপতন্তং বেগেন পরিঘং ঘোরদর্শনম্।
দ্বিধা চিচ্ছেদ সমরে প্রহসন্নিব কৌরবঃ ॥৪৫॥
স পপাত দ্বিধা চ্ছিন্ন আয়সঃ পরিঘো মহান্।
মহীধরস্যেব মহচ্ছিখরং বজ্রদারিতম্ ॥৪৬॥
ততস্তু সাত্যকী রাজন্! সোমদত্তস্য সংযুগে।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন হস্তাবাপঞ্চ পঞ্চভিঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

সোমেতি। বিব্যাধ তাড়য়ামাস ॥৪২॥
দশভিরিতি। শৈনেয়মবধীৎ তস্যৈব প্রধানলক্ষ্যত্বাদিত্যাশয়ঃ ॥৪৩॥
তত ইতি। নবং নবনির্ম্মিতম্ ॥৪৪॥
তমিতি। কৌরবঃ সোমদত্তঃ ॥৪৫॥
স ইতি। আয়সো লৌহময়ঃ। শিখরং শৃঙ্গম্ ॥৪৬॥
তত ইতি। হস্তাবাপং চর্ম্মনির্ম্মিতং হস্তাবরণম্, পঞ্চভিঃ শরৈঃ ॥৪৭॥

তখন সাত্যকি ক্রুদ্ধ হইয়া সোমদত্তকে বিদ্ধ করিলেন; আবার সোমদত্তও বাণসমূহদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৪২॥

এই সময়ে ভীমসেন সাত্যকির সাহায্যের জন্য দশটা বাণদ্বারা সোমদত্তকে আঘাত করিলেন; সোমদত্তও অবিচলিত থাকিয়া বাণদ্বারা সাত্যকিকেই প্রহার করিলেন ॥৪৩॥

তাহার পর ভীমসেন সাত্যকির সাহায্য করিবার জন্য সোমদত্তের বক্ষে একটা নূতন, দৃঢ় ও ভীষণ পরিঘ নিক্ষেপ করিলেন ॥৪৪॥

সেই ভীমদর্শন পরিঘটা বেগে আসিতে লাগিলে, সোমদত্ত হাসিতে হাসিতেই যেন সেটাকে দুই খণ্ডে ছেদন করিলেন ॥৪৫॥

তখন সেই লৌহময় বিশাল পরিঘটা দুই খণ্ডে ছিন্ন হইয়া বজ্রবিদারিত বিশাল পর্ব্বতশৃঙ্গের ন্যায় ভূতলে পতিত হইল ॥৪৬॥

(৪৪)…ভৈমসেনির্নবং দৃঢ়ম্…বর্দ্ধ।

চতুর্ভিশ্চ শরৈস্তূর্ণং চতুরস্তুরগোত্তমান্।
সমীপং প্রেষয়ামাস প্রেতরাজস্য ভারত! ॥৪৮॥
সারথেশ্চ শিরঃ কায়াদ্ভল্লেনানতপর্ব্বণা।
জহার নরশার্দ্দূলঃ প্রহসন্ শিনিপুঙ্গবঃ ॥৪৯॥
ততঃ শরং মহাঘোরং জ্বলন্তমিব পাবকম্।
মুমোচ সাত্বতো রাজন্! স্বর্ণপুঙ্খং শিলাশিতম্ ॥৫০॥
স বিমুক্তো বলবতা শৈনেয়েন শরোত্তমঃ।
ঘোরস্তস্যোরসি বিভো! নিপপাতাশু ভারত! ॥৫১॥
সোঽতিবিদ্ধো মহারাজ! সাত্বতেন মহারথঃ।
সোমদত্তো মহাবাহুর্নিপপাত মমার চ ॥৫২॥

ভারতকৌমুদী

চতুর্ভিরিতি। তুরগোত্তমান্ সোমদত্তস্যৈব। প্রেতরাজস্য যমস্য ॥৪৮॥
সারথেরিতি। আনতপর্বণা ঈষদ্বক্রোপান্তদেশেন ॥৪৯॥
তত ইতি। শিলয়া তত্র ঘর্ষণেন শিতং তনূকৃতান্তং সুধারমিত্যর্থঃ ॥৫০॥
স ইতি। বিমুক্তো নিক্ষিপ্তঃ। তস্য সোমদত্তস্য, উরসি বক্ষসি ॥৫১॥
স ইতি। নিপপাত রথাদিতি শেষঃ ॥৫২॥

রাজা! তদনন্তর সাত্যকি একটা ভল্লদ্বারা সোমদত্তের ধনু ছেদন করিলেন এবং পাঁচটা বাণদ্বারা তাঁহার হস্তাবাপ কাটিয়া ফেলিলেন ॥৪৭॥

ভরতনন্দন! পরে সাত্যকি চারিটা বাণদ্বারা সত্বরই সোমদত্তের চারিটা উত্তম অশ্বকে যমের নিকটে প্রেরণ করিলেন ॥৪৮॥

এবং নরশ্রেষ্ঠ সাত্যকি হাস্য করিতে করিতে একটা নতপর্ব ভল্লদ্বারা সোমদত্তের সারথির দেহ হইতে মস্তকটা হরণ করিলেন ॥৪৯॥

রাজা! তদনন্তর সাত্যকি স্বর্ণপুঙ্খ, শিলাশানিত, অগ্নির ন্যায় উজ্জ্বল ও মহাভয়ঙ্কর একটা বাণ নিক্ষেপ করিলেন ॥৫০॥

প্রভু ভরতনন্দন! বলবান্ সাত্যকি নিক্ষেপ করিলে, সেই উত্তম ও ভীষণ বাণটা যাইয়া সত্বরই সোমদত্তের বক্ষে পতিত হইল ॥৫১॥

মহারাজ! সাত্যকি অত্যন্তবিদ্ধ করিলে, মহারথ ও মহাবাহু সোমদত্ত রথ হইতে পতিত হইলেন এবং প্রাণত্যাগ করিলেন ॥৫২॥

---

(৪৮) ততশ্চতুর্ভিশ্চতুরস্তূর্ণংস্তাংস্তুরগোত্তমান্…বা,…তূর্ণং তাংস্তুরগোত্তমান্…নি।
(৪৯)…ভল্লেন নতপর্বণা…বা নি।

তং দৃষ্ট্বা নিহতং তত্র সোমদত্তং মহারথম্।
তাবকাঃ শরবর্ষেণ যুযুধানমুপাদ্রবন্ ॥৫৩॥
ছাদ্যমানং শরৈর্দৃষ্ট্বা যুযুধানং যুধিষ্ঠিরঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং দ্রোণানীকমুপাদ্রবৎ ॥৫৪॥
ততো যুধিষ্ঠিরঃ ক্রুদ্ধস্তাবকানাং মহাবলম্।
শরৈর্বিদ্রাবয়ামাস ভারদ্বাজস্য পশ্যতঃ ॥৫৫॥
সৈন্যানি দ্রাবয়ন্তন্তু দ্রোণো দৃষ্ট্বা যুধিষ্ঠিরম্।
অভিদুদ্রাব বেগেন ক্রোধসংরক্তলোচনঃ ॥৫৬॥
ততঃ সুনিশিতৈর্বাণৈঃ পার্থং বিব্যাধ সপ্তভিঃ।
যুধিষ্ঠিরোঽপি সংক্রুদ্ধঃ প্রতিবিব্যাধ পঞ্চভিঃ ॥৫৭॥
সোঽতিবিদ্ধো মহাবাহুঃ সৃক্কণী পরিসংলিহন্।
যুধিষ্ঠিরস্য চিচ্ছেদ ধ্বজং কার্ম্মুকমেব চ ॥৫৮॥

ভারতকৌমুদী

তমিতি। তাবকাস্ত্বৎপক্ষীয়া যোদ্ধারঃ, যুযুধানং সাত্যকিম্ ॥৫৩॥
ছাদ্যেতি। দ্রোণস্য অনীকং সৈন্যম, উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৪॥
তত ইতি। বিদ্রাবয়ামাস পীড়য়ামাস, ভারদ্বাজস্য দ্রোণস্য ॥৫৫॥
সৈন্যানীতি। দ্রাবয়ন্তং নিপীড়িয়ন্তম্। অভিদুদ্রাব অভিদধাব ॥৫৬॥
তত ইতি। পার্থং পৃথায়াঃ পুত্রং প্রকরণাদ্যুধিষ্ঠিরম্। পঞ্চভির্বাণৈঃ ॥৫৭॥
স ইতি। স মহাবাহুর্দ্রোণঃ, সৃক্কণী ওষ্ঠপ্রান্তৌ, পরিসংলিহন্ রসনয়া স্পৃশন্ ॥৫৮॥

তখন মহারথ সোমদত্তকে নিহত দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারা বাণ-বর্ষণ করিতে করিতে সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

ক্রমে সাত্যকিকে বাণে আবৃত দেখিয়া যুধিষ্ঠির বিশাল সৈন্যের সহিত দ্রোণসৈন্যের দিকে চলিলেন ॥৫৪॥

তাহার পর যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা দ্রোণের সমক্ষেই আপনার বিশাল সৈন্যকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৫॥

যুধিষ্ঠির কৌরবসৈন্য পীড়ন করিতেছেন দেখিয়া দ্রোণ ক্রোধে আরক্তনয়ন হইয়া বেগে তাঁহার প্রতি ধাবিত হইলেন ॥৫৬॥

তদনন্তর দ্রোণ সুধার সাতটা বাণদ্বারা যুধিষ্ঠিরকে বিদ্ধ করিলেন; তখন যুধিষ্ঠিরও অত্যন্তক্রুদ্ধ হইয়া পাঁচটা বাণদ্বারা দ্রোণকে প্রতিবিদ্ধ করিলেন ॥৫৭॥

(৫৩)... সোমদত্তং মহারথাঃ। মহতা শরবর্ষেণ...বা নি।

স চ্ছিন্নধন্বা ত্বরিতস্ত্বরাকালে নৃপোত্তমঃ।
অন্যদাদত্ত বেগেন কার্ম্মুকং সমরে দৃঢ়ম্ ॥৫৯॥
ততঃ শরসহস্রেণ দ্রোণং বিব্যাধ পার্থিবঃ।
সাশ্বসূতধ্বজরথং তদদ্ভুতমিবাভবৎ ॥৬০॥
ততো মুহূর্ত্তং ব্যথিতঃ শরপাতপ্রপীড়িতঃ।
নিষসাদ রথোপস্থে দ্রোণো ভরতসত্তম! ॥৬১॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং মুহূর্ত্তাদ্দ্বিজসত্তমঃ।
ক্রোধেন মহতাবিষ্টো বায়ব্যাস্ত্রমবাসৃজৎ ॥৬২॥
অসংভ্রান্তস্ততঃ পার্থো ধনুরাকৃষ্য বীর্য্যবান্।
ততস্তদস্ত্রমস্ত্রেণ স্তম্ভয়ামাস ভারত!।
চিচ্ছেদ চ ধনুর্দীর্ঘং ব্রাহ্মণস্য চ পাণ্ডবঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

স ইতি। ত্বরাকালে সত্বরপ্রতিপ্রহারাস্যাবশ্যকত্বাৎ। আদত্ত অগৃহ্লাৎ ॥৫৯॥
তত ইতি। অদ্বিতীয়বীরস্য দ্রোণস্য তথা তাড়নমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৬০॥
তত ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্য উপস্থে উপবেশনস্থানে ॥৬১॥
প্রতীতি। সংজ্ঞাং চৈতন্যম্। অবাসৃজৎ প্রাক্ষিপৎ ॥৬২॥
অসমিতি। পার্থো যুধিষ্ঠিরঃ। অস্ত্রেণ শৈলাস্ত্রেণ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

মহাবাহু দ্রোণ অত্যন্তবিদ্ধ হইয়া ওষ্ঠপ্রান্ত লেহন করতঃ যুধিষ্ঠিরের ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥৫৮॥

ধনু ছিন্ন হইলে, রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির ত্বরার সময়ে ত্বরান্বিত হইয়া বেগে অন্য একখানা দৃঢ় ধনু গ্রহণ করিলেন ॥৫৯॥

তাহার পর যুধিষ্ঠির বহুসংখ্যক বাণদ্বারা অশ্ব, সারথি, ধ্বজ ও রথের সহিত দ্রোণকে বিদ্ধ করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬০॥

ভরতশ্রেষ্ঠ! তৎপরে দ্রোণ যুধিষ্ঠিরের শরপ্রহারে পীড়িত ও ব্যথিত হইয়া মুহূর্ত্তকাল রথমধ্যে উপবেশন করিলেন ॥৬১॥

তদনন্তর দ্রোণ মুহূর্ত্তমধ্যে চৈতন্যলাভ করিয়া মহাক্রোধাবিষ্ট হইয়া বায়ব্যাস্ত্র নিক্ষেপ করিলেন ॥৬২॥

ভরতনন্দন! তাহার পর বলবান্ যুধিষ্ঠির অবিচলিত থাকিয়া ধনু আকর্ষণ করিয়া শৈলাস্ত্রদ্বারা সেই বায়ব্যাস্ত্র স্তম্ভিত করিলেন এবং দ্রোণের বিশাল ধনু কাটিয়া ফেলিলেন ॥৬৩॥

(৬২)···বায়ব্যাস্ত্রং সমাসৃজৎ···পি। (৬৩)···তদস্ত্রমস্ত্রেণ রণে···নি।

ততোঽব্রবীদ্বাসুদেবঃ কুন্তীপুত্ত্রং যুধিষ্ঠিরম্ ।
যুধিষ্ঠির ! মহাবাহো ! যত্ত্বাং বক্ষ্যামি তচ্ছৃণু ॥৬৪॥
উপারমস্ব যুদ্ধে ত্বং দ্রোণাদ্ভরতসত্তম ! ।
গৃধ্যতে হি সদা দ্রোণো গ্রহণং তব সংযুগে ॥৬৫॥
নানুরূপমহং মন্যে যুদ্ধমস্য ত্বয়া সহ ।
যোঽস্য সৃষ্টো বিনাশায় স এবৈনং হনিষ্যতি ॥৬৬॥
পরিবর্জ্য গুরুং যাহি যত্র রাজা সুযোধনঃ ।
রাজ্ঞা রাজা হি যোদ্ধব্যো নারাজ্ঞা যুদ্ধমিষ্যতে ॥৬৭॥
তত্র ত্বং ব্রজ কৌন্তেয় ! হস্ত্যশ্বরথসংবৃতঃ ।
যাবন্মাত্রেণ চ ময়া সহায়েন ধনঞ্জয়ঃ ।
ভীমশ্চ রথশার্দ্দূলো যুধ্যতে কৌরবৈঃ সহ ॥৬৮॥

ভারতকৌমুদী

তত ইতি। অত্র বাসুদেবস্তোঽকণ্ঠা বাজাত ইতি বক্তনা বক্তব্যনিঃ ॥৬৪॥
উপেতি। উপারমস্ব বিরতো ভব। গৃধ্যতে ইচ্ছতি ॥৬৫॥
নেতি। অনুরূপং সঙ্গতম্। যো ধৃষ্টদ্যুম্নঃ ॥৬৬॥
পরীতি। গুরুং দ্রোণম্। হি যস্মাৎ। সর্ব্বা সমানস্থানিত্যাশয়ঃ ॥৬৭॥
তত্রেতি। যাবন্মাত্রেণ কালেন, তাবৎকালেন তেনৈব সহ যুধ্যস্ব। ষট্পাদঃ শ্লোকঃ ॥৬৮॥

তৎপরে কৃষ্ণ কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে বলিলেন—'মহাবাহু আর্য্য যুধিষ্ঠির ! আমি আপনাকে যাহা বলিব, তাহা আপনি শ্রবণ করুন ॥৬৪॥

ভরতশ্রেষ্ঠ ! আপনি দ্রোণের সহিত যুদ্ধ হইতে বিরত হউন। কারণ, দ্রোণ সর্ব্বদাই যুদ্ধে আপনাকে ধরিবার ইচ্ছা করেন ॥৬৫॥

অতএব আপনার সহিত উঁহার যুদ্ধ আমি সঙ্গত মনে করি না। তবে বিধাতা উঁহার বিনাশের জন্য যাঁহাকে সৃষ্টি করিয়াছেন, তিনিই উঁহাকে বধ করিবেন ॥৬৬॥

সুতরাং রাজা দুর্য্যোধন যেস্থানে রহিয়াছেন, আপনি দ্রোণকে ত্যাগ করিয়া সেই স্থানে যান। কারণ, রাজা রাজার সহিতই যুদ্ধ করেন, কিন্তু অরাজার সহিত যুদ্ধ করিবার ইচ্ছাও করেন না ॥৬৭॥

কুন্তীনন্দন ! যে পর্য্যন্ত আমাকে সহায় করিয়া অর্জ্জুন এবং রথিশ্রেষ্ঠ ভীম কৌরবগণের সহিত যুদ্ধ করেন, সে পর্য্যন্ত আপনি হস্তী, অশ্ব ও রথে পরিবেষ্টিত হইয়া সেইখানে যাইয়া যুদ্ধ করুন' ॥৬৮॥

---

(৬৫) উপারমস্ব যুদ্ধায়···পি বঙ্গ বর্দ্ধ। (৬৬)···স এনং যো হনিষ্যতি···পি বঙ্গ বর্দ্ধ।

বাসুদেববচঃ শ্রুত্বা ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
মুহূর্ত্তং চিন্তয়িত্বা তু ততো দারুণমাহবম্ ॥৬৯॥
প্রায়াদ্দ্রুতমমিত্রঘ্নো যত্র ভীমো ব্যবস্থিতঃ।
বিনিঘ্নংস্তাবকান্ যোধান্ ব্যাদিতাস্য ইবান্তকঃ ॥৭০॥
রথঘোষেণ মহতা নাদয়ন্ বসুধাতলম্।
পর্জ্জন্য ইব ঘর্ম্মান্তে নাদয়ন্ বৈ দিশো দশ ॥৭১॥ (বিশেষকম্)
ভীমস্য নিঘ্নতঃ শত্রূন্ পার্ষ্ণিং জগ্রাহ পাণ্ডবঃ।
দ্রোণোঽপি পাণ্ডুপাঞ্চালান্ ব্যধমদ্রজনীমুখে ॥৭২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সোমদত্তবধে একচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

বাস্থিতি। আহবং যুদ্ধম্। প্রায়াদগচ্ছৎ, অমিত্রঘ্নঃ শত্রুহন্তা। ব্যাদিতাস্যঃ প্রকটিত-বদনঃ। পর্জ্জন্যো মেঘঃ, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাপগমে ॥৬৯—৭১॥

ভীমস্যেতি। পার্ষ্ণিং পশ্চাদ্ভাগম্, পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৭২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

কৃষ্ণের কথা শুনিয়া শত্রুহন্তা ধর্ম্মরাজ যুধিষ্ঠির একটু কাল চিন্তা করিয়া তাহার পর—ভীমসেন আপনার পক্ষের যোদ্ধাদিগকে সংহার করিতে থাকিয়া যে স্থানে বিবৃতবদন যমের ন্যায় অবস্থান করিতেছিলেন, সত্বর সেই স্থানে গমন করিলেন। গ্রীষ্মকাল অতীত হইলে মেঘ যেমন দশ দিক্ নিনাদিত করিয়া গমন করে, সেইরূপ তৎকালে যুধিষ্ঠির বিশাল রথশব্দে সমরভূমি নিনাদিত করিয়া গমন করিয়াছিলেন ॥৬৯—৭১॥

ভীমসেন শত্রু সংহার করিতেছিলেন, সেই অবস্থায় যুধিষ্ঠির যাইয়া তাঁহার পশ্চাদ্ভাগ গ্রহণ করিলেন। এদিকে দ্রোণও সেই রাত্রির প্রথমভাগে পাণ্ডব-সৈন্য ও পাঞ্চালসৈন্য বিনাশ করিতে লাগিলেন' ॥৭২॥

* '...ষষ্ঠ্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———(*)———

সঞ্জয় উবাচ।

বর্ত্তমানে তথা যুদ্ধে ঘোররূপে ভয়াবহে।
তমসা সংবৃতে লোকে রজসা চ মহীপতে!।
নাপশ্যন্ত রণে যোধাঃ পরস্পরমবস্থিতাঃ ॥১॥
অনুমানেন সংজ্ঞাভির্যুদ্ধং তদ্বৃতে মহৎ।
নরনাগাশ্বমথনং পরমং লোমহর্ষণম্ ॥২॥
দ্রোণকর্ণকৃপা বীরা ভীমপার্ষতসাত্যকাঃ।
অন্যোন্যং ক্ষোভয়ামাসুঃ সৈন্যানি নৃপসত্তম! ॥৩॥
বধ্যমানানি সৈন্যানি সমন্তাত্তৈর্মহারথৈঃ।
তমসা রজসা চৈব সমন্তাদ্বিপ্রদুদ্রুবুঃ ॥৪॥

ভারতকৌমুদী

বর্ত্তেতি। তমসা রাত্রেরন্ধকারেণ, রজসা ধূলিজালেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
অন্বিতি। সংজ্ঞাভির্নামভিঃ। নরা নাগা গজা অশ্বাশ্চ মথ্যন্তে অস্মিন্নিতি তৎ ॥২॥
দ্রোণেতি। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ, সাত্যকঃ সাত্যকিঃ ॥৩॥
বধ্যেতি। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু। বিপ্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥৪॥

সঞ্জয় বলিলেন—'রাজা! সেইরূপ ভয়ঙ্কর মহাযুদ্ধ চলিতে লাগিলে এবং অন্ধকারে ও ধূলিজালে সমস্ত লোক আবৃত হইলে, রণস্থলস্থিত যোদ্ধারা পরস্পর দেখিতে পাইতে লাগিলেন না ॥১॥

তখন অনুমান ও নামশ্রবণদ্বারাই সেই লোমহর্ষণ মহাযুদ্ধ চলিতে থাকিল; তাহাতে হস্তী, অশ্ব ও পদাতি মথিত হইতে লাগিল ॥২॥

রাজশ্রেষ্ঠ! কুরুপক্ষের দ্রোণ, কর্ণ ও কৃপ এবং পাণ্ডবপক্ষের ভীম, ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকি পরস্পরের সৈন্যদিগকে বিক্ষুব্ধ করিয়া তুলিলেন ॥৩॥

সেই মহারথেরা সকল দিকেই বধ করিতে থাকিলে, একতঃ মৃত্যুভয়ে, দ্বিতীয়তঃ অন্ধকারে ও ধূলিজালে দেখিতে না পাওয়ায় উভয়পক্ষের সৈন্যেরাই পলায়ন করিতে লাগিল ॥৪॥

(২)...ববৃধে মহৎ...বা নি।

তে সর্ব্বতো বিদ্রবন্তো যোধা বিত্রস্তলোচনাঃ।
অহন্যন্ত মহারাজ! ধাবমানাশ্চ সংযুগে ॥৫॥
মহারথসহস্রাণি জঘ্নুরন্যোন্যমাহবে।
অন্ধে তমসি মূঢ়ানি পুত্রস্য তব মন্ত্রিতৈঃ ॥৬॥
ততঃ সর্বাণি সৈন্যানি সেনাগোপাশ্চ ভারত!।
অমুহ্যন্ত রণে তত্র তমসা সংবৃতে সতি ॥৭॥

ধৃতরাষ্ট্র উবাচ।

তেষাং সংলোড্যমানানাং পাণ্ডবৈর্নিহতৌজসাম্।
অন্ধে তমসি মগ্নানামাসীৎ কা বো মতিস্তদা ॥৮॥
কথং প্রকাশস্তেষাং বা মম সৈন্যস্য বা পুনঃ।
বভূব লোকে তমসা তথা সঞ্জয়! সংবৃতে ॥৯॥

ভারতকৌমুদী

ত ইতি। বিদ্রবন্তঃ পলায়মানাঃ, বিত্রস্তানি ত্রাসেনাস্থিরাণি লোচনানি যেষাং তে ॥৫॥
মহেতি। অন্ধে অন্ধত্বজনকে, মূঢ়ানি কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহীনানি ॥৬॥
তত ইতি। সেনাং গোপয়ন্তি রক্ষন্তীতি তে। অমুহ্যন্ত কার্য্যাকার্য্যজ্ঞানশূন্যা আসন্ ॥৭॥
তেষামিতি। তেষাং মম সৈন্যানাং মধ্যে। কা কীদৃশী, বো যুষ্মাকম্ ॥৮॥
কথমিতি। প্রকাশ আলোকঃ, তেষাং পাণ্ডবসৈন্যানাম্। লোকে জগতি ॥৯॥

মহারাজ! তখন সেই যোদ্ধারা ভয়ে অস্থিরনয়ন হইয়া পলায়ন ও ছুটাছুটি করিবার অবস্থাতেই নিহত হইতে লাগিলেন ॥৫॥

রাজা! আপনার পুত্রের কুমন্ত্রণার ফলে মহারথেরা গাঢ় অন্ধকারে কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহীন হইয়া যুদ্ধে পরস্পর সংহার করিতে লাগিলেন ॥৬॥

ভরতনন্দন! ক্রমে রণস্থল অন্ধকারে আবৃত হইলে, সমস্ত সৈন্য ও সেনাপতি কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানশূন্য হইয়া পড়িলেন' ॥৭॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমার সৈন্যেরা একতঃ গাঢ় অন্ধকারে মগ্ন ছিল, তাহাতে আবার পাণ্ডবেরা তেজ নষ্ট করিয়া তাহাদিগকে আলোড়ন করিতেছিল; সেই সময়ে তোমাদের মনের ভাব কিরূপ হইয়াছিল? ॥৮॥

জগৎটা অন্ধকারে সেইরূপ আবৃত হইলে, পাণ্ডবসৈন্যের এবং আমার সৈন্যেরই বা কি ভাবে আলোক হইয়াছিল?' ॥৯॥

---

(৫)···যোধা বিধ্বস্তচেতনাঃ···নি বা। (৮)···আসীৎ কা বা গতিস্তদা—বা,···আসীৎ কিং বো মনস্তদা—নি।

সঞ্জয় উবাচ।

ততঃ সর্ব্বাণি সৈন্যানি হতশিষ্টানি যানি বৈ।
সেনাগোপ্তৄনথাদিশ্য পুনর্ব্যূহমকল্পয়ন্ ॥১০॥

দ্রোণঃ পুরস্তাজ্জঘনে তু শল্যস্তথা দ্রৌণিঃ পার্শ্বতঃ সৌবলশ্চ।
স্বয়ন্তু সর্বাণি বলানি রাজন্! রাজাভ্যগাদ্‌গোপয়ন্ বৈ নিশায়াম্।
উবাচ সর্ব্বাংশ্চ পদাতিসংঘান্ দুর্য্যোধনঃ পার্থিব! সান্ত্বপূর্বম্ ॥১১॥

উৎসৃজ্য সর্ব্বে পরমায়ুধানি গৃহ্ণীত হস্তৈর্জ্বলিতান্ প্রদীপান্।
তে চোদিতাঃ পার্থিবসত্তমেন ততঃ প্রহৃষ্টা জগৃহুঃ প্রদীপান্ ॥১২॥

সা ভূয় এব ধ্বজিনী বিভক্তা ব্যরোচতাগ্নিপ্রভয়া নিশায়াম্।
মহাধনৈরাভরণৈশ্চ দিব্যৈঃ শস্ত্রৈশ্চ দীপ্তৈরভিসংপতদ্ভিঃ।
ক্ষণেন সর্ব্বে বিহিতাঃ প্রদীপাঃ প্রাদীপয়ংশ্চ ধ্বজিনীং তবাশু ॥১৩॥

সর্ব্বাস্তু সেনা ব্যতিসেব্যমানাঃ পদাতিভিঃ পাবকতৈলহস্তৈঃ।
প্রকাশমানা দদৃশুর্নিশায়াং যথান্তরীক্ষে জলদাস্তড়িদ্ভিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। সেনাগোপ্তৄন্ সেনাপতীন্, আদিশ্য অনুজ্ঞাপ্য ॥১০॥

দ্রোণ ইতি। জঘনে মধ্যভাগে। রাজা দুর্য্যোধনঃ, গোপয়ন্ রক্ষন্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১১॥

উৎসৃজ্যেতি। চোদিতাঃ প্রেরিতাঃ, পার্থিবসত্তমেন দুর্য্যোধনেন ॥১২॥

সেতি। ধ্বজিনী সেনা, বিভক্তা ব্যূহকল্পনাৎ। মহাধনৈর্মহামূল্যৈঃ। ষট্‌পাদঃ ॥১৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! হতাবশিষ্ট যে সকল সৈন্য ছিল, তাহারা সকলে সেনাপতিগণের আদেশ লইয়া পুনরায় ব্যূহ রচনা করিল ॥১০॥

রাজা! সেই ব্যূহের সম্মুখে দ্রোণ, মধ্যভাগে শল্য, দুই পার্শ্বে অশ্বত্থামা ও শকুনি রহিলেন এবং স্বয়ং দুর্য্যোধন সমস্ত সৈন্য রক্ষা করতঃ যাইতে লাগিলেন। নরনাথ! তখন দুর্য্যোধন কোমলভাবে সমস্ত পদাতিকে বলিলেন—॥১১॥

'পদাতিগণ! তোমরা অস্ত্র পরিত্যাগ করিয়া হস্তে প্রজ্বলিত প্রদীপ ধারণ কর'। দুর্য্যোধন সেইরূপ আদেশ করিলে, পদাতিরা আনন্দিত হইয়া প্রদীপ ধারণ করিল ॥১২॥

তদনন্তর সেই বিভক্ত কৌরবসৈন্য রাত্রিতে অগ্নি, মহামূল্য অলঙ্কার এবং অলৌকিক ও উজ্জ্বল পতনশীল অস্ত্রের আলোকে আলোকিত হইল। এইভাবে প্রজ্বলিত প্রদীপ সকল ক্ষণকালমধ্যেই আপনার সৈন্য আলোকিত করিল ॥১৩॥

---

(১১)…কৃতবর্ম্মা সৌহৃদশ্চ… ব নি। (১৪)… প্রকাশমানা দদৃশুঃ… পি ব নি।

প্রকাশিতায়াস্তু ততো ধ্বজিন্যাং দ্রোণোঽগ্নিকল্পঃ প্রপতন্ সমন্তাৎ।
ররাজ রাজেন্দ্র! সুবর্ণবর্ম্মা মধ্যং গতঃ সূর্য্য ইবাংশুমালী ॥১৫॥
জাম্বূনদেষ্বাভরণেষু চৈব নিষ্কেষু শুদ্ধেষু শরাসনেষু।
পীতেষু শস্ত্রেষু চ পাবকস্য প্রতিপ্রভাস্তত্র ততো বভূবুঃ ॥১৬॥
গদাশ্চ শৈক্যাঃ পরিঘাশ্চ শুভ্রা রথেষু শক্ত্যশ্চ বিবর্ত্তমানাঃ।
প্রতিপ্রভারশ্মিভিরাজমীঢ়! পুনঃ পুনঃ সংজনয়ন্তি দীপান্ ॥১৭॥
ছত্রাণি বালব্যজনানি খড়্গা দীপ্তা মহোল্কাশ্চ তথৈব রাজন্!।
ব্যাঘূর্ণমানাশ্চ সুবর্ণমালা ব্যায়চ্ছতাং তত্র তদা বিরেজুঃ ॥১৮॥

ভারতকৌমুদী

সর্বা ইতি। তস্যাং নিশায়াম্, পাবকাশ্চ তৈলানি চ হস্তেষু যেষাং তৈঃ তৈলাগ্নিযুক্তপ্রদীপহস্তৈরিত্যর্থঃ পদাতিভিঃ, ব্যতিসেব্যমানাঃ পরস্পরমাশ্রীয়মাণাঃ, অতএব প্রকাশমানা দৃষ্টিযোগ্যাঃ, সর্ব্বাস্তু উভয়পক্ষীয়া এব সেনাঃ, যথা অন্তরীক্ষে তড়িদ্ভির্জলদা মেঘা দৃশ্যন্তে, তথা দদৃশুঃ সর্বৈর্নৃশিরে। কর্ম্মণ্যপি পরস্মৈপদমার্ষম্ ॥১৪॥

প্রেতি। প্রপতন্ বিচরন্। মধ্যং গগনস্য। অংশুমালী কিরণচক্রশালী ॥১৫॥

জাম্বূনদেষ্বিতি। জাম্বূনদেষু স্বর্ণময়েষু, নিষ্কেষু বক্ষোভূষণেষু, শুদ্ধেষু স্বর্ণখচিতত্বাদুজ্জ্বলেষু, শরাসনেষু ধনুঃষু। পীতেষু নির্ম্মলেষু। প্রতিপ্রভাঃ প্রতিবিম্বাঃ ॥১৬॥

গদা ইতি। শিক্যং লৌহসারস্তেন নির্ম্মিতা ইতি শৈক্যাঃ। বিবর্ত্তমানা বিদ্যমানাঃ। প্রতিপ্রভারশ্মিভিঃ প্রতিবিম্বকিরণৈঃ, হে আজমীঢ়! অজমীঢ়বংশীয়! ॥১৭॥

ছত্রাণীতি। বালব্যজনানি চামরাণি। ব্যায়চ্ছতাং যুদ্ধব্যায়ামং কুর্বতাম্ ॥১৮॥

পদাতিরা প্রদীপ ধারণ করিয়া পরস্পর আনুকূল্য করিতে লাগিলে, আকাশে বিদ্যুৎ স্ফুরিত হইলে মেঘ যেমন রাত্রিতেও দৃষ্টিগোচর হয়, সেইরূপ সমস্ত সৈন্যই প্রকাশিত হইয়া রাত্রিতেও দৃষ্টিগোচর হইতে লাগিল ॥১৪॥

রাজশ্রেষ্ঠ! তখন সমস্ত সৈন্যই প্রকাশ পাইলে, স্বর্ণবর্ম্মধারী, অগ্নির তুল্য তেজস্বী এবং সকল দিকে বিচরণকারী দ্রোণ—আকাশমধ্যবর্ত্তী কিরণসমূহশালী সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন ॥১৫॥

তখন স্বর্ণময় বক্ষোভূষণ, স্বর্ণময় অন্যান্য অলঙ্কার, স্বর্ণখচিত ধনু এবং নির্ম্মল অস্ত্রসমূহে প্রদীপাগ্নির প্রতিবিম্ব সকল পতিত হইল ॥১৬॥

অজমীঢ়নন্দন রাজা! লৌহসার-(ইস্পাত) নির্ম্মিত গদা, শুভ্রবর্ণ পরিঘ এবং রথস্থিত শক্তি সকল আপন আপন অঙ্গে পতিত প্রদীপপ্রতিবিম্বের কিরণদ্বারা অনবরত প্রদীপের কার্য্য করিতে লাগিল ॥১৭॥

(১৫)···প্রতপন্ সমন্তাৎ···বা নি।

শস্ত্রপ্রভাভিশ্চ বিরাজমানং দীপপ্রভাভিশ্চ তদা বলং তৎ।
প্রকাশিতঞ্চাভরণপ্রভাভির্ভৃশং প্রকাশং নৃপতে! বভূব ॥১৯॥
পীতানি শস্ত্রাণ্যসৃগুক্ষিতানি বীরাবধূতানি তনুচ্ছদানি।
দীপ্তাং প্রভাং প্রাজনয়ন্ত তত্র তপাত্যয়ে বিদ্যুদিবান্তরীক্ষে ॥২০॥
প্রকম্পিতানামভিঘাতবেগৈরভিঘ্নতাঞ্চাপততাং জবেন।
বক্ত্রাণ্যকাশন্ত তদা নরাণাং বায়ূরিতানীব মহাম্বুজানি ॥২১॥
মহাবনে দারুময়ে প্রদীপ্তে যথা প্রভা ভাস্করস্যাধিকা স্যাৎ।
তথা তদাসীদ্ধ্বজিনী প্রদীপ্তা মহাভয়ে তত্র তু ভীমরূপা ॥২২॥

ভারতকৌমুদী

শস্ত্রেতি। বলং কৌরবসৈন্যম্। প্রকাশম্ আলোকিতম্ ॥১৯॥

পীতানীতি। পীতানি নির্ম্মলানি, অসৃগুক্ষিতানি রুধিরসিক্তানি, বীরৈরবধূতানি কম্পিতানি, তনুচ্ছদানি বর্ম্মাণি। ক্লীবত্বমার্ষম্ দীপ্তামুজ্জ্বলাম্, প্রাজনয়ন্ত প্রতিবিম্বৈঃ, তপাত্যয়ে গ্রীষ্মাপগমে ॥২০॥

প্রেতি। অভিঘ্নতাং প্রহরতাম্, জবেন বেগেন। বায়ূরিতানি বায়ুচালিতানি ॥২১॥

মহেতি। প্রদীপ্তে বহ্নিনা প্রজ্বলিতে। ধ্বজিনী কৌরবসেনা, প্রদীপ্তা আলোকিতা ॥২২॥

ভারতভাবদীপঃ

বর্ত্তমান ইতি ॥১—১০॥ জঘনে পশ্চাদ্ভাগে ॥১১—১২॥ আভরণৈঃ শস্ত্রৈশ্চেতি সহার্থে তৃতীয়া ॥১৩॥ দদৃশুরিতি কর্ম্মণ্যপি পরস্মৈপদম্ ॥১৪—১৬॥ বিবর্ত্তমানা গতাগতং কুর্ব্বাণাঃ প্রতিপ্রভা রশ্মিভিঃ, প্রতিবিম্বিতৈঃ তেজোভিঃ, সংজনয়ন্তি নির্বর্ত্তয়ন্তি ॥১৭—১৯॥ বীরৈরবধূতান্যাক্ষিপ্তানি পরিপার্শ্বগজাদীনাং দক্ষিণবামেষু প্রদীপ্তামস্যাদিপ্রভয়োদ্দীপ্তাম্

রাজা! তখন যুদ্ধার্থী বীরগণের ছত্র, চামর, তরবারি, উজ্জ্বল মহোল্কা (বর্শা) ও দোদুল্যমান স্বর্ণমালা সকল প্রকাশ পাইতে থাকিল ॥১৮॥

রাজা! তখন অস্ত্রের প্রভা, দীপের আলোক এবং অলঙ্কারের দীপ্তিতে সেই কৌরবসৈন্য অত্যন্ত আলোকিত হইল ॥১৯॥

আর রক্তসিক্ত নির্ম্মল অস্ত্র এবং বীরগণের গাত্রস্থিত দোদুল্যমান বর্ম্ম সকল (প্রদীপের প্রতিবিম্ব গ্রহণ করিয়া) বর্ষাকালে আকাশে বিদ্যুতের ন্যায় উজ্জ্বল আলোক উৎপাদন করিতে লাগিল ॥২০॥

তৎকালে আঘাতের বেগে কম্পিত, আঘাতকারী এবং বেগে আগত মনুষ্যগণের মুখমণ্ডল সকল—বায়ুসঞ্চালিত মহাপদ্মসমূহের ন্যায় প্রকাশ পাইতে থাকিল ॥২১॥

---

(২২)…ভাস্করস্যাপি নশ্যেৎ… মহাভয়া ভারত! ভীমরূপাঃ—বা নি।

তৎ সংপ্রদীপ্তং বলমস্মদীয়ং নিশাম্য পার্থাস্ত্বরিতাস্তথৈব।
সর্ব্বেষু সৈন্যেষু পদাতিসংঘানচোদয়ংস্তেঽথ চক্রুঃ প্রদীপান্ ॥২৩॥
গজে গজে সপ্ত কৃতা প্রদীপা রথে রথে চৈব দশ প্রদীপাঃ।
দ্বাবশ্বপৃষ্ঠে পরিপার্শ্বতোঽন্যে ধ্বজেষু চান্যে জঘনেষু চান্যে ॥২৪॥
সেনাসু সর্ব্বাসু চ পার্শ্বতোঽন্যে পশ্চাৎ পুরস্তাচ্চ সমন্ততশ্চ।
মধ্যে তথান্যে জ্বলিতাগ্নিহস্তা ব্যদীপয়ন্ পাণ্ডুসুতস্য সেনাম্ ॥২৫॥
মধ্যে তথান্যে জ্বলিতাগ্নিহস্তা সেনাদ্বয়েঽপি স্ম নরা বিচেরুঃ।
সর্ব্বেষু সৈন্যেষু পদাতিসংঘা বিমিশ্রিতা হস্তিরথাশ্ববৃন্দৈঃ।
ব্যদীপয়ংস্তে ধ্বজিনীং প্রদীপ্তাং তথা বলং পাণ্ডবেয়াভিগুপ্তম্ ॥২৬॥

ভারতকৌমুদী

তদিতি। সংপ্রদীপ্তমালোকিতম্। নিশাম্য দৃষ্ট্বা। অচোদয়ন্ প্রৈরয়ন্ ॥২৩॥
গজ ইতি। সপ্তেত্যাদাবপি বীপ্সা জ্ঞেয়া। জঘনেষু পশ্চাদ্ভাগেষু ॥২৪॥
সেনাস্বিতি। জ্বলিতাগ্নয়ঃ প্রদীপা হস্তেষু যেষাং তে, ব্যদীপয়ন্ প্রাকাশয়ন্ ॥২৫॥
মধ্য ইতি। মধ্যে উভয়োঃ সেনয়োর্মধ্যদেশে। ধ্বজিনীং সেনাম্, প্রদীপ্তাং স্বপক্ষীয়-প্রদীপৈরালোকিতামপি, বলং সৈন্যম্, পাণ্ডবেয়ৈরভিগুপ্তং রক্ষিতম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৬॥

শুষ্কবৃক্ষময় মহাবনে আগুন জ্বলিয়া উঠিলে, সূর্য্যের আলোকও যেমন অধিক হয়, সেইরূপ সেই মহাভীষণ সময়ে ভীষণ কৌরবসৈন্যের আলোকও অধিক হইল ॥২২॥

তখন আমাদের সৈন্য আলোকিত দেখিয়া পাণ্ডবেরাও সেইরূপই ত্বরান্বিত হইয়া আপন পদাতিসৈন্যগণকে প্রদীপ প্রজ্বলিত করিবার আদেশ করিলেন; পরে তাহারাও সমস্ত পাণ্ডবসৈন্যমধ্যে প্রদীপ প্রজ্বলিত করিল ॥২৩॥

তাহারা প্রত্যেক হাতীতে সাত সাতটা, প্রত্যেক রথে দশ দশটা, প্রত্যেক অশ্বে দুই দুইটা, এবং পার্শ্বে, ধ্বজে ও পশ্চাদ্ভাগে কতকগুলি করিয়া প্রদীপ প্রজ্বলিত করিল ॥২৪॥

অন্য পদাতিরা হস্তে প্রদীপ ধারণ করিয়া সমস্ত পাণ্ডবসৈন্যের পার্শ্বে, পিছনে, সম্মুখে, সকল দিকে এবং মধ্যদেশে আলোক উৎপাদন করিল ॥২৫॥

আবার উভয় সৈন্যেরই অন্যান্য পদাতিরা হস্তে প্রদীপ ধারণ করিয়া উভয় সৈন্যেরই মধ্যস্থানে বিচরণ করিতে লাগিল এবং সমস্ত সৈন্যেরই অপর পদাতিরা হস্তী, অশ্ব ও রথসমূহের সহিত মিলিত হইয়া আপনার সৈন্য ও পাণ্ডবসৈন্যদিগকে প্রকাশিত করিল ॥২৬॥

---

(২৩)…নিশম্য পার্থাঃ…পি বঙ্গ বৰ্দ্ধ।

তেন প্রদীপ্তেন তথা প্রদীপ্তং বলং তবাসীদ্বলবদ্বলেন।
ভাঃ কুর্ব্বতা ভানুমতা গ্রহেণ দিবাকরেণাগ্নিরিবাভিগুপ্তঃ ॥২৭॥
তয়োঃ প্রভাঃ পৃথিবীমন্তরীক্ষং সর্বা ব্যতিক্রম্য দিশশ্চ বৃদ্ধাঃ।
তেন প্রকাশেন ভৃশং প্রকাশং বভূব তেষাং তব চৈব সৈন্যম্ ॥২৮॥
তেন প্রকাশেন দিবং গতেন সংবোধিতা দেবগণাশ্চ রাজন্!।
গন্ধর্ব্বযক্ষাঃ সুরসিদ্ধসংঘা সমাগমন্নপ্সরসশ্চ সর্ব্বাঃ ॥২৯॥
তদ্দেবগন্ধর্বসমাকুলঞ্চ যক্ষাসুরেন্দ্রাপ্সরসাং গণৈশ্চ।
হতৈশ্চ শূরৈর্দিবমারুহদ্ভিরায়োধনং দিব্যকল্পং বভূব ॥৩০॥

ভারতকৌমুদী

তেনেতি। হে রাজন্! তব বলং সৈন্যসমুদায়ঃ, প্রদীপ্তেন প্রদীপপ্রভাভিরালোকিতেন, তেন বলেন হস্ত্যশ্বাদিনা বিশেষেণ, ভানুমতা অতিশয়েন কিরণবতা, অতএব ভা দীপ্তীঃ কুর্ব্বতা, দিবাকরেণ গ্রহেণ, অভিগুপ্তো রক্ষিতঃ প্রাচুর্য্যেণ প্রকাশিত ইত্যর্থঃ অগ্নিরিব, বলবৎ সাতিশয়ম্, তথা প্রদীপ্তমালোকিতমাসীৎ ॥২৭॥

তয়োরিতি। তয়োঃ সেনয়োঃ। ব্যতিক্রম্য অতীত্য, বৃদ্ধা অভবন্ ॥২৮॥

তেনেতি। দিবং গতেন আকাশোত্থিতেন, সংবোধিতা যুদ্ধদর্শনায় প্রোৎসাহিতাঃ ॥২৯॥

তদিতি। দেবৈর্গন্ধর্বৈশ্চ সমাকুলম্ উপরিষ্টাদ্ব্যাপ্তম্, যক্ষাসুরেন্দ্রাপ্সরসাং গণৈঃ, হতৈঃ অতএব দিবং স্বর্গমারুহদ্ভিরধিরোহদ্ভিঃ শূরৈশ্চ সমাকুলমিত্যনুবৃত্তিঃ, তৎ আয়োধনং রণস্থলম্, দিব্যকল্পং স্বর্গীয়তুল্যং বভূব, উপরিষ্টাদ্দেবাদিব্যাপ্তত্বাৎ ॥৩০॥

রাজা! মহাকিরণশালী ও দীপ্তিকারী সূর্য্যগ্রহের সংস্পর্শে অগ্নি যেমন অধিক উজ্জ্বল হয়, সেইরূপ আপনার সৈন্যও প্রদীপের প্রভায় উদ্ভাসিত হস্তী ও অশ্বপ্রভৃতির সংস্পর্শে অধিক উদ্ভাসিত হইল ॥২৭॥

ক্রমে উভয় সৈন্যের আলোকই সমরভূমি, আকাশ ও সমস্ত দিক্ অতিক্রম করিয়া বৃদ্ধি পাইল। সেই আলোকে পাণ্ডবসৈন্য ও আপনার সৈন্য অত্যন্ত আলোকিত হইল ॥২৮॥

রাজা! সেই আলোক আকাশে উঠিলে, দেবগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, সিদ্ধগণ এবং সমস্ত অপ্সরা যুদ্ধ দর্শন করিবার জন্য আগমন করিলেন ॥২৯॥

উপরে দেব, গন্ধর্ব্ব, যক্ষ, অসুর, অপ্সরা এবং যুদ্ধে নিহত স্বর্গারোহী বীরগণে পরিব্যাপ্ত সেই রণস্থল স্বর্গীয় রণস্থলের তুল্য হইল ॥৩০॥

---

(২৯)···দিবঙ্গমেন·· বৰ্দ্ধ।

রথাশ্বনাগাকুলদীপদীপ্তং সংরব্ধযোধাহতবিদ্রুতাশ্বম্।
মহদ্বলং ব্যূঢ়রথাশ্বনাগং সুরাসুরব্যূহসমং বভূব ॥৩১॥
তচ্ছক্তিসংঘাকুলচণ্ডবাতং মহারথাভ্রং গজবাজিঘোরম্।
শস্ত্রৌঘবর্ষং রুধিরাম্বুধারং নিশি প্রবৃত্তং রণদুর্দ্দিনং তৎ ॥৩২॥
তস্মিন্ মহাগ্নিপ্রতিমো মহাত্মা সন্তাপয়ন্ পাণ্ডবান্ বিপ্রমুখ্যঃ।
গভস্তিভির্মধ্যগতো যথার্কো বর্ষাত্যয়ে তদ্বদভূন্নরেন্দ্র! ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি ঘটোৎকচবধে দীপোদ্দ্যোতনে দ্বিচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

রথেতি। রথেষু অশ্বেষু নাগেষু গজেষু চ আকুলা ব্যাপ্তা যে দীপাস্তৈর্দীপ্তং প্রকাশিতম্, সংরব্ধৈঃ ক্রুদ্ধৈর্যোধৈরাহতা অতএব বিদ্রুতা দ্রুতং পলায়িতা অশ্বা যস্য তৎ, তথা ব্যূঢ়া ব্যূহরূপেণ স্থাপিতা রথা অশ্বা নাগা গজাশ্চ যস্য তৎ, মহদ্বলং বিশালং কুরুপাণ্ডবসৈন্যদ্বয়ম্, সুরাসুরব্যূহয়োঃ সমং সমানং বভূব ॥৩১॥

তদিতি। শক্তিসংঘঃ আকুলো ব্যাপী চণ্ডো মহাংশ্চ বাতো বায়ুরিব যত্র তৎ, মহারথা রথা অভ্রাণি মেঘা ইব যত্র তৎ, গজৈর্বাজিভিশ্চ ঘোরম্, শস্ত্রৌঘস্য বর্ষং বারিবর্ষমিব যত্র তৎ, তথা রুধিরাণি অম্বূনীব তেষাং ধারা যত্র তচ্চ, তৎ প্রসিদ্ধম্, তৎ প্রবৃত্তম্, রণো দুর্দ্দিনং মেঘাচ্ছন্নদিনমিব তৎ, নিশি রাত্রৌ প্রবৃত্তম্ ॥৩২॥

সেই বিশাল সৈন্য দুইটা দেবসৈন্য ও অসুরসৈন্যের সমান হইয়া গেল। তাহা—হস্তী, অশ্ব ও রথস্থিত দীপসমূহে আলোকিত ছিল, ক্রুদ্ধ যোদ্ধারা আঘাত করিলে অশ্বগণ তাহা হইতে বেগে পলায়ন করিতেছিল এবং তাহাতে হস্তী, অশ্ব ও রথ সকল ব্যূহরূপে সজ্জিত ছিল ॥৩১॥

সেই রাত্রির যুদ্ধটা মেঘাচ্ছন্ন দিনের ন্যায় হইয়া পড়িল। কারণ, তখন শক্তিসমূহ প্রবল বায়ুর তুল্য চলিতে লাগিল, বিশাল রথ সকল মেঘের ন্যায় বিচরণ করিতে থাকিল, বারিবর্ষণের তুল্য অস্ত্রবর্ষণ হইতে লাগিল এবং জলের ন্যায় রক্তের ধারা পড়িতে থাকিল; আর হস্তী ও অশ্বগণে তাহা ভীষণ হইয়া দাঁড়াইল ॥৩২॥

---

* '...একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব্রা, '... চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

প্রকাশিতে তদা লোকে রজসা তমসা বৃতে।
সমাজগ্মু রথো বীরাঃ পরস্পরবধৈষিণঃ ॥১॥
তে সমেত্য রণে রাজন্! শস্ত্রপ্রাসাসিধারিণঃ।
পরস্পরমুদৈক্ষন্ত পরস্পরকৃতাগসঃ ॥২॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। হে নরেন্দ্র! তস্মিন্ রণদুর্দ্দিনে, মহাগ্নিপ্রতিমো মহাত্মা চ, বিপ্রমুখ্যো দ্রোণঃ, পাণ্ডবান্ সন্তাপয়ন্, বর্ষাত্যয়ে শরদি, গগনস্থ মধ্যগতঃ অর্কঃ, গভস্তিভিঃ কিরণৈর্যথা ভবতি, বাণৈস্তদ্বদভূৎ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(::)———

প্রেতি। রজসা তমসা চ বৃতে লোকে তদা দীপৈঃ প্রকাশিতে সতীতি সম্বন্ধঃ ॥১॥

ত ইতি। পরস্পরং কৃতানি আগাংসি প্রহারাদিভিরপরাধা যৈস্তে ॥২॥

ভারতভাবদীপঃ

॥২০—২৬॥ তেন বলেন গজাদিনা প্রদীপ্তেন প্রদীপশালিনা, বলং চতুরঙ্গবলবদত্যর্থং প্রদীপ্তং প্রকাশিতমাসীদিত্যন্বয়ঃ। অভিতপ্তমুদ্দীপিতম্ ॥২৭॥ তয়োঃ সেনয়োঃ ॥২৮—২৯॥ দিব্যকল্প-মম্ভুতোপমম্ ॥৩০॥ রথনাগাদীনাং কুলদীপৈর্দীপ্তম্ ॥৩১॥ আকুলেতি চণ্ডবাতবিশেষণম্ ॥৩২-৩৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪২॥

রাজা! ক্রমে শরৎকালে আকাশমধ্যবর্ত্তী সূর্য্য যেমন কিরণদ্বারা জগৎ সন্তপ্ত করেন, সেইরূপ বিশাল অগ্নির তুল্য তেজস্বী মহাত্মা দ্রোণ বাণদ্বারা পাণ্ডবগণকে সন্তপ্ত করিতে লাগিলেন' ॥৩৩॥

———:০:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তখন ধূলিজালে ও অন্ধকারে আবৃত লোক সকল দীপের আলোকে আলোকিত হইলে, উভয়পক্ষের বীরেরাই পরস্পর-বধৈষী হইয়া পরস্পরমিলিত হইতে লাগিলেন ॥১॥

রাজা! প্রাস, তরবারি ও অন্যান্য অস্ত্রধারী এবং পরস্পর অপরাধী সেই বীরেরা রণস্থলে অগ্রসর হইয়া পরস্পর দর্শন করিতে থাকিলেন ॥২॥

প্রদীপানাং সহস্রৈশ্চ দীপ্যমানৈঃ সমন্ততঃ।
বিররাজ তদা ভূমির্গ্রহৈর্দ্যৌরিব ভারত! ॥৩॥
উল্কাশতৈঃ প্রজ্বলিতৈ রণভূমির্ব্যরোচত।
দহ্যমানেব লোকানামভাবে চ বসুন্ধরা ॥৪॥
প্রাদীপ্যন্ত দিশঃ সর্ব্বাঃ প্রদীপৈস্তৈঃ সমন্ততঃ।
বর্ষাপ্রদোষে খদ্যোতৈর্বৃতা বৃক্ষা ইবাবভুঃ ॥৫॥
অসজ্জন্ত ততো বীরা বীরেষ্বেব পৃথক্ পৃথক্।
নাগা নাগৈঃ সমাজগ্মুস্তুরগাঃ সহ বাজিভিঃ ॥৬॥
রথা রথিবরৈরেব সমাজগ্মুর্মুদান্বিতাঃ।
তস্মিন্ রাত্রিমুখে ঘোরে তব পুত্রস্য শাসনাৎ ॥৭॥

ভারতকৌমুদী

প্রদীপানামিতি। ভূমিঃ সমরাঙ্গনম্, দ্যৌরাকাশম্ ॥৩॥
উল্কেতি। দহ্যমানা প্রলয়াগ্নিনা, অভাবে ধ্বংসে প্রলয়কালে ॥৪॥
প্রেতি। প্রাদীপ্যন্ত আলোকিতা অভবন্। আবভুস্তা দিশ ইতি শেষঃ ॥৫॥
অসজ্জন্তেতি। অসজ্জন্ত মিলিতা অভবন্। নাগা গজাঃ, নাগৈর্গজৈঃ সহ ॥৬॥
রথা ইতি। রথা রথিনঃ। তব পুত্রস্য দুর্য্যোধনস্য, শাসনাদাদেশাৎ ॥৭॥

ভরতনন্দন! তখন সকল দিকেই প্রজ্বলিত সহস্র সহস্র দীপের আলোকে সমরভূমিটা—গ্রহগণদ্বারা আকাশের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৩॥

প্রলয়কালে অগ্নি দগ্ধ করিতে লাগিলে পৃথিবী যেমন আলোকিত হয়, সেইরূপ প্রজ্বলিত শত শত উল্কার (মশালের) আলোকে রণভূমি আলোকিত হইল ॥৪॥

সকল দিকের সেই সকল প্রদীপের আলোকে সকল দিক্ই আলোকিত হইল। তখন বর্ষাকালের প্রদোষসময়ে খদ্যোতাবৃত বৃক্ষসমূহের ন্যায় সেই দিক্‌গুলি প্রকাশ পাইতে থাকিল ॥৫॥

তাহার পর বীরেরা পৃথক্ পৃথক্‌ভাবে বীরগণের সহিত মিলিত হইতে লাগিলেন এবং হস্তীরা হস্তিগণের সহিত ও অশ্বেরা অশ্বদের সহিত সংযুক্ত হইতে থাকিল ॥৬॥

আর সেই ভয়ঙ্কর প্রদোষকালে আপনার পুত্রের আদেশে রথীরা আনন্দিত হইয়া প্রধান রথীদের সহিতই মিলিত হইতে লাগিলেন ॥৭॥

(৪)···রণভূমির্ব্যরাজত··· পি বা নি। (৬)···স্তুরগা হয়সাদিভিঃ···বা নি।

ততোঽর্জ্জুনো মহারাজ! কৌরবাণামনীকিনীম্।
ব্যধমত্ত্বরয়া যুক্তঃ ক্ষপয়ন্ সর্ব্বপার্থিবান্ ॥৮॥

ধৃতরাষ্ট্র উবাচ।

তস্মিন্ প্রবিষ্টে সংরব্ধে মম পুত্রস্য বাহিনীম্।
অমৃষ্যমাণে দুর্দ্ধর্ষে কথমাসীন্মনো হি বঃ ॥৯॥
কিমকুর্ব্বত সৈন্যানি প্রবিষ্টে শ্বেতবাহনে।
দুর্য্যোধনশ্চ কিং কৃত্যং প্রাপ্তকালমমন্যত ॥১০॥
কে চৈনং সমরে বীরং প্রত্যুদ্যযুররিন্দমাঃ।
কেঽরক্ষন্ দক্ষিণং চক্রং কে চ দ্রোণস্য সব্যতঃ ॥১১॥
কে পৃষ্ঠতশ্চাপ্যভবন্ বীরা বীরস্য যুধ্যতঃ।
কে পুরস্তাদগচ্ছন্ত নিঘ্নতঃ শাত্রবান্ রণে ॥১২॥
যৎ প্রাবিশন্মহেষ্বাসঃ পাঞ্চালানপরাজিতঃ।
নৃত্যন্নিব নরব্যাঘ্রো রথমার্গেষু বীর্য্যবান্ ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। অনীকিনীং সেনাম্। ব্যধমৎ বানাশয়ৎ। ক্ষপয়ন্ নাশয়ন্ ॥৮॥
তস্মিন্নিতি। সংরব্ধে সোৎসাহে। অমৃষ্যমাণে শত্রুনসহমানে। কথং কীদৃক্ ॥৯॥
কিমিতি। সৈন্যানি মদীয়ানি। শ্বেতবাহনে অর্জ্জুনে। প্রাপ্তকালং তৎকালোচিতম্ ॥১০॥
ক ইতি। এনমর্জ্জুনম্। চক্রং সৈন্যসমূহম্। সব্যতো বামং চক্রম্ ॥১১॥
ক ইতি। পৃষ্ঠতো গামিনঃ। বীরস্য দ্রোণস্য, যুধ্যতো যুধ্যমানস্য ॥১২॥

মহারাজ! তদনন্তর অর্জ্জুন ত্বরান্বিত হইয়া কৌরবপক্ষের রাজগণকে বিনাশ করতঃ কৌরবসৈন্য বিধ্বস্ত করিতে লাগিলেন' ॥৮॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! উৎসাহী, অসহিষ্ণু ও দুর্দ্ধর্ষ অর্জ্জুন আমার পুত্রের সৈন্যমধ্যে প্রবেশ করিলে, তোমাদের মন কিরূপ হইয়াছিল? ॥৯॥

অর্জ্জুন প্রবেশ করিলে, আমার সৈন্যেরা কি করিল? দুর্য্যোধনই বা কোন্ কার্য্যকে তৎকালোচিত বলিয়া মনে করিলেন? ॥১০॥

কৌরবপক্ষের কোন্ বীরেরাই বা অর্জ্জুনের অভিমুখগামী হইলেন? কাঁহারাই বা দ্রোণের দক্ষিণ চক্র এবং কাঁহারাই বা তাঁহার বাম চক্র রক্ষা করিতে থাকিলেন? ॥১১॥

বীর দ্রোণ যুদ্ধ করিতে থাকিয়া শত্রুসংহার করিতে থাকিলে, কাঁহারা তাঁহার পৃষ্ঠগামী হইলেন? কাঁহারাই বা তাঁহার অগ্রে গমন করিলেন? ॥১২॥

(১০) কিমমন্যন্ত···বর্দ্ধ,··· প্রবিষ্টে পরপীড়নে···বা নি।

যো দদাহ শরৈর্দ্রোণঃ পাঞ্চালানাং রথব্রজান্।
ধূমকেতুরিব ক্রুদ্ধঃ কথং মৃত্যুমুপেয়িবান্ ॥১৪॥ (যুগ্মকম্)
অব্যগ্রানেব হি পরান্ কথয়স্যপরাজিতান্।
হৃষ্টানুদীর্ণান্ সংগ্রামে ন তথা সূত! মামকান্ ॥১৫॥
হতাংশ্চৈব বিদীর্ণাংশ্চ বিপ্রকীর্ণাংশ্চ শংসসি।
রথিনো বিরথাংশ্চৈব কৃতান্ যুদ্ধেষু মামকান্ ॥১৬॥

সঞ্জয় উবাচ।

দ্রোণস্য মতমাজ্ঞায় যুদ্ধকামস্য তাং নিশাম্।
দুর্য্যোধনো মহারাজ! বশ্যান্ ভ্রাতৄনুবাচ হ ॥১৭॥
বিকর্ণং চিত্রসেনঞ্চ মহাবাহুঞ্চ কৌরবম্।
দুর্দ্ধর্ষং দীর্ঘবাহুঞ্চ যে চ তেষাং পদানুগাঃ ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যদিতি। যং যঃ, মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো দ্রোণঃ। উপেয়িবান্ স প্রাপ্তবান্ ॥১৩—১৪॥
অব্যগ্রানিতি। অব্যগ্রান্ অনাকুলান্। উদীর্ণান্ সোৎসাহান্ ॥১৫॥
হতানিতি। বিদীর্ণান্ ক্ষতবিক্ষতীকৃতান্, বিপ্রকীর্ণান্ সংযচ্যুতান্ ॥১৬॥
দ্রোণস্যেতি। তাং নিশামিত্যত্যন্তসংযোগে দ্বিতীয়া। পদানুগা অনুচরাঃ ॥১৭—১৮॥

বলবান্, মহাধনুর্দ্ধর ও অপরাজিত যে নরশ্রেষ্ঠ দ্রোণ রথপথে নৃত্য করিতে থাকিয়াই যেন পাঞ্চালসৈন্যমধ্যে প্রবেশ করিয়াছিলেন এবং যে দ্রোণ ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা ধূমকেতুর ন্যায় পাঞ্চালদিগের রথিগণকে দগ্ধ করিতেছিলেন, সেই দ্রোণ কি প্রকারে মৃত্যুমুখে পতিত হইলেন? ॥১৩—১৪॥

সঞ্জয়! তুমি বিপক্ষদিগকে যুদ্ধে যেরূপ অনাকুল, অপরাজিত, আনন্দিত ও উৎসাহী বলিয়া থাক; আমার পক্ষের যোদ্ধাদিগকে ত সেরূপ বল না ॥১৫॥

তুমি আমার পক্ষের যোদ্ধাদিগকে যুদ্ধে নিহত, বিদীর্ণ, বিক্ষিপ্ত এবং রথীদিগকে বিরথীকৃত বলিয়া থাক' ॥১৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই রাত্রিতে দুর্য্যোধন যুদ্ধাভিলাষী দ্রোণের মত জানিয়া বিকর্ণ, চিত্রসেন, মহাবাহু, দুর্দ্ধর্ষ ও দীর্ঘবাহু এই কয় জন বশীভূত ভ্রাতাকে এবং যাঁহারা তাঁহাদের অনুচর ছিলেন, সেই বীরগণকে এই কথা বলিলেন— ॥১৭—১৮॥

---

(১৫)···কথয়স্য পরাজিতান্···পি বঙ্গ বর্দ্ধ।

দ্রোণং যত্তাঃ পরাক্রান্তাঃ সর্ব্বে রক্ষত পৃষ্ঠতঃ।
হার্দ্দিক্যো দক্ষিণং চক্রং শল্যশ্চৈবোত্তরং তথা ॥১৯॥
ত্রিগর্ত্তানাঞ্চ যে শূরা হতশিষ্টা মহারথাঃ।
তাংশ্চৈব পুরতঃ সর্ব্বান্ পুত্রস্তে সমচোদয়ৎ ॥২০॥
আচার্য্যো হি সুসংযত্তো ভৃশং যত্তাশ্চ পাণ্ডবাঃ।
তং রক্ষত সুসংযত্তা নিঘ্নন্তং শাত্রবান্ রণে ॥২১॥
দ্রোণো হি বলবান্ যুদ্ধে ক্ষিপ্রহস্তঃ প্রতাপবান্।
নির্জ্জয়েত্রিদশান্ ক্রুদ্ধঃ কিমু পার্থান্ সসোমকান্ ॥২২॥
তে যূয়ং সহিতাঃ সর্ব্বে ভৃশং যত্তা মহারথাঃ!।
দ্রোণং রক্ষত পাঞ্চালাদ্ধৃষ্টদ্যুম্নান্মহাবলাৎ ॥২৩॥

ভারতকৌমুদী

দ্রোণমিতি। যত্তা যত্নবন্তঃ। হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা। উত্তরং বামং চক্রং রক্ষতু ॥১৯॥
ত্রিগর্ত্তানামিতি। পুরতো দ্রোণস্যাগ্রতো গমনায়। সমচোদয়ৎ প্রৈরয়ৎ ॥২০॥
আচার্য্য ইতি। সুসংযত্তো যুদ্ধায়াতীবযত্নবান্। যত্তা যত্নবন্তঃ স্থিতাঃ ॥২১॥
কুত এতদিত্যাহ দ্রোণ ইতি। হি যস্মাৎ। নির্জ্জয়েৎ নির্জ্জেতুং শক্নুয়াৎ ॥২২॥
ত ইতি। যত্তা যত্নবন্তঃ সন্তঃ ॥২৩॥

'পরাক্রমশালী তোমরা সকলে যত্নবান্ হইয়া পৃষ্ঠদিক্ হইতে দ্রোণকে রক্ষা করিতে থাক, আর কৃতবর্ম্মা উঁহার দক্ষিণ চক্র রক্ষা করুন এবং শল্য বাম চক্র রক্ষা করিতে থাকুন' ॥১৯॥

রাজা! আর ত্রিগর্ত্তদিগের মধ্যে যে সকল হতাবশিষ্ট মহারথ বীর ছিলেন, আপনার পুত্র তাঁহাদের সকলকে দ্রোণের সম্মুখে যাইতে আদেশ করিলেন (এবং বলিলেন—) ॥২০॥

'আচার্য্যও যুদ্ধে অত্যন্ত যত্নবান্ হইয়াছেন, আবার পাণ্ডবেরাও অতিশয় যত্নশীল রহিয়াছে। অতএব আচার্য্য যখন যুদ্ধে শত্রুসংহার করিতে থাকিবেন, তখন তোমরা অত্যন্ত যত্নশীল হইয়া তাঁহাকে রক্ষা করিও ॥২১॥

কারণ, বলবান্, ক্ষিপ্রহস্ত ও প্রতাপশালী দ্রোণ ক্রুদ্ধ হইয়া যুদ্ধে দেবগণকেও জয় করিতে পারেন; তাহাতে সোমকগণের সহিত পাণ্ডবগণের কথা আর কি বলিব ॥২২॥

অতএব মহারথগণ! আপনারা সকলে সম্মিলিত ও বিশেষ যত্নবান্ হইয়া মহাবল পাঞ্চাল ধৃষ্টদ্যুম্ন হইতে দ্রোণকে রক্ষা করুন ॥২৩॥

(১৯)…সর্ব্বে রক্ষন্ত পৃষ্ঠতঃ…বা নি।

পাণ্ডবীয়েষু সৈন্যেষু ন তং পশ্যামি কঞ্চন।
যো যোধয়েদ্রণে দ্রোণং ধৃষ্টদ্যুম্নাদৃতে নৃপাঃ! ॥২৪॥
তস্মাৎ সর্ব্বাত্মনা মন্যে ভারদ্বাজস্য রক্ষণম্।
স গুপ্তঃ পাণ্ডবান্ হন্যাৎ সৃঞ্জয়াংশ্চ সসোমকান্ ॥২৫॥
সৃঞ্জয়েষ্বথ সর্ব্বেষু নিহতেষু চমূমুখে।
ধৃষ্টদ্যুম্নং রণে দ্রৌণির্নাশয়িষ্যত্যসংশয়ম্ ॥২৬॥
তথার্জ্জুনঞ্চ রাধেয়ো বিজেষ্যতি মহারথঃ।
ভীমসেনমহঞ্চাপি যুদ্ধে জেষ্যামি দংশিতম্।
শেষাংশ্চ পাণ্ডবান্ যোধাঃ প্রসভং হীনতেজসঃ ॥২৭॥
সোঽয়ং জয়ো মম ব্যক্তোঽদীর্ঘকালং ভবিষ্যতি।
তস্মাদ্রক্ষত সংগ্রামে দ্রোণমেব মহারথম্ ॥২৮॥

ভারতকৌমুদী

পাণ্ডবীয়েম্বিতি। তং তাদৃশম্। ঋতে বিনা ॥২৪॥
তস্মাদিতি। সর্ব্বাত্মনা সর্ব্বপ্রযত্নেন। রক্ষণং কর্ত্তব্যমিতি শেষঃ। গুপ্তো রক্ষিতঃ ॥২৫॥
সৃঞ্জয়েম্বিতি। চমূমুখে সেনাগ্রে। দ্রৌণিরশ্বত্থামা ॥২৬॥
তথেতি। রাধেয়ঃ কর্ণঃ। দংশিতং সন্নদ্ধম্। প্রসভং বলেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥
স ইতি। অদীর্ঘকালমদীর্ঘকালমধ্য এব। অত্যন্তসংযোগে দ্বিতীয়া ॥২৮॥

ভারতভাবদীপঃ

প্রকাশিত ইতি ॥১—১৭॥ মহাবাহং নাম্না ॥১৮—২৪॥ তস্মাদ্ধেতোঃ ধৃষ্টদ্যুম্নাদ্ধা ॥২৫—৩৪॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৩॥

রাজগণ! পাণ্ডবসৈন্যমধ্যে এক ধৃষ্টদ্যুম্ন ব্যতীত অন্য সেরূপ কাহাকেও আমি দেখি না, যিনি রণস্থলে দ্রোণের সহিত যুদ্ধ করিতে পারেন ॥২৪॥

অতএব আমি মনে করি—সর্ব্বপ্রযত্নে দ্রোণকে রক্ষা করাই উচিত। তিনি রক্ষিত থাকিয়া পাণ্ডব, সৃঞ্জয় ও সোমকদিগকে সংহার করিবেন ॥২৫॥

তা'র পর সৈন্যসম্মুখে সৃঞ্জয়প্রভৃতি সকলে নিহত হইলে, নিশ্চয়ই অশ্বত্থামা যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে বধ করিবেন ॥২৬॥

এবং মহারথ কর্ণ অর্জ্জুনকে জয় করিবেন, আমি যুদ্ধসজ্জায় সজ্জিত ভীমকে জয় করিব এবং আমার অপর যোদ্ধারা বলপূর্ব্বক অবশিষ্ট দুর্ব্বল পাণ্ডবদিগকে জয় করিবেন ॥২৭॥

(২৭)···পাণ্ডবান্ গোপাঃ···পি বর্দ্ধ।

ইত্যুক্ত্বা ভরতশ্রেষ্ঠ ! পুত্রো দুর্য্যোধনস্তব ।
ব্যাদিদেশ তদা সৈন্যং তস্মিংস্তমসি দারুণে ॥২৯॥
ততঃ প্রববৃতে যুদ্ধং রাত্রৌ ভরতসত্তম ! ।
উভয়োঃ সেনয়োর্ঘোরং পরস্পরজিগীষয়া ॥৩০॥
অর্জ্জুনঃ কৌরবং সৈন্যমর্জ্জুনঞ্চাপি কৌরবাঃ ।
নানাশস্ত্রসমাবায়ৈরন্যোন্যং সমপীড়য়ন্ ॥৩১॥
দ্রৌণিঃ পাঞ্চালরাজঞ্চ ভারদ্বাজশ্চ সৃঞ্জয়ান্ ।
ছাদয়াঞ্চাসতুঃ সংখ্যে শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩২॥
পাণ্ডুপাঞ্চালসৈন্যানাং কৌরবাণাঞ্চ ভারত ! ।
আসীন্নিষ্টানকো ঘোরো নিঘ্নতামিতরেতরম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

ইতীতি । দারুণে তমসি দারুণতমঃসময়ে রাত্রৌ । তেন ন দীপালোকবিরোধঃ ॥২৯॥
তত ইতি । পরস্পরজিগীষয়া অন্যোন্যং জেতুমিচ্ছয়া ॥৩০॥
অর্জ্জুন ইতি । নানাশস্ত্রাণাং সমাবায়ৈঃ সমূহৈঃ ॥৩১॥
দ্রৌণিরিতি । দ্রৌণিরশ্বত্থামা, পাঞ্চালরাজং দ্রুপদম্, ভারদ্বাজো দ্রোণঃ ॥৩২॥
পাণ্ডিতি । নিষ্টানকঃ কোলাহলঃ । নিপূর্ব্বকষ্টনধাতোর্ঘঞি স্বার্থে কঃ ॥৩৩॥

অতএব নিশ্চয়ই অদীর্ঘকালমধ্যে আমার এই জয় হইবে। সুতরাং আপনারা যুদ্ধে মহারথ দ্রোণকেই রক্ষা করিতে থাকুন' ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ ! এই কথা বলিয়া আপনার পুত্র দুর্য্যোধন সেই দারুণ অন্ধকারের সময়ে (রাত্রিতে) যুদ্ধ করিবার জন্য সৈন্যগণকে আদেশ করিলেন ॥২৯॥

ভরতবংশপ্রধান ! তাহার পর সেই রাত্রিতে পরস্পর জয় করিবার ইচ্ছায় উভয় সৈন্যের ভয়ঙ্কর যুদ্ধ আরম্ভ হইল ॥৩০॥

তখন অর্জ্জুন কৌরবসৈন্যকে এবং কৌরবেরাও অর্জ্জুনকে নানাবিধ অস্ত্রসমূহদ্বারা পরস্পর পীড়ন করিতে লাগিলেন ॥৩১॥

ক্রমে অশ্বত্থামা দ্রুপদকে এবং দ্রোণ সৃঞ্জয়গণকে নতপর্ব বাণসমূহদ্বারা আবৃত করিয়া ফেলিলেন ॥৩২॥

ভরতনন্দন ! তখন পরস্পর প্রহারকারী পাণ্ডব, পাঞ্চাল ও কৌরবসৈন্যগণের ভয়ঙ্কর কোলাহল হইতে লাগিল ॥৩৩॥

---

(২৯)···তথা সৈন্যম্···বা নি। (৩২)· ·ছাদয়াঞ্চক্রিরে সংখ্যে···বা নি।

নৈবাস্মাভির্ন বা পূর্ব্বৈর্দৃষ্টপূর্ব্বং তথাবিধম্।
শ্রুতং বা যাদৃশং যুদ্ধমাসীদ্রাত্রৌ ভয়ানকম্ ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে ত্রিচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(ঃ*ঃ)———

চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

————ঃ০ঃ————

সঞ্জয় উবাচ।

বর্ত্তমানে তথা রৌদ্রে রাত্রিযুদ্ধে বিশাংপতে!।
সর্ব্বভূতক্ষয়করে ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥১॥
অব্রবীৎ পাণ্ডবাংশ্চৈব পাঞ্চালাংশ্চৈব সোমকান্।
অভিদ্রবত সংযাত দ্রোণমেব জিঘাংসয়া ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

নেতি। পূর্ব্বৈঃ প্রাচীনৈর্জ্জনৈঃ। তথাবিধং যুদ্ধম্ ॥৩৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

————ঃ০ঃ————

বর্ত্তেতি। রৌদ্রে ভীষণে। অভিদ্রবত অভিধাবত, সংযাত প্রাপ্নুত ॥১—২॥

রাজা! সেই রাত্রিতে যেরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল, সেরূপ যুদ্ধ আমরা বা প্রাচীনেরা পূর্ব্বে কখনও দেখি নাই বা দেখেন নাই, কিংবা শুনি নাই বা শোনেন নাই' ॥৩৪॥

————ঃ*ঃ————

সঞ্জয় বলিলেন—'নরনাথ! সর্ব্বপ্রাণীর ক্ষয়জনক সেই ভীষণ রাত্রিযুদ্ধ চলিতে লাগিলে, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির—পাণ্ডব, পাঞ্চাল ও সোমক সৈন্যগণকে

(৩৪)···যুদ্ধং যাদৃশমেবাসীত্তাং রাত্রিং সুভয়াবহম্—নি। * '···দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, ···'চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা প্র, '···পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

(২) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'মনুষ্যহয়নাগানামভাবায় নরাধিপ!। যুধিষ্ঠিরোঽব্রবীদ্রাজা স্বান্ যোধান্ মনুজাধিপ!'। ইতি পাঠঃ পি বর্দ্ধ।

রাজ্ঞস্তে বচনাদ্রাজন্! পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা।
দ্রোণমেবাভ্যবর্ত্তন্ত নদন্তো ভৈরবান্ রবান্ ॥৩॥
তান্ বয়ং প্রতিগর্জন্তঃ প্রত্যুদ্যাতা হ্যমর্ষিতাঃ।
যথাশক্তি যথোৎসাহং যথাসত্ত্বঞ্চ সংযুগে ॥৪॥
কৃতবর্ম্মা তু হার্দ্দিক্যো যুধিষ্ঠিরমুপাদ্রবৎ।
দ্রোণং প্রতি সমায়ান্তং মত্তো মত্তমিব দ্বিপম্ ॥৫॥
শৈনেয়ং শরবর্ষাণি বিকিরন্তং সমন্ততঃ।
অভ্যয়াৎ কৌরবো রাজন্! ভূরিঃ সংগ্রামমূর্দ্ধনি ॥৬॥
সহদেবমথায়ান্তং দ্রোণপ্রেপ্সুং মহারথম্।
কর্ণো বৈকর্ত্তনো রাজন্! বারয়ামাস পাণ্ডবম্ ॥৭॥

ভারতকৌমুদী

রাজ্ঞ ইতি। রাজ্ঞো যুধিষ্ঠিরস্য। অভ্যবর্ত্তন্ত অভ্যধাবন্, নদন্তঃ কুর্ব্বন্তঃ ॥৩॥
তানিতি। অমর্ষিতা জাতক্রোধাঃ। যথাসত্ত্বং যথাধ্যবসায়ম্ ॥৪॥
কৃতেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ, উপাদ্রবৎ অভ্যধাবৎ। মত্তো দ্বিপঃ ॥৫॥
শৈনেয়মিতি। শৈনেয়ং সাত্যকিম্, বিকিরন্তং নিক্ষিপন্তম্ ॥৬॥
সহেতি। দ্রোণং প্রেপ্সুং প্রাপ্তুমিচ্ছুম্। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ ॥৭॥

বলিলেন—'তোমরা বধ করিবার ইচ্ছায় দ্রোণের দিকেই ধাবিত হও এবং উহার নিকটে যাও' ॥১—২॥

রাজা! যুধিষ্ঠিরের আদেশক্রমে সেই পাঞ্চাল ও সৃঞ্জয়গণ ভীষণ গর্জ্জন করিতে করিতে দ্রোণের দিকেই ধাবিত হইল ॥৩॥

এই সময়ে আমরাও শক্তি, উৎসাহ ও অধ্যবসায় অনুসারে প্রতিগর্জন করিতে করিতে রণস্থলে তাহাদের প্রতি গমন করিলাম ॥৪॥

মত্ত হস্তী যেমন অপর মত্ত হস্তীর দিকে গমন করে, সেইরূপ যুধিষ্ঠির দ্রোণের দিকে আসিতে লাগিলে, হৃদিকপুত্র কৃতবর্ম্মা তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫॥

রাজা! সাত্যকি সকল দিকে বাণবর্ষণ করিতেছিলেন; তখন কুরুবংশীয় ভূরি তাঁহার অভিমুখে গমন করিলেন ॥৬॥

রাজা! মহারথ সহদেব দ্রোণের দিকে আসিতেছিলেন, তখন সূর্য্যপুত্র কর্ণ তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥৭॥

(৪)·· স্বমর্ষিতাঃ···পি।

ভীমসেনমথায়ান্তং ব্যাদিতাস্যমিবান্তকম্।
স্বয়ং দুর্য্যোধনো রাজা প্রতীপং মৃত্যুমাব্রজৎ ॥৮॥
নকুলঞ্চ যুধাং শ্রেষ্ঠং সর্ব্বযুদ্ধবিশারদম্।
শকুনিঃ সৌবলো রাজন্! বারয়ামাস সত্বরঃ ॥৯॥
শিখণ্ডিনমথায়ান্তং রথেন রথিনাং বরম্।
কৃপঃ শারদ্বতো রাজন্! বারয়ামাস সংযুগে ॥১০॥
প্রতিবিন্ধ্যমথায়ান্তং ময়ূরসদৃশৈর্হয়ৈঃ।
দুঃশাসনো মহারাজ! যত্তো যত্তমবারয়ৎ ॥১১॥
ভৈমসেনিমথায়ান্তং মায়াশতবিশারদম্।
অশ্বত্থামা পিতুর্মানং কুর্ব্বাণঃ প্রত্যবেধয়ৎ ॥১২॥
দ্রুপদং বৃষসেনস্তু সসৈন্যং সপদানুগম্।
বারয়ামাস সমরে দ্রোণপ্রেপ্সুং মহারথম্ ॥১৩॥

ভারতকৌমুদী

ভীমেতি। ব্যাদিতাস্যং প্রকটিতমুখম্। প্রতীপং প্রতিকূলম্, মৃত্যুমিব ॥৮॥
নকুলমিতি। যুধ্যন্ত ইতি যুধঃ কর্ত্তরি কিপ্, তেষাম্ ॥৯॥
শিখণ্ডিনমিতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ ॥১০॥
প্রতীতি। প্রতিবিন্ধ্যং তদাখ্যং যুধিষ্ঠিরপুত্রম্। যত্তো যত্নবান্, যত্তং যত্নবন্তম্ ॥১১॥
ভৈমেতি। ভৈমসেনিং ভীমসেনপুত্রং ঘটোৎকচম্ ॥১২॥

বিবৃতবদন যমের ন্যায় ভীমসেন আসিতে লাগিলে, রাজা দুর্য্যোধন স্বয়ং প্রতিকূল মৃত্যুর তুল্য সেই ভীমসেনের দিকে গমন করিলেন ॥৮॥

রাজা! সর্ব্বযুদ্ধবিশারদ যোদ্ধৃশ্রেষ্ঠ নকুল আসিতে থাকিলে, সুবলপুত্র শকুনি ত্বরান্বিত হইয়া তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৯॥

নরনাথ! রথিশ্রেষ্ঠ শিখণ্ডী রথারোহণে আসিতে লাগিলে, শরদ্বানের পুত্র কৃপ তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১০॥

মহারাজ! প্রতিবিন্ধ্য যুদ্ধে যত্নবান্ হইয়া ময়ূরের তুল্য নীলবর্ণ ঘোটক-চালিত রথে আগমন করিতে থাকিলে, দুঃশাসনও সযত্নে তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১১॥

বহুমায়াবিশারদ ঘটোৎকচ আসিতে থাকিলে, অশ্বত্থামা তাঁহার পিতার গৌরব রক্ষা করিবার জন্য তাহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১২॥

(১০)…আয়ান্তং দ্রোণপ্রেপ্সুং মহারথম্…বর্দ্ধ। (১২)…মহারাজ! রাক্ষসং প্রত্যবেধয়ৎ—বা নি।

বিরাটং দ্রুতমায়ান্তং দ্রোণস্য নিধনং প্রতি।
মদ্ররাজঃ সুসংক্রুদ্ধো বারয়ামাস ভারত! ॥১৪॥
শতানীকমথায়ান্তং নাকুলিং রভসং রণে।
চিত্রসেনো রুরোধাশু শরৈর্দ্রোণপরীপ্সয়া ॥১৫॥
অর্জ্জুনঞ্চ যুধাং শ্রেষ্ঠং প্রাদ্রবন্তং মহারথম্।
অলায়ুধো মহারাজ! রাক্ষসেন্দ্রো ন্যবারয়ৎ ॥১৬॥
তথা দ্রোণং মহেষ্বাসং নিঘ্নন্তং শাত্রবান্ রণে।
ধৃষ্টদ্যুম্নোঽথ পাঞ্চাল্যো হৃষ্টরূপমবারয়ৎ ॥১৭॥
তথান্যান্ পাণ্ডুপুত্রাণাং সমায়াতান্ মহারথান্।
তাবকা রথিনো রাজন্! বারয়ামাসুরোজসা ॥১৮॥

ভারতকৌমুদী

দ্রুপদমিতি। বৃষসেনঃ কর্ণপুত্রঃ, সপদানুগম্ অনুচরসহিতম্ ॥১৩॥
বিরাটমিতি। নিধনং প্রতি বধমুদ্দিশ্য। মদ্ররাজঃ শল্যঃ ॥১৪॥
শতেতি। নাকুলিং নকুলপুত্রম্, রভসং হৃষ্টম্। দ্রোণস্য পরীপ্সয়া রক্ষেচ্ছয়া ॥১৫॥
অর্জ্জুনমিতি। প্রাদ্রবন্তং দ্রোণমভিধাবন্তম্ ॥১৬॥
তথেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যস্য তম্ ॥১৭॥
তথেতি। তাবকাস্তব পক্ষীয়াঃ। ওজসা বলেন ॥১৮॥

মহারথ দ্রুপদরাজা সৈন্য ও অনুচরগণের সহিত দ্রোণের দিকে যাইবার ইচ্ছা করিলে, বৃষসেন তাঁহাকে বারণ করিতে লাগিলেন ॥১৩॥

ভরতনন্দন! বিরাটরাজা দ্রোণকে বধ করিবার জন্য দ্রুত আগমন করিতে লাগিলে, শল্য ক্রুদ্ধ হইয়া তাঁহাকে বারণ করিতে থাকিলেন ॥১৪॥

হৃষ্টচিত্ত নকুলনন্দন শতানীক যুদ্ধে আসিতেছিলেন, তখন চিত্রসেন দ্রোণকে রক্ষা করিবার ইচ্ছায় বাণদ্বারা সত্বর তাঁহাকে রুদ্ধ করিলেন ॥১৫॥

মহারাজ! মহারথ ও যোদ্ধৃশ্রেষ্ঠ অর্জ্জুন দ্রোণের দিকে ধাবিত হইয়াছিলেন, তখন রাক্ষসশ্রেষ্ঠ অলায়ুধ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইল ॥১৬॥

আবার হৃষ্টচিত্ত মহাধনুর্দ্ধর দ্রোণ যুদ্ধে শত্রুসংহার করিতেছিলেন, তৎকালে পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন তাঁহাকে নিবারণ করিতে লাগিলেন ॥১৭॥

রাজা! এবং পাণ্ডবপক্ষের অন্যান্য মহারথেরা আসিতে থাকিলে, আপনার পক্ষের রথীরা বলপূর্ব্বক তাঁহাদিগকে বারণ করিতে থাকিলেন ॥১৮॥

---

(১৬)…অলম্বুষো মহারাজ!…পি বঙ্গ বর্দ্ধ বা।

গজারোহা গজৈস্তূর্ণং সন্নিপত্য মহামৃধে।
যোধয়ন্তঃ স্ম দৃশ্যন্তে শতশোঽথ সহস্রশঃ ॥১৯॥
নিশীথে তুরগা রাজন্নাদ্রবন্তঃ পরস্পরম্।
সমদৃশ্যন্ত বেগেন পক্ষবন্তো যথাদ্রয়ঃ ॥২০॥
সাদিনঃ সাদিভিঃ সার্দ্ধং প্রাসশক্ত্যৃষ্টিপাণয়ঃ।
সমাগচ্ছন্ মহারাজ! বিনদন্তঃ পৃথক্ পৃথক্ ॥২১॥
নরাস্তু বহবস্তত্র সমাজগ্মুঃ পরস্পরম্।
গদাভির্মুষলৈশ্চৈব নানাশস্ত্রৈশ্চ সংযুগে ॥২২॥
কৃতবর্ম্মা তু হার্দ্দিক্যো ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্।
বারয়ামাস সংক্রুদ্ধো বেলেবোদ্ধৃতমর্ণবম্ ॥২৩॥
যুধিষ্ঠিরস্তু হার্দ্দিক্যং বিদ্ধা পঞ্চভিরাশুগৈঃ।
পুনর্বিব্যাধ বিংশত্যা তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২৪॥

ভারতকৌমুদী

গজেতি। গজৈর্গজারোহৈঃ সহ, সন্নিপত্য মিলিত্বা, মহামৃধে মহাযুদ্ধে ॥১৯॥

নিশীথ ইতি। নিশীথে রাত্রৌ, "নিশীথস্তু পুমানর্দ্ধরাত্রে স্যাদ্রাত্রিমাত্রকে" ইতি মেদিনী ॥২০॥

সাদিন ইতি। সাদিনঃ অশ্বারোহিণঃ, সাদিভিরশ্বারোহিভিঃ ॥২১॥

নরা ইতি। নরাঃ পদাতয়ঃ, সমাজগ্মুঃ সম্মিলিতা বভূবুঃ, পরস্পরং প্রহরন্তঃ ॥২২॥

কৃতেতি। হার্দ্দিক্যো হৃদিকপুত্রঃ। বেলা তীরম্, উদ্ধৃতমুদ্বেলিতম্ ॥২৩॥

ক্রমে দেখা গেল—শত শত ও সহস্র সহস্র গজারোহী সত্বর উপস্থিত হইয়া অপর গজারোহীদের সহিত যুদ্ধ করিতেছেন ॥১৯॥

রাজা! আবার দেখিতে পাইলাম—সেই রাত্রিতে পক্ষযুক্ত পর্বতগণের ন্যায় অশ্বগণ পরস্পরাভিমুখে বেগে ধাবিত হইতেছে ॥২০॥

মহারাজ! পরে প্রাস, শক্তি ও ঋষ্টিধারী অশ্বারোহীরা গর্জন করতঃ অপর অশ্বারোহীদের সহিত পৃথক্ পৃথক্ ভাবে মিলিত হইলেন ॥২১॥

সেই যুদ্ধে দুই পক্ষের বহুতর পদাতিও গদা, মুষল এবং নানাবিধ অস্ত্রদ্বারা পরস্পর প্রহার করিতে করিতে মিলিত হইল ॥২২॥

ক্রমে হৃদিকপুত্র কৃতবর্ম্মা অত্যন্তক্রুদ্ধ হইয়া—তীর যেমন উদ্বেলিত সমুদ্রকে বারণ করে, সেইরূপ ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকে বারণ করিতে লাগিলেন ॥২৩॥

---

(২০)···দ্রাবয়ন্তঃ পরস্পরম্···বা নি। (২৩)··বেলেবোদ্বৃত্তমর্ণবম্—বা নি।

কৃতবর্ম্মা তু সংক্রুদ্ধো ধর্ম্মপুত্রস্য মারিষ ! ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন তঞ্চ বিব্যাধ সপ্তভিঃ ॥২৫॥
অথান্যদ্ধনুরাদায় ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
হার্দ্দিক্যং দশভির্বাণৈর্বাহ্বোরুরসি চার্পয়ৎ ॥২৬॥
মাধবস্তু রণে বিদ্ধো ধর্ম্মপুত্রেণ মারিষ ! ।
প্রাকম্পত চ রোষেণ সপ্তভিশ্চার্দ্দয়চ্ছরৈঃ ॥২৭॥
তস্য পার্থো ধনুশ্ছিত্ত্বা হস্তাবাপং নিকৃত্য চ ।
প্রাহিণোন্নিশিতান্ বাণান্ পঞ্চ রাজন্ ! শিলাশিতান্ ॥২৮॥
তে তস্য কবচং ভিত্ত্বা হেমচিত্রং মহাধনম্ ।
প্রাবিশন্ ধরণীমুগ্রা বল্মীকমিব পন্নগাঃ ॥২৯॥

ভারতকৌমুদী

যুধীতি। হার্দ্দিক্যং কৃতবর্ম্মাণম্। আশুগৈর্বাণৈঃ ॥২৪॥
কৃতেতি। হে মারিষ! আর্য্য! সপ্তভির্বাণৈরিতি শেষঃ ॥২৫॥
অথেতি। উরসি বক্ষসি, আর্পয়ৎ অপীড়য়ৎ ॥২৬॥
মাধব ইতি। মাধবো মধুবংশীয়ঃ কৃতবর্ম্মা ॥২৭॥
তস্যেতি। পার্থো যুধিষ্ঠিরঃ। হস্তাবাপং চর্ম্মময়হস্তাবরণম্, নিকৃত্য ছিত্ত্বা ॥২৮॥
ত ইতি। মহাধনং মহামূল্যম্। বল্মীকম্ উয়ীমৃত্তিকাস্তূপম্ ॥২৯॥

তখন যুধিষ্ঠির পাঁচটা বাণদ্বারা কৃতবর্ম্মাকে বিদ্ধ করিয়া পুনরায় কুড়িটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২৪॥

মাননীয় রাজা ! পরে কৃতবর্ম্মা বিশেষ ক্রুদ্ধ হইয়া একটা ভল্লদ্বারা যুধিষ্ঠিরের ধনু ছেদন করিলেন এবং সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২৫॥

তাহার পর ধর্ম্মপুত্র যুধিষ্ঠির অন্য ধনু লইয়া দশটা বাণদ্বারা কৃতবর্ম্মার বাহুযুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥২৬॥

মাননীয় রাজা ! যুধিষ্ঠির সেইভাবে তাড়ন করিলে, কৃতবর্ম্মা ক্রোধে কাঁপিতে লাগিলেন এবং সাতটা বাণদ্বারা যুধিষ্ঠিরকে পীড়ন করিলেন ॥২৭॥

রাজা ! তখন যুধিষ্ঠির কৃতবর্ম্মার ধনু ও হস্তাবরণ ছেদন করিয়া শিলা-শাণিত সুধার পাঁচটা বাণ নিক্ষেপ করিলেন ॥২৮॥

সেই ভীষণবাণগুলি যাইয়া কৃতবর্ম্মার স্বর্ণবিচিত্র মহামূল্য কবচ ভেদ করিয়া—সর্প যেমন উয়ীমৃত্তিকাস্তূপে প্রবেশ করে, সেইরূপ ভূমিতে প্রবেশ করিল ॥২৯॥

(২৬)…ধর্ম্মপুত্রো মহারথঃ…নি। (২৯)…ধরণীং ভিত্ত্বা…বা নি।

অক্ষোর্নিমেষমাত্রেণ সোঽন্যদাদায় কার্ম্মুকম্।
বিব্যাধ পাণ্ডবং ষষ্ট্যা সূতঞ্চ নবভিঃ শরৈঃ ॥৩০॥
তস্য শক্তিমমেয়াত্মা পাণ্ডবো ভুজগোপমাম্।
চিক্ষেপ ভরতশ্রেষ্ঠ! রথে ন্যস্য মহদ্ধনুঃ ॥৩১॥
সা হেমচিত্রা মহতী পাণ্ডবেয়প্রবেরিতা।
নির্ভিদ্য দক্ষিণং বাহুং প্রাবিশদ্ধরণীতলম্ ॥৩২॥
এতস্মিন্নেব কালে তু গৃহ্য পার্থঃ পুনর্ধনুঃ।
হার্দ্দিক্যং ছাদয়মাস শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৩৩॥
ততস্তু সমরে শূরো বৃষ্ণীনাং প্রবরো রথী।
ব্যশ্বসূতরথং চক্রে নিমেষার্দ্ধাদ্যুধিষ্ঠিরম্ ॥৩৪॥
ততস্তু পাণ্ডবো জ্যেষ্ঠঃ খড়্গচর্ম্ম সমাদদে।
তদস্য নিশিতৈর্বাণৈর্ব্যধমন্মাধবো রণে ॥৩৫॥

ভারতকৌমুদী

অক্ষোরিতি। স কৃতবর্ম্মা। পাণ্ডবং যুধিষ্ঠিরম্, সূতং তৎসারথিম্ ॥৩০॥
তস্যেতি। অমেয়াত্মা অজ্ঞেয়শক্তিঃ। ন্যস্য সংস্থাপ্য ॥৩১॥
সেতি। পাণ্ডবেয়েন যুধিষ্ঠিরেণ প্রবেরিতা ক্ষিপ্তা। বেরধাতুরার্ষঃ ॥৩২॥
এতস্মিন্নিতি। গৃহ্য গৃহীত্বা, পার্থো যুধিষ্ঠিরঃ ॥৩৩॥
তত ইতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিশ্চ যস্য স তাদৃশো রথো যস্য তম্ ॥৩৪॥
তত ইতি। খড়্গাযুক্তং চর্ম্ম খড়্গচর্ম্ম। মধ্যপদলোপী সমাসঃ। ব্যধমদ্ব্যনাশয়ৎ ॥৩৫॥

তখন কৃতবর্ম্মা চোখের নিমেষমধ্যে অন্য ধনু গ্রহণ করিয়া ষাটটা বাণদ্বারা যুধিষ্ঠিরকে এবং নয়টা বাণদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৩০॥

ভরতশ্রেষ্ঠ! পরে অজ্ঞেয়শক্তি যুধিষ্ঠির নিজের বিশাল ধনু রথে রাখিয়া কৃতবর্ম্মার উপরে সর্পতুল্য একটা শক্তি নিক্ষেপ করিলেন ॥৩১॥

যুধিষ্ঠিরনিক্ষিপ্ত স্বর্ণখচিত সেই বিশাল শক্তিটা যাইয়া কৃতবর্ম্মার দক্ষিণ বাহু ভেদ করিয়া ভূতলে প্রবেশ করিল ॥৩২॥

এই সময়ে যুধিষ্ঠির পুনরায় ধনু ধারণ করিয়া নতপর্ব্ব বাণসমূহদ্বারা কৃতবর্ম্মাকে আচ্ছাদন করিলেন ॥৩৩॥

তাহার পর বীর ও বৃষ্ণিবংশের মধ্যে প্রধান রথী কৃতবর্ম্মা নিমেষার্দ্ধমধ্যে যুধিষ্ঠিরের রথের সারথিকে ও অশ্বগুলিকে বিনাশ করিলেন ॥৩৪॥

(৩২)…পাণ্ডবেয়েন প্রেরিতা…নি। (৩৫)…খড়্গং চর্ম্ম সমাদদে…নি।

তোমরন্তু ততো গৃহ্য স্বর্ণদণ্ডং দুরাসদম্।
প্রৈষয়ৎ সমরে তূর্ণং হার্দ্দিক্যস্য যুধিষ্ঠিরঃ ॥৩৬॥
তমাপতন্তং সহসা ধর্ম্মরাজভুজচ্যুতম্।
দ্বিধা চিচ্ছেদ হার্দ্দিক্যঃ কৃতহস্তঃ স্ময়ন্নিব ॥৩৭॥
ততঃ শরশতেনাজৌ ধর্ম্মপুত্রমবাকিরৎ।
কবচঞ্চাস্য সংক্রুদ্ধঃ শরৈস্তীক্ষ্ণৈরদারয়ৎ ॥৩৮॥
হার্দ্দিক্যশরসংছন্নং কবচং তন্মহাত্মনঃ।
ব্যশীর্য্যত রণে রাজন্! তারাজালমিবাম্বরাৎ ॥৩৯॥
স ছিন্নধন্বা বিরথঃ শীর্ণবর্ম্মা শরার্দ্দিতঃ।
অপায়াসীদ্রণাত্তূর্ণং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৪০॥

ভারতকৌমুদী

তোমরমিতি। তোমরং তদানীন্তনমস্ত্রবিশেষম্, গৃহ্য গৃহীত্বা ॥৩৬॥
তমিতি। কৃতহস্তঃ শিক্ষিতহস্তঃ, স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্ ॥৩৭॥
তত ইতি। আজৌ যুদ্ধে, অবাকিরৎ আবৃণোৎ কৃতবর্ম্মা ॥৩৮॥
হার্দ্দিক্যেতি। মহাত্মনো যুধিষ্ঠিরস্য। ব্যশীর্য্যত অপতৎ ॥৩৯॥
স ইতি। অপায়াসীৎ অপসৃতবান্ ॥৪০॥

তদনন্তর যুধিষ্ঠির খড়্গ ও চর্ম্ম ধারণ করিলেন; তখন কৃতবর্ম্মা সুধার বাণসমূহদ্বারা তাহাও বিনষ্ট করিলেন ॥৩৫॥

তৎপরে যুধিষ্ঠির স্বর্ণদণ্ড ও দুর্দ্ধর্ষ একটা তোমর ধারণ করিয়া সত্বর তাহা কৃতবর্ম্মার উপরে নিক্ষেপ করিলেন ॥৩৬॥

ধর্ম্মরাজের হস্তচ্যুত সেই তোমরটা বেগে আসিতে লাগিলে, শিক্ষিতহস্ত কৃতবর্ম্মা হাস্য করতই যেন তাহা দুই খণ্ডে ছেদন করিলেন ॥৩৭॥

তাহার পর কৃতবর্ম্মা অত্যন্তক্রুদ্ধ হইয়া বহুতর বাণদ্বারা যুধিষ্ঠিরকে আবৃত করিলেন এবং অপর তীক্ষ্ণ বাণসমূহদ্বারা উঁহার কবচ বিদীর্ণ করিলেন ॥৩৮॥

রাজা! তখন কৃতবর্ম্মার বাণবিদীর্ণ সেই যুধিষ্ঠিরের কবচটা—আকাশ হইতে নক্ষত্রসমূহের ন্যায় পতিত হইল ॥৩৯॥

এই সময়ে ছিন্নকার্ম্মুক, রথবিহীন, পতিতকবচ ও বাণপীড়িত ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সত্বর রণস্থল হইতে অপসৃত হইলেন ॥৪০॥

(৩৯)···কবচং তন্মহাধনম্···বা নি।

কৃতবর্ম্মা তু নির্জ্জিত্য ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
পুনর্দ্রোণস্য জুগুপে চক্রমেব মহাবলঃ ॥৪১॥
ভূরিস্তু সমরে রাজন্! শৈনেয়ং রথিনাং বরম্।
আপতন্তমপাসেধৎ প্রবণাদিব কুঞ্জরম্ ॥৪২॥
অথৈনং সাত্যকিঃ ক্রুদ্ধঃ পঞ্চভির্নিশিতৈঃ শরৈঃ।
বিব্যাধ হৃদয়ে তূর্ণং প্রাস্রবত্তস্য শোণিতম্ ॥৪৩॥
তথৈব কৌরবো যুদ্ধে শৈনেয়ং যুদ্ধদুর্ম্মদম্।
দশভির্বিশিখৈস্তীক্ষ্ণৈরবিধ্যত ভুজান্তরে ॥৪৪॥
তাবন্যোন্যং মহারাজ! ততক্ষাতে শরৈর্ভৃশম্।
ক্রোধসংরক্তনয়নৌ ক্রোধাদ্বিস্ফার্য্য কার্ম্মুকে ॥৪৫॥

ভারতকৌমুদী

কৃতেতি। জুগুপে ররক্ষ, চক্রং সৈন্যম্ ॥৪১॥
ভূরিরিতি। ভূরির্নাম কুরুবংশীয়ঃ কশ্চিদ্বীরঃ। প্রবণাৎ ক্রমনিম্নদেশাৎ ॥৪২॥
অথেতি। প্রাস্রবৎ হৃদয়ান্নিরসরৎ, তস্য ভূরেঃ ॥৪৩॥
তথেতি। কৌরবো ভূরিঃ, শৈনেয়ং সাত্যকিম্। ভুজয়োরন্তরে বক্ষসি ॥৪৪॥
তাবিতি। ততক্ষাতে প্রজহ্রতুরিত্যর্থঃ ॥৪৫॥

কিন্তু মহাবল কৃতবর্ম্মা ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে জয় করিয়া পুনরায় দ্রোণের চক্রই রক্ষা করিতে লাগিলেন ॥৪১॥

রাজা! ওদিকে রথিশ্রেষ্ঠ সাত্যকি যুদ্ধে আসিতে লাগিলে, ভূরি নিম্নদেশ হইতে হস্তীর ন্যায় তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৪২॥

তাহার পর সাত্যকি ক্রুদ্ধ হইয়া পাঁচটা সুধার বাণদ্বারা সত্বর ভূরির হৃদয়ে তাড়ন করিলেন; তখন ভূরির হৃদয় হইতে রক্ত নির্গত হইতে লাগিল ॥৪৩॥

ভূরিও সেইরূপই দশটা তীক্ষ্ণ বাণদ্বারা যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকির বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৪৪॥

মহারাজ! ক্রোধে আরক্তনয়ন ভূরি ও সাত্যকি ক্রোধবশতঃ ধনু দুইখানা বিস্ফারিত করিয়া বাণদ্বারা এইভাবে পরস্পর গুরুতর প্রহার করিতে লাগিলেন ॥৪৫॥

(৪১)···ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্···বা নি। ইতঃ পরম্ '···ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ. '···পঞ্চষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '···ষট্ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি। ততঃ 'সঞ্জয় উবাচ' ইতি সর্বত্র। (৪৩)···হৃদয়ে তস্য···নি।

তয়োরাসীন্মহারাজ ! শরবৃষ্টিঃ সুদারুণা ।
ক্রুদ্ধয়োঃ সায়কমুচোর্যমান্তকনিকাশয়োঃ ॥৪৬॥
তাবন্যোন্যং শরৈ রাজন্ ! সংছাদ্য সমরে স্থিতৌ ।
মুহূর্ত্তঞ্চৈব তদ্‌যুদ্ধং সমরূপমিবাভবৎ ॥৪৭॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ ! শৈনেয়ঃ প্রহসন্নিব ।
ধনুশ্চিচ্ছেদ সমরে কৌরব্যস্য মহাত্মনঃ ॥৪৮॥
অথৈনং ছিন্নধন্বানং নবভির্নিশিতৈঃ শরৈঃ ।
বিব্যাধ হৃদয়ে তূর্ণং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৪৯॥
সোঽতিবিদ্ধো বলবতা শত্রুণা শত্রুতাপনঃ ।
ধনুরন্যৎ সমাদায় সাত্বতং প্রত্যবিধ্যত ॥৫০॥
স বিদ্ধা সাত্বতং বাণৈস্ত্রিভিরেব বিশাংপতে ! ।
ধনুশ্চিচ্ছেদ ভল্লেন সুতীক্ষ্ণেন হসন্নিব ॥৫১॥

ভারতকৌমুদী

তয়োরিতি। চতুর্দ্দশযমমধ্যে যমঃ কশ্চিদন্তকশ্চ কশ্চিৎ তন্নিকাশয়োঃ ॥৪৬॥
তাবিতি। সমরূপমিব সমানমিব ॥৪৭॥
তত ইতি। কৌরব্যস্য ভূরেঃ ॥৪৮॥
অথেতি। এনং ভূরিম্। বিব্যাধ শৈনেয় ইত্যাহবৃত্তিঃ ॥৪৯॥
স ইতি। স ভূরিঃ। শত্রুণা সাত্যকিনা। সাত্বতং সাত্যকিম্ ॥৫০॥
স ইতি। ধনুঃ সাত্বতস্য, ভল্লেন তদাখ্যেনাস্ত্রেণ ॥৫১॥

ক্রুদ্ধ, বাণবর্ষী এবং যম ও অন্তকের ন্যায় ভীষণমূর্ত্তি ভূরি ও সাত্যকির তখন অতিদারুণ বাণবৃষ্টি হইতে লাগিল ॥৪৬॥

রাজা ! এইভাবে তাঁহারা বাণদ্বারা পরস্পর আবৃত করিয়া রণস্থলে অবস্থান করিতে লাগিলেন। সেই যুদ্ধ মুহূর্ত্তকাল যেন সমানভাবেই হইতে থাকিল ॥৪৭॥

মহারাজ ! তাহার পর সাত্যকি আরও ক্রুদ্ধ হইয়া হাস্য করতই যেন যুদ্ধে মহাত্মা ভূরির ধনু ছেদন করিলেন ॥৪৮॥

তদনন্তর তিনি নয়টা সুধার বাণদ্বারা সত্বর ছিন্নধন্বা ভূরির হৃদয় বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৪৯॥

বলবান্ সাত্যকি অত্যন্ত বিদ্ধ করিলে, শত্রুতাপন ভূরি অন্য ধনু লইয়া বাণদ্বারা সাত্যকিকে প্রতিবিদ্ধ করিলেন ॥৫০॥

(৪৬)…শস্ত্রবৃষ্টিঃ সুদারুণা…বা নি। (৪৭)…সংছাদ্য সমবস্থিতৌ…বা নি।

ছিন্নধন্বা মহারাজ! সাত্যকিঃ ক্রোধমূর্চ্ছিতঃ।
প্রজহার মহাবেগাং শক্তিং তস্য মহোরসি ॥৫২॥
স তু শক্ত্যা বিভিন্নাঙ্গো নিপপাত রথোত্তমাৎ।
লোহিতাঙ্গ ইবাকাশাদ্দীপ্তরশ্মির্যদৃচ্ছয়া ॥৫৩॥
তন্তু দৃষ্ট্বা হতং শূরমশ্বত্থামা মহারথঃ।
অভ্যধাবত বেগেন শৈনেয়ং প্রতি সংযুগে ॥৫৪॥
তিষ্ঠ তিষ্ঠেতি চাভাষ্য শৈনেয়ং স নরাধিপ!।
অভ্যবর্ষচ্ছরৌঘেণ মেরুং বৃষ্ট্যা যথাম্বুদঃ ॥৫৫॥
তমাপতন্তং সংরব্ধং শৈনেয়স্য রথং প্রতি।
ঘটোৎকচোঽব্রবীদ্রাজন্! নাদং মুক্ত্বা মহারথঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

ছিন্নেতি। প্রজহার চিক্ষেপেত্যর্থঃ। মহোরসি বিশালবক্ষসি ॥৫২॥
স ইতি। বিভিন্নাঙ্গো বিদীর্ণবক্ষাঃ। লোহিতাঙ্গো মঙ্গলগ্রহঃ, যদৃচ্ছয়া দৈবেন ॥৫৩॥
তমিতি। তং ভূরিম্। শৈনেয়ং সাত্যকিম্, সংযুগে রণাঙ্গনে ॥৫৪॥
তিষ্ঠেতি। আভাষ্য উক্ত্বা। মেরুং পর্ব্বতম্, অম্বুদো মেঘঃ ॥৫৫॥
তমিতি। আপতন্তমাগচ্ছন্তম্, সংরব্ধং ক্রুদ্ধম্ ॥৫৬॥

নরনাথ! ভূরি তিনটা বাণদ্বারাই সাত্যকিকে বিদ্ধ করিয়া হাসিতে হাসিতেই যেন একটা সুতীক্ষ্ণ ভল্লদ্বারা সাত্যকির ধনু ছেদন করিলেন ॥৫১॥

মহারাজ! ধনু ছিন্ন হইলে, সাত্যকি ক্রোধে অধীর হইয়া ভূরির বিশাল বক্ষস্থলে একটা মহাবেগা শক্তি নিক্ষেপ করিলেন ॥৫২॥

সেই শক্তির আঘাতে ভূরির বক্ষ বিদীর্ণ হইলে, দৈববশতঃ আকাশ হইতে উজ্জ্বলরশ্মি মঙ্গলগ্রহ যেমন পতিত হয়, সেইরূপ ভূরি উত্তম রথ হইতে পতিত হইলেন ॥৫৩॥

বীর ভূরিকে নিহত দেখিয়া মহারথ অশ্বত্থামা বেগে সাত্যকির রথের দিকে ধাবিত হইলেন ॥৫৪॥

নরনাথ! পরে অশ্বত্থামা 'থাক থাক' এই কথা বলিয়া—মেঘ যেমন মেরুপর্ব্বতের উপরে বারি বর্ষণ করে, সেইরূপ সাত্যকির উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৫৫॥

রাজা! অশ্বত্থামা ক্রুদ্ধ হইয়া সাত্যকির রথের দিকে আসিতে লাগিলে, মহারথ ঘটোৎকচ সিংহনাদ ছাড়িয়া অশ্বত্থামাকে বলিল—॥৫৬॥

(৫৪)···অশ্বত্থামা মহারথম্··· নি।

তিষ্ঠ তিষ্ঠ ন মে জীবন্ দ্রোণপুত্র ! গমিষ্যসি ।
এষ ত্বাং নিহনিষ্যামি মহিষং মৃগরাড়িব ।
যুদ্ধশ্রদ্ধামহং তেঽদ্য বিনেষ্যামি রণাজিরে ॥৫৭॥
ইত্যুক্ত্বা ক্রোধতাম্রাক্ষো রাক্ষসঃ পরবীরহা ।
দ্রৌণিমভ্যদ্রবৎ ক্রুদ্ধো গজেন্দ্রমিব কেশরী ॥৫৮॥
রথাক্ষমাত্রৈরিষুভিরভ্যবর্ষদ্‌ঘটোৎকচঃ ।
রথিনামৃষভং দ্রৌণিং ধারাভিরিব তোয়দঃ ॥৫৯॥
শরবৃষ্টিন্তু তাং প্রাপ্তাং শরৈরাশীবিষোপমৈঃ ।
শাতয়ামাস সমরে তরসা দ্রৌণিরুৎস্ময়ন্ ॥৬০॥
ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈর্মর্ম্মভেদিভিরাশুগৈঃ ।
সমাচিনোদ্রাক্ষসেন্দ্রং ঘটোৎকচমরিন্দমম্ ॥৬১॥

ভারতকৌমুদী

তিষ্ঠেতি । মৃগরাট্ সিংহঃ । বিনেষ্যামি নাশয়িষ্যামি । ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥
ইতীতি । পরবীরান্ হন্তীতি পরবীরহা । অভ্যদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৮॥
রথেতি । রথস্য অক্ষমাত্রৈর্দারুবিশেষপ্রমাণৈর্বিশালৈরিত্যর্থঃ, ইষুভির্বাণৈঃ ॥৫৯॥
শরেতি । শাতয়ামাস নাশয়ামাস, তরসা বেগেন, উৎস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥৬০॥
তত ইতি । আশুগৈর্দ্রুতগামিভিঃ । সমাচিনোৎ ব্যাপ্নোৎ ॥৬১॥

'দ্রোণপুত্র ! থাক থাক, তুমি জীবিত অবস্থায় আমার নিকট হইতে যাইতে পারিবে না ; সিংহ যেমন মহিষ বধ করে, সেইরূপ এই আমি তোমাকে বধ করিব । আজ আমি সমরাঙ্গনে তোমার যুদ্ধলালসা দূর করিব' ॥৫৭॥

এই কথা বলিয়া বিপক্ষবীরহন্তা ক্রুদ্ধ ঘটোৎকচ ক্রোধে আরক্তনয়ন হইয়া—সিংহ যেমন গজেন্দ্রের প্রতি ধাবিত হয়, সেইরূপ অশ্বত্থামার প্রতি ধাবিত হইল ॥৫৮॥

ক্রমে মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ ঘটোৎকচ রথিশ্রেষ্ঠ অশ্বত্থামার উপরে বিশাল বাণবর্ষণ করিতে লাগিল ॥৫৯॥

এদিকে অশ্বত্থামাও ঈষৎ হাস্য করতঃ সর্পতুল্য বাণসমূহদ্বারা উপস্থিত সেই বাণবৃষ্টিকে দ্রুত নিবারণ করিতে লাগিলেন ॥৬০॥

তাহার পর অশ্বত্থামা তীক্ষ্ণ, মর্ম্মভেদী ও দ্রুতগামী বাণসমূহদ্বারা রাক্ষসশ্রেষ্ঠ শত্রুদমনকারী ঘটোৎকচকে ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥৬১॥

(৫৭)···এষ ত্বাদ্য হনিষ্যামি মহিষং মৃগরাড়িব···সি হস্ত বৰ্দ্ধ,···মহিষং শরভো যথা· বা ।

স শরৈরাচিতস্তেন রাক্ষসো রণমূর্দ্ধনি।
ব্যকাশত মহারাজ! শ্বাবিচ্ছললিতো যথা ॥৬২॥
ততঃ ক্রোধসমাবিষ্টো ভৈমসেনিঃ প্রতাপবান্।
শরৈরবচকর্ত্তোগ্রৈর্দ্রৌণিং বজ্রাশনিপ্রভৈঃ ॥৬৩॥
ক্ষুরপ্রৈরর্দ্ধচন্দ্রৈশ্চ নারাচৈঃ সশিলীমুখৈঃ।
বরাহকর্ণৈর্নালীকৈর্বিকর্ণৈশ্চাভ্যবীবৃষৎ ॥৬৪॥
তাং শস্ত্রবৃষ্টিমতুলাং বজ্রাশনিসমস্বনাম্।
পতন্তীমুপরি ক্রুদ্ধো দ্রৌণিরব্যথিতেন্দ্রিয়ঃ ॥৬৫॥
সুদুঃসহাং শরৈর্ঘোরৈর্দিব্যাস্ত্রপ্রতিমন্ত্রিতৈঃ।
ব্যধমৎ সুমহাতেজা মহাভ্রাণীব মারুতঃ ॥৬৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। আচিতো ব্যাপ্তদেহঃ। শ্বাবিৎ জন্তুবিশেষঃ, শললিতঃ কণ্টকিতঃ ॥৬২॥
তত ইতি। বজ্রাশনিপ্রভৈঃ বজ্রবদ্বেগবদ্ভিঃ অশনিবিদ্যুৎ তদ্বদুজ্জ্বলৈঃ ॥৬৩॥
ক্ষুরপ্রৈরিতি। ক্ষুরপ্রাদীনি বাণনামানি। অভ্যবীবৃষৎ অবর্ষৎ। স্বার্থে ইন্ ॥৬৪॥
তামিতি। বজ্রাশনিসমস্বনাং বজ্রবিদ্যুজ্জন্যতুল্যশব্দাম্। অব্যথিতেন্দ্রিয়ঃ অনুদ্বিগ্নচিত্তঃ। দিব্যাস্ত্রেণ দিব্যাস্ত্রমন্ত্রেণ প্রতিমন্ত্রিতৈঃ। ব্যধমৎ ব্যনাশয়ৎ, মহাভ্রাণি মহামেঘান্ ॥৬৫—৬৬॥

মহারাজ! সেই বাণসমূহ যাইয়া ঘটোৎকচের দেহ ব্যাপ্ত করিলে, ঘটোৎকচ—কণ্টকব্যাপ্ত শেজারুর ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিল ॥৬২॥

তাহার পর প্রতাপশালী ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া বজ্রের তুল্য বেগবান্ এবং বিদ্যুতের ন্যায় উজ্জ্বল ভীষণ বাণসমূহদ্বারা অশ্বত্থামার দেহ ক্ষতবিক্ষত করিতে থাকিল ॥৬৩॥

ক্রমে ঘটোৎকচ অশ্বত্থামার উপরে ক্ষুরপ্র, অর্দ্ধচন্দ্র, নারাচ, শিলীমুখ, বরাহকর্ণ, নালীক ও বিকর্ণ বর্ষণ করিতে লাগিল ॥৬৪॥

এদিকে অতিমহাতেজা অশ্বত্থামাও ক্রুদ্ধ হইয়া অনুদ্বিগ্ন থাকিয়া—বায়ু যেমন মহামেঘ সকল বিনাশ করে, সেইরূপ স্বর্গীয়াস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত ভয়ঙ্কর বাণসমূহদ্বারা নিজের উপরে পতনশীল, বজ্র ও বিদ্যুতের তুল্য শব্দযুক্ত, অতুলনীয় ও অতিদুঃসহ সেই অস্ত্রবৃষ্টি বিনষ্ট করিতে থাকিলেন ॥৬৫—৬৬॥

(৬২)…শ্বাবিচ্ছললতো যথা—বা নি। (৬৪)…নালীকৈস্তীক্ষ্ণৈশ্চাপি বিকর্ণিভিঃ…পি বঙ্গ বর্দ্ধ।

ততোঽন্তরীক্ষে বাণানাং সংগ্রামোঽন্য ইবাভবৎ।
ঘোররূপো মহারাজ! যোধানাং হর্ষবৰ্দ্ধনঃ ॥৬৭॥
ততোঽস্ত্রসংঘর্ষকৃতৈর্বিস্ফুলিঙ্গৈঃ সমন্ততঃ।
বভৌ নিশামুখে ব্যোম খদ্যোতৈরিব সংবৃতম্ ॥৬৮॥
স মার্গণগণৈর্দ্রৌণির্দিশঃ প্রচ্ছাদ্য সর্ব্বশঃ।
প্রিয়ার্থং তব পুত্রাণাং রাক্ষসং সমবাকিরৎ ॥৬৯॥
ততঃ প্রববৃতে যুদ্ধং দ্রৌণিরাক্ষসয়োর্ম্মৃধে।
বিগাঢ়ে রজনীমধ্যে শক্রপ্রহ্লাদয়োরিব ॥৭০॥
ততো ঘটোৎকচো বাণৈর্দশভির্দ্রৌণিমাহবে।
জঘানোরসি সংক্রুদ্ধঃ কালজ্বলনসন্নিভৈঃ ॥৭১॥
স তৈরভ্যায়তৈর্বিদ্ধো রাক্ষসেন মহাবলঃ।
চচাল সমরে দ্রৌণির্বাতনুন্ন ইব দ্রুমঃ।
স মোহমনুসংপ্রাপ্তো ধ্বজযষ্টিং সমাশ্রিতঃ ॥৭২॥

ভারতকৌমুদী

তত ইতি। হর্ষবর্দ্ধনঃ অদ্ভুতভাবেন প্রবৃত্তেরিতি ভাবঃ ॥৬৭॥
তত ইতি। বিস্ফুলিঙ্গৈরগ্নিকণৈঃ। ব্যোম গগনম্ ॥৬৮॥
স ইতি। মার্গণগণৈর্বাণসমূহৈঃ। রাক্ষসং ঘটোৎকচম্, সমবাকিরদপীড়য়ৎ ॥৬৯॥
তত ইতি। মৃধে রণস্থলে। প্রগাঢ়ে গভীরে ॥৭০॥
তত ইতি। উরসি বক্ষসি। কালে প্রলয়সময়ে যো জ্বলনো বহ্নিস্তৎসন্নিভৈঃ ॥৭১॥
স ইতি। অভ্যায়তৈরতিদীর্ঘৈঃ। বাতনুন্নো বায়ুচালিতঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥

মহারাজ! তাহার পর আকাশে যেন বাণসমূহেরই আর একটা ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল; তাহাতে যোদ্ধাদের আনন্দবৃদ্ধি পাইতে থাকিল ॥৬৭॥

তদনন্তর সেই রাত্রির প্রথমভাগে সকল দিকে অস্ত্রসংঘর্ষজনিত অগ্নিস্ফুলিঙ্গে আকাশটা যেন খদ্যোতাবৃত হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৬৮॥

রাজা! তখন অশ্বত্থামা আপনার পুত্রগণের প্রীতির জন্য বাণসমূহদ্বারা সকল দিক্ আবৃত করিয়া ঘটোৎকচকে পীড়ন করিতে থাকিলেন ॥৬৯॥

তৎপরে সেই গভীর রজনীসময়ে সমরাঙ্গনে ইন্দ্র ও প্রহ্লাদের ন্যায় অশ্বত্থামা ও ঘটোৎকচের দারুণ যুদ্ধ চলিতে লাগিল ॥৭০॥

তাহার পর ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া প্রলয়কালের অগ্নির ন্যায় উজ্জ্বল দশটা বাণদ্বারা অশ্বত্থামার বক্ষস্থলে আঘাত করিল ॥৭১॥

---

(৬৯)···দিশঃ প্রচ্ছাদ্য সর্ব্বতঃ···বা নি।

ততো হাহাকৃতং সৈন্যং তব সর্ব্বং জনাধিপ!।
হতং স্ম মেনিরে সর্ব্বে তাবকাস্তং বিশাংপতে! ॥৭৩॥
তং তু দৃষ্ট্বা তথাবস্থমশ্বত্থামানমাহবে।
পাঞ্চালাঃ সৃঞ্জয়াশ্চৈব সিংহনাদান্ প্রচক্রিরে ॥৭৪॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞামশ্বত্থামা মহাবলঃ।
ধনুঃ প্রপীড্য বামেন করেণামিত্রকর্ষণঃ ॥৭৫॥
মুমোচাকর্ণপূর্ণেন ধনুষা শরমুত্তমম্।
যমদণ্ডোপমং ঘোরমুদ্দিশ্যাশু ঘটোৎকচম্ ॥৭৬॥ (যুগ্মকম্)
স ভিত্ত্বা হৃদয়ং তস্য রাক্ষসস্য শরোত্তমঃ।
বিবেশ বসুধামুগ্রঃ সপুঙ্খঃ পৃথিবীপতে! ॥৭৭॥

ভারতকৌমুদী

তত ইতি। হাহা ইত্যস্য কৃতং করণমস্যাস্তীতি অর্শ আদিত্বানং ॥৭৩॥
তমিতি। তথা তাদৃশী মোহপ্রাপ্তা অবস্থা যস্য তম্ ॥৭৪॥
প্রতীতি। প্রপীড্য দৃঢ়ং ধৃত্বা। আকর্ণপূর্ণেন আকর্ণাকৃষ্টেন ॥৭৫—৭৬॥
স ইতি। বসুধাং সমরভূমিম্, পুঙ্খেন মূলদেশেন সহেতি সঃ ॥৭৭॥

ঘটোৎকচ সেই সুদীর্ঘবাণগুলিদ্বারা বিদ্ধ করিলে, মহাবল অশ্বত্থামা বায়ুচালিত বৃক্ষের ন্যায় কাঁপিতে লাগিলেন এবং মোহাবেশে ধ্বজদণ্ড ধারণ করিয়া রহিলেন ॥৭২॥

নরনাথ রাজা! তদনন্তর আপনার সকল সৈন্যই হাহাকার করিতে লাগিল এবং আপনার পক্ষের সমস্ত লোকই অশ্বত্থামাকে নিহত বলিয়া মনে করিল ॥৭৩॥

আর যুদ্ধে অশ্বত্থামাকে তদবস্থ দেখিয়া পাঞ্চাল ও সৃঞ্জয়সৈন্যেরা সিংহনাদ করিতে থাকিল ॥৭৪॥

তৎপরে মহাবল ও শত্রুহন্তা অশ্বত্থামা চৈতন্য লাভ করিয়া বামহস্তে দৃঢ়ভাবে ধনু ধারণপূর্ব্বক সেই আকর্ণ আকৃষ্ট ধনুর্দ্বারা যমদণ্ডের তুল্য ভয়ঙ্কর একটা উত্তম বাণ ঘটোৎকচের উদ্দেশে সত্বর নিক্ষেপ করিলেন ॥৭৫—৭৬॥

মহারাজ! তখন উত্তম ও ভয়ঙ্কর সেই বাণটা যাইয়া ঘটোৎকচের হৃদয় ভেদ করিয়া পুঙ্খদেশের সহিত ভূতলে প্রবেশ করিল ॥৭৭॥

(৭৩)...সর্ব্বে দ্রোণসুতং জনাধিপাঃ—নি।

সোঽতিবিদ্ধো মহারাজ ! রথোপস্থ উপাবিশৎ ।
রাক্ষসেন্দ্রঃ সুবলবান্ দ্রৌণিনা রণশালিনা ॥৭৮॥
দৃষ্ট্বা বিমূঢ়ং হৈড়িম্বং সারথিস্তং রণাজিরাৎ ।
দ্রৌণেঃ সকাশাৎ সম্ভ্রান্তস্ত্বপনিন্যে ত্বরান্বিতঃ ॥৭৯॥
তথা তু সমরে বিদ্ধা রাক্ষসেন্দ্রং ঘটোৎকচম্ ।
ননাদ সুমহানাদং দ্রোণপুত্রো মহারথঃ ॥৮০॥
পূজিতস্তব পুত্রৈশ্চ সর্ব্বযোধৈশ্চ ভারত ! ।
বপুষাভিপ্রজজ্বাল মধ্যাহ্ন ইব ভাস্করঃ ॥৮১॥
ভীমসেনস্তু যুধ্যন্তং ভারদ্বাজরথং প্রতি ।
স্বয়ং দুর্য্যোধনো রাজা প্রত্যবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥৮২॥
তং ভীমসেনো দশভিঃ শরৈর্বিব্যাধ মারিষ ! ।
দুর্য্যোধনোঽপি বিংশত্যা শরাণাং প্রত্যবিধ্যত ॥৮৩॥

ভারতকৌমুদী

স ইতি। রথস্য উপস্থে উপবেশনস্থানে। রণশালিনা যুদ্ধদক্ষতাযুক্তেন ॥৭৮॥
দৃষ্ট্বেতি। হৈড়িম্বং হিড়িম্বায়াঃ পুত্রং ঘটোৎকচম্। সম্ভ্রান্তো বিচলিতচিত্তঃ ॥৭৯॥
তথেতি। ননাদ চকার ॥৮০॥
পূজিত ইতি। অভিপ্রজজ্বাল দ্রোণপুত্র ইত্যনুবৃত্তিঃ ॥৮১॥
ভীমেতি। যুধ্যন্তং যুধ্যমানম্, ভারদ্বাজস্য দ্রোণস্য রথং প্রতি ॥৮২॥
তমিতি। হে মারিষ ! আর্য্য ! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥৮৩॥

মহারাজ ! যুদ্ধনিপুণ অশ্বত্থামা অত্যন্তবিদ্ধ করিলে, অতিবলবান্ ঘটোৎকচ রথমধ্যে উপবেশন করিল ॥৭৮॥

তখন ঘটোৎকচের সারথি ঘটোৎকচকে মূর্চ্ছিত দেখিয়া বিচলিত ও ত্বরান্বিত হইয়া অশ্বত্থামার নিকট হইতে তাহাকে লইয়া গেল ॥৭৯॥

এদিকে মহারথ অশ্বত্থামা যুদ্ধে সেইভাবে রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচকে বিদ্ধ করিয়া অতিবিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৮০॥

ভরতনন্দন ! তখন আপনার পুত্রেরা ও সমস্ত যোদ্ধারা অশ্বত্থামার প্রশংসা করিতে লাগিলেন ; অশ্বত্থামাও মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় দেহের তেজে জ্বলিতে থাকিলেন ॥৮১॥

ওদিকে ভীমসেন দ্রোণের রথের নিকটে যুদ্ধ করিতেছিলেন ; তখন স্বয়ং রাজা দুর্য্যোধন সুধার বাণসমূহদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮২॥

(৭৮)···রণমানিনা—পি।

তৌ সায়কৈরবচ্ছন্নাবদৃশ্যেতাং রণাজিরে।
মেঘজালসমাচ্ছন্নৌ নভসীবেন্দুভাস্করৌ ॥৮৪॥
অথ দুর্য্যোধনো রাজা ভীমং বিব্যাধ পত্রিভিঃ।
পঞ্চভির্ভরতশ্রেষ্ঠ! তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৮৫॥
তস্য ভীমো ধনুশ্ছিত্ত্বা ধ্বজঞ্চ দশভিঃ শরৈঃ।
বিব্যাধ কৌরবশ্রেষ্ঠং নবত্যা নতপর্ব্বণাম্ ॥৮৬॥
ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধো ধনুরন্যন্মহত্তরম্।
গৃহীত্বা ভরতশ্রেষ্ঠো ভীমসেনং শিতৈঃ শরৈঃ।
অপীড়য়দ্রণমুখে পশ্যতাং সর্ব্বধন্বিনাম্ ॥৮৭॥
তান্ নিহত্য শরান্ ভীমো দুর্য্যোধনধনুশ্চ্যুতান্।
কৌরবং পঞ্চবিংশত্যা ক্ষুদ্রকাণাং সমার্পয়ৎ ॥৮৮॥

ভারতকৌমুদী

তাবিতি। কৃষ্ণপক্ষপূর্ব্বাহ্ণে নভসি যুগপদিন্দুভাস্করয়োঃ স্থিতিসম্ভবঃ ॥৮৪॥
অথেতি। পত্রাণি পক্ষিপক্ষা এষাং সন্তীতি পত্রিণো বাণাস্তৈঃ ॥৮৫॥
তস্যেতি। কৌরবশ্রেষ্ঠং দুর্য্যোধনম্, নতপর্ব্বণামীষৎক্রোপাস্তানাং বাণানাম্ ॥৮৬॥
তত ইতি। শিতৈঃ শিলায়ু ঘর্ষণেন তনূকৃতধারৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮৭॥
তানিতি। কৌরবং দুর্য্যোধনম্। ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণানাম্, সমার্পয়দপীড়য়ৎ ॥৮৮॥

মাননীয় রাজা! পরে ভীমসেন দশটা বাণদ্বারা দুর্য্যোধনকে তাড়ন করিলেন; তখন দুর্য্যোধনও কুড়িটা শরদ্বারা তাঁহাকে প্রতিতাড়ন করিলেন ॥৮৩॥

ক্রমে আকাশে মেঘজালসমাচ্ছন্ন চন্দ্র ও সূর্য্যের ন্যায় ভীম ও দুর্য্যোধনকে বাণাচ্ছন্ন দেখা যাইতে লাগিল ॥৮৪॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর রাজা দুর্য্যোধন পাঁচটা বাণদ্বারা ভীমকে বিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥৮৫॥

তখন ভীমসেন দশটা বাণদ্বারা দুর্য্যোধনের ধনু ও ধ্বজ ছেদন করিয়া নতপর্ব্ব নব্বইটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৮৬॥

তাহার পর ভরতশ্রেষ্ঠ দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া অন্য বিশাল ধনু লইয়া সুধার বাণসমূহদ্বারা সমস্ত ধনুর্দ্ধরগণের সমক্ষে যুদ্ধে ভীমসেনকে পীড়ন করিলেন ॥৮৭॥

তখন ভীমসেন দুর্য্যোধনের ধনু হইতে নির্গত সেই বাণগুলিকে প্রতিহত করিয়া পঁচিশটা ক্ষুদ্রকদ্বারা তাঁহাকে প্রহার করিলেন ॥৮৮॥

দুর্য্যোধনস্তু সংক্রুদ্ধো ভীমসেনস্য মারিষ ! ।
ক্ষুরপ্রেণ ধনুশ্ছিত্ত্বা দশভিঃ প্রত্যবিধ্যত ॥৮৯॥
অথান্যদ্ধনুরাদায় ভীমসেনো মহাবলঃ ।
বিব্যাধ নৃপতিং তূর্ণং সপ্তভির্নিশিতৈঃ শরৈঃ ॥৯০॥
তদপ্যস্য ধনুঃ ক্ষিপ্রং চিচ্ছেদ লঘুহস্তবৎ ।
দ্বিতীয়ঞ্চ তৃতীয়ঞ্চ চতুর্থং পঞ্চমং তথা ॥৯১॥
আত্তমাত্তং মহারাজ ! ভীমস্য ধনুরচ্ছিনৎ ।
তব পুত্ত্রো মহারাজ ! জিতকাশী মদোৎকটঃ ॥৯২॥
স তদা চ্ছিদ্যমানেষু কার্ম্মুকেষু পুনঃ পুনঃ ।
শক্তিং চিক্ষেপ সমরে সর্বপারশবীং দৃঢ়াম্ ॥৯৩॥

ভারতকৌমুদী

দুর্য্যোধন ইতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন। দশভির্বাণৈঃ ॥৮৯॥

অথেতি। বিব্যাধ তাড়য়ামাস, নৃপতিং দুর্য্যোধনম্ ॥৯০॥

তদিতি। লঘুহস্ত ঐন্দ্রজালিকস্তদ্বৎ। দ্বিতীয়ং গৃহীতং ধনুঃ। এবমন্যত্র ॥৯১॥

আত্তমিতি। আত্তমাত্তং গৃহীতং গৃহীতম্। জিতমিতি ভাবে ক্তঃ। তেন জিতেন জয়েন কাশতে দীপ্যত ইতি জিতকাশী, মদেন উৎকট উন্মত্তঃ। মহারাজেতি দ্বিরুক্তি-র্দোষ এব ॥৯২॥

স ইতি। সর্ব্বেষ্ববয়বেষু পারশবীং লৌহময়ীম্ ॥৯৩॥

মাননীয় রাজা ! এই সময়ে দুর্য্যোধন অত্যন্তক্রুদ্ধ হইয়া একটা ক্ষুরপ্র-দ্বারা ভীমসেনের ধনু ছেদন করিয়া দশটা বাণদ্বারা তাঁহাকে প্রতিবিদ্ধ করিলেন ॥৮৯॥

তদনন্তর মহাবল ভীমসেন অন্য ধনু লইয়া সাতটা সুধার বাণদ্বারা সত্বর দুর্য্যোধনকে তাড়ন করিলেন ॥৯০॥

দুর্য্যোধন ঐন্দ্রজালিকের ন্যায় ভীমসেনের সে ধনুখানাও সত্বর ছেদন করিলেন। এইভাবে তিনি ভীমসেনের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বার গৃহীত ধনুও কাটিয়া ফেলিলেন ॥৯১॥

মহারাজ ! এইভাবে ভীমসেন যে কয় বার ধনু গ্রহণ করিলেন, সেই কয় বারই বিজয়শোভী ও মদমত্ত দুর্য্যোধন তাহা ছেদন করিলেন ॥৯২॥

বার বার ধনু ছিন্ন হইতে লাগিলে, তখন ভীমসেন লৌহময়ী দৃঢ় একটা শক্তি দুর্য্যোধনের উপরে নিক্ষেপ করিলেন ॥৯৩॥

(৯২)... ধনুরাচ্ছিনৎ...বঙ্গ বৰ্দ্ধ বা নি।

মৃত্যোরিব স্বসারং হি দীপ্তাং কেতুশিখামিব।
সীমন্তমিব কুর্ব্বন্তীং নভসোঽগ্নিসমপ্রভাম্ ॥৯৪॥
অপ্রাপ্তামেব তাং শক্তিং ত্রিধা চিচ্ছেদ কৌরবঃ।
পশ্যতঃ সর্ব্বলোকস্য ভীমস্য চ মহাত্মনঃ ॥৯৫॥ (যুগ্মকম্)
ততো ভীমো মহারাজ! গদাং গুর্ব্বীং মহাপ্রভাম্।
চিক্ষেপাবিধ্য বেগেন দুর্য্যোধনরথং প্রতি ॥৯৬॥
ততঃ সা সহসা বাহাংস্তব পুত্রস্য সংযুগে।
সারথিঞ্চ গদা গুর্ব্বী মমর্দ্দ ভরতর্ষভ! ॥৯৭॥
পুত্রস্তু তব রাজেন্দ্র! রথাদ্ধেমপরিষ্কৃতাৎ।
আপ্লুতঃ সহসা যানং নন্দকস্য মহাত্মনঃ ॥৯৮॥

ভারতকৌমুদী

মৃত্যোরিতি। স্বসারং ভগিনীম্। কেতোরুৎপাতগ্রহস্য শিখাম্। সীমন্তং কেশ-বিন্যাসং কুর্ব্বন্তীমিতি নকারলোপাভাব আর্ষঃ। অপ্রাপ্তামনুপস্থিতাম্। কৌরবো দুর্য্যোধনঃ ॥৯৪—৯৫॥

তত ইতি। গুর্ব্বীং বৃহতীম্। আবিধ্য ঘূর্ণয়িত্বা ॥৯৬॥

তত ইতি। বাহান্ অশ্বান্। সংযুগে যুদ্ধে ॥৯৭॥

পুত্র ইতি। রথাদবতীর্য্য গত্বেতি শেষঃ। আপ্লুত আরূঢ়ঃ, যানং রথম্ ॥৯৮॥

যমের ভগিনীর ন্যায়, কেতুগ্রহের উজ্জ্বল শিখার তুল্য এবং অগ্নির সমান প্রভাযুক্ত সেই শক্তিটা আকাশের সীমন্ত (সীঁথি) করিতে করিতেই যেন আসিতে লাগিলে, দুর্য্যোধন সমস্ত লোকের ও মহাত্মা ভীমের সমক্ষেই অনুপস্থিত অবস্থাতেই সেটাকে তিনখণ্ডে ছেদন করিয়া ফেলিলেন ॥৯৪—৯৫॥

মহারাজ! তদনন্তর ভীমসেন বিশাল ও উজ্জ্বল একটা গদা ঘূর্ণিত করিয়া দুর্য্যোধনের রথের দিকে তাহা বেগে নিক্ষেপ করিলেন ॥৯৬॥

ভরতশ্রেষ্ঠ! পরে সেই বিশাল গদাটা বেগে যাইয়া দুর্য্যোধনের সারথিকে ও ঘোড়াগুলিকে মর্দ্দন করিল ॥৯৭॥

রাজশ্রেষ্ঠ! তখন দুর্য্যোধন স্বর্ণভূষিত রথ হইতে অবতীর্ণ হইয়া বেগে যাইয়া মহাত্মা নন্দকের রথে আরোহণ করিলেন ॥৯৮॥

---

(৯৪)···দীপ্তাং বহ্নিশিখামিব···নি। (৯৭)··· মমর্দ্দাশু রথং পুনঃ—নি। (৯৮)··· রাজেন্দ্র! ভীমাদ্ভীতঃ প্রণশ্য চ। আরুরোহ রথকাঙ্ক্ষম্···নি।

ততো ভীমো হতং মত্বা তব পুত্রং মহারথম্‌।
সিংহনাদং মহচ্চক্রে তর্জয়ন্নিব কৌরবান্‌ ॥৯৯॥
তাবকাঃ সৈনিকাশ্চাপি মেনিরে নিহতং নৃপম্‌।
ততো বিচুক্রুশুঃ সর্ব্বে তে হাহেতি সমন্ততঃ ॥১০০॥
তেষাস্তু নিনদং শ্রুত্বা ত্রস্তানাং সর্ব্বযোধিনাম্‌।
ভীমসেনস্য নাদঞ্চ শ্রুত্বা রাজন্‌! মহাত্মনঃ ॥১০১॥
ততো যুধিষ্ঠিরো রাজা হতং মত্বা সুযোধনম্‌।
অভ্যবর্ত্তত বেগেন যত্র পার্থো বৃকোদরঃ ॥১০২॥ (যুগ্মকম্‌)
পাঞ্চালাঃ কৈকয়া মাৎস্যাঃ সৃঞ্জয়াশ্চ বিশাংপতে!।
সর্ব্বোদ্‌যোগেনাভিজগ্মুর্দ্রোণমেব যুযুৎসয়া ॥১০৩॥

ভারতকৌমুদী

তত ইতি। হতং মত্বা, প্রদীপানাং বিরলালোকে দুর্য্যোধনাপসরণাদর্শনাদিতি ভাবঃ ॥৯৯॥

তাবকা ইতি। মেনিরে, তথৈবাদর্শনাদিত্যাশয়ঃ। বিচুক্রুশুরার্ত্তনাদং চক্রুঃ ॥১০০॥

তেষামিতি। মহাত্মনো মহাবলস্য। অভ্যবর্ত্তত অভ্যাগচ্ছৎ ॥১০১—১০২॥

পাঞ্চালা ইতি। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥১০৩॥

ভারতভাবদীপঃ

বর্ত্তমান ইতি ॥১—১৮॥ সন্নিপত্য মিলিত্বা ॥১৯—৬৩॥ শিলীমুখৈর্ভেকফলাকারমুখৈঃ ॥৬৪—৮৩॥ নভসি শ্রাবণে ব্যোম্নি বা ॥৮৪—৯৯॥ সৈনিকাঃ সেনামুখাঃ ॥১০০—১০৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৪॥

রাজা! তাহার পর ভীমসেন আপনার পুত্র মহারথ দুর্য্যোধনকে নিহত মনে করিয়া কৌরবগণকে তিরস্কার করতই যেন বিশাল সিংহনাদ করিলেন ॥৯৯॥

আপনার সৈন্যেরাও রাজাকে নিহত মনে করিল। তৎপরে তাহারা সকলে সকল দিকে হাহাকার করিয়া আর্ত্তনাদ করিতে লাগিল ॥১০০॥

রাজা! সেই সকল ভীত যোদ্ধাদের আর্ত্তনাদ এবং মহাবল ভীমসেনের সিংহনাদ শুনিয়া দুর্য্যোধনকে নিহত মনে করিয়া রাজা যুধিষ্ঠির—যেখানে ভীমসেন ছিলেন, সেইখানে বেগে আগমন করিলেন ॥১০১—১০২॥

নরনাথ! ওদিকে পাঞ্চাল, কৈকয়, মৎস্য ও সৃঞ্জয়সৈন্যেরা যুদ্ধ করিবার ইচ্ছায় সর্ব্বোদ্যমে দ্রোণের দিকেই আসিতে লাগিল ॥১০৩॥

---

(১০৩)…কৈকয়া মৎস্যাঃ…পি বঙ্গ বর্দ্ধ বা।

তত্রাসীৎ সুমহদ্‌যুদ্ধং দ্রোণস্যাথ পরৈঃ সহ।
ঘোরে তমসি মগ্নানাং নিঘ্নতামিতরেতরম্ ॥১০৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দুর্য্যোধনপরাজয়ে চতুশ্চত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(:*:)——

পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

——:-০-:——

সঞ্জয় উবাচ।

সহদেবমথায়ান্তং দ্রোণপ্রেপ্সুং বিশাংপতে!।
কর্ণো বৈকর্ত্তনো যুদ্ধে বারয়ামাস ভারত! ॥১॥
সহদেবস্তু রাধেয়ং বিদ্ধা নবভিরাশুগৈঃ।
পুনর্বিব্যাধ দশভির্বিশিখৈর্নতপর্ব্বভিঃ ॥২॥

ভারতকৌমুদী

তত্রেতি। তমসি অন্ধকারে, মধ্যে মধ্যে সর্বদীপনির্বাণাদিত্যভিপ্রায়ঃ ॥১০৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি ঘটোৎকচবধে চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

সহেতি। দ্রোণপ্রেপ্সুং যুদ্ধকরণায় দ্রোণং প্রাপ্তুমিচ্ছুম্। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ ॥১॥
সহেতি। আশুগৈঃ দ্রুতগামিভির্বাণৈঃ। বিশিখৈর্বাণৈঃ, নতপর্ব্বভির্বক্রোপাস্থৈঃ ॥২॥

তাহার পর সেই স্থানে বিপক্ষগণের সহিত দ্রোণের এবং ঘোর অন্ধকারে নিমগ্ন ও পরস্পর আঘাতকারী বীরগণের মহাযুদ্ধ হইতে থাকিল' ॥১০৪॥

——:*:——

সঞ্জয় বলিলেন—'ভরতনন্দন নরনাথ! সহদেব দ্রোণের সহিত যুদ্ধ করিবার জন্য আসিতেছিলেন, তখন সূর্য্যপুত্র কর্ণ তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১॥

---

* '...চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বঙ্গ, '...ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা, '...সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' নি।

তং কর্ণং প্রতিবিব্যাধ শতেন নতপর্ব্বণাম্ ।
সজ্যঞ্চাস্য ধনুঃ শীঘ্রং চিচ্ছেদ লঘুহস্তবৎ ॥৩॥
ততোঽন্যদ্ধনুরাদায় মাদ্রীপুত্রঃ প্রতাপবান্ ।
কর্ণং বিব্যাধ বিংশত্যা তদদ্ভুতমিবাভবৎ ॥৪॥
তস্য কর্ণো হয়ান্ হত্বা শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ।
সারথিঞ্চাস্য ভল্লেন দ্রুতং নিন্যে যমক্ষয়ম্ ॥৫॥
বিরথঃ সহদেবস্তু খড়্গচর্ম্ম সমাদদে ।
তদপ্যস্য শরৈঃ কর্ণো ব্যধমৎ প্রহসন্নিব ॥৬॥
অথ গুর্ব্বীং মহাঘোরাং হেমচিত্রাং মহাগদাম্ ।
প্রেষয়ামাস সমরে বৈকর্ত্তনরথং প্রতি ॥৭॥

ভারতকৌমুদী

তমিতি। আনতপর্ব্বণাং বাণানাম্। সজ্যং সগুণম্। লঘুহস্ত ঐন্দ্রজালিকস্তদ্বৎ ॥৩॥
তত ইতি। বিংশত্যা বাণৈঃ। অদ্বিতীয়বীরস্য কর্ণস্য তাড়নমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৪॥
তস্যেতি। যমস্য ক্ষয়ং ভবনম্, "নিলয়াপচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ ॥৫॥
বিরথ ইতি। খড়্গেন যুক্তং চর্ম্ম খড়্গচর্ম্ম, মধ্যপদলোপীসমাসঃ ॥৬॥
অথেতি। গুর্ব্বীং ভারবতীম্, হেমচিত্রাং স্বর্ণখচিতত্বাদ্বিচিত্রাম্ ॥৭॥

এই সময়ে সহদেব নয়টা বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া পুনরায় নতপর্ব্ব দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥২॥

তখন কর্ণ আনতপর্ব্ব একশত বাণদ্বারা সহদেবকে প্রতিবিদ্ধ করিলেন এবং লঘুহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় সত্বরই সহদেবের গুণযুক্ত ধনু কাটিয়া ফেলিলেন ॥৩॥

তদনন্তর প্রতাপশালী সহদেব অন্য ধনু লইয়া কুড়িটা বাণদ্বারা কর্ণকে তাড়ন করিলেন ; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৪॥

পরে কর্ণ নতপর্ব্ব বাণসমূহদ্বারা সহদেবের অশ্বগুলিকে বধ করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার সারথিকে সত্বরই যমালয়ে প্রেরণ করিলেন ॥৫॥

তখন রথবিহীন সহদেব খড়্গ ও চর্ম্ম গ্রহণ করিলেন ; কিন্তু কর্ণ হাস্য করতই যেন বাণদ্বারা সহদেবের সে খড়্গ-চর্ম্মও বিনষ্ট করিলেন ॥৬॥

তাহার পর সহদেব কর্ণের রথের প্রতি একটা ভারবতী, মহাঘোরা ও স্বর্ণবিচিত্রা বিশাল গদা নিক্ষেপ করিলেন ॥৭॥

---

(৩)…শতেনানতপর্ব্বণাম্…বর্দ্ধ। (৬)…খড়্গং চর্ম্ম সমাদদে…বা নি। (৭)…প্রেষয়ামাস সংক্রুদ্ধঃ…বা নি।

তামাপতন্তীং সহসা সহদেবভুজেরিতাম্।
ব্যস্তম্ভয়চ্ছরৈঃ কর্ণো ভূমৌ চৈনামপাতয়ৎ ॥৮॥
গদাং বিনিহতাং দৃষ্ট্বা সহদেবস্ত্বরান্বিতঃ।
শক্তিং চিক্ষেপ কর্ণায় তামপ্যস্যাচ্ছিনচ্ছরৈঃ ॥৯॥
অসম্ভ্রান্তস্ততস্তূর্ণমবপ্লুত্য রথোত্তমাৎ।
সহদেবো মহারাজ! দৃষ্ট্বা কর্ণং ব্যবস্থিতম্।
রথচক্রং প্রগৃহ্যাজৌ মুমোচাধিরথিং প্রতি ॥১০॥
তদাপতদ্বৈ সহসা কালচক্রমিবোদ্যতম্।
শরৈরনেকসাহস্রৈরচ্ছিনৎ সূতনন্দনঃ ॥১১॥
তস্মিংস্তু নিহতে চক্রে সূতজেন মহাত্মনা।
বার্য্যমাণস্তু বিশিখৈঃ সহদেবো রণং জহৌ ॥১২॥

ভারতকৌমুদী

তামিতি। সহদেবভুজেন ঈরিতাং ক্ষিপ্তাম্। ব্যষ্টম্ভয়ৎ অস্তম্ভয়ৎ ॥৮॥
গদামিতি। অস্য সহদেবস্য, অচ্ছিনৎ কর্ণ এব ॥৯॥
অসমিতি। অসম্ভ্রান্তঃ অবিচলিতঃ। আধিরথিং কর্ণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
তদিতি। কালচক্রম্ অনিবার্য্যমবিরতমাবর্ত্তমানং দৈবব্যাপারমিব ॥১১॥
তস্মিন্নিতি। বার্য্যমাণঃ সূতজেনৈব। জহৌ প্রাণভয়েন তত্যাজ ॥১২॥

সহদেবনিক্ষিপ্ত সেই গদাটা বেগে আসিতে লাগিলে, কর্ণ বাণদ্বারা সেটাকে স্থগিত ও ভূতলে পাতিত করিলেন ॥৮॥

গদা প্রতিহত হইল দেখিয়া সহদেব ত্বরান্বিত হইয়া কর্ণের প্রতি একটা শক্তি নিক্ষেপ করিলেন; কর্ণ বাণদ্বারা সেটাকেও কাটিয়া ফেলিলেন ॥৯॥

মহারাজ! তাহার পর সহদেব অবিচলিত থাকিয়া সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া কর্ণকে অবস্থিত দেখিয়া একটা রথচক্র গ্রহণ করিয়া কর্ণের দিকে নিক্ষেপ করিলেন ॥১০॥

উদ্যত কালচক্রের ন্যায় সেই রথচক্রটা বেগে আসিতে লাগিলে, কর্ণ বহুতর বাণদ্বারা সেটাকেও ছেদন করিলেন ॥১১॥

---

(১০) অসম্ভ্রমস্ততঃ...বর্দ্ধ, সসম্ভ্রমং ততঃ...বা নি। (১২) পূর্ব্বার্দ্ধাৎ পরম্ 'ঈষাদণ্ডক-যোক্ত্রাণি যুগানি বিবিধানি চ। হস্ত্যশ্বানি তথাশ্বাংশ্চ মৃতাংশ্চ পুরুষান্ বহূন্॥ চিক্ষেপ কর্ণমুদ্দিশ্য কর্ণস্তান্ ব্যধমচ্ছরৈঃ। স নিরায়ুধমাত্মানং জ্ঞাত্বা মাদ্রবতীসুতঃ॥' ইতি পাঠো-ঽধিকঃ বঙ্গ বর্দ্ধ বা রা নি।

তমভিক্রুত্য রাধেয়ো মুহূর্তাদ্ভরতর্ষভ ! ।
অব্রবীৎ প্রহসন্ বাক্যং সহদেবং বিশাংপতে ! ॥১৩॥
মা যুধ্যস্ব রণে বীর ! বিশিষ্টৈ রথিভিঃ সহ ।
সদৃশৈর্যুধ্য মাদ্রেয় ! বচো মে মা বিশঙ্কিথাঃ ॥১৪॥
অথৈনং ধনুষোঽগ্রেণ তুদন্ ভূয়োঽব্রবীদ্বচঃ ।
এষোঽর্জ্জুনো রণে যত্তো যুধ্যতে কুরুভিঃ সহ ।
অত্র গচ্ছস্ব মাদ্রেয় ! গৃহং বা যদি মন্যসে ॥১৫॥
এবমুক্ত্বা তু তং কর্ণো রথেন রথিনাং বরঃ ।
প্রায়াৎ পাঞ্চালপাণ্ডূনাং সৈন্যানি প্রহসন্নিব ॥১৬॥
বধপ্রাপ্তস্তু মাদ্রেয়ং নাবধীৎ সমরেঽরিহা ।
কুন্ত্যাঃ স্মৃত্বা বচো রাজন্ ! সত্যসন্ধো মহারথঃ ॥১৭॥

ভারতকৌমুদী

তমিতি। অভিক্রুত্য দ্রুতমহুস্মত্য, রাধেয়ঃ কর্ণঃ ॥১৩॥
মেতি। বীরেতি সোল্লুণ্ঠনং সম্বোধনম্। বিশিষ্টৈঃ প্রধানৈঃ। যুধ্য যুধ্যস্ব ॥১৪॥
অথেতি। তুদন্ কিঞ্চিদাহত্য ব্যথয়ন্। যত্তো জয়ায় যত্নবান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৫॥
এবমিতি। প্রহসন্নিব, জয়লাভেনানন্দলাভাদিতি ভাবঃ ॥১৬॥

মহাবল কর্ণ সেই চক্রটাকে প্রতিহত ও বাণদ্বারা বারণ করিতে লাগিলে, সহদেব রণস্থল ত্যাগ করিয়া যাইবার উপক্রম করিলেন ॥১২॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ ! তখন কর্ণ বেগে সহদেবের নিকটে যাইয়া হাসিতে হাসিতে সহদেবকে এই কথা বলিলেন—॥১৩॥

'বীর মাদ্রীনন্দন ! তুমি রণস্থলে বিশিষ্ট রথীদের সহিত আর যুদ্ধ করিও না, সমান ব্যক্তিদের সহিতই যুদ্ধ করিও এবং আমার একথায় অবিশ্বাস করিও না' ॥১৪॥

তাহার পর কর্ণ ধনুর অগ্রদ্বারা সহদেবকে একটু আঘাত করিয়া এই কথা বলিলেন—'মাদ্রীনন্দন ! ঐ অর্জ্জুন যত্নবান্ হইয়া কৌরবদের সহিত যুদ্ধ করিতেছেন ; তুমি ঐখানে যাও, কিংবা যদি মনে কর, তবে শিবিরেও যাইতে পার' ॥১৫॥

এই কথা বলিয়া রথিশ্রেষ্ঠ কর্ণ হাসিতে হাসিতেই যেন রথারোহণে পাঞ্চাল ও পাণ্ডবসৈন্যের দিকে গমন করিলেন ॥১৬॥

(১৫)···অত্রগচ্ছস্ব···পি,···তত্র গচ্ছস্ব···বা নি। (১৭) বধং প্রাপ্তস্তু···বা নি।

সহদেবস্ততো রাজন্! বিমনাঃ শরপীড়িতঃ।
কর্ণবাক্‌শল্যতপ্তশ্চ জীবিতান্নিরবিদ্যত ॥১৮॥
আরুরোহ রথঞ্চাপি পাঞ্চালস্য মহাত্মনঃ।
জনমেজয়স্য সমরে ত্বরাযুক্তো মহারথঃ ॥১৯॥
বিরাটং সহসেনস্তু দ্রোণং বৈ দ্রুতমাগতম্।
মদ্ররাজঃ শরৌঘেণ চ্ছাদয়ামাস ধন্বিনম্ ॥২০॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং সমরে দৃঢ়ধন্বিনোঃ।
যাদৃশং হ্যভবদ্রাজন্! জম্ভবাসবয়োঃ পুরা ॥২১॥
মদ্ররাজো মহারাজ! বিরাটং বাহিনীপতিম্।
আজঘ্নে ত্বরিতস্তূর্ণং শতেন নতপর্ব্বণাম্ ॥২২॥

ভারতকৌমুদী

নন্থ কর্ণস্তদানীং কথং সহদেবং নাবধীদিত্যাহ বধেতি। বধপ্রাপ্তং বধযোগ্যমপি, মাদ্রেয়ং মাদ্র্যাঃ পুত্রং সহদেবম্। অরিহা শক্রহন্তা কর্ণঃ। কুন্ত্যা বচো যথোদ্‌যোগপর্ব্বণি ষট্‌ত্রিংশদধিকশততমাধ্যায়ে—"ত্বয়া চতুর্ণাং ভ্রাতৃণামভয়ং শত্রুকর্ষণ!। দত্তং তৎ প্রতিজানীহি সত্যপ্রতিমোচনম্ ॥" ॥১৭॥

সহেতি। নিরবিদ্যত নির্বিণ্নো বিরক্তোঽভবৎ ॥১৮॥

আরুরোহেতি। তৃতীয়পাদে অক্ষরাধিক্যমার্ষম্। মহারথঃ সহদেবঃ ॥১৯॥

বিরাটমিতি। সেনয়া সহেতি সহসেনস্তম্। দ্রোণমিত্যাগতমিত্যস্য কর্ম ॥২০॥

তয়োরিতি। জম্ভবাসবয়োর্জম্ভাসুরদেবরাজয়োঃ ॥২১॥

মদ্রেতি। আজঘ্নে আজঘান। নতপর্ব্বণাং বক্রোপাস্থানাং শরাণাম্ ॥২২॥

রাজা! শক্রহন্তা, সত্যপ্রতিজ্ঞ ও মহারথ কর্ণ কুন্তীর বাক্য স্মরণ করিয়া যুদ্ধে পাইয়াও সহদেবকে বধ করেন নাই ॥১৭॥

নরনাথ! তদনন্তর বাণপীড়িত, কর্ণের বাক্যশল্যে সন্তপ্ত ও বিষণ্ণচিত্ত সহদেব নিজের জীবনের প্রতি বিরক্ত হইলেন ॥১৮॥

ক্রমে মহারথ সহদেব ত্বরান্বিত হইয়া যাইয়া পাঞ্চালদেশীয় মহাত্মা জনমেজয়ের রথে আরোহণ করিলেন ॥১৯॥

ওদিকে ধনুর্দ্ধর বিরাটরাজা সৈন্যগণের সহিত আসিয়া দ্রোণের নিকট উপস্থিত হইলে, মদ্ররাজ শল্য বাণসমূহদ্বারা তাঁহাকে আবৃত করিলেন ॥২০॥

রাজা! পূর্ব্বকালে জম্ভাসুর ও ইন্দ্রের যেরূপ যুদ্ধ হইয়াছিল, দৃঢ়ধনুর্দ্ধর শল্য ও বিরাটের তখন সেইরূপ যুদ্ধ হইতে লাগিল ॥২১॥

---

(১৯) শ্লোকাৎ পরম্ '…সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বা।

প্রতিবিব্যাধ তং মৎস্যো নবভির্নিশিতৈঃ শরৈঃ।
পুনশ্চৈব ত্রিসপ্তত্যা ভূয়শ্চৈব শতেন তু ॥২৩॥
তস্য মদ্রাধিপো হত্বা চতুরো রথবাজিনঃ।
সূতং ধ্বজঞ্চ সমরে শরাভ্যাং সংন্যপাতয়ৎ ॥২৪॥
ততো বিস্ফার্য্য নয়নে ক্রোধাদ্দ্বিগুণবিক্রমঃ।
মদ্ররাজরথং তূর্ণং ছাদয়ামাস পত্রিভিঃ ॥২৫॥
ততো মদ্রাধিপঃ ক্রুদ্ধঃ শতেনানতপর্বণাম্।
আজঘানোরসি দৃঢ়ং বিরাটং বাহিনীপতিম্ ॥২৬॥

ভারতকৌমুদী

প্রতীতি। মৎস্যো মৎস্যরাজো বিরাটঃ। ত্রিসপ্তত্যা শতেন চ শরৈরিতি সম্বন্ধঃ ॥২৩॥
তস্যেতি। চতুরশ্চতুঃসংখ্যকান্। সূতং সারথিম্ ॥২৪॥
তত ইতি। দ্বিগুণবিক্রমো মৎস্য এব। পত্রিভির্বাণৈঃ ॥২৫॥
তত ইতি। আনতপর্ব্বণাং শরাণাম্। উরসি বক্ষসি ২৬॥

মহারাজ! ক্রমে শল্য ত্বরান্বিত হইয়া নতপর্ব্ব একশত বাণদ্বারা সত্বর সেনাপতি বিরাটকে আঘাত করিলেন ॥২২॥

পরে বিরাট নয়টা সুধার বাণদ্বারা শল্যকে প্রতিবিদ্ধ করিলেন এবং পুনরায় ত্রিসপ্ততি বাণদ্বারা আবারও একশতদ্বারা তাঁহাকে তাড়ন করিলেন ॥২৩॥

তখন শল্য বিরাটের রথের চারিটা ঘোড়াকে বধ করিয়া দুইটা বাণদ্বারা সারথি ও ধ্বজটাকে নিপাতিত করিলেন ॥২৪॥

তৎপরে বিরাট নয়নযুগল বিস্ফারিত করিয়া ক্রোধে দ্বিগুণবিক্রম হইয়া বাণসমূহদ্বারা সত্বর শল্যের রথখানাকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৫॥

তদনন্তর শল্য ক্রুদ্ধ হইয়া নতপর্ব একশত বাণদ্বারা সেনাপতি বিরাটের বক্ষস্থলে দৃঢ় আঘাত করিলেন ॥২৬॥

(২৪) ইতঃ পরং বিরাটভ্রাতুঃ শতানীকস্য যুদ্ধাদিবোধকাশ্চত্বারঃ শ্লোকা অধিকাঃ, ভীষ্মপর্ব্বণি ত্রয়োদশাধিকশততমাধ্যায়ে ভীষ্মেণৈব তস্য হননাৎ। তে চ বঙ্গ বর্দ্ধ বা নি যথা—
হতাশ্বাত্তু রথাত্তূর্ণমবপ্লুত্য মহারথঃ। তস্থৌ বিস্ফারয়ংশ্চাপং বিমুঞ্চংশ্চ শিতাঞ্ছরান্ ॥১॥
শতানীকস্ততো দৃষ্ট্বা ভ্রাতরং হতবাহনম্। রথেনাভ্যপতত্তূর্ণং সর্বলোকস্য পশ্যতঃ ॥২॥
শতানীকমথায়ান্তং মদ্ররাজো মহামৃধে। বিশিখৈর্বহুভির্বিদ্ধ্বা ততো নিন্যে যমক্ষয়ম্ ॥৩॥
তস্মিংস্তু নিহতে বীরে বিরাটো রথসত্তমঃ। আরুরোহ রথং তূর্ণং তমেব ধ্বজমালিনম্ ॥৪॥

সোঽতিবিদ্ধো মহারাজ! রথোপস্থ উপাবিশৎ।
কশ্মলঞ্চাবিশত্তীব্রং বিরাটো ভরতর্ষভ!।
সারথিস্তমপোবাহ সমরাচ্ছরবিক্ষতম্ ॥২৭॥
ততঃ সা মহতী সেনা প্রাদ্রবন্নিশি ভারত!।
বধ্যমানা শরশতৈঃ শল্যেনাহবশোভিনা ॥২৮॥
তাং দৃষ্ট্বা বিদ্রুতাং সেনাং বাসুদেবধনঞ্জয়ৌ।
প্রায়াতাং তত্র রাজেন্দ্র! যত্র শল্যো ব্যবস্থিতঃ ॥২৯॥

ভারতকৌমুদী

স ইতি। রথস্য উপস্থে উপবেশনস্থানে। কশ্মলং মোহম্। সারথিরপর আগত্যেত্যর্থঃ, সমরাৎ সমরাঙ্গনাৎ, অপোবাহ অপসারয়ামাস। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

তত ইতি। সেনা পাণ্ডবীয়া, প্রাদ্রবৎ দ্রুতং পলায়ত ॥২৮॥

তামিতি। বিদ্রুতাং পলায়িতাম্। তয়োস্তত্র প্রয়াণেনৈব তন্নিবৃত্তিরিতি ভাবঃ ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ মহারাজ! তখন বিরাটরাজা অত্যন্তবিদ্ধ হইয়া রথমধ্যে উপবেশন করিলেন এবং গুরুতর মোহাবিষ্ট হইলেন। সেই সময়ে অন্য একজন সারথি আসিয়া বাণবিক্ষত বিরাটকে রণস্থল হইতে লইয়া গেল ॥২৭॥

ভরতনন্দন! তাহার পর যুদ্ধশোভী শল্য বাণসমূহদ্বারা বধ করিতে লাগিলে, সেই বিশাল পাণ্ডবসৈন্য পলায়ন করিতে লাগিল ॥২৮॥

রাজশ্রেষ্ঠ! পাণ্ডবসৈন্য পলায়ন করিতেছে দেখিয়া কৃষ্ণ ও অর্জ্জুন—যেখানে শল্য ছিলেন, সেইখানে গমন করিলেন ॥২৯॥

---

(২৯)···প্রয়াতৌ তত্র রাজেন্দ্র!···বা নি। ইতঃ পরম্ অলম্বুষরাক্ষসযুদ্ধবোধকাঃ কিয়ন্তঃ শ্লোকা অধিকাঃ, অস্মিন্নেব পর্ব্বণি ত্রিনবতিতমাধ্যায়ে ঘটোৎকচেনালম্বুষস্য নিহতত্বাৎ। তত্র বর্দ্ধমানরাজপুস্তকে অলম্বুষস্থানে অলম্বল ইতি নির্ণয়সাগরপুস্তকে চ অলায়ুধ ইতি পাঠঃ কল্পিতঃ। তে চ শ্লোকা যথা পি বা বঙ্গ—

তৌ তু প্রত্যুদ্যযৌ রাজন্! রাক্ষসেন্দ্রো হ্যলম্বুষঃ। অষ্টচক্রসমাযুক্তমাস্থায় প্রবরং রথম্। তুরঙ্গমমুখৈর্যুক্তং পিশাচৈর্ঘোরদর্শনৈঃ ॥১॥
লোহিতার্দ্রপতাকং তং রক্তমাল্যবিভূষিতম্। কার্ষ্ণায়সময়ং ঘোরমৃক্ষচর্ম্মসমাবৃতম্ ॥২॥
রৌদ্রেণ চিত্রপক্ষেণ বিবৃতাক্ষেণ কূজতা। ধ্বজেনোচ্ছ্রিতদণ্ডেন গৃধ্ররাজেন রাজতা ॥৩॥
স বভৌ রাক্ষসো রাজন্! ভিন্নাঞ্জনচয়োপমঃ। রুরোধার্জ্জুনমায়ান্তং প্রভঞ্জনমিবাদ্রিরাট্ ॥৪॥
কিরন্ বাণগণান্ রাজন্! শতশোঽর্জ্জুনমূর্দ্ধনি। অতিতীব্রং মহদ্যুদ্ধং নররাক্ষসয়োস্তদা ॥৫॥
দ্রষ্টৄণাং প্রীতিজননং সর্ব্বেষাং তত্র ভারত!। গৃধ্রকাকবলোলূককঙ্কগোমায়ুহর্ষণম্ ॥৬॥
তমর্জ্জুনঃ শতেনৈব পত্রিণাং সমতাড়য়ৎ। নবভিশ্চ শিতৈর্বাণৈর্ধ্বজং চিচ্ছেদ ভারত! ॥৭॥

বধ্যমানা মহারাজ ! পাণ্ডবেন যশস্বিনা ।
সৈনিকা ন্যপতন্মুর্ব্যাং বাতভুগ্না ইব দ্রুমাঃ ॥৩০॥
তেষু তূৎসাদ্যমানেষু ফাল্গুনেন মহাত্মনা ।
সংপ্রাদ্রবদ্বলং সর্ব্বং পুত্রাণাং তে মহীপতে ! ॥৩১॥
শতানীকং শরৈস্তূর্ণং নির্দহন্তং চমূং তব ।
চিত্রসেনস্তব সুতো বারয়ামাস ভারত ! ॥৩২॥
নাকুলিশ্চিত্রসেনন্তু নারাচেনার্দ্দয়দ্ভৃশম্ ।
স চ তং প্রতিবিব্যাধ দশভির্নিশিতৈঃ শরৈঃ ॥৩৩॥
চিত্রসেনো মহারাজ ! শতানীকং পুনর্যুধি ।
নবভির্নিশিতৈর্বাণৈরাজঘান স্তনান্তরে ॥৩৪॥

ভারতকৌমুদী

বধ্যেতি। পাণ্ডবেনার্জ্জুনেন। সৈনিকাঃ পাণ্ডবীয়াঃ। বাতভগ্না বায়ুভগ্নাঃ ॥৩০॥
তেম্বিতি। উৎসাদ্যমানেষু বিনাশ্যমানেষু, ফাল্গুনেনার্জ্জুনেন ॥৩১॥
শতেতি। শতানীকং নাম নকুলপুত্রম্ ॥৩২॥
নাকুলিরিতি। নাকুলির্নকুলপুত্রঃ শতানীকঃ। স চিত্রসেনশ্চ ॥৩৩॥
চিত্রেতি। নিশিতৈঃ সুধারৈঃ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৩৪॥

মহারাজ ! তাহার পর যশস্বী অর্জ্জুন বধ করিতে লাগিলে, কৌরবসৈন্যেরা বায়ুভগ্ন বৃক্ষের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিল ॥৩০॥

রাজা ! মহাত্মা অর্জ্জুন তাহাদিগকে সংহার করিতে থাকিলে, আপনার পুত্রের সমস্ত সৈন্যই পলায়ন করিতে থাকিল ॥৩১॥

ভরতনন্দন ! ওদিকে নকুলের পুত্র শতানীক আপনার সৈন্য দগ্ধ করিতে লাগিলে, আপনার পুত্র চিত্রসেন তাঁহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩২॥

ক্রমে শতানীক একটা নারাচদ্বারা চিত্রসেনকে গুরুতর পীড়ন করিলেন। তখন চিত্রসেনও দশটা সুধার বাণদ্বারা শতানীককে প্রতিবিদ্ধ করিলেন ॥৩৩॥

সারথিঞ্চ ত্রিভির্বাণৈস্ত্রিভিরেব ত্রিবেণুকম্। ধনুরেকেন চিচ্ছেদ চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥৮॥
পুনঃ সজ্যং কৃতং চাপং তদপ্যস্য দ্বিধাচ্ছিনৎ। বিরথস্যোদ্যতং খড়্গং শরেণাস্য দ্বিধাকরোৎ ॥৯॥
অথৈনং নিশিতৈর্বাণৈশ্চতুর্ভির্ভরতর্ষভ ! পার্থোঽবিধ্যৎ প্রাক্‌সেনং স বিদ্ধঃ প্রাদ্রবদ্ভয়াৎ ॥১০॥
তং বিজিত্যার্জ্জুনস্তূর্ণং দ্রোণান্তিকমুপাযযৌ। কিরন্ শরগণান্ রাজন্নরবারণবাজিষু ॥১১॥

(৩১) ইতঃ পরম্ '...পঞ্চষষ্ঠ্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...অষ্টষষ্ঠ্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

নাকুলিস্তস্য বিশিখৈর্বর্ম্ম সন্নতপর্ব্বভিঃ।
গাত্রাৎ সংচ্যাবয়ামাস তদদ্ভুতমিবাভবৎ ॥৩৫॥
সোঽপেতবর্ম্মা পুত্রস্তে বিররাজ ভৃশং নৃপ !।
উৎসৃজ্য কালে রাজেন্দ্র ! নির্ম্মোকমিব পন্নগঃ ॥৩৬॥
ততোঽস্য নিশিতৈর্বাণৈর্ধ্বজং চিচ্ছেদ নাকুলিঃ।
ধনুশ্চৈব মহারাজ ! যতমানস্য সংযুগে ॥৩৭॥
স চ্ছিন্নধন্বা সমরে বিবর্ম্মা চ মহারথঃ।
ধনুরন্যন্মহারাজ ! জগ্রাহারিবিদারণম্ ॥৩৮॥
ততস্তূর্ণং চিত্রসেনো নাকুলিং নবভিঃ শরৈঃ।
বিব্যাধ সমরে ক্রুদ্ধো ভারতানাং মহারথঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

নাকুলিরিতি। দুষ্করং চ্যাবনমেবাদ্ভুতমিতি ভাবঃ ॥৩৫॥
স ইতি। অপেতবর্ম্মা স্খলিতকবচঃ। নির্ম্মোকং বহিস্ত্বচম্ ॥৩৬॥
তত ইতি। যতমানস্য জয়ায়েতি শেষঃ ॥৩৭॥
স ইতি। বিবর্ম্মা কবচশূন্যগাত্রঃ ॥৩৮॥
তত ইতি। বিব্যাধ তাড়য়ামাস ॥৩৯॥

মহারাজ ! চিত্রসেন পুনরায় নয়টা সুধার বাণদ্বারা শতানীকের বক্ষস্থলে আঘাত করিলেন ॥৩৪॥

তখন শতানীক নতপর্ব বহুতর বাণদ্বারা চিত্রসেনের গাত্র হইতে বর্ম্মটাকে বিচ্যুত করিলেন; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ রাজা ! সর্প যেমন যথাকালে নির্ম্মোক (খোলস) ত্যাগ করিয়া বিশেষ শোভা পায়, সেইরূপ বর্ম্ম পতিত হইলে আপনার পুত্র চিত্রসেন বিশেষ শোভা পাইতে লাগিলেন ॥৩৬॥

মহারাজ ! তাহার পর শতানীক সুধার বাণসমূহদ্বারা জয়ে যত্নশীল চিত্রসেনের ধ্বজ ও ধনু ছেদন করিলেন ॥৩৭॥

মহারাজ ! ধনু ছিন্ন ও বর্ম্ম পতিত হইলে, মহারথ চিত্রসেন শত্রুবিদারক অন্য ধনু গ্রহণ করিলেন ॥৩৮॥

তদনন্তর ভরতবংশমধ্যে মহারথ চিত্রসেন ক্রুদ্ধ হইয়া নয়টা বাণদ্বারা সত্বর শতানীককে বিদ্ধ করিলেন ॥৩৯॥

শতানীকোঽথ সংক্রুদ্ধশ্চিত্রসেনস্য মারিষ ! ।
জঘান চতুরো বাহান্ সারথিঞ্চ নরোত্তমঃ ॥৪০॥
অবপ্লুত্য রথাত্তস্মাচ্চিত্রসেনো মহারথঃ ।
নাকুলিং পঞ্চবিংশত্যা শরাণামার্দ্দয়দ্বলী ॥৪১॥
তস্য তৎ কুর্ব্বতঃ কর্ম্ম নকুলস্য সুতো রণে ।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ চাপং রত্নবিভূষিতম্ ॥৪২॥
স ছিন্নধন্বা বিরথো হতাশ্বো হতসারথিঃ ।
আরুরোহ রথং তূর্ণং হার্দ্দিক্যস্য মহাত্মনঃ ॥৪৩॥
দ্রুপদস্তু সহানীকং দ্রোণপ্রেপ্সুং মহারথম্ ।
বৃষসেনোঽভ্যয়াত্তূর্ণং কিরন্ শরশতৈস্তদা ॥৪৪॥
যজ্ঞসেনস্তু সমরে কর্ণপুত্রং মহারথম্ ।
ষষ্ট্যা শরাণাং বিব্যাধ বাহ্বোরুরসি চানঘ ! ॥৪৫॥

ভারতকৌমুদী

শতেতি। চতুরঃ চতুঃসংখ্যকান্, বাহান্ রথস্যাশ্বান্ ॥৪০॥
অবেতি। অবপ্লুত্য বেগেনাবতীর্য্য ॥৪১॥
তস্যেতি। তস্য চিত্রসেনস্য চাপমিতি সম্বন্ধঃ ॥৪২॥
স ইতি। হার্দ্দিক্যস্য হৃদিকপুত্রস্য কৃতবর্ম্মণঃ ॥৪৩॥
দ্রুপদমিতি। অনীকেন সৈন্যেন সহেতি সহানীকস্তম্। কিরন্ প্রহরন্ ॥৪৪॥
যজ্ঞেতি। যজ্ঞসেনো দ্রুপদঃ। উরসি বক্ষসি ॥৪৫॥

মাননীয় রাজা ! তৎপরে নরশ্রেষ্ঠ শতানীক অত্যন্তক্রুদ্ধ হইয়া চিত্রসেনের চারিটা অশ্ব ও সারথিকে বধ করিলেন ॥৪০॥

পরে মহারথ ও বলবান্ চিত্রসেন সেই রথ হইতে অবতীর্ণ হইয়া পঁচিশটা বাণদ্বারা শতানীককে পীড়ন করিলেন ॥৪১॥

চিত্রসেন যখন সেই কার্য্য করিতেছিলেন, তখন শতানীক একটা অর্দ্ধচন্দ্র-বাণদ্বারা চিত্রসেনের রত্নবিভূষিত ধনু ছেদন করিলেন ॥৪২॥

ধনু ছিন্ন এবং অশ্ব ও সারথি নিহত হইলে, রথবিহীন চিত্রসেন সত্বর যাইয়া মহাত্মা কৃতবর্ম্মার রথে আরোহণ করিলেন ॥৪৩॥

পরে মহারথ দ্রুপদরাজা সৈন্যগণের সহিত দ্রোণের দিকে আসিতে লাগিলে, তখন বৃষসেন শত শত বাণ নিক্ষেপ করিতে করিতে সত্বর তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৪৪॥

(৪০)···সারথিঞ্চ নরোত্তম !—পি।

বৃষসেনস্তু সংক্রুদ্ধো যজ্ঞসেনং রথে স্থিতম্।
বহুভিঃ সায়কৈস্তীক্ষ্ণৈরাজঘান স্তনান্তরে ॥৪৬॥
তাবুভৌ শরভিন্নাঙ্গৌ শরকণ্টকিনৌ রণে।
ব্যভ্রাজেতাং মহারাজ! শ্বাবিধৌ শললৈরিব ॥৪৭॥
রুক্মপুঙ্খৈঃ প্রসন্নাগ্রৈঃ শরৈশ্ছিন্নতনুচ্ছদৌ।
রুধিরৌঘপরিক্লিন্নৌ ব্যভ্রাজেতাং মহামৃধে ॥৪৮॥
তপনীয়নিভৌ চিত্রৌ কল্পবৃক্ষাবিবাদ্ভুতৌ।
কিংশুকাবিব চোৎফুল্লৌ ব্যকাশেতাং রণাজিরে ॥৪৯॥
বৃষসেনস্ততো রাজন্! দ্রুপদং নবভিঃ শরৈঃ।
বিদ্ধ্বা বিব্যাধ সপ্তত্যা পুনরন্যৈস্ত্রিভিঃ শরৈঃ ॥৫০॥

ভারতকৌমুদী

বৃষেতি। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥৪৬॥

তাবিতি। শরাঃ কণ্টকানীবানয়োঃ সন্তীতি তৌ। শ্বাবিধৌ জন্তুবিশেষৌ, শললৈঃ কণ্টকৈঃ ॥৪৭॥

রুক্মেতি। প্রসন্নাগ্রৈর্নির্ম্মলমুখৈঃ, ছিন্নৌ তনুচ্ছদৌ বর্ম্মণী যয়োস্তৌ ॥৪৮॥

তপেতি। তপনীয়নিভৌ স্বর্ণবর্ণৌ। উৎফুল্লৌ বিকসিতপুষ্পৌ ॥৪৯॥

নিষ্পাপ রাজা! সেই সময়ে দ্রুপদরাজা ষাটটা বাণদ্বারা কর্ণপুত্র মহারথ বৃষসেনের বাহুযুগলে ও বক্ষস্থলে তাড়ন করিলেন ॥৪৫॥

তখন বৃষসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া বহুতর তীক্ষ্ণ বাণদ্বারা রথস্থিত দ্রুপদ-রাজার বক্ষস্থলে আঘাত করিলেন ॥৪৬॥

মহারাজ! এই সময়ে তাঁহাদের দুইজনেরই সমস্ত অঙ্গ বাণে বিদীর্ণ হইল এবং বহুতর বাণ কণ্টকের ন্যায় তাঁহাদের গাত্রে লাগিয়া রহিল। সুতরাং তাঁহারা তখন কণ্টকাকীর্ণ দুইটা শেজারুর ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৪৭॥

স্বর্ণপুঙ্খ ও নির্ম্মলমুখ বহুতর বাণে তাঁহাদের বর্ম্ম দুইটা ছিন্ন হইয়া গেল এবং রক্তের প্রবাহে সমস্ত অঙ্গ সিক্ত হইল; সেই অবস্থায় তাঁহারা মহাযুদ্ধে শোভা পাইতে থাকিলেন ॥৪৮॥

স্বর্ণবর্ণ, বিচিত্রাকৃতি এবং কল্পবৃক্ষের ন্যায় অদ্ভুতমূর্ত্তি সেই দ্রুপদ ও বৃষসেন তখন পুষ্পযুক্ত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিলেন ॥৪৯॥

(৪৭)...শরতুন্নাঙ্গৌ...বঙ্গ বর্দ্ধ,...শরক্ষুন্নাঙ্গৌ...বা নি। (৫০)...অন্যৈস্ত্রিভিস্ত্রিভিঃ—বা নি।

ততঃ শরসহস্রাণি বিমুঞ্চন্ বিবভৌ তদা।
কর্ণপুত্রো মহারাজ! বর্ষমাণ ইবাম্বুদঃ ॥৫১॥
ততস্তু দ্রুপদানীকং শরৈশ্ছিন্নতনুচ্ছদম্।
সম্প্রাদ্রবদ্রণে রাজন্! নিশীথে ভৈরবে সতি ॥৫২॥
প্রদীপৈর্হি পরিত্যক্তৈর্জ্বলদ্ভিস্তৈঃ সমন্ততঃ।
ব্যরাজত মহী রাজন্! বীতাভ্রা দ্যৌরিব গ্রহৈঃ ॥৫৩॥
তথাঙ্গদৈর্নিপতিতৈর্ব্যভ্রাজত বসুন্ধরা।
প্রাবৃট্কালে মহারাজ! বিদ্যুদ্ভিরিব তোয়দঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

বৃষেতি। সপ্তত্যাপি শরৈরিতি সম্বন্ধঃ ॥৫০॥
তত ইতি। বর্ষমাণো বারিধারাং বর্ষন্, অম্বুদো মেঘ ইব ॥৫১॥
তত ইতি। ছিন্নাস্তনুচ্ছদা বর্ম্মাণি যস্য তৎ। নিশীথে রাত্রৌ ॥৫২॥
প্রেতি। পরিত্যক্তৈর্ধাবনবেগাৎ। মহী রণভূমিঃ, বীতাভ্রা মেঘশূন্যা ॥৫৩॥
তথেতি। অঙ্গদৈঃ স্বর্ণময়ৈঃ কেয়ূরৈঃ। প্রাবৃট্কালে বর্ষাসময়ে ॥৫৪॥

রাজা! তাহার পর বৃষসেন নয়টা বাণদ্বারা দ্রুপদরাজাকে বিদ্ধ করিয়া আবার সত্তরটা বাণদ্বারা এবং পুনরায় তিনটাদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৫০॥

মহারাজ! তদনন্তর বৃষসেন পুনরায় সহস্র সহস্র বাণ বর্ষণ করিতে থাকিয়া বারিধারাবর্ষী মেঘের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৫১॥

রাজা! ক্রমে সেই রাত্রিটা ভয়ঙ্কর হইয়া উঠিলে, বৃষসেনের বাণে দ্রুপদসৈন্যের বর্ম্ম সকল ছিন্ন-ভিন্ন হইয়া গেলে, তাহারা পলায়ন করিতে লাগিল ॥৫২॥

রাজা! তৎকালে প্রদীপগুলি তাহাদের হস্তচ্যুত হইয়া সকল দিকে জ্বলিতে লাগিল; তাহাতে গ্রহগণদ্বারা মেঘশূন্য আকাশের ন্যায় রণভূমি প্রকাশ পাইতে থাকিল ॥৫৩॥

(৫১) ইতঃ পরং পঞ্চ শ্লোকা অধিকাঃ বঙ্গ বা। তে চ যথা—
দ্রুপদস্য ততঃ ক্রুদ্ধো বৃষসেনস্য কার্ম্মুকম্। দ্বিধা চিচ্ছেদ ভল্লেন পীতেন নিশিতেন চ ॥১॥
সোঽন্যৎ কার্ম্মুকমাদায় রুক্মবদ্ধং নবং দৃঢ়ম্। তূণাদাকৃষ্য বিমলং ভল্লং পীতং শিতং দৃঢ়ম্ ॥২॥
কার্ম্মুকে যোজয়িত্বা তং দ্রুপদং সন্নিরীক্ষ্য চ। আকর্ণপূর্ণং মুমুচে ত্রাসয়ন্ সর্ব্বসোমকান্ ॥৩॥
হৃদয়ং তস্য ভিত্বা চ জগাম বসুধাতলম্। কশ্মলং প্রাবিশদ্রাজা বৃষসেনশরাহতঃ ॥৪॥
সারথিস্তমপোবাহ স্মরন্ সারথিচেষ্টিতম্। তস্মিন্ প্রভগ্নে রাজেন্দ্র! পাঞ্চালানাং মহারথে ॥৫॥
(৫৩) প্রদীপৈরপরিত্যক্তৈঃ…বা নি।

ততঃ কর্ণসুতত্রস্তা সোমকা বিপ্রদুদ্রুবুঃ।
যথেন্দ্রভয়বিত্রস্তা দানবাস্তারকাময়ে ॥৫৫॥
তেনার্দ্দ্যমানাঃ সমরে দ্রবমাণাশ্চ সোমকাঃ।
ব্যরাজন্ত মহারাজ! প্রদীপৈরবভাসিতাঃ ॥৫৬॥
তাংস্তু নির্জ্জিত্য সমরে কর্ণপুত্রো ব্যরোচত।
মধ্যন্দিনমনুপ্রাপ্তো ঘর্ম্মাংশুরিব ভারত! ॥৫৭॥
তেষু রাজসহস্রেষু তাবকেষু পরেষু চ।
এক এব জ্বলংস্তস্থৌ বৃষসেনঃ প্রতাপবান্ ॥৫৮॥
স বিজিত্য রণে শূরান্ সোমকানাং মহারথান্।
জগাম ত্বরিতস্তত্র যত্র রাজা যুধিষ্ঠিরঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তারকস্ত তদাখ্যস্তাসুরস্ত আময়ঃ পীড়া যত্র তাদৃশে যুদ্ধে ॥৫৫॥

তেনেতি। তেন বৃষসেনেন। দ্রবমাণাঃ পলায়মানাঃ ॥৫৬॥

তানিতি। দিনস্ত মধ্যমিতি মধ্যন্দিনং "ধেনুদৃহ্যাদয়শ্চ" ইতি নিপাতঃ। ঘর্ম্মাংশুঃ সূর্য্যঃ ॥৫৭॥

তেম্বিতি। তাবকেষু ত্বৎপক্ষীয়েষু। জ্বলন্ তেজসা দীপ্যমানঃ ॥৫৮॥

স ইতি। যুধিষ্ঠিরো যুধ্যমান আসীদিতি শেষঃ ॥৫৯॥

এবং মহারাজ! বর্ষাকালে বিদ্যুৎসমূহদ্বারা মেঘের ন্যায় নিপতিত স্বর্ণকেয়ূরদ্বারা সমরভূমি শোভা পাইতে লাগিল ॥৫৪॥

তৎপরে—পূর্ব্বকালে তারকাসুরের যুদ্ধে দানবেরা যেমন ইন্দ্রের ভয়ে বিত্রস্ত হইয়া পলায়ন করিয়াছিল, সেইরূপ সোমকেরা বৃষসেনের ভয়ে বিত্রস্ত হইয়া পলায়ন করিতে লাগিল ॥৫৫॥

মহারাজ! বৃষসেন যুদ্ধে পীড়ন করিতে থাকিলে, পলায়মান সোমকেরা প্রদীপের আলোকে আলোকিত হইয়া প্রকাশ পাইতে থাকিল ॥৫৬॥

ভরতনন্দন! বৃষসেন যুদ্ধে তাহাদিগকে জয় করিয়া মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় দীপ্তি পাইতে লাগিলেন ॥৫৭॥

রাজা! আপনার পক্ষের ও বিপক্ষের সেই সহস্র সহস্র রাজার মধ্যে প্রতাপশালী একমাত্র বৃষসেনই তেজে জ্বলিতে থাকিয়া অবস্থান করিতে থাকিলেন ॥৫৮॥

তা'র পর বৃষসেন যুদ্ধে সোমকগণের মধ্যে মহারথ বীরগণকে জয় করিয়া—রাজা যুধিষ্ঠির যেখানে যুদ্ধ করিতেছিলেন, সত্বর সেইখানে গমন করিলেন ॥৫৯॥

প্রতিবিন্ধ্যমথ ক্রুদ্ধং প্রদহন্তং রণে রিপূন্ ।
দুঃশাসনস্তব সুতঃ প্রত্যগচ্ছন্মহারথঃ ॥৬০॥
তয়োঃ সমাগমো রাজন্! চিত্ররূপো বভূব হ ।
ব্যপেতজলদে ব্যোম্নি বুধভাস্করয়োরিব ॥৬১॥
প্রতিবিন্ধ্যস্তু সমরে কুর্ব্বাণং কর্ম্ম দুষ্করম্ ।
দুঃশাসনস্ত্রিভির্বাণৈর্ললাটে সমবিধ্যত ॥৬২॥
সোঽতিবিদ্ধো বলবতা তব পুত্ত্রেণ ধন্বিনা ।
বিররাজ মহারাজ! সশৃঙ্গ ইব পর্ব্বতঃ ॥৬৩॥
দুঃশাসনন্তু সমরে প্রতিবিন্ধ্যো মহারথঃ ।
নবভিঃ সায়কৈর্বিদ্ধা পুনর্বিব্যাধ সপ্তভিঃ ॥৬৪॥
তত্র ভারত! পুত্ত্রস্তে কৃতবান্ কর্ম্ম দুষ্করম্ ।
প্রতিবিন্ধ্যহয়ানুগ্রৈঃ পাতয়ামাস যচ্ছরৈঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

প্রতীতি। প্রতিবিন্ধ্যং নাম যুধিষ্ঠিরপুত্ত্রম্ ॥৬০॥
তয়োরিতি। সমাগমো মেলনম্। ব্যপেতজলদে অপগতমেঘে ॥৬১॥
প্রতীতি। কর্ম্ম বহুশত্রুসংহারকার্য্যম্ ॥৬২॥
স ইতি। সশৃঙ্গ ইত্যনেন ললাটে তদ্বাণস্থিতিরাক্ষিপ্তা ॥৬৩॥
দুঃশাসনমিতি। সপ্তভিঃ সায়কৈরেব ॥৬৪॥
তত্রেতি। প্রতিবিন্ধ্যস্য হয়ান্ রথঘোটকান্ ॥৬৫॥

মহারাজ! তৎপরে প্রতিবিন্ধ্য ক্রুদ্ধ হইয়া যুদ্ধে শত্রুসংহার করিতেছিলেন, তখন আপনার পুত্ত্র মহারথ দুঃশাসন তাঁহার দিকে গমন করিলেন ॥৬০॥

রাজা! তখন মেঘশূন্য আকাশে বুধ ও সূর্য্যের ন্যায় সেই রণস্থলে প্রতিবিন্ধ্য ও দুঃশাসনের সম্মেলনটী বিচিত্ররূপই হইল ॥৬১॥

প্রতিবিন্ধ্য যুদ্ধে দুষ্কর কার্য্য করিতেছিলেন, সেই সময়ে দুঃশাসন তিনটা বাণদ্বারা তাঁহার ললাটদেশ বিদ্ধ করিলেন ॥৬২॥

মহারাজ! আপনার পুত্ত্র বলবান্ ও ধনুর্দ্ধর দুঃশাসন অত্যন্তবিদ্ধ করিলে, প্রতিবিন্ধ্য শৃঙ্গযুক্ত পর্ব্বতের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৬৩॥

তদনন্তর মহারথ প্রতিবিন্ধ্য নয়টা বাণদ্বারা যুদ্ধে দুঃশাসনকে বিদ্ধ করিয়া পুনরায় সাতটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৬৪॥

(৬৩)…বিররাজ মহাবাহুঃ…বা নি। (৬৫)…পাতয়ামাস সায়কৈঃ—নি।

সারথিঞ্চাস্য ভল্লেন ধ্বজঞ্চ সমপাতয়ৎ।
রথঞ্চ তিলশো রাজন্! ব্যধমতস্য ধন্বিনঃ ॥৬৬॥
পতাকাশ্চ সতূণীরা রশ্মীন্ যোক্ত্রাণি চ প্রভো!।
চিচ্ছেদ তিলশঃ ক্রুদ্ধঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬৭॥
বিরথঃ স তু ধর্ম্মাত্মা ধনুষ্পাণিরবস্থিতঃ।
অযোধয়ত্তব সুতং কিরন্ শরশতান্ বহূন্ ॥৬৮॥
ক্ষুরপ্রেণ ধনুস্তস্য চিচ্ছেদ তনয়স্তব।
অথৈনং দশভির্বাণৈশ্ছিন্নধন্বানমার্দ্দয়ৎ ॥৬৯॥
তং দৃষ্ট্বা বিরথং তত্র ভ্রাতরোঽস্য মহারথাঃ।
অন্ববর্ত্তন্ত বেগেন মহত্যা সেনয়া সহ ॥৭০॥

ভারতকৌমুদী

সারথিমিতি। ব্যধমৎ তব পুত্র এবাচ্ছিনৎ ॥৬৬॥
পতাকা ইতি। রশ্মীন্ অশ্বমুখরজ্জূঃ, যোক্ত্রাণি যোজনরজ্জূঃ ॥৬৭॥
বিরথ ইতি। ধর্ম্মাত্মা ধর্ম্মরাজপুত্রত্বাদেব। শরশতানিতি পুংস্ত্বমার্ষম্ ॥৬৮॥
ক্ষুরপ্রেণেতি। ক্ষুরপ্রেণ তদাখ্যেন বাণেন ॥৬৯॥
তমিতি। ভ্রাতরঃ সুতসোমাদয়ঃ। অন্ববর্ত্তন্ত আগত্য পশ্চাদবর্ত্তন্ত ॥৭০॥

ভরতনন্দন! তখন আপনার পুত্র দুঃশাসন দুষ্কর কার্য্যই করিলেন। যে হেতু তিনি ভীষণ বাণসমূহদ্বারা প্রতিবিন্ধ্যের ঘোড়াগুলিকে নিপাত করিলেন ॥৬৫॥

এবং রাজা! তিনি একটা ভল্লদ্বারা প্রতিবিন্ধ্যের সারথিকে ও অপর ভল্লদ্বারা ধ্বজটাকে নিপাতিত করিলেন, আর সেই ধনুর্দ্ধরের রথখানাকে তিল তিল করিয়া কাটিয়া ফেলিলেন ॥৬৬॥

প্রভু! ক্রমে ক্রুদ্ধ দুঃশাসন নতপর্ব্ব শরসমূহদ্বারা প্রতিবিন্ধ্যের পতাকা, তূণ, অশ্বমুখরজ্জু ও অশ্ববন্ধনরজ্জুগুলিকে তিল তিল করিয়া ছেদন করিলেন ॥৬৭॥

কিন্তু তথাপি ধর্ম্মাত্মা প্রতিবিন্ধ্য ধনু ধারণপূর্ব্বক সেই রথে থাকিয়াই বহুতর বাণ নিক্ষেপ করতঃ দুঃশাসনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৬৮॥

তখন আপনার পুত্র দুঃশাসন একটা ক্ষুরপ্রদ্বারা প্রতিবিন্ধ্যের ধনু ছেদন করিলেন, পরে দশটা বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥৬৯॥

---

(৭০)···অন্ববর্ত্তন্ত সংগ্রামে···নি।

আপ্লুতঃ স ততো যানং স্নুতসোমস্য ভাস্বরম্ ।
ধনুর্গৃহ্য মহারাজ! বিব্যাধ তনয়ং তব ॥৭১॥
ততস্তু তাবকাঃ সর্ব্বে পরিবার্য্য সুতং তব ।
অভ্যবর্ত্তন্ত সংগ্রামে মহত্যা সেনয়া বৃতাঃ ॥৭২॥
ততঃ প্রববৃতে যুদ্ধং তব তেষাঞ্চ ভারত! ।
নিশীথে দারুণে কালে যমরাষ্ট্রবিবর্দ্ধনম্ ॥৭৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে পঞ্চচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

ভারতকৌমুদী

আপ্লুত ইতি। আপ্লুত আরূঢ়ঃ। যানং রথম্, স্নুতসোমস্য ভীমপুত্রস্য ॥৭১॥
তত ইতি। পরিবার্য্য সাহায্যার্থং পরিবেষ্ট্য, সুতং দুঃশাসনম্ ॥৭২॥
তত ইতি। নিশীথে রাত্রৌ। যমরাষ্ট্রবিবর্দ্ধনং বহুনাং মরণেন তত্র গমনাৎ ॥৭৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সহদেবমিতি ॥১—১১॥ রণং জহৌ রণং হিত্বা প্রযযৌ ॥১২—৭৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৫॥

তখন প্রতিবিন্ধ্যকে রথবিহীন দেখিয়া তাঁহার মহারথ ভ্রাতারা বিশাল সৈন্যের সহিত বেগে আসিয়া তাঁহার পিছনে উপস্থিত হইলেন ॥৭০॥

মহারাজ! তাহার পর প্রতিবিন্ধ্য স্নুতসোমের উজ্জ্বল রথে আরোহণ করিয়া ধনু ধারণপূর্ব্বক আপনার পুত্র দুঃশাসনকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৭১॥

রাজা! তদনন্তর আপনার পক্ষের সমস্ত যোদ্ধাও বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া আসিয়া দুঃশাসনকে পরিবেষ্টন করিয়া যুদ্ধে বিপক্ষাভিমুখে দাঁড়াইলেন ॥৭২॥

ভরতনন্দন! তৎপরে সেই ভীষণ রাত্রিকালে আপনার ও পাণ্ডবপক্ষের যোদ্ধাদের যমরাজ্যবিবর্দ্ধক যুদ্ধ আরম্ভ হইল' ॥৭৩॥

(৭২)··· অভ্যবর্ত্তন্ত বেগেন···নি। * '···ষট্‌ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···একোনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

ষট্‌চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ।

নকুলং রভসং যুদ্ধে নিঘ্নন্তং বাহিনীং তব।
অভ্যয়াৎ সৌবলঃ ক্রুদ্ধস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥১॥
কৃতবৈরৌ তু তৌ বীরাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ।
শরৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥২॥
যথৈব নকুলো রাজন্! শরবর্ষাণ্যমুঞ্চত।
তথৈব সৌবলশ্চাপি শিক্ষাং সংদর্শয়ন্ যুধি ॥৩॥
তাবুভৌ সমরে শূরৌ শরকণ্টকিনৌ তদা।
ব্যরাজেতাং মহারাজ! কণ্টকৈরিব শাল্মলী ॥৪॥

ভারতকৌমুদী

নকুলমিতি। রভসং প্রহৃষ্টম্। সৌবলঃ সুবলপুত্রঃ শকুনিঃ ॥১॥
কৃতেতি। পূর্ণমায়তে আকৃষ্টে যে ধনুষী তাভ্যাম্ উৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ ॥২॥
যথেতি। অমুঞ্চত অকরোৎ। শিক্ষাং সংদর্শয়ন্নিত্যুভয়োরেব বিশেষণম্ ॥৩॥
তাবিতি। শরাঃ কণ্টকানীবানয়োঃ সন্তীতি তৌ। শাল্মলী বৃক্ষৌ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! নকুল হৃষ্টচিত্তে যুদ্ধে আপনার সৈন্য সংহার করিতেছিলেন, এই সময়ে শকুনি তাঁহার দিকে গমন করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥১॥

চিরশত্রু সেই বীরেরা দুইজন পরস্পর বধাকাঙ্ক্ষী হইয়া ধনু দুইখানা পূর্ণ আকর্ষণ করিয়া বাণদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥২॥

রাজা! যুদ্ধে শিক্ষানৈপুণ্য দেখাইতে থাকিয়া নকুলও যেভাবে বাণবর্ষণ করিতে থাকিলেন, শকুনিও সেই ভাবেই বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩॥

---

(৪)···সমরে রাজন্!···বর্দ্ধ। পূর্ব্বার্দ্ধাৎ পরমধ্যমংশোঽধিকঃ পুনর্নপীথমেবোক্তত্বাৎ। স চ যথা বঙ্গ বর্দ্ধ বা নি—
ব্যরাজেতাং মহারাজ! শ্বাবিধৌ শললৈরিব। রুক্মপুঙ্খৈরজিহ্মাগ্রৈঃ শরৈশ্ছিন্নতনুচ্ছদৌ ॥১॥
রুধিরৌঘপরিক্লিন্নৌ ব্যরাজেতাং মহামৃধে। তপনীয়নিভৌ চিত্রৌ কল্পবৃক্ষাবিব দ্রুমৌ ॥২॥
কিংশুকাবিব চোৎফুল্লৌ প্রকাশেতে রণাজিরে। তাবুভৌ সমরে শূরৌ শরকণ্টকিনৌ তদা ॥৩॥

জিহ্মং প্রেক্ষমাণৌ চ রাজন্! বিবৃতলোচনৌ।
ক্রোধসংরক্তনয়নৌ নির্দ্দহন্তৌ পরস্পরম্ ॥৫॥
শ্যালস্তু তব সংক্রুদ্ধো মাদ্রীপুত্রং হসন্নিব।
কর্ণিনৈকেন বিব্যাধ হৃদয়ে নিশিতেন হ ॥৬॥
নকুলস্তু ভৃশং বিদ্ধঃ শ্যালেন তব ধন্বিনা।
নিষসাদ রথোপস্থে কশ্মলঞ্চাবিশন্মহৎ ॥৭॥
অত্যন্তবৈরিণং দৃপ্তং দৃষ্ট্বা শত্রুং তথাবিধম্।
ননাদ শকুনী রাজন্! তপান্তে জলদো যথা ॥৮॥
প্রতিলভ্য ততঃ সংজ্ঞাং নকুলঃ পাণ্ডুনন্দনঃ।
অভ্যয়াৎ সৌবলং ভূয়ো ব্যাত্তানন ইবান্তকঃ ॥৯॥

ভারতকৌমুদী

স্থিতি। জিহ্মমতীবকুটিলম্। অভবতামিতি শেষঃ ॥৫॥
শ্যাল ইতি। শ্যালঃ শকুনিঃ। কর্ণিনা তদাখ্যেন বাণেন ॥৬॥
নকুল ইতি। নিষসাদ উপবিবেশ, রথস্থ উপস্থে মধ্যে, কশ্মলং মোহম্ ॥৭॥
অত্যন্তেতি। দৃপ্তঃ দর্পযুক্তম্। তপান্তে গ্রীষ্মাবসানে, জলদো মেঘঃ ॥৮॥
প্রতীতি। সৌবলং শকুনিম্, ব্যাত্তাননঃ প্রকতটিবদনঃ ॥৯॥

মহারাজ! তখন সেই বীরেরা দুই জনই দেহে কণ্টকতুল্য বাণ ধারণ করিয়া রণস্থলে কণ্টকযুক্ত দুইটা শাল্মলিবৃক্ষের ন্যায় প্রকাশ পাইতে থাকিলেন ॥৪॥

রাজা! তাঁহারা ক্রমে ক্রোধে আরক্ত ও বিস্ফারিতনয়ন হইয়া বক্র দৃষ্টিপাত করিতে থাকিয়া পরস্পর যেন দগ্ধ করিতে লাগিলেন ॥৫॥

নরনাথ! তৎপরে আপনার শ্যালক শকুনি অত্যন্তক্রুদ্ধ হইয়া হাসিতে হাসিতেই যেন একটা সুধার কর্ণিদ্বারা নকুলের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৬॥

ধনুর্দ্ধর শকুনি গুরুতর বিদ্ধ করিলে, নকুল রথমধ্যে উপবেশন করিলেন এবং অত্যন্ত মোহাবিষ্ট হইলেন ॥৭॥

রাজা! অত্যন্তবিদ্বেষী ও গর্ব্বিত শত্রুকে মূর্চ্ছিত দেখিয়া শকুনি বর্ষাকালীন মেঘের ন্যায় গর্জ্জন করিয়া উঠিলেন ॥৮॥

তাহার পর পাণ্ডুনন্দন নকুল চৈতন্য লাভ করিয়া বিবৃতবদন যমের ন্যায় পুনরায় শকুনির দিকে গমন করিলেন ॥৯॥

---

(৭)···কশ্মলঞ্চৈবমাবিশৎ—পি, এনমাবিশৎ—বৰ্দ্ধ।

স ক্রুদ্ধঃ শকুনিং ষষ্ট্যা বিব্যাধ ভরতর্ষভ !।
পুনশ্চৈনং শতেনৈব নারাচানাং স্তনান্তরে ॥১০॥
অথাস্য সশরং চাপং মুষ্টিদেশেঽচ্ছিনত্তদা।
ধ্বজঞ্চ ত্বরিতং ছিত্ত্বা রথাদ্ভূমাবপাতয়ৎ ॥১১॥
সোঽতিবিদ্ধো মহারাজ ! রথোপস্থ উপাবিশৎ।
ধ্বজযষ্টিং পরিশ্লিষ্য কামিনীং কামুকো যথা ॥১২॥
তং বিসংজ্ঞং নিপতিতং দৃষ্ট্বা শ্যালং তবানঘ !।
অপোবাহ রথেনাশু সারথির্ধ্বজিনীমুখাৎ।
ততঃ সঙ্ক্রুক্রুশুঃ পার্থা যে চ তেষাং পদানুগাঃ ॥১৩॥
নির্জ্জিত্য তং রণে শত্রুং নকুলঃ শত্রুতাপনঃ।
অব্রবীৎ সারথিং ক্রুদ্ধো দ্রোণানীকায় মাং বহ ॥১৪॥

ভারতকৌমুদী

স ইতি। স্তনান্তরে বক্ষসি, বিব্যাধেত্যনুবৃত্তিঃ ॥১০॥
অথেতি। অস্য শকুনেঃ। অচ্ছিনৎ নকুল এব ॥১১॥
স ইতি। স শকুনিঃ। রথস্য উপস্থে মধ্যে। পরিশ্লিষ্য আলিঙ্গ্য ॥১২॥
তমিতি। অপোবাহ অপনিনায়। ধ্বজিনীমুখাৎ সেনাগ্রাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩॥
নির্জ্জিত্যেতি। দ্রোণস্য অনীকায় সৈন্যং প্রতি ॥১৪॥

ভরতশ্রেষ্ঠ ! পরে ক্রুদ্ধ নকুল ষাটটা বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিলেন এবং পুনরায় একশত নারাচদ্বারা তাঁহার বক্ষস্থলে তাড়ন করিলেন ॥১০॥

তদনন্তর নকুল শকুনির শরসংযুক্ত ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন এবং সত্বর তাঁহার ধ্বজ ছেদন করিয়া ভূতলে পাতিত করিলেন ॥১১॥

মহারাজ ! তখন শকুনি অত্যন্তবিদ্ধ হইয়া—কামুক যেমন কামিনীকে আলিঙ্গন করে, সেইরূপ ধ্বজযষ্টি আলিঙ্গন করিয়া রথমধ্যে উপবেশন করিলেন ॥১২॥

নিষ্পাপ রাজা ! আপনার শ্যালক শকুনিকে চৈতন্যশূন্য অবস্থায় পতিত দেখিয়া তাঁহার সারথি সত্বর সেনাসম্মুখ হইতে রথে করিয়াই তাঁহাকে লইয়া গেল। তখন পাণ্ডবেরা এবং তাঁহাদের যাঁহারা অনুচর ছিলেন তাঁহারা আনন্দকোলাহল করিয়া উঠিলেন ॥১৩॥

ওদিকে শত্রুতাপন নকুল যুদ্ধে সেই শত্রুকে জয় করিয়া ক্রুদ্ধ অবস্থাতেই সারথিকে বলিলেন—'আমাকে দ্রোণসৈন্যের দিকে লইয়া চল' ॥১৪॥

তস্য তদ্বচনং শ্রুত্বা মাদ্রীপুত্রস্য ধীমতঃ।
প্রায়াত্তেন রণে রাজন্! যেন দ্রোণোহন্বযুধ্যত ॥১৫॥
শিখণ্ডিনস্তু সমরে দ্রোণপ্রেপ্সুং বিশাংপতে!।
কৃপঃ শারদ্বতো যত্তঃ প্রত্যগচ্ছৎ সুবেগতঃ ॥১৬॥
গৌতমং দ্রুতমায়ান্তং দ্রোণান্তিকমরিন্দমম্।
বিব্যাধ নবভির্ভল্লৈঃ শিখণ্ডী প্রহসন্নিব ॥১৭॥
তমাচার্য্যো মহারাজ! বিদ্ধা পঞ্চভিরাশুগৈঃ।
পুনর্বিব্যাধ বিংশত্যা পুত্রাণাং প্রিয়কৃত্তব ॥১৮॥
মহদ্‌যুদ্ধং তয়োরাসীদ্‌ঘোররূপং ভয়ানকম্।
যথা দেবাসুরে যুদ্ধে শম্বরামররাজয়োঃ ॥১৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। প্রায়াৎ সারথিঃ, তেন তদ্দেশোদ্দেশেন। যেন যস্মিন্ দেশে ॥১৫॥
শিখণ্ডিনমিতি। শারদ্বতঃ শরদ্বতঃ পুত্রঃ, যত্তো জয়ায় যত্নবান্ ॥১৬॥
গৌতমমিতি। গৌতমং গৌতমগোত্রং কৃপম্ ॥১৭॥
তমিতি। আচার্য্যঃ কৃপঃ। আশুগৈর্বাণৈঃ ॥১৮॥
মহদিতি। শম্বরো নামাসুরঃ অমররাজ ইন্দ্রশ্চ তয়োঃ ॥১৯॥

রাজা! তখন ধীমান্ নকুলের সেই কথা শুনিয়া সারথি সেই দিকে চলিল, যে দিকে দ্রোণ যুদ্ধ করিতেছিলেন ॥১৫॥

নরনাথ! ওদিকে শিখণ্ডী যুদ্ধে দ্রোণের নিকটে আসিতেছিলেন; তখন শরদ্বানের পুত্র কৃপ জয়ে যত্নবান্ হইয়া অতিবেগে তাঁহার দিকে গমন করিলেন ॥১৬॥

শত্রুদমনকারী কৃপ বেগে দ্রোণের নিকটে আসিতে লাগিলে, শিখণ্ডী হাসিতে হাসিতেই যেন নয়টা ভল্লদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৭॥

মহারাজ! তখন আপনার পুত্রগণের প্রিয়কার্য্যকারী কৃপাচার্য্য পাঁচটা বাণদ্বারা শিখণ্ডীকে বিদ্ধ করিয়া পুনরায় কুড়িটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৮॥

পূর্ব্বে দেবাসুরযুদ্ধের সময়ে ইন্দ্র ও শম্বরাসুরের যেমন যুদ্ধ হইয়াছিল, তখন কৃপ এবং শিখণ্ডীরও সেইরূপই ভয়ানক মহাযুদ্ধ হইতে লাগিল ॥১৯॥

---

(১৬)…প্রত্যগচ্ছৎ স বেগিতঃ—বঙ্গ বর্দ্ধ বা নি। (১৭)…দ্রোণানীকমরিন্দমম্…পি বা নি।

শরজালাবৃতং ব্যোম চক্রতুস্তৌ মহারথৌ।
মেঘাবিব তপাপায়ে বীরৌ সমরদুর্ম্মদৌ।
প্রকৃত্যা ঘোররূপং তদাসীদ্‌ঘোরতরং পুনঃ ॥২০॥
রাত্রিশ্চ ভরতশ্রেষ্ঠ! যোধানাং যুদ্ধশালিনাম্।
কালরাত্রিনিভা হ্যাসীদ্‌ঘোররূপা ভয়াবহা ॥২১॥
শিখণ্ডী তু মহারাজ! গৌতমস্য মহদ্ধনুঃ।
অর্দ্ধচন্দ্রেণ চিচ্ছেদ সজ্যং সবিশিখং তদা ॥২২॥
তস্য ক্রুদ্ধঃ কৃপো রাজন্! শক্তিং চিক্ষেপ দারুণাম্।
স্বর্ণদণ্ডামকুণ্ঠাগ্রাং কর্ম্মারপরিমার্জ্জিতাম্ ॥২৩॥
তামাপতন্তীং চিচ্ছেদ শিখণ্ডী বহুভিঃ শরৈঃ।
সাপতন্মেদিনীং দীপ্তা ভাসয়ন্তী মহাপ্রভা ॥২৪॥

ভারতকৌমুদী

শরেতি। ব্যোম আকাশম্। তপাপায়ে গ্রীষ্মাপগমে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥
রাত্রিরিতি। কালরাত্রিঃ কাচিদ্ভীষণা দেবী তন্নিভা সংহারকরত্বাৎ ॥২১॥
শিখণ্ডীতি। অর্দ্ধচন্দ্রেণ বাণেন, জ্যয়া গুণেন সহেতি তৎ ॥২২॥
তস্যেতি। তস্য শিখণ্ডিন উপরি। কর্ম্মারেণ শিল্পিনা পরিমার্জ্জিতাম্ ॥২৩॥
তামিতি। মেদিনীং রণভূমিং ভাসয়ন্তী মহাপ্রভত্বাদেব ॥২৪॥

ক্রমে মহারথ, বীর ও যুদ্ধদুর্দ্ধর্ষ কৃপ এবং শিখণ্ডী বর্ষাকালে দুইটা মেঘের ন্যায় আকাশটাকে বাণজালে আবৃত করিলেন। সুতরাং তখন স্বভাবতই সেই ভীষণ যুদ্ধ আরও ভীষণতর হইতে লাগিল ॥২০॥

ভরতশ্রেষ্ঠ! পরে যুদ্ধকারী যোদ্ধাদের পক্ষে সেই রাত্রিটা কালরাত্রির তুল্যই অতিশয় ভীষণ হইয়া পড়িল ॥২১॥

মহারাজ! ক্রমে শিখণ্ডী একটা অর্দ্ধচন্দ্রবাণদ্বারা গুণ ও বাণের সহিত কৃপাচার্য্যের বিশাল ধনুখানা কাটিয়া ফেলিলেন ॥২২॥

রাজা! তখন কৃপাচার্য্য ক্রুদ্ধ হইয়া শিখণ্ডীর উপরে স্বর্ণদণ্ডা, দৃঢ়মুখী ও শিল্পিপরিমার্জ্জিতা একটা ভীষণা শক্তি নিক্ষেপ করিলেন ॥২৩॥

সেই শক্তিটা আসিতে লাগিলে, শিখণ্ডী বহুতর বাণদ্বারা সেটাকে ছেদন করিলেন। তখন উজ্জ্বলা ও মহাপ্রভা সেই শক্তিটা ভূতল আলোকিত করিয়া পতিত হইল ॥২৪॥

(২৪)···মেদিনীং কৃত্বা···নি।

অথান্যদ্ধনুরাদায় গৌতমো রথিনাং বরঃ।
প্রাচ্ছাদয়চ্ছিতৈর্বাণৈর্মহারাজ! শিখণ্ডিনম্ ॥২৫॥
স ছাদ্যমানঃ সমরে গৌতমেন যশস্বিনা।
ন্যষীদত রথোপস্থে শিখণ্ডী রথিনাং বরঃ ॥২৬॥
সীদন্তঞ্চৈনমালোক্য কৃপঃ শারদ্বতো যুধি।
আজঘ্নে বহুভির্বাণৈর্জিঘাংসন্নিব ভারত! ॥২৭॥
বিমুখন্তু রণে দৃষ্ট্বা যাজ্ঞসেনিং মহারথম্।
পাঞ্চালাঃ সোমকাশ্চৈব পরিবব্রুঃ সমন্ততঃ ॥২৮॥
তথৈব তব পুত্রাশ্চ পরিবব্রুর্দ্বিজোত্তমম্।
মহত্যা সেনয়া সার্দ্ধং ততো যুদ্ধমবর্ত্তত ॥২৯॥
রথিনাঞ্চ রণে রাজন্নন্যোন্যমভিধাবতাম্।
বভূব তুমুলঃ শব্দো মেঘানাং নদতামিব ॥৩০॥

ভারতকৌমুদী

অথেতি। শিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২৫॥
স ইতি। ন্যষীদত উপাবিশৎ, রথস্য উপস্থে উপবেশনস্থানে মধ্যে ॥২৬॥
সীদন্তমিতি। জিঘাংসন্নিবেত্যনেন পাণ্ডবহিতৈষিত্বং কৃপস্য ব্যজ্যতে ॥২৭॥
বিমুখমিতি। যাজ্ঞসেনিং যজ্ঞসেনস্য দ্রুপদস্য পুত্রং শিখণ্ডিনম্ ॥২৮॥
তথেতি। পরিবব্রুঃ সাহায্যার্থং পরিবিবেষ্টিরে, দ্বিজোত্তমং কৃপম্ ॥২৯॥
রথিনামিতি। চকারাদন্যেষামপি। শব্দঃ কোলাহলঃ ॥৩০॥

মহারাজ! পরে রথিশ্রেষ্ঠ কৃপ অন্য ধনু লইয়া সুধার বাণসমূহদ্বারা শিখণ্ডীকে আবৃত করিয়া ফেলিলেন ॥২৫॥

যশস্বী কৃপ যুদ্ধে আবৃত করিতে লাগিলে, রথিশ্রেষ্ঠ শিখণ্ডী রথমধ্যে উপবেশন করিলেন ॥২৬॥

ভরতনন্দন! শিখণ্ডীকে অবসন্ন দেখিয়া শরদ্বানের পুত্র কৃপ তাঁহাকে বধ করিবার ইচ্ছা করিয়াই যেন বহুতর বাণদ্বারা আঘাত করিতে লাগিলেন ॥২৭॥

এই সময়ে মহারথ শিখণ্ডীকে যুদ্ধে পরাঙ্মুখ দেখিয়া পাঞ্চাল ও সোমকগণ সকল দিক্ হইতে যাইয়া (সাহায্যের জন্য) শিখণ্ডীকে পরিবেষ্টন করিল ॥২৮॥

রাজা! সেইরূপই আপনার পুত্রেরাও বিশাল সৈন্যের সহিত আসিয়া (সাহায্য করিবার জন্য) কৃপাচার্য্যকে পরিবেষ্টন করিলেন। তাহার পর যুদ্ধ চলিতে লাগিল ॥২৯॥

(৩০) রথানাঞ্চ রণে···নি,···মেঘানাং গর্জ্জতামিতি—বা নি।

দ্রবতাং সাদিনাঞ্চৈব গজানাঞ্চ বিশাংপতে!।
অন্যোন্যমভিতো রাজন্! ক্রূরমায়োধনং বভৌ ॥৩১॥
পত্তীনাং দ্রবতাঞ্চৈব পাদশব্দেন মেদিনী।
অকম্পত মহারাজ! ভয়ত্রস্তেব চাঙ্গনা ॥৩২॥
রথা রথান্ সমাসাদ্য প্রক্রান্তা বেগবত্তরম্।
ন্যগৃহ্লন্ বহবো রাজন্! শলভান্ বায়সা ইব ॥৩৩॥
তথা গজান্ প্রভিন্নাংশ্চ সুপ্রভিন্না মহাগজাঃ।
তস্মিন্নেব পদে যত্তা নিগৃহ্লন্তি স্ম ভারত! ॥৩৪॥
সাদী সাদিনমাসাদ্য পত্তয়শ্চ পদাতিনম্।
সমাসাদ্য রণেঽন্যোন্যং সংরব্ধা নাতিচক্রমুঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

দ্রবতামিতি। হে বিশাংপতে! রাজন্! অন্যোন্যং দ্রবতামভিধাবতাম্, সাদিনামশ্বারোহিণাম্, গজানাং গজারোহিণাঞ্চ, অভিতঃ সর্ব্বত এব, আয়োধনং যুদ্ধং ক্রূরং ঘোরং সম্বভৌ ॥৩১॥

পত্তীনামিতি। পত্তীনাং পদাতীনাম্, দ্রবতাং দ্রুতমাগচ্ছতাম্ ॥৩২॥

রথা ইতি। প্রক্রান্তা আগতাঃ। ন্যগৃহ্লন্ অপীড়য়ন্। বায়সাঃ কাকাঃ ॥৩৩॥

তথেতি। প্রভিন্নান্ মদস্রাবিণঃ, সুপ্রভিন্না অতীবমদস্রাবিণঃ। যত্তাঃ সযত্নাঃ ॥৩৪॥

সাদীতি। সাদী অশ্বারোহী, সাদিনমশ্বারোহিণম্। সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥৩৫॥

রাজা! ক্রমে উভয় পক্ষেরই রথিপ্রভৃতি যোদ্ধারা পরস্পরের প্রতি ধাবিত হইলেন; তখন গর্জনকারী মেঘসমূহের ন্যায় তাঁহাদের তুমুল কোলাহল হইতে থাকিল ॥৩০॥

নরনাথ রাজা! পরস্পরের প্রতি ধাবিত অশ্বারোহী ও গজারোহীদিগের সকল দিকেই যুদ্ধটা অতিভীষণ হইয়া প্রকাশ পাইতে লাগিল ॥৩১॥

মহারাজ! দ্রুত আগমনকারী পদাতিগণের পাদশব্দে সমরভূমি—ভয়ত্রস্তা নারীর ন্যায় কাঁপিতে থাকিল ॥৩২॥

রাজা! অতিবেগে আগত বহুতর রথী বিপক্ষ রথীদিগকে পাইয়া—কাকগণ যেমন পতঙ্গগণকে পীড়ন করে, সেইরূপ তাঁহাদিগকে পীড়ন করিতে লাগিলেন ॥৩৩॥

ভরতনন্দন! সেইরূপ অত্যন্তমদস্রাবী মহাহস্তিগণ অপর মদস্রাবী হস্তীদিগকে পাইয়া সেই স্থানেই সযত্নে প্রহার করিতে থাকিল ॥৩৪॥

---

(৩৩) রথিনো রথমাকৃষ্য—নি।

ধাবতাং দ্রবতাঞ্চৈব পুনরাবর্ত্ততামপি।
বভূব তত্র সৈন্যানাং শব্দঃ সুবিপুলো নিশি ॥৩৬॥
দীপ্যমানাঃ প্রদীপাশ্চ রথবারণবাজিষু।
অদৃশ্যন্ত মহারাজ! মহোল্কা ইব খাচ্চ্যুতাঃ ॥৩৭॥
সা নিশা ভরতশ্রেষ্ঠ! প্রদীপৈরবভাসিতা।
দিবসপ্রতিমা রাজন্! বভূব রণমূর্দ্ধনি ॥৩৮॥
আদিত্যেন যথা ব্যাপ্তং তমো লোকে প্রণশ্যতি।
তথা নষ্টং তমো ঘোরং দীপৈর্দীপ্তৈরিতস্ততঃ ॥৩৯॥
অস্ত্রাণাং কবচানাঞ্চ মণীনাঞ্চ মহাত্মনাম্।
অন্তর্দধুঃ প্রভাঃ সর্ব্বা দীপৈস্তৈরবভাসিতাঃ ॥৪০॥

ভারতকৌমুদী

ধাবতামিতি। দ্রবতাং দ্রুতমপসরতাম্, আবর্ত্ততামাগচ্ছতাম্। শব্দঃ কোলাহলঃ ॥৩৬॥
দীপ্যেতি। রথা বারণা গজা বাজিনোঽশ্বাশ্চ তেষু। খাৎ আকাশাৎ ॥৩৭॥
সেতি। দিবসপ্রতিমা দিনবদেবালোকান্বিতা। রণমূর্দ্ধনি সমরাঙ্গনে ॥৩৮॥
আদিত্যেনেতি। ব্যাপ্তমাক্রান্তম্, তমঃ অন্ধকারঃ। দীপ্তৈর্জ্বলিতৈঃ ॥৩৯॥
অস্ত্রাণামিতি। মহাত্মনাং বীরাণাম্ ॥৪০॥

ভারতভাবদীপঃ

নকুলমিতি ॥১—৩৯॥ মহাত্মনামতিপ্রমাণানাম্ ॥৪০—৪৩॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৬॥

অশ্বারোহীরা অশ্বারোহীদিগকে এবং ক্রুদ্ধ পদাতিরা পদাতিগণকে পাইয়া যুদ্ধে পরস্পর অতিক্রম করিতে পারিল না ॥৩৫॥

সেই রাত্রিকালে ধাবন, পলায়ন ও পুনরাগমনকারী সৈন্যগণের অতিবিশাল কোলাহল হইতে লাগিল ॥৩৬॥

মহারাজ! রথ, হস্তী ও অশ্বসমূহের উপরে প্রজ্বলিত প্রদীপগুলিকে আকাশচ্যুত মহোল্কাসমূহের ন্যায় দেখা যাইতে থাকিল ॥৩৭॥

ভরতশ্রেষ্ঠ রাজা! প্রদীপের আলোকে উদ্ভাসিত সেই রাত্রিটা সমরাঙ্গনে একেবারে দিনের তুল্য হইয়াছিল ॥৩৮॥

জগতে সূর্য্যের আলোকে যেমন অন্ধকার বিনষ্ট হয়, সেইরূপ সকল দিকে প্রজ্বলিত দীপের আলোকে ভয়ঙ্কর অন্ধকার বিনষ্ট হইয়াছিল ॥৩৯॥

বীরগণের অস্ত্র, কবচ এবং গাত্রে ধৃত মণিসমূহের সমস্ত প্রভাই সেই প্রদীপের আলোকের ভিতরে অন্তর্হিত হইয়া গিয়াছিল ॥৪০॥

তস্মিন্ কোলাহলে যুদ্ধে বর্ত্তমানে নিশামুখে।
ন কেচিদ্বিদুরাত্মানময়মস্মীতি ভারত ! ॥৪১॥
অবধীৎ সমরে পুত্রং পিতা ভরতসত্তম !।
পুত্রশ্চ পিতরং মোহাৎ সখায়ঞ্চ সখা তথা।
স্বস্রীয়ং মাতুলশ্চাপি স্বস্রীয়শ্চাপি মাতুলম্ ॥৪২॥
স্বে স্বান্ পরে পরাংশ্চাপি নিজঘ্নুরিতরেতরম্।
নির্ম্মর্য্যাদমভূদ্‌যুদ্ধং রাত্রৌ ভীরুভয়ানকম্ ॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে ষট্চত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(ঃ*ঃ)———

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। কোলাহলে যুদ্ধে চ। বিদুর্জ্জানন্তি স্ম বিশৃঙ্খলত্বাৎ ॥৪১॥

অবধীদিতি। স্বস্রীয়ং ভাগিনেয়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

স্ব ইতি। স্বে স্বপক্ষবর্ত্তিন এব, স্বান্ স্বপক্ষীয়ান্। নির্ম্মর্য্যাদং নিয়মশূন্যম্ ॥৪৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ষট্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———ঃ০ঃ———

ভরতনন্দন ! রাত্রির প্রথমভাগে সেই কোলাহল ও যুদ্ধ চলিতে লাগিলে, কোন ব্যক্তিই 'এই আমি' এইরূপ আপনাকেও চিনিতে পারিতেছিল না ॥৪১॥

ভরতশ্রেষ্ঠ ! সেই যুদ্ধে ভ্রমবশতঃ পিতা পুত্রকে, পুত্র পিতাকে, সখা সখাকে, মাতুল ভাগিনেয়কে এবং ভাগিনেয় মাতুলকে বধ করিতে লাগিল ॥৪২॥

আর স্বপক্ষের লোকেরাই স্বপক্ষের লোকদিগকে এবং বিপক্ষেরা বিপক্ষ-দিগকে পরস্পর সংহার করিতে থাকিল। সুতরাং সেই রাত্রিতে ভীরুজনের ভয়জনক সেই যুদ্ধ বিশৃঙ্খলভাবেই চলিতে লাগিল' ॥৪৩॥

———ঃ*ঃ———

(৪১)···ন কিঞ্চিদ্বিদুরাত্মানম্···বা নি। * '···সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···সপ্ততাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

সঞ্জয় উবাচ ।

তস্মিন্ সুতুমুলে যুদ্ধে বর্ত্তমানে ভয়াবহে ।
ধৃষ্টদ্যুম্নো মহারাজ ! দ্রোণমেবাভ্যবর্ত্তত ॥১॥
সংমৃজানো ধনুঃ শ্রেষ্ঠং জ্যাং বিকর্ষন্ পুনঃ পুনঃ ।
অভ্যদ্রবত দ্রোণস্য রথং রুক্মবিভূষিতম্ ॥২॥
ধৃষ্টদ্যুম্নমথায়ান্তং দ্রোণস্যান্তচিকীর্ষয়া ।
পরিবব্রুর্মহারাজ ! পাঞ্চালাঃ পাণ্ডবৈঃ সহ ॥৩॥
তথা পরিবৃতং দৃষ্ট্বা দ্রোণমাচার্য্যসত্তমম্ ।
পুত্রাস্তে সর্ব্বতো যত্তা ররক্ষুর্দ্রোণমাহবে ॥৪॥
বলার্ণবৌ ততস্তৌ তু সমেয়াতাং নিশামুখে ।
বাতোদ্ধূতৌ ক্ষুব্ধসত্ত্বৌ ভৈরবৌ সাগরাবিব ॥৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। অভ্যবর্ত্তত অভ্যগচ্ছৎ, তস্যৈব প্রধানলক্ষ্যত্বাদিতি ভাবঃ ॥১॥
সমিতি। সংমৃজানঃ পরিমৃজন্, জ্যাং গুণম্। রুক্মৈঃ স্বর্ণৈর্বিভূষিতম্ ॥২॥
ধৃষ্টেতি। অন্তচিকীর্ষয়া বিনাশকরণেচ্ছয়া। পরিবব্রুঃ সাহায্যায় পরিবিবেষ্টিরে ॥৩॥
তথেতি। যত্তা রক্ষণায় যত্নবন্তঃ সন্তঃ ॥৪॥
বলেতি। বলার্ণবৌ সৈন্যসমূহৌ। সমেয়াতাং মিলিতাবভবতাম্। ক্ষুব্ধানি সত্ত্বানি প্রাণিনো যয়োস্তৌ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই অতিতুমুল ও ভয়াবহ যুদ্ধ চলিতে লাগিলে, ধৃষ্টদ্যুম্ন দ্রোণের দিকেই ধাবিত হইলেন ॥১॥

তিনি উত্তম ধনু মার্জন ও বার বার গুণ আকর্ষণ করতঃ স্বর্ণালঙ্কৃত দ্রোণরথের দিকেই চলিলেন ॥২॥

ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে বিনাশ করিবার ইচ্ছায় আসিতে লাগিলে, পাঞ্চালেরা পাণ্ডবগণের সহিত আসিয়া তাঁহাকে পরিবেষ্টন করিলেন ॥৩॥

রাজা! সেইরূপ আপনার পুত্রেরাও আচার্য্যশ্রেষ্ঠ দ্রোণকে পরিবেষ্টিত দেখিয়া যত্নবান্ হইয়া সকল দিক্ হইতে তাঁহাকে রক্ষা করিতে লাগিলেন ॥৪॥

(২) সংস্কুজানঃ⋯বঙ্গ বর্দ্ধ, সংদধানঃ⋯বা নি। (৩)⋯অন্তং চিকীর্ষয়া⋯পি বর্দ্ধ।

ততো দ্রোণং মহারাজ ! পাঞ্চাল্যঃ পঞ্চভিঃ শরৈঃ।
বিব্যাধ হৃদয়ে তূর্ণং সিংহনাদং ননাদ চ ॥৬॥
তং দ্রোণঃ পঞ্চবিংশত্যা বিদ্ধা ভারত ! সংযুগে।
চিচ্ছেদান্যেন ভল্লেন ধনুরস্য মহাস্বনম্ ॥৭॥
ধৃষ্টদ্যুম্নস্তু নির্বিদ্ধো দ্রোণেন ভরতর্ষভ !।
উৎসসর্জ ধনুস্তূর্ণং সন্দশ্য দশনচ্ছদম্ ॥৮॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ ! ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
আদদেঽন্যদ্ধনুঃ শ্রেষ্ঠং দ্রোণস্যান্তচিকীর্ষয়া ॥৯॥
স বিকৃষ্য ধনুশ্চিত্রমাকর্ণাৎ পরবীরহা।
দ্রোণস্যান্তকরং ঘোরং ব্যসৃজৎ সায়কং ততঃ ॥১০॥
স বিসৃষ্টো বলবতা শরো ঘোরো মহামৃধে।
তাপয়ামাস তৎ সৈন্যং দিবাকর ইবোদিতঃ ॥১১॥

ভারতকৌমুদী

তত ইতি। পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ। সিংহস্যেব নাদো যস্মিন্ কর্মণি তদ্‌যথা তথা ॥৬॥
তমিতি। পঞ্চবিংশত্যা শরৈরিতি শেষঃ। অস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥৭॥
ধৃষ্টেতি। সন্দশ্য দন্তদষ্টং কৃত্বা, দশনচ্ছদমধরম্। ক্রোধধর্ম্মোঽয়ম্ ॥৮॥
তত ইতি। আদদে জগ্রাহ ॥৯॥
স ইতি। চিত্রং স্বর্ণখচিতত্বাৎ, পরবীরহা বিপক্ষবীরহন্তা ॥১০॥

তাহার পর রাত্রির প্রথমভাগে সেই উভয় সৈন্য বায়ুসঞ্চালিত ভীষণ দুইটা সমুদ্রের ন্যায় মিলিত হইল এবং তত্রত্য প্রাণীরাও ক্ষুব্ধ হইয়া পড়িল ॥৫॥

মহারাজ। তদনন্তর ধৃষ্টদ্যুম্ন পাঁচটা বাণদ্বারা সত্বর দ্রোণের বক্ষস্থল বিদ্ধ করিলেন এবং সিংহনাদ করিয়া উঠিলেন ॥৬॥

ভরতনন্দন ! তখন দ্রোণ পঁচিশটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার মহাশব্দকারী ধনুখানা ছেদন করিলেন ॥৭॥

ভরতশ্রেষ্ঠ ! দ্রোণ গুরুতর বিদ্ধ করিলে, ধৃষ্টদ্যুম্ন ওষ্ঠদংশন করিয়া সত্বর সেই ছিন্ন ধনু পরিত্যাগ করিলেন ॥৮॥

মহারাজ ! তাহার পর ক্রুদ্ধ প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে বধ করিবার ইচ্ছায় অন্য উত্তম ধনু গ্রহণ করিলেন ॥৯॥

পরে বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন সেই বিচিত্র ধনুখানাকে কর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া দ্রোণবিনাশক ভয়ঙ্কর একটা বাণ নিক্ষেপ করিলেন ॥১০॥

---

(১০) বিকৃষ্য চ ধনুঃ···বা নি। (১১)···তাসয়ামাস তৎ সৈন্যম্···বা নি।

তং তু দৃষ্ট্বা শরং ঘোরং দেবগন্ধর্ব্বমানবাঃ।
স্বস্ত্যস্তু সমরে রাজন্! দ্রোণায়েত্যব্রুবন্ বচঃ ॥১২॥
তং তু সায়কমায়ান্তমাচার্য্যস্য রথং প্রতি।
কর্ণো দ্বাদশধা রাজন্! চিচ্ছেদ কৃতহস্তবৎ ॥১৩॥
স চ্ছিন্নো বহুধা রাজন্! সূতপুত্রেণ ধন্বিনা।
নিপপাত শরস্তূর্ণং নির্বিষো ভুজগো যথা ॥১৪॥
ছিত্ত্বা তু সমরে বাণং শরৈঃ সন্নতপর্ব্বভিঃ।
ধৃষ্টদ্যুম্নং রণে কর্ণো বিব্যাধ দশভিঃ শরৈঃ ॥১৫॥
পঞ্চভির্দ্রোণপুত্রশ্চ স্বয়ং দ্রোণস্তু সপ্তভিঃ।
শল্যস্তু নবভির্বাণৈস্ত্রিভির্দুঃশাসনস্তথা ॥১৬॥
দুর্য্যোধনস্তু বিংশত্যা শকুনিশ্চাপি সপ্তভিঃ।
পাঞ্চাল্যং ত্বরয়াবিধ্যন্ সর্ব্ব এব মহারথাঃ ॥১৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। বিসৃষ্টো নিক্ষিপ্তঃ, বলবতা ধৃষ্টদ্যুম্নেন ॥১১॥
তমিতি। স্বস্তি মঙ্গলম্। দ্রোণায়েতি "নমঃস্বস্তি" ইত্যাদিনা চতুর্থী ॥১২॥
তমিতি। কৃতহস্তবৎ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিক ইব ॥১৩॥
স ইতি। নির্বিষ ইত্যনেন শরোঽপ্যপকারাক্ষম ইত্যাক্ষিপ্যতে ॥১৪॥
ছিত্ত্বেতি। সন্নতানি বক্রাণি পর্বাণি উপাস্থ্যদেশা যেষাং তৈঃ ॥১৫॥
পঞ্চভিরিতি। দ্রোণপুত্রোঽশ্বত্থামা। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥১৬—১৭॥

বলবান্ ধৃষ্টদ্যুম্ন নিক্ষেপ করিলে, সেই ভয়ঙ্কর বাণটা উদিত সূর্য্যের ন্যায় সেই সৈন্যগণকে সন্তপ্ত করিল ॥১১॥

তখন দেবগণ, গন্ধর্বগণ ও মনুষ্যগণ সেই ভয়ঙ্কর বাণটা দেখিয়া এই কথা বলিলেন—'দ্রোণের মঙ্গল হউক' ॥১২॥

রাজা! সেই বাণটা দ্রোণাচার্য্যের রথের দিকে আসিতে লাগিলে, কর্ণ শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় তাহা বার খণ্ডে ছেদন করিলেন ॥১৩॥

নরনাথ! ধনুর্দ্ধর কর্ণ বহুখণ্ডে ছেদন করিলে, সেই বাণটা বিষবিহীন সর্পের ন্যায় সত্বর ভূতলে পতিত হইল ॥১৪॥

কর্ণ নতপর্ব্ব বাণসমূহদ্বারা ধৃষ্টদ্যুম্নের সেই বাণটা ছেদন করিয়া অপর দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥১৫॥

ক্রমে অশ্বত্থামা পাঁচটা, স্বয়ং দ্রোণ সাতটা, শল্য নয়টা, দুঃশাসন তিনটা,

(১৭)…পাঞ্চাল্যং ত্বরিতাবিধ্যন্…পি বঙ্গ বৰ্দ্ধ।

স বিদ্ধঃ সপ্তভির্বীরৈর্দ্রোণত্রাণার্থমাহবে।
সর্ব্বানসম্ভ্রমাদ্রাজন্! প্রত্যবিধ্যত্ত্রিভিস্ত্রিভিঃ।
দ্রোণং দ্রৌণিঞ্চ কর্ণঞ্চ বিব্যাধ চ তবাত্মজম্ ॥১৮॥
তে বিদ্ধা ধন্বিনা তেন ধৃষ্টদ্যুম্নং পুনর্ম্মৃধে।
বিব্যধুঃ সমরে তূর্ণমেকৈকে রথিনাং বরাঃ ॥১৯॥
ক্রমসেনস্তু সংক্রুদ্ধো রাজন্! বিব্যাধ পত্রিণা।
ত্রিভিশ্চান্যৈঃ শরৈস্তূর্ণং তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২০॥
স তু তং প্রতিবিব্যাধ ত্রিভিস্তীক্ষ্ণৈরজিহ্মগৈঃ।
স্বর্ণপুঙ্খৈঃ শিলাধৌতৈঃ প্রাণান্তকরণৈর্যুধি ॥২১॥
ভল্লেনান্যেন তু পুনঃ সুবর্ণোজ্জ্বলকুণ্ডলম্।
নিচকর্ত্ত শিরঃ কায়াদ্ক্রমসেনস্য বীর্য্যবান্ ॥২২॥

ভারতকৌমুদী

স ইতি। অসম্ভ্রমাদ্ধৈর্য্যাৎ। বিব্যাধ চ পুনরপি। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৮॥
ত ইতি। তেন ধৃষ্টদ্যুম্নেন। মৃধে যুদ্ধে ॥১৯॥
ক্রমেতি। ক্রমসেনো নাম কশ্চিদ্বীরঃ। পত্রিণা প্রথমমেকেন বাণেন ॥২০॥
স ইতি। অজিহ্মগৈর্ব্বাণৈঃ। শিলাধৌতৈঃ শিলায়াং ঘর্ষণেন পরিষ্কৃতৈঃ ॥২১॥

দুর্য্যোধন কুড়িটা এবং শকুনি সাতটা এইভাবে সেই মহারথেরা সকলেই সত্বর ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥১৬—১৭॥

রাজা! কর্ণপ্রভৃতি সাত জন বীর দ্রোণকে রক্ষা করিবার জন্য ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলে, ধৃষ্টদ্যুম্ন ধীর-স্থির থাকিয়াই তিন তিনটা বাণদ্বারা তাঁহাদের প্রত্যেককে প্রতিবিদ্ধ করিলেন এবং দ্রোণ, অশ্বত্থামা, কর্ণ ও দুর্য্যোধনকে আবারও তাড়ন করিলেন ॥১৮॥

ধনুর্দ্ধর ধৃষ্টদ্যুম্ন তাড়ন করিলে, সেই রথিশ্রেষ্ঠেরা প্রত্যেকে আবারও সত্বর ধৃষ্টদ্যুম্নকে তাড়ন করিলেন ॥১৯॥

রাজা! তদনন্তর ক্রমসেন ক্রুদ্ধ হইয়া প্রথমে একটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন এবং পরে অন্য তিনটা বাণদ্বারা তাঁহাকে আবার বিদ্ধ করিয়া 'থাক থাক' এই কথা বলিলেন ॥২০॥

তখন ধৃষ্টদ্যুম্ন স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত, তীক্ষ্ণ ও প্রাণনাশক তিনটা বাণদ্বারা যুদ্ধে ক্রমসেনকে প্রতিবিদ্ধ করিলেন ॥২১॥

---

(১৯)···একৈকো রথিনাং বরঃ···নি।

তচ্ছিরো ন্যপতদ্ভূমৌ সন্দষ্টৌষ্ঠপুটং রণে।
মহাবাতসমুদ্ধূতং পক্কং তালফলং যথা ॥২৩॥
তাংশ্চ বিদ্ধ্বা পুনর্বীরান্ বীরঃ সুনিশিতৈঃ শরৈঃ।
রাধেয়স্যাচ্ছিনদ্ভল্লৈঃ কার্ম্মুকং চিত্রযোধিনঃ ॥২৪॥
ন তু তন্মমৃষে কর্ণো ধনুষশ্ছেদনং তথা।
নিকর্ত্তনমিবাত্যুগ্রং লাঙ্গূলস্য মহাহরিঃ ॥২৫॥
সোঽন্যদ্ধনুঃ সমাদায় ক্রোধরক্তেক্ষণঃ শ্বসন্।
অভ্যদ্রবচ্ছরৌঘৈস্তং ধৃষ্টদ্যুম্নং মহাবলম্ ॥২৬॥
দৃষ্ট্বা কর্ণন্তু সংরব্ধং তে বীরাঃ ষড়্ রথর্ষভাঃ।
পাঞ্চালপুত্রং ত্বরিতাঃ পরিবব্রুর্জিঘাংসয়া ॥২৭॥

ভারতকৌমুদী

ভল্লেনেতি। সুবর্ণস্য উজ্জ্বলে কুণ্ডলে যত্র তৎ। নিচকর্ত্ত চিচ্ছেদ ॥২২॥
তদিতি। সন্দষ্টং দন্তৈরাক্রান্তমোষ্ঠপুটং যস্য তৎ। মহাবাতেন সমুদ্ধূতং সঞ্চালিতম্ ॥২৩॥
তানিতি। বীরো ধৃষ্টদ্যুম্নঃ। রাধেয়স্য কর্ণস্য ॥২৪॥
নেতি। মমৃষে সেহে। নিকর্ত্তনং ছেদনম্। মহাহরির্মহাসিংহঃ ॥২৫॥
স ইতি। স কর্ণঃ। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ, শরৌঘৈস্তাড়য়ন্নিতি শেষঃ ॥২৬॥
দৃষ্ট্বেতি। সংরব্ধং ক্রুদ্ধম্। ষট্ অশ্বত্থামাদয়ঃ। পরিবব্রুঃ পরিবিবেষ্টিরে ॥২৭॥

বলবান্ ধৃষ্টদ্যুম্ন পুনরায় অন্য একটা ভল্লদ্বারা ক্রমসেনের উজ্জ্বল স্বর্ণকুণ্ডল-যুক্ত মস্তকটাকে দেহ হইতে ছেদন করিয়া ফেলিলেন ॥২২॥

তখন দন্তদষ্ট ওষ্ঠপুটযুক্ত সেই মস্তকটী প্রবলবায়ুসঞ্চালিত পক্ক তালফলের ন্যায় ভূতলে পতিত হইল ॥২৩॥

পরে বীর ধৃষ্টদ্যুম্ন সুধার বাণসমূহদ্বারা সেই বীরগণকে পুনরায় বিদ্ধ করিয়া ভল্লদ্বারা বিচিত্রযুদ্ধকারী কর্ণের ধনু ছেদন করিলেন ॥২৪॥

কিন্তু মহাসিংহ যেমন অতিভীষণ লাঙ্গুলচ্ছেদন সহ্য করে না, সেইরূপ কর্ণ সে ধনুচ্ছেদন সহ্য করিলেন না ॥২৫॥

পরে কর্ণ ক্রোধে আরক্তনয়ন হইয়া শ্বাসত্যাগ করিতে থাকিয়া অন্য ধনু লইয়া বাণসমূহদ্বারা তাড়ন করিতে করিতে মহাবল ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥২৬॥

---

(২৪) তান্ স বিদ্ধ্বা…বা নি। (২৫)…বিনিকর্ত্তনমত্যুগ্রং লাঙ্গূলস্য যথা হরিঃ—পি, নিকর্ত্তনমিবাত্যুগ্রং লাঙ্গূলস্য যথা হরিঃ—বঙ্গ বর্দ্ধ।

ষণ্ণাং যোধপ্রবীরাণাং তাবকানাং পুরস্কৃতম্।
মৃত্যোরাস্যমনুপ্রাপ্তং ধৃষ্টদ্যুম্নমমংস্মহি ॥২৮॥
এতস্মিন্নেব কালে তু দাশার্হো বিকিরন্ শরান্।
ধৃষ্টদ্যুম্নং পরিত্রাতুং সাত্যকিঃ প্রত্যপদ্যত ॥২৯॥
তমায়ান্তং মহেষ্বাসং সাত্যকিং যুদ্ধদুর্ম্মদম্।
রাধেয়ো দশভির্বাণৈঃ প্রত্যবিধ্যদজিহ্মগৈঃ ॥৩০॥
তং সাত্যকির্মহারাজ! বিব্যাধ দশভিঃ শরৈঃ।
পশ্যতাং সর্ব্ববীরাণাং মা গাস্তিষ্ঠেতি চাব্রবীৎ ॥৩১॥
স সাত্যকেস্তু বলিনঃ কর্ণস্য চ মহাত্মনঃ।
আসীৎ সমাগমো রাজন্! বলিবাসবয়োরিব ॥৩২॥
ত্রাসয়ংস্তলঘোষেণ ক্ষত্রিয়ান্ ক্ষত্রিয়র্ষভঃ।
রাজীবলোচনং কর্ণং সাত্যকিঃ প্রত্যবিধ্যত ॥৩৩॥

ভারতকৌমুদী

ষণ্ণামিতি। পুরস্কৃতমগ্রে স্থিতম্। আস্যং মুখম্। অমংস্মহি বয়ং মন্যামহে স্ম ॥২৮॥
এতস্মিন্নিতি। দাশার্হস্তদ্বংশ্যঃ, বিকিরন্ নিক্ষিপন্। প্রত্যপদ্যত আগচ্ছৎ ॥২৯॥
তমিতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। রাধেয়ঃ কর্ণঃ। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৩০॥
তমিতি। পশ্যতাং সর্ব্ববীরাণামিত্যনাদরে ষষ্ঠী ॥৩১॥
স ইতি। সমাগমো যুদ্ধে সম্মেলনম্ ॥৩২॥

এই সময়ে কর্ণকে ক্রুদ্ধ দেখিয়া সেই রথিশ্রেষ্ঠ বীর ছয় জন বধ করিবার ইচ্ছায় সত্বর ধৃষ্টদ্যুম্নকে পরিবেষ্টন করিলেন ॥২৭॥

রাজা! তখন আপনার পক্ষের সেই ছয় জন মহাবীরের সম্মুখবর্ত্তী ধৃষ্টদ্যুম্নকে আমরা যমের মুখে উপস্থিত বলিয়াই মনে করিলাম ॥২৮॥

এই সময়েই দাশার্হবংশীয় সাত্যকি ধৃষ্টদ্যুম্নকে রক্ষা করিবার জন্য বাণক্ষেপ করিতে করিতে উপস্থিত হইলেন ॥২৯॥

মহাধনুর্দ্ধর ও যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি আসিতে লাগিলে, কর্ণ সরলগামী দশটা বাণদ্বারা তাঁহাকে বিদ্ধ করিলেন ॥৩০॥

মহারাজ! তখন সাত্যকিও দশটা বাণদ্বারা সকল বীরগণের সমক্ষেই কর্ণকে তাড়ন করিলেন এবং 'যাইও না, থাক' এই কথা বলিলেন ॥৩১॥

রাজা! তৎকালে বলবান্ সাত্যকি ও মহাত্মা কর্ণের সেই সম্মেলনটা ইন্দ্র ও বলির সম্মেলনের তুল্যই হইল ॥৩২॥

(২৯)…ধৃষ্টদ্যুম্নং পরাক্রান্তম্…বা নি।

কম্পয়ন্নিব ঘোষেণ ধনুষো বসুধাং বলী।
সূতপুত্রো মহারাজ! সাত্যকিং প্রত্যযোধয়ৎ ॥৩৪॥
বিপাঠকর্ণিনারাচৈর্বৎসদন্তৈঃ ক্ষুরৈরপি।
কর্ণঃ শরশতৈশ্চাপি শৈনেয়ং প্রত্যবিধ্যত ॥৩৫॥
তথৈব যুযুধানোঽপি বৃষ্ণীনাং প্রবরো যুধি।
অভ্যবর্ষচ্ছরৈঃ কর্ণং তদ্‌যুদ্ধমভবৎ সমম্ ॥৩৬॥
তাবকাশ্চ মহারাজ! কর্ণপুত্রশ্চ দংশিতঃ।
সাত্যকিং বিব্যধুস্তূর্ণং সমন্তান্নিশিতৈঃ শরৈঃ ॥৩৭॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য তেষাং কর্ণস্য বা বিভো!।
অবিধ্যৎ সাত্যকিঃ ক্রুদ্ধো বৃষসেনং স্তনান্তরে ॥৩৮॥

ভারতকৌমুদী

ত্রাসয়ন্নিতি। তলঘোষেণ হস্তাবাপশব্দেন। রাজীবলোচনং পদ্মনয়নম্ ॥৩৩॥
কম্পয়ন্নিতি। বসুধাং সমরভূমিম্। সূতপুত্রঃ কর্ণঃ ॥৩৪॥
বিপাঠেতি। বিপাঠাদীনি বাণনামানি। শৈনেয়ং সাত্যকিম্ ॥৩৫॥
তথেতি। যুযুধানঃ সাত্যকিঃ। সমং সমানম্ ॥৩৬॥
তাবকা ইতি। কর্ণপুত্রো বৃষসেনঃ, দংশিতঃ কৃতসন্নাহঃ ॥৩৭॥
অস্ত্রৈরিতি। বাশব্দঃ সমুচ্চয়ে। স্তনান্তরে বক্ষসি ॥৩৮॥

ক্রমে ক্ষত্রিয়শ্রেষ্ঠ সাত্যকি হস্তাবরণের শব্দে ক্ষত্রিয়দিগকে বিত্রস্ত করতঃ পদ্মনয়ন কর্ণকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৩॥

মহারাজ! আবার বলবান্ কর্ণও ধনুর শব্দে সমরভূমিকে কম্পিত করতই যেন সাত্যকির সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৩৪॥

ক্রমে কর্ণ বিপাঠ, কর্ণী, নারাচ, বৎসদন্ত, ক্ষুর ও অন্যান্য বহুতর বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সাত্যকিও সেইরূপই যুদ্ধে কর্ণের উপরে বাণবর্ষণ করিতে থাকিলেন। তাঁহাদের সে যুদ্ধ সমানভাবেই হইতে লাগিল ॥৩৬॥

মহারাজ! এই সময়ে আপনার পক্ষের বহু যোদ্ধা এবং যুদ্ধসজ্জায় সজ্জিত কর্ণপুত্র বৃষসেন সত্বর সকল দিক্ হইতে সুধার বাণসমূহদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৭॥

প্রভু! তখন সাত্যকি ক্রুদ্ধ হইয়া অস্ত্রদ্বারাই তাঁহাদের ও কর্ণের অস্ত্র সকল নিবারণ করিয়া বৃষসেনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥৩৮॥

---

(৩৬)…প্রবরো রথঃ…পি বঙ্গ বর্দ্ধ। (৩৭)…কর্ণপুত্রাশ্চ দংশিতাঃ…পি বর্দ্ধ।

তেন বাণেন নির্বিদ্ধো বৃষসেনো বিশাংপতে!।
ন্যপতৎ স্বরথে মূঢ়ো ধনুরুৎসৃজ্য বীর্য্যবান্ ॥৩৯॥
ততঃ কর্ণো হতং মত্বা বৃষসেনং মহারথম্।
পুত্রশোকাভিসন্তপ্তঃ সাত্যকিং প্রত্যপীড়য়ৎ ॥৪০॥
পীড্যমানস্তু কর্ণেন যুযুধানো মহারথঃ।
বিব্যাধ বহুভিঃ কর্ণং ত্বরমাণঃ পুনঃ পুনঃ ॥৪১॥
স কর্ণং দশভির্বিদ্ধা বৃষসেনঞ্চ সপ্তভিঃ।
সহস্তাবাপধনুষী তয়োশ্চিচ্ছেদ সাত্বতঃ ॥৪২॥
তাবন্যে ধনুষী সজ্যে কৃত্বা শত্রুভয়ঙ্করে।
যুযুধানমবিধ্যেতাং সমন্তান্নিশিতৈঃ শরৈঃ ॥৪৩॥
বর্ত্তমানে তু সংগ্রামে তস্মিন্ বীরবরক্ষয়ে।
অতীব শুশ্রুবে রাজন্! গাণ্ডীবস্য মহাত্মনঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

তেনেতি। মূঢ়ো মূর্চ্ছিতঃ। বীর্য্যবত্বাদেব প্রাণান্ ন জহাবিতি ভাবঃ ॥৩৯॥
তত ইতি। প্রতিশব্দো বীপ্সায়াম্। বারং বারমপীড়য়দিত্যর্থঃ ॥৪০॥
পীড্যেতি। বহুভির্বাণৈরিতি শেষঃ ॥৪১॥
স ইতি। হস্তাবাপাভ্যাং চর্ম্মময়হস্তাবরণাভ্যাং সহেতি তে চ তে ধনুষী চেতি তে ॥৪২॥
তাবিতি। জ্যাভ্যাং গুণাভ্যাং সহেতি সজ্যে আরোপিতগুণে ইত্যর্থঃ ॥৪৩॥
বর্ত্তমান ইতি। বীরবরাণাং ক্ষয়ো যস্মিন্নিতি তাদৃশে ॥৪৪॥

নরনাথ! বলবান্ বৃষসেন সেই বাণে গুরুতর বিদ্ধ ও মূর্চ্ছিত হইয়া ধনু পরিত্যাগ করিয়া আপন রথমধ্যে পতিত হইলেন ॥৩৯॥

তাহার পর কর্ণ মহারথ বৃষসেনকে নিহত মনে করিয়া পুত্রশোকে অত্যন্ত সন্তপ্ত হইয়া বার বার সাত্যকিকে পীড়ন করিতে লাগিলেন ॥৪০॥

কর্ণ সেইভাবে পীড়ন করিতে লাগিলে, মহারথ সাত্যকিও ত্বরান্বিত হইয়া বহুতর বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিলেন ॥৪১॥

পরে সাত্যকি দশটা বাণদ্বারা কর্ণকে এবং সাতটাদ্বারা বৃষসেনকে তাড়ন করিয়া তাঁহাদের চর্ম্মময় হস্তাবরণ ও ধনু ছেদন করিলেন ॥৪২॥

তখন কর্ণ ও বৃষসেন শত্রুপক্ষের ভয়জনক অন্য দুইখানা ধনুতে গুণারোপণ করিয়া সুধার বাণসমূহদ্বারা সকল দিকে সাত্যকিকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৪৩॥

---

(৩৯) ন্যপতৎ স রথে— বা নি।

শ্রুত্বা তু রথনির্ঘোষং গাণ্ডীবস্য চ নিস্বনম্।
সূতপুত্রোঽব্রবীদ্রাজন্! দুর্য্যোধনমিদং বচঃ ॥৪৫॥
এষ সর্ব্বান্ শিবীন্ হত্বা মুখ্যশশ্চ নরর্ষভান্।
পৌরবাংশ্চ মহেষ্বাসো বিক্ষিপন্নুত্তমং ধনুঃ ॥৪৬॥
পার্থস্তত্রৈব নিয়তং গাণ্ডীবনিনদো মহান্।
শ্রূয়তে রথঘোষশ্চ বাসবস্যেব নর্দ্দতঃ ॥৪৭॥ (যুগ্মকম্)
করোতি পাণ্ডবো ব্যক্তং কর্ম্মৌপয়িকমাত্মনঃ।
এষা বিদীর্য্যতে রাজন্! বহুধা ভারতী চমূঃ ॥৪৮॥
বিপ্রকীর্ণান্যনীকানি নহি তিষ্ঠন্তি কর্হিচিৎ।
বাতেনেব সমুদ্ধূতমভ্রজালং বিদীর্য্যতে।
সব্যসাচিনমাসাদ্য ভিন্না নৌরিব সাগরে ॥৪৯॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। রথনির্ঘোষম্ অনন্যসাধারণমিত্যাশয়ঃ ॥৪৫॥

এষ ইতি। মুখ্যান্ মুখ্যানিতি মুখশঃ। বিক্ষিপন্ সঞ্চালয়ন্। পার্থোঽর্জ্জুনঃ, যুধ্যত ইতি শেষঃ। নিয়তং নিশ্চিতম্। বাসবস্য বাসবপ্রেরিতস্য মেঘস্য ॥৪৬—৪৭॥

করোতীতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ, ব্যক্তং ধ্রুবম্, ঔপয়িকমুপযুক্তম্। ভারতী কৌরবী ॥৪৮॥

বিপ্রেতি। বিপ্রকীর্ণানি বিক্ষিপ্তানি। অভ্রজালং মেঘসমূহঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

রাজা! প্রধান প্রধান বীরনাশক সেই যুদ্ধ চলিতে লাগিলে, গাণ্ডীবের অতিবিশাল শব্দ শুনা যাইতে থাকিল ॥৪৪॥

রাজা! রথের ধ্বনি ও গাণ্ডীবের শব্দ শুনিয়া কর্ণ দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৪৫॥

'এই মহাধনুর্দ্ধর অর্জ্জুন উত্তম গাণ্ডীবধনু সঞ্চালন করিতে থাকিয়া শিবিদেশীয় প্রধান প্রধান সমস্ত বীরকে ও পৌরবগণকে বিনাশ করিয়া যুদ্ধ করিতেছেন; নিশ্চয়ই সেইখানেই এই বিশাল গাণ্ডীবশব্দ হইতেছে এবং গর্জ্জনকারী মেঘের ধ্বনির ন্যায় রথের ধ্বনিও শুনা যাইতেছে ॥৪৬—৪৭॥

রাজা! নিশ্চয়ই অর্জ্জুন নিজের উপযুক্ত কার্য্য করিতেছেন। সেই জন্যই এই কৌরবসৈন্য বহুভাগে বিভক্ত হইতেছে ॥৪৮॥

অর্জ্জুন উপস্থিত হওয়ায় আমাদের সৈন্যেরা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইয়া পড়িতেছে, কোথাও দাঁড়াইতেছে না এবং বায়ুসঞ্চালিত মেঘসমূহের ন্যায় আর সমুদ্রে বিদীর্ণ নৌকার তুল্য তাহারা বিচ্ছিন্ন হইতেছে ॥৪৯॥

(৪৭) পার্থো বিজয়তে তত্র··· বা নি। (৪৮)···এষা বিদার্য্যতে···বা নি।

দ্রবতাং যোধমুখ্যানাং গাণ্ডীবপ্রেষিতৈঃ শরৈঃ।
বিদ্ধানাং শতশো রাজন্! শ্রূয়তে নিস্বনো মহান্ ॥৫০॥
শৃণু দুন্দুভিনির্ঘোষমর্জ্জুনস্য রথং প্রতি।
নিশীথে রাজশার্দ্দূল! স্তনয়িত্নোরিবাম্বরে ॥৫১॥
হাহাকাররবাংশ্চৈব সিংহনাদাংশ্চ পুষ্কলান্।
শৃণু শব্দান্ বহুবিধানর্জ্জুনস্য রথং প্রতি ॥৫২॥
অয়ং মধ্যে স্থিতোঽস্মাকং সাত্যকিঃ সাত্বতাং বরঃ।
ইহ চেল্লভ্যতে লক্ষ্যং কৃৎস্নান্ জেষ্যামহে পরান্ ॥৫৩॥
এষ পাঞ্চালরাজস্য পুত্রো দ্রোণেন সঙ্গতঃ।
সর্ব্বতঃ সংবৃতো রাজন্! শূরৈস্তব সহোদরৈঃ ॥৫৪॥
সাত্যকিং যদি হন্যাম ধৃষ্টদ্যুম্নঞ্চ পার্ষতম্।
অসংশয়ং মহারাজ! ধ্রুবো নো বিজয়ো ভবেৎ ॥৫৫॥

ভারতকৌমুদী

দ্রবতামিতি। দ্রবতাং পলায়মানানাম্, যোধমুখ্যানাং কুরুপক্ষীয়াণাম্ ॥৫০॥
শৃণ্বিতি। রথং প্রতি রথান্তিকে। স্তনয়িত্নোর্মেঘস্য নির্ঘোষ ইব ॥৫১॥
হাহেতি। পুষ্কলান্ বহুলান্। বহুবিধান্ ছিন্ধি ভিন্ধীত্যাদিরূপান্ ॥৫২॥
অয়মিতি। সাত্বতাং বৃষ্ণীনাম্। লভ্যতে জয়েনায়ত্তীকর্ত্তুং শক্যতে, লক্ষ্যং লক্ষ্যীভূতঃ ॥৫৩॥
এষ ইতি। পুত্রো ধৃষ্টদ্যুম্নঃ, সঙ্গতো যুদ্ধে মিলিতঃ। সংবৃতো বেষ্টিতঃ ॥৫৪॥

রাজা! কুরুপক্ষের শতশত প্রধান যোদ্ধা গাণ্ডীবনিক্ষিপ্ত বাণে বিদ্ধ হইয়া পলায়ন করিতেছেন, তাঁহাদের বিশাল কোলাহল শুনা যাইতেছে ॥৫০॥

রাজশ্রেষ্ঠ! এই রাত্রিকালে আকাশে মেঘগর্জনের ন্যায় অর্জ্জুনের রথের নিকটে দুন্দুভিধ্বনি শ্রবণ কর ॥৫১॥

হাহাকারশব্দ, বহুতর সিংহনাদ এবং অর্জ্জুনের রথের নিকটে আরও বহুবিধ শব্দ শ্রবণ কর ॥৫২॥

আমাদের লক্ষ্য এবং আমাদেরই মধ্যবর্ত্তী এই বৃষ্ণিবংশশ্রেষ্ঠ সাত্যকিকে যদি আমরা জয় করিয়া বশীভূত করিতে পারি, তবে সমস্ত বিপক্ষকেই জয় করিব ॥৫৩॥

রাজা! এই ধৃষ্টদ্যুম্ন দ্রোণের সহিত যুদ্ধে মিলিত হইয়াছে এবং তোমার বীর সহোদরেরা উহাকে সকল দিকে বেষ্টন করিয়াছেন ॥৫৪॥

(৫৪)...সর্ব্বতঃ সংবৃতো যোধৈঃ শূরৈশ্চ রথসত্তমৈঃ...বা নি। (৫৫)...ধ্রুবং নো বিজয়ো ভবেৎ—বর্দ্ধ।

সৌভদ্রবদিমৌ বীরৌ পরিবার্য্য মহারথৌ।
প্রযতামো মহারাজ! নিহন্তুং বৃষ্ণিপার্ষতৌ ॥৫৬॥
সব্যসাচী পুরাভ্যেতি দ্রোণানীকায় ভারত!।
সংসক্তং সাত্যকিং জ্ঞাত্বা বহুভিঃ কুরুপুঙ্গবৈঃ ॥৫৭॥
তত্র গচ্ছন্তু বহবঃ প্রবরা রথসত্তমাঃ।
যাবৎ পার্থো ন জানাতি সাত্যকিং বহুভির্বৃতম্ ॥৫৮॥
তে ত্বরধ্বং তথা শূরাঃ! শরাণাং মোক্ষণে ভৃশম্।
যথা তূর্ণং ব্রজত্যেষ পরলোকায় মাধবঃ ॥৫৯॥
কর্ণস্য মতমাজ্ঞায় পুত্রস্তে প্রাহ সৌবলম্।
যথেন্দ্রঃ সমরে রাজন্! প্রাহ বিষ্ণুং যশস্বিনম্ ॥৬০॥

ভারতকৌমুদী

সাত্যকিমিতি। হন্যাম হন্তুং শক্নুয়াম। ধ্রুবঃ শাশ্বতঃ, নঃ অস্মাকম্ ॥৫৫॥
সৌভদ্রেতি। সৌভদ্রবৎ অভিমন্যুমিব। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৫৬॥
সব্যেতি। পুরা আগামিনি সময়ে। সংসক্তং যুদ্ধে মিলিতম্ ॥৫৭॥
তত্রেতি। তত্র অর্জ্জুনযুদ্ধে। পার্থোঽর্জ্জুনঃ ॥৫৮॥
ত ইতি। তে যূয়ম্। মাধবো মধুবংশীয়ঃ সাত্যকিঃ ॥৫৯॥
কর্ণস্যেতি। পুত্রো দুর্য্যোধনঃ, সৌবলং শকুনিম্ ॥৬০॥

অতএব মহারাজ! আমরা যদি সাত্যকিকে এবং পৃষতনন্দন ধৃষ্টদ্যুম্নকে বধ করিতে পারি, তবে আমাদের নিশ্চয়ই স্থায়ী জয় হইবে ॥৫৫॥

সুতরাং মহারাজ! আমরা অভিমন্যুর ন্যায় এই বীর ও মহারথ সাত্যকি ও ধৃষ্টদ্যুম্নকে পরিবেষ্টন করিয়া বধ করিবার চেষ্টা করি ॥৫৬॥

ভরতনন্দন! সাত্যকি বহুসংখ্যক কুরুশ্রেষ্ঠের সহিত যুদ্ধে মিলিত হইয়াছে ইহা জানিয়া হয় ত অর্জ্জুন পরে দ্রোণসৈন্যের দিকে আসিতে পারেন ॥৫৭॥

অতএব সাত্যকি বহুবীরে পরিবেষ্টিত হইয়াছে ইহা যে পর্য্যন্ত অর্জ্জুন না জানেন, ইহার মধ্যে বহুতর রথিশ্রেষ্ঠ সেইখানে গমন করুন ॥৫৮॥

সুতরাং বীরগণ! আপনারা বাণক্ষেপে সেইরূপ ত্বরা করুন, যাহাতে এই সাত্যকি সত্বরই পরলোকে গমন করে' ॥৫৯॥

রাজা! আপনার পুত্র দুর্য্যোধন কর্ণের মত জানিয়া—পূর্ব্বকালে ইন্দ্র যেমন যশস্বী বিষ্ণুকে বলিয়াছিলেন, সেইরূপ শকুনিকে বলিলেন—॥৬০॥

---

(৫৭)…পুরোঽভ্যেতি…বঙ্গ বর্দ্ধ বা নি। (৫৯)…যথা ত্বিহ ব্রজত্যেষঃ…বা নি।

বৃতঃ সহস্রৈর্দশভির্গজানামনিবর্ত্তিনাম্।
রথৈশ্চ দশসাহস্রৈস্তূর্ণং যাহি ধনঞ্জয়ম্ ॥৬১॥
দুঃশাসনো দুর্বিষহঃ সুবাহুর্দুষ্প্রধর্ষণঃ।
এতে ত্বামনুযাস্যন্তি পত্তিভির্বহুভির্বৃতাঃ ॥৬২॥
জহি কৃষ্ণৌ মহাবাহো! ধর্ম্মরাজঞ্চ মাতুল!।
নকুলং সহদেবঞ্চ ভীমসেনং তথৈব চ ॥৬৩॥
দেবানামিব দেবেন্দ্রে জয়াশা মে ত্বয়ি স্থিতা।
জহি মাতুল! কৌন্তেয়ানসুরানিব পাবকিঃ ॥৬৪॥
এবমুক্তো যযৌ পার্থান্ পুত্ত্রেণ তব সৌবলঃ।
মহত্যা সেনয়া সার্দ্ধং সহ পুত্ত্রৈশ্চ তে বিভো!।
প্রিয়ার্থং তব পুত্ত্রাণাং দিধক্ষুঃ পাণ্ডুনন্দনান্ ॥৬৫॥

ভারতকৌমুদী

বৃত ইতি। অনিবর্ত্তিনামপলায়িনাম্ ॥৬১॥
দুঃশাসন ইতি। পত্তিভিঃ পদাতিভিঃ, বৃতাঃ পরিবেষ্টিতাঃ ॥৬২॥
জহীতি। কৃষ্ণৌ কৃষ্ণার্জ্জুনৌ ॥৬৩॥
দেবানামিতি। পাবকস্য বহ্নেরপত্যমিতি পাবকিঃ কার্ত্তিকেয়ঃ ॥৬৪॥
এবমিতি। পুত্ত্রেণ দুর্য্যোধনেন। পুত্ত্রৈর্দুঃশাসনাদিভিঃ। দিধক্ষুর্জিঘাংসুঃ। ষট্‌পাদঃ ॥৬৫॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১৮॥ তে বিবাধুরিতি সামান্যোক্তিঃ, একৈকঃ পঞ্চভিরিতি বিশেষোক্তিঃ ॥১৯—৫২॥ লভ্যতে বশীক্রিয়তে ॥৫৩—৫৪॥ হন্তাসি হন্তুং শক্তঃ ॥৫৫—৬৮॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৭॥

'মাতুল! আপনি—অনিবর্ত্তী দশ সহস্র হস্তী এবং দশ সহস্র রথে পরিবেষ্টিত হইয়া সত্বর অর্জ্জুনের দিকে গমন করুন ॥৬১॥

দুঃশাসন, দুর্বিষহ, সুবাহু ও দুষ্প্রধর্ষণ ইহারা বহুতর পদাতিসৈন্যে পরিবেষ্টিত হইয়া আপনার অনুগমন করিবেন ॥৬২॥

মহাবাহু মাতুল! তা'র পর আপনি যাইয়া কৃষ্ণ, অর্জ্জুন, যুধিষ্ঠির, নকুল, সহদেব ও ভীমকে বধ করুন ॥৬৩॥

মাতুল! দেবগণের যেমন দেবরাজের উপরে জয়ের আশা ছিল, তেমন আমারও আপনার উপরে জয়ের আশা রহিয়াছে। সুতরাং কার্ত্তিক যেরূপ অসুরগণকে সংহার করিয়াছিলেন, সেইরূপ আপনিও পাণ্ডবগণকে সংহার করুন' ॥৬৪॥

ততঃ প্রববৃতে যুদ্ধং তাবকানাং পরৈঃ সহ।
প্রয়াতে সৌবলে রাজন্! পাণ্ডবানামনীকিনীম্ ॥৬৬॥
বলেন মহতা যুক্তঃ সূতপুত্রস্তু সাত্বতম্।
অভ্যয়াত্ত্বরিতো যুদ্ধে কিরন্ শরশতান্ বহূন্।
তথৈব পার্থিবাঃ সর্ব্বে সাত্যকিং পর্য্যবারয়ন্ ॥৬৭॥
মহদ্‌যুদ্ধং তদাসীত্তু দ্রোণস্য নিশি ভারত!।
ধৃষ্টদ্যুম্নেন বীরেণ পাঞ্চালৈশ্চ মহাদ্ভুতম্ ॥৬৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে সপ্তচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(ঃ*ঃ)———

ভারতকৌমুদী

তত ইতি। সৌবলে শকুনৌ। অনীকিনীং সেনাম্ ॥৬৬॥

বলেনেতি। বলেন সৈন্যেন। সাত্বতং সাত্যকিম্। কিরন্ ক্ষিপন্। ষট্পাদঃ ॥৬৭॥

মহদিতি। ধৃষ্টদ্যুম্নেন পাঞ্চালৈশ্চ সহেতি শেষঃ ॥৬৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সপ্তচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

রাজা! দুর্য্যোধন এইরূপ বলিলে, শকুনি আপনার পুত্রগণের প্রীতির জন্য পাণ্ডবগণকে সংহার করিবার ইচ্ছায় বিশাল সৈন্য এবং দুঃশাসনপ্রভৃতির সহিত মিলিত হইয়া পাণ্ডবগণের দিকে গমন করিলেন ॥৬৫॥

রাজা! শকুনি পাণ্ডবসৈন্যের দিকে গমন করিলে, বিপক্ষগণের সহিত আপনার যোদ্ধাদের যুদ্ধ লাগিয়া গেল ॥৬৬॥

এদিকে কর্ণ বিশাল সৈন্যের সহিত মিলিত হইয়া বহুশত বাণক্ষেপ করিতে করিতে সাত্যকির দিকে ধাবিত হইলেন এবং রাজারা সকলেও সাত্যকিকে পরিবেষ্টন করিলেন ॥৬৭॥

ভরতনন্দন! সেই রাত্রিতে তখন ওদিকেও বীর ধৃষ্টদ্যুম্ন এবং পাঞ্চালসৈন্য-গণের সহিত দ্রোণের অতি অদ্ভুত মহাযুদ্ধ হইতে লাগিল' ॥৬৮॥

(৬৭)···সূতপুত্রশ্চ···বঙ্গ বৰ্দ্ধ। * '···অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '···একসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততস্তে প্রাদ্রবন্ সর্ব্বে ত্বরিতা যুদ্ধদুর্ম্মদাঃ।
অমৃষ্যমাণাঃ সংরব্ধা যুযুধানরথং প্রতি ॥১॥
তে রথৈঃ কল্পিতৈ রাজন্! হেমরূপ্যবিভূষিতৈঃ।
সাদিভিশ্চ গজৈশ্চৈব পরিবব্রুঃ স্ম সাত্বতম্ ॥২॥
অথৈনং কোষ্ঠকীকৃত্য সর্ব্বতস্তে মহারথাঃ।
সিংহনাদাংস্ততশ্চক্রুস্তর্জয়ন্তি স্ম সাত্যকিম্ ॥৩॥
তেঽভ্যবর্ষন্ শরৈস্তীক্ষ্ণৈঃ সাত্যকিং সত্যবিক্রমম্।
ত্বরমাণা মহাবীরা মাধবস্য বধৈষিণঃ ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রাদ্রবন্ অভ্যধাবন্। অমৃষ্যমাণাঃ সাত্যকিস্থিতিমসহমানাঃ, সংরব্ধাঃ ক্রুদ্ধাঃ ॥১॥

ত ইতি। কল্পিতৈঃ সজ্জিতৈঃ। সাদিভিরশ্বারোহিভিঃ। সাত্বতং সাত্যকিম্ ॥২॥

অথেতি। এনং সাত্যকিম্, কোষ্ঠকীকৃত্য মধ্যবর্ত্তীকৃত্য, তে কর্ণাদয়ঃ ॥৩॥

ত ইতি। মাধবস্য মধুবংশ্যস্য সাত্যকেঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর সেই যুদ্ধদুর্দ্ধর্ষ বীরেরা সকলে সাত্যকির অবস্থান সহ্য করিতে না পারিয়া ক্রুদ্ধ ও ত্বরান্বিত হইয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১॥

রাজা! তাঁহারা স্বর্ণ ও রূপ্যভূষিত সুসজ্জিত রথে আরোহণ করিয়া অশ্বারোহী ও গজারোহীদের সহিত মিলিত হইয়া যাইয়া সাত্যকিকে পরিবেষ্টন করিলেন ॥২॥

তৎপরে সেই মহারথেরা সাত্যকিকে মধ্যবর্ত্তী করিয়া সকল দিক্ হইতে সিংহনাদ ও তর্জ্জন করিতে লাগিলেন ॥৩॥

ক্রমে সেই মহাবীরেরা সাত্যকিকে বধ করিবার ইচ্ছা করিয়া ত্বরান্বিত হইয়া যথার্থবিক্রমশালী সাত্যকির উপরে তীক্ষ্ণ বাণ সকল বর্ষণ করিতে লাগিলেন ॥৪॥

(২)···পরিবব্রুঃ সমন্ততঃ—বা নি। (৪)··· ত্বরমাণা মহাবীর্য্যাঃ···পি বঙ্গ বর্দ্ধ।

তান্ দৃষ্ট্বাপততস্তূর্ণং শৈনেয়ঃ পরবীরহা।
প্রত্যগৃহ্লান্মহাবাহুঃ প্রমুঞ্চন্ বিশিখান্ বহূন্ ॥৫॥
তত্র বীরো মহেষ্বাসঃ সাত্যকির্যুদ্ধদুর্ম্মদঃ।
নিচকর্ত্ত শিরাংস্যুগ্রৈঃ শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥৬॥
হস্তিহস্তান্ হয়গ্রীবা বাহূনপি চ ভারত!।
ক্ষুরপ্রৈঃ শাতয়ামাস তাবকানাং স মাধবঃ ॥৭॥
পতিতৈশ্চামরৈশ্চৈব শ্বেতচ্ছত্রৈশ্চ ভারত!।
বভূব ধরণী পূর্ণা নক্ষত্রৈর্দ্যৌরিব প্রভো!। ॥৮॥
তেষান্তু যুযুধানেন যুধ্যতাং যুধি ভারত!।
বভূব তুমুলঃ শব্দঃ প্রেতানাং ক্রন্দতামিব ॥৯॥
তেন শব্দেন মহতা পূরিতাভূদ্বসুন্ধরা।
রাত্রিঃ সমভবচ্চৈব তীব্ররূপা ভয়াবহা ॥১০॥

ভারতকৌমুদী

তানিতি। আপতত আগচ্ছতঃ, শৈনেয়ঃ সাত্যকিঃ ॥৫॥
তত্রেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। নিচকর্ত্ত চিচ্ছেদ। সন্নতপর্ব্বভির্বক্রোপাঙ্গৈঃ ॥৬॥
হস্তীতি। হস্তিনাং হস্তান্ শুণ্ডাঃ, হয়গ্রীবা অশ্বকণ্ঠান্। শাতয়ামাস চিচ্ছেদ ॥৭॥
পতিতৈরিতি। পতিতৈঃ, হস্তাদিচ্ছেদনাদিত্যাশয়ঃ। দ্যৌরাকাশম্ ॥৮॥
তেষামিতি। যুধ্যতাং যুধ্যমানানাম্। ক্রন্দতাং পরস্পরমাহ্বয়তাম্ ॥৯॥
তেনেতি। বসুন্ধরা সমরভূমিঃ। তীব্ররূপা অধিকা, ভয়াবহা চ তাদৃশযুদ্ধাদেব ॥১০॥

তাঁহারা বেগে আসিতেছেন দেখিয়া মহাবাহু ও বিপক্ষবীরহন্তা সাত্যকি বহুতর বাণ বর্ষণ করতঃ তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৫॥

তখন বীর, মহাধনুর্দ্ধর ও যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকি নতপর্ব্ব ভীষণ বাণসমূহদ্বারা বিপক্ষ যোদ্ধাদের মস্তকচ্ছেদন করিতে লাগিলেন ॥৬॥

ভরতনন্দন! ক্রমে সাত্যকি ক্ষুরপ্রদ্বারা আপনার পক্ষের হস্তীগুলির শুণ্ড, অশ্বগণের কণ্ঠ এবং মনুষ্যদিগের বাহু সকল ছেদন করিতে থাকিলেন ॥৭॥

ভরতনন্দন রাজা! ক্রমে আকাশ যেমন নক্ষত্রে পূর্ণ হইয়া যায়, সেইরূপ সমরভূমি পতিত চামর ও শ্বেতচ্ছত্রে পূর্ণ হইয়া গেল ॥৮॥

ভরতনন্দন! পরস্পর আহ্বানকারী প্রেতগণের ন্যায় সাত্যকির সহিত যুদ্ধকারী কৌরবসৈন্যগণের তুমুল কোলাহল হইতে লাগিল ॥৯॥

(৭)··· হয়গ্রীবান্···পি বর্দ্ধ,···বাহূনপি চ সায়ুধান্···বা নি। (৯) এতেষাং যুযুধানেন··· বা নি।

দীর্য্যমাণং বলং দৃষ্ট্বা যুযুধানশরাহতম্।
শ্রুত্বা চ বিপুলং নাদং নিশীথে লোমহর্ষণে ॥১১॥
সুতস্তবাব্রবীদ্রাজন্! সারথিং রথিনাং বরঃ।
যত্রৈষ শব্দস্তত্রাশ্বাংশ্চোদয়েতি পুনঃ পুনঃ ॥১২॥ (যুগ্মকম্)
তেন সঞ্চোদ্যমানস্তু ততস্তাংস্তুরগোত্তমান্।
সূতঃ সঞ্চোদয়ামাস যুযুধানরথং প্রতি ॥১৩॥
ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধো দৃঢ়ধন্বা জিতক্লমঃ।
শীঘ্রহস্তশ্চিত্রযোধী যুযুধানমুপাদ্রবৎ ॥১৪॥
ততঃ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ শরৈঃ শোণিতভোজনৈঃ।
দুর্য্যোধনো দ্বাদশভির্মাধবং প্রবিভেদ হ ॥১৫॥

ভারতকৌমুদী

দীর্য্যেতি। দীর্য্যমাণং ভজ্যমানম্। সুতো দুর্য্যোধনঃ। চোদয় প্রেরয় ॥১১—১২॥
তেনেতি। সঞ্চোদ্যমান আদিশ্যমানঃ। সূতঃ সারথিঃ ॥১৩॥
তত ইতি। জিতক্লমঃ শ্রমশূন্যঃ। শীঘ্রহস্তঃ অস্ত্রক্ষেপে ॥১৪॥
তত ইতি। পূর্ণমায়তমাকৃষ্টং যদ্ধনুস্তেন উৎসৃষ্টৈঃ। মাধবং সাত্যকিম্ ॥১৫॥

সেই বিশাল শব্দে রণভূমি পূর্ণ হইয়া গেল এবং রাত্রিটাও ক্রমে অধিক ও ভয়াবহ হইয়া উঠিল ॥১০॥

রাজা! সেই লোমহর্ষণ নিশীথসময়ে কৌরবসৈন্যগণকে সাত্যকির বাণে আহত হইয়া বিশ্লিষ্ট হইতে দেখিয়া এবং তাহাদের তুমুল কোলাহল শুনিয়া রথিশ্রেষ্ঠ দুর্য্যোধন তাঁহার সারথিকে বার বার এই কথা বলিলেন—'সারথি! যেখানে এই কোলাহল হইতেছে, সেইখানে অশ্বগুলিকে চালাইয়া দাও' ॥১১—১২॥

দুর্য্যোধন আদেশ করিলে, সারথি সেই উত্তম অশ্বগুলিকে সাত্যকির রথের দিকে চালাইয়া দিল ॥১৩॥

তৎপরে দৃঢ়কার্ম্মুক, শ্রমশূন্য, লঘুহস্ত ও বিচিত্রযোধী দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥১৪॥

তাহার পর দুর্য্যোধন ধনুখানাকে পূর্ণ আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত রক্তপায়ী বারটা বাণদ্বারা সাত্যকিকে বিদীর্ণ করিলেন ॥১৫॥

---

(১৫)···দুর্য্যোধনং দ্বাদশভির্মাধবঃ···পি,···দুর্য্যোধনং দ্বাদশভির্মাধবঃ প্রত্যবিধ্যত—বা নি।

দুর্য্যোধনেন চ তথা পূর্ব্বমেবার্দ্দিতঃ শরৈঃ।
শৈনেয়ো দশভির্বাণৈঃ প্রত্যবিধ্যদমর্ষিতঃ ॥১৬॥
ততঃ সমভবদ্‌যুদ্ধং তুমুলং ভরতর্ষভ ! ।
পাঞ্চালানাঞ্চ সর্ব্বেষাং ভারতানাঞ্চ দারুণম্ ॥১৭॥
শৈনেয়স্তু রণে ক্রুদ্ধস্তব পুত্রং মহারথম্ ।
সায়কানামশীত্যা তু বিব্যাধোরসি ভারত ! ॥১৮॥
ততোঽস্য বাহান্ সমরে শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ।
সারথিঞ্চ রথাত্তূর্ণং পাতয়ামাস পত্রিণা ॥১৯॥
হতাশ্বে তু রথে তিষ্ঠন্ পুত্রস্তব বিশাংপতে ! ।
মুমোচ নিশিতান্ বাণান্ শৈনেয়স্য রথং প্রতি ॥২০॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেনেতি। শৈনেয়ঃ শিনেঃ পৌত্রঃ সাত্যকিঃ। অমর্ষিতঃ ক্রুদ্ধঃ ॥১৬॥
তত ইতি। ভারতানাং কৌরবাণাম্ ॥১৭॥
শৈনেয় ইতি। পুত্রং দুর্য্যোধনম্। উরসি বক্ষসি ॥১৮॥
তত ইতি। অস্য দুর্য্যোধনস্য, বাহানশ্বান্। যমস্য ক্ষয়ং ভবনম্ ॥১৯॥
হতেতি। হতা অশ্বা যস্য তস্মিন্। নিশিতান্ সুধারান্ ॥২০॥

দুর্য্যোধন পূর্ব্বেই সেইভাবে বাণদ্বারা পীড়ন করিলে, সাত্যকি ক্রুদ্ধ হইয়া দশটা বাণে দুর্য্যোধনকে প্রতিবিদ্ধ করিলেন ॥১৬॥

ভরতশ্রেষ্ঠ ! তদনন্তর সমস্ত পাঞ্চাল ও কৌরবসৈন্যের তুমুল ও দারুণ যুদ্ধ হইতে লাগিল ॥১৭॥

ভরতনন্দন ! ক্রমে সাত্যকি ক্রুদ্ধ হইয়া আশীটা বাণদ্বারা আপনার পুত্র মহারথ দুর্য্যোধনের বক্ষস্থল বিদ্ধ করিলেন ॥১৮॥

তৎপরে সাত্যকি চারিটা বাণদ্বারা দুর্য্যোধনের চারিটা অশ্বকে যমালয়ে পাঠাইলেন এবং একটা বাণে রথ হইতে সত্বর তাঁহার সারথিকেও নিপাতিত করিলেন ॥১৯॥

নরনাথ ! অশ্ব ও সারথি নিহত হইলে, আপনার পুত্র দুর্য্যোধন সেই রথে থাকিয়াই সাত্যকির রথের দিকে সুধার বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২০॥

(১৬)···দুর্য্যোধনং তেন তথা···শৈনেয়ম্···পি বা নি। (১৭)···ভরতা নাঞ্চ দারুণম্··· পি বা নি।

শরান্ পঞ্চাশতং তাংস্তু শৈনেয়ঃ কৃতহস্তবৎ।
চিচ্ছেদ সমরে রাজন্! প্রেষিতাংস্তনয়েন তে ॥২১॥
অথাপরেণ ভল্লেন মুষ্টিদেশে মহদ্ধনুঃ।
চিচ্ছেদ তরসা যুদ্ধে পুত্রস্য তব মারিষ! ॥২২॥
বিরথো বিধনুষ্কশ্চ সর্ব্বলোকেশ্বরঃ প্রভুঃ।
আরুরোহ রথং তূর্ণং ভাস্বরং কৃতবর্ম্মণঃ ॥২৩॥
দুর্য্যোধনে পরাবৃত্তে শৈনেয়স্তব বাহিনীম্।
দ্রাবয়ামাস বিশিখৈর্নিশামধ্যে বিশাংপতে! ॥২৪॥
শকুনিশ্চার্জ্জুনং রাজন্! পরিবার্য্য সমন্ততঃ।
রথৈরনেকসাহস্রৈর্গজৈশ্চৈব সহস্রশঃ।
তথা হয়সহস্রৈশ্চ নানাশস্ত্রৈরবাকিরৎ ॥২৫॥
তে মহাস্ত্রাণি সর্ব্বাণি বিকিরন্তোঽর্জ্জুনং প্রতি।
অর্জ্জুনং যোধয়ন্তি স্ম ক্ষত্রিয়াঃ কালচোদিতাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

শরানিতি। কৃতহস্তবৎ লঘুহস্ত ঐন্দ্রজালিক ইব। প্রেষিতান্ ক্ষিপ্তান্ ॥২১॥
অথেতি। চিচ্ছেদ শৈনেয় ইত্যনুবৃত্তিঃ, তরসা বেগেন ॥২২॥
বিরথ ইতি। সর্ব্বলোকেশ্বরঃ সম্রাট্। ভাস্বরমুজ্জ্বলম্ ॥২৩॥
দুর্য্যোধন ইতি। পরাবৃত্তে পরাঙ্মুখে সতি। দ্রাবয়ামাস পীড়য়ামাস ॥২৪॥
শকুনিরিতি। পরিবার্য্য পরিবেষ্ট্য। অবাকিরৎ প্রাহরৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৫॥

রাজা! আপনার পুত্র পঞ্চাশটা বাণ নিক্ষেপ করিলে, সাত্যকি শিক্ষিতহস্ত ঐন্দ্রজালিকের ন্যায় সে সমস্ত বাণগুলিকেই ছেদন করিলেন ॥২১॥

মাননীয় রাজা! তদনন্তর সাত্যকি অন্য একটা ভল্লদ্বারা সত্বর দুর্য্যোধনের বিশাল ধনুর মুষ্টিদেশ ছেদন করিলেন ॥২২॥

এই সময়ে প্রভাবশালী সম্রাট্ দুর্য্যোধন রথবিহীন ও ধনুশূন্য হইয়া সত্বর যাইয়া উজ্জ্বল কৃতবর্ম্মার রথে আরোহণ করিলেন ॥২৩॥

নরনাথ রাজা! দুর্য্যোধন পরাঙ্মুখ হইলে, সেই রাত্রির মধ্যসময়ে সাত্যকি বাণদ্বারা আপনার সৈন্য পীড়ন করিতে লাগিলেন ॥২৪॥

রাজা! ওদিকে শকুনি অনেকসহস্র রথ, সহস্র সহস্র হস্তী এবং বহুসহস্র অশ্বদ্বারা অর্জ্জুনকে পরিবেষ্টন করিয়া নানা অস্ত্রে তাঁহাকে প্রহার করিতে লাগিলেন ॥২৫॥

(২২)…তব পুত্রস্য মাধবঃ—বা নি।

তান্যর্জ্জুনঃ সহস্রাণি রথবারণবাজিনাম্ ।
পর্য্যবারয়দায়স্তঃ প্রকুর্বন্ বিপুলং ক্ষয়ম্ ॥২৭॥
ততস্তু সমরে শূরঃ শকুনিঃ সৌবলস্তদা ।
বিব্যাধ নিশিতৈর্বাণৈরর্জ্জুনং প্রহসন্নিব ।
পুনশ্চৈব শতেনাস্য সংরুরোধ মহারথম্ ॥২৮॥
তমর্জ্জুনস্তু বিংশত্যা বিব্যাধ যুধি ভারত ! ।
অথেতরান্ মহেষ্বাসাংস্ত্রিভিস্ত্রিভিরবিধ্যত ॥২৯॥
নিবার্য্য তান্ বাণগণান্ যুধি রাজন্ ! ধনঞ্জয়ঃ ।
জঘান তাবকান্ যোধান্ বজ্রবেগৈঃ শরোত্তমৈঃ ॥৩০॥

ভারতকৌমুদী

ত ইতি। বিকিরন্তো নিক্ষিপন্তঃ। কালেন চোদিতাঃ প্রেরিতাঃ ॥২৬॥
তানীতি। পর্য্যবারয়ৎ নুবারয়ৎ, আয়স্তঃ শ্রান্তোঽপি ॥২৭॥
তত ইতি। শতেন বাণানামিতি শেষঃ। মহারথং বিশালরথম্। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৮॥
তমিতি। ইতরান্ দুঃশাসনাদীন্, মহেষ্বাসান্ মহাধনুর্দ্ধরান্ ॥২৯॥
নিবার্য্যেতি। তান্ তৈঃ শকুনিপ্রভৃতিভির্নিক্ষিপ্তান্ ॥৩০॥

সেই ক্ষত্রিয়েরা কালপ্রেরিত হইয়া অর্জ্জুনের উপরে সর্ব্বপ্রকার মহাস্ত্র সকল ক্ষেপ করিতে থাকিয়া তাঁহার সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥২৬॥

তখন অর্জ্জুন কুরুসৈন্যের গুরুতর ক্ষয় করতঃ পরিশ্রান্ত হইয়াও সেই সহস্র সহস্র রথ, হস্তী ও অশ্বদিগকে বারণ করিতে থাকিলেন ॥২৭॥

তদনন্তর বীর সুবলনন্দন শকুনি হাসিতে হাসিতেই যেন সুধার বাণসমূহে অর্জ্জুনকে বিদ্ধ করিতে লাগিলেন এবং পুনরায় একশত বাণদ্বারা অর্জ্জুনের বিশাল রথখানাকে রুদ্ধ করিলেন ॥২৮॥

ভরতনন্দন! তখন অর্জ্জুন কুড়িটা বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিলেন; পরে আবার তিন তিনটা বাণদ্বারা অপর মহাধনুর্দ্ধরদিগকে তাড়ন করিলেন ॥২৯॥

রাজা! ক্রমে অর্জ্জুন তাঁহাদের বাণগুলিকে নিবারণ করিয়া বজ্রের ন্যায় বেগবান্ উত্তম উত্তম বাণদ্বারা আপনার পক্ষের যোদ্ধাদিগকে বধ করিতে লাগিলেন ॥৩০॥

---

(২৭)...প্রত্যবারয়দায়স্তঃ...বা নি। (৩০)...নিজঘ্নে তাবকান্...বর্দ্ধ।

ভুজৈশ্ছিন্নৈর্মহীপাল! হস্তিহস্তোপমৈর্ম্মৃধে।
সমাকীর্ণা মহী ভাতি পঞ্চাস্যৈরিব পন্নগৈঃ ॥৩১॥
শিরোভিঃ সকিরীটৈশ্চ সুনসৈশ্চারুকুণ্ডলৈঃ।
সন্দষ্টৌষ্ঠপুটৈঃ ক্রোধাৎ তথৈবোদ্‌বৃত্তলোচনৈঃ ॥৩২॥
নিষ্কচূড়ামণিধরৈঃ ক্ষত্রিয়াণাং প্রিয়ংবদৈঃ।
পঙ্কজৈরিব বিন্যস্তৈঃ পতিতৈর্বিবভৌ মহী ॥৩৩॥ (যুগ্মকম্)
কৃত্বা তৎ কর্ম্ম বীভৎসুরুগ্রমুগ্রপরাক্রমঃ।
বিব্যাধ শকুনিং ভূয়ঃ পঞ্চভির্নতপর্ব্বভিঃ।
অতাড়য়দুলূকঞ্চ ত্রিভিরেব তথা পরৈঃ ॥৩৪॥
উলূকস্তু তথা বিদ্ধো বাসুদেবমতাড়য়ৎ।
ননাদ চ মহানাদং পূরয়ন্নিব মেদিনীম্ ॥৩৫॥
অর্জ্জুনঃ শকুনেশ্চাপং সায়কৈরচ্ছিনদ্রণে।
নিন্যে চ চতুরো বাহান্ যমস্য সদনং প্রতি ॥৩৬॥

ভারতকৌমুদী

ভুজৈরিতি। হস্তিহস্তোপমৈর্হস্তিশুণ্ডাতুল্যৈঃ। পঞ্চাস্যৈঃ পঞ্চমুখৈঃ ॥৩১॥
শিরোভিরিতি। সুনসৈঃ সুন্দরনাসিকাযুক্তৈঃ। সন্দষ্টৌষ্ঠপুটৈর্দন্তাক্রান্তাধরপুটৈঃ, উদ্‌বৃত্তলোচনৈরুত্তোলিতনয়নৈঃ। নিষ্কান্ বক্ষোভূষণানি চূড়ামণীংশ্চ ধরন্তীতি তৈঃ ॥৩২—৩৩॥
কৃত্বেতি। বীভৎসুরর্জ্জুনঃ। নতপর্ব্বভির্বক্রোপাদ্যৈর্ব্বাণৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥
উলূক ইতি। ননাদ চকার। মেদিনীং সমরভূমিম্ ॥৩৫॥

মহারাজ! ক্রমে হস্তিশুণ্ডের তুল্য এবং পঞ্চমুখ সর্পের ন্যায় ছিন্ন বাহুসমূহে সমরভূমি ব্যাপ্ত হইয়া গেল ॥৩১॥

আর মুকুটশোভিত, সুন্দরনাসিকাযুক্ত, মনোহরকুণ্ডলসমন্বিত, ক্রোধে ওষ্ঠদংশনকারী, উন্মীলিতনয়ন, বক্ষোভূষণ ও চূড়ামণিধারী, প্রিয়ভাষী এবং স্থাপিত পদ্মসমূহের তুল্য মনোহর ক্ষত্রিয়গণের মস্তক সকল পতিত হওয়ায় সমরভূমি বিশেষ শোভা পাইতে লাগিল ॥৩২—৩৩॥

ভীষণপরাক্রমশালী অর্জ্জুন সেই ভীষণ কার্য্য করিয়া পুনরায় নতপর্ব্ব পাঁচটা বাণদ্বারা শকুনিকে বিদ্ধ করিলেন এবং সেইরূপ তিনটা বাণদ্বারা শকুনির পুত্র উলূককে তাড়ন করিলেন ॥৩৪॥

কিন্তু উলূক সেইভাবে বিদ্ধ হইয়া কৃষ্ণকে তাড়ন করিলেন এবং সমরভূমি পূর্ণ করতই যেন বিশাল সিংহনাদ করিয়া উঠিলেন ॥৩৫॥

(৩৩)…পর্ব্বতৈর্বিবভৌ মহী—বা নি।

ততো রথাদবপ্লুত্য সৌবলো ভরতর্ষভ ! ।
উলূকস্য রথং তূর্ণমারুরোহ বিশাংপতে ! ॥৩৭॥
তাবেকরথমারূঢ়ৌ পিতাপুত্রৌ মহারথৌ ।
পার্থং সিষিচতুর্বাণৈর্গিরিং মেঘাবিবাম্বুভিঃ ॥৩৮॥
তৌ তু বিদ্ধ্বা মহারাজ ! পাণ্ডবো নিশিতৈঃ শরৈঃ ।
বিদ্রাবয়ংস্তব চমূং শতশো ব্যধমচ্ছরৈঃ ॥৩৯॥
অনিলেন যথাভ্রাণি বিচ্ছিন্নানি সমন্ততঃ ।
বিচ্ছিন্নানি তথা রাজন্ ! বলান্যাসন্ বিশাংপতে ! ॥৪০॥
তদ্বলং ভরতশ্রেষ্ঠ ! বধ্যমানং তথা নিশি ।
প্রদুদ্রাব দিশঃ সর্ব্বা বীক্ষমাণং ভয়ার্দ্দিতম্ ॥৪১॥

ভারতকৌমুদী

অর্জ্জুন ইতি। চতুরশ্চতুঃসংখ্যকান্, বাহান্ অশ্বান্ ॥৩৬॥
তত ইতি। অবপ্লুত্য লম্ফেনাবতীর্য্য, সৌবলঃ শকুনিঃ ॥৩৭॥
তাবিতি। পার্থমর্জ্জুনম্, সিষিচতুর্ববৃষতুঃ ॥৩৮॥
তাবিতি। পাণ্ডবোঽর্জ্জুনঃ। বিদ্রাবয়ন্ নিপীড়য়ন্। ব্যধমদ্ব্যনাশয়ৎ ॥৩৯॥
অনিলেনেতি। অভ্রাণি মেঘাঃ, বিচ্ছিন্নানি ভবন্তি। বলানি কুরুসৈন্যানি ॥৪০॥
তদিতি। প্রদুদ্রাব দ্রুতং পলায়াঞ্চক্রে ॥৪১॥

তখন অর্জ্জুন বাণদ্বারা শকুনির ধনু ছেদন করিলেন এবং তাহার চারিটা ঘোড়াকেই যমালয়ে পাঠাইলেন ॥৩৬॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ ! তাহার পর শকুনি নিজের রথ হইতে লাফাইয়া পড়িয়া সত্বর যাইয়া উলূকের রথে আরোহণ করিলেন ॥৩৭॥

পরে একরথারূঢ় পিতা ও পুত্র মহারথ শকুনি ও উলূক—দুইটা মেঘ যেমন পর্ব্বতের উপরে জল বর্ষণ করে, সেইরূপ অর্জ্জুনের উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৩৮॥

মহারাজ ! তখন অর্জ্জুন সুধার বাণসমূহদ্বারা তাঁহাদিগকে বিদ্ধ করিয়া আপনার সৈন্য পীড়ন করতঃ বাণে বাণে শত শত সৈন্য বিনাশ করিতে থাকিলেন ॥৩৯॥

নরনাথ রাজা ! ক্রমে মেঘ যেমন বায়ুবেগে সকল দিকে বিচ্ছিন্ন হইয়া যায়, সেইরূপ আপনার সৈন্য অর্জ্জুনের বাণবেগে সকল দিকে বিচ্ছিন্ন হইয়া যাইতে লাগিল ॥৪০॥

(৪১)…বধ্যমানং তদা নিশি…বা নি।

উৎসৃজ্য বাহান্ সমরে চোদয়ন্তস্তথা পরে।
সংভ্রান্তাঃ পর্য্যধাবন্ত তস্মিংস্তমসি দারুণে ॥৪২॥
বিজিত্য সমরে যোধাংস্তাবকান্ ভরতর্ষভ!।
দধ্মতুর্ম্মুদিতৌ শঙ্খৌ বাসুদেবধনঞ্জয়ৌ ॥৪৩॥
ধৃষ্টদ্যুম্নো মহারাজ! দ্রোণং বিদ্ধা ত্রিভিঃ শরৈঃ।
চিচ্ছেদ ধনুষস্তূর্ণং জ্যাং শরেণ শিতেন হ ॥৪৪॥
তন্নিধায় ধনুর্ভূমৌ দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
আদদেঽন্যদ্ধনুঃ শূরো বেগবৎসারবত্তরম্ ॥৪৫॥
ধৃষ্টদ্যুম্নং ততো দ্রোণো বিদ্ধা সপ্তভিরাশুগৈঃ।
সারথিং পঞ্চভির্বাণৈ রাজন্! বিব্যাধ সংযুগে ॥৪৬॥

ভারতকৌমুদী

উদিতি। বাহান্ যানানি। তমসি দুরান্ধকারে, তত্র প্রদীপালোকাগমনাৎ ॥৪২॥
বিজিত্যেতি। দধ্মতুর্বাদয়ামাসতুঃ, শঙ্খৌ পাঞ্চজন্যদেবদত্তনামানৌ ॥৪৩॥
উক্তং যুদ্ধং সমাপ্য যুদ্ধান্তরমাহ ধৃষ্টেতি। জ্যাং গুণম্, শিতেন সুধারেণ ॥৪৪॥
তদিতি। নিধায় নিক্ষিপ্য। বেগবত্তরং বাণানাং মহাবেগজনকম্, সারবত্তরং সুদৃঢ়ম্ ॥৪৫॥
ধৃষ্টেতি। আশুগৈর্বাণৈঃ। সারথিং ধৃষ্টদ্যুম্নস্যৈব ॥৪৬॥

ভরতশ্রেষ্ঠ! রাত্রিতে অর্জ্জুন সেইভাবে বধ করিতে থাকিলে, সেই কৌরবসৈন্য ভয়ার্ত্ত হইয়া স্থান দেখিতে থাকিয়া সকল দিকে পলায়ন করিতে থাকিল ॥৪১॥

ভয়বিচলিত কতকগুলি সৈন্য যান-বাহন ত্যাগ করিয়া এবং অপর কতকগুলি সৈন্য বেগে যান-বাহন চালাইতে থাকিয়া সেই দারুণ অন্ধকারে সকল দিকে ধাবিত হইতে লাগিল ॥৪২॥

ভরতশ্রেষ্ঠ! কৃষ্ণ ও অর্জ্জুন যুদ্ধে আপনার যোদ্ধাদিগকে জয় করিয়া আনন্দিত হইয়া শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥৪৩॥

মহারাজ! ওদিকে ধৃষ্টদ্যুম্ন তিনটা বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিয়া সত্বর একটা সুধার বাণে তাঁহার ধনুর গুণ ছেদন করিয়া ফেলিলেন ॥৪৪॥

তখন বীর ও ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণ সেই ধনুখানা ভূতলে নিক্ষেপ করিয়া বিশেষ বেগবান্ ও সুদৃঢ় অন্য একখানা ধনু গ্রহণ করিলেন ॥৪৫॥

(৪৫) তন্নিধায় ধনুর্নীড়ে···পি বঙ্গ বৰ্দ্ধ।

তং নিবার্য্য শরৈস্তূর্ণং ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
ব্যধমৎ কৌরবীং সেনামাসুরীং মঘবানিব ॥৪৭॥
বধ্যমানে বলে তস্মিংস্তব পুত্রস্য মারিষ!।
প্রাবর্ত্তত নদী ঘোরা শোণিতৌঘতরঙ্গিণী ॥৪৮॥
উভয়োঃ সেনয়োর্মধ্যে রথাশ্বদ্বিপবাহিনী।
যথা বৈতরণী রাজন্! যমরাজপুরং প্রতি ॥৪৯॥ (যুগ্মকম্)
দ্রাবয়িত্বা তু তৎ সৈন্যং ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
অভ্যরাজত তেজস্বী শক্রো দেবগণেষ্বিব ॥৫০॥
অথ দধ্মুর্মহাশঙ্খান্ ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
যমৌ চ যুযুধানশ্চ পাণ্ডবশ্চ বৃকোদরঃ ॥৫১॥

ভারতকৌমুদী

তমিতি। ব্যধমৎ ব্যনাশয়ৎ। মঘবান্ ইন্দ্রঃ ॥৪৭॥
বধ্যেতি। প্রাবর্ত্তত অজায়ত। রথানশ্বান্ দ্বিপান্ গজাংশ্চ বহতীতি সা ॥৪৮—৪৯॥
দ্রাবয়িত্বেতি। দ্রাবয়িত্বা নিপীড্য, তৎ কৌরবীয়ম্ ॥৫০॥
অথেতি। যমৌ নকুলসহদেবৌ, যুযুধানঃ সাত্যকিঃ ॥৫১॥

রাজা! তাহার পর দ্রোণ সাতটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিয়া পাঁচটা বাণদ্বারা তাঁহার সারথিকে বিদ্ধ করিলেন ॥৪৬॥

কিন্তু মহারথ ধৃষ্টদ্যুম্ন বাণদ্বারা সত্বর দ্রোণকে নিবারণ করিয়া—ইন্দ্র যেমন অসুরসৈন্য সংহার করিতেন, সেইরূপ কৌরবসৈন্য সংহার করিতে লাগিলেন ॥৪৭॥

মাননীয় রাজা! ধৃষ্টদ্যুম্ন আপনার পুত্রের সৈন্য সংহার করিতে লাগিলে, যমরাজপুরগামিনী বৈতরণী নদীর ন্যায় উভয় সৈন্যের মধ্যস্থানে একটা ভয়ঙ্কর রক্তের নদী বহিত হইল; তাহাতে রক্তেরই প্রবাহ এবং রক্তেরই তরঙ্গ চলিতে লাগিল এবং সে নদীটা হস্তী, অশ্ব ও রথ বহন করিতে থাকিল ॥৪৮—৪৯॥

প্রতাপশালী ও বলবান্ ধৃষ্টদ্যুম্ন সেই কৌরবসৈন্য পীড়ন করিয়া দেবগণমধ্যে ইন্দ্রের ন্যায় পাণ্ডবসৈন্যমধ্যে শোভা পাইতে লাগিলেন ॥৫০॥

তাহার পর ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, নকুল, সহদেব, সাত্যকি ও ভীমসেন মহাশঙ্খধ্বনি করিতে থাকিলেন ॥৫১॥

(৪৯)···নরাশ্বদ্বিপবাহিনী···নি।

জিত্বা রথসহস্রাণি তাবকানাং মহারথাঃ।
সিংহনাদরবাংশ্চক্রুঃ পাণ্ডবা জিতকাশিনঃ ॥৫২॥
পশ্যতস্তব পুত্রস্য কর্ণস্য চ রণোৎকটাঃ।
তথা দ্রোণস্য শূরস্য দ্রৌণেশ্চৈব বিশাংপতে! ॥৫৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে অষ্টচত্বারিংশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(:*:)——

উনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।
বিদ্রুতং স্ববলং দৃষ্ট্বা বধ্যমানং মহাত্মভিঃ।
ক্রোধেন মহতাবিষ্টঃ পুত্রস্তব বিশাংপতে! ॥১॥
অভ্যেত্য সহসা কর্ণং দ্রোণঞ্চ জয়তাং বরম্।
অমর্ষবশমাপন্নো বাক্যজ্ঞো বাক্যমব্রবীৎ ॥২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

জিত্বেতি। মহারথাঃ পাণ্ডবা ইতি সম্বন্ধঃ। জিতমিতি ভাবে ক্তঃ। ততশ্চ জিতেন জয়েন কাশন্তে দীপ্যন্তে ইতি জিতকাশিনঃ। পুত্রস্য দুর্য্যোধনস্য, রণে উৎকটা মত্তাঃ ॥৫২—৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্বণি ঘটোৎকচবধে অষ্টচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

বিদ্রুতমিতি। বিদ্রুতং পলায়িতম্। মহাত্মভিঃ পাণ্ডবৈঃ। জয়তাং বীরাণাম্ ॥১—২॥

নরনাথ! পরে মহারথ, বিজয়শোভী ও রণমত্ত পাণ্ডবেরা আপনার পক্ষের সহস্র সহস্র রথীকে জয় করিয়া আপনার পুত্র দুর্য্যোধন, কর্ণ, মহাবীর দ্রোণ এবং অশ্বত্থামার সমক্ষেই সিংহনাদ করিতে লাগিলেন' ॥৫২—৫৩॥

——:*:——

সঞ্জয় বলিলেন—'নরনাথ! পাণ্ডবেরা বধ করিতে থাকায় কৌরবসৈন্যেরা পলায়ন করিতেছে দেখিয়া আপনার পুত্র, অসহিষ্ণুস্বভাব ও বাক্পটু দুর্য্যোধন

---

* '...একোনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বঙ্ক, '...দ্বিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা য়া নি।

ভবদ্ভ্যামিহ সংগ্রামঃ ক্রুদ্ধাভ্যাং সংপ্রবর্ত্তিতঃ।
আহবে নিহতং দৃষ্ট্বা সৈন্ধবং সব্যসাচিনা ॥৩॥
নিহন্যমানাং পাণ্ডূনাং বলেন মম বাহিনীম্।
ভূত্বা তদ্বিজয়ে শক্তাবশক্তাবিব পশ্যতঃ ॥৪॥
যদ্যহং ভবতোস্ত্যাজ্যো ন বাচ্যোঽস্মি তদৈব হি।
আবাং পাণ্ডুসুতান্ সংখ্যে জেষ্যাব ইতি মানদৌ ! ॥৫॥
তদৈবাহং বচঃ শ্রুত্বা ভবদ্ভ্যামনুসম্মতম্।
নাকরিষ্যমিদং পার্থৈর্বৈরং যোধবিনাশনম্ ॥৬॥
যদি নাহং পরিত্যাজ্যো ভবদ্ভ্যাং পুরুষর্ষভৌ !।
যুধ্যতামনুরূপেণ বিক্রমেণ সুবিক্রমৌ ! ॥৭॥

ভারতকৌমুদী

ভবদ্ভ্যামিতি। সংপ্রবর্ত্তিত আরব্ধঃ। সৈন্ধবং জয়দ্রথম্ ॥৩॥
নিহন্যেতি। পাণ্ডূনাং পাণ্ডবানাম্। পশ্যতো ভবন্তাবিতি শেষঃ ॥৪॥
যদীতি। ত্যাজ্য এবাভবিষ্যম্। তদা তদৈব এতদ্যুদ্ধারম্ভাৎ প্রাক্, ইত্যহং ন বাচ্যঃ ॥৫॥
তদেতি। অনুসম্মতমভিপ্রেতম্। বৈরং বৈরনিবন্ধনং যুদ্ধম্ ॥৬॥
যদীতি। পরিত্যাজ্যো ন ভবামি, তদেতি শেষঃ। যুধ্যতাং ভবদ্ভ্যামিত্যনুষঙ্গঃ ॥৭॥

অত্যন্ত ক্রোধাবিষ্ট হইয়া সত্বর বীরশ্রেষ্ঠ কর্ণ ও দ্রোণের নিকট যাইয়া এই কথা কহিলেন—॥১—২॥

'অর্জ্জুন যুদ্ধে জয়দ্রথকে বধ করিয়াছে দেখিয়া আপনারাই ক্রুদ্ধ হইয়া এই রাত্রিযুদ্ধ আরম্ভ করিয়াছিলেন ॥৩॥

কিন্তু আপনারা তাহাদিগকে জয় করিতে সমর্থ হইয়াও অসমর্থের ন্যায়ই যেন এখন দাঁড়াইয়া দাঁড়াইয়া দেখিতেছেন; অথ চ পাণ্ডবযোদ্ধারা আমার সৈন্য সংহার করিতেছে! ॥৪॥

হে মানী জনের সম্মানকারক বীরযুগল! আমাকে ত্যাগ করাই যদি আপনাদের অভিপ্রেত ছিল, তবে তখন আপনাদের এরূপ বলা উচিত হয় নাই যে, 'আমরা দুই জনই যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিব' ॥৫॥

এবং তাহা হইলে আপনাদের অভিপ্রায়ানুযায়ী সেই বাক্য শুনিয়া আমি পাণ্ডবগণের সহিত এই সৈন্যক্ষয়জনক রাত্রিযুদ্ধ আরম্ভ করিতাম না ॥৬॥

সে যাহা হউক, হে মহাবিক্রমশালী পুরুষশ্রেষ্ঠদ্বয়! আমি যদি আপনাদের

(৪)···অশক্তাবিব পশ্যথঃ—পি।

বাক্প্রতোদেন তৌ বীরৌ প্রণুন্নৌ তনয়েন তে।
প্রাবর্ত্তয়েতাং সংগ্রামং ঘট্টিতাবিব পন্নগৌ ॥৮॥
ততস্তৌ রথিনাং শ্রেষ্ঠৌ সর্ব্বলোকধনুর্দ্ধরৌ।
শৈনেয়প্রমুখান্ পার্থানভিদুদ্রুবতু রণে ॥৯॥
তথৈব সহিতাঃ পার্থাঃ স্বেন সৈন্যেন সংবৃতাঃ।
অভ্যবর্ত্তন্ত তৌ বীরৌ নর্দ্দমানৌ মুহুর্মুহুঃ ॥১০॥
অথ দ্রোণো মহেষ্বাসো দশভিঃ শিনিপুঙ্গবম্।
অবিধ্যত্ত্বরিতং ক্রুদ্ধঃ সর্ব্বশস্ত্রভৃতাং বরঃ ॥১১॥
কর্ণশ্চ দশভির্বাণৈঃ পুত্রশ্চ তব সপ্তভিঃ।
দশভির্বৃষসেনশ্চ সৌবলশ্চাপি সপ্তভিঃ।
এতে কৌরব ! সংক্রন্দে শৈনেয়ং পর্য্যবাকিরন্ ॥১২॥

ভারতকৌমুদী

বাগিতি। বাক্প্রতোদেন বাক্যকশয়া, প্রণুন্নৌ প্রেরিতৌ। ঘট্টিতৌ পাদেন চালিতৌ ॥৮॥
তত ইতি। শৈনেয়প্রমুখান্ সাত্যকিপ্রভৃতীন্, পার্থান্ পাণ্ডবযোধান্ ॥৯॥
তথেতি। সহিতা মিলিতাঃ। নর্দ্দমানৌ গর্জন্তৌ ॥১০॥
অথেতি। মহানিষ্বাসো ধনুর্যস্য সঃ, দশভিঃ শরৈরিতি শেষঃ ॥১১॥
কর্ণ ইতি। সংক্রন্দন্তি আহতা রুদন্ত্যস্মিন্নিতি সংক্রন্দো যুদ্ধং তস্মিন্। ষট্পাদঃ ॥১২॥

পরিত্যাজ্য না হই, তবে আপনারা অনুরূপ বিক্রমসহকারে এখন যুদ্ধ করুন' ॥৭॥

রাজা ! আপনার পুত্র দুর্য্যোধন বাক্যরূপ কশাদ্বারা তাড়ন করিলে, বীর দ্রোণ ও কর্ণ চরণচালিত দুইটা সর্পের ন্যায় উত্তেজিত হইয়া পুনরায় যুদ্ধারম্ভ করিলেন ॥৮॥

তাহার পর রথিশ্রেষ্ঠ ও সর্ব্বলোকধনুর্দ্ধর দ্রোণ ও কর্ণ সমরাঙ্গনে সাত্যকি-প্রভৃতি পাণ্ডবযোদ্ধাদের দিকে ধাবিত হইলেন ॥৯॥

আবার পাণ্ডবেরাও সম্মিলিত এবং আপন সৈন্যে পরিবেষ্টিত হইয়া মুহুর্মুহু গর্জনকারী সেই দ্রোণ ও কর্ণের প্রতি আগমন করিতে লাগিলেন ॥১০॥

তদনন্তর মহাধনুর্দ্ধর ও সর্ব্বশস্ত্রধারিশ্রেষ্ঠ দ্রোণ ক্রুদ্ধ হইয়া সত্বর দশটা বাণদ্বারা সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥১১॥

এবং কৌরবনন্দন ! কর্ণ দশটা, দুর্য্যোধন সাতটা, বৃষসেন দশটা, আর শকুনিও সাতটা বাণদ্বারা সেই যুদ্ধে সাত্যকিকে পীড়ন করিলেন ॥১২॥

(১২)···এতে কৌরবা ! সংক্রন্দে শৈনেয়ং পর্য্যবারয়ন্—পি বঙ্গ বৰ্দ্ধ।

দৃষ্ট্বা চ সমরে দ্রোণং নিঘ্নন্তং পাণ্ডবীং চমূম্।
বিব্যধুঃ সোমকাস্তূর্ণং সমন্তাচ্ছরবৃষ্টিভিঃ ॥১৩॥
তত্র দ্রোণোঽহরৎ প্রাণান্ ক্ষত্রিয়াণাং বিশাংপতে!।
রশ্মিভির্ভাস্করো রাজংস্তমাংসীব সমন্ততঃ ॥১৪॥
দ্রোণেন বধ্যমানানাং পাঞ্চালানাং বিশাংপতে!।
শুশ্রুবে তুমুলঃ শব্দঃ ক্রোশতামিতরেতরম্ ॥১৫॥
পুত্রানন্যে পিতৄনন্যে ভ্রাতৄনন্যে চ মাতুলান্।
ভাগিনেয়ান্ বয়স্যাংশ্চ তথা সম্বন্ধিবান্ধবান্।
উৎসৃজ্যোৎসৃজ্য গচ্ছন্তি ত্বরিতা জীবিতেপ্সবঃ ॥১৬॥
অপরে মোহিতা মোহাত্তমেবাভিমুখা যযুঃ।
পাণ্ডবানাং রণে যোধাঃ পরলোকং তথা পরে ॥১৭॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। সমন্তাৎ সর্ব্বাভ্য এব দিগ্ভ্যঃ ॥১৩॥
তত্রেতি। রশ্মিভিঃ কিরণৈঃ। তমাংসি অন্ধকারান্ ॥১৪॥
দ্রোণেনেতি। ক্রোশতাম্ 'তাত! আগচ্ছ, মাং ত্রায়স্ব' ইত্থমাহ্বয়তাম্ ॥১৫॥
পুত্রানিতি। সম্বন্ধিনঃ শ্যালাদয়ঃ বান্ধবাশ্চ মাতুলপুত্রাদয়স্তান্। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৬॥
অপর ইতি। মোহাৎ প্রমাদাৎ, তং দ্রোণম্ ॥১৭॥

তখন দ্রোণ যুদ্ধে পাণ্ডবসৈন্য সংহার করিতেছেন দেখিয়া সোমকেরা বাণবর্ষণ করিয়া সকল দিক্ হইতেই দ্রোণকে বিদ্ধ করিতে লাগিল ॥১৩॥

নরনাথ রাজা! সূর্য্য যেমন কিরণদ্বারা অন্ধকার বিনাশ করেন, সেইরূপ দ্রোণ ক্রমে বাণদ্বারা সকল দিকের ক্ষত্রিয়গণের প্রাণ বিনাশ করিতে লাগিলেন ॥১৪॥

নরনাথ! দ্রোণ বধ করিতে লাগিলে, পাঞ্চালেরা পরস্পর আহ্বান করিতে লাগিল; তখন তাহাদের তুমুল কোলাহল শুনা যাইতে থাকিল ॥১৫॥

ক্রমে পিতারা পুত্রদিগকে, পুত্রেরা পিতৃগণকে, ভ্রাতারা ভ্রাতৃদিগকে, ভাগিনেয়েরা মাতুলগণকে, মাতুলেরা ভাগিনেয়দিগকে, সখারা সখিগণকে, সম্বন্ধীরা সম্বন্ধীদিগকে এবং বান্ধবেরা বান্ধবগণকে পরিত্যাগ করিয়া করিয়া জীবনার্থী হইয়া সত্বর পলায়ন করিতে লাগিল ॥১৬॥

পাণ্ডবপক্ষের যোদ্ধাদের মধ্যে অনেকে প্রমাদবশতঃ মুগ্ধ হইয়া দ্রোণের দিকেই যাইতে থাকিল এবং অন্য অনেকে দ্রোণের প্রহারে পরলোকেই গমন করিতে লাগিল ॥১৭॥

সা তথা পাণ্ডবী সেনা পীড্যমানা মহাত্মনা।
নিশি সংপ্রাদ্রবদ্রাজন্নুৎসৃজ্যোল্কাঃ সহস্রশঃ ॥১৮॥
পশ্যতো ভীমসেনস্য বিজয়স্যাচ্যুতস্য চ।
যময়োর্ধর্ম্মপুত্রস্য পার্ষতস্য চ পশ্যতঃ ॥১৯॥ (যুগ্মকম্)
তমসা সংবৃতে লোকে ন প্রাজ্ঞায়ত কিঞ্চন।
কৌরবাণাং প্রকাশেন দৃশ্যন্তে বিদ্রুতাঃ পরে ॥২০॥
দ্রবমাণস্তু তৎ সৈন্যং দ্রোণকর্ণৌ মহারথৌ।
জঘ্নতুঃ পৃষ্ঠতো রাজন্! কিরন্তৌ সায়কান্ বহূন্ ॥২১॥
পাঞ্চালেষু চ ভগ্নেষু ক্ষীয়মাণেষু সর্ব্বতঃ।
জনার্দ্দনো দীনমনাঃ প্রত্যভাষত ফাল্গুনম্ ॥২২॥
দ্রোণকর্ণৌ মহেষ্বাসাবেতৌ পার্ষতসাত্যকী।
পাঞ্চালাংশ্চৈব সহিতৌ জঘ্নতুঃ সায়কৈর্ভৃশম্ ॥২৩॥

ভারতকৌমুদী

সেতি। মহাত্মনা দ্রোণেন। সংপ্রাদ্রবৎ পলায়ত। উল্কা দীপবিশেষান্। বিজয়স্য অর্জ্জুনস্য, অচ্যুতস্য কৃষ্ণস্য। যময়োর্নকুলসহদেবয়োঃ, পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য ॥১৮—১৯॥

তমসেতি। তমসা দীপত্যাগাদন্ধকারেণ, লোকে পাণ্ডবপক্ষে। প্রকাশেনালোকেন ॥২০॥

দ্রবেতি। দ্রবমাণং পলায়মানম্, তৎ পাণ্ডবীয়ম্। কিরন্তৌ নিক্ষিপন্তৌ ॥২১॥

পাঞ্চালেষ্বিতি। ভগ্নেষু সংঘচ্যুতেষু। দীনমনা বিষণ্ণচিত্তঃ, ফাল্গুনমর্জ্জুনম্ ॥২২॥

দ্রোণেতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। সহিতৌ মিলিতৌ ॥২৩॥

রাজা! মহাবীর দ্রোণ পীড়ন করিতে লাগিলে, সেই পাণ্ডবসৈন্যেরা রাত্রিতে সহস্র সহস্র উল্কা (মশাল) পরিত্যাগ করিয়া যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব, কৃষ্ণ ও ধৃষ্টদ্যুম্নের সমক্ষেই পলায়ন করিতে থাকিল ॥১৮—১৯॥

তখন পাণ্ডবপক্ষ অন্ধকারে আবৃত হইলে, সে পক্ষে আর কিছুই জানা গেল না; তবে কৌরবপক্ষের দীপালোকে পাণ্ডবসৈন্যগণকে পলায়ন করিতে দেখা গেল ॥২০॥

রাজা! পাণ্ডবসৈন্যেরা পলায়ন করিতে লাগিলে, মহারথ দ্রোণ ও কর্ণ তাহাদের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়া বহুতর বাণক্ষেপ করতঃ তাহাদিগকে বধ করিতে লাগিলেন ॥২১॥

পাঞ্চালসৈন্যেরা সর্ব্বপ্রকারে ক্ষয়প্রাপ্ত হইতে থাকিয়া বিশ্লিষ্ট হইয়া পড়িলে, কৃষ্ণ বিষণ্ণচিত্তে অর্জ্জুনকে বলিলেন—॥২২॥

(২০)···দৃশ্যন্তে কৌরবাঃ পরে—বা।

এতয়োঃ শরবর্ষেণ প্রভগ্না নো মনোরথাঃ।
বার্য্যমাণাপি কৌন্তেয়! পৃতনা নাবতিষ্ঠতে ॥২৪॥
তাবাবাং সর্ব্বসৈন্যৈশ্চ ব্যূঢ়ৈঃ সম্যগুদায়ুধৈঃ।
দ্রোণঞ্চ সূতপুত্রঞ্চ প্রয়তাবঃ প্রবাধিতুম্ ॥২৫॥
এতৌ হি বলিনৌ শূরৌ কৃতাস্ত্রৌ জিতকাশিনৌ।
উপেক্ষিতৌ তব বলং নাশয়েতাং নিশামিমাম্ ॥২৬॥
তয়োঃ সংবদতোরেবং ভীমকর্ম্মা মহাবলঃ।
আয়াদ্বৃকোদরঃ শীঘ্রং পুনরাবর্ত্ত্য বাহিনীম্ ॥২৭॥
বৃকোদরমথায়ান্তং দৃষ্ট্বা তত্র জনার্দ্দনঃ।
পুনরেবাব্রবীদ্রাজন্! হর্ষয়ন্নিব পাণ্ডবম্ ॥২৮॥

ভারতকৌমুদী

এতয়োরিতি। নঃ অস্মাকম্, মনোরথা জয়াশাঃ। পৃতনা অস্মাকং সেনা ॥২৪॥
তাবিতি। ব্যূঢ়ৈঃ পুনরপি ব্যূহরূপেণ নিবেশিতৈঃ। প্রয়তাবঃ প্রযতাবহে ॥২৫॥
এতাবিতি। কৃতাস্ত্রৌ শিক্ষিতসর্ব্বাস্ত্রৌ, জিতকাশিনৌ বিজয়শোভিনৌ ॥২৬॥
তয়োরিতি। আবর্ত্ত্য সন্নিবর্ত্ত্য, বাহিনীং পলায়মানাং পাণ্ডবসেনাম্ ॥২৭॥
বৃকোদরমিতি। হর্ষয়ন্নিব বৃকোদরস্য প্রদর্শনেনেত্যাশয়ঃ, পাণ্ডবমর্জ্জুনম্ ॥২৮॥

'অর্জ্জুন! মহাধনুর্দ্ধর দ্রোণ ও কর্ণ বাণদ্বারা এই ধৃষ্টদ্যুম্ন ও সাত্যকির সহিতই পাঞ্চালসৈন্যদিগকে গুরুতর আঘাত করিতেছেন ॥২৩॥

কুন্তীনন্দন! ইঁহাদের বাণবর্ষণে আমাদের সমস্ত আশা বিনষ্ট হইয়াছে; বারণ করিতে থাকিলেও সৈন্যেরা দাঁড়াইতেছে না ॥২৪॥

অতএব আমরা পুনরায় সমস্ত সৈন্যকে সমীচীনভাবে সজ্জিত ও সশস্ত্র করিয়া দ্রোণ ও কর্ণকে পীড়ন করিতে যত্নবান্ হইব ॥২৫॥

পক্ষান্তরে আমরা উঁহাদিগকে উপেক্ষা করিলে, বলবান্, বীর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত এবং বিজয়শোভী এই দ্রোণ ও কর্ণ এই রাত্রিমধ্যেই তোমাদের সৈন্য সম্পূর্ণ বিনষ্ট করিবেন' ॥২৬॥

তাঁহারা এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে মহাবল ও ভীমকর্ম্মা ভীমসেন পুনরায় পাণ্ডবসৈন্য ফিরাইয়া সত্বর আসিতে লাগিলেন ॥২৭॥

রাজা! তখন ভীমসেন আসিতেছেন দেখিয়া কৃষ্ণ হর্ষ উৎপাদন করতই যেন পুনরায় অর্জ্জুনকে বলিলেন—॥২৮॥

(২৫)…ব্যূহৈঃ সম্যগুদায়ুধৈঃ…বা নি। (২৬)…বলং তূর্ণম্…নি। (২৮)…দর্শয়ন্নিব পাণ্ডবম্—পি বঙ্গ বর্দ্ধ।

এষ ভীমো রণশ্লাঘী বৃতঃ সোমকপাণ্ডবৈঃ।
রুষিতোঽভ্যেতি বেগেন দ্রোণকর্ণৌ মহারথৌ ॥২৯॥
এতেন সহিতো যুধ্য পাঞ্চালৈশ্চ মহারথৈঃ।
আশ্বাসনার্থং সৈন্যানাং সর্ব্বেষাং পাণ্ডুনন্দন ! ॥৩০॥
ততস্তৌ পুরুষব্যাঘ্রাবুভৌ মাধবপাণ্ডবৌ।
দ্রোণকর্ণৌ সমাসাদ্যাধিষ্ঠিতৌ রণমূর্দ্ধনি ॥৩১॥
ততস্তৎ পুনরাবৃত্তং যুধিষ্ঠিরবলং মহৎ।
যতো দ্রোণশ্চ কর্ণশ্চ পরান্ মমৃদতুর্যুধি ॥৩২॥
স সম্প্রহারস্তুমুলো নিশি প্রত্যভবন্মহান্।
যথা সাগরয়ো রাজন্ ! চন্দ্রোদয়বিবৃদ্ধয়োঃ ॥৩৩॥
তত উৎসৃজ্য পাণিভ্যাং প্রদীপাংস্তব বাহিনী।
যুযুধে পাণ্ডবৈঃ সার্দ্ধমুন্মত্তবদসংভ্রমম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

এষ ইতি। বৃতঃ পরিবেষ্টিতঃ। রুষিতঃ ক্রুদ্ধঃ, দ্রোণকর্ণাবভ্যেতি ॥২৯॥
এতেনেতি। সহিতো মিলিতঃ সন্, যুধ্য যুধ্যস্ব ॥৩০॥
তত ইতি। মাধবপাণ্ডবৌ কৃষ্ণার্জ্জুনৌ। রণমূর্দ্ধনি রণাঙ্গনাগ্রদেশে ॥৩১॥
তত ইতি। আবৃত্তং প্রতিনিবৃত্তম্। যতো যত্র। মমৃদতুঃ পীড়য়ামাসতুঃ ॥৩২॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্। চন্দ্রোদয়েন বিবৃদ্ধয়োঃ পূরাগমাৎ ॥৩৩॥

'এই রণশ্লাঘী ও ক্রুদ্ধ ভীমসেন সোমক ও পাণ্ডবসৈন্যে পরিবেষ্টিত হইয়া বেগে মহারথ দ্রোণ ও কর্ণের দিকে আসিতেছেন ॥২৯॥

পাণ্ডুনন্দন অর্জ্জুন ! তুমি এই ভীমসেন ও মহারথ পাঞ্চালগণের সহিত মিলিত হইয়া সমস্ত পাণ্ডবসৈন্যের আশ্বাসের জন্য যুদ্ধ কর' ॥৩০॥

তাহার পর পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন দ্রোণ ও কর্ণের সম্মুখে উপস্থিত হইয়া রণাঙ্গনের অগ্রভাগে অধিষ্ঠান করিলেন ॥৩১॥

তৎপরে যেখানে থাকিয়া দ্রোণ ও কর্ণ শত্রুগণকে পীড়ন করিতেছিলেন, যুধিষ্ঠিরের সেই বিশাল সৈন্য পুনরায় সেইখানে ফিরিয়া আসিল ॥৩২॥

রাজা ! তখন—চন্দ্রোদয়ে বৃদ্ধিপ্রাপ্ত দুইটা সমুদ্রের যেমন সংঘর্ষ হয়, সেইরূপ সেই রাত্রিতে উভয় সৈন্যের তুমুল মহাযুদ্ধ হইতে লাগিল ॥৩৩॥

(২৯)...অভ্যবর্ত্তত বেগেন...বা নি। (৩১)...পাণ্ডবমাধবৌ...পি বঙ্গ বৰ্দ্ধ,...সমাসাদ্য ধিষ্ঠিতৌ...বঙ্গ বৰ্দ্ধ বা নি। (৩২)...ততো দ্রোণশ্চ কর্ণশ্চ...বা নি। (৩৪)...উন্মত্তবদসঙ্কুলা—বা নি।

রজসা তমসা চৈব সংবৃতে ভৃশদারুণে।
কেবলং নামগোত্রেণ প্রাযুধ্যন্ত জয়ৈষিণঃ ॥৩৫॥
অশ্রূয়ন্ত হি নামানি শ্রাব্যমাণানি পার্থিবৈঃ।
প্রহরদ্ভির্মহারাজ! স্বয়ম্বর ইবাহবে ॥৩৬॥
নিঃশব্দমাসীৎ সহসা পুনঃ শব্দো মহানভূৎ।
ক্রুদ্ধানাং যুধ্যমানানাং জীয়তাং জয়তামপি ॥৩৭॥
যত্র যত্র স্ম দৃশ্যন্তে প্রদীপাঃ কুরুসত্তম!।
তত্র তত্র স্ম তে শূরা নিপতন্তি পতঙ্গবৎ ॥৩৮॥

ভারতকৌমুদী

তত ইতি। বাহিনী সেনা। অসম্ভ্রমম্ অবিচলিতচিত্তং যথা স্যাত্তথা ॥৩৪॥

রজসেতি। রজসা ধূল্যা, তমসা দীপত্যাগাদন্ধকারেণ। ভৃশদারুণে রণাঙ্গনে ॥৩৫॥

অশ্রূয়ন্তেতি। স্বয়ম্বরে যথা পরিণিনীষূণাং নামান্যন্যৈঃ শ্রাব্যন্তে তদ্বৎ ॥৩৬॥

নিরিতি। পূর্ব্বার্দ্ধেন যুদ্ধরীতিরুক্তা। শব্দানামভাব ইতি নিঃশব্দং নির্মক্ষিকাদিবদভাবার্থেঽব্যয়ীভাবঃ। বহুব্রীহিণা যুদ্ধবিশেষণং বা। জীয়তাং জীয়মানানাম্ ॥৩৭॥

যত্রেতি। পতঙ্গা যথা প্রদীপং দৃষ্ট্বৈব তত্র নিপতন্তি তদ্বদিতি ভাবঃ ॥৩৮॥

মহারাজ! তদনন্তর আপনার সৈন্যেরা হস্ত হইতে প্রদীপ পরিত্যাগ করিয়া অবিচলিতচিত্তে উন্মত্তের ন্যায় পাণ্ডবসৈন্যের সহিত যুদ্ধ করিতে থাকিল ॥৩৪॥

তখন রণস্থলটা ধূলি ও অন্ধকারে আবৃত হইয়া অতিদারুণ হইয়া উঠিল; তথাপি জয়াভিলাষী যোদ্ধারা কেবল নাম ও গোত্র উল্লেখ করিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

মহারাজ! স্বয়ম্বরে যেমন পরিণয়ার্থী লোকদিগের নাম সকল অন্যে শুনাইয়া থাকে, সেইরূপ তখন প্রহারপ্রবৃত্ত রাজারা অন্যান্যের নাম শুনাইতে লাগিলেন; তাহাই শুনা যাইতে লাগিল ॥৩৬॥

ক্রুদ্ধ হইয়া যাহারা যুদ্ধ করিতেছিল, যাহারা পরাজিত হইতেছিল এবং যাহারা জয় করিতেছিল, তাহারা কখনও কখনও নিঃশব্দ ছিল, আবার তৎক্ষণাৎ তাহাদের বিশাল কোলাহল হইতেছিল ॥৩৭॥

কৌরবশ্রেষ্ঠ! যেখানে যেখানে প্রদীপ দেখা যাইতেছিল, সেইখানে সেইখানেই সেই বীরেরা পতঙ্গের ন্যায় পতিত হইতেছিলেন ॥৩৮॥

তথা সা যুধ্যমানানাং বিগাঢ়াসীন্মহানিশা।
পাণ্ডবানাঞ্চ রাজেন্দ্র! কৌরবাণাঞ্চ সর্ব্বশঃ ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে সঙ্কুলযুদ্ধে ঊনপঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(ঃ*ঃ)——

পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

——ঃ*ঃ——

সঞ্জয় উবাচ।
ততঃ কর্ণো রণে দৃষ্ট্বা পার্ষতং পরবীরহা।
আজঘানোরসি শরৈর্দশভির্মর্ম্মভেদিভিঃ ॥১॥

ভারতকৌমুদী

তথেতি। বিগাঢ়া গভীরা অধিকেত্যর্থঃ, মহানিশা মধ্যভাগমাপন্না ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃঃ)——

তত ইতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্, পরবীরহা বিপক্ষবীরহন্তা। উরসি বক্ষসি ॥১॥

ভারতভাবদীপঃ

বিক্রত ইতি ॥১—২॥ ইহ রাত্রৌ ॥৩—৩৭॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৭৯॥

——০*০——

রাজশ্রেষ্ঠ! সমস্ত পাণ্ডব ও কৌরবপক্ষ সেইভাবে যুদ্ধ করিতে লাগিলে, ক্রমে সেই রাত্রি অধিক হইয়া মহানিশায় পরিণত হইল' ॥৩৭॥

——ঃ০ঃ——

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর বিপক্ষবীরহন্তা কর্ণ রণস্থলে ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া মর্ম্মভেদী দশটা বাণদ্বারা তাঁহার বক্ষোদেশে আঘাত করিলেন ॥১॥

(৩৭) তথা সংযুধ্যমানানাম্...বা নি। * '...সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

প্রতিবিব্যাধ তং কর্ণং ধৃষ্টদ্যুম্নোঽপি মারিষ ! ।
দশভিঃ সায়কৈর্হৃষ্টস্তিষ্ঠ তিষ্ঠেতি চাব্রবীৎ ॥২॥
তাবন্যোন্যং শরৈঃ সংখ্যে সংছাদ্য সুমহারথৌ ।
পুনঃ পূর্ণায়তোৎসৃষ্টৈর্বিব্যধাতে পরস্পরম্ ॥৩॥
ততঃ পাঞ্চালমুখ্যস্য ধৃষ্টদ্যুম্নস্য সংযুগে ।
সারথিং চতুরশ্চাশ্বান্ কর্ণো বিব্যাধ সায়কৈঃ ॥৪॥
কার্ম্মুকপ্রবরঞ্চাপি প্রচিচ্ছেদ শিতৈঃ শরৈঃ ।
সারথিঞ্চাস্য ভল্লেন রথনীড়াদপাতয়ৎ ॥৫॥
ধৃষ্টদ্যুম্নস্তু বিরথো হতাশ্বো হতসারথিঃ ।
গৃহীত্বা পরিঘং ঘোরং কর্ণস্যাশ্বানপীপিষৎ ॥৬॥
বিদ্ধশ্চ বহুভিস্তেন শরৈরাশীবিষোপমৈঃ ।
ততো যুধিষ্ঠিরানীকং পদ্ভ্যামেবান্বপদ্যত ।
আরুরোহ রথঞ্চাপি সহদেবস্য মারিষ ! ॥৭॥

ভারতকৌমুদী

প্রতীতি। হে মারিষ ! আর্য্য ! মাননীয় ! "আর্য্যস্তু মারিষঃ" ইত্যমরঃ ॥২॥
তাবিতি। পূর্ণম্ আয়তে আকৃষ্টে যে ধনুষী তাভ্যামুৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ ॥৩॥
তত ইতি। সংযুগে যুদ্ধে। চতুরঃ চতুঃসংখ্যকান্ ॥৪॥
কার্ম্মুকেতি। শিতৈঃ সুধারৈঃ। রথস্য নীড়াৎ সারথেরুপবেশনস্থানাৎ ॥৫॥
ধৃষ্টেতি। পরিঘমস্ত্রবিশেষম্। অপীপিষৎ চূর্ণিতবান্। স্বার্থে ইন্ ॥৬॥

মাননীয় রাজা ! হৃষ্টচিত্ত ধৃষ্টদ্যুম্নও দশটা বাণে কর্ণকে প্রতিবিদ্ধ করিলেন এবং 'থাক থাক' এই কথা বলিলেন ॥২॥

ক্রমে অতিমহারথ কর্ণ ও ধৃষ্টদ্যুম্ন বাণে বাণে পরস্পর আবৃত করিয়া পুনরায় ধনু দুইখানা পূর্ণ আকর্ষণপূর্ব্বক বাণদ্বারা পরস্পরকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩॥

তদনন্তর কর্ণ বাণদ্বারা পাঞ্চালশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্নের সারথিকে এবং চারিটা অশ্বকে তাড়ন করিলেন ॥৪॥

আর সুধার বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নের উত্তম ধনুখানা কাটিয়া ফেলিলেন এবং একটা ভল্লদ্বারা উঁহার সারথিকে রথ হইতে নিপাতিত করিলেন ॥৫॥

অশ্ব ও সারথি নিহত হইলে রথবিহীন ধৃষ্টদ্যুম্ন একটা ভয়ঙ্কর পরিঘ ধারণ করিয়া তাহাদ্বারা কর্ণের অশ্বগুলিকে নিষ্পেষণ করিলেন ॥৬॥

(২)···স্তং তূর্ণম্·বা নি। (৬)···কর্ণস্যাশ্বানপীড়য়ৎ—নি।

কর্ণস্যাপি রথে বাহানন্যান্ সূতো ন্যযোজয়ৎ।
শঙ্খবর্ণান্ মহাবেগান্ সৈন্ধবান্ সাধুবাহিনঃ ॥৮॥
লব্ধলক্ষস্তু রাধেয়ঃ পাঞ্চালানাং মহারথান্।
অভ্যপীড়য়দায়স্তঃ শরৈর্মেঘ ইবাচলান্ ॥৯॥
সা পীড্যমানা কর্ণেন পাঞ্চালানাং মহাচমূঃ।
সংপ্রাদ্রবৎ সুসংত্রস্তা সিংহেনেবার্দ্দিতা মৃগী ॥১০॥
পতিতাস্তুরগেভ্যশ্চ গজেভ্যশ্চ মহীতলে।
রথেভ্যশ্চ নরাস্তূর্ণমদৃশ্যন্ত ততস্ততঃ ॥১১॥
ধাবমানস্য যোধস্য ক্ষুরপ্রৈঃ স মহামৃধে।
বাহূ চিচ্ছেদ বৈ কর্ণঃ শিরশ্চৈব সকুণ্ডলম্ ॥১২॥

ভারতকৌমুদী

বিদ্ধ ইতি। বিদ্ধো ধৃষ্টদ্যুম্নঃ, তেন কর্ণেন। অপযাত অগচ্ছৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭॥

কর্ণস্যেতি। বাহান্ অশ্বান্, সূতঃ সারথিঃ। সৈন্ধবান্ সিন্ধুদেশীয়ান্ ॥৮॥

লব্ধেতি। লব্ধানি লক্ষাণি শরব্যাণি যেন সঃ। আয়স্তঃ শ্রান্তোঽপি। অচলান্ গিরীন্ ॥৯॥

সেতি। সংপ্রাদ্রবৎ সমন্ততো দ্রুতং পলায়ত ॥১০॥

পতিতা ইতি। পতিতাঃ কর্ণস্য প্রহারাতিশয়েনেতি ভাবঃ ॥১১॥

ধাবেতি। ধাবমানস্য বেগেন পলায়মানস্য। মহামৃধে মহাযুদ্ধে ॥১২॥

মাননীয় রাজা! তখন কর্ণ সর্পতুল্য বহুতর বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন। পরে ধৃষ্টদ্যুম্ন চরণদ্বারাই যুধিষ্ঠিরের সৈন্যের দিকে গমন করিলেন এবং সহদেবের রথে যাইয়া উঠিলেন ॥৭॥

কর্ণের সারথি তাঁহার রথেও শঙ্খের ন্যায় শুভ্রবর্ণ, মহাবেগশালী, সিন্ধুদেশীয় এবং সুন্দর রথচালক অন্য চারিটা অশ্ব আনিয়া সংযুক্ত করিল ॥৮॥

এই সময়ে কর্ণ পরিশ্রান্ত হইয়াও লক্ষ্য পাইয়া—মেঘ যেমন জলদ্বারা পর্ব্বতগণকে পীড়ন করে, সেইরূপ বাণদ্বারা পাঞ্চালদেশীয় মহারথগণকে পীড়ন করিতে লাগিলেন ॥৯॥

কর্ণ পীড়ন করিতে লাগিলে, পাঞ্চালদেশীয় সেই মহাসেনা সিংহপীড়িতা হরিণীর ন্যায় অত্যন্তভীত হইয়া পলায়ন করিতে লাগিল ॥১০॥

কর্ণের পীড়নে নানাদিকে সৈন্যগণকে হস্তী, অশ্ব ও রথ হইতে ভূতলে নিপতিত হইতে দেখা যাইতে থাকিল ॥১১॥

---

(৮)···সূতোঽভ্যযোজয়ৎ···বা নি। (৯)···ইবাচলম্—বা নি।

উরূ চিচ্ছেদ চান্যস্য গজস্থস্য বিশাংপতে !।
বাজিপৃষ্ঠগতস্যাপি ভূমিষ্ঠস্য চ মারিষ ! ॥১৩॥
নাজ্ঞাসিষুর্ধাবমানা বহবশ্চ মহারথাঃ।
সংছিন্নান্যাত্মগাত্রাণি বাহনানি চ সংযুগে ॥১৪॥
তে বধ্যমানাঃ সমরে পাঞ্চালাঃ সৃঞ্জয়ৈঃ সহ।
তৃণপ্রস্পন্দনাচ্চাপি সূতপুত্রং স্ম মেনিরে ॥১৫॥
অপি স্বং সমরে যোধং ধাবমানং বিচেতসঃ।
কর্ণমেবাভ্যমন্যন্ত ততো ভীতা দ্রবন্তি তে ॥১৬॥
তান্যনীকানি ভগ্নানি দ্রবমাণানি ভারত !।
অভ্যদ্রবদ্দ্রুতং কর্ণঃ পৃষ্ঠতো বিকিরন্ শরান্ ॥১৭॥

ভারতকৌমুদী

উরূ ইতি। চিচ্ছেদ কর্ণ ইত্যনুবৃত্তিঃ। হে মারিষ ! আর্য্য ! ॥১৩॥
নেতি। নাজ্ঞাসিষুর্ন জ্ঞাতবন্তঃ বেগাতিরেকাত্তদানীমিতি ভাবঃ ॥১৪॥
ত ইতি। স্মশব্দঃ পাদপূরণে। এতেন ভয়াতিশয়ো ব্যজ্যতে ॥১৫॥
অপীতি। স্বং স্বপক্ষীয়মপি। বিচেতসো ভ্রান্তচিত্তাঃ। দ্রবন্তি পলায়ন্তে স্ম ॥১৬॥
তানীতি। দ্রবমাণানি পলায়মানানি। অভ্যদ্রবৎ অভ্যধাবৎ। বিকিরন্ নিক্ষিপন্ ॥১৭॥

পাণ্ডবপক্ষের যোদ্ধারা বেগে পলায়ন করিতে থাকিলে, কর্ণ ক্ষুরপ্রদ্বারা তাহাদের বাহুযুগল ও কুণ্ডলযুক্ত মস্তক সকল ছেদন করিতে লাগিলেন ॥১২॥

এবং মাননীয় নরনাথ ! হস্তিস্থিত, অশ্বপৃষ্ঠগত ও ভূতলবর্ত্তী অন্যান্য সৈন্যেরও উরুযুগল তিনি ছেদন করিতে থাকিলেন ॥১৩॥

তখন বহু মহারথই বেগে পলায়ন করিবার সময়ে আপনাদের অঙ্গ ও বাহন যে ছিন্ন হইতেছিল, তাহা বুঝিতে পারেন নাই ॥১৪॥

কর্ণ যুদ্ধে বধ করিতে লাগিলে, সৃঞ্জয়দের সহিত পাঞ্চালেরা একটী তৃণ-স্পন্দন হইলেও কর্ণ আসিয়াছেন বলিয়া মনে করিতে লাগিল ॥১৫॥

স্বপক্ষের কোন যোদ্ধাও সমরাঙ্গনে বেগে আসিতে লাগিলে, ভ্রান্তচিত্ত পাঞ্চালেরা তাঁহাকেও কর্ণ বলিয়াই মনে করিতে লাগিল। সুতরাং তাহারা সে স্থান হইতেও ভয়ে পলায়ন করিতে থাকিল ॥১৬॥

ভরতনন্দন ! সেই পাঞ্চালসৈন্যেরা বিশ্লিষ্ট হইয়া পলায়ন করিতে লাগিলে, কর্ণ বাণক্ষেপ করিতে করিতে তাহাদের পশ্চাতে পশ্চাতে বেগে যাইতে লাগিলেন ॥১৭॥

(১৬)·· ধাবমানং বিচেতসম্···বা নি।

অবেক্ষমাণাস্ত্বন্যোন্যং সুসংমূঢ়া বিচেতসঃ।
নাশক্নু বন্নবস্থাতুং কাল্যমানা মহাত্মনা ॥১৮॥
কর্ণেনাভ্যাহতা রাজন্! পাঞ্চালাঃ পরমেষুভিঃ।
দ্রোণেন চ দিশঃ সর্ব্বা বীক্ষমাণাঃ প্রদুদ্রুবুঃ ॥১৯॥
ততো যুধিষ্ঠিরো রাজা স্বসৈন্যং প্রেক্ষ্য বিদ্রুতম্।
অপযানে মনঃ কৃত্বা ফাল্গুনং বাক্যমব্রবীৎ ॥২০॥
পশ্য কর্ণং মহেষ্বাসং ধনুষ্পাণিমবস্থিতম্।
নিশীথে দারুণে কালে তপন্তমিব ভাস্করম্ ॥২১॥
কর্ণসায়কনুন্নানাং ক্রোশতামেষ নিস্বনঃ।
অনিশং শ্রূয়তে পার্থ! ত্বদ্বন্ধূনামনাথবৎ ॥২২॥
যথা বিসৃজতশ্চাস্য সন্দধানস্য চাশুগান্।
পশ্যামি নান্তরং পার্থ! ক্ষপয়িষ্যতি নো ধ্রুবম্ ॥২৩॥

ভারতকৌমুদী

অবেক্ষেতি। কাল্যমানা মর্দ্দ্যমানাঃ, মহাত্মনা কর্ণেন ॥১৮॥
কর্ণেনেতি। পরমেষুভিঃ উত্তমবাণৈঃ। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥১৯॥
তত ইতি। বিদ্রুতং পলায়মানম্। অপযানে অপসরণে। ফাল্গুনমর্জ্জুনম্ ॥২০॥
পশ্যেতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। নিশীথে অর্দ্ধরাত্ররূপে ॥২১॥
কর্ণেতি। কর্ণস্য সায়কৈর্নুন্নানাং তাড়িতানাম্, ক্রোশতাং বন্ধূনাহ্বয়তাম্ ॥২২॥
যথেতি। আশুগান্ বাণান্। অন্তরমবকাশম্। নঃ অস্মান্ ॥২৩॥

মহাত্মা কর্ণ সেইভাবে পীড়ন করিতে থাকিলে, পাঞ্চালেরা মুগ্ধ ও বিষণ্ণচিত্ত হইয়া কোথাও অবস্থান করিতে পারিল না ॥১৮॥

রাজা! কর্ণ ও দ্রোণ উত্তম উত্তম বাণদ্বারা আঘাত করিতে লাগিলে, পাঞ্চালেরা সকল দিকে দৃষ্টিপাত করতঃ পলায়ন করিতে লাগিল ॥১৯॥

তাহার পর রাজা যুধিষ্ঠির নিজের সৈন্যগণকে পলায়ন করিতে দেখিয়া নিজেও পলায়ন করিবার ইচ্ছা করিয়া অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥২০॥

'অর্জ্জুন! দেখ—মহাধনুর্দ্ধর কর্ণ ধনুহস্তে অবস্থান করিতেছেন; ইহাতে ধারণা হইতেছে—এই দারুণ নিশীথসময়েও যেন সূর্য্য সন্তাপ জন্মাইতেছেন ॥২১॥

অর্জ্জুন! তোমার বন্ধুগণ কর্ণের বাণে তাড়িত হইয়া অনাথের ন্যায় বন্ধুবর্গকে আহ্বান করিতেছেন; তাঁহাদেরই এই শব্দ অনবরত শুনা যাইতেছে ॥২২॥

(২৩)...ক্ষয়য়িষ্যতি নো ধ্রুবম্—পি বা বঙ্গ বর্দ্ধ।

যদত্রানন্তরং কার্য্যং প্রাপ্তকালঞ্চ পশ্যসি।
কর্ণস্য বধসংযুক্তং তৎ কুরুষ ধনঞ্জয়! ॥২৪॥
এবমুক্তো মহারাজ! পার্থঃ কৃষ্ণমথাব্রবীৎ।
ভীতঃ কুন্তীসুতো রাজা রাধেয়স্যাস্য বিক্রমাৎ ॥২৫॥
এবং গতে প্রাপ্তকালং কর্ণানীকে পুনঃ পুনঃ।
ভবান্ ব্যবস্যতু ক্ষিপ্রং দ্রবতে হি বরূথিনী ॥২৬॥
দ্রোণসায়কনুন্নানাং ভগ্নানাং মধুসূদন!।
কর্ণেন ত্রাস্যমানানামবস্থানং ন বিদ্যতে ॥২৭॥
পশ্যামি চ তথা কর্ণং বিচরন্তমভীতবৎ।
দ্রবমাণান্ রথোদারান্ কিরন্তং নিশিতৈঃ শরৈঃ ॥২৮॥

ভারতকৌমুদী

যদিতি। কার্য্যং কর্ত্তব্যম্, প্রাপ্তকালং কালোচিতম্। বধসংযুক্তং বধবিষয়কম্ ॥২৪॥
এবমিতি। পার্থোঽর্জ্জুনঃ। রাধেয়স্য কর্ণস্য ॥২৫॥
এবমিতি। গতে স্থিতে। ব্যবস্যতু নির্দ্ধারয়তু, দ্রবতে পলায়তে, বরূথিনী সেনা ॥২৬॥
দ্রোণেতি। দ্রোণস্য সায়কৈর্নুন্নানাং তাড়িতানাম্, অস্মৎসৈন্যানামিতি শেষঃ ॥২৭॥
পশ্যামীতি। দ্রবমাণান্ পলায়মানান্, রথোদারান্ অস্মাকং প্রধানরথিনঃ ॥২৮॥

পৃথানন্দন! কর্ণ যে বাণক্ষেপ করিতেছেন এবং তাহা সন্ধান করিতেছেন, তাহার ফাঁক্ দেখিতেছি না। সুতরাং নিশ্চয়ই ইনি আজ আমাদের ধ্বংস করিবেন ॥২৩॥

অতএব ধনঞ্জয়! কর্ণের বধবিষয়ে এখন যাহা কর্ত্তব্য এবং কালোচিত বলিয়া মনে কর, তাহা সত্বর কর' ॥২৪॥

মহারাজ! যুধিষ্ঠির এইরূপ বলিলে, অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'রাজা' আজ কর্ণের বিক্রম দেখিয়া ভীত হইয়াছেন ॥২৫॥

কৃষ্ণ! এই অবস্থায় কর্ণসৈন্যের বিষয়ে আমাদের কালোচিত যাহা বার বার কর্ত্তব্য, তাহা তুমি সত্বর নির্দ্ধারণ কর। কেন না, আমাদের সৈন্যেরা পলায়ন করিতেছে ॥২৬॥

মধুসূদন! আমাদের সৈন্যেরা দ্রোণের বাণে তাড়িত হইয়া বিশ্লিষ্ট হইয়া পড়িয়াছে এবং কর্ণও উহাদের ত্রাস জন্মাইতেছেন। সুতরাং উহারা থাকিতেই পারিতেছে না ॥২৭॥

---

(২৪)···প্রাপ্তকালং প্রপশ্যসি···পি বঙ্গ বর্দ্ধ।

নৈতদস্মোৎসহে সোঢ়ুং চরিতং রণমূর্দ্ধনি।
প্রত্যক্ষং বৃষ্ণিশার্দ্দূল! পাদস্পর্শমিবোরগঃ ॥২৯॥
স ভবাংস্তত্র যাত্বাশু যত্র কর্ণো মহারথঃ।
অহমেনং হনিষ্যামি মাং বৈষ মধুসূদন! ॥৩০॥

বাসুদেব উবাচ।

পশ্যামি কর্ণং কৌন্তেয়! দেবরাজমিবাহবে।
বিচরন্তং নরব্যাঘ্রমতিমানুষবিক্রমম্ ॥৩১॥
নৈতস্যান্যোঽস্তি সংগ্রামে প্রত্যুদ্‌যাতা ধনঞ্জয়!।
ঋতে ত্বাং পুরুষব্যাঘ্র! রাক্ষসাদ্বা ঘটোৎকচাৎ ॥৩২॥
ন তু তাবদহং মন্যে প্রাপ্তকালং তবানঘ!।
সমাগমং মহাবাহো! সূতপুত্রেণ সংযুগে ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। নোৎসহে ন শক্নোমি প্রতিরোধে শক্তিমত্ত্বাদিতি ভাবঃ ॥২৯॥
স ইতি। আশু শীঘ্রম্। এষ বা মাং হনিষ্যতীত্যর্থঃ ॥৩০॥
পশ্যামীতি। অতিমানুষঃ অলৌকিকো বিক্রমো যস্য তম্ ॥৩১॥
নেতি। প্রত্যুদ্‌যাতা অভিমুখং গন্তা। ঋতে বিনা। ঘটোৎকচাদ্বা ঋতে ॥৩২॥
নেতি। প্রাপ্তকালং কালোচিতম্। সমাগমং মেলনম্, সূতপুত্রেণ সহ ॥৩৩॥

আবার কর্ণ নির্ভয়ের ন্যায় বিচরণ করিতে থাকিয়া সুধার বাণসমূহদ্বারা আমাদের পলায়মান প্রধান রথীদিগকে আঘাত করিতেছেন দেখিতেছি ॥২৮॥

বৃষ্ণিবংশশ্রেষ্ঠ! সর্প যেমন পদাঘাত সহ্য করিতে পারে না, আমিও সেইরূপ সমরাঙ্গনে প্রত্যক্ষে ইহার এই ব্যবহার সহ্য করিতে পারিতেছি না ॥২৯॥

অতএব মধুসূদন! মহারথ কর্ণ যেখানে রহিয়াছে, তুমি সত্বর সেইখানে যাও। হয়—আমি উহাকে বধ করিব, না হয়—ও আমাকে বধ করিবে' ॥৩০॥

কৃষ্ণ বলিলেন—'কুন্তীনন্দন! নরশ্রেষ্ঠ ও অলৌকিকবিক্রমশালী কর্ণকে আমি যুদ্ধে দেবরাজের ন্যায় বিচরণ করিতে দেখিতেছি ॥৩১॥

অতএব পুরুষশ্রেষ্ঠ ধনঞ্জয়! তুমি বা রাক্ষস ঘটোৎকচ ব্যতীত অন্য কেহই উহার সম্মুখে যাইতে সমর্থ নহে ॥৩২॥

কিন্তু নিষ্পাপ মহাবাহু! কর্ণের সহিত তোমার এখন সম্মেলন আমি সঙ্গত বলিয়া মনে করি না ॥৩৩॥

---

(২৯) নৈনং শক্ষ্যামি সংসোঢ়ুং চরন্তং রণমূর্দ্ধনি···বা নি।

দীপ্যমানা মহোল্কেব তিষ্ঠত্যস্য হি বাসবী।
ত্বদর্থং হি মহাবাহো! সূতপুত্রেণ সংযুগে ॥৩৪॥
রক্ষ্যতে শক্তিরেষা হি রৌদ্রং রূপং বিভর্ত্তি চ।
ঘটোৎকচস্তু রাধেয়ং প্রত্যুদ্‌যাতু মহাবলঃ ॥৩৫॥ (যুগ্মকম্)
স হি ভীমেন বলিনা জাতঃ সুরপরাক্রমঃ।
তস্মিন্নস্ত্রাণি দিব্যানি রাক্ষসান্যাসুরাণি চ ॥৩৬॥
সততং চানুরক্তো বো হিতৈষী চ ঘটোৎকচঃ।
বিজেষ্যতি রণে কর্ণমিতি মে নাত্র সংশয়ঃ ॥৩৭॥
এবমুক্ত্বা মহাবাহুঃ পার্থং পুষ্করলোচনঃ।
আজুহাবাথ তদ্রক্ষস্তচ্চাসীৎ প্রাদুরগ্রতঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

দীপ্যেতি। বাসবী ইন্দ্রদত্তা। ত্বদর্থং ত্বদ্বধার্থং রক্ষ্যত ইতি সম্বন্ধঃ ॥৩৪—৩৫॥
স ইতি। সুরাণাং দেবানামিব পরাক্রমো যস্য সঃ। অস্ত্রাণি সন্তীতি শেষঃ ॥৩৬॥
সততমিতি। বো যুষ্মাকম্। বিজেষ্যতীতি রুচাদিত্বেঽপি পরস্মৈপদমার্ষম্ ॥৩৭॥
এবমিতি। পুষ্করলোচনঃ পদ্মনয়নঃ কৃষ্ণঃ। তদ্রক্ষো ঘটোৎকচম্, প্রাদুঃ প্রকাশম্ ॥৩৮॥

যেহেতু, উজ্জ্বল ও বিশাল উল্কার ন্যায় সেই ইন্দ্রদত্তা শক্তি উহার নিকট রহিয়াছে। কারণ, মহাবাহু! তোমাকে বধ করিবার জন্যই কর্ণ সেই শক্তিটাকে সর্ব্বদাই যুদ্ধে সঙ্গে রাখিয়া থাকেন। এই শক্তিটা ভীষণ মূর্ত্তি ধারণ করে। অতএব মহাবল ঘটোৎকচই এখন কর্ণের অভিমুখে গমন করুক ॥৩৪—৩৫॥

কারণ, ঘটোৎকচ—বলবান্ ভীমসেনের পুত্র এবং দেবতার তুল্য পরাক্রমশালী; বিশেষতঃ তাহার নিকটে দেবতা, রাক্ষস ও অসুরগণের সমস্ত অস্ত্রই রহিয়াছে ॥৩৬॥

আর, ঘটোৎকচ সর্ব্বদাই তোমাদের অনুরক্ত ও হিতৈষী। সুতরাং সে যুদ্ধে কর্ণকে জয় করিবে, এবিষয়ে আমার সন্দেহ নাই' ॥৩৭॥

মহাবাহু কৃষ্ণ অর্জ্জুনকে এইরূপ বলিয়া ঘটোৎকচকে আহ্বান করিলেন; তখন ঘটোৎকচ তাঁহার সম্মুখে উপস্থিত হইল ॥৩৮॥

---

(৩৭) ইতঃ পরং 'সঞ্জয় উবাচ' বঙ্গ বর্দ্ধ নি। (৩৮) এবমুক্তো মহাবাহুঃ পার্থঃ পুষ্করলোচনঃ···বা নি।

কবচী সশরঃ খড়্গী স ধন্বী চ বিশাংপতে!।
অভিবাদ্য ততঃ কৃষ্ণং পাণ্ডবঞ্চ ধনঞ্জয়ম্।
অব্রবীৎ স তদা কৃষ্ণময়মস্ম্যনুশাধি মাম্ ॥৩৯॥
ততস্তং মেঘসঙ্কাশং দীপ্তাস্যং দীপ্তকুণ্ডলম্।
অভ্যভাষত হৈড়িম্বং দাশার্হঃ প্রহসন্নিব ॥৪০॥

বাসুদেব উবাচ।

ঘটোৎকচ! বিজানীহি যত্ত্বাং বক্ষ্যামি পুত্রক!।
প্রাপ্তো বিক্রমকালোঽয়ং তব নান্যস্য কস্যচিৎ ॥৪১॥
স ভবান্ মজ্জমানানাং বন্ধূনাং ত্বং প্লবো ভব।
বিবিধানি তবাস্ত্রাণি সন্তি মায়া চ রাক্ষসী ॥৪২॥
পশ্য কর্ণেন হৈড়িম্ব! পাণ্ডবানামনীকিনীম্।
কাল্যমানাং যথা গাস্তু পালেন রণমূর্দ্ধনি ॥৪৩॥

ভারতকৌমুদী

অথ কীদৃগবস্থয়া প্রাদুর্বাসীদিত্যাহ কবচীতি। অনুশাধি উপদিশ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৩৯॥
তত ইতি। মেঘসঙ্কাশং বর্ণে। হৈড়িম্বং হিড়িম্বায়াঃ পুত্রম্, দাশার্হঃ কৃষ্ণঃ ॥৪০॥
ঘটোৎকচেতি। বিজানীহি শৃণু। পুত্রকেত্যনুকম্পায়াং কপ্রত্যয়ঃ ॥৪১॥
স ইতি। ভবান্ মহাবীরত্বেন মান্যঃ, মজ্জমানানাং বিপৎসাগরে, প্লবস্তরণিঃ ॥৪২॥
পশ্যেতি। কাল্যমানাং পীড্যমানাম্, গাং ধেনুম্, পালেন গোরক্ষকেণ ॥৪৩॥

নরনাথ! কবচ, ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া আসিয়া ঘটোৎকচ কৃষ্ণ ও অর্জ্জুনকে অভিবাদনপূর্ব্বক কৃষ্ণকে বলিল—'এই আমি আসিয়াছি, আমাকে উপদেশ করুন' ॥৩৯॥

তাহার পর কৃষ্ণ হাসিতে হাসিতেই যেন সেই মেঘের তুল্য নীলবর্ণ, উজ্জ্বলমুখ ও উজ্জ্বলকুণ্ডলধারী ঘটোৎকচকে বলিতে লাগিলেন ॥৪০॥

কৃষ্ণ বলিলেন—'পুত্র ঘটোৎকচ! তোমাকে যাহা বলি, তাহা শ্রবণ কর। অন্য কাহারও নহে—তোমারই এই বিক্রমপ্রকাশের সময় উপস্থিত হইয়াছে ॥৪১॥

তোমার বন্ধুগণ বিপৎসাগরে মগ্ন হইতেছেন। সুতরাং তুমি তাঁহাদের নৌকা হও। তোমার নিকটে নানাবিধ অস্ত্র ও রাক্ষসী মায়া রহিয়াছে ॥৪২॥

ঘটোৎকচ! দেখ—গোপালক যেমন গরু পীড়ন করে, সেইরূপ কর্ণ সমরাঙ্গনে পাণ্ডবসৈন্য পীড়ন করিতেছেন ॥৪৩॥

---

(৩৯)···সধন্বা চ···নি। ইতঃ পরং বিবিধাঃ পাঠভেদাঃ—নি। (৪৩)··যথা গাস্তু··বঙ্গ।

এষ কর্ণো মহেষ্বাসো মতিমান্ দৃঢ়বিক্রমঃ।
পাণ্ডবানামনীকেষু নিহন্তি ক্ষত্রিয়র্ষভান্ ॥৪৪॥
কিরতঃ শরবর্ষাণি মহান্তি দৃঢ়ধন্বিনঃ।
ন শক্নুবন্ত্যবস্থাতুং পীড্যমানাঃ শরার্চ্চিষা ॥৪৫॥
নিশীথে সূতপুত্রেণ শরবর্ষেণ পীড়িতাঃ।
এতে দ্রবন্তি পাঞ্চালাঃ সিংহস্যেব ভয়ান্মৃগাঃ ॥৪৬॥
এতস্যৈবং প্রবৃদ্ধস্য সূতপুত্রস্য সংযুগে।
নিষেদ্ধা বিদ্যতে নান্যস্ত্বামৃতে ভীমবিক্রম! ॥৪৭॥
স ত্বং কুরু মহাবাহো! কর্ম্ম যুক্তমিহাত্মনঃ।
মাতুলানাং পিতৃণাঞ্চ তেজসোঽস্ত্রবলস্য চ ॥৪৮॥
এতদর্থং হি হৈড়িম্ব! পুত্রানিচ্ছন্তি মানবাঃ।
কথং নস্তারয়েদ্দুঃখাৎ স ত্বং তারয় বান্ধবান্ ॥৪৯॥

ভারতকৌমুদী

এষ ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। অনীকেষু সৈন্যেষু ॥৪৪॥
কিরত ইতি। কিরতো নিক্ষিপতঃ কর্ণস্য সমীপে। শরার্চ্চিষা বাণতেজসা ॥৪৫॥
নিশীথ ইতি। নিশীথে অস্মিন্নর্দ্ধরাত্রসময়ে। দ্রবন্তি পলায়ন্তে ॥৪৬॥
এতস্যেতি। প্রবৃদ্ধস্য ক্রমেণ প্রবলীভূতস্য। নিষেদ্ধা নিবারয়িতা। ঋতে বিনা ॥৪৭॥
স ইতি। যুক্তমনুরূপম্। তেজসো দৈহিকবলস্য ॥৪৮॥
এতদিতি। নঃ অস্মান্ কথং দুঃখাত্তারয়েদেতদর্থং তদ্দুঃখতারণার্থম্ ॥৪৯॥

মহাধনুর্দ্ধর, বুদ্ধিমান্ ও দৃঢ়বিক্রমশালী কর্ণ এই পাণ্ডবসৈন্যমধ্যে ক্ষত্রিয়শ্রেষ্ঠগণকে সংহার করিতেছেন ॥৪৪॥

দৃঢ়ধনুর্দ্ধর কর্ণ বিশাল শরবর্ষণ করিতেছেন; সুতরাং উহার শরতেজে পীড়িত হইতে থাকিয়া পাণ্ডবসৈন্যেরা রণস্থলে থাকিতেই পারিতেছে না ॥৪৫॥

এই অর্দ্ধরাত্রসময়ে পাঞ্চালেরা কর্ণের বাণবর্ষণে পীড়িত হইতে থাকিয়া সিংহের ভয়ে হরিণগণের ন্যায় এই পলায়ন করিতেছে ॥৪৬॥

ভয়ঙ্করবিক্রমশালী ঘটোৎকচ! কর্ণ যুদ্ধে এইরূপ প্রবল হইয়া উঠিয়াছেন। সুতরাং তুমি ভিন্ন অপর কেহই উহাকে বারণ করিতে পারিবে না ॥৪৭॥

অতএব মহাবাহু! তুমি এখন নিজের, মাতুলগণের, পিতৃপক্ষের, দৈহিকবলের ও অস্ত্রবলের অনুরূপ কার্য্য কর ॥৪৮॥

(৪৫) কিরন্তঃ…বঙ্গ বঙ্ক। (৪৬) সিংহেনেবার্দ্দিতা মৃগাঃ—বা নি। (৪৭) ভীমবিক্রমম্—পি।

তব হ্যস্ত্রবলং ভীমং মায়াশ্চ তব দুস্তরাঃ।
সংগ্রামে যুধ্যমানস্য সততং ভীমনন্দন ! ॥৫০॥
পাণ্ডবানাং প্রভগ্নানাং কর্ণেন নিশি সায়কৈঃ।
মজ্জতাং ধার্ত্তরাষ্ট্রাব্ধৌ ভব পারং পরন্তপ ! ॥৫১॥
রাত্রৌ হি রাক্ষসা ভূয়ো ভবন্ত্যমিতবিক্রমাঃ।
বলবন্তঃ সুদুর্দ্ধর্ষাঃ শূরা বিক্রান্তচারিণঃ ॥৫২॥
জহি কর্ণং মহেষ্বাসং নিশীথে মায়য়া রণে।
পার্থা দ্রোণং বধিষ্যন্তি ধৃষ্টদ্যুম্নপুরোগমাঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তবেতি। ভীমং ভয়ানকম্, মায়াঃ কূটকৌশলানি ॥৫০॥
পাণ্ডবানামিতি। ধার্ত্তরাষ্ট্রং ধৃতরাষ্ট্রসৈন্যমেবাব্ধিস্তত্র, পারং পরতটম্ ॥৫১॥
রাত্রাবিতি। ভূয়ো বহুলম্। বিক্রান্তেন বিক্রমেণ চরন্তীতি তে ॥৫২॥
জহীতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্। পার্থাঃ পাণ্ডবাঃ ॥৫৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৪২॥ যথা গাবঃ কালান্তে তথা কাল্যমানাং পশ্চেত্যন্বয়ঃ ॥৪৩—৫০॥ পারম্ অবলম্বনম্ ॥৫১—৬৩॥
ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫০॥

'কে কিভাবে আমাদিগকে দুঃখ হইতে নিস্তার করিবে' ইহা ভাবিয়া মানুষেরা এই জন্যই পুত্র কামনা করে। সুতরাং তুমি সেই বন্ধুদিগকে দুঃখ হইতে নিস্তার কর ॥৪৯॥

ভীমনন্দন! তুমি যখন রণস্থলে যুদ্ধ করিতে থাক, তখন সর্ব্বদাই তোমার অস্ত্রবল ভীষণ হয় এবং মায়াও দুস্তর হইয়া থাকে ॥৫০॥

শত্রুতাপক! এই রাত্রিতে পাণ্ডবসৈন্যেরা কর্ণের বাণে ভগ্ন হইয়া কৌরবসৈন্যসাগরে মগ্ন হইতেছে; তুমি তাহাদের পরতীর (অবলম্বন) হও ॥৫১॥

দেখ, অমিতবিক্রমশালী রাক্ষসেরা রাত্রিতে আরও বলবান্, অতিদুর্দ্ধর্ষ, বীর ও বিক্রমচারী হইয়া থাকে ॥৫২॥

অতএব ঘটোৎকচ! তুমি এই নিশীথসময়ে যুদ্ধে মায়া করিয়া মহাধনুর্দ্ধর কর্ণকে বধ কর, আর পাণ্ডবেরা ধৃষ্টদ্যুম্নকে অগ্রবর্ত্তী করিয়া দ্রোণকে বধ করিবেন' ॥৫৩॥

---

(৫১)···মজ্জতাং ধার্ত্তরাষ্ট্রেষু···শি বা নি। (৫২)···বিক্রান্তশালিনঃ—বর্দ্ধ।

সঞ্জয় উবাচ।

কেশবস্য বচঃ শ্রুত্বা বীভৎসুরপি রাক্ষসম্।
অভ্যভাষত কৌরব্য ! ঘটোৎকচমরিন্দমম্ ॥৫৪॥
ঘটোৎকচ ! ভবাংশ্চৈব দীর্ঘবাহুশ্চ সাত্যকিঃ।
মতৌ মে সর্ব্বসৈন্যেষু ভীমসেনশ্চ পাণ্ডবঃ ॥৫৫॥
স ভবান্ যাতু কর্ণেন দ্বৈরথং যুধ্যতাং নিশি।
সাত্যকিঃ পৃষ্ঠগোপস্তে ভবিষ্যতি মহারথঃ ॥৫৬॥
জহি কর্ণং রণে শূরং সাত্বতেন সহায়বান্।
যথেন্দ্রস্তারকং পূর্ব্বং স্কন্দেন সহ জঘ্নিবান্ ॥৫৭॥

ঘটোৎকচ উবাচ।

অলমেবাস্মি কর্ণায় দ্রোণায়ালঞ্চ সত্তমৌ !।
অন্যেষাং ক্ষত্রিয়াণাঞ্চ কৃতাস্ত্রাণাং মহাত্মনাম্ ॥৫৮॥

ভারতকৌমুদী

কেশবস্যেতি। বীভৎসুরর্জ্জুনঃ। অভ্যভাষত আদেশদানার্থম্ ॥৫৪॥
ঘটেতি। মতৌ মহাবীরত্বেনাঙ্গীকৃতৌ ॥৫৫॥
স ইতি। দ্বাভ্যাং রথাভ্যাং প্রবৃত্তমিতি দ্বৈরথম্। পৃষ্ঠং গোপয়তি রক্ষতীতি সঃ ॥৫৬॥
জহীতি। সাত্বতেন সাত্যকিনেত্যভেদে তৃতীয়া। তারকং নামাসুরম্ ॥৫৭॥
অলমিতি। অস্মি অহমেক এব কর্ণায় কর্ণং জেতুমলং সমর্থঃ। এবমন্যত্র ॥৫৮॥

সঞ্জয় কহিলেন—'কৌরবনন্দন ! কৃষ্ণের বাক্য শুনিয়া অর্জ্জুনও শত্রুদমনকারী রাক্ষস ঘটোৎকচকে বলিলেন—॥৫৪॥

'ঘটোৎকচ ! তুমি, দীর্ঘবাহু সাত্যকি এবং পাণ্ডব ভীমসেন এই তিন জনকেই আমি সমস্ত পাণ্ডবসৈন্যমধ্যে মহাবীর বলিয়া মনে করি ॥৫৫॥

অতএব তুমি যাও, যাইয়া এই রাত্রিতে কর্ণের সহিত দ্বৈরথ যুদ্ধ কর; তখন মহারথ সাত্যকি তোমার পৃষ্ঠরক্ষক হইবেন ॥৫৬॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন কার্ত্তিককে সহায় করিয়া তারকাসুরকে বধ করিয়াছিলেন, তুমিও সেইরূপ সাত্যকিকে সহায় করিয়া যুদ্ধে বীর কর্ণকে বধ কর' ॥৫৭॥

ঘটোৎকচ বলিল—'সজ্জনশ্রেষ্ঠদ্বয় ! আমি একাকীই কর্ণ, দ্রোণ এবং অন্যান্য শিক্ষিতাস্ত্র মহাবল ক্ষত্রিয়দিগকে জয় করিতে সমর্থ ॥৫৮॥

(৫৮)···দ্রোণায়ালঞ্চ ভারত !···বা নি।

অদ্য দাস্যামি সংগ্রামং সূতপুত্রায় তং নিশি।
যং জনাঃ সম্প্রবক্ষ্যন্তি যাবদ্ভূমির্ধরিষ্যতি ॥৫৯॥
ন চাত্র শূরান্ মোক্ষ্যামি ন ভীতান্ ন কৃতাঞ্জলীন্।
সর্বানেব বধিষ্যামি রাক্ষসং ধর্ম্মমাস্থিতঃ ॥৬০॥

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা মহাবাহুর্হৈড়িম্বঃ পরবীরহা।
অভ্যয়াত্তুমুলে কর্ণং তব সৈন্যং বিভীষয়ন্ ॥৬১॥
তমাপতন্তং সংক্রুদ্ধং দীপ্তাস্যমিব পন্নগম্।
অভ্যস্যন্ পরমেষ্বাসঃ প্রতিজগ্রাহ সূতজঃ ॥৬২॥
তয়োঃ সমভবদ্যুদ্ধং কর্ণরাক্ষসয়োর্যুধি।
গর্জতো রাজশার্দ্দূল! শক্রপ্রহ্লাদয়োরিব ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ঘটোৎকচস্য যুদ্ধপ্রেষণে পঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অদ্যেতি। তং তাদৃশম্। ভূমিঃ পৃথিবী, ধরিষ্যতি স্থাস্যতি ॥৫৯॥
নেতি। শূরান্ শরণাগতানপি। ধর্ম্মং ন্যায়ম্, আস্থিত আশ্রিতঃ ॥৬০॥
এবমিতি। হৈড়িম্বো ঘটোৎকচঃ। তুমুলে যুদ্ধে ॥৬১॥
তমিতি। দীপ্তাস্যম্ উজ্জ্বলমুখম্। অভ্যস্যন্ নিক্ষিপন্ ॥৬২॥

আজ রাত্রিতে আমি কর্ণের সহিত সেইরূপ যুদ্ধ করিব, যত কাল পৃথিবী থাকিবে, তত কাল যাহার বিষয় লোকে আলোচনা করিবে ॥৫৯॥

এই যুদ্ধে আমি রাক্ষসধর্ম্ম অবলম্বন করিয়া শরণাগত বীর, ভীত, বা কৃতাঞ্জলি ইহাদের কাহাকেও ছাড়িব না, সকলকেই বধ করিব' ॥৬০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! মহাবাহু ও বিপক্ষবীরহন্তা ঘটোৎকচ এইরূপ বলিয়া আপনার সৈন্যের ভয় উৎপাদন করতঃ তুমুল যুদ্ধে কর্ণের দিকে ধাবিত হইল ॥৬১॥

ঘটোৎকচ অত্যন্তক্রুদ্ধ হইয়া উজ্জ্বলমুখ সর্পের ন্যায় আসিতে লাগিলে, মহাধনুর্দ্ধর কর্ণ বাণক্ষেপ করতঃ তাহাকে গ্রহণ করিলেন ॥৬২॥

---

(৬২)…দীপ্তাস্যং দীপ্তমূর্দ্ধজম্। প্রহসন্ পুরুষব্যাঘ্রঃ…বা নি। * '…একসপ্ততাধিক-শততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '…চতুঃসপ্ততাধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা ঘটোৎকচং রাজন্! সূতপুত্ররথং প্রতি।
আয়ান্তং ত্বরয়া যুক্তং জিঘাংসুং কর্ণমাহবে।
অব্রবীত্তত্র পুত্রস্তে দুঃশাসনমিদং বচঃ ॥১॥
এতদ্রক্ষো রণে তূর্ণং দৃষ্ট্বা কর্ণস্য বিক্রমম্।
প্রতিযাতি দ্রুতং কর্ণং তদ্বারয় মহারথম্ ॥২॥
বৃতঃ সৈন্যেন মহতা যাহি যত্র মহাবলঃ।
কর্ণো বৈকর্ত্তনো যুদ্ধে রাক্ষসেন যুযুৎসতি ॥৩॥

ভারতকৌমুদী

তয়োরিতি। যুধি রণস্থলে ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———০*০———

দৃষ্ট্বেতি। জিঘাংসুং হন্তুমিচ্ছুম্। পুত্রো দুর্য্যোধনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥
এতদিতি। এতদ্রক্ষ এষ রাক্ষসো ঘটোৎকচঃ। মহারথমেতদ্রক্ষঃ ॥২॥
বৃত ইতি। বৈকর্ত্তনঃ সূর্য্যপুত্রঃ। যুযুৎসতি যুযুৎসতে যোদ্ধুমিচ্ছতি ॥৩॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সমরাঙ্গনে ইন্দ্র ও প্রহ্লাদের ন্যায় গর্জনকারী কর্ণ ও ঘটোৎকচের দারুণ যুদ্ধ হইতে লাগিল' ॥৬৩॥

———:০:———

সঞ্জয় কহিলেন—'রাজা! ঘটোৎকচ যুদ্ধে কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া সত্বর কর্ণের রথের দিকে আসিতেছে দেখিয়া দুর্য্যোধন দুঃশাসনকে এই কথা বলিলেন—॥১॥

'দুঃশাসন! এই মহারথ রাক্ষসটা যুদ্ধে কর্ণের বিক্রম দেখিয়া সত্বর তাঁহার দিকে আসিতেছে। অতএব তুমি উহাকে বারণ কর ॥২॥

বিকর্ত্তননন্দন মহাবল কর্ণ যে স্থানে রাক্ষসের সহিত যুদ্ধার্থী হইয়া রহিয়াছেন, তুমি বিশাল সৈন্যে পরিবেষ্টিত হইয়া সেইস্থানে যাও ॥৩॥

(১)…আয়ান্তন্ত তথাযুক্তম্…বা নি।

রক্ষ কর্ণং রণে যত্তো বৃতঃ সৈন্যেন মানদ !।
মা কর্ণং রাক্ষসো ঘোরঃ প্রমাদান্নাশয়িষ্যতি ॥৪॥

ভারতকৌমুদী

রক্ষেতি। যত্তো যত্নবান্। প্রমাদাদাত্মরক্ষায়ামনবধানাৎ ॥৪॥

মানী জনের সম্মানকারক দুঃশাসন! তুমি সৈন্যগণে পরিবেষ্টিত হইয়া বিশেষ যত্ন সহকারে কর্ণকে রক্ষা করিতে থাক। ভীষণ রাক্ষসটা যেন কর্ণের অনবধানতাবশতঃ তাঁহাকে বিনাশ না করে' ॥৪॥

(৪)·· ইতঃ পরং বঙ্গবাসিপুস্তকে বাসুদেবশাস্ত্রিপুস্তকে চ অলম্বুষবধবোধকা একচত্বারিংশৎ শ্লোকা অধিকা এব, অস্মিন্ পর্ব্বণ্যেব ত্রিনবতিতমাধ্যায়ে ঘটোৎকচেনৈব তস্যালম্বুষস্য নিহতত্বাৎ। এতদনুপপত্ত্যা পুস্তকান্তরেষু তু অলম্বুষস্থানে অলম্বলপাঠঃ কল্পিতঃ। সোঽপ্যনুচিতঃ, পর্ব্বসংগ্রহাধ্যায়ে অলম্বলস্যানুল্লেখাৎ। তে চ শ্লোকা যথা বঙ্গ বা—

এতস্মিন্নন্তরে রাজন্! জটাসুরসুতো বলী। দুর্য্যোধনমুপাগম্য প্রাহ প্রহরতাং বরঃ ॥১॥
দুর্য্যোধন! তবামিত্রান্ প্রখ্যাতান্ যুদ্ধদুর্ম্মদান্। পাণ্ডবান্ হন্তুমিচ্ছামি ত্বয়াজ্ঞপ্তঃ সহানুগান্ ॥
জটাসুরো মম পিতা রক্ষসাং গ্রামণীঃ পুরা। প্রযুজ্য কর্ম্ম রক্ষোঘ্নং ক্ষুদ্রৈঃ পার্থৈর্নিপাতিতঃ ॥৩॥
তস্যাপচিতিমিচ্ছামি শত্রুশোণিতপূজয়া। শত্রুমাংসৈশ্চ রাজেন্দ্র! মামনুজ্ঞাতুমর্হসি ॥৪॥
তমব্রবীত্ততো রাজা প্রীয়মাণঃ পুনঃ পুনঃ। দ্রোণকর্ণাদিভিঃ সার্দ্ধং পর্য্যাপ্তোঽহং দ্বিষদ্বধে ॥৫॥
ত্বন্তু গচ্ছ ময়াজ্ঞপ্তো জহি যুদ্ধে ঘটোৎকচম্। রাক্ষসং ক্রূরকর্ম্মাণং রক্ষোমানুষসম্ভবম্ ॥৬॥
পাণ্ডবানাং হিতং নিত্যং হস্ত্যশ্বরথঘাতিনম্। বৈহায়সগতং যুদ্ধে প্রেষয়েের্যমসাদনম্ ॥৭॥
তথেত্যুক্ত্বা মহাকায়ঃ সমাহূয় ঘটোৎকচম্। জাটাসুরির্ভৈমসেনিং নানাশস্ত্রৈরবাকিরৎ ॥৮॥
অলম্বুষঞ্চ কর্ণঞ্চ কুরুসৈন্যঞ্চ দুস্তরম্। হৈড়িম্বিঃ প্রমমাথৈকো মহাবাতোঽম্বুদানিব ॥৯॥
ততো মায়াবলং দৃষ্ট্বা রক্ষস্তূর্ণমলম্বুষঃ। ঘটোৎকচং শরব্রাতৈর্নানালিঙ্গৈঃ সমার্পয়ৎ ॥১০॥
বিদ্ধা চ বহুভির্বাণৈর্ভৈমসেনিং মহাবলঃ। ব্যদ্রাবয়চ্ছরব্রাতৈঃ পাণ্ডবানামনীকিনীম্ ॥১১॥
তেন বিদ্রাব্যমাণানি পাণ্ডুসৈন্যানি ভারত!। নিশীথে বিপ্রকীর্য্যন্তে বাতনুন্না ঘনা ইব ॥১২॥
ঘটোৎকচশরৈর্ন্না তথৈব তব বাহিনী। নিশীথে প্রাদ্রবদ্রাজন্ নুৎসৃজ্যোল্কাঃ সহস্রশঃ ॥১৩॥
অলম্বুষস্ততঃ ক্রুদ্ধো ভৈমসেনিং মহামৃধে। আজঘ্নে দশভির্বাণৈস্তোত্ত্রৈরিব মহাদ্বিপম্ ॥১৪॥
তিলশস্তস্য সংবাহং সূতং সর্ব্বায়ুধানি চ। ঘটোৎকচঃ প্রচিচ্ছেদ প্রণদংশ্চাতিদারুণম্ ॥১৫॥
ততঃ কর্ণং শরব্রাতৈঃ কুরূনন্যান্ সহস্রশঃ। অলম্বুষং চাভ্যবর্ষন্মেঘো মেরুমিবাচলম্ ॥১৬॥
ততঃ সংক্ষুভে সৈন্যং কুরূণাং রাক্ষসার্দ্দিতম্। উপর্য্যুপরি চান্যোন্যং চতুরঙ্গং মমর্দ্দ হ ॥১৭॥
জাটাসুরির্মহারাজ! বিরথো হতসারথিঃ। ঘটোৎকচং রণে ক্রুদ্ধো মুষ্টিনাভ্যহনদ্দৃঢ়ম্ ॥১৮॥
মুষ্টিনাভ্যাহতস্তেন প্রচচাল ঘটোৎকচঃ। ক্ষিতিকম্পে যথা শৈলঃ সবৃক্ষগুল্মতৃণবান্ ॥১৯॥
ততঃ স পরিঘাভেন দ্বিট্সঙ্ঘঘ্নেন বাহুনা। জাটাসুরিং ভৈমসেনিরবধীন্মুষ্টিনা ভৃশম্ ॥২০॥
তং প্রমথ্য ততঃ ক্রুদ্ধস্তূর্ণং হৈড়িম্বিরাক্ষিপৎ। দোর্ভ্যামিন্দ্রধ্বজাভাভ্যাং নিষ্পিপেষ চ ভূতলে ॥
জাটাসুরির্মোক্ষয়িত্বা আত্মানঞ্চ ঘটোৎকচাৎ। পুনরুত্থায় বেগেন ঘটোৎকচমুপাদ্রবৎ ॥২২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

যত্তদ্বৈকর্ত্তনঃ কর্ণো রাক্ষসশ্চ ঘটোৎকচঃ।
নিশীথে সমসজ্জেতাং তদ্‌যুদ্ধমভবৎ কথম্ ॥৫॥
কীদৃশঞ্চাভবদ্রূপং তস্য ঘোরস্য রক্ষসঃ।
রথশ্চ কীদৃশস্তস্য হয়াঃ সর্ব্বায়ুধানি চ ॥৬॥

ভারতকৌমুদী

শ্রুতাপি সঞ্জয়ে মহোৎসুক্যাদেব পুনঃ পৃচ্ছতি যদিতি। সমসজ্জেতাং মিলিতৌ ॥৫॥
কীদৃশমিতি। রক্ষসো রাক্ষসস্য ঘটোৎকচস্য। হয়া রথবাহকা অশ্বাঃ ॥৬॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! বিকর্ত্তননন্দন কর্ণ ও রাক্ষস ঘটোৎকচ অর্দ্ধরাত্রসময়ে সেই যে যুদ্ধে মিলিত হইয়াছিলেন, সে যুদ্ধটা কিরূপ হইয়াছিল? ॥৫॥

সেই ভয়ঙ্কর রাক্ষসটার রূপ কিপ্রকার ছিল? এবং তাহার রথ, অশ্বগুলি ও অস্ত্র সকলই বা কিরূপ ছিল? ॥৬॥

অলম্বুষোঽপি বিক্ষিপ্য সমুৎক্ষিপ্য চ রাক্ষসম্। ঘটোৎকচং রণে রোষান্নিষ্পিপেষ চ ভূতলে ॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং গর্জ্জতোরতিকায়য়োঃ। ঘটোৎকচালম্বুষয়োস্তুমুলং লোমহর্ষণম্ ॥২৪॥
বিশেষয়ন্তাবন্যোন্যং মায়াভিরতিমায়িনৌ। যুযুধাতে মহাবীর্য্যাবিন্দ্রবৈরোচনাবিব ॥২৫॥
পাবকাম্বুনিধী ভূত্বা পুনর্গরুড়তক্ষকৌ। পুনর্মেঘমহাবাতৌ পুনর্বজ্রমহাচলৌ ॥২৬॥
পুনঃ কুঞ্জরশার্দ্দূলৌ পুনঃ স্বর্ভানুভাস্করৌ। এবং মায়াশতসৃজাবন্যোন্যবধকাঙ্ক্ষিণৌ ॥২৭॥
ভৃশং চিত্রমযুধ্যেতামলম্বুষঘটোৎকচৌ। পরিঘৈশ্চ গদাভিশ্চ প্রাসমুদ্গরপট্টিশৈঃ ॥২৮॥
মুষলৈঃ পর্ব্বতাগ্রৈশ্চ তাবন্যোন্যং বিজঘ্নতুঃ। হয়াভ্যাঞ্চ গজাভ্যাঞ্চ রথাভ্যাঞ্চ পদাতিভিঃ ॥২৯॥
যুযুধাতে মহামায়ৌ রাক্ষসপ্রবরৌ যুধি। ততো ঘটোৎকচো রাজন্নলম্বুষবধেপ্সয়া ॥৩০॥
উৎপপাত ভৃশং ক্রুদ্ধঃ শ্যেনবন্নিপপাত চ। গৃহীত্বা চ মহাকায়ং রাক্ষসেন্দ্রমলম্বুষম্ ॥৩১॥
উদ্যম্য ন্যবধীদ্ভূমৌ ময়ং বিষ্ণুরিবাহবে। ততো ঘটোৎকচঃ খড়্গমুদ্যম্যাদ্ভুতদর্শনম্ ॥৩২॥
রৌদ্রস্য কায়াচ্ছিরো ভীমং বিকৃতদর্শনম্। স্ফুরতস্তস্য সমরে নদতশ্চাতিভৈরবম্ ॥৩৩॥
নিচকর্ত্ত মহারাজ! শত্রোরমিতবিক্রমঃ। শিরস্তচ্চাপি সংগৃহ্য কেশেষু রুধিরোক্ষিতম্ ॥৩৪॥
যযৌ ঘটোৎকচস্তূর্ণং দুর্য্যোধনরথং প্রতি। অভ্যেত্য চ মহাবাহুঃ স্ময়মানঃ স রাক্ষসঃ ॥৩৫॥
শিরো রথেঽস্য নিক্ষিপ্য বিকৃতাননমূর্দ্ধজম্। প্রাণদদ্ভৈরবং নাদং প্রাবৃষীব বলাহকঃ ॥৩৬॥
অব্রবীচ্চ ততো রাজন্! দুর্য্যোধনমিদং বচঃ। এষ তে নিহতো বন্ধুস্ত্বয়া দৃষ্টোঽস্য বিক্রমঃ ॥
পুনর্দ্রষ্টাসি কর্ণস্য নিষ্ঠামেতাং তথাত্মনঃ। স্বধর্ম্মমর্থং কামঞ্চ ত্রিতয়ং যোঽভিবাঞ্ছতি ॥৩৮॥
রিক্তপাণির্ন পশ্যেত রাজানং ব্রাহ্মণং স্ত্রিয়ম্। তিষ্ঠস্ব তাবৎ সুপ্রীতো যাবৎ কর্ণং বধাম্যহম্ ॥
এবমুক্ত্বা ততঃ প্রায়াৎ কর্ণং প্রতি নরেশ্বর!। কিরন্ শরগণাংস্তীক্ষ্ণান্ রুষিতো রণমূর্দ্ধনি ॥৪০॥
ততঃ সমভবদ্‌যুদ্ধং ঘোররূপং ভয়ানকম্। বিস্মাপনং মহারাজ! নররাক্ষসয়োর্মৃধে ॥৪১॥

কিংপ্রমাণা হয়াস্তস্য রথকেতুর্ধনুস্তথা।
কীদৃশং বর্ম্ম চৈবাস্য শিরস্ত্রাণঞ্চ কীদৃশম্।
পৃষ্টস্ত্বমেতদাচক্ষ্ব কুশলো হ্যসি সঞ্জয়! ॥৭॥

সঞ্জয় উবাচ।

লোহিতাক্ষো মহাকায়স্তাম্রাস্যো নির্ণতোদরঃ।
ঊর্দ্ধরোমা হরিশ্মশ্রুঃ শঙ্কুকর্ণো মহাহনুঃ ॥৮॥
আকর্ণাদ্দারিতাস্যশ্চ তীক্ষ্ণদংষ্ট্রঃ করালবান্।
সুদীর্ঘতাম্রজিহ্বোষ্ঠো লম্বভ্রূঃ স্থূলনাসিকঃ ॥৯॥
নীলাঙ্গো লোহিতগ্রীবো গিরিবর্ষ্মা ভয়ঙ্করঃ।
মহাকায়ো মহাবাহুর্মহাশীর্ষো মহা[illegible]ঃ ॥১০॥
বিকৃতঃ পরুষস্পর্শো বিকটোদ্বদ্ধপিণ্ডিকঃ।
স্থূলস্ফিগ্ গূঢ়নাভিশ্চ শিথিলোপচয়ো মহান্ ॥১১॥

ভারতকৌমুদী

কিংপ্রমাণা কীদৃক্‌পরিমাণাঃ। কুশলোঽসি বক্তুমিতি শেষঃ। ষট্‌পাদঃ ॥৭॥
...তি। লোহিতাক্ষো রক্তনয়নঃ, মহাকায়ো দীর্ঘদেহঃ, তাম্রাস্যঃ তাম্রবর্ণমুখঃ,
...ভীরকুক্ষিঃ, ঊর্দ্ধানি রোমাণি যস্য সঃ, হরীণি পিঙ্গলবর্ণানি শ্মশ্রূণি মুখলোমানি
...ব কর্ণৌ যস্য সঃ, মহান্ হনুরোষ্ঠাধোভাগো যস্য সঃ। আকর্ণাৎ দারিতমাস্যং
...তীক্ষ্ণা দংষ্ট্রা দন্তা যস্য সঃ, করালানি ভীষণানি অঙ্গানি অস্য সন্তীতি করালবান্,
...জিহ্বোষ্ঠৌ যস্য সঃ, লম্বে দীর্ঘে ভ্রুবৌ যস্য সঃ, স্থূলা নাসিকা যস্য সঃ। গিরিরিব
...ঃ যস্য সঃ। মহাশীর্ষো বিশালমস্তকঃ। বিকৃতো মানুষাদ্ভিন্নরূপাকৃতিঃ, বিকটং

...ঘটোৎকচের অশ্বগুলির প্রমাণ কিরূপ ছিল? তাহার রথের ধ্বজ
...কার ছিল? এবং উহার বর্ম্ম ও শিরস্ত্রাণ কীদৃশ ছিল? আমি
...ম, তুমি এই বিষয়গুলি বল। কেন না, তুমি বলিতে বড়ই

...লিলেন—'মহারাজ! ঘটোৎকচের নয়নযুগল রক্তবর্ণ, দেহ দীর্ঘ,
...উদর গভীর, লোমগুলি উচু উচু, দাড়ি পিঙ্গলবর্ণ, কাণ দুখানা
...ত সরু, ওষ্ঠের নিম্নভাগ বিশাল, মুখের ফাঁক কাণপর্য্যন্ত, দন্ত সকল
...লি ভীষণ, জিহ্বা ও ওষ্ঠ অতিদীর্ঘ ও তাম্রবর্ণ, ভ্রূযুগল দীর্ঘ,
...ল, অঙ্গ সকল নীলবর্ণ, কিন্তু গ্রীবা রক্তবর্ণ, শরীর পর্ব্বতের ন্যায়

...াস্যো···নিম্নিতোদরঃ···ব্যা নি। (১১)···বিকচোদ্বৃত্তপিণ্ডকঃ···নি,···বিকটো-
...।

কিমিতি...
লোহিতে...
নির্ণতোদরো...
যস্য সঃ, শঙ্কু...
মুখং যস্য সঃ,...
সুদীর্ঘতাম্রা...
দৃঢ়ং বর্ম শরী...

সঞ্জয়!...
ও ধনু কি...
প্রশ্ন করিল...
নিপুণ' ॥৭॥

সঞ্জয়...
মুখ তাম্রবর্ণ...
পেরেকের...
তীক্ষ্ণ, অঙ্গ...
নাসিকাটা...

(৮)···ত...
দ্বদ্ধপিণ্ডকঃ···

তথৈব হস্তাভরণী মহামায়োঽঙ্গদী তথা।
উরসাঽধারয়ন্নিষ্কমগ্নিমালাং যথাচলঃ ॥১২॥ (কুলকম্)
তস্য হেমময়ং চিত্রং বহুরূপাঙ্গশোভিতম্।
তোরণপ্রতিমং শুভ্রং কিরীটং মূর্দ্ধ্ন্যশোভত ॥১৩॥
কুণ্ডলে বালসূর্য্যাভে মালাং হেমময়ীং শুভাম্।
ধারয়ন্ বিপুলং কাংস্যং কবচঞ্চ মহাপ্রভম্ ॥১৪॥
কিঙ্কিণীশতনির্ঘোষং রক্তধ্বজপতাকিনম্।
ঋক্ষচর্ম্মাবনদ্ধাঙ্গং নল্বমাত্রং মহারথম্ ॥১৫॥
সর্ব্বায়ুধবরোপেতমাস্থিতো ধ্বজশালিনম্।
অষ্টচক্রসমাযুক্তং মেঘগম্ভীরনিস্বনম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

যথা স্যাত্তথা উদ্বদ্ধা ঊর্দ্ধে সংযতা পিণ্ডিকা কেশগুচ্ছো যস্য সঃ। স্থূলে স্ফিচৌ নিতম্বৌ যস্য সঃ, গূঢ়নাভিঃ ক্ষুদ্রত্বাদ্গুপ্তনাভিঃ,শিথিলা উপচয়াঃ শিরা যস্য সঃ, মহান্ বিশালাকৃতিঃ। হস্তাভরণানি বলয়াদীনি অস্য সন্তীতি সঃ, অঙ্গদী কেয়ূরবান্। উরসা বক্ষসা, অচলো গিরির্যথ অগ্নিমালাম্, তথা নিষ্কং স্বর্ণমালামধারয়ৎ ॥৮—১২॥

তস্যেতি। বহুরূপৈরঙ্গৈরবয়বৈঃ শোভিতম্। শুভ্রং মুক্তানিকরখচিতত্বাৎ ॥১৩॥

কুণ্ডলে ইতি। বালসূর্য্যাভে নবোদিতসূর্য্যবদরুণবর্ণে। ধারয়ন্নাসীৎ ॥১৪॥

কিঙ্কিণীতি। কিঙ্কিণীশতস্য নির্ঘোষো যত্র তম্। ঋক্ষস্য ভল্লুকস্য চর্ম্মণা অবনদ্ধানি বেষ্টিতানি অঙ্গানি বহিরবয়বা যস্য তম্, নল্বমাত্রং চতসৃষু দিক্ষু চতুঃশতহস্তপরিমিতম্, "নল্বঃ কিষ্কুচতুঃশতম্" ইত্যমরঃ। আস্থিতঃ আরূঢ়ো ঘটোৎকচঃ ॥১৫—১৬॥

দৃঢ়, মস্তক বৃহৎ, আকৃতি বিকৃত, দেহের স্পর্শ কঠিন, মস্তকের উপরে বিকট-ভাবে কেশগুচ্ছ বদ্ধ, নিতম্বদ্বয় স্থূল, নাভি ক্ষুদ্র, দেহের শিরাগুলি শিথিল, হস্তে বলয় এবং বাহুতে কেয়ূর ছিল। এইরূপ মহাদেহ, মহাবাহু, মহাবল ও মহামায়াশালী ভয়ঙ্করমূর্ত্তি ঘটোৎকচ—পর্ব্বত যেমন মধ্যদেশে অগ্নিমালা ধারণ করে, সেইরূপ বক্ষে স্বর্ণমালা ধারণ করিতেছিল ॥৮—১২॥

স্বর্ণময়, বিচিত্র, বহুরূপ অবয়বে শোভিত এবং তোরণের ন্যায় বক্র একখানি শুভ্রবর্ণ মুকুট ঘটোৎকচের মস্তকে শোভা পাইতেছিল ॥১৩॥

ঘটোৎকচ দুই কর্ণে দুইটী নবোদিত সূর্য্যের ন্যায় অরুণবর্ণ কুণ্ডল, কণ্ঠে সুন্দর স্বর্ণময়ী মালা এবং দেহে বিশাল ও বিশেষ উজ্জ্বল একটা কাংস্যময় বর্ম্ম ধারণ করিতেছিল ॥১৪॥

আর ঘটোৎকচ একখানা বিশাল রথে আরোহণ করিয়াছিল ; তাহার চারি দিকে চারিশত হাত পরিমাণ ছিল, তাহাতে শত শত কিঙ্কিণীর শব্দ হইতেছিল,

মত্তমাতঙ্গসঙ্কাশা লোহিতাক্ষা বিভীষণাঃ।
কালবর্ণসমাযুক্তা বলবন্তঃ শতং হয়াঃ ॥১৭॥
বহন্তো রাক্ষসং ঘোরং বালবন্তো জিতশ্রমাঃ।
বিপুলাভিঃ সটাভিস্তে হেষমাণা মুহুর্মুহুঃ ॥১৮॥ (যুগ্মকম্)
রাক্ষসোঽস্য বিরূপাক্ষঃ সূতো দীপ্তাস্যকুণ্ডলঃ।
রশ্মিভিঃ সূর্য্যরশ্ম্যাভৈঃ সংজগ্রাহ হয়ান্ রণে ॥১৯॥
স তেন সহিতস্তস্থাবরুণেণ যথা রবিঃ।
সংসক্ত ইব চাভ্রেণ যথাদ্রির্মহতা মহান্ ॥২০॥

ভারতকৌমুদী

মত্তেতি। লোহিতাক্ষা রক্তনয়নাঃ। বহন্ত আসন্। বালবন্তঃ প্রশস্তগ্রীবালোমানঃ। সটাভির্জটাভিঃ; হেষমাণা হ্রেষারবং কুর্বাণাঃ ॥১৭—১৮॥

রাক্ষস ইতি। বিরূপাক্ষো নাম, দীপ্তান্যুজ্জ্বলানি আস্যং মুখং কুণ্ডলে চ যস্য সঃ ॥১৯॥

স ইতি। অরুণেন তদাখ্যেন সারথিনা। অভ্রেণ মেঘেন, অদ্রিঃ পর্ব্বতঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

দৃষ্ট্বেতি ॥১—৮॥ করালবান্ ভীষণৈরবয়বৈরাচিতঃ ॥৯—১০॥ শিথিল উপচয় স্থৌল্যং যস্য ॥১১—১৬॥ কামবর্ণজবা ইচ্ছানুরূপো বর্ণো জবশ্চ যেষাম্ ॥১৭—১১৬॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫১॥

রক্তবর্ণ ধ্বজে রক্তবর্ণ পতাকা দুলিতেছিল, তাহার সকল দিক্ ভল্লুকের চর্ম্মে বেষ্টিত ছিল, সর্ব্বপ্রকার উত্তম উত্তম অস্ত্র তাহার ভিতরে রাখিয়াছিল, বিশাল ধ্বজ প্রকাশ পাইতেছিল, আটটা চক্র ঘুরিতেছিল এবং তাহাতে মেঘের ন্যায় গম্ভীর শব্দ হইতেছিল ॥১৫—১৬॥

বলবান্, শ্রমশূন্য, ভীষণাকৃতি ও অনবরত হ্রেষারবকারী একশত অশ্ব সেই রথে ভীষণমূর্ত্তি ঘটোৎকচকে বহন করিতেছিল; সে অশ্বগুলির আকৃতি মত্ত-হস্তীর তুল্য, নয়নগুলি রক্তবর্ণ, দেহের বর্ণ কাল, গ্রীবার উপরের লোমগুলি উত্তম এবং মস্তকের উপরে বিশাল বিশাল জটা ছিল ॥১৭—১৮॥

উজ্জ্বলমুখ ও উজ্জ্বলকুণ্ডলধারী বিরূপাক্ষনামক এক রাক্ষসসারথি সূর্য্য-কিরণের ন্যায় দীপ্তিশালী অশ্বমুখরজ্জুগুলি ধারণ করিয়াছিল ॥১৯॥

অরুণসারথির সহিত সূর্য্যের ন্যায় ঘটোৎকচ সেই সারথির সহিত রথে অবস্থান করিতেছিল এবং বিশাল পর্বত যেমন মহামেঘের সঙ্গে মিলিত হয়, সেইরূপ ঘটোৎকচ সেই সারথির সঙ্গে মিলিত হইয়াছিল ॥২০॥

---

(১৭) : কামবর্ণজবাযুক্তাঃ...পি বঙ্গ বৰ্দ্ধ। (১৮)...বলবন্তো জিতক্লমাঃ...পি বঙ্গ বৰ্দ্ধ।

দিবস্পৃক্ সুমহান্ কেতুঃ স্যন্দনেঽস্য সমুচ্ছ্রিতঃ।
রক্তোত্তমাঙ্গঃ ক্রব্যাদো গৃধ্রঃ পরমভীষণঃ ॥২১॥
বাসবাশনিনির্ঘোষং দৃঢ়জ্যমতিবিক্ষিপন্।
ব্যক্তং কিষ্কুপরিণাহং দ্বাদশারত্নি কার্ম্মুকম্ ॥২২॥
রথাক্ষমাত্রৈরিষুভিঃ সর্ব্বাঃ প্রচ্ছাদয়ন্ দিশঃ।
তস্যাং বীরাপহারিণ্যাং নিশায়াং কর্ণমভ্যয়াৎ ॥২৩॥ (যুগ্মকম্)
তস্য বিক্ষিপতশ্চাপং রথে বিষ্টভ্য তিষ্ঠতঃ।
অশ্রূয়ত ধনুর্ঘোষো বিস্ফূর্জিতমিবাশনেঃ ॥২৪॥
তেন বিত্রাস্যমানানি তব সৈন্যানি ভারত!।
সমকম্পন্ত সর্বাণি সিন্ধোরিব মহোর্ম্ময়ঃ ॥২৫॥

ভারতকৌমুদী

দিবেতি। দিবস্পৃক্ গগনস্পর্শী কেতুর্ধ্বজঃ, স্যন্দনে রথে, সমুচ্ছ্রিত উত্তোলিতঃ। রক্তং রক্তবর্ণমুত্তমাঙ্গং শিরো যস্য সঃ, ক্রব্যাদো মাংসভোজী, গৃধ্রঃ পক্ষিবিশেষ আসীৎ ॥২১॥

বাসবেতি। বাসবাশনেরিন্দ্রবজ্রস্যেব নির্ঘোষো যস্য তৎ, দৃঢ়া জ্যা গুণো যস্য তৎ। ব্যক্তং ধ্রুবম্, কিষ্কুর্হস্ত এব পরীণাহো বিশালতা ব্যাসো যস্য তৎ, "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ, দ্বাদশ অরত্নয়ো নিষ্কনিষ্ঠহস্তা দৈর্ঘ্যপরিমাণানি যস্য তত্তাদৃশস্য কার্ম্মুকম্, অতিবিক্ষিপন্ অতিশয়েনাকর্ষন্। রথস্য অক্ষমাত্রৈর্দীর্ঘদারুপ্রমাণৈঃ ইষুভির্বাণৈঃ সর্ব্বা দিশঃ প্রচ্ছাদয়ন্, বীরাপহারিণ্যাং বীরবিনাশিন্যাং তস্যাং নিশায়াম্, কর্ণমভ্যয়াদ্ঘটোৎকচঃ ॥২২—২৩॥

তস্যেতি। বিষ্টভ্য আশ্রিত্য আরুহ্য। বিস্ফূর্জিতং ধ্বনিঃ, অশনের্বজ্রস্য ॥২৪॥

তেনেতি। বিত্রাস্যমানানি বিশেষভয়ং প্রাপ্যমাণানি। সিন্ধোঃ সাগরস্য ॥২৫॥

ঘটোৎকচের রথে একটা গগনস্পর্শী অতিবিশাল ধ্বজ উত্তোলিত ছিল এবং তাহার উপরে একটা রক্তবর্ণ মস্তক ও মাংসভোজী অতিভীষণ গৃধ্রপক্ষী রহিয়াছিল ॥২১॥

এইরূপ রথে থাকিয়া ঘটোৎকচ ধনু আকর্ষণ করতঃ বাণসমূহে সকল দিক্ আবৃত করিতে করিতে সেই বীরনাশক রাত্রিতে কর্ণের দিকে ধাবিত হইল। তখন বজ্রশব্দের ন্যায় সেই ধনুর শব্দ হইতেছিল এবং সে ধনুর গুণ দৃঢ়, ব্যাস একহস্তপরিমিত ও দৈর্ঘ্য দ্বাদশ অরত্নিপ্রমাণ ছিল; আর বাণগুলিও রথের দীর্ঘদারুর ন্যায় দীর্ঘ ও স্থূল ছিল ॥২২—২৩॥

ঘটোৎকচ রথে থাকিয়া যখন ধনু আকর্ষণ করিতেছিল, তখন বজ্রের শব্দের ন্যায় সেই ধনুর শব্দ শুনা যাইতেছিল ॥২৪॥

---

(২৫) তেন হি ত্রাস্যমানানি···বর্দ্ধ।

তমাপতন্তং সংপ্রেক্ষ্য বিরূপাক্ষং বিভীষণম্।
উৎস্ময়ন্নিব রাধেয়স্ত্বরমাণো ন্যবারয়ৎ ॥২৬॥
ততঃ কর্ণোঽভ্যয়াদেনমস্যন্নস্যন্তমন্তিকাৎ।
মাতঙ্গ ইব মাতঙ্গং যূথর্ষভমিবর্ষভঃ ॥২৭॥
স সন্নিপাতস্তুমুলস্তয়োরাসীদ্বিশাংপতে!।
কর্ণরাক্ষসয়ো রাজন্নিন্দ্রশম্বরয়োরিব ॥২৮॥
তৌ প্রগৃহ্য মহাবেগে ধনুষী ভীমনিস্বনে।
প্রাচ্ছাদয়েতামন্যোন্যং তক্ষমাণৌ মহেষুভিঃ ॥২৯॥
ততঃ পূর্ণায়তোৎসৃষ্টৈরিষুভির্নতপর্ব্বভিঃ।
ব্যদারয়েতামন্যোন্যং কাংস্যে নির্ভিদ্য বর্ম্মণী ॥৩০॥

ভারতকৌমুদী

তমিতি। বিরূপাক্ষং বিকৃতনয়নম্। উৎস্ময়ন্ ঈষদ্ধসন্ ॥২৬॥
তত ইতি। অস্যন্ বাণান্ ক্ষিপন্, অস্যন্তং বাণান্ ক্ষিপন্তম্। ঋষভো বৃষঃ ॥২৭॥
স ইতি। সন্নিপাতো যুদ্ধসংঘর্ষঃ। শম্বরো নামাসুরঃ ॥২৮॥
তাবিতি। মহাবেগে বাণানাং মহাবেগজনকে। তক্ষমাণৌ তনূকুর্ব্বন্তৌ বিদারয়ন্তৌ ॥২৯॥
তত ইতি। পূর্ণমায়তে আকৃষ্টে যে ধনুষী তাভ্যামুৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ ॥৩০॥

ভরতনন্দন! তখন আপনার সমস্ত সৈন্যই অত্যন্তভীত হইয়া সমুদ্রের বিশাল তরঙ্গসমূহের ন্যায় বিচলিত হইয়া পড়িল ॥২৫॥

বিকৃতনয়ন ও ভীষণমূর্ত্তি সেই ঘটোৎকচকে আসিতে দেখিয়া কর্ণ ঈষৎ হাস্য করতই যেন তাহাকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন ॥২৬॥

ঘটোৎকচ বাণক্ষেপ করিতে করিতে নিকটবর্ত্তী হইতে লাগিলে, হস্তী যেমন হস্তীর দিকে যায় এবং বৃষ যেরূপ যূথশ্রেষ্ঠ বৃষের প্রতি ধাবিত হয়, তেমন কর্ণও বাণক্ষেপ করিতে করিতে ঘটোৎকচের দিকে ধাবিত হইলেন ॥২৭॥

নরনাথ রাজা! তখন ইন্দ্র ও শম্বরাসুরের ন্যায় কর্ণ ও ঘটোৎকচের তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥২৮॥

তাঁহারা সুদৃঢ় ও ভয়ঙ্করশব্দকারী দুইখানা ধনু ধারণ করিয়া মহাবাণদ্বারা বিদারণ করিতে থাকিয়া পরস্পর আচ্ছাদন করিলেন ॥২৯॥

তদনন্তর তাঁহারা ধনু দুইখানা পূর্ণ আকর্ষণপূর্ব্বক নতপর্ব্ব বাণসমূহ নিক্ষেপে কাংস্যবর্ম্ম ভেদ করিয়া পরস্পর বিদারণ করিতে লাগিলেন ॥৩০॥

---

(২৬)···ত্বরমাণোঽভ্যবারয়ৎ—পি বা নি। (৩০)···ব্যবারয়েতামন্যোন্যম্···বা নি।

তৌ নখৈরিব শার্দ্দূলৌ দন্তৈরিব মহাদ্বিপৌ।
রথশক্তিভিরন্যোন্যং বিশিখৈশ্চ ততক্ষতুঃ ॥৩১॥
সংছিন্দন্তৌ চ গাত্রাণি সন্দধানৌ চ সায়কান্।
দহন্তৌ চ শরোল্কাভির্দুষ্প্রেক্ষ্যৌ চ বভূবতুঃ ॥৩২॥
তৌ তু বিক্ষতসর্ব্বাঙ্গৌ রুধিরৌঘপরিপ্লুতৌ।
ব্যভ্রাজেতাং যথা বারি স্রবন্তৌ গৈরিকাচলৌ ॥৩৩॥
তৌ শরাগ্রবিভুন্নাঙ্গৌ নির্ভিন্দন্তৌ পরস্পরম্।
নাকম্পয়েতামন্যোন্যং যতমানৌ মহাদ্যুতী ॥৩৪॥
তৎ প্রবৃত্তং নিশাযুদ্ধং চিরং সমমিবাভবৎ।
প্রাণয়োর্দীব্যতো রাজন্! কর্ণরাক্ষসয়োর্ম্মৃধে ॥৩৫॥

ভারতকৌমুদী

তাবিতি। রথে স্থিতাঃ শক্তয়োঽস্ত্রবিশেষা রথশক্তয়স্তাভিঃ ॥৩১॥
সমিতি। শরা এবোল্কা উজ্জলদীর্ঘবাস্তাভিঃ ॥৩২॥
তাবিতি। স্রবন্তৌ নিঃসারয়ন্তৌ, গৈরিকাচলৌ গৈরিকধাতুযুক্তৌ গিরী ॥৩৩॥
তাবিতি। শরাগ্রৈর্বিভুন্নানি বিশেষব্যথিতানি অঙ্গানি যয়োস্তৌ ॥৩৪॥
তদিতি। প্রাণয়োঃ সম্বন্ধে দীব্যতোঃ ক্রীড়াং কুর্বতোঃ। মৃধে রণস্থলে ॥৩৫॥

নখদ্বারা দুইটা ব্যাঘ্রের ন্যায় এবং দন্তদ্বারা দুইটা হস্তীর তুল্য কর্ণ ও ঘটোৎকচ রথশক্তি ও বাণদ্বারা পরস্পর বিদীর্ণ করিতে থাকিলেন ॥৩১॥

তাঁহারা বাণসন্ধান, গাত্রচ্ছেদন ও বাণরূপ উল্কাদ্বারা গাত্র দগ্ধ করিতে থাকিয়া সকলেরই দুষ্প্রেক্ষ্য হইয়া উঠিলেন ॥৩২॥

ক্রমে তাঁহাদের সমস্ত অঙ্গ ক্ষত-বিক্ষত হইয়া গেল এবং রক্তের প্রবাহে সিক্ত হইতে থাকিল। সুতরাং তাঁহারা জলস্রাবী দুইটা গৈরিকপর্ব্বতের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩৩॥

মহাতেজা ও জয়ে যত্নবান্ কর্ণ এবং ঘটোৎকচ যখন পরস্পরকে বিদারণ করিতে লাগিলেন, তখন তাঁহাদের সমস্ত অঙ্গ বাণাগ্রে ক্ষত-বিক্ষত হইয়া গেল; তথাপি তাঁহারা পরস্পরকে বিচলিত করিতে পারিলেন না ॥৩৪॥

রাজা! তখন কর্ণ ও ঘটোৎকচ যেন পরস্পর প্রাণদ্বারা খেলা করিতে-ছিলেন; সেই অবস্থায় তাঁহাদের সেই রাত্রিযুদ্ধ দীর্ঘকাল যেন সমানভাবেই চলিল ॥৩৫॥

(৩২)···প্রদহন্তৌ শরোল্কাভিঃ···পি। (৩৩)···বিভ্রাজেতাং যথা বারি··বা নি।

তস্য সন্দধতস্তীক্ষ্ণান্ শরাংশ্চাসক্তমস্যতঃ।
ধনুর্ঘোষেণ বিত্রস্তাঃ স্বে পরে চ তদাভবন্ ॥৩৬॥
ঘটোৎকচং যদা কর্ণো বিশেষয়তি নো নৃপ !।
ততঃ প্রাদুশ্চকারাস্ত্রং দিব্যমস্ত্রবিদাং বরঃ ॥৩৭॥
কর্ণেন বিহিতং দৃষ্ট্বা দিব্যমস্ত্রং ঘটোৎকচঃ।
প্রাদুশ্চক্রে মহামায়াং রাক্ষসঃ পাণ্ডুনন্দনঃ ॥৩৮॥
শূলমুদ্গরধারিণ্যা শৈলপাদপহস্তয়া।
রক্ষসাং ঘোররূপাণাং মহত্যা সেনয়া বৃতঃ ॥৩৯॥ (যুগ্মকম্)
তমুদ্যতমহাচাপং দৃষ্ট্বা তে ব্যথিতা নৃপাঃ।
ভূতান্তকমিবায়ান্তং কালদণ্ডোগ্রধারিণম্ ॥৪০॥
ঘটোৎকচপ্রমুক্তেন সিংহনাদেন ভীষিতাঃ।
প্রসুস্রুবুর্গজা মূত্রং বিব্যথুশ্চ নরা ভৃশম্ ॥৪১॥

ভারতকৌমুদী

তস্যেতি। তস্যোভয়স্য। অসক্তং পরস্পরং লগ্নং যথা স্যাত্তথা অস্যতো বাণান্ ক্ষিপতঃ ॥৩৬॥

ঘটোৎকচমিতি। নো বিশেষয়তি নাতিক্রামতি। প্রাদুশ্চকার আবিষ্কৃতবান্ ॥৩৭॥

কর্ণেনেতি। পাণ্ডূনাং পাণ্ডবানাং নন্দন আনন্দকরঃ। মহামায়ামাহ শূলেত্যাদিনা ॥৩৮-৩৯॥

তমিতি। ভূতান্তকং যমম্। অগ্নিষ্টোমাদিবদুগ্রপদস্য পরনিপাতঃ ॥৪০॥

তৎকালে তাঁহারা দুই জনই তীক্ষ্ণ বাণ সকল সন্ধান ও পরস্পর সংলগ্নভাবে ক্ষেপ করিতেছিলেন। সুতরাং তখন তাঁহাদের ধনুর শব্দে স্বপক্ষ ও বিপক্ষের সৈন্যেরা বিত্রস্ত হইতে থাকিল ॥৩৬॥

রাজা! অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ কর্ণ যখন ঘটোৎকচকে অতিক্রম করিতে পারিলেন না, তখন তিনি এক অলৌকিক অস্ত্র আবিষ্কার করিলেন ॥৩৭॥

কর্ণ অলৌকিক অস্ত্র আবিষ্কার করিয়াছেন দেখিয়া পাণ্ডবনন্দন ঘটোৎকচও মহামায়া আবিষ্কার করিল। তখন শূল, মুদ্গর, প্রস্তর ও বৃক্ষধারী ভয়ঙ্কর ও বিশাল রাক্ষসসৈন্যে ঘটোৎকচ পরিবেষ্টিত হইয়া গেল ॥৩৮—৩৯॥

ক্রমে ঘটোৎকচ মহাধনু উত্তোলন করিয়া ভীষণ-কালদণ্ডধারী যমের ন্যায় আসিতেছে দেখিয়া কুরুপক্ষীয় রাজারা ভীত হইয়া পড়িলেন ॥৪০॥

---

(৩৭)···ততঃ প্রাদুষ্করোদ্দিব্যমস্ত্রমস্ত্রবিদাং বরঃ—বঙ্গ বৰ্দ্ধ বা নি। (৩৮) কর্ণেন সন্ধিতং দৃষ্ট্বা···বা নি। (৪১) ঘটোৎকচপ্রযুক্তেন···বা নি।

ততোঽশ্মবৃষ্টিরত্যুগ্রা মহত্যাসীৎ সমন্ততঃ।
অর্দ্ধরাত্রেঽধিকবলৈর্বিমুক্তা রক্ষসাং বলৈঃ ॥৪২॥
আয়সানি চ চক্রাণি ভুষুণ্ড্যঃ শক্তিতোমরাঃ।
পতন্ত্যবিরলাঃ শূলাঃ শতঘ্ন্যঃ পট্টিশাস্তথা ॥৪৩॥
তদুগ্রমতিরৌদ্রঞ্চ দৃষ্ট্বা যুদ্ধং নরাধিপ !।
পুত্রাশ্চ তব যোধাশ্চ ব্যথিতা বিপ্রদুদ্রুবুঃ ॥৪৪॥
তত্রৈকোঽস্ত্রবলশ্লাঘী কর্ণো মানী ন বিব্যথে।
ব্যধমচ্চ শরৈর্মায়াং ঘটোৎকচবিনির্ম্মিতাম্ ॥৪৫॥
মায়ায়াস্তু প্রহীণায়ামমর্ষী স ঘটোৎকচঃ।
বিসসর্জ্জ শরান্ ঘোরান্ সূতপুত্রং ত আবিশন্ ॥৪৬॥

ভারতকৌমুদী

ঘটোৎকচেতি। ভীষিতা ভয়ং প্রাপিতাঃ। বিব্যথুর্ভয়েনেতি ভাবঃ ॥৪১॥
তত ইতি। অশ্মনাং শিলানাং বৃষ্টিঃ। অর্দ্ধরাত্রবশাদেবাধিকবলৈরিত্যর্থঃ ॥৪২॥
আয়সানীতি। আয়সানি লৌহময়ানি। অবিরলা নিরন্তরাঃ ॥৪৩॥
তদিতি। উগ্রং ভীষণম্, অতিরৌদ্রমতিতীব্রম্। বিপ্রদুদ্রুবুঃ অপসৃতবন্তঃ ॥৪৪॥
তত্রেতি। মানিত্বাদেব ন বিব্যথে ভয়েন ব্যথাং ন প্রাপ। ব্যধমৎ ব্যনাশয়ৎ ॥৪৫॥
মায়ায়ামিতি। প্রহীণায়াং বিনষ্টায়াম্, অমর্ষী ক্রোধী সন্ ॥৪৬॥

ঘটোৎকচের সিংহনাদে ভীত হইয়া হস্তী সকল মূত্রত্যাগ করিতে লাগিল এবং মানুষেরাও অত্যন্তভীত হইয়া পড়িল ॥৪১॥

তাহার পর সেই অর্দ্ধরাত্রসময়ে অধিকবলশালি-রাক্ষসগণ-নিক্ষিপ্ত অতিভীষণ মহাশিলাবৃষ্টি সকল দিকে পতিত হইতে লাগিল ॥৪২॥

এবং লৌহচক্র, ভুষুণ্ডী, শক্তি, তোমর, শূল, শতঘ্নী ও পট্টিশ সকল নিরন্তর পতিত হইতে থাকিল ॥৪৩॥

নরনাথ! সেই ভীষণ ও অতিতীব্র যুদ্ধ দেখিয়া আপনার পুত্রেরা ও যোদ্ধারা ভীত হইয়া অপসরণ করিতে লাগিলেন ॥৪৪॥

কিন্তু তাঁহাদের মধ্যে অস্ত্রবলশ্লাঘী ও অভিমানী একমাত্র কর্ণই ভীত হইলেন না; বরং তিনি বাণদ্বারা ঘটোৎকচকৃত মায়া বিনষ্ট করিলেন ॥৪৫॥

মায়া বিনষ্ট হইলে, ঘটোৎকচ আরও ক্রুদ্ধ হইয়া ভয়ঙ্কর বাণ সকল নিক্ষেপ করিতে লাগিল; সেই বাণগুলিও যাইয়া কর্ণের দেহে প্রবেশ করিতে থাকিল ॥৪৬॥

ততস্তে রুধিরাভ্যক্তা ভিত্ত্বা কর্ণং মহাহবে।
বিবিশুর্ধরণীং বাণাঃ সংক্রুদ্ধা ইব পন্নগাঃ ॥৪৭॥
সূতপুত্রস্তু সংক্রুদ্ধো লঘুহস্তঃ প্রতাপবান্।
ঘটোৎকচমতিক্রম্য বিভেদ দশভিঃ শরৈঃ ॥৪৮॥
ঘটোৎকচো বিনির্ভিন্নঃ সূতপুত্রেণ মর্ম্মস্থ।
চক্রং দিব্যং সহস্রারমগৃহ্ণাদ্ব্যথিতো ভৃশম্ ॥৪৯॥
ক্ষুরান্তং বালসূর্য্যাভং মণিরত্নবিভূষিতম্।
চিক্ষেপাধিরথেঃ ক্রুদ্ধো ভৈমসেনির্জিঘাংসয়া ॥৫০॥ (যুগ্মকম্)
প্রবিদ্ধমতিবেগেন বিক্ষিপ্তং কর্ণসায়কৈঃ।
অভাগ্যস্যেব সঙ্কল্পস্তন্মোঘমপতদ্ভুবি ॥৫১॥
ঘটোৎকচস্তু সংক্রুদ্ধো দৃষ্ট্বা চক্রং নিপাতিতম্।
কর্ণং প্রাচ্ছাদয়দ্বাণৈঃ স্বর্ভানুরিব ভাস্বরম্ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। মহাহবে মহাযুদ্ধে ॥৪৭॥

সূতেতি। লঘুহস্তঃ অস্ত্রক্ষেপে শীঘ্রহস্তঃ। অতিক্রম্য অভিভূয় ॥৪৮॥

ঘটোৎকচ ইতি। সহস্রম্ অরা অভ্যন্তরতির্য্যগ্দারূণি যস্য তৎ। ক্ষুরান্তং ক্ষুরবৎ সুধারম্। আধিরথেঃ কর্ণস্যোপরি, ভৈমসেনির্ভীমসেনপুত্রঃ, জিঘাংসয়া হন্তুমিচ্ছয়া ॥৪৯—৫০॥

প্রেতি। প্রবিদ্ধং ঘূর্ণিতম্। অভাগ্যস্য জনস্য। মোঘং ব্যর্থং সৎ ॥৫১॥

ঘটোৎকচ ইতি। স্বর্ভানুঃ ভূমিচ্ছায়ারূপো রাহুঃ ॥৫২॥

ক্রমে সেই বাণগুলি কর্ণের দেহ ভেদ করিয়া রক্তাক্ত হইয়া ক্রুদ্ধ সর্পগণের ন্যায় ভূতলে প্রবেশ করিতে লাগিল ॥৪৭॥

কিন্তু লঘুহস্ত ও প্রতাপশালী কর্ণ তখন অত্যন্তক্রুদ্ধ হইয়া অভিভূত করিয়া দশটা বাণদ্বারা ঘটোৎকচকে বিদারণ করিলেন ॥৪৮॥

কর্ণ মর্ম্মস্থানগুলিতে গুরুতর বিদীর্ণ করিলে, ভীমসেননন্দন ঘটোৎকচ অতিশয় ব্যথিত ও ক্রুদ্ধ হইয়া কর্ণকে বধ করিবার ইচ্ছা করিয়া অলৌকিক, সহস্র-তির্য্যক্‌কাষ্ঠযুক্ত, ক্ষুরধার, নবোদিত সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং মণি-রত্ন-বিভূষিত একটা চক্র গ্রহণ করিল ও তাহা কর্ণের উপরে নিক্ষেপ করিল ॥৪৯—৫০॥

অতিবেগে নিক্ষিপ্ত ও ঘূর্ণিত সেই চক্রটা, ভাগ্যহীন লোকের অভিলাষের ন্যায় কর্ণের বাণে ব্যর্থ হইয়া ভূতলে পতিত হইল ॥৫১॥

(৪৭) ততস্তে রুধিরাসিক্তাঃ···পি বর্দ্ধ।

সূতপুত্রস্ত্বসংভ্রান্তো রুদ্রোপেন্দ্রেন্দ্রবিক্রমঃ।
ঘটোৎকচরথং তূর্ণং ছাদয়ামাস পত্রিভিঃ ॥৫৩॥
ঘটোৎকচেন ক্রুদ্ধেন গদা হেমাঙ্গদা তদা।
ক্ষিপ্তা ভ্রাম্য শরৈঃ সাপি কর্ণেনাভ্যাহতাপতৎ ॥৫৪॥
ততোঽন্তরীক্ষমুৎপত্য কালমেঘ ইবোন্নদন্।
প্রববর্ষ মহাকায়ো দ্রুমবর্ষং নভস্তলাৎ ॥৫৫॥
ততো মায়াবিনং কর্ণো ভীমসেনসুতং দিবি।
মার্গণৈরভিবিব্যাধ ঘনং সূর্য্য ইবাংশুভিঃ ॥৫৬॥
তস্য সর্ব্বান্ হয়ান্ হত্বা সংছিদ্য শতধা রথম্।
অভ্যবর্ষচ্ছরৈঃ কর্ণঃ পর্জন্য ইব বৃষ্টিভিঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

সূতেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ, রুদ্রস্য উপেন্দ্রস্য বিষ্ণোরিন্দ্রস্যেব চ বিক্রমো যস্য সঃ ॥৫৩॥

ঘটোৎকচেনেতি। হেম্নঃ স্বর্ণস্য অঙ্গদং কেয়ূরং যস্যাং সা। ভ্রাম্য ঘূর্ণয়িত্বা ॥৫৪॥

তত ইতি। উন্নদন্ উদ্গর্জন্। প্রববর্ষ চকার। দ্রুমবর্ষং বৃক্ষবৃষ্টিম্ ॥৫৫॥

তত ইতি। মার্গণৈর্বাণৈঃ, ঘনং মেঘম্ ॥৫৬॥

তস্যেতি। অভ্যবর্ষৎ আকাশস্থং ঘটোৎকচমেব। পর্জন্যো মেঘঃ ॥৫৭॥

চক্রটা নিপাতিত হইল দেখিয়া ঘটোৎকচ আরও ক্রুদ্ধ হইয়া—রাহু যেমন সূর্য্যকে আবৃত করে, সেইরূপ বাণদ্বারা কর্ণকে আবৃত করিল ॥৫২॥

কিন্তু রুদ্র, বিষ্ণু ও ইন্দ্রের ন্যায় বিক্রমশালী কর্ণ অবিচলিত থাকিয়াই বাণদ্বারা সত্বর ঘটোৎকচের রথখানাকেই আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

তখন ঘটোৎকচ অতিশয় ক্রুদ্ধ হইয়া স্বর্ণভূষিত একটা গদা ঘূর্ণিত করিয়া নিক্ষেপ করিল ; পরে সেটাও কর্ণের বাণে প্রতিহত হইয়া পতিত হইল ॥৫৪॥

তদনন্তর বিশালদেহ ঘটোৎকচ আকাশে উঠিয়া কৃষ্ণবর্ণ মেঘের ন্যায় উচ্চস্বরে গর্জন করিতে থাকিয়া আকাশ হইতে বৃক্ষবর্ষণ করিতে লাগিল ॥৫৫॥

তৎপরে সূর্য্য যেমন কিরণদ্বারা মেঘ বিদ্ধ করেন, সেইরূপ কর্ণ বাণদ্বারা আকাশেই মায়াবী ঘটোৎকচকে বিদ্ধ করিতে থাকিলেন ॥৫৬॥

ক্রমে কর্ণ ঘটোৎকচের সমস্ত অশ্ব বধ এবং রথখানাকে শতখণ্ডে ছেদন করিয়া মেঘের ন্যায় ঘটোৎকচের উপরে বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৫৭॥

---

(৫৩)···রুদ্রেন্দ্রোপেন্দ্রবিক্রমঃ···পি।

ন চাস্যাসীদনির্ভিন্নং গাত্রে দ্ব্যঙ্গুলমন্তরম্।
সোঽদৃশ্যত মুহূর্ত্তেন শ্বাবিচ্ছললিতো যথা ॥৫৮॥
ন হয়ান্ ন রথং তস্য ন ধ্বজং ন ঘটোৎকচম্।
দৃষ্টবন্তঃ স্ম সমরে শরৌঘৈরভিসংপ্লুতম্ ॥৫৯॥
স তু কর্ণস্য তদ্দিব্যমস্ত্রমস্ত্রেণ শাতয়ন্।
মায়াযুদ্ধেন মায়াবী সূতপুত্রমযোধয়ৎ ॥৬০॥
সোঽযোধয়ত্তদা কর্ণং মায়য়া লাঘবেন চ।
অলক্ষ্যমাণানি দিবি শরজালানি চাপতন্ ॥৬১॥
ভৈমসেনির্মহামায়ো মায়য়া কুরুসত্তম!।
বিচচার মহাকায়ো মোহয়ন্নিব ভারত! ॥৬২॥

ভারতকৌমুদী

নেতি। অন্তরমবকাশঃ। শ্বাবিৎ পশুবিশেষঃ, শললিতঃ কণ্টকিতঃ ॥৫৮॥
নেতি। দৃষ্টবন্তো বয়ম্। অভিসংপ্লুতং সর্ব্বতঃ সমাবৃতম্ ॥৫৯॥
স ইতি। দিব্যং স্বর্গীয়ম্, শাতয়ন্ বিনাশয়ন্ ॥৬০॥
স ইতি। লাঘবেন ত্বরয়া। অলক্ষ্যমাণানি লাঘবাদেবাদৃশ্যমানানি ॥৬১॥
ভৈমেতি। ভৈমসেনির্ভীমসেনপুত্রো ঘটোৎকচঃ। মোহয়ন্ কুরুযোধান্ ॥৬২॥

তখন ঘটোৎকচের শরীরের দুই আঙ্গুল স্থানও অবিদীর্ণ বা ফাঁক্ থাকিল না। সুতরাং মুহূর্ত্তমধ্যেই ঘটোৎকচকে কণ্টকপূর্ণ শেজারুর ন্যায় দেখা যাইতে থাকিল ॥৫৮॥

কর্ণের বাণে একেবারে আবৃত হইয়া যাওয়ায় ঘটোৎকচের অশ্ব, রথ, ধ্বজ বা তাহাকে আমরা দেখিতে পাইলাম না ॥৫৯॥

তখন মায়াবী ঘটোৎকচ আপন অস্ত্রে কর্ণের সেই অলৌকিক অস্ত্র বিনষ্ট করিয়া কর্ণের সহিত মায়াযুদ্ধ করিতে লাগিল ॥৬০॥

সেই সময়ে ঘটোৎকচ মায়া সহকারে সত্বর কর্ণের সহিত যুদ্ধ করিতে থাকিল। তাহাতে আকাশে দৃষ্টিগোচর না হইয়াই বাণ সকল পতিত হইতে লাগিল ॥৬১॥

কৌরবশ্রেষ্ঠ ভরতনন্দন! পরে মহামায়াশালী ও বিশালদেহ ঘটোৎকচ কৌরবযোদ্ধাদিগকে মুগ্ধ করতই যেন বিচরণ করিতে থাকিল ॥৬২॥

---

(৫৯)···শরৌঘৈরভিসংবৃতম্—নি।

স তু কৃত্বা বিরূপাণি বদনান্যশুভাননঃ।
অগ্রসৎ সূতপুত্রস্য দিব্যান্যস্ত্রাণি মায়য়া ॥৬৩॥
পুনশ্চাপি মহাকায়ঃ সংছিন্নঃ শতধা রণে।
গতসত্ত্বো নিরুৎসাহঃ পতিতঃ খাদ্ব্যদৃশ্যত ॥৬৪॥
তং হতং মন্যমানাঃ স্ম প্রাণদন্ কুরুপুঙ্গবাঃ।
অথ দেহৈর্নবৈরন্যৈর্দিক্ষু সর্বাস্বদৃশ্যত ॥৬৫॥
পুনশ্চাপি মহাকায়ঃ শতশীর্ষঃ শতোদরঃ।
ব্যদৃশ্যত মহাবাহুর্মৈনাক ইব পর্ব্বতঃ ॥৬৬॥
অঙ্গুষ্ঠমাত্রো ভূত্বা চ পুনরেব স রাক্ষসঃ।
সাগরোর্ম্মিরিবোদ্ধূতস্তির্য্যগূর্দ্ধমবর্ত্তত ॥৬৭॥
বসুধাং দারয়িত্বা চ পুনরপ্সু ন্যমজ্জত।
অদৃশ্যত তদা তত্র পুনরুন্মজ্জিতোঽন্যতঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

স ইতি। বিরূপাণি বিবিধরূপাণি, অশুভাননঃ স্বত এবাসুন্দরমুখঃ ॥৬৩॥
পুনরিতি। সংছিন্নো বিদীর্ণঃ। গতসত্ত্বঃ শতাঘাতাদ্দুর্বলীভূতঃ। খাদাকাশাৎ ॥৬৪॥
তমিতি। স্মশব্দঃ পাদপূরণে। প্রাণদন্ আনন্দেন ॥৬৫॥
পুনরিতি। শতং শীর্ষাণি শিরাংসি যস্য সঃ ॥৬৬॥
অঙ্গুষ্ঠেতি। সাগরস্য উর্ম্মিস্তরঙ্গঃ, উদ্ধূত আকাশমুৎপতিতঃ ॥৬৭॥

ক্রমে বিকটমুখ ঘটোৎকচ মায়ার প্রভাবে বিবিধরূপ বহুতর মুখ আবিষ্কার করিয়া কর্ণের দিব্য অস্ত্র সকল গ্রাস করিতে লাগিল ॥৬৩॥

আবার দেখা গেল—বিশালদেহ ঘটোৎকচ কর্ণের বাণে শতধা বিদীর্ণ, দুর্ব্বল ও নিরুৎসাহ হইয়া আকাশ হইতে পতিত হইল ॥৬৪॥

তখন কৌরবশ্রেষ্ঠেরা তাহাকে নিহত মনে করিয়া আনন্দে কোলাহল করিতে লাগিলেন। তাহার পরেই আবার তাহাকে অন্য নূতন শরীরে সকল দিকে দেখা যাইতে লাগিল ! ॥৬৫॥

পরক্ষণেই আবার বিশালশরীর, শতমস্তক, শতোদর ও বিশালবাহু হইয়া মৈনাকপর্ব্বতের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিল ॥৬৬॥

পুনরায় সেই রাক্ষস অঙ্গুষ্ঠপ্রমাণ হইয়া সমুদ্রতরঙ্গের ন্যায় উঠিয়া পার্শ্বে ও উপরে থাকিতে লাগিল ॥৬৭॥

(৬৩) স স্ম কৃত্বা…পি বঙ্গ বৰ্দ্ধ,…বদনাক্যশুভানি চ…বা নি। (৬৭)…তির্য্যগূর্দ্ধমবৰ্দ্ধত —বৰ্দ্ধ।

সোঽবতীর্য্য পুনস্তস্থৌ রথে হেমপরিষ্কৃতে।
ক্ষিতিং খঞ্চ দিশশ্চৈব মায়য়াভ্যেত্য দংশিতঃ ॥৬৯॥
গত্বা কর্ণরথাভ্যাসং বিচলৎকুণ্ডলাননঃ।
প্রাহ বাক্যমসংভ্রান্তঃ সূতপুত্রং বিশাংপতে! ॥৭০॥
তিষ্ঠেদানীং ক মে জীবন্ সূতপুত্র! গমিষ্যসি।
যুদ্ধশ্রদ্ধামহং তেঽদ্য বিনেষ্যামি রণাজিরে ॥৭১॥
ইত্যুক্ত্বা রোষতাম্রাক্ষং রক্ষঃ ক্রূরপরাক্রমম্।
উৎপপাতান্তরীক্ষঞ্চ জহাস চ সুবিস্বরম্।
কর্ণমভ্যহনচ্চৈব গজেন্দ্রমিব কেশরী ॥৭২॥
রথাক্ষমাত্রৈরিষুভিরভ্যবর্ষদ্ঘটোৎকচঃ।
রথিনামৃষভং কর্ণং ধারাভিরিব তোয়দঃ।
শরবৃষ্টিঞ্চ তাং কর্ণো দূরাৎ প্রাপ্তামশাতয়ৎ ॥৭৩॥

ভারতকৌমুদী

বহ্বাসিতি। অপ্সু অন্তর্জলে। উন্মজ্জিত উত্থিতঃ, অন্যতঃ অন্যত্র ॥৬৮॥

স ইতি। অবতীর্য্য গগনাদিতি শেষঃ। এতেন জলাদ্গগনোত্থানং প্রত্যেতব্যম্। রথে পূর্ব্বরথবিনাশান্মায়াকল্পিতে, হেম্না পরিষ্কৃতে শোভিতে। খমাকাশম্। দংশিতঃ সন্নদ্ধঃ ॥৬৯॥

গত্বেতি। কর্ণরথস্য অভ্যাসং সমীপম্, বিচলতী কুণ্ডলে যস্য তত্তাদৃশমাননং যস্য সঃ ॥৭০॥

তিষ্ঠেতি। যুদ্ধস্য শ্রদ্ধামাগ্রহম্, বিনেষ্যামি বিনাশেন দূরীকরিষ্যামি ॥৭১॥

ইতীতি। রক্ষো রাক্ষসো ঘটোৎকচঃ। সুবিস্বরং যথা স্যাত্তথা। ষট্পাদঃ শ্লোকঃ ॥৭২॥

আবার ভূমি বিদারণ করিয়া তত্রত্য জলের ভিতরে নিমগ্ন হইল; পুনরায় সেই জলেই অন্যদিকে যাইয়া মাথা তুলিল দেখা গেল ॥৬৮॥

ঘটোৎকচ মায়ার প্রভাবে আবার যুদ্ধসজ্জায় সজ্জিত হইয়া আকাশে উঠিয়া পুনরায় তথা হইতে নামিয়া ভূমি, গগন ও সকলদিকে বিচরণ করিয়া মায়া-কল্পিত স্বর্ণভূষিত রথে যাইয়া অবস্থান করিল ॥৬৯॥

নরনাথ! পরে অবিচলিতভাবে কর্ণের রথের নিকটে যাইয়া তাঁহাকে এই কথা বলিল; তৎকালে তাহার কর্ণের কুণ্ডল দুইটা দুলিতে লাগিল ॥৭০॥

'সূতপুত্র! থাক, জীবিত অবস্থায় আমার নিকট হইতে এখন কোথায় যাইবে; আমি আজ সমরাঙ্গনে তোমার যুদ্ধের আগ্রহ দূর করিব' ॥৭১॥

এই কথা বলিয়া কঠিনবিক্রমশালী ঘটোৎকচ ক্রোধে আরক্তনয়ন হইয়া আকাশে উঠিল, উচ্চস্বরে হাস্য করিল এবং সিংহ যেমন হস্তীকে আঘাত করে, সেইরূপ কর্ণকে আঘাত করিতে লাগিল ॥৭২॥

দৃষ্ট্বা চ বিহতাং মায়াং কর্ণেন ভরতর্ষভ ! ।
ঘটোৎকচস্ততো মায়াং সসর্জান্তর্হিতঃ পুনঃ ॥৭৪॥
সোঽভবদ্‌গিরিরত্যুচ্চঃ শিখরৈস্তরুসঙ্কটঃ ।
শূলপ্রাসাসিমুষলজলপ্রস্রবণো মহান্ ॥৭৫॥
তমঞ্জনচয়প্রখ্যং দৃষ্ট্বা কর্ণো মহীধরম্ ।
প্রপাতৈরায়ুধান্যুগ্রাণ্যুদ্বহন্তং ন চুক্ষুভে ॥৭৬॥
স্ময়ন্নিব ততঃ কর্ণো দিব্যমস্ত্রমুদৈরয়ৎ ।
ততঃ সোঽস্ত্রেণ শৈলেন্দ্রো বিক্ষিপ্তো বৈ ব্যনশ্যত ॥৭৭॥
ততঃ স তোয়দো ভূত্বা নীলঃ সেন্দ্রায়ুধো দিবি ।
অশ্মবৃষ্টিভিরত্যুগ্রঃ সূতপুত্রমবাকিরৎ ॥৭৮॥

ভারতকৌমুদী

রথেতি। রথস্য অক্ষমাত্রৈর্দীর্ঘদারুবিশেষপ্রমাণৈঃ। অশাতয়ন্নাশয়ৎ। ষট্পাদঃ ॥৭৩॥

দৃষ্ট্বেতি। মায়ামপরবিধাম্, সসর্জ চকার ॥৭৪॥

তাং মায়ামাহ স ইতি। শিখরৈর্বিশিষ্টঃ, তরুসঙ্কটো বৃক্ষাকীর্ণঃ। শূলপ্রাসাসিমুষলা এব জলানি তেষাং প্রস্রবণং নিঃসরণং যস্মাৎ স তাদৃশঃ ॥৭৫॥

তমিতি। অঞ্জনচয়প্রখ্যং কজ্জলরাশিতুল্যম্। প্রপাতৈর্জলপ্রস্রবণৈস্তুল্যানীতি শেষঃ ॥৭৬॥

স্ময়ন্নিতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। উদৈরয়ৎ চিক্ষেপ ॥৭৭॥

তত ইতি। তোয়দো মেঘঃ। সেন্দ্রায়ুধ ইন্দ্রধনুষা যুক্তঃ। অশ্মনাং শিলানাং বৃষ্টিভিঃ ॥৭৮॥

ক্রমে মেঘ যেমন জলধারা বর্ষণ করে, ঘটোৎকচ সেইরূপ রথিশ্রেষ্ঠ কর্ণের উপরে রথের দীর্ঘকাষ্ঠপ্রমাণ বাণ সকল বর্ষণ করিতে থাকিল। তখন কর্ণ দূর হইতেই সেই বাণবৃষ্টি নিবারণ করিতে থাকিলেন ॥৭৩॥

ভরতশ্রেষ্ঠ! কর্ণ মায়া বিনষ্ট করিয়াছেন দেখিয়া ঘটোৎকচ পুনরায় অন্তর্হিত হইয়া অন্যপ্রকার মায়া সৃষ্টি করিল ॥৭৪॥

সে, বৃক্ষসমাকীর্ণ ও বহুশৃঙ্গযুক্ত অত্যুচ্চ একটা বিশাল পর্ব্বত হইল; তাহা হইতে জলের ন্যায় শূল, প্রাস, অসি ও মুষল পতিত হইতে থাকিল ॥৭৫॥

কজ্জলরাশির তুল্য সেই পর্ব্বত জলপ্রপাতের ন্যায় ভীষণ অস্ত্র সকল বহন করিতেছিল; কর্ণ তাহা দেখিয়াও বিচলিত হইলেন না ॥৭৬॥

বরং কর্ণ ঈষৎ হাস্য করতই যেন এক অলৌকিক অস্ত্র নিক্ষেপ করিলেন; পরে সেই অস্ত্রের প্রভাবে সেই বিশাল পর্ব্বত বিক্ষিপ্ত হইয়া বিনষ্ট হইল ॥৭৭॥

অথ সন্ধায় বায়ব্যমস্ত্রমস্ত্রবিদাং বরঃ।
ব্যধমৎ কালমেঘং তং কর্ণো বৈকর্ত্তনো বৃষঃ ॥৭৯॥
স মার্গণগণৈঃ কর্ণো দিশঃ প্রচ্ছাদ্য সর্ব্বশঃ।
জঘানাস্ত্রং মহারাজ! ঘটোৎকচসমীরিতম্ ॥৮০॥
ততঃ প্রহস্য সমরে ভৈমসেনির্মহাবলঃ।
প্রাদুশ্চক্রে মহামায়াং কর্ণং প্রতি মহারথম্ ॥৮১॥
স দৃষ্ট্বা পুনরায়ান্তং রথেন রথিনাং বরম্।
ঘটোৎকচমসংভ্রান্তং রাক্ষসৈর্বহুভির্বৃতম্ ॥৮২॥
সিংহশার্দ্দূলসদৃশৈর্মত্তমাতঙ্গবিক্রমৈঃ।
গজস্থৈশ্চ রথস্থৈশ্চ বাজিপৃষ্ঠগতৈস্তথা।
নানাশস্ত্রধরৈর্ঘোরৈর্নানাকবচভূষণৈঃ ॥৮৩॥
বৃতং ঘটোৎকচং ক্রূরৈর্মরুদ্ভিরিব বাসবম্।
দৃষ্ট্বা কর্ণো মহেষ্বাসো যোধয়ামাস রাক্ষসম্ ॥৮৪॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অথেতি। ব্যধমৎ বানাশয়ৎ। বৈকর্ত্তনো বৃষ ইতি কর্ণস্যৈব নামান্তরদ্বয়ম্ ॥৭৯॥

স ইতি। মার্গণগণৈর্বাণসমূহৈঃ। সর্ব্বশঃ সর্ব্বাঃ। ঘটোৎকচেন সমীরিতং ক্ষিপ্তম্ ॥৮০॥

তত ইতি। ভৈমসেনির্ঘটোৎকচঃ। মহামায়ামন্তবিধাম্ ॥৮১॥

অথ কাসৌ মহামায়েত্যাহ স ইতি। রথেন প্রকৃতরথস্য কর্ণেন নাশিতত্বান্মহামায়া-কল্পিতেন। অসংভ্রান্তমবিচলিতম্। সিংহশার্দ্দূলসদৃশৈর্বলে। ষট্‌পাদঃ। ক্রূরৈর্হিংস্রৈঃ, মরুদ্ভির্দেবৈঃ, বাসবমিন্দ্রম্। মহান্ ইষ্বাসো ধনুর্যস্য সঃ ॥৮২—৮৪॥

তদনন্তর ঘটোৎকচ আকাশে ইন্দ্রায়ুধযুক্ত একটা অতিভীষণ নীলমেঘ হইয়া কর্ণের উপরে প্রস্তর বর্ষণ করিতে লাগিল ॥৭৮॥

তাহার পর অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ বিকর্ত্তননন্দন বৃষনামক কর্ণ বায়ব্য অস্ত্র সন্ধান করিয়া সেই কালমেঘটাকে বিনষ্ট করিলেন ॥৭৯॥

মহারাজ! ক্রমে কর্ণ বাণসমূহদ্বারা সমস্ত দিক্ আবৃত করিয়া ঘটোৎকচ-নিক্ষিপ্ত অস্ত্র সকল প্রতিহত করিতে লাগিলেন ॥৮০॥

তৎপরে মহাবল ঘটোৎকচ হাস্য করিয়া মহারথ কর্ণের প্রতি সমরাঙ্গনে আর একপ্রকার মহামায়া আবিষ্কার করিল ॥৮১॥

রথিশ্রেষ্ঠ ঘটোৎকচ রথারোহণ করিয়া বহুতর রাক্ষসে পরিবেষ্টিত হইয়া অবিচলিতভাবে পুনরায় দেবগণবেষ্টিত ইন্দ্রের ন্যায় আসিতে লাগিল।

ঘটোৎকচস্ততঃ কর্ণং বিদ্ধা পঞ্চভিরায়সৈঃ।
ননাদ ভৈরবং নাদং ভীষয়ন্ সর্ব্বপার্থিবান্ ॥৮৫॥
ভূয়শ্চাঞ্জলিকেনাথ সমার্গণগুণং মহৎ।
কর্ণহস্তস্থিতং চাপং চিচ্ছেদাশু ঘটোৎকচঃ ॥৮৬॥
অথান্যদ্ধনুরাদায় দৃঢ়ং ভারসহং মহৎ।
বিচকর্ষ বলাৎ কর্ণ ইন্দ্রায়ুধমিবোচ্ছ্রিতম্ ॥৮৭॥
ততঃ কর্ণো মহারাজ! প্রেষয়ামাস সায়কান্।
সুবর্ণপুঙ্খান্ শত্রুঘ্নান্ খচরান্ রাক্ষসান্ প্রতি ॥৮৮॥
তদ্বাণৈরর্দ্দিতং যূথং রক্ষসাং পীনবক্ষসাম্।
সিংহেনেবার্দ্দিতং বন্যং গজানামাকুলং কুলম্ ॥৮৯॥

ভারতকৌমুদী

ঘটোৎকচ ইতি। আয়সৈর্লৌহময়ৈর্বাণৈঃ। ননাদ চকার, ভীষয়ন্ ভয়ং প্রাপয়ন্ ॥৮৫॥
ভূয় ইতি। অঞ্জলিকেন তদাখ্যেন বাণেন, মার্গণেন বাণেন গুণেন চ সহেতি তৎ ॥৮৬॥
অথেতি। ভারসহং গুরুতরাকর্ষণসহম্। উচ্ছ্রিতং গগনে উত্থিতম্ ॥৮৭॥
তত ইতি। শত্রুঘ্নান্ শত্রুনাশকান্, খচরান্ আকাশগামিনঃ ॥৮৮॥
তদিতি। যূথং বৃন্দম্, পীনবক্ষসাং স্থূলবক্ষসাম্। আকুলমভবদিতি শেষঃ ॥৮৯॥

তখন সিংহ ও ব্যাঘ্রের তুল্য বলবান্, মত্তহস্তীর ন্যায় বিক্রমশালী, হস্তী, অশ্ব ও রথারোহী, নানাবিধশস্ত্রধারী এবং নানাপ্রকার কবচ ও অলঙ্কারযুক্ত ক্রূরপ্রকৃতি সেই ভয়ঙ্কর রাক্ষসেরা দৃষ্টিগোচর হইল। ক্রমে মহাধনুর্দ্ধর কর্ণ তাহাদিগকে দেখিয়া দেখিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৮২—৮৪॥

তদনন্তর ঘটোৎকচ পাঁচটা লৌহময় বাণদ্বারা কর্ণকে বিদ্ধ করিয়া সমস্ত রাজার ভয় উৎপাদন করতঃ ভীষণ গর্জন করিল ॥৮৫॥

তাহার পর আবার ঘটোৎকচ সত্বর একটা অঞ্জলিকদ্বারা বাণ ও গুণের সহিতই কর্ণের হস্তস্থিত ধনু ছেদন করিল ॥৮৬॥

তৎপরে কর্ণ—দৃঢ়, অধিকাকর্ষণসহ ও বিশাল গগনোত্থিত ইন্দ্রধনুর ন্যায় অন্য একখানা ধনু লইয়া বলপূর্ব্বক তাহা আকর্ষণ করিলেন ॥৮৭॥

মহারাজ! পরে কর্ণ—স্বর্ণপুঙ্খ, শত্রুনাশক ও আকাশচারী কতকগুলি বাণ রাক্ষসগণের প্রতি নিক্ষেপ করিলেন ॥৮৮॥

তখন স্থূলবক্ষ রাক্ষসগণ সেই বাণসমূহে পীড়িত হইয়া সিংহপীড়িত বন্য হস্তিগণের ন্যায় বিহ্বল হইয়া পড়িল ॥৮৯॥

(৮৬)···সমার্গণগণং মহৎ···বা নি। (৮৮)···খেচরান্ রাক্ষসান্ প্রতি—বা নি।

বিধম্য রাক্ষসান্ বাণৈঃ সাশ্বসূতগজান্ বিভুঃ।
দদাহ ভগবান্ বহ্নির্ভূতানীব যুগক্ষয়ে ॥৯০॥
স হত্বা রাক্ষসীং সেনাং শুশুভে সূতনন্দনঃ।
পুরেব ত্রিপুরং দগ্ধ্বা দিবি দেবো মহেশ্বরঃ ॥৯১॥
তেষু রাজসহস্রেষু পাণ্ডবেয়েষু মারিষ!।
নৈনং নিরীক্ষিতুমপি কশ্চিচ্ছক্নোতি পার্থিব! ॥৯২॥
ঋতে ঘটোৎকচাদ্রাজন্! রাক্ষসেন্দ্রান্মহাবলাৎ।
ভীমবীর্য্যবলোপেতাৎ ক্রুদ্ধাদ্বৈবস্বতাদিব ॥৯৩॥ (যুগ্মকম্)
তস্য ক্রুদ্ধস্য নেত্রাভ্যাং পাবকঃ সমজায়ত।
মহোল্কাভ্যাং যথা রাজন্! সার্চ্চিষঃ স্নেহবিন্দবঃ ॥৯৪॥

ভারতকৌমুদী

বিধম্যেতি। বিধম্য পূর্ব্বৈর্বাণৈর্নিপীড্য, বাণৈরপরৈঃ, বিভুর্বলপ্রভাবশালী কর্ণঃ ॥৯০॥

স ইতি। ত্রিপুরং নামাসুরম্, দিবি স্বর্গে ॥৯১॥

তেম্বিতি। পাণ্ডবেয়েষু পাণ্ডবপক্ষীয়েষু। ঋতে বিনা। ভীমং ভীষণং যদ্বীর্য্যং দৈহিকী শক্তিঃ বলং মানসিকী শক্তিশ্চ তাভ্যামুপেতাৎ, বৈবস্বতাৎ যমাৎ ॥৯২—৯৩॥

তস্যেতি। তস্য ঘটোৎকচস্য। সার্চ্চিষঃ অগ্নিশিখাযুক্তাঃ, স্নেহবিন্দবস্তৈলকণাঃ ॥৯৪॥

শক্তিশালী কর্ণ পূর্ব্ববাণসমূহদ্বারা রাক্ষসগণকে পীড়ন করিয়া অপর বাণসমূহে—প্রলয়কালে ভগবান্ অগ্নি যেমন সর্বভূত দগ্ধ করেন, সেইরূপ রাক্ষসগণকে দগ্ধ করিয়া ফেলিলেন ॥৯০॥

পূর্বকালে স্বর্গে মহাদেব যেমন ত্রিপুরাসুরকে দগ্ধ করিয়া শোভা পাইয়াছিলেন, সেইরূপ কর্ণও তখন রাক্ষসগণকে দগ্ধ করিয়া শোভা পাইতে লাগিলেন ॥৯১॥

মাননীয় রাজা! ক্রুদ্ধ যমের ন্যায় ভীষণ বলবীর্য্যসম্পন্ন, মহাপ্রভাবান্বিত ও রাক্ষসশ্রেষ্ঠ একমাত্র ঘটোৎকচ ব্যতীত তৎকালে পাণ্ডবপক্ষীয় সেই সহস্র সহস্র রাজার মধ্যে কোন ব্যক্তিই কর্ণের প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইলেন না ॥৯২—৯৩॥

রাজা! তখন দুইটা মহোল্কা (বড় মশাল) হইতে অগ্নিশিখাযুক্ত তৈলবিন্দুর ন্যায় ক্রুদ্ধ ঘটোৎকচের নয়নযুগল হইতে অগ্নি নির্গত হইতে লাগিল ॥৯৪॥

---

(৯২)··· শক্নোতি পার্থিবঃ—বর্দ্ধ।

তলং তলেন সংহত্য সংদশ্য দশনচ্ছদম্ ।
রথমাস্থায় চ পুনর্মায়য়া নির্ম্মিতং তদা ॥৯৫॥
যুক্তং গজনিভৈর্বাহৈঃ পিশাচবদনৈঃ খরৈঃ ।
স সূতমব্রবীৎ ক্রুদ্ধঃ সূতপুত্রায় মাং বহ ॥৯৬॥ (যুগ্মকম্)
স যযৌ ঘোররূপেণ রথেন রথিনাং বরঃ ।
দ্বৈরথং সূতপুত্রেণ পুনরেব বিশাংপতে ! ॥৯৭॥
স চিক্ষেপ পুনঃ ক্রুদ্ধঃ সূতপুত্রায় রাক্ষসঃ ।
অষ্টচক্রাং মহাঘোরামশনীং রুদ্রনির্ম্মিতাম্ ॥৯৮॥
দ্বিযোজনসমুৎসেধাং যোজনায়ামবিস্তরাম্ ।
আয়সীং নিচিতাং শূলৈঃ কদম্বমিব কেশরৈঃ ॥৯৯॥ (যুগ্মকম্)
তামবপ্লুত্য জগ্রাহ কর্ণো ন্যস্য মহদ্ধনুঃ ।
চিক্ষেপ চৈনাং তস্যৈব স্যন্দনাৎ সোঽবপুপ্লুবে ॥১০০॥

ভারতকৌমুদী

তলমিতি। তলং করতলম্, তলেন করতলান্তরেণ, সংদশ্য দন্তৈরাক্রম্য, দশনচ্ছদমোষ্ঠম্। আস্থায় আরুহ্য। বাহৈঃ রথবাহকৈঃ, খরৈর্গর্দ্ধভৈঃ। সূতং স্বসারথিম্ ॥৯৫—৯৬॥

স ইতি। দ্বাভ্যাং রথাভ্যাং প্রবৃত্তমিতি দ্বৈরথং যুদ্ধম্, সূতপুত্রেণ সহ ॥৯৭॥

স ইতি। অশনীং বজ্রম্। যোজনমত্র বিতস্তিঃ। তেন বিতস্তিদ্বয়োচ্চাম্, যোজনায়ামবিস্তরাং বিতস্তিপ্রমাণদৈর্ঘ্যবিস্তারাম্। আয়সীং লৌহময়ীম্, নিচিতাং ব্যাপ্তাম্, শূলৈঃ শল্যৈঃ ॥৯৮—৯৯॥

তামিতি। অবপ্লুত্য রথাদবতীর্য। ন্যস্য রথে সংস্থাপ্য। স্যন্দনাৎ রথাৎ ॥১০০॥

তখন ক্রুদ্ধ ঘটোৎকচ করতলদ্বারা করতলে আঘাত ও দন্তদ্বারা ওষ্ঠদংশন করিয়া হস্তীর তুল্য বৃহৎ ও পিশাচবদন গর্দ্দভযুক্ত এবং মায়াকল্পিত রথে আরোহণপূর্ব্বক নিজ সারথিকে বলিল—'সারথি ! আমাকে কর্ণের দিকে লইয়া চল' ॥৯৫—৯৬॥

নরনাথ ! তাহার পর রথিশ্রেষ্ঠ ঘটোৎকচ ভয়ঙ্কর রথে আরোহণ করিয়া পুনরায় কর্ণের সহিত দ্বৈরথযুদ্ধে গমন করিল ॥৯৭॥

ক্রমে ক্রুদ্ধ ঘটোৎকচ পুনরায় কর্ণের প্রতি একটা রুদ্রনির্ম্মিত অষ্টচক্র ও লৌহময় মহাভয়ঙ্কর বজ্র নিক্ষেপ করিল। তাহার উচ্চতা হস্তপরিমিত এবং দৈর্ঘ্য ও বিস্তার অর্দ্ধহস্তপরিমিত ছিল; আর কদম্বপুষ্প যেমন কেশরদ্বারা ব্যাপ্ত থাকে, সেইরূপ সে বজ্রটা শঙ্কুতে (পেরেকে) ব্যাপ্ত ছিল ॥৯৮—৯৯॥

সাশ্বসূতধ্বজং যানং ভস্ম কৃত্বা মহাপ্রভা।
বিবেশ বসুধাং ভিত্ত্বা সুরাস্তত্র বিসিস্মিয়ুঃ ॥১০১॥
কর্ণস্তু সর্ব্বভূতানি পূজয়ামাসুরঞ্জসা।
যদবপ্লুত্য জগ্রাহ দেবসৃষ্টাং মহাশনীম্ ॥১০২॥
এবং কৃত্বা রণে কর্ণ আরুরোহ রথং পুনঃ।
ততো মুমোচ নারাচান্ সূতপুত্রঃ পরন্তপঃ ॥১০৩॥
অশক্যং কর্ত্তুমন্যেন সর্ব্বভূতেষু মানদ ! ।
যদকার্ষীত্তদা কর্ণঃ সংগ্রামে ভীমদর্শনে ॥১০৪॥
স হন্যমানো নারাচৈর্ধারাভিরিব পর্ব্বতঃ।
গন্ধর্বনগরাকারঃ পুনরন্তরধীয়ত ॥১০৫॥

ভারতকৌমুদী

সাশ্বেতি। যানং ঘটোৎকচস্য রথম্। বিসিস্মিয়ুর্বিস্মিতা বভূবুঃ ॥১০১॥
কর্ণমিতি। পূজয়ামাসুঃ প্রশশংসুঃ, যৎ, অঞ্জসা দ্রুতং রথাদবপ্লুত্য জগ্রাহ ॥১০২॥
এবমিতি। নারাচান্ বাণবিশেষান্ ॥১০৩॥
অশক্যমিতি। সর্ব্বভূতেষু দেবদৈত্যাদিসর্ব্বপ্রাণিষু মধ্যে ॥১০৪॥
স ইতি। স ঘটোৎকচঃ। ধারাভির্মেঘবৃষ্টিভিঃ। গন্ধর্বনগরাকারো গন্ধর্বনগরবৎ ॥১০৫॥

তখন কর্ণ নিজের বিশাল ধনুখানা রথে রাখিয়া রথ হইতে অবতীর্ণ হইয়া সেই বজ্রটা গ্রহণ করিলেন এবং তাহা আবার ঘটোৎকচের উপরেই নিক্ষেপ করিলেন; পরে ঘটোৎকচ রথ হইতে লাফাইয়া পড়িল ॥১০০॥

এই সময়ে সেই মহাদীপ্তিশালী বজ্রটা যাইয়া ঘটোৎকচের অশ্ব, সারথি ও ধ্বজের সহিত রথখানাকে নষ্ট করিয়া ভূতল-বিদারণপূর্ব্বক তাহাতে প্রবেশ করিল; তখন দেবতারা বিস্ময়াপন্ন হইলেন ॥১০১॥

কর্ণ যেহেতু দ্রুত লাফাইয়া পড়িয়া দেবনির্ম্মিত মহাবজ্র ধরিয়া ফেলিলেন, সেই হেতু সমস্ত প্রাণীই কর্ণের প্রশংসা করিতে লাগিল ॥১০২॥

শত্রুসন্তাপক সূতপুত্র কর্ণ যুদ্ধে এইরূপ করিয়া পুনরায় আপন রথে আরোহণ করিলেন এবং পরে ঘটোৎকচের প্রতি বহুতর নারাচ নিক্ষেপ করিলেন ॥১০৩॥

মানী জনের সম্মানকারক রাজা ! তৎকালে ভীমদর্শন সংগ্রামে কর্ণ যাহা করিয়াছিলেন, সমস্ত প্রাণীর মধ্যে অন্যের তাহা করা অসাধ্য ॥১০৪॥

বৃষ্টিধারায় পর্ব্বতের ন্যায় নারাচসমূহে আহত হইতে লাগিলে, ঘটোৎকচ গন্ধর্বনগরের তুল্য পুনরায় অন্তর্হিত হইল ॥১০৫॥

এবং স বৈ মহামায়ো মায়য়া লাঘবেন চ।
অস্ত্রাণি তানি দিব্যানি জঘান রিপুসূদনঃ ॥১০৬॥
নিহন্যমানেষ্বস্ত্রেষু মায়য়া তেন রক্ষসা।
অসংভ্রান্তস্তদা কর্ণস্তদ্রক্ষঃ প্রত্যযুধ্যত ॥১০৭॥
ততঃ ক্রুদ্ধো মহারাজ! ভৈমসেনির্মহাবলঃ।
চকার বহুধাত্মানং ভীষয়াণো মহারথান্ ॥১০৮॥
ততো দিগ্‌ভ্যঃ সমাপেতুঃ সিংহব্যাঘ্রতরক্ষবঃ।
অগ্নিজিহ্বাস্তু ভুজগা বিহগাশ্চাপ্যয়োমুখাঃ ॥১০৯॥
স কীর্য্যমাণো বিশিখৈঃ কর্ণচাপচ্যুতৈঃ শরৈঃ।
নগরাদ্রিবনপ্রখ্যস্তত্রৈবান্তরধীয়ত ॥১১০॥
রাক্ষসাশ্চ পিশাচাশ্চ যাতুধানাস্তথৈব চ।
শালাবৃকাশ্চ বহবো বৃকাশ্চ বিকৃতাননাঃ ॥১১১॥

ভারতকৌমুদী

এবমিতি। লাঘবেন শীঘ্রতয়া। জঘান নিবারয়ামাস ॥১০৬॥
নিহন্যেতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ। তদ্রক্ষঃ তং ঘটোৎকচম্ ॥১০৭॥
তত ইতি। ভীষয়াণো ভয়ং প্রাপয়ন্। মকারাগমাভাব আর্ষঃ ॥১০৮॥
তত ইতি। তরক্ষুরপি ব্যাঘ্রবিশেষঃ। অয়োমুখা লৌহময়বদনাঃ ॥১০৯॥
স ইতি। বিশিখৈঃ শিখাশূন্যৈঃ। নগরাদ্রিবনপ্রখ্য ঐন্দ্রজালিকনগরাদ্রিবনবৎ ॥১১০॥

মহামায়াবী শত্রুদমন ঘটোৎকচ এইভাবে মায়া ও লঘুহস্ততার প্রভাবে কর্ণের সেই সকল দিব্য অস্ত্র প্রতিহত করিল ॥১০৬॥

সেই রাক্ষস মায়াবলে অস্ত্র সকল প্রতিহত করিলেও কর্ণ তখন অবিচলিত থাকিয়াই তাহার সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১০৭॥

মহারাজ! তাহার পর মহাবল ঘটোৎকচ ক্রুদ্ধ হইয়া মহারথগণের ভয়োৎপাদন করতঃ আপনাকে বহুপ্রকারে বিভক্ত করিল ॥১০৮॥

তদনন্তর সিংহ, ব্যাঘ্র, চিত্রব্যাঘ্র, (চিতাবাঘ), অগ্নিজিহ্ব সর্প ও লৌহচঞ্চু পক্ষী সকল নানাদিক্ হইতে আসিতে লাগিল ॥১০৯॥

তখন কর্ণের কার্ম্মুকনির্গত শিখাশূন্য বাণসমূহে আহত হইতে থাকিলে, সেইরূপ বহুরূপধারী ঘটোৎকচ ঐন্দ্রজালিক নগর, পর্ব্বত ও বনের ন্যায় আবারও সেইখানেই অন্তর্হিত হইল ॥১১০॥

(১১০)···নাগরাড়িব ত্বপ্রেক্ষ্যস্তত্রৈব···বা নি।

তে কর্ণং ভক্ষয়িষ্যন্তঃ সর্ব্বতঃ সমুপাদ্রবন্।
অথৈনং বাগ্‌ভিরুগ্রাভিস্ত্রাসয়াঞ্চক্রিরে তদা ॥১১২॥
উদ্যতৈর্বহুভির্ঘোরৈরায়ুধৈঃ শোণিতোক্ষিতৈঃ।
তেষামনেকৈরেকৈকং কর্ণো বিব্যাধ সায়কৈঃ ॥১১৩॥ (যুগ্মকম্)
প্রতিহত্য তু তাং মায়াং দিব্যেনাস্ত্রেণ রাক্ষসীম্।
আজঘান হয়ানস্য শরৈঃ সন্নতপর্ব্বভিঃ ॥১১৪॥
তে ভগ্না বিক্ষতাঙ্গাশ্চ ভিন্নপৃষ্ঠাশ্চ সায়কৈঃ।
বসুধামন্বপদ্যন্ত পশ্যতস্তস্য রক্ষসঃ ॥১১৫॥
স ভগ্নমায়ো হৈড়িম্বঃ কর্ণং বৈকর্ত্তনং তদা।
এষ তে বিদধে মৃত্যুমিত্যুক্ত্বান্তরধীয়ত ॥১১৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি ঘটোৎকচবধে কর্ণঘটোৎকচযুদ্ধে একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

রাক্ষসা ইতি। রাক্ষসাঃ সাধারণাঃ যাতুধানাশ্চ বিকটা রাক্ষসা ইত্যপুনরুক্তিঃ। শালাবৃকাঃ কুকুরাঃ, বৃকা ব্যাঘ্রবিশেষা আবিরাসন্ ॥১১১॥

ত ইতি। সমুপাদ্রবন্ অভ্যধাবন্। বাগ্‌ভিরায়ুধৈশ্চ ত্রাসয়াঞ্চক্রিরে ॥১১২—১১৩॥

প্রতীতি। আজঘান কর্ণ ইত্যনুবৃত্তিঃ, হয়ান্ রথাশ্বান্, অস্য ঘটোৎকচস্য ॥১১৪॥

ত ইতি। ভগ্না ভগ্নাঙ্গাঃ। অন্বপদ্যন্ত প্রাপ্নুবন্ ভূমাবপতন্নিত্যর্থঃ ॥১১৫॥

তৎপরে বিকৃতমুখ বহুতর ক্ষুদ্ররাক্ষস, বৃহৎ রাক্ষস, পিশাচ, কুকুর ও কেন্দুয়া বাঘ আবির্ভূত হইল ॥১১১॥

ক্রমে তাহারা কর্ণকে ভক্ষণ করিবে বলিয়া তাঁহার দিকে বেগে আসিতে লাগিল। পরে সেই রাক্ষস ও পিশাচেরা উগ্র বাক্য এবং রক্তসিক্ত ও ভয়ঙ্কর বহুতর উত্তোলিত অস্ত্রদ্বারা কর্ণকে ত্রস্ত করিয়া তুলিল। তখন কর্ণ অনেক বাণদ্বারা তাহাদের এক একটাকে বিদ্ধ করিলেন ॥১১২—১১৩॥

এইভাবে কর্ণ দিব্য অস্ত্রদ্বারা সেই রাক্ষসী মায়া বিনষ্ট করিয়া পুনরায় নতপর্ব্ব বাণসমূহে ঘটোৎকচের অশ্বগুলিকে আহত করিলেন ॥১১৪॥

তখন সেই অশ্বগুলি কর্ণের বাণে ভগ্নাঙ্গ, বিক্ষতাঙ্গ ও বিদীর্ণপৃষ্ঠ হইয়া ঘটোৎকচের সমক্ষেই ভূতলে পতিত হইল ॥১১৫॥

---

(১১২) তে কর্ণং ক্ষপয়িষ্যন্তঃ···বা নি। (১১৫) তে ভগ্না বিকৃতাঙ্গাশ্চ···পি। (১১৬) স ভগ্নমায়ো হৈড়িম্বিঃ···বা নি। * '···ত্রিসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '···ষট্‌সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:*:———

সঞ্জয় উবাচ।

তস্মিংস্তথা বর্ত্তমানে কর্ণরাক্ষসয়োর্মৃধে।
অলায়ুধো রাক্ষসেন্দ্রো বীর্য্যবানভ্যবর্ত্তত ॥১॥
মহত্যা সেনয়া যুক্তো দুর্য্যোধনমুপাগমৎ।
রাক্ষসানাং বিরূপাণাং সহস্রৈঃ পরিবারিতঃ।
নানারূপধরৈর্বীরৈঃ পূর্ব্ববৈরমনুস্মরন্ ॥২॥
তস্য জ্ঞাতির্হি বিক্রান্তো ব্রাহ্মণাদো বকো হতঃ।
কির্ম্মীরশ্চ মহাতেজা হিড়িম্বশ্চ সখা তথা ॥৩॥

ভারতকৌমুদী

স ইতি। হৈড়িম্বো হিড়িম্বায়াঃ পুত্রো ঘটোৎকচঃ, বৈকর্ত্তনং সূর্য্যপুত্রম্ ॥১১৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে
একপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

তস্মিন্নিতি। মৃধে যুদ্ধে। অভ্যবর্ত্তত কুরুক্ষেত্রমাগচ্ছৎ ॥১॥
মহত্যেতি। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২॥
কিং তৎ পূর্ব্ববৈরমিত্যাহ তস্যেতি। ব্রাহ্মণানত্তি খাদতীতি ব্রাহ্মণাদঃ, হতো ভীমেন ॥৩॥

সে মায়াও বিনষ্ট হইলে, 'এই তোমার মৃত্যুবিধান করিতেছি' এই কথা সূর্য্যনন্দন কর্ণকে বলিয়া ঘটোৎকচ অন্তর্হিত হইল' ॥১১৬॥

———(:*:)———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! কর্ণ ও ঘটোৎকচের সেই যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, রাক্ষসশ্রেষ্ঠ বলবান্ অলায়ুধ কুরুক্ষেত্রে আগমন করিল ॥১॥

ক্রমে সে—পূর্ব্বশত্রুতা স্মরণ করিয়া বিশাল সৈন্যে এবং বিকৃতাকৃতি, নানারূপধারী ও বীর বহুসহস্র রাক্ষসে পরিবেষ্টিত হইয়া দুর্য্যোধনের নিকটে উপস্থিত হইল ॥২॥

---

(৩)···সখা তদা—বা নি।

স দীর্ঘকালাধ্যুষিতং জ্ঞাতিবৈরমনুস্মরন্।
বিজ্ঞায় তন্নিশাযুদ্ধং জিঘাংসুর্ভীমমাহবে ॥৪॥
স মত্ত ইব মাতঙ্গঃ সংক্রুদ্ধ ইব চোরগঃ।
দুর্য্যোধনমিদং বাক্যমব্রবীদ্যুদ্ধলালসঃ ॥৫॥
বিদিতং তে মহারাজ! যথা ভীমেন রাক্ষসাঃ।
হিড়িম্ববককির্ম্মীরা নিহতা মম বান্ধবাঃ ॥৬॥
পরামর্ষশ্চ কন্যায়া হিড়িম্বায়াঃ কৃতঃ পুরা।
কিমন্যদ্রাক্ষসানন্যানস্মাংশ্চ পরিভূয় হি ॥৭॥
তমহং সগণং রাজন্! সবাজিরথকুঞ্জরম্।
হৈড়িম্বঞ্চ সহামাত্যং হন্তুমভ্যাগতঃ স্বয়ম্ ॥৮॥

ভারতকৌমুদী

স ইতি। দীর্ঘকালমধ্যুষিতং সঞ্জাতম্। জিঘাংসুরভবদিতি শেষঃ ॥৪॥
স ইতি। যুদ্ধে পাণ্ডবৈঃ সহ সংগ্রামে লালসা মহানভিলাষো যস্য সঃ ॥৫॥
বিদিতমিতি। ভীমেন ভীমসেনেন। বান্ধবা জ্ঞাতিসখিরূপা বন্ধবঃ ॥৬॥
পরেতি। পরামর্ষো ধর্ষণম্। কিমন্যদব্রবীমীতি শেষঃ। পরিভূয় অবজ্ঞায় ॥৭॥
তমিতি। সগণং পরিজনসহিতম্। হৈড়িম্বং ঘটোৎকচম্ ॥৮॥

কারণ, তাহার জ্ঞাতি, বিক্রমশালী ও ব্রাহ্মণভক্ষক বক, মহাতেজা কির্ম্মীর এবং সখা হিড়িম্বকে ভীমসেন বধ করিয়াছিলেন ॥৩॥

সুতরাং অলায়ুধ সেই দীর্ঘকালজাত জ্ঞাতিবধাদিনিবন্ধন শত্রুতা স্মরণ করিয়া এবং সেই রাত্রিযুদ্ধের বৃত্তান্ত জানিতে পারিয়া যুদ্ধে ভীমসেনকে বধ করিবার ইচ্ছা করিয়াছিল ॥৪॥

অতএব অলায়ুধ মত্তহস্তীর ন্যায় এবং ক্রুদ্ধ সর্পের তুল্য যুদ্ধাভিলাষী হইয়া দুর্য্যোধনকে এই কথা বলিল—॥৫॥

'মহারাজ! আপনার জানা আছে যে, আমার বন্ধু হিড়িম্ব, বক ও কির্ম্মীর রাক্ষসকে ভীম বধ করিয়াছে ॥৬॥

আর কি বলিব; পূর্ব্বে ভীম অন্য রাক্ষসগণকে ও আমাদিগকে অবজ্ঞা করিয়া কন্যা হিড়িম্বাকে ধর্ষণ করিয়াছে ॥৭॥

অতএব রাজা! পরিজনবর্গ এবং হস্তী, অশ্ব ও রথের সহিত ভীমকে, আর অনুচরদিগের সহিত ঘটোৎকচকে বধ করিবার জন্য আমি নিজেই আসিয়াছি ॥৮॥

(৪)···বিজ্ঞায়ৈতন্নিশাযুদ্ধম্···বা নি।

অদ্য কুন্তীসুতান্ সর্ব্বান্ বাসুদেবপুরোগমান্।
হত্বা সংভক্ষয়িষ্যামি সর্ব্বৈরনুচরৈঃ সহ।
নিবারয় বলং সর্বং বয়ং যোৎস্যাম পাণ্ডবান্ ॥৯॥
তস্য তদ্বচনং শ্রুত্বা হৃষ্টো দুর্য্যোধনস্তদা।
প্রতিগৃহ্যাব্রবীদ্বাক্যং ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥১০॥
ত্বাং পুরস্কৃত্য সগণং বয়ং যোৎস্যামহে পরান্।
ন হি বৈরান্তমনসঃ স্থাস্যন্তি মম সৈনিকাঃ ॥১১॥
এবমস্ত্বিতি রাজানমুক্ত্বা রাক্ষসপুঙ্গবঃ।
অভ্যয়াত্ত্বরিতো ভৈমিং সহিতঃ পুরুষাশনৈঃ ॥১২॥
দীপ্যমানেন বপুষা রথেনাদিত্যবর্চ্চসা।
তাদৃশেনৈব রাজেন্দ্র! যাদৃশেন ঘটোৎকচঃ ॥১৩॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অদ্যেতি। বলং কৌরবসৈন্যং নিবারয়, অস্মাভিরেব পর্য্যাপ্তত্বাৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৯॥
তস্যেতি। হৃষ্টো মহাসহায়লাভাৎ। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥১০॥
ত্বামিতি। বৈরস্য অন্তে অবসানকরণে মনাংসি যেষাং তে ॥১১॥
এবমিতি। ভৈমিং ঘটোৎকচম্, পুরুষাশনৈর্নরভোজিভী রাক্ষসৈঃ। দীপ্যমানেন নানালঙ্কারধারিত্বাদুজ্জ্বলেন। যাদৃশেন রথেন ঘটোৎকচ আগত ইতি শেষঃ ॥১২—১৩॥

আজ আমি সমস্ত অনুচর ও কৃষ্ণের সহিত কুন্তীর সকল পুত্রকে বধ করিয়া ভক্ষণ করিব। সুতরাং আপনি সমস্ত কৌরবসৈন্যকে বারণ করুন, আমরাই পাণ্ডবদের সহিত যুদ্ধ করিব' ॥৯॥

তখন ভ্রাতৃপরিবেষ্টিত দুর্য্যোধন অলায়ুধের সেই কথা শুনিয়া আনন্দিত হইয়া তাহাকে গ্রহণ করিয়া এই কথা বলিলেন—॥১০॥

'রাক্ষসশ্রেষ্ঠ! অনুচরগণের সহিত আপনাকে অগ্রবর্ত্তী করিয়া আমরা শত্রুদের সঙ্গে যুদ্ধ করিব। কারণ, আমার সৈন্যেরা অদ্যই শত্রুতার শেষ করিবার ইচ্ছা করিয়াছে; সুতরাং তাহারা থামিবে না' ॥১১॥

'এইরূপই হউক' এই কথা দুর্য্যোধনকে বলিয়া রাক্ষসশ্রেষ্ঠ অলায়ুধ অন্যান্য রাক্ষসদের সহিত মিলিত হইয়া সত্বর ঘটোৎকচের দিকে ধাবিত হইল। রাজশ্রেষ্ঠ! তৎকালে ঘটোৎকচ যাদৃশ রথে উঠিয়া আসিয়াছিল, অলায়ুধও সূর্য্যের তুল্য উজ্জ্বল সেইরূপ রথে উঠিয়াই দীপ্যমান দেহে ধাবিত হইয়াছিল ॥১২—১৩॥

(১০)···প্রতিপূজ্যাব্রবীদ্বাক্যম্··নি। (১২)· পুরুষাদনৈঃ—পি,···পুরুষাদকৈঃ—বা নি।

তস্যাপ্যতুলনির্ঘোষো বহুতোরণচিত্রিতঃ।
ঋক্ষচর্ম্মাবনদ্ধাঙ্গো নল্বমাত্রো মহারথঃ ॥১৪॥
তস্যাপি তুরগাঃ শীঘ্রা হস্তিকায়াঃ খরস্বনাঃ।
শতং যুক্তা মহাকায়া মাংসশোণিতভোজনাঃ ॥১৫॥
তস্যাপি রথনির্ঘোষো মহামেঘরবোপমঃ।
তস্যাপি সুমহচ্চাপং দৃঢ়জ্যং কনকোজ্জ্বলম্ ॥১৬॥
তস্যাপ্যক্ষসমা বাণা রুক্মপুঙ্খাঃ শিলাশিতাঃ।
সোঽপি বীরো মহাবাহুর্যথৈব স ঘটোৎকচঃ ॥১৭॥
তস্যাপি গোমায়ুবলাভিগুপ্তো বভূব কেতুর্জ্বলনার্কতুল্যঃ।
স চাপি রূপেণ ঘটোৎকচস্য শ্রীমত্তমো ব্যাকুলদীপিতাস্যঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। ন কেবলং ঘটোৎকচস্য তস্য অলাযুধস্যাপি। এবং সর্ব্বত্র। ঋক্ষস্য ভল্লূকস্য চর্ম্মভিরবনদ্ধানি বেষ্টিতানি অঙ্গানি বহিরবয়বা যস্য সঃ, নল্বমাত্রঃ চতসৃষু দিক্ষু চতুঃশতহস্ত-পরিমিতঃ, মহারথ আসীৎ। "নল্বঃ কিষ্কুচতুঃশতম্" "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ ॥১৪॥

তস্যেতি। শীঘ্রাঃ শীঘ্রগামিনঃ, খরস্বনা গর্দ্দভতুল্যগর্জনাঃ। যুক্তাস্তত্র রথে ॥১৫॥

তস্যেতি। দৃঢ়া জ্যা গুণো যস্য তৎ, আসীদিতি শেষঃ ॥১৬॥

তস্যেতি। অক্ষসমা রথস্য দীর্ঘদারুবিশেষতুল্যাঃ। সঃ অলাযুধোঽপি ॥১৭॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১৭॥ ব্যাকুলং চঞ্চলম্, দীপিতং সজ্বালম্ আস্যং যস্য ॥১৮—২১॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫২॥

অলাযুধের বিশাল রথখানারও অতুলনীয় ধ্বনি হইত, আর সকল দিক্ ভল্লুকের চর্ম্মে বেষ্টিত, চারি দিকের পরিমাণই একশত হস্ত এবং তাহাতে বহু তোরণ ছিল ॥১৪॥

দ্রুতগামী, হস্তিতুল্যাকৃতি, গর্দ্দভের সদৃশ গর্জনকারী, বিশালদেহ এবং মাংস ও রক্তভোজী একশত অশ্ব অলাযুধের রথেও সংযোজিত ছিল ॥১৫॥

অলাযুধের রথের শব্দও মহামেঘগর্জনের তুল্য শুনা যাইত এবং তাহার ধনুও সুবৃহৎ, দৃঢ়গুণযুক্ত ও স্বর্ণোজ্জ্বল ছিল ॥১৬॥

অলাযুধের বাণগুলিও রথের দীর্ঘকাষ্ঠের তুল্য বৃহৎ, স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত ছিল এবং অলাযুধও ঘটোৎকচেরই তুল্য মহাবীর ও মহাবাহু ছিল ॥১৭॥

---

(১৬)···মহামেঘরবোপমঃ···পি। (১৮)··· শ্রীমত্তমো হ্রস্বকসন্নিকাশঃ—নি।

দীপ্তাঙ্গদী দীপ্তকিরীটমালী বদ্ধস্রগুষ্ণীষনিবদ্ধখড়্গঃ।
গদী ভুষুণ্ডী মুষলী হলী চ শরাসনী বারণতুল্যবর্ম্মা ॥১৯॥
রথেন তেনানলবর্চ্চসা তদা বিদ্রাবয়ন্ পাণ্ডববাহিনীং তাম্।
ররাজ সংখ্যে পরিবর্ত্তমানো বিদ্যুদ্যুতো মেঘ ইবান্তরীক্ষে ॥২০॥
তে চাপি সর্ব্বে প্রবরা নরেন্দ্রা মহাবলা বর্ম্মিণশ্চর্ম্মিণশ্চ।
হর্ষান্বিতা যুযুধুস্তত্র রাজন্! সমন্ততঃ পাণ্ডবযোধবীরান্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে অলায়ুধস্য যুদ্ধপ্রবেশে দ্বিপঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———•::•———

ভারতকৌমুদী

তস্যেতি। তস্যাপি, গোমায়ুনা শৃগালেন বলেন কাকেন চ অভিগুপ্তো রক্ষিতঃ অধিষ্ঠিত ইত্যর্থঃ, জ্বলনার্কতুল্যঃ তেজসা অগ্নিসূর্য্যসমানঃ, কেতুর্ধ্বজো বভূব। সঃ অলায়ুধশ্চাপি, রূপেণ, ঘটোৎকচস্য তুল্য ইতি শেষঃ, শ্রীমত্তমঃ অতীব কান্তিমান্, ব্যাকুলং বিকৃতং দীপিতং তেজসা উজ্জ্বলীকৃতঞ্চ আস্যং মুখং যস্য সঃ, ঘটোৎকচস্য তুল্য এবাসীৎ ॥১৮॥

দীপ্তেতি। দীপ্তমুজ্জ্বলম্ অঙ্গদং কেয়ূরমস্যাস্তীতি সঃ, দীপ্তে কিরীটমালে অস্য স্ত ইতি দীপ্তকিরীটমালী, বদ্ধা শিরসি ধৃতা স্রক্ মালা যেন সঃ, উষ্ণীষে নিবদ্ধঃ খড়্গো যেন সঃ, গদী গদাবান্, ভুষুণ্ডীতি ত্রীহ্যাদিত্বাদিনি, মুষলী মুষলবান্, হলী হলযুক্তঃ, শরাসনী ধনুষ্মান্, বারণস্য হস্তিনস্তুল্যং দৃঢ়ং বর্ম্ম শরীরং যস্য স তাদৃশশ্চ ঘটোৎকচবদেবাসীৎ ॥১৯॥

রথেনেতি। অনলবর্চ্চসা অগ্নিবদুজ্জ্বলেন, বিদ্রাবয়ন্ নিপীড়য়ন্ ॥২০॥

অলায়ুধের ধ্বজটাও অগ্নি ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং একটা শৃগাল ও একটা কাকচিহ্নে চিহ্নিত ছিল; আর অলায়ুধও রূপে ঘটোৎকচের তুল্য বিশেষকান্তিসমন্বিত ও বিকৃত-দীপ্ত-বদন ছিল ॥১৮॥

অলায়ুধেরও বাহুযুগলে উজ্জ্বল কেয়ূর, মস্তকে দীপ্তিমান্ কিরীট, স্বর্ণমালা ও পুষ্পমালা, উষ্ণীষে বদ্ধ তরবারি, রথে গদা, ভুষুণ্ডি, মুষল ও হল এবং হস্তে ধনু ছিল; আর তাহার শরীরও হস্তীর শরীরের ন্যায় দৃঢ় ছিল ॥১৯॥

তখন অলায়ুধ অগ্নির ন্যায় উজ্জ্বল সেই রথে থাকিয়া পাণ্ডবসেনা পীড়ন করতঃ আকাশে বিদ্যুৎসমন্বিত মেঘের তুল্য সমরাঙ্গনে প্রকাশ পাইতে লাগিল ॥২০॥

---

(২০)···বিদ্যুন্মালী মেঘ ইব···বা নি। (২১)···সর্ব্বপ্রবরাঃ···যুযুধুস্তস্য···পাণ্ডবযোধ-বীরাঃ—বা নি। * '···চতুঃসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ,···'সপ্তসপ্তত্যধিকশততমো-ঽধ্যায়ঃ' বা রা নি।

ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

তমাগতমভিপ্রেক্ষ্য ভীমকর্ম্মাণমাহবে।
হর্ষমাহারয়াঞ্চক্রুঃ কুরবঃ সর্ব্ব এব তে ॥১॥
তথৈব তব পুত্রাস্তে দুর্য্যোধনপুরোগমাঃ।
অপ্লবাঃ প্লবমাসাদ্য তর্ত্তুকামা ইবার্ণবম্ ॥২॥
পুনর্জ্জাতমিবাত্মানং মন্বানাঃ পুরুষর্ষভাঃ।
অলায়ুধং রাক্ষসেন্দ্রং স্বাগতেনাভ্যপূজয়ন্ ॥৩॥

ভারতকৌমুদী

ত ইতি। তে কুরুপক্ষীয়াঃ। হর্ষান্বিতা মহাসহায়লাভাদিতি ভাবঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে দ্বিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———০৩০———

তমিতি। তমলায়ুধম্। আহারয়াঞ্চক্রুঃ আসেদুঃ প্রাপুরিতি যাবৎ ॥১॥
তথেতি। তথৈবাহারয়াঞ্চক্রুরিত্যর্থঃ। অপ্লবাস্তরণোপায়রহিতাঃ, প্লবং তরিম্ ॥২॥
পুনরিতি। মন্বানা মন্যমানাঃ। স্বাগতেন স্বাগতপ্রশ্নেন, অভ্যপূজয়ন্নাদ্রিয়ন্ত ॥৩॥

রাজা! সেই সময়ে মহাবল, বর্ম্মাবৃতদেহ ও চর্ম্মধারী সেই সকল কুরুপক্ষীয় প্রধান রাজারাও আনন্দিত হইয়া সকল দিকে পাণ্ডবযোদ্ধাদের সহিত যুদ্ধ করিতে লাগিলেন' ॥২১॥

———(::)———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভীষণকর্ম্মা অলায়ুধকে যুদ্ধে আগত দেখিয়া সেই কৌরবেরা সকলেই আনন্দ লাভ করিলেন ॥১॥

তরণোপায়বিহীন সমুদ্রতরণাভিলাষী লোকেরা যেমন তরণি পাইয়া আনন্দ লাভ করে, সেইরূপ দুর্য্যোধনপ্রভৃতি আপনার পুত্রেরাও আনন্দ লাভ করিলেন ॥২॥

সেই পুরুষশ্রেষ্ঠেরা তখন আপনাদের পুনর্জ্জন্ম হইল বলিয়াই যেন মনে করিয়া স্বাগতপ্রশ্নদ্বারা রাক্ষসশ্রেষ্ঠ অলায়ুধের আদর করিলেন ॥৩॥

(৩) ···মন্বানাঃ পুরুষর্ষভম্···বৰ্দ্ধ।

তস্মিংস্ত্বমানুষে যুদ্ধে বর্ত্তমানে মহাভয়ে।
কর্ণরাক্ষসয়োর্নক্তং দারুণপ্রতিদর্শনে ॥৪॥
উপপ্রৈক্ষন্ত পাঞ্চালাঃ স্ময়মানাঃ সরাজকাঃ।
তথৈব তাবকা রাজন্! বীক্ষমাণাস্ততস্ততঃ ॥৫॥ (যুগ্মকম্)
চুক্রুশুর্নেদমস্তীতি দ্রোণদ্রৌণিকৃপাদয়ঃ।
তৎ কর্ম্ম দৃষ্ট্বা সম্ভ্রান্তা হৈড়িম্বস্য রণাজিরে ॥৬॥
সর্ব্বমাবিগ্নমভবদ্ধাহাভূতমচেতনম্।
তব সৈন্যং মহারাজ! নিরাশং কর্ণজীবিতে ॥৭॥
দুর্য্যোধনস্তু সংপ্রেক্ষ্য কর্ণমার্ত্তিং পরাং গতম্।
অলায়ুধং রাক্ষসেন্দ্রং সমাহূয়েদমব্রবীৎ ॥৮॥
এষ বৈকর্ত্তনঃ কর্ণো হৈড়িম্বেন সমাগতঃ।
কুরুতে কর্ম্ম সুমহদ্‌যদস্যৌপয়িকং মৃধে ॥৯॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নক্তং রাত্রৌ। উপপ্রৈক্ষন্ত অপশ্যন্, স্ময়মানা বিস্মিতাঃ সন্তঃ ॥৪—৫॥
চুক্রুশুরিতি। চুক্রুশুঃ উচ্চৈরূচুঃ, ইদং কৌরববলম্। সম্ভ্রান্তা বিচলিতাঃ ॥৬॥
সর্ব্বমিতি। আবিগ্নমুদ্বিগ্নম্, হাহাভূতং হাহাকারি, অচেতনামিব ভয়েন ॥৭॥
দুর্য্যোধন ইতি। আর্ত্তিং ঘটোৎকচপ্রহারেণ পীড়াম্, পরামধিকাম্ ॥৮॥

রাজা! রাত্রিতে মহাভয়ঙ্কর ও ভীষণদর্শন কর্ণ ও ঘটোৎকচের সেই অমানুষিক যুদ্ধ চলিতে লাগিলে, পাঞ্চালেরা বিস্মিত হইয়া অন্যান্য রাজাদের সহিত তাহা দেখিতে লাগিল এবং আপনার পক্ষের লোকেরাও সেইরূপই নানাস্থান হইতে দর্শন করিতে থাকিল ॥৪—৫॥

কিন্তু দ্রোণ, অশ্বত্থামা ও কৃপপ্রভৃতি কুরুপক্ষীয় বীরেরা সমরাঙ্গনে ঘটোৎকচের সেই কার্য্য দেখিয়া বিচলিত হইয়া এইরূপ বলিতে লাগিলেন যে, 'এ কৌরবসৈন্য আর থাকিল না' ॥৬॥

মহারাজ! আপনার সমস্ত সৈন্যই উদ্বিগ্ন ও অচেতনপ্রায় হইয়া পড়িল, হাহাকার করিতে লাগিল এবং কর্ণের জীবনের প্রতি নিরাশ হইয়া গেল ॥৭॥

দুর্য্যোধন কর্ণকে অত্যন্তপীড়িত দেখিয়া রাক্ষসশ্রেষ্ঠ অলায়ুধকে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥৮॥

(৫)···বাভ্রমংস্তাবকাশ্চাপি ঘূর্ণমানাস্ততস্ততঃ—নি।

পশ্যৈতান্ পার্থিবান্ শূরান্ নিহতান্ ভৈমসেনিনা।
নানাশস্ত্রৈরভিহতান্ পাদপানিব দন্তিনা॥১০॥
তবৈষ ভাগঃ সমরে রাজমধ্যে ময়া কৃতঃ।
তবৈবানুমতে বীর! তং বিক্রম্য নিবর্হয়॥১১॥
পুরা বৈকর্ত্তনং কর্ণমেষ পাপো ঘটোৎকচঃ।
মায়াবলং সমাশ্রিত্য কর্ষয়ত্যরিকর্ষণ!॥১২॥
এবমুক্তঃ স রাজ্ঞা তু রাক্ষসো ভীমবিক্রমঃ।
তথেত্যুক্ত্বা মহাবাহুর্ঘটোৎকচমুপাদ্রবৎ॥১৩॥
ততঃ কর্ণং সমুৎসৃজ্য ভৈমসেনিরপি প্রভো!।
প্রত্যমিত্রমুপায়ান্তমর্দ্দয়ামাস মার্গণৈঃ॥১৪॥

ভারতকৌমুদী

এষ ইতি। সমাগতো যুদ্ধে মিলিতঃ। ঔপয়িকমুপায়সম্পাদ্যং সম্ভবপরম্॥৯॥
পশ্যেতি। ভৈমসেনিনা ঘটোৎকচেন। দন্তিনা গজেন॥১০॥
তবেতি। ভাগঃ হন্তব্যাংশঃ। অনুমতে অনুমতৌ সত্যাম্। নিবর্হয় বিনাশয়॥১১॥
পুরেতি। পুরা আগামিনি কালে। কর্ষয়তি বিজিত্য বশীকরোতি॥১২॥
এবমিতি। রাজ্ঞা দুর্য্যোধনেন। উপাদ্রবৎ অভ্যধাবৎ॥১৩॥
তত ইতি। প্রত্যমিত্রং প্রতিমুখীভূতং শত্রুমলায়ুধম্। মার্গণৈর্বাণৈঃ॥১৪॥

'এই বিকর্ত্তননন্দন কর্ণ যুদ্ধে ঘটোৎকচের সহিত মিলিত হইয়া—উঁহার যতদূর সম্ভব, সেইরূপ গুরুতর কার্য্য করিতেছেন॥৯॥

রাক্ষসশ্রেষ্ঠ! দর্শন করুন—হস্তী যেমন বৃক্ষসমূহ বিনষ্ট করে, সেইরূপ ঘটোৎকচ নানা অস্ত্রদ্বারা আঘাত করিয়া এই বীর রাজগণকে বিনষ্ট করিয়াছে॥১০॥

বীর! আমি আপনার অনুমতি অনুসারেই রাজাদের মধ্যে আপনার ভাগেই এই ঘটোৎকচকে নির্দ্দিষ্ট করিয়াছি। অতএব আপনি বিক্রম প্রকাশ করিয়া উহাকে বধ করুন॥১১॥

শত্রুদমন! এই পাপাত্মা ঘটোৎকচ হয় ত মায়াবল অবলম্বন করিয়া পরে বিকর্ত্তননন্দন কর্ণকে বশীভূত করিতে পারে'॥১২॥

দুর্য্যোধন এইরূপ বলিলে, ভয়ঙ্করবিক্রমশালী ও মহাবাহু অলায়ুধ 'তাহাই হউক' এই কথা বলিয়া ঘটোৎকচের দিকে ধাবিত হইল॥১৩॥

(১১) তবৈষ ভারঃ সমরে...নি। (১২)...অরিকর্ষণম্—বর্দ্ধ।

তয়োঃ সমভবদ্‌যুদ্ধং ক্রুদ্ধয়ো রাক্ষসেন্দ্রয়োঃ।
মত্তয়োর্বাসিতাহেতোর্দ্বিপয়োরিব কাননে ॥১৫॥
রক্ষসা বিপ্রমুক্তস্তু কর্ণোঽপি রথিনাং বরঃ।
অভ্যাদ্রবদ্ভীমসেনং রথেনাদিত্যবর্চ্চসা ॥১৬॥
তমায়ান্তমনাদৃত্য দৃষ্ট্বা গ্রস্তং ঘটোৎকচম্।
অলায়ুধেন সমরে সিংহেনেব গবাং পতিম্ ॥১৭॥
রথেনাদিত্যবপুষা ভীমঃ প্রহরতাং বরঃ।
কিরন্ শরৌঘান্ প্রযযাবলায়ুধরথং প্রতি ॥১৮॥ (যুগ্মকম্)
তমায়ান্তমভিপ্রেক্ষ্য স তদালায়ুধঃ প্রভো!।
ঘটোৎকচং সমুৎসৃজ্য ভীমসেনং সমাহ্বয়ৎ ॥১৯॥
তং ভীমঃ সহসাভ্যেত্য রাক্ষসান্তকরঃ প্রভো!।
সগণং রাক্ষসেন্দ্রং তং শরবর্ষৈরবাকিরৎ ॥২০॥

ভারতকৌমুদী

তয়োরিতি। বাসিতা ঋতুমতী হস্তিনী তস্যাস্তৎসঙ্গমস্য হেতোঃ, দ্বিপয়োর্গজয়োঃ ॥১৫॥
রক্ষসেতি। রক্ষসা ঘটোৎকচেন, বিপ্রমুক্তস্ত্যক্তঃ। আদিত্যবর্চ্চসা সূর্য্যবদুজ্জ্বলেন ॥১৬॥
তমিতি। গ্রস্তমাক্রান্তম্। আদিত্যবপুষা সূর্য্যবদুজ্জ্বলেন ॥১৭—১৮॥
তমিতি। ভীমসেনং সমাহ্বয়ৎ, জ্ঞাতিবধেন তস্যৈব প্রকৃতশত্রুত্বাৎ ॥১৯॥
তমিতি। সগণম্ অনুচরসহিতম্। অবাকিরৎ প্রাহরৎ ॥২০॥

রাজা! প্রতিপক্ষ অলায়ুধ আসিতে লাগিলে, ঘটোৎকচও কর্ণকে পরিত্যাগ করিয়া বাণদ্বারা অলায়ুধকে পীড়ন করিতে আরম্ভ করিল ॥১৪॥

ক্রমে বনমধ্যে ঋতুমতী হস্তিনীসঙ্গমের জন্য দুইটা মত্তহস্তীর যুদ্ধের ন্যায় ক্রুদ্ধ রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচ ও অলায়ুধের যুদ্ধ হইতে লাগিল ॥১৫॥

ওদিকে ঘটোৎকচ পরিত্যাগ করিয়া গেলে, রথিশ্রেষ্ঠ কর্ণও সূর্য্যের তুল্য উজ্জ্বল রথে আরোহণ করিয়া ভীমসেনের দিকে ধাবিত হইলেন ॥১৬॥

কিন্তু সিংহাক্রান্ত বৃষের ন্যায় অলায়ুধাক্রান্ত ঘটোৎকচকে দেখিয়া কর্ণকে গ্রহণ না করিয়া বীরশ্রেষ্ঠ ভীমসেন সূর্য্যের তুল্য উজ্জ্বল রথে আরোহণপূর্ব্বক বাণসমূহ ক্ষেপ করিতে করিতে অলায়ুধের রথের দিকে যাইতে লাগিলেন ॥১৭—১৮॥

রাজা! তখন ভীমসেনকে আসিতে দেখিয়া অলায়ুধ ঘটোৎকচকে পরিত্যাগ করিয়া যুদ্ধে ভীমসেনকেই আহ্বান করিল ॥১৯॥

তথৈবালায়ুধো রাজন্! শিলাধৌতৈরজিহ্মগৈঃ।
অভ্যবর্ষত কৌন্তেয়ং পুনঃ পুনররিন্দমঃ ॥২১॥
তথা তে রাক্ষসাঃ সর্ব্বে ভীমসেনমুপাদ্রবন্।
নানাপ্রহরণা ভীমাস্ত্বৎসুতানাং জয়ৈষিণঃ ॥২২॥
স তাড্যমানো বহুভির্ভীমসেনো মহাবলঃ।
পঞ্চভিঃ পঞ্চভিঃ সর্ব্বাংস্তানবিধ্যচ্ছিতৈঃ শরৈঃ ॥২৩॥
তে বধ্যমানা ভীমেন রাক্ষসাঃ খরযোনয়ঃ।
বিনেদুস্তুমুলান্ নাদান্ দুদ্রুবুশ্চ দিশো দশ ॥২৪॥
তাংস্ত্রাস্যমানান্ ভীমেন দৃষ্ট্বা রক্ষো মহাবলম্।
অভিদুদ্রাব বেগেন শরৈশ্চৈনমবাকিরৎ।
তং ভীমসেনঃ সমরে তীক্ষ্ণাগ্রৈরক্ষিণোচ্ছরৈঃ ॥২৫॥

ভারতকৌমুদী

তথেতি। শিলাধৌতৈঃ শিলাঘর্ষণেন পরিষ্কৃতৈঃ, অজিহ্মগৈর্বাণৈঃ ॥২১॥
তথেতি। তে অলায়ুধপক্ষবর্ত্তিনঃ। উপাদ্রবন্ অভ্যধাবন্ ॥২২॥
স ইতি। শিতৈঃ শিলাঘর্ষণাদিনা সূক্ষ্মমুখীকৃতৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥২৩॥
ত ইতি। খরযোনয়ো গর্দ্দভোৎপন্নাস্তীক্ষ্ণস্বভাবা বা। বিনেদুশ্চক্রুঃ ॥২৪॥
তানিতি। রক্ষো রাক্ষসোঽলায়ুধঃ। এনং ভীমম্। অক্ষিণোদতাড়য়ৎ। ষট্পাদঃ ॥২৫॥

নরনাথ! সুতরাং রাক্ষসান্তকারী ভীমসেনও বেগে অলায়ুধের সম্মুখে উপস্থিত হইয়া বাণবর্ষণদ্বারা অনুচরগণের সহিত অলায়ুধকেই প্রহার করিতে লাগিলেন ॥২০॥

রাজা! তখন শত্রুদমনকারী অলায়ুধও সেইরূপই ভীমসেনের উপরে বার বার শিলাশাণিত বাণবর্ষণ করিতে থাকিল ॥২১॥

মহারাজ! আপনার পুত্রগণের জয়াভিলাষী ও ভীষণমূর্ত্তি সেই অলায়ুধের পক্ষবর্ত্তী রাক্ষসেরা সকলেও নানাবিধ অস্ত্র ধারণ করিয়া ভীমের দিকে ধাবিত হইল ॥২২॥

বহুতর রাক্ষস তাড়ন করিলে, মহাবল ভীমসেনও পাঁচ পাঁচটা সুধার বাণদ্বারা তাহাদের সকলকে তাড়ন করিলেন ॥২৩॥

ভীমসেন বধ করিতে থাকিলে, তীক্ষ্ণস্বভাব সেই রাক্ষসেরা তুমুল আর্ত্তনাদ করিতে করিতে পলায়ন করিতে লাগিল ॥২৪॥

(২১)…পুনঃ পুনররিন্দম!—বঙ্গ বর্দ্ধ বা নি। (২৪)…রাক্ষসাঃ ক্রূ রবুদ্ধয়ঃ…বা নি।

অলায়ুধস্তু তানস্তান্ ভীমেন বিশিখান্ রণে।
চিচ্ছেদ কাংশ্চিৎ সমরে ত্বরয়া কাংশ্চিদগ্রহীৎ ॥২৬॥
স তং দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রং ভীমো ভীমপরাক্রমঃ।
গদাং চিক্ষেপ বেগেন বজ্রপাতোপমাং তদা ॥২৭॥
তামাপতন্তীং বেগেন গদাং জ্বালাকুলাং ততঃ।
গদয়া তাড়য়ামাস সা গদা ভীমমাব্রজৎ ॥২৮॥
স রাক্ষসেন্দ্রং কৌন্তেয়ঃ শরবর্ষৈরবাকিরৎ।
তানপ্যস্যাকরোন্মোঘান্ রাক্ষসো নিশিতৈঃ শরৈঃ ॥২৯॥
তে চাপি রাক্ষসাঃ সর্ব্বে রজন্যাং ভীমবিক্রমাঃ।
শাসনাদ্রাক্ষসেন্দ্রস্য নিজঘ্নু রথ কুঞ্জরান্ ॥৩০॥

ভারতকৌমুদী

অলায়ুধ ইতি। অস্তান্ ক্ষিপ্তান্, বিশিখান্ বাণান্ ॥২৬॥
স ইতি। বজ্রপাতস্য উপমা পতনে সাদৃশ্যং যস্যাস্তাম্ ॥২৭॥
তামিতি। জ্বালাকুলাং তেজোব্যাপ্তাম্। তাড়য়ামাস অলায়ুধ ইতি শেষঃ ॥২৮॥
স ইতি। মোঘান্ ব্যর্থান্, রাক্ষসঃ অলায়ুধ এব ॥২৯॥
ত ইতি। রজন্যাং রাত্রিবশত এব ভীমবিক্রমা ইত্যর্থঃ। শাসনাদাদেশাৎ ॥৩০॥

ভীমসেন সেই রাক্ষসগণকে বিত্রস্ত করিয়া তুলিয়াছেন দেখিয়া মহাবল অলায়ুধ বেগে ভীমসেনের দিকে ধাবিত হইল এবং বাণদ্বারা তাঁহাকে তাড়ন করিতে থাকিল। তখন ভীমসেনও তীক্ষ্ণমুখ বাণসমূহে তাহাকে তাড়ন করিতে লাগিলেন ॥২৫॥

কিন্তু অলায়ুধ ভীমসেননিক্ষিপ্ত সেই বাণগুলির মধ্যে কতকগুলি ছেদন করিল এবং কতকগুলিকে ধরিয়া ফেলিল ॥২৬॥

তখন ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেন অলায়ুধের প্রতি দৃষ্টিপাত করিয়া বেগে একটা বজ্রতুল্য গদা নিক্ষেপ করিলেন ॥২৭॥

উজ্জ্বলাকৃতি সেই গদাটা বেগে আসিতে লাগিলে, অলায়ুধ গদাদ্বারাই সেটাকে তাড়ন করিল; তখন ভীমের গদা ভীমের দিকেই গেল ॥২৮॥

পরে ভীমসেন অলায়ুধের উপরে বাণ বর্ষণ করিলেন; তখন অলায়ুধ সুধার বাণসমূহদ্বারা ভীমসেনের সেই বাণগুলিকে ব্যর্থ করিয়া ফেলিল ॥২৯॥

তদনন্তর অলায়ুধের আদেশক্রমে রাত্রিনিবন্ধন ভয়ঙ্করবিক্রমশালী সেই রাক্ষসেরা সকলে পাণ্ডবপক্ষের হস্তীগুলিকে বধ করিতে লাগিল ॥৩০॥

(৩০)···রজন্যাং ভীমরূপিণঃ···নিজঘ্ন রথকুঞ্জরান্—বা নি।

পাঞ্চালাঃ সৃঞ্জয়াশ্চৈব বাজিনঃ পরমদ্বিপাঃ।
ন শান্তিং লেভিরে তত্র রাক্ষসৈর্ভৃশপীড়িতাঃ ॥৩১॥
তং তু দৃষ্ট্বা মহাঘোরং বর্ত্তমানং মহাহবম্।
অব্রবীৎ পুণ্ডরীকাক্ষো ধনঞ্জয়মিদং বচঃ ॥৩২॥
পশ্য ভীমং মহাবাহুং রাক্ষসেন্দ্রবশং গতম্।
পদবীমস্য গচ্ছ ত্বং মা বিচারয় পাণ্ডব ! ॥৩৩॥
ধৃষ্টদ্যুম্নঃ শিখণ্ডী চ যুধামন্যূত্তমৌজসৌ।
সহিতৌ দ্রৌপদেয়াশ্চ কর্ণং যান্তু মহারথাঃ ॥৩৪॥
নকুলঃ সহদেবশ্চ যুযুধানশ্চ বীর্য্যবান্।
ইতরান্ রাক্ষসান্ ঘ্নন্তু শাসনাত্তব পাণ্ডব ! ॥৩৫॥
ত্বমপীমাং মহাবাহো ! চমূং দ্রোণপুরস্কৃতাম্।
বারয়স্ব নরব্যাঘ্র ! মহদ্ধি ভয়মাগতম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

পাঞ্চালা ইতি। পরমদ্বিপা উত্তমগজাঃ ॥৩১॥
তমিতি। মহাহবং মহাযুদ্ধম্। পুণ্ডরীকাক্ষঃ কৃষ্ণঃ ॥৩২॥
পশ্যেতি। পদবীং পন্থানম্, অস্য ভীমস্য, গচ্ছ সাহায্যকরণায় ॥৩৩॥
ধৃষ্টেতি। সহিতৌ মিলিতৌ, দ্রৌপদেয়া দ্রৌপদ্যাঃ পুত্রাঃ ॥৩৪॥
নকুল ইতি। যুযুধানঃ সাত্যকিঃ। শাসনাদাদেশাৎ ॥৩৫॥
ত্বমিতি। হি যস্মাৎ, মহদ্ভয়মাগতং দ্রোণকর্ণালাযুধৈর্যুগপদাক্রমণাৎ ॥৩৬॥

তখন রাক্ষসেরা গুরুতর পীড়ন করিতে লাগিলে, পাঞ্চাল ও সৃঞ্জয়েরা এবং অশ্ব ও হস্তী সকল শান্তিই পাইতে লাগিল না ॥৩১॥

অতিভীষণ সেই মহাযুদ্ধ চলিতেছে দেখিয়া কৃষ্ণ অর্জ্জুনকে এই কথা বলিলেন—॥৩২॥

'অর্জ্জুন ! দেখ—মহাবাহু ভীমসেন অলাযুধের বশীভূত হইয়া পড়িয়াছেন। অতএব তুমি উঁহার দিকে চল, আর বিবেচনা করিও না ॥৩৩॥

ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, সম্মিলিত যুধামন্যু ও উত্তমৌজা এবং দ্রৌপদীর মহারথ পুত্রেরা কর্ণের দিকে গমন করুন ॥৩৪॥

পাণ্ডুনন্দন ! আর তোমার আদেশে নকুল, সহদেব ও বলবান্ সাত্যকি অপর রাক্ষসগণকে বধ করুন ॥৩৫॥

(৩৩)···পদমস্যানুগচ্ছ ত্বম্···বা নি। (৩৬)··মারয়স্ব নরব্যাঘ্র !···নি।

এবমুক্তে তু কৃষ্ণেন যথোদ্দিষ্টা মহারথাঃ।
জঘ্নুর্বৈকর্ত্তনং কর্ণং রাক্ষসাংশ্চৈব তান্ রণে ॥৩৭॥
অথ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ শরৈরাশীবিষোপমৈঃ।
ধনুশ্চিচ্ছেদ ভীমস্য রাক্ষসেন্দ্রঃ প্রতাপবান্ ॥৩৮॥
হয়াংশ্চাস্য শিতৈর্ব্বাণৈঃ সারথিঞ্চ মহাবলঃ।
জঘান মিষতঃ সংখ্যে ভীমসেনস্য রাক্ষসঃ ॥৩৯॥
সোঽবতীর্য্য রথোপস্থাদ্ধতাশ্বো হতসারথিঃ।
তস্মৈ গুর্ব্বীং গদাং ঘোরাং বিনদন্নুৎসসর্জ্জ হ ॥৪০॥
ততস্তাং ভীমনির্ঘোষামাপতন্তীং মহাগদাম্।
গদয়া রাক্ষসো ঘোরো নিজঘান ননাদ চ ॥৪১॥
তদ্দৃষ্ট্বা রাক্ষসেন্দ্রস্য ঘোরং কর্ম্ম ভয়াবহম্।
ভীমসেনঃ প্রহৃষ্টাত্মা গদামাশু পরামৃশৎ ॥৪২॥

ভারতকৌমুদী

এবমিতি। যথোদ্দিষ্টাঃ প্রাগুক্তক্রমমাশ্রিতাঃ ॥৩৭॥

অথেতি। পূর্ণমায়তমাকৃষ্টং যদ্ধনুস্তেন উৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ ॥৩৮॥

হয়ানিতি। হয়ান্ রথাশ্বান্, শিতৈঃ সুধারৈঃ। মিষতঃ পশ্যতঃ ॥৩৯॥

স ইতি। স ভীমসেনঃ, রথস্য উপস্থাদুপবেশনস্থানাৎ ॥৪০॥

তত ইতি। রাক্ষসঃ অলায়ুধঃ, নিজঘান আঘাতেন প্রতিহতবান্ ॥৪১॥

মহাবাহু নরশ্রেষ্ঠ! তুমিও এই দ্রোণের অগ্রবর্ত্তী কৌরবসৈন্যগণকে বারণ করিতে থাক। কারণ, গুরুতর ভয় উপস্থিত হইয়াছে' ॥৩৬॥

কৃষ্ণ এইরূপ বলিলে, পূর্ব্বোক্ত মহারথেরা যুদ্ধে বিকর্ত্তননন্দন কর্ণকে এবং সেই রাক্ষসগণকে আঘাত করিতে লাগিলেন ॥৩৭॥

তাহার পর প্রতাপশালী অলায়ুধ ধনুখানা পূর্ণ আকর্ষণ করিয়া সর্পতুল্য বাণদ্বারা ভীমের ধনু ছেদন করিল ॥৩৮॥

এবং মহাবল অলায়ুধ অপর সুধার বাণসমূহদ্বারা ভীমসেনের সমক্ষেই তাঁহার অশ্বগণ ও সারথিকে বধ করিল ॥৩৯॥

অশ্ব ও সারথি নিহত হইলে, ভীমসেন রথ হইতে অবতীর্ণ হইয়া গর্জ্জন করতঃ অলায়ুধের উপরে একটা মহাভীষণ গদা নিক্ষেপ করিলেন ॥৪০॥

ক্রমে সেই ভীমনাদিনী মহাগদা আসিতে লাগিলে, ভীষণমূর্ত্তি অলায়ুধ গদাদ্বারাই সেটাকে প্রতিহত করিল এবং গর্জ্জন করিয়া উঠিল ॥৪১॥

(৩৭)···জঘ্নু বৈকর্ত্তনং কর্ণম্···পি বা নি।

তয়োঃ সমভবদ্‌যুদ্ধং তুমুলং নররক্ষসোঃ।
গদানিপাতসংহ্রাদৈর্ভুবং কম্পয়তোর্ভৃশম্ ॥৪৩॥
গদাবিমুক্তৌ তৌ ভূয়ঃ সমাসাদ্যেতরেতরম্।
মুষ্টিভির্বজ্রসংহ্রাদৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৪৪॥
রথচক্রৈর্যুগৈরক্ষৈরধিষ্ঠানৈরুপস্করৈঃ।
যথাসন্নমুপাদায় নিজঘ্নতুরমর্ষণৌ ॥৪৫॥
তৌ বিক্ষরন্তৌ রুধিরং সমাসাদ্যেতরেতরম্।
মত্তাবিব মহানাগৌ চকৃষাতে পুনঃ পুনঃ ॥৪৬॥
তদপশ্যদ্ধৃষীকেশঃ পাণ্ডবানাং হিতে রতঃ।
স ভীমসেনরক্ষার্থং হৈড়িম্বং পর্য্যচোদয়ৎ ॥৪৭॥

ভারতকৌমুদী

তদিতি। গদামপরাম্, পরামৃশৎ অগৃহ্লাৎ ॥৪২॥
তয়োরিতি। নররক্ষসোর্ভীমালায়ুধয়োঃ। গদানিপাতয়োঃ সংহ্রাদৈঃ শব্দৈঃ ॥৪৩॥
গদেতি। গদাভ্যাং বিমুক্তৌ তদ্বাধিহীনৌ। বজ্রস্যেব সংহ্রাদো যেষাং তৈঃ ॥৪৪॥
রথেতি। যুগাদয়োঽপি রথস্য দারুবিশেষাস্তৈঃ। যথাসন্নং সন্নিহিতমনতিক্রম্য ॥৪৫॥
তাবিতি। মহানাগৌ বিশালগজৌ, চকৃষাতে আকর্ষণং চক্রতুঃ ॥৪৬॥
তদিতি। হৈড়িম্বং ঘটোৎকচম্, পর্য্যচোদয়ৎ যুদ্ধায় প্রৈরয়ৎ ॥৪৭॥

অলায়ুধের সেই ভয়ঙ্কর কার্য্য দেখিয়াও ভীমসেন হৃষ্টচিত্ত থাকিয়াই সত্বর অন্য একটা গদা গ্রহণ করিলেন ॥৪২॥

তখন ভীম ও অলায়ুধের তুমুল যুদ্ধ হইতে লাগিল। তৎকালে তাঁহাদের গদাঘাতের শব্দে সমরভূমি গুরুতর কম্পিত হইতে থাকিল ॥৪৩॥

পুনরায় তাঁহারা গদা পরিত্যাগ করিয়া পরস্পর সন্নিহিত হইয়া বজ্রের তুল্য শব্দকারী মুষ্টিদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৪৪॥

ক্রমে ক্রুদ্ধ ভীম ও অলায়ুধ রথের চক্র, যুগ, অক্ষ, অধিষ্ঠান ও উপস্করের মধ্যে যাহা নিকটে পাইতে থাকিলেন, তাহাদ্বারাই প্রহার করিতে লাগিলেন ॥৪৫॥

পরে তাঁহারা গাত্র হইতে রক্ত নিঃসারণ করিতে থাকিয়া পরস্পর নিকটবর্ত্তী হইয়া দুইটা মত্ত মহাহস্তীর ন্যায় বার বার পরস্পর আকর্ষণ করিতে থাকিলেন ॥৪৬॥

---

(৪৭) তাবপশ্যদ্ধৃষীকেশঃ · হৈড়িম্বম্ · নি। ইতঃ পরম্ '…পঞ্চসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ বৰ্দ্ধ, '…অষ্টসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

সংপ্রেক্ষ্য সমরে ভীমং রক্ষসা গ্রস্তমন্তিকাৎ।
বাসুদেবোঽব্রবীদ্রাজন্! ঘটোৎকচমিদং বচঃ ॥৪৮॥
পশ্য ভীমং মহাবাহো! রক্ষসা গ্রস্তমাহবে।
পশ্যতাং সর্ব্বসৈন্যানাং তব চৈব মহাদ্যুতে! ॥৪৯॥
স কর্ণং ত্বং সমুৎসৃজ্য রাক্ষসেন্দ্রমলায়ুধম্।
জহি ক্ষিপ্রং মহাবাহো! পশ্চাৎ কর্ণং বধিষ্যসি ॥৫০॥
স বাক্যে য়বচঃ শ্রুত্বা কর্ণমুৎসৃজ্য বীর্য্যবান্।
যুযুধে রাক্ষসেন্দ্রেণ বকভ্রাত্রা ঘটোৎকচঃ ॥৫১॥
তয়োঃ সুতুমুলং যুদ্ধং বভূব নিশি রক্ষসোঃ।
অলায়ুধস্য চৈবোগ্রং হৈড়িম্বস্য চ ভারত! ॥৫২॥

ভারতকৌমুদী

সমিতি। রক্ষসা অলায়ুধেন, গ্রস্তমাক্রান্তম্, অন্তিকাৎ অন্তিকমাসাদ্য ॥৪৮॥

পশ্যেতি। পশ্যতামিত্যানাদরে ষষ্ঠী। মহাদ্যুতে! মহাতেজঃ! ॥৪৯॥

স ইতি। এতেন পূর্ব্বকর্ণত্যাগানন্তরমলায়ুধেন সহ ভীমে মিলিতে সতি পুনরপি ঘটোৎকচঃ কর্ণেন সহ মিলিত ইতি প্রত্যেতব্যম্, অন্যথা উৎসৃষ্টস্য পুনরুৎসর্গোপদেশানুপপত্তিঃ ॥৫০॥

স ইতি। বাক্যে য়স্য কৃষ্ণস্য বচঃ। বকস্য রাক্ষসস্য ভ্রাত্রা অলায়ুধেন ॥৫১॥

তয়োরিতি। রক্ষসো রাক্ষসয়োঃ। হৈড়িম্বস্য ঘটোৎকচস্য ॥৫২॥

তখন পাণ্ডবগণের হিতে নিরত কৃষ্ণ সেই ঘটনা দেখিলেন এবং তিনি ভীমসেনকে রক্ষা করিবার জন্য ঘটোৎকচকে প্রেরণ করিবার ইচ্ছা করিলেন ॥৪৭॥

রাজা! অলায়ুধ নিকটে যাইয়া ভীমকে আক্রমণ করিয়াছে দেখিয়া কৃষ্ণ ঘটোৎকচকে এই কথা বলিলেন—॥৪৮॥

'মহাবাহু ও মহাতেজা ঘটোৎকচ! দেখ—সমস্ত সৈন্য ও তোমার সমক্ষেই অলায়ুধ ভীমসেনকে আক্রমণ করিয়াছে ॥৪৯॥

মহাবাহু! তুমি কর্ণকে পরিত্যাগ করিয়া সত্বর রাক্ষসশ্রেষ্ঠ অলায়ুধকে বধ কর, পরে কর্ণকে বধ করিবে' ॥৫০॥

বলবান্ ঘটোৎকচ কৃষ্ণের সেই কথা শুনিয়া কর্ণকে পরিত্যাগ করিয়া বকরাক্ষসের ভ্রাতা রাক্ষসশ্রেষ্ঠ অলায়ুধের সহিত যুদ্ধ করিতে আরম্ভ করিল ॥৫১॥

---

(৪৮) সংদৃশ্য সমরে···পি বা নি। (৫২)···হৈড়িম্বস্যাপি ভারত!—বঙ্গ বা নি।

অলায়ুধস্য যোধাংশ্চ রাক্ষসান্ ভীমদর্শনান্।
বেগেনাপততঃ শূরান্ প্রগৃহীতশরাসনান্ ॥৫৩॥
আত্তায়ুধঃ সুসংক্রুদ্ধো যুযুধানো মহারথঃ।
নকুলঃ সহদেবশ্চ চিচ্ছিদুর্নিশিতৈঃ শরৈঃ ॥৫৪॥ (যুগ্মকম্)
সর্ব্বাংশ্চ সমরে রাজন্! কিরীটী ক্ষত্রিয়র্ষভান্।
পরিচিক্ষেপ বীভৎসুঃ সর্ব্বতঃ প্রকিরন্ শরান্ ॥৫৫॥
কর্ণশ্চ সমরে রাজন্! ব্যদ্রাবয়ত পার্থিবান্।
ধৃষ্টদ্যুম্নশিখণ্ড্যাদীন্ পাঞ্চালানাং মহারথান্ ॥৫৬॥
তান্ বধ্যমানান্ দৃষ্ট্বা তু ভীমো ভীমপরাক্রমঃ।
অভ্যয়াত্ত্বরিতঃ কর্ণং বিশিখান্ প্রকিরন্ রণে ॥৫৭॥
ততস্তেঽপ্যাযযুর্হত্বা রাক্ষসান্ যত্র সূতজঃ।
নকুলঃ সহদেবশ্চ সাত্যকিশ্চ মহারথঃ।
তে কর্ণং যোধয়ামাসুঃ পাঞ্চালা দ্রোণমেব তু ॥৫৮॥

ভারতকৌমুদী

অলেতি। আপতত আগচ্ছতঃ। আত্তায়ুধো গৃহীতাস্ত্রঃ, যুযুধানঃ সাত্যকিঃ ॥৫৩—৫৪॥
সর্বানিতি। পরিচিক্ষেপ অপসারয়ামাস, বীভৎসুরর্জ্জুনঃ, প্রকিরন্ নিক্ষিপন্ ॥৫৫॥
কর্ণ ইতি। ব্যদ্রাবয়ত অপীড়য়ৎ ॥৫৬॥
তানিতি। অভ্যয়াৎ প্রত্যাগচ্ছৎ, বিশিখান্ বাণান্, প্রকিরন্ নিক্ষিপন্ ॥৫৭॥

ভরতনন্দন! ক্রমে সেই রাত্রিতে রাক্ষস অলায়ুধ ও ঘটোৎকচের অতি-তুমুল ও ভীষণ যুদ্ধ হইতে লাগিল ॥৫২॥

ওদিকে ভীষণমূর্ত্তি ও বীর অলায়ুধের পক্ষীয় রাক্ষস যোদ্ধারা ধনু ধারণ করিয়া বেগে আসিতে লাগিলে, মহারথ সাত্যকি, নকুল ও সহদেব অত্যন্ত ক্রুদ্ধ হইয়া অস্ত্র ধারণ করিয়া সুধার বাণসমূহদ্বারা তাহাদিগকে ছেদন করিতে লাগিলেন ॥৫৩—৫৪॥

রাজা! অপর দিকে আবার কিরীটধারী অর্জ্জুন সকল দিকে বাণক্ষেপ করিতে থাকিয়া কুরুপক্ষীয় সমস্ত ক্ষত্রিয়শ্রেষ্ঠকে অপসারিত করিতে থাকিলেন ॥৫৫॥

নরনাথ! এদিকেও কর্ণ পাণ্ডবপক্ষীয় রাজগণকে এবং ধৃষ্টদ্যুম্ন ও শিখণ্ডি-প্রভৃতি পাঞ্চালমহারথদিগকে পীড়ন করিতে লাগিলেন ॥৫৬॥

কর্ণ তাহাদিগকে বধ করিতেছেন দেখিয়া ভয়ঙ্করপরাক্রমশালী ভীমসেন বাণক্ষেপ করিতে করিতে সত্বর কর্ণের দিকে আগমন করিলেন ॥৫৭॥

অলায়ুধস্তু সংক্রুদ্ধো ঘটোৎকচমরিন্দমম্ ।
পরিঘেণাতিকায়েন তাড়য়ামাস মূর্দ্ধনি ॥৫৯॥
স তু তেন প্রহারেণ ভৈমসেনির্ম্মহারথঃ ।
ঈষন্মূর্চ্ছিতমাত্মানমস্তম্ভয়ত বীর্য্যবান্ ॥৬০॥
ততো দীপ্তাগ্নিসঙ্কাশামষ্টঘণ্টামলঙ্কৃতাম্ ।
চিক্ষেপ তস্মৈ সমরে গদাং কাঞ্চনভূষিতাম্ ॥৬১॥
সা হয়াংশ্চ রথঞ্চাস্য সারথিঞ্চ মহাস্বনা ।
চূর্ণয়ামাস বেগেন বিসৃষ্টা ভীমকর্ম্মণা ॥৬২॥
স ভগ্নহয়চক্রাক্ষাদ্বিশীর্ণধ্বজকূবরাৎ ।
উৎপপাত রথাত্তূর্ণং মায়ামাস্থায় রাক্ষসীম্ ॥৬৩॥

ভারতকৌমুদী

তত ইতি। সূতজঃ কর্ণঃ। তে কে ইত্যাহ নকুল ইতি। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৮॥
অলায়ুধ ইতি। পরিঘেণ অস্ত্রবিশেষেণ, অতিকায়েন বৃহতা ॥৫৯॥
স ইতি। ভৈমসেনির্ঘটোৎকচঃ। অস্তম্ভয়ত পতনাদ্বারয়ৎ ॥৬০॥
তত ইতি। চিক্ষেপ ঘটোৎকচ ইতি শেষঃ, তস্মৈ অলায়ুধায় ॥৬১॥
সেতি। অস্য অলায়ুধস্য। বিসৃষ্টা ক্ষিপ্তা, ভীমকর্ম্মণা ঘটোৎকচেন ॥৬২॥
স ইতি। সঃ অলায়ুধঃ। কূবরো রথগতদারুবিশেষঃ। উৎপপাত গগনম্ ॥৬৩॥

তাহার পর নকুল, সহদেব ও মহারথ সাত্যকি ইঁহারা অলায়ুধের পক্ষের রাক্ষসদিগকে বধ করিয়া—যেখানে কর্ণ ছিলেন, সেইখানে আগমন করিলেন এবং তাঁহারা কর্ণের সঙ্গে, আর পাঞ্চালেরা দ্রোণের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৮॥

এদিকে অলায়ুধ অত্যন্ত ক্রুদ্ধ হইয়া একটা বিশাল পরিঘদ্বারা শত্রুদমন ঘটোৎকচের মস্তকে আঘাত করিল ॥৫৯॥

তখন বলবান্ ও মহারথ ঘটোৎকচ সেই আঘাতে অল্পমূর্চ্ছিত আপনাকে কোন প্রকারে স্থির রাখিল ॥৬০॥

তৎপরে ঘটোৎকচ প্রজ্বলিত অগ্নির ন্যায় উজ্জ্বল, অষ্টঘণ্টাযুক্ত, অলঙ্কৃত ও স্বর্ণভূষিত একটা গদা অলায়ুধের উপরে নিক্ষেপ করিল ॥৬১॥

ভীমকর্ম্মা ঘটোৎকচের নিক্ষিপ্ত সেই গদাটা বেগে যাইয়া অলায়ুধের অশ্ব, রথ ও সারথিকে চূর্ণ করিল ॥৬২॥

(৬০)···ভৈমসেনির্ম্মহাবলঃ···পি বা নি। (৬১)···শতঘণ্টাম্··· পি বা নি।

স সমাস্থায় মায়াস্তু ববর্ষ রুধিরং বহু।
বিদ্যুদ্বিভ্রাজিতঞ্চাসীত্তিমিরাভ্রাকুলং নভঃ ॥৬৪॥
ততো বজ্রনিপাতাশ্চ সাশনিস্তনয়িত্নবঃ।
মহাংশ্চটচটাশব্দস্তত্রাসীচ্চ মহাহবে ॥৬৫॥
তাং প্রেক্ষ্য মহতীং মায়াং রাক্ষসো রাক্ষসস্য তু।
ঊর্দ্ধমুৎপত্য হৈড়িম্বস্তাং মায়াং মায়য়াবধীৎ ॥৬৬॥
সোঽভিবীক্ষ্য হতাং মায়াং মায়াবী মায়য়ৈব হি।
অশ্মবর্ষং সুতুমুলং বিসসর্জ্জ ঘটোৎকচে ॥৬৭॥
অশ্মবর্ষং স তং ঘোরং শরবর্ষেণ বীর্য্যবান্।
দিক্ষু বিধ্বংসয়ামাস তদদ্ভুতমিবাভবৎ ॥৬৮॥

ভারতকৌমুদী

স ইতি। বহু প্রচুরম্। তিমিরৈরন্ধকারৈঃ অভ্রৈর্মেঘৈশ্চাকুলং ব্যাপ্তম্ ॥৬৪॥

তত ইতি। অশনয়ো বিদ্যুতঃ স্তনয়িত্নবো মেঘাশ্চ তৈঃ সহেতি তে ॥৬৫॥

তামিতি। রাক্ষসস্য অলায়ুধস্য। ঊর্দ্ধং গগনম্ ॥৬৬॥

স ইতি। সঃ অলায়ুধঃ। অশ্মবর্ষং শিলাবৃষ্টিম্ ॥৬৭॥

অশ্মেতি। স ঘটোৎকচঃ। "স্যাদ্বৃষ্টৌ লোকধাত্বংশে বৎসরে বর্ষমস্ত্রিয়াম্" ইত্যমরঃ ॥৬৮॥

অশ্ব নিহত, চক্র ও অক্ষ ভগ্ন এবং ধ্বজ ও কূবর বিশীর্ণ হইলে, অলায়ুধ রাক্ষসী মায়া অবলম্বন করিয়া সত্বর রথ হইতে আকাশে উঠিল ॥৬৩॥

অলায়ুধ মায়া অবলম্বন করিয়া আকাশ হইতে প্রচুর রক্ত বর্ষণ করিতে লাগিল। তখন আকাশটা কখনও বিদ্যুতে আলোকিত, আবার কখনও অন্ধকারে ও মেঘে পূর্ণ হইতে থাকিল ॥৬৪॥

ক্রমে রণস্থলে বজ্রপাত, বিদ্যুৎপ্রকাশ, মেঘগর্জন ও বিশাল চটচটাশব্দ হইতে লাগিল ॥৬৫॥

তখন ঘটোৎকচ অলায়ুধের সেই বিশাল মায়া দেখিয়া আকাশে উঠিয়া মায়াদ্বারাই সে মায়া বিনষ্ট করিল ॥৬৬॥

পরে মায়াবী অলায়ুধ মায়াদ্বারাই নিজের মায়া বিনষ্ট হইয়াছে দেখিয়া ঘটোৎকচের উপরে অতিতুমুল শিলাবৃষ্টি করিতে লাগিল ॥৬৭॥

কিন্তু বলবান্ ঘটোৎকচ বাণবর্ষণ করিয়া সকল দিকের সেই শিলাবৃষ্টি বিনষ্ট করিল; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬৮॥

---

(৬৬)···হৈড়িম্বিস্তাম্···বা নি। (৬৮)···দিশো বিধ্বংসয়ামাস···পি বর্দ্ধ বা।

ততো নানাপ্রহরণৈরন্যোন্যমভিবর্ষতাম্ ।
আয়সৈঃ পরিঘৈঃ শূলৈর্গদামুষলমুদ্গরৈঃ ॥৬৯॥
পিনাকৈঃ করবালৈশ্চ তোমরপ্রাসকম্পনৈঃ ।
নারাচৈর্নিশিতৈর্ভল্লৈঃ শরৈশ্চক্রৈঃ পরশ্বধৈঃ ॥৭০॥
অয়োগুড়ৈর্ভিন্দিপালৈর্গোশীর্ষোলূখলৈরপি ।
উৎপাটিতৈর্মহাশাখৈর্বিবিধৈর্জগতীরুহৈঃ ॥৭১॥
শমীপীলুকরীরৈশ্চ চম্পকৈশ্চৈব ভারত ! ।
ইঙ্গুদৈর্বদরীভিশ্চ কোবিদারৈশ্চ পুষ্পিতৈঃ ॥৭২॥
পলাশৈররিমেদৈশ্চ প্লক্ষ-ন্যগ্রোধ-পিপ্পলৈঃ ।
মহদ্ভিঃ সমরে তস্মিন্নন্যোন্যমভিজঘ্নতুঃ ॥৭৩॥
বিপুলৈঃ পর্ব্বতাগ্রৈশ্চ নানাধাতুভিরাচিতৈঃ ।
তেষাং শব্দো মহানাসীদ্বজ্রাণাং ভিদ্যতামিব ॥৭৪॥ (কুলকম্)
যুদ্ধং তদভবদ্‌ঘোরং ভৈম্যালায়ুধয়োর্নৃপ ! ।
হরীন্দ্রয়োর্যথা রাজন্ ! বালিসুগ্রীবয়োঃ পুরা ॥৭৫॥

ভারতকৌমুদী

তত ইতি। নানাপ্রহরণৈঃ কৈরিত্যাহ আয়সৈরিত্যাদি। অড়ভাবাআর্ষঃ ॥৬৯॥

পিনাকৈরিতি। পিনাকাদীনি তদানীন্তনাস্ত্রাণি। অয়োগুড়ৈর্লৌহগুলিকাভিঃ। জগতীরুহৈর্বৃক্ষৈঃ। কে তে জগতীরুহা ইত্যাহ শমীত্যাদি। অরিমেদৈর্বিট্‌খদিরৈঃ। আচিতৈর্ব্যাপ্তৈঃ। ভিদ্যতাং বজ্রান্তরাঘাতেন ভিদ্যমানানাম্। কর্ম্মণি শতৃ্ড্‌প্রত্যয় আর্ষঃ ॥৭০—৭৪॥

যুদ্ধমিতি। ভৈমির্ঘটোৎকচঃ। হরীন্দ্রয়োর্বানরশ্রেষ্ঠয়োঃ ॥৭৫॥

তাহার পর ঘটোৎকচ ও অলায়ুধ পরস্পরের উপরে লৌহময় পরিঘ, শূল, গদা, মুষল ও মুদ্গর বর্ষণ করিতে থাকিল ॥৬৯॥

ক্রমে তাহারা পিনাক, তরবারি, তোমর, প্রাস, কম্পন, নারাচ, সুধার ভল্ল, বাণ, চক্র, পরশু, লৌহগুলি, ভিন্দিপাল, গোশীর্ষ, উলূখল এবং উৎপাটিত বিশালশাখাযুক্ত শমী, পীলু, করীর, চম্পক, ইঙ্গুদ, বদরী, পুষ্পযুক্ত কোবিদার, পলাশ, বিট্‌খদির, পর্কটী, বট ও পিপ্পলপ্রভৃতি নানাবিধ বিশাল বৃক্ষ এবং নানাধাতুসমন্বিত বিশাল পর্ব্বতাগ্রদ্বারা সেই যুদ্ধে পরস্পর আঘাত করিতে লাগিল। ভরতনন্দন! তখন ভিদ্যমান বজ্রের ন্যায় সেগুলির বিশাল শব্দ হইতে থাকিল ॥৭০—৭৪॥

---

(৭২) শমীপীলুকদম্বৈশ্চ···বা নি।

তৌ যুদ্ধা বিবিধৈর্ঘোরৈরায়ুধৈর্বিশিখৈস্তথা।
প্রগৃহ্য নিশিতৌ খড়্গাবন্যোন্যমভিজগ্মতুঃ ॥৭৬॥
তাবন্যোন্যমভিক্রুত্য কেশেষু সুমহাবলৌ।
ভুজাভ্যাং পর্য্যগৃহ্লীতাং মহাকায়ৌ মহাবলৌ ॥৭৭॥
তৌ স্বিন্নগাত্রৌ প্রস্বেদং সুস্রুবাতে জনাধিপ!।
রুধিরঞ্চ মহাকায়াদতিবৃষ্টাবিবাচলৌ ॥৭৮॥
অথাভিপত্য বেগেন সমুদ্ভ্রাম্য চ রাক্ষসম্।
বলেনাক্ষিপ্য হৈড়িম্বশ্চকর্ত্তাস্য শিরো মহৎ ॥৭৯॥
সোঽপহৃত্য শিরস্তস্য কুণ্ডলাভ্যাং বিভূষিতম্।
তদা সুতুমুলং নাদং ননাদ সুমহাবলঃ ॥৮০॥

ভারতকৌমুদী

তাবিতি। তৌ অলায়ুধঘটোৎকচৌ, যুদ্ধা যুদ্ধং কৃত্বা। বিশিখৈর্বাণৈঃ ॥৭৬॥

তাবিতি। দৈহিকমানসিকভেদেন বলস্য দ্বিবিধত্বাৎ সুমহাবলৌ মহাবলাবিতি ন পুনরুক্তিঃ ॥৭৭॥

তাবিতি। স্বিন্নগাত্রৌ ঘর্ম্মাক্তদেহৌ, প্রস্বেদং ঘর্ম্মম্, সুস্রুবাতে নিঃসারয়ামাসতুঃ ॥৭৮॥

অথেতি। রাক্ষসমলায়ুধম্। আক্ষিপ্য আকৃষ্য, চকর্ত্ত চিচ্ছেদ ॥৭৯॥

স ইতি। স হৈড়িম্বঃ। ননাদ চকার ॥৮০॥

নরনাথ রাজা! পূর্ব্বকালে বানরশ্রেষ্ঠ বালি ও সুগ্রীবের যেরূপ ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল, সেইরূপ তৎকালে ঘটোৎকচ ও অলায়ুধের ভয়ঙ্কর যুদ্ধ হইতে লাগিল ॥৭৫॥

ক্রমে তাহারা নানাবিধ ভয়ঙ্কর অস্ত্র ও বাণদ্বারা যুদ্ধ করিয়া সুধার দুইখানা তরবারি গ্রহণপূর্ব্বক পরস্পর আঘাত করিতে থাকিল ॥৭৬॥

পরে বিশালদেহ এবং দৈহিক ও মানসিক মহাবলশালী ঘটোৎকচ ও অলায়ুধ দ্রুত সন্নিহিত হইয়া হস্তদ্বারা পরস্পরের কেশ ধারণ করিল ॥৭৭॥

নরনাথ! অতিবৃষ্টির পরে দুইটা পর্ব্বতের ন্যায় ঘর্ম্মাক্তদেহ ঘটোৎকচ ও অলায়ুধ আপন আপন বিশাল দেহ হইতে ঘর্ম্মজল ও রক্ত নিঃসারণ করিতে লাগিল ॥৭৮॥

তাহার পর ঘটোৎকচ বেগে উপস্থিত হইয়া অলায়ুধকে ভ্রমণ করাইয়া বলপূর্ব্বক তাহাকে আকর্ষণ করিয়া তাহার বিশাল মস্তক ছেদন করিল ॥৭৯॥

---

(৭৬)…অন্যোন্যমভিপেততুঃ—পি,…প্রগৃহ্য চ শিতৌ খড়্গাবন্যোন্যমভিপেততুঃ—বা,… উৎসৃজ্য চ শিতৌ খড়্গাবন্যোন্যমভিপেততুঃ—নি। (৭৮)…অতিবৃষ্টাবিবাম্বুদৌ—বা নি।

হতং দৃষ্ট্বা মহাকায়ং বকজ্ঞাতিমরিন্দমম্ ।
পাঞ্চালাঃ পাণ্ডবাশ্চৈব সিংহনাদান্ বিনেদিরে ॥৮১॥
ততো ভেরীসহস্রাণি শঙ্খানামযুতানি চ ।
অবাদয়ন্ পাণ্ডবেয়া রাক্ষসে নিহতে যুধি ॥৮২॥
অতীব সা নিশা তেষাং বভূব বিজয়াবহা ।
বিদ্যোতমানা বিবভৌ সমন্তাদ্দীপমালিনী ॥৮৩॥
অলায়ুধস্য তু শিরো ভৈমসেনির্মহাবলঃ ।
দুর্য্যোধনস্য প্রমুখে চিক্ষেপ গতচেতসঃ ॥৮৪॥
অথ দুর্য্যোধনো রাজা দৃষ্ট্বা হতমলায়ুধম্ ।
বভূব পরমোদ্বিগ্নঃ সহ সৈন্যেন ভারত ! ॥৮৫॥
তেন হ্যস্য প্রতিজ্ঞাতং ভীমসেনমহং যুধি ।
হন্তেতি স্বয়মাগত্য স্মরতা বৈরমুত্তমম্ ॥৮৬॥

ভারতকৌমুদী

হতমিতি। মহাকায়ং বিশালশরীরম্, বকস্য রাক্ষসস্য জ্ঞাতিমলায়ুধম্ ॥৮১॥
তত ইতি। অবাদয়ন্ আনন্দাতিরেকাৎ, রাক্ষসে অলায়ুধে ॥৮২॥
অতীবেতি। অতীব বিজয়াবহা জয়দ্রথবধাদলায়ুধবধাচ্চেতি ভাবঃ ॥৮৩॥
অলায়ুধস্যেতি। ভৈমসেনির্ঘটোৎকচঃ। গতচেতসো বিষাদেনাচেতনপ্রায়স্য ॥৮৪॥
নন্ু দুর্য্যোধনস্য গতচেতস্ত্বং কুত ইত্যাহ অথেতি। পরমোদ্বিগ্নঃ, ভাব্যনিষ্টাশঙ্কাবশাৎ ॥৮৫॥

অতিমহাবল ঘটোৎকচ অলায়ুধের কুণ্ডলভূষিত মস্তক হরণ করিয়া তখন বিশাল সিংহনাদ করিতে লাগিল ॥৮০॥

ওদিকে বকরাক্ষসের ভ্রাতা বিশালশরীর ও শত্রুদমনকারী অলায়ুধকে নিহত দেখিয়া পাঞ্চাল এবং পাণ্ডবেরাও সিংহনাদ করিতে লাগিলেন ॥৮১॥

আর যুদ্ধে অলায়ুধ নিহত হইলে, পাণ্ডবেরা সহস্র সহস্র ভেরী ও বহুতর শঙ্খ বাজাইতে থাকিলেন ॥৮২॥

কারণ, তাঁহাদের পক্ষে সেই রাত্রিটা অত্যন্ত বিজয়কারিণী হইয়াছিল এবং সকল দিকে দীপমালাসমন্বিতা ও আলোকশালিনী হইয়া শোভা পাইতেছিল ॥৮৩॥

তদনন্তর মহাবল ঘটোৎকচ অলায়ুধের মস্তকটাকে অচেতনপ্রায় দুর্য্যোধনের সম্মুখে নিক্ষেপ করিল ॥৮৪॥

ভরতনন্দন ! তাহার পর রাজা দুর্য্যোধন সৈন্যগণের সহিত অলায়ুধকে নিহত দেখিয়া অত্যন্ত উদ্বিগ্ন হইলেন ॥৮৫॥

ধ্রুবং স তেন হন্তব্য ইত্যমন্যত পার্থিবঃ।
জীবিতং চিরকালায় ভ্রাতৃণাঞ্চাপ্যমন্যত ॥৮৭॥
স তং দৃষ্ট্বা বিনিহতং ভীমসেনাত্মজেন বৈ।
প্রতিজ্ঞাং ভীমসেনস্য পূর্ণামেবাভ্যমন্যত ॥৮৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে অলায়ুধবধে ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(ঃ*ঃ)——

ভারতকৌমুদী

অথানিষ্টাশঙ্কৈব কথমিত্যাহ ত্রিভিঃ। তেনেতি। তেন অলায়ুধেন, অস্য দুর্য্যোধনস্য সকাশে। হন্তা হনিষ্যামি। বৈরং ভ্রাতৃবকবধনিমিত্তম্, উত্তমং মহৎ ॥৮৬॥

ধ্রুবমিতি। স ভীমঃ, তেনালায়ুধেন। পার্থিবো দুর্য্যোধনঃ। ভ্রাতৄণাং দুঃশাসনাদীনাং জীবিতং জীবনং চিরকালায় স্থাস্যতীত্যপ্যমন্যত, হন্তুর্ভীমস্যৈবাভাবাদিতি ভাবঃ ॥৮৭॥

স ইতি। স দুর্য্যোধনঃ, তমলায়ুধম্। প্রতিজ্ঞাং 'ধার্ত্তরাষ্ট্রান্ হনিষ্যামি' ইত্যেবংরূপাম্ ॥৮৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ত্রিপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———॰::॰———

কারণ, অলায়ুধ ভীমের সহিত গুরুতর শত্রুতার বিষয় স্মরণ করিয়া নিজেই আসিয়া দুর্য্যোধনের নিকটে প্রতিজ্ঞা করিয়াছিল যে, 'আমি যুদ্ধে ভীমকে বধ করিব' ॥৮৬॥

তাহাতে দুর্য্যোধনও ইহা মনে করিয়াছিলেন যে, 'নিশ্চয়ই অলায়ুধ ভীমকে বধ করিবে'। তাহাতে আবার তিনি ইহাও ধারণা করিয়াছিলেন যে, 'ভীম না থাকায় আমার ভ্রাতারা দীর্ঘকাল জীবিত থাকিবে' ॥৮৭॥

কিন্তু ঘটোৎকচ সে অলায়ুধকে বধ করিল দেখিয়া দুর্য্যোধন মনে করিলেন যে, 'ভীমের প্রতিজ্ঞা পূর্ণই হইবে' ॥৮৮॥

———:০:———

(৮৭)...জীবিতং চিরকালং হি...বা নি। * '...ষট্সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বর্দ্ধ, '...একোনাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

নিহত্যালায়ুধং রক্ষঃ প্রহৃষ্টাত্মা ঘটোৎকচঃ।
ননাদ বিবিধান্ নাদান্ বাহিন্যাঃ প্রমুখে তব ॥১॥
তস্য তং তুমুলং শব্দং শ্রুত্বা কুঞ্জরকম্পনম্।
তাবকানাং মহারাজ! ভয়মাসীৎ সুদারুণম্ ॥২॥
অলায়ুধবিষক্তং তু ভৈমসেনিং মহাবলম্।
দৃষ্ট্বা কর্ণো মহাবাহুঃ পাঞ্চালান্ সমুপাদ্রবৎ ॥৩॥
দশভির্দশভির্বাণৈর্ধৃষ্টদ্যুম্নশিখণ্ডিনৌ।
দৃঢ়ৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈর্বিভেদ নতপর্বভিঃ ॥৪॥
ততঃ পরমনারাচৈর্যুধামন্যূত্তমৌজসৌ।
সাত্যকিঞ্চ রথোদারং কম্পয়ামাস মার্গণৈঃ ॥৫॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। রক্ষো রাক্ষসম্। ননাদ চকার। প্রমুখে সম্মুখে ॥১॥
তস্যেতি। অতিবীরাণাং কুঞ্জরাণামপি কম্পনং কম্পজনকম্। সুদারুণং সুমহৎ ॥২॥
পূর্ব্ববৃত্তান্তং ধৃতরাষ্ট্রমুদ্বোধয়তি অলেতি। অলায়ুধেন বিষক্তং যুদ্ধে মিলিতম্ ॥৩॥
তদানীন্তনং যুদ্ধমাহ দশভিরিতি। পূর্ণমায়তেনাকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ ॥৪॥
তত ইতি। রথোদারং মহারথম্, মার্গণৈর্বাণৈঃ ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ঘটোৎকচ অলায়ুধরাক্ষসকে বধ করিয়া অত্যন্ত আনন্দিত হইয়া আপনার সৈন্যের সম্মুখে নানাবিধ সিংহনাদ করিতে লাগিল ॥১॥

মহারাজ! হস্তিগণেরও হৃৎকম্পজনক ঘটোৎকচের সেই তুমুল শব্দ শুনিয়া আপনার সৈন্যগণের গুরুতর ভয় উপস্থিত হইল ॥২॥

পূর্ব্বে মহাবল ঘটোৎকচ যুদ্ধে অলায়ুধের সহিত মিলিত হইল দেখিয়া মহাবাহু কর্ণ পাঞ্চালগণের দিকে ধাবিত হইয়াছিলেন ॥৩॥

তখন তিনি পূর্ণাকৃষ্ট-কার্ম্মুক-নিক্ষিপ্ত দৃঢ় ও নতপর্ব দশ দশটা বাণে ধৃষ্টদ্যুম্ন ও শিখণ্ডীকে বিদ্ধ করিলেন ॥৪॥

(২)···শ্রুত্বা হৃদয়কম্পনম্···নি।

তেষামপ্যস্যতাং সংখ্যে সর্ব্বেষাং সব্যদক্ষিণম্।
মণ্ডলান্যেব চাপানি ব্যদৃশ্যন্ত জনাধিপ ! ॥৬॥
তেষাং জ্যাতলনির্ঘোষো রথনেমিস্বনশ্চ হ।
মেঘানামিব ঘর্ম্মান্তে বভূব তুমুলো নিশি ॥৭॥
জ্যানেমিঘোষস্তনয়িত্নুমান্ বৈ ধনুস্তড়িন্মণ্ডলকেতুশৃঙ্গঃ।
শরৌঘবর্ষাকুলবৃষ্টিমাংশ্চ সংগ্রামমেঘঃ স বভূব রাজন্ ! ॥৮॥
তদদ্ভুতং শৈল ইবাপ্রকম্প্যো বর্ষং মহাশৈলসমানসারঃ।
বিধ্বংসয়ামাস রণে নরেন্দ্র ! বৈকর্ত্তনঃ শত্রুগণাবমর্দ্দী ॥৯॥

ভারতকৌমুদী

তেষামিতি। অস্যতাং বাণান্ ক্ষিপতাম্। সব্যদক্ষিণং ভাগমধিষ্ঠিতানাম্ ॥৬॥

তেষামিতি। মেঘানাং গর্জ্জনমিব, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাপগমে ॥৭॥

তৎকালীনং যুদ্ধং মেঘরূপেণ বর্ণয়তি জ্যেতি। হে রাজন্ ! স সংগ্রাম এব মেঘঃ সংগ্রামমেঘঃ, তদানীং জ্যানাং ধনুর্গুণানাং নেমীনাং চক্রপ্রান্তানাঞ্চ ঘোষাঃ শব্দা এব স্তনয়িত্নবো গর্জ্জনান্যস্য সন্তীতি সঃ, ধনূংষ্যেব তড়িতাং স্বর্ণখচিততয়া বিদ্যুতাং মণ্ডলানি যত্র স চাসৌ কেতবো ধ্বজা এব শৃঙ্গাণি অগ্রাণি যস্য স চেতি সঃ, তথা শরৌঘবর্ষাণ্যেব আকুলবৃষ্টয়োঽস্য সন্তীতি স তাদৃশশ্চ বভূব ॥৮॥

তদিতি। বর্ষমস্ত্রবর্ষণম্, মহাশৈলস্য সমানঃ সারঃ স্থিরাংশো যস্য সঃ ॥৯॥

তৎপরে আবার তিনি উত্তম নারাচ ও বাণসমূহদ্বারা যুধামন্যু, উত্তমৌজা এবং মহারথ সাত্যকিকে বিচলিত করিয়া তুলিলেন ॥৫॥

নরনাথ ! তৎকালে তাঁহারা সকলেও রণস্থলে কর্ণের বাম ও দক্ষিণভাগে থাকিয়া বাণক্ষেপ করিতে লাগিলেন ; তখন তাঁহাদের ধনুগুলি কেবল মণ্ডলাকারই দেখা যাইতে লাগিল ॥৬॥

গ্রীষ্মকাল অতীত হইলে মেঘগর্জ্জনের ন্যায় সেই রাত্রিতে ধৃষ্টদ্যুম্নপ্রভৃতির তুমুল ধনুষ্টঙ্কার ও রথচক্রের শব্দ কর্ণগোচর হইতে থাকিল ॥৭॥

রাজা ! তখন যুদ্ধটা মেঘস্বরূপ হইয়া পড়িল। কারণ, ধনুষ্টঙ্কার ও রথচক্রের শব্দ হইল তাহার গর্জ্জন ; মণ্ডলীকৃত ধনুগুলি হইল বিদ্যুৎ, ধ্বজগুলি হইল অগ্রদেশ এবং বাণবর্ষণ হইল সঙ্কুল বৃষ্টি ॥৮॥

নরনাথ ! মহাপর্ব্বতের ন্যায় সারবান্, পর্ব্বতেরই তুল্য অকম্পনীয় ও শত্রুপক্ষমর্দ্দনকারী কর্ণ প্রথমে যুদ্ধে বিপক্ষগণের সেই অদ্ভুত অস্ত্রবর্ষণ বিনষ্ট করিলেন ॥৯॥

---

(৬) তেষামপ্যস্যতাং যুদ্ধে ···বর্দ্ধ। (৯) তদদ্ভুতম্···বর্ষং মহৎ···পি বর্দ্ধ বা।

ততোঽতুলৈর্বজ্রনিপাতকল্পৈঃ শিতৈঃ শরৈঃ কাঞ্চনচিত্রপুঙ্খৈঃ।
শত্রূন্ ব্যপোহৎ সমরে মহাত্মা বৈকর্ত্তনঃ পুত্রহিতে রতস্তে ॥১০॥
সংছিন্নভিন্নধ্বজিনশ্চ কেচিৎ কেচিচ্ছরৈরর্দ্দিতভিন্নদেহাঃ।
কেচিদ্বিসূতা বিহয়াশ্চ কেচিদ্বৈকর্ত্তনেনাশু কৃতা বভূবুঃ ॥১১॥
অবিন্দমানাস্ত্বথ শর্ম্ম সংখ্যে যৌধিষ্ঠিরং তে বলমভ্যপদ্যন্।
তান্ প্রেক্ষ্য ভগ্নান্ বিমুখীকৃতাংশ্চ ঘটোৎকচো রোষমতীব চক্রে ॥১২॥
আস্থায় তং কাঞ্চনরত্নচিত্রং রথোত্তমং সিংহ ইবোন্ননাদ।
বৈকর্ত্তনং কর্ণমুপেত্য চাপি বিব্যাধ বজ্রপ্রতিমৈঃ পৃষৎকৈঃ ॥১৩॥
তৌ কর্ণিনালীকশিলীমুখৈশ্চ নারাচকুন্তাসনবৎসদন্তৈঃ।
বরাহকর্ণৈঃ সবিপাঠশৃঙ্গৈঃ ক্ষুরপ্রবর্ষৈশ্চ বিভেদতুঃ খম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তত ইতি। নিপাতাম্ব ইতি নিপাতা যে বজ্রাস্তৎকল্পৈঃ। অগ্নিষ্টোমাদিবৎ বিশেষণস্য পরনিপাতঃ। শিতৈঃ সুধারৈঃ। ব্যপোহৎ ব্যনাশয়ৎ। বৈকর্ত্তনঃ কর্ণঃ ॥১০॥

সমিতি। সংছিন্না ভিন্না বিদীর্ণাশ্চ ধ্বজা এষাং সন্তীতি তে। অর্দ্দিতাঃ পীড়িতাঃ ভিন্না বিদীর্ণাশ্চ দেহা যেষাং তে। বিসূতাঃ সারথিশূন্যাঃ, বিহয়া অশ্বরহিতাঃ ॥১১॥

অবিন্দেতি। অবিন্দমানা অলভমানাঃ, শর্ম্ম সুখম্। অভ্যপদ্যন্ প্রাপ্নুবন্ ॥১২॥

আস্থায়েতি। আস্থায় আরুহ্য, তং পূর্ব্বত এব সজ্জিতম্। পৃষৎকৈর্বাণৈঃ ॥১৩॥

তাবিতি। কর্ণিপ্রভৃতয়ো বাণাঃ। বিভেদতুরাচ্ছাদয়ামাসতুঃ, খমাকাশম্ ॥১৪॥

মহারাজ! তাহার পর মহাত্মা ও আপনার পুত্রগণের হিতসাধনে নিরত কর্ণ স্বর্ণবিচিত্রমূলদেশ, সুধার ও বজ্রতুল্য অতুলনীয় বাণসমূহদ্বারা যুদ্ধে শত্রুগণকে সংহার করিতে লাগিলেন ॥১০॥

ক্রমে কর্ণ বাণদ্বারা কতকগুলি যোদ্ধার ধ্বজ ছিন্ন-ভিন্ন করিলেন, কতকগুলির দেহ পীড়ন ও বিদারণ করিলেন, কতকগুলির সারথিগণকে সংহার করিলেন এবং কতকগুলির অশ্বগুলিকে বিনষ্ট করিলেন ॥১১॥

তদনন্তর তাহারা যুদ্ধে থাকিতে না পারিয়া যুধিষ্ঠিরের সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিল। এই সময়ে তাহাদিগকে ভগ্ন ও পরাঙ্মুখ দেখিয়া ঘটোৎকচ অত্যন্ত ক্রুদ্ধ হইল ॥১২॥

তাহার পর ঘটোৎকচ পূর্ব্বসজ্জিত স্বর্ণ ও রত্নে বিচিত্র উত্তম রথে আরোহণ করিয়া সিংহের ন্যায় গর্জন করিল, পরে বিকর্ত্তননন্দন কর্ণের সম্মুখে যাইয়া বজ্রতুল্য বাণসমূহদ্বারা তাঁহাকে বিদ্ধ করিতে লাগিল ॥১৩॥

(১৩)···সিংহবৎ সংননাদ···বা নি। (১৪)···দণ্ডাসনবৎসদন্তৈঃ···বিনেদতুঃ খম্—বা নি,··· ববর্ষতুঃ খম্—পি।

তদ্বাণধারাবৃতমন্তরীক্ষং তির্য্যগ্‌গতাভিঃ সমরে ররাজ।
সুবর্ণপুঙ্খজ্বলনপ্রভাভিঃ বিচিত্রপুষ্পাভিরিব স্রজাভিঃ ॥১৫॥
সমাহিতাবপ্রতিমপ্রভাবাবন্যোন্যমাজঘ্নতুরুত্তমাস্ত্রৈঃ।
তয়োর্হি বীরোত্তময়োর্ন কশ্চিদ্দদর্শ তস্মিন্ সমরে বিশেষম্ ॥১৬॥
অতীব তচ্চিত্রমতুল্যরূপং বভূব যুদ্ধং রবিভীমসূন্বোঃ।
সমাকুলং শস্ত্রনিপাতঘোরং দিবীব রাহ্বংশুমতোঃ প্রতপ্তম্ ॥১৭॥
ঘটোৎকচং যদা কর্ণো ন বিশেষয়তে নৃপ !।
ততঃ প্রাদুশ্চকারোগ্রমস্ত্রমস্ত্রবিদাং বরঃ ॥১৮॥

ভারতকৌমুদী

তদিতি। সুবর্ণপুঙ্খা জ্বলনা বহ্নয় ইব তেষাং প্রভাভিঃ, বিচিত্রাণি পুষ্পাণি যাসু তাভিঃ, স্রজাভির্মালাভিরিব স্থিতাভিঃ। স্রজেতি ক্ষুধেত্যাদিবৎ টাবন্তং পদম্ ॥১৫॥

সমিতি। সমাহিতৌ পরস্পরজয়ে কৃতমনোযোগৌ। বিশেষং তারতম্যম্ ॥১৬॥

অতীবেতি। রবিসূনুঃ কর্ণঃ ভীমসূনুশ্চ ঘটোৎকচস্তয়োঃ। সমাকুলম্ অস্থৈর্য্যাপন্নম্। দিবি গগনে, রাহুঃ প্রসিদ্ধঃ অংশুমান্ সূর্য্যশ্চ তয়োঃ, প্রতপ্তং প্রতাপপ্রযুক্তম্ ॥১৭॥

ঘটোৎকচমিতি। বিশেষয়তে অতিক্রামতি স্ম। ততস্তদা ॥১৮॥

ভারতভাবদীপঃ

নিহত্যেতি ॥১—৭॥ ধনুরেব তড়িন্মণ্ডলং যত্র কেতবো ধ্বজা এব শৃঙ্গাণি কোটয়ো যত্র ॥৮—১৩॥ দণ্ডাসনা দণ্ডাকারফলকাঃ, বিপাঠশৃঙ্গৈঃ বিপাঠৌস্তম্ভৈঃ, বিনেদতুরাচ্ছাদিতবন্তৌ

ক্রমে তাঁহারা কর্ণী, নালীক, শিলীমুখ, নারাচ, কুন্তাসন, বৎসদন্ত, বরাহকর্ণ, বিপাঠ, শৃঙ্গ ও ক্ষুরপ্র সকল বর্ষণ করিয়া আকাশ আবৃত করিলেন ॥১৪॥

তৎকালে তাঁহাদের বাণসমূহের অগ্নির ন্যায় উজ্জ্বল স্বর্ণপুঙ্খ সকলের প্রভাগুলি তির্য্যগ্‌ভাবে প্রসৃত হইতে থাকিল; তাহাতে তাঁহাদের বাণজালাবৃত আকাশটা যেন বিচিত্রপুষ্প মালাসমূহদ্বারা শোভা পাইতে লাগিল ॥১৫॥

অসাধারণপ্রভাবশালী কর্ণ ও ঘটোৎকচ পরস্পর জয় করিবার জন্য মনোযোগী হইয়া উত্তম উত্তম অস্ত্রদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন। তখন সেই যুদ্ধে কোন ব্যক্তিই সেই বীরশ্রেষ্ঠ দুইজনের তারতম্য দেখিতে পাইল না ॥১৬॥

ক্রমে আকাশে রাহু ও সূর্য্যের ন্যায় কর্ণ ও ঘটোৎকচের প্রতাপপ্রযুক্ত সেই যুদ্ধ অতিবিচিত্র, অতুলনীয়, সঙ্কুল ও নানাবিধ শস্ত্রপাতনিবন্ধন অতিভীষণভাবে চলিতে লাগিল ॥১৭॥

---

(১৫)···জ্বলিতপ্রভাভিঃ···প্রজাভিঃ···বা নি। (১৭)···রাহ্বংশুমতোঃ প্রমত্তম্—বা নি।

তেনাস্ত্রেণাবধীত্তস্য রথং সহয়সারথিম্ ।
বিরথশ্চাপি হৈড়িম্বঃ ক্ষিপ্রমন্তরধীয়ত ॥১৯॥

ধৃতরাষ্ট্র উবাচ ।

তস্মিন্নন্তর্হিতে তূর্ণং কূটযোধিনি রাক্ষসে ।
মামকৈঃ প্রতিপন্নং যত্তন্মমাচক্ষ্ব সঞ্জয় ! ॥২০॥

সঞ্জয় উবাচ ।

অন্তর্হিতং রাক্ষসেন্দ্রং বিদিত্বা সংপ্রাক্রোশন্ কুরবঃ সর্ব্ব এব ।
কথং নায়ং রাক্ষসঃ কূটযোধী হন্যাৎ কর্ণং সমরেঽদৃশ্যমানঃ ॥২১॥
ততঃ কর্ণো লঘুচিত্রাস্ত্রযোধী সর্বা দিশঃ প্রাবৃণোদ্বাণজালৈঃ ।
ন বৈ কিঞ্চিৎ প্রাপতত্তত্র ভূতং তমোভূতে সায়কৈরন্তরীক্ষে ॥২২॥

ভারতকৌমুদী

তেনেতি । অবধীৎ বিনাশিতবান্, হয়ৈরশ্বৈঃ সারথিনা চ সহেতি তম্ ॥১৯॥

তস্মিন্নিতি । কূটযোধিনি মায়য়া যুদ্ধকারিণি । প্রতিপন্নং কর্ত্তব্যত্বয়াভিপ্রেতম্ ॥২০॥

অন্তরিতি । সংপ্রাক্রোশন্ উচ্চৈরবদন্ । কথং কেন প্রকারেণ । তৎ প্রকারমাশ্রয়তেতি ভাবঃ ॥২১॥

তত ইতি । লঘু দ্রুতং চিত্রঞ্চ অস্ত্রৈর্যুধ্যত ইতি সঃ । প্রাপতৎ অগচ্ছৎ, ভূতং প্রাণী ॥২২॥

রাজা ! অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ কর্ণ যখন ঘটোৎকচকে অতিক্রম করিতে পারিতেছিলেন না, তখন তিনি একটা ভীষণ অস্ত্র আবিষ্কার করিলেন ॥১৮॥

পরে তিনি সেই অস্ত্রদ্বারা ঘটোৎকচের রথ, অশ্ব ও সারথি বিনাশ করিলেন । তখন ঘটোৎকচ রথবিহীন হইয়া সত্বর অন্তর্হিত হইল ॥১৯॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয় ! কূটযোদ্ধা সেই রাক্ষস সত্বর অন্তর্হিত হইলে, আমার পক্ষের যোদ্ধারা যাহা কর্ত্তব্য বলিয়া মনে করিলেন, তাহা আমার নিকট বল' ॥২০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! ঘটোৎকচ অন্তর্হিত হইয়াছে জানিয়া কৌরবেরা সকলেই উচ্চস্বরে বলিয়া উঠিলেন যে, 'কূটযোধী এই রাক্ষসটা অদৃশ্য থাকিয়া কি প্রকারে যুদ্ধে কর্ণকে বধ না করে' ॥২১॥

তাহার পর দ্রুত ও বিচিত্র যুদ্ধকারী কর্ণ বাণজালে সকল দিক্ আবৃত করিয়া ফেলিলেন । তখন বাণজালে আকাশ অন্ধকারময় হইয়া গেল । সুতরাং কোন প্রাণীই সে আকাশে বিচরণ করিল না ॥২২॥

---

(১৯) তেনাস্ত্রেনাবধীত্তস্য··· পি ।

নৈবাদদানো ন চ সন্দধানো ন চেষুধী স্পৃশমানঃ করাগ্রৈঃ।
অদৃশ্যদ্বৈ লাঘবাৎ সূতপুত্রঃ সর্ব্বং বাণৈশ্ছাদয়ানোঽন্তরীক্ষম্ ॥২৩॥
ততো মায়াং দারুণামন্তরীক্ষে ঘোরাং ভীমাং বিহিতাং রাক্ষসেন।
অপশ্যাম লোহিতাভ্রপ্রকাশাং দেদীপ্যন্তীমগ্নিশিখামিবোগ্রাম্ ॥২৪॥
ততস্তস্যাং বিদ্যুতঃ প্রাদুরাসন্নুল্কাশ্চাপি জ্বলিতাঃ কৌরবেন্দ্র!।
ঘোষশ্চান্যঃ প্রাদুরাসীৎ সুঘোরঃ সহস্রশো নদতাং দুন্দুভীনাম্ ॥২৫॥
ততঃ শরাঃ প্রাপতন্ রুক্মপুঙ্খাঃ শক্ত্যৃষ্টিপ্রাসমুসলান্যায়ুধানি।
পরশ্বধাস্তৈলধৌতাশ্চ খড়্গাঃ প্রদীপ্তাগ্রাস্তোমরাঃ পট্টিশাশ্চ ॥২৬॥
ময়ূখিনঃ পরিঘা লৌহবদ্ধা গদাশ্চিত্রাঃ শিতধারাশ্চ শূলাঃ।
গুর্ব্ব্যো গদা হেমপট্টাবনদ্ধাঃ শতঘ্ন্যশ্চ প্রাদুরাসন্ সমন্তাৎ ॥২৭॥

ভারতকৌমুদী

নেতি। ইষুধী তূণৌ। অদৃশ্যৎ অদৃশ্যত, লাঘবাৎ দ্রুতত্বাৎ। ছাদয়ানশ্ছাদয়মানঃ ॥২৩॥

তত ইতি। দারুণাং ঘোরাং ভীমামুগ্রামিত্যেকার্থ এব শব্দচতুষ্টয়প্রয়োগ আর্ষত্বাৎ সোঢব্যঃ। লোহিতাভ্রবৎ রক্তমেঘবৎ প্রকাশত ইতি তাম্, দেদীপ্যন্তীং দেদীপ্যমানাম্ ॥২৪॥

তত ইতি। ঘোষো ধ্বনিঃ, অন্যো বিলক্ষণঃ। সহস্রশো বহুসহস্রসংখ্যাকানাম্ ॥২৫॥

তত ইতি। তৈলেন ধৌতাঃ পরিষ্কৃতাঃ, প্রদীপ্তাগ্রা উজ্জ্বলমুখাঃ ॥২৬॥

ময়ূখিন ইতি। ময়ূখিনঃ কিরণবন্তঃ। গুর্ব্ব্যো বৃহত্যঃ। সমন্তাৎ সর্ব্বাসু দিক্ষু ॥২৭॥

তৎকালে হস্তাগ্রদ্বারা কর্ণের তূণস্পর্শ, বাণগ্রহণ ও বাণসন্ধান এগুলি অতিদ্রুত হইতেছিল বলিয়া সেগুলি পৃথক্‌ভাবে দেখা যায় নাই; তিনি যে বাণজালে সমগ্র আকাশ আবৃত করিয়াছিলেন, তাহাই দেখা গিয়াছিল ॥২৩॥

তাহার পর রক্তবর্ণ মেঘের ন্যায় প্রকাশিত এবং অগ্নিশিখার তুল্য উজ্জ্বল ঘটোৎকচকৃত দারুণ মায়া আমরা আকাশে দেখিতে পাইলাম ॥২৪॥

কৌরবশ্রেষ্ঠ! তৎপরে সেই মায়াতে বিদ্যুৎ ও উজ্জ্বল উল্কা সকল আবির্ভূত হইতে লাগিল এবং সহস্র সহস্র দুন্দুভির অতিভীষণ ও বিলক্ষণ ধ্বনি প্রাদুর্ভূত হইতে থাকিল ॥২৫॥

তদনন্তর স্বর্ণপুঙ্খ বাণ, শক্তি, ঋষ্টি, প্রাস, মুসলপ্রভৃতি অস্ত্র, পরশু, তৈলমার্জ্জিত তরবারি এবং উজ্জ্বলমুখ তোমর ও পট্টিশ সকল আকাশ হইতে পতিত হইতে লাগিল ॥২৬॥

কিরণযুক্ত ও লৌহবদ্ধ পরিঘ, বিচিত্র গদা, সুধার শূল, বিশাল স্বর্ণপট্টবেষ্টিত গদা এবং শতঘ্নী সকল সমস্ত দিকে পতিত হইতে থাকিল ॥২৭॥

---

(২৫)…ঘোষশ্চান্যাঃ…বা নি। (২৬)…শক্ত্যৃষ্টিপ্রাসা মুসলান্যায়ুধানি…বঙ্গ বৰ্দ্ধ।

মহাশিলাশ্চাপতংস্তত্র তত্র সহস্রশঃ সাশনয়শ্চ বজ্রাঃ।
চক্রাণি চানেকশতক্ষুরাণি প্রাদুর্ব্বভূবুর্জ্বলনপ্রভাণি ॥২৮॥
তাং শক্তিপাষাণপরশ্বধানাং প্রাসাসিবজ্রাশনিমুদ্গরাণাম্।
বৃষ্টিং বিশালাং জ্বলিতাং পতন্তীং কর্ণঃ শরৌঘৈর্ন শশাক হন্তুম্ ॥২৯॥
শরাহতানাং পততাং হয়ানাং বজ্রাহতানাঞ্চ তথা গজানাম্।
শিলাহতানাঞ্চ মহারথানাং মহান্ নিনাদঃ পততাং বভূব ॥৩০॥
সুভীমনানাবিধশস্ত্রপাতৈর্ঘটোৎকচেনাভিহতং সমন্তাৎ।
দৌর্য্যোধনং বৈ বলমার্ত্তরূপমাবর্ত্তমানং দদৃশে ভ্রমত্তৎ ॥৩১॥
হাহাকৃতং সংপরিবর্ত্তমানং সংলীয়মানঞ্চ বিষণ্ণরূপম্।
তে ত্বার্য্যভাবাৎ পুরুষপ্রবীরাঃ পরাঙ্মুখা নো বভূবুস্তদানীম্ ॥৩২॥
(যুগ্মকম্)

ভারতকৌমুদী

মহেতি। অশনিভিবিদ্যুদ্ভিঃ সহেতি তে। "অশনির্বজ্রবিদ্যুতোঃ" ইতি হেমচন্দ্রঃ। অনেকশতানি ক্ষুরাণি যেষু তানি। জ্বলনপ্রভাণি অগ্নিবদুজ্জ্বলানি ॥২৮॥

তামিতি। অশনির্বিদ্যুৎ। হন্তুং ন শশাক, অতিবাহুল্যাদিত্যাশয়ঃ ॥২৯॥

শরেতি। হয়াদীনাং কুরুপক্ষীয়াণাম্। মহারথানাং বিশালস্যন্দনানাম্ ॥৩০॥

সুভীমেতি। আবর্ত্তমানং বিমুখীভবৎ। হাহা ইত্যস্য কৃতং করণং যস্য তৎ, সংপরিবর্ত্তমানং পলায়মানম্, সংলীয়মানং লুক্কায়িতীভবৎ। আর্য্যভাবাৎ সৌজন্যাৎ ॥৩১—৩২॥

নানাস্থানে বিশাল প্রস্তর, বিদ্যুৎসমন্বিত সহস্র সহস্র বজ্র এবং অগ্নির ন্যায় উজ্জ্বল ও বহুতর ক্ষুরযুক্ত চক্র সকল আবির্ভূত হইতে লাগিল ॥২৮॥

শক্তি, পাষাণ, পরশু, প্রাস, তরবারি, বজ্র, বিদ্যুৎ ও মুদ্গরসমূহের উজ্জ্বল ও বিশাল বৃষ্টি পতিত হইতে লাগিলে, কর্ণ বাণসমূহদ্বারা সে বৃষ্টি নিবারণ করিতে সমর্থ হইলেন না ॥২৯॥

বাণতাড়িত অশ্ব, বজ্রপ্রহৃত হস্তী ও প্রস্তরচূর্ণিত বিশাল রথ সকল ভূতলে পতিত হইতে থাকিলে, সেগুলির বিশাল শব্দ হইতে থাকিল ॥৩০॥

ঘটোৎকচ নানাবিধ ভয়ঙ্কর অস্ত্রদ্বারা সকল দিকে আঘাত করিতে লাগিলে, দুর্য্যোধনের সেই সৈন্যকে পীড়িত, পরাঙ্মুখ, ঘূর্ণিত, হাহাকারী, পলায়মান, লুক্কায়িত ও অবসন্ন হইতে দেখা গেল; কিন্তু পুরুষশ্রেষ্ঠেরা তখনও সৌজন্যবশতঃ পরাঙ্মুখ হইলেন না ॥৩১—৩২॥

(৩২)·· ন বভূবুস্তদানীম্—বর্দ্ধ।

তাং রাক্ষসীং ভীমরূপাং সুঘোরাং বৃষ্টিং মহাশস্ত্রময়ীং পতন্তীম্।
দৃষ্ট্বা বলৌঘাংশ্চ নিপাত্যমানান্ মহদ্ভয়ং তব পুত্রান্ বিবেশ ॥৩৩॥
শিবাশ্চ বৈশ্বানরদীপ্তজিহ্বাঃ সুভীমনাদাঃ শতশো নদন্তীঃ।
রক্ষোগণান্ নর্দ্দতশ্চাপি বীক্ষ্য নরেন্দ্র! যোধা ব্যথিতা বভূবুঃ ॥৩৪॥
তে দীপ্তজিহ্বাননতীক্ষ্ণদংষ্ট্রা বিভীষণাঃ শৈলনিকাশকায়াঃ।
নভোগতাঃ শক্তিবিষক্তহস্তা মেঘা ব্যমুঞ্চন্নিব বৃষ্টিমুগ্রাম্ ॥৩৫॥
তৈরাহতাস্তে শরশক্তিশূলৈর্গদাভিরুগ্রৈঃ পরিঘৈশ্চ দীপ্তৈঃ।
বজ্রৈঃ পিনাকৈরশনিপ্রহারৈঃ শতঘ্নিচক্রৈর্মথিতাশ্চ পেতুঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তামিতি। সুঘোরামতিমহতীমিতি যথাকথঞ্চিৎ পুনরুক্তিনিবৃত্তিঃ ॥৩৩॥

শিবা ইতি। বৈশ্বানরেণ ভাস্বরাগ্নিনা দীপ্তা জিহ্বা যাসাং তাঃ। নদন্তীর্নদতীঃ ॥৩৪॥

ত ইতি। দীপ্তানি উজ্জ্বলানি জিহ্বাননানি যেষাং তে চ তে তীক্ষ্ণদংষ্ট্রাশ্চেতি তে, বিভীষণা অতীবভয়ঙ্করাঃ, শৈলনিকাশকায়াঃ পর্ব্বততুল্যবিশালদেহাঃ, শক্তিভিরস্ত্রৈর্বিষক্তা যুক্তা হস্তা যেষাং তে চ, নভোগতাঃ, তে রক্ষোগণাঃ, মেঘা জলানামিব, শস্ত্রাণামুগ্রাং বৃষ্টিং ব্যমুঞ্চন্ অক্ষিপন্ ॥৩৫॥

তৈরিতি। তে কৌরবযোদ্ধারঃ। দীপ্তৈরুজ্জ্বলৈঃ। অশনিপ্রহারৈর্বিদ্যুদাঘাতৈঃ ॥৩৬॥

মহারাজ! ঘটোৎকচকৃত সেই ভীষণ ও বিশাল মহাশস্ত্রবৃষ্টি পতিত হইতেছে এবং সৈন্যসমূহও ভূলুণ্ঠিত হইতেছে ইহা দেখিয়া আপনার পুত্রদের গুরুতর ভয় উপস্থিত হইল ॥৩৩॥

নরশ্রেষ্ঠ! অগ্নিপ্রজ্বলিতমুখ ও ভীষণনাদকারী শত শত শৃগাল রব করিতেছে এবং রাক্ষসেরাও গর্জ্জন করিতেছে ইহা দেখিয়া আপনার পক্ষের যোদ্ধারাও উদ্বিগ্ন হইয়া পড়িলেন ॥৩৪॥

যাহাদের জিহ্বা ও মুখ উজ্জ্বল, দন্ত তীক্ষ্ণ, আকৃতি অতিভীষণ, শরীর পর্ব্বততুল্য বৃহৎ, এবং হস্তে শক্তি (অস্ত্রবিশেষ) ছিল, সেই আকাশবর্ত্তী রাক্ষসেরা—মেঘ যেমন জলধারা বর্ষণ করে, সেইরূপ ভীষণ অস্ত্র বর্ষণ করিতে লাগিল ॥৩৫॥

সেই সকল বাণ, শক্তি, শূল, গদা, ভীষণ ও উজ্জ্বল পরিঘ, বজ্র, পিনাক ও বিদ্যুতের প্রহারে এবং শতঘ্নী ও চক্রের আঘাতে মথিত হইয়া কৌরবসৈন্যেরা পতিত হইতে লাগিল ॥৩৬॥

---

(৩৫)⋯তে দীপ্তজিহ্বানলতীক্ষ্ণদংষ্ট্রাঃ⋯ব নি।

হুলা ভুষুণ্ড্যোঽশ্মগুড়াঃ শতঘ্ন্যঃ স্থূণাশ্চ কার্ষ্ণায়সপট্টনদ্ধাঃ।
অবাকিরংস্তব পুত্রস্য সৈন্যং ততো রৌদ্রং কশ্মলং প্রাদুরাসীৎ ॥৩৭॥
নিষ্কীর্ণান্ত্রা বিহতৈরুত্তমাঙ্গৈঃ সংভগ্নাঙ্গাঃ শিশ্যিরে তত্র শূরাঃ।
ছিন্না হয়াঃ কুঞ্জরাশ্চাপি ভগ্নাঃ সঞ্চূর্ণিতাশ্চৈব রথাঃ শিলাভিঃ ॥৩৮॥
এবং মহচ্ছস্ত্রবর্ষং সৃজন্তস্তে যাতুধানা ভুবি ঘোররূপাঃ।
মায়াসৃষ্টাস্তত্র ঘটোৎকচেন নামুঞ্চন্ বৈ যাচমানং ন ভীতম্ ॥৩৯॥
তস্মিন্ ঘোরে কুরুবীরাবমর্দ্দে কালোৎসৃষ্টে ক্ষত্রিয়াণামভাবে।
তে বৈ ভগ্নাঃ সহসা ব্যদ্রবন্ত প্রাক্রোশন্তঃ কৌরবাঃ সর্ব্ব এব ॥৪০॥
পলায়ধ্বং কৌরবা নৈতদস্তি সেন্দ্রা দেবা ঘ্নন্তি নঃ পাণ্ডবার্থে।
তথা তেষাং মজ্জতাং ভারতানাং তস্মিন্ দ্বীপঃ সূতপুত্রো বভূব ॥৪১॥
(যুগ্মকম্)

ভারতকৌমুদী

হুলা ইতি। হুলা অস্ত্রবিশেষাঃ, অশ্মগুড়াঃ প্রস্তরগুলিকাঃ। কার্ষ্ণায়সানাং লৌহসারাণাং পট্টৈর্নদ্ধা বেষ্টিতাঃ। অবাকিরন্ প্রাহরন্। কশ্মলং মোহঃ, প্রাদুরাসীৎ তস্য সৈন্যস্যেতি শেষঃ ॥৩৭॥

নিরিতি। নিষ্কীর্ণানি বহির্গমিতানি অন্ত্রাণি নাড়ীবিশেষা যেষাং তে, উত্তমাঙ্গৈর্মস্তকৈঃ, বিহিতৈশ্চূর্ণিতৈর্হেতুভিঃ, শিশ্যিরে শয়িতাঃ। ভগ্না ভগ্নগাত্রাঃ। শিলাভিঃ প্রস্তরবৃষ্টিভিঃ ॥৩৮॥

এবমিতি। যাতুধানা রাক্ষসাঃ। যাচমানং প্রাণান্ ভিক্ষমাণমপি জনম্ ॥৩৯॥

তস্মিন্নিতি। কুরুবীরাণামবমর্দ্দে সংক্ষয়ে, কালেন উৎসৃষ্টে কৃতে, অভাবে ধ্বংসে। ব্যদ্রবন্ত পলায়ন্ত, প্রাক্রোশন্ত ইদমুচ্চৈর্বদন্তঃ। কিং তদিত্যাহ পলায়ধ্বমিতি। এতৎ কৌরববচনম্ ॥৪০—৪১॥

মহারাজ! হুল, ভুষুণ্ডী, প্রস্তরগুলিকা, শতঘ্নী এবং লৌহসার-(ইস্পাত) পট্টে বেষ্টিত স্তম্ভ সকল আপনার পুত্রের সৈন্যগণকে আঘাত করিতে লাগিল; তাহাতে তাহাদের দারুণ মোহ উপস্থিত হইল ॥৩৭॥

মস্তক চূর্ণ হওয়ায় যাঁহাদের নাড়ী বাহির হইতে লাগিল এবং অঙ্গ সকল ভগ্ন হইতে থাকিল, তাঁহারা সমরাঙ্গনে শয়ন করিতে লাগিলেন; আর অশ্ব সকল ছিন্ন, হস্তী সকল ভগ্ন এবং প্রস্তরপ্রহারে রথ সকল চূর্ণিত হইতে থাকিল ॥৩৮॥

ঘটোৎকচের মায়ানির্ম্মিত সেই ভীষণমূর্ত্তি রাক্ষসেরা ভূতলে থাকিয়া এইভাবে বিশাল অস্ত্র বর্ষণ করতঃ প্রাণভিক্ষাকারী বা ভীত ব্যক্তিকেও ছাড়িতে লাগিল না ॥৩৯॥

(৩৭) শূলা ভুষুণ্ড্যঃ···স্থূলাশ্চ কার্ষ্ণায়স···বা নি। (৩৮) বিকীর্ণান্ত্রাঃ··· নি।

তস্মিন্ সংক্রন্দে তুমুলে বর্ত্তমানে সৈন্যে ভগ্নে লীয়মানে কুরূণাম্।
অনীকানাং প্রবিভাগেঽপ্রকাশে ন জ্ঞায়ন্তে কুরবো নেতরে চ ॥৪২॥
নির্ম্মর্য্যাদে বিদ্রবে ঘোররূপে সর্ব্বা দিশঃ প্রেক্ষমাণাঃ স্ম শূন্যাঃ।
তাং শস্ত্রবৃষ্টিমুরসা গাহমানং কর্ণং ত্বেকং তত্র রাজন্নপশ্যন্ ॥৪৩॥
ততো বাণৈরাবৃণোদন্তরীক্ষং দিব্যাং মায়াং যোধয়ন্ রাক্ষসস্য।
হ্রীমান্ কুর্ব্বন্ দুষ্করমার্য্যকর্ম্ম নৈবামুহ্যৎ সংযুগে সূতপুত্রঃ ॥৪৪॥
ততো ভীতাঃ সমুদৈক্ষন্ত কর্ণং রাজন্! সর্ব্বে সৈন্ধবা বাহ্লিকাশ্চ।
অসংমোহং পূজয়ন্তোঽস্য সংখ্যে নাপশ্যন্ বৈ বিজয়ং রাক্ষসস্য ॥৪৫॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। সংক্রন্দে যুদ্ধে। অপ্রকাশে মিলিতত্বাৎ। ইতরে পাণ্ডবাশ্চ ॥৪২॥

নির্ম্মিতি। নির্ম্মর্য্যাদে নিয়মরহিতে, বিদ্রবে যুদ্ধে। উরসা বক্ষসা, গাহমানং দধানম্ ॥৪৩॥

তত ইতি। হ্রীমান্ তদানীমপি রাক্ষসং হন্তুমশক্তুতয়া লজ্জাবান্। আর্য্যকর্ম্ম সজ্জনকার্য্যম্ ॥৪৪॥

তত ইতি। সৈন্ধবাঃ সিন্ধুদেশীয়াঃ। অসংমোহং ধৈর্য্যম্। নাপশ্যন্ নোৎপ্রেক্ষন্ত ॥৪৫॥

কালকৃত সেই ভীষণ কুরুবীরক্ষয় ও সাধারণ ক্ষত্রিয়ক্ষয়ের সময়ে সেই কৌরবযোদ্ধারা সকলেই পরাজিত হইয়া উচ্চস্বরে এই কথা বলিতে থাকিয়া বেগে পলায়ন করিতে লাগিলেন—যে, 'কৌরবগণ! আপনারা পলায়ন করুন, এ সৈন্য আর থাকিল না। কারণ, ইন্দ্রের সহিত দেবতারা পাণ্ডবদের জন্য আমাদিগকে বধ করিতেছেন'। সেইভাবে কৌরবসৈন্যেরা বিপৎসাগরে মগ্ন হইতেছিল, সেই অবস্থায় কর্ণ তাহাদের দ্বীপস্বরূপ (অবলম্বন) হইলেন ॥৪০-৪১॥

সেই তুমুল যুদ্ধ চলিতে থাকিলে এবং কৌরবসৈন্যেরা পরাজিত হইয়া লুক্কায়িত হইতে লাগিলে, আর উভয় সৈন্যের বিভাগ তিরোহিত হইলে, কৌরব বা পাণ্ডব কিছুই বুঝা গেল না ॥৪২॥

রাজা! নিয়মশূন্য সেই ভীষণ যুদ্ধে কৌরবেরা সকল দিক্ই শূন্য দেখিতে লাগিলেন; কিন্তু তাঁহারা এক কর্ণকেই কেবল বক্ষে সেই অস্ত্রবৃষ্টি ধারণ করিতে দেখিলেন ॥৪৩॥

তাহার পর কর্ণ তখনও ঘটোৎকচকে বধ করিতে না পারায় লজ্জিত হইয়া দুষ্কর সজ্জন কার্য্য করিতে থাকিয়া এবং ঘটোৎকচের অলৌকিক মায়ানিবারণ করিবার ইচ্ছা করিয়া বাণদ্বারা আকাশ আবৃত করিতে লাগিলেন, কিন্তু যুদ্ধে মুগ্ধ হইলেন না ॥৪৪॥

(৪৫)···সংপশ্যন্তো বিজয়ং রাক্ষসস্য—বা নি।

তেনোৎসৃষ্টা চক্রযুক্তা শতঘ্নী সমং সর্ব্বাংশ্চতুরোঽশ্বান্ জঘান।
তে জানুভির্জগতীমন্বপদ্যন্ গতাসবো নির্দশনাক্ষিজিহ্বাঃ ॥৪৬॥
ততো হতাশ্বাদবরুহ্য যানাদন্তর্মনাঃ কুরুষু প্রাদ্রবৎসু।
দিব্যে চাস্ত্রে মায়য়া বধ্যমানে নৈবামুহ্যচ্চিন্তয়ন্ প্রাপ্তকালম্ ॥৪৭॥
ততোঽব্রুবন্ কুরবঃ সর্ব্ব এব কর্ণং দৃষ্ট্বা ঘোররূপাঞ্চ মায়াম্।
শক্ত্যা রক্ষো জহি কর্ণাদ্য তূর্ণং নশ্যন্ত্যেতে কুরবো ধার্ত্তরাষ্ট্রাঃ ॥৪৮॥
করিষ্যতঃ কিঞ্চ নো ভীমপার্থৌ তপন্তমেনং জহি পাপং নিশীথে।
যো নঃ সংগ্রামাদ্‌ঘোররূপাদ্বিমুচ্যেৎ স নঃ পার্থান্ সবলান্ যোধয়েত ॥৪৯॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন ঘটোৎকচেন। অশ্বান্ কর্ণরথস্য। জগতীং ভূমিম্, অন্বপদ্যন্ প্রাপ্নুবন্, গতাসবো নির্গতপ্রাণাঃ, নির্‌ন বিস্তস্তে দশনা দন্তা অক্ষীণি চক্ষূংষি জিহ্বাশ্চ যেষাং তে ॥৪৬॥

তত ইতি। যানাৎ রথাৎ, অন্তর্মনা আকুলচিত্তঃ কর্ণঃ। প্রাপ্তকালং কালোচিতম্ ॥৪৭॥

তত ইতি। শক্ত্যা ইন্দ্রদত্তশক্ত্যাস্ত্রেণ, রক্ষো রাক্ষসং ঘটোৎকচম্ ॥৪৮॥

নন্থ ভীমার্জ্জুনয়োরন্যতরস্য বধার্থে রক্ষিতায়াস্তস্যাঃ শক্তের্ব্যয়ে তদ্বধস্য কঃ খলূপায় ইত্যাহ করিষ্যত ইতি। নঃ অস্মাকম্, পার্থোঽর্জ্জুনঃ, এনং ঘটোৎকচম্ ॥৪৯॥

রাজা! ক্রমে সিন্ধু ও বাহ্লিকদেশীয় সৈন্যেরা সকলে ভীত হইয়া কর্ণের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিল, তাঁহার ধৈর্য্যের প্রশংসা করিতে থাকিল এবং যুদ্ধে আর ঘটোৎকচের জয়ের সম্ভাবনা করিল না ॥৪৫॥

অথ চ তখন ঘটোৎকচনিক্ষিপ্ত চক্রযুক্ত একটা শতঘ্নী আসিয়া একদাই কর্ণের চারিটা অশ্বকে বধ করিল; সেই সময়ে সেই অশ্বগুলি প্রাণ, দন্ত, নয়ন ও জিহ্বাশূন্য হইয়া হাঁটু গাড়িয়া ভূতলে পতিত হইল ॥৪৬॥

তদনন্তর অশ্বগুলি নিহত হইলে, কৌরবসৈন্যেরা পলায়ন করিতে থাকিলে এবং ঘটোৎকচ মায়াবলে কর্ণের অলৌকিক অস্ত্র সকল প্রতিহত করিলে, কর্ণ আকুলচিত্ত হইয়া রথ হইতে অবতরণ করিয়া তৎকালোচিত কার্য্যের চিন্তা করিতে লাগিলেন, কিন্তু মুগ্ধ হইলেন না ॥৪৭॥

তৎপরে কৌরবেরা সকলেই ঘটোৎকচের ভীষণ মায়া দেখিয়া কর্ণের প্রতি দৃষ্টিপাত করিয়া বলিলেন—'কর্ণ! আপনি এখনই সত্বর সেই শক্তিদ্বারা রাক্ষসটাকে বধ করুন। কারণ, এই ধার্ত্তরাষ্ট্রগণ বিনষ্ট হইতে বসিয়াছেন ॥৪৮॥

ভীম ও অর্জ্জুন আমাদের কি করিবে; আপনি এই নিশীথকালে সন্তাপকারী এই পাপাত্মাকে বধ করুন। তা'র পর আমাদের মধ্যে যে ব্যক্তি এই ভীষণ যুদ্ধ হইতে মুক্তি লাভ করিবে, সেই ব্যক্তিই সৈন্যগণের সহিত পাণ্ডবদের সঙ্গে যুদ্ধ করিবে ॥৪৯॥

তস্মাদেনং রাক্ষসং ঘোররূপং জহি শক্ত্যা বৈ দত্তয়া বাসবেন।
মা কৌরবাঃ সর্ব্ব এবেন্দ্রকল্পা রাত্রিযুদ্ধে কর্ণ! নেশুঃ সযোধাঃ ॥৫০॥
স বধ্যমানো রক্ষসা বৈ নিশীথে দৃষ্ট্বা রাজংস্ত্রাস্যমানং বলঞ্চ।
মহচ্চ শ্রুত্বা নিনদং কৌরবাণাং মতিং দধ্রে শক্তিমোক্ষায় কর্ণঃ ॥৫১॥
স বৈ ক্রুদ্ধঃ সিংহ ইবাত্যমর্ষী নামর্ষয়ৎ প্রতিঘাতং রণে তম্।
শক্তিং শ্রেষ্ঠাং বৈজয়ন্তীমসহ্যাং সমাদদে তস্য বধং চিকীর্ষন্ ॥৫২॥
যাসৌ রাজন্! নিহিতা বর্ষপূগান্ বধায়াজৌ সৎকৃতা ফাল্গুনস্য।
যাং বৈ প্রাদাৎ সূতপুত্রায় শক্রঃ শক্তিং শ্রেষ্ঠাং কুণ্ডলাভ্যাং নিনায় ॥৫৩॥
তাং বৈ শক্তিং লেলিহানাং প্রদীপ্তাং পাশৈর্যুক্তামন্তকস্যেব জিহ্বাম্।
মৃত্যোঃ স্বসারং জ্বলিতামিবোল্কাং বৈকর্ত্তনঃ প্রাহিণোদ্রাক্ষসায় ॥৫৪॥
(যুগ্মকম্)

ভারতকৌমুদী

তস্মাদিতি। বাসবেন ইন্দ্রেণ। নেশুর্নশ্যন্তু ॥৫০॥
স ইতি। বধ্যমানঃ প্রহ্রিয়মাণঃ, রক্ষসা ঘটোৎকচেন। নিনদমার্ত্তনাদম্ ॥৫১॥
স ইতি। অত্যমর্ষী অতীবাসহিষ্ণুঃ, নামর্ষয়ৎ নাসহত। বৈজয়ন্তীং নাম ॥৫২॥
যেতি। বর্ষপূগান্ বৎসরসমূহান্ যাবৎ, নিহিতা কর্ণেন তূণে স্থাপিতা, সৎকৃতা আদৃতা, ফাল্গুনস্য অর্জ্জুনস্য। কুণ্ডলাভ্যাং কুণ্ডলদ্বয়দানেন, নিনায় কর্ণঃ শক্রাজ্জগ্রাহ। লেলিহানাং সম্মুখস্থং কিমপি আস্বদমানামিব, প্রদীপ্তামুজ্জ্বলাম্, পাশৈ রজ্জুভিঃ। স্বসারং ভগিনীম্। বৈকর্ত্তনঃ কর্ণঃ ॥৫৩—৫৪॥

অতএব কর্ণ! আপনি ইন্দ্রদত্ত শক্তিদ্বারা এই ভীষণ রাক্ষসটাকে বধ করুন। ইন্দ্রতুল্য কৌরবেরা সৈন্যগণের সহিত এই রাত্রিযুদ্ধে সকলেই যেন বিনষ্ট হন না' ॥৫০॥

রাজা! সেই নিশীথসময়ে ঘটোৎকচ আঘাত করিতে থাকিলে, কর্ণ কৌরবসৈন্যগণকে ভীত দেখিয়া এবং তাহাদের বিশাল আর্ত্তনাদ শুনিয়া সেই শক্তিনিক্ষেপের ইচ্ছা করিলেন ॥৫১॥

সিংহের ন্যায় অত্যন্ত অসহিষ্ণুস্বভাব কর্ণ তখন ক্রুদ্ধ হইয়া যুদ্ধে ঘটোৎকচের সেই আঘাত সহ্য করিলেন না; তিনি ঘটোৎকচকে বধ করিবার ইচ্ছা করিয়া শ্রেষ্ঠ ও অসহ্য সেই বৈজয়ন্তীনাম্নী শক্তি গ্রহণ করিলেন ॥৫২॥

রাজা! ইন্দ্র কর্ণকে যে শক্তি দান করিয়াছিলেন, কর্ণও নিজের কুণ্ডল দুইটী

(৫০)...শক্ত্যা জহি ত্বং ত্বয়া বাসবেন...বা,...শক্ত্যা জহি ত্বং দত্তয়া বাসবেন...নি। (৫২)...রণেঽসৌ...বা নি। (৫৪)...অন্তকস্যেব রাত্রিম্...পি বর্দ্ধ,...অন্তকস্যৈকরাত্রিম্...বা।

তামুত্তমাং পরকায়াবহন্ত্রীং দৃষ্ট্বা সৌতের্বাহুসংস্থাং জ্বলন্তীম্ ।
ভীতং রক্ষো বিপ্রদুদ্রাব রাজন্ ! কৃত্বাত্মানং বিন্ধ্যতুল্যপ্রমাণম্ ॥৫৫॥
দৃষ্ট্বা শক্তিং কর্ণবাহ্বন্তরস্থাং নেদুর্ভূতান্যন্তরীক্ষে নরেন্দ্র ! ।
ববুর্বাতাস্তুমুলাশ্চাপি রাজন্ ! সনির্ঘাতা চাশনির্গাং জগাম ॥৫৬॥
সা তাং মায়াং ভস্ম কৃত্বা জ্বলন্তী ভিত্ত্বা গাঢ়ং হৃদয়ং রাক্ষসস্য ।
ঊর্দ্ধং যযৌ দীপ্যমানা নিশায়াং নক্ষত্রাণামন্তরাণ্যাবিশন্তী ॥৫৭॥
যুদ্ধ্বা চিত্রৈর্বিবিধৈঃ শস্ত্রপূগৈর্দিব্যৈর্বীরো মানুষৈ রাক্ষসৈশ্চ ।
নদন্ নাদান্ বিবিধান্ ভৈরবাংশ্চ প্রাণানিষ্টাংস্ত্যাজিতঃ শক্রশক্ত্যা ॥৫৮॥

ভারতকৌমুদী

তামিতি। পরকায়াবহন্ত্রীং পরদেহবিদারিণীম্, সৌতেঃ সূতপুত্রস্য, বাহুসংস্থাং হস্তস্থিতাম্। রক্ষো ঘটোৎকচঃ, বিপ্রদুদ্রাব অপসসার। আত্মানং দেহম্। তৎকরণফলং পরত্রাদ্রষ্টব্যম্ ॥৫৫॥

দৃষ্টেতি। কর্ণস্য বাহ্বন্তরস্থাং হস্তমধ্যস্থিতাম্, নেদুঃ কোলাহলং চক্রুঃ, ভূতানি দেবাদয়ঃ প্রাণিনঃ। বাতাহতবাতপাতো নির্ঘাতস্তৎসহিতা সনির্ঘাতা, অশনির্বজ্রঃ, গাং ভূমিম্ ॥৫৬॥

সেতি। ভস্ম কৃত্বা বিনাশ্য। গাঢ়ং দৃঢ়ম্, রাক্ষসস্য ঘটোৎকচস্য ॥৫৭॥

ইন্দ্রকে দিয়া যাহা গ্রহণ করিয়াছিলেন, কর্ণ বহুবৎসর যাবৎ যাহা তূণের ভিতরে রাখিয়াছিলেন এবং যুদ্ধে অর্জ্জুনকে বধ করিবার জন্য যাহার আদর করিয়া আসিতেছিলেন ; যমের জিহ্বার ন্যায় লেলিহানা, উজ্জ্বলা, পাশযুক্তা, মৃত্যুর ভগিনীর তুল্যা এবং প্রজ্বলিত উল্কার সদৃশী সেই শক্তিটাকে কর্ণ ঘটোৎকচের উপরে নিক্ষেপ করিলেন ॥৫৩—৫৪॥

রাজা ! ওদিকে ঘটোৎকচ কর্ণের হস্তস্থিতা, উজ্জ্বলা, পরদেহবিদারিণী সেই উত্তম শক্তিটা দেখিয়া ভীত হইয়া নিজের শরীরটাকে বিন্ধ্যপর্ব্বতপ্রমাণ করিয়া অপসরণ করিতে লাগিল ॥৫৫॥

নরনাথ রাজা ! তখন আকাশস্থ প্রাণীরা কর্ণের হস্তস্থিত সেই শক্তিটা দেখিয়া কোলাহল করিতে লাগিল, তুমুল বায়ু বহিতে থাকিল, এবং ভূতলে নির্ঘাতের সহিত বজ্র পতিত হইল ॥৫৬॥

ক্রমে উজ্জ্বলা ও তেজস্বিনী সেই শক্তিটা ঘটোৎকচের সমস্ত মায়া বিনাশপূর্ব্বক তাহার দৃঢ় বক্ষস্থল বিদারণ করিয়া নক্ষত্রগণের মধ্য দিয়া উপরের দিকে চলিয়া গেল ॥৫৭॥

---

(৫৭)…অন্তরাণ্যাবিবেশ—বা নি। (৫৮) স নির্ভিন্নো বিবিধৈরস্ত্রপূগৈঃ…বা নি।

ইদঞ্চাপ্যচ্চিত্রমাশ্চর্য্যরূপং চকারাসৌ কর্ম্ম শত্রুক্ষয়ায়।
তস্মিন্ কালে শক্তিনির্ভিন্নমর্ম্মা বভৌ রাজন্! শৈলমেঘপ্রকাশঃ ॥৫৯॥
ততোঽন্তরীক্ষাদপতদ্‌গতাসুঃ স রাক্ষসেন্দ্রো ভুবি ভিন্নদেহঃ।
অবাক্‌শিরাঃ স্তব্ধগাত্রো বিজিহ্বো ঘটোৎকচো মহদাস্থায় রূপম্ ॥৬০॥
স তদ্রূপং ভৈরবং ভীমকর্ম্মা ভীমং কৃত্বা ভৈমসেনিঃ পপাত।
হতোঽপ্যেবং তব সৈন্যৈকদেশমপোথয়ৎ স্বেন দেহেন রাজন্! ॥৬১॥
ততো মিশ্রাঃ প্রাণদন্ সিংহনাদৈর্ভের্য্যশ্চ শঙ্খা মুরজাশ্চানকাশ্চ।
দগ্ধাং মায়াং নিহতং রাক্ষসঞ্চ দৃষ্ট্বা হৃষ্টাঃ প্রাণদন্ কৌরবেয়াঃ ॥৬২॥

ভারতকৌমুদী

যুদ্ধেতি। যুদ্ধা যুদ্ধং কৃত্বা। শস্ত্রাণাং পূগৈঃ সমূহৈঃ, বীরো ঘটোৎকচঃ। নদন্ কুর্ব্বন্ ॥৫৮॥

ইদমিতি। চিত্রং মহৎ। অসৌ ঘটোৎকচঃ। শৈলমেঘাবিব প্রকাশত ইতি সঃ ॥৫৯॥

তত ইতি। গতাসুর্নির্গতপ্রাণঃ। অবাক্‌শিরা অধোমুখঃ, বিজিহ্বো বিনির্গতজিহ্বঃ ॥৬০॥

স ইতি। ভৈরবং ভীমং মহাভয়ঙ্করমিত্যর্থঃ। অপোথয়ৎ বিনিষ্পিষ্টবান্। ইদমেব বিশালমূর্ত্তিকরণফলম্ ॥৬১॥

ভারতভাবদীপঃ

॥১৪—৫৫॥ তুমুলাশ্চণ্ডাঃ, গাং ভূমিম্ ॥৫৬॥ অম্বরাণি লোকান্ ॥৫৭—৫৮॥ চিত্রমসম্ভাবনীয়ম্, আশ্চর্য্যরূপম্ অভূতপূর্ব্বম্ ॥৫৯॥ বিজিহ্বো বিনির্গতজিহ্বঃ ॥৬০—৬২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৪॥

মহাবীর ঘটোৎকচ এ যাবৎ স্বর্গীয়, মানুষীয় ও রাক্ষসীয় নানাবিধ বিচিত্র অস্ত্রসমূহদ্বারা যুদ্ধ করিয়া বিবিধ ভীষণ নাদ করিতে করিতে ইন্দ্রের শক্তির প্রভাবে প্রিয়তম প্রাণ পরিত্যাগ করিল ॥৫৮॥

রাজা! ঘটোৎকচ শত্রুবিনাশ করিবার জন্য এই আর একটা বিশেষ আশ্চর্য্য কার্য্য করিল যে, সেই সময়ে সে—শক্তির আঘাতে বিদীর্ণহৃদয় হইয়া পর্ব্বত ও মেঘের ন্যায় বিশাল আকৃতি ধরিয়া প্রকাশ পাইল ॥৫৯॥

তাহার পর বিদীর্ণদেহ রাক্ষসশ্রেষ্ঠ ঘটোৎকচ বিশাল রূপ ধারণ করিয়া প্রাণশূন্য, অধোমুখ, নিশ্চলশরীর ও মুখনির্গতজিহ্ব হইয়া আকাশ হইতে ভূতলে পতিত হইল ॥৬০॥

রাজা! ভীষণকার্য্যকারী ঘটোৎকচ সেইরূপ অতিভীষণ মূর্ত্তি ধরিয়া পতিত হইল যে, সে—এইভাবে নিহত হইয়াও আপন শরীরের ভারে আপনার সৈন্যের এক অংশ নিষ্পেষিত করিল ॥৬১॥

ততঃ কর্ণঃ কুরুভিঃ পূজ্যমানো যথা শক্রো বৃত্রবধে মরুদ্ভিঃ।
অন্বারূঢ়স্তব পুত্ত্রং রথস্থং হৃষ্টশ্চাপি প্রাবিশৎ স্বং স সৈন্যম্ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে ঘটোৎকচনিপাতে চতুঃপঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(:*:)——

পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

——:*:——

সঞ্জয় উবাচ।
হৈড়িম্বং নিহতং দৃষ্ট্বা বিশীর্ণমিব পর্ব্বতম্।
বভূবুঃ পাণ্ডবাঃ সর্ব্বে শোকবাষ্পাকুলেক্ষণাঃ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। সিংহনাদৈর্মিশ্রা মিলিতাঃ। নষ্টাং বিনাশিতাম্, রাক্ষসং ঘটোৎকচম্ ॥৬২॥

তত ইতি। মরুদ্ভির্দেবৈঃ। অনু পশ্চাদারূঢ়ঃ, পুত্ত্রং দুর্য্যোধনম্। স্বং স্বকীয়ম্ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি ঘটোৎকচবধে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——o:::o——

হৈড়িম্বমিতি। হৈড়িম্বং হিড়িম্বায়াঃ পুত্ত্রং ঘটোৎকচম্। বিশীর্ণং ভগ্নপতিতম্ ॥১॥

তাহার পর ভেরী, শঙ্খ, মুরজ ও আনকধ্বনি সিংহনাদের সহিত মিলিত হইয়া বাহির হইতে লাগিল এবং কৌরবেরা ঘটোৎকচের মায়া বিনষ্ট ও তাহাকে নিহত দেখিয়া আনন্দিত হইয়া সিংহনাদ করিতে লাগিলেন ॥৬২॥

মহারাজ! তদনন্তর বৃত্রাসুরবধের পর দেবতারা যেমন ইন্দ্রের সম্মান করিয়াছিলেন, সেইরূপ কৌরবেরা কর্ণের সম্মান করিতে লাগিলেন। তখন কর্ণ রথারূঢ় দুর্য্যোধনের পশ্চাতে সেই রথে আরোহণ করিয়া হৃষ্টচিত্তে আপন সৈন্যমধ্যে যাইয়া প্রবেশ করিলেন ॥৬৩॥

——:o:——

(৬৩)···অন্বারূঢ়স্তব পুত্ত্রস্য যানং হৃষ্টশ্চাপি প্রাবিশত্তং স্বসৈন্যম্—বা নি। * '···সপ্তসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বঙ্ক, '···অশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

বাসুদেবস্তু হর্ষেণ মহতাভিপরিপ্লুতঃ।
ননাদ সিংহনাদঞ্চ পর্য্যম্বজত ফাল্গুনম্ ॥২॥
স বিনদ্য মহানাদমভীষূন্ সংনিয়ম্য চ।
ননর্ত্ত হর্ষসংবীতো বাতোদ্ধূত ইব দ্রুমঃ ॥৩॥
ততঃ পরিম্বজ্য পুনঃ পার্থমাস্ফোট্য চাসকৃৎ।
রথোপস্থগতো ধীমান্ প্রাণদৎ পুনরচ্যুতঃ ॥৪॥
প্রহৃষ্টমনসং জ্ঞাত্বা বাসুদেবং মহাবলঃ।
অব্রবীদর্জ্জুনো রাজন্! নাতিহৃষ্টমনা ইব ॥৫॥
অতিহর্ষোঽয়মস্থানে তবাদ্য মধুসূদন!।
শোকস্থানে তু সংপ্রাপ্তে হৈড়িম্বস্য বধেন বৈ ॥৬॥

ভারতকৌমুদী

বাস্বিতি। অভিপরিপ্লুতো ব্যাপ্তঃ। ননাদ চকার, পর্য্যম্বজত আলিঙ্গৎ, ফাল্গুনমর্জ্জুনম্ ॥২॥
স ইতি। অভীষূন্ অশ্বরজ্জুঃ। হর্ষেণ সংবীতো ব্যাপ্তঃ, বাতেন উদ্ধূতশ্চালিতঃ ॥৩॥
তত ইতি। পার্থমর্জ্জুনম্, আস্ফোট্য হস্তেন সঞ্চাল্য। রথস্য উপস্থে স্বস্থানে গতঃ ॥৪॥
প্রহৃষ্টেতি। কৃষ্ণস্য হর্ষদর্শনাৎ হৃষ্টত্বং শোকাকুলত্বাচ্চ তদনধিকত্বমিত্যাশয়ঃ ॥৫॥
অতীতি। অতস্তব চরিত্রমদ্ভুতমেবেতি ভাবঃ ॥৬॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! ভগ্ন ও পতিত পর্ব্বতের ন্যায় ঘটোৎকচকে নিহত দেখিয়া পাণ্ডবদের সকলেরই নয়নগুলি শোকাশ্রুজলে পরিপূর্ণ হইল ॥১॥

কিন্তু কৃষ্ণ অত্যন্ত আনন্দিত হইয়া সিংহনাদ করিয়া উঠিলেন এবং অর্জ্জুনকে আলিঙ্গন করিলেন ॥২॥

এবং তিনি আনন্দে পরিপূর্ণ হইয়া আবার বিশাল সিংহনাদ করিয়া অশ্বরজ্জু সংযমনপূর্ব্বক বায়ুসঞ্চালিত বৃক্ষের ন্যায় নৃত্য করিতে লাগিলেন ॥৩॥

তৎপরে আবার বুদ্ধিমান্ কৃষ্ণ অর্জ্জুনকে আলিঙ্গন করিয়া এবং হস্তদ্বারা তাঁহাকে বার বার ধাক্কা দিয়া রথের উপরে থাকিয়া পুনরায় সিংহনাদ করিলেন ॥৪॥

রাজা! তখন মহাবল অর্জ্জুন কৃষ্ণকে অত্যন্ত আনন্দিত জানিয়া অনতি-হৃষ্টচিত্ত হইয়া তাঁহাকে বলিলেন—॥৫॥

(২)···সিংহনাদং বৈ···বা,·· সিংহবন্নাদম্···নি। (৪) ততো বিনির্গম্য পুনঃ··পি, ততো বিনির্ভ্রাম্য পুনঃ···বর্দ্ধ বা।

বিমুখানীহ সৈন্যানি হতং দৃষ্ট্বা ঘটোৎকচম্ ।
বয়ঞ্চ ভৃশমুদ্বিগ্না হৈড়িম্বস্য নিপাতনাৎ ॥৭॥
নৈতৎ কারণমল্পং হি ভবিষ্যতি জনার্দ্দন ! ।
তদস্য শংস মে পৃষ্টঃ সত্যং সত্যবতাং বর ! ॥৮॥
যদ্যেতন্ন রহস্যং তে বক্তু মর্হস্যরিন্দম ! ।
ধৈর্য্যস্য বৈকৃতং ব্রূহি ত্বমদ্য মধুসূদন ! ॥৯॥
সমুদ্রস্যেব সংশোষং মেরোরিব বিসর্পণম্ ।
তথৈতদদ্য মন্যেঽহং তব কর্ম্ম জনার্দ্দন ! ॥১০॥

বাসুদেব উবাচ ।

অতিহর্ষমিমং প্রাপ্তং শৃণু মে ত্বং ধনঞ্জয় ! ।
অতীব মনসঃ সদ্যঃ প্রসাদকরমুত্তমম্ ॥১১॥

ভারতকৌমুদী

শোকস্থানত্বং প্রতিপাদয়তি বিমুখানীতি। উদ্বিগ্নাঃ শোকাকুলতয়া অস্থিরাঃ ॥৭॥
নেতি। কারণং তব হর্ষস্য। শংস ব্রূহি ॥৮॥
যদীতি। রহস্যং গোপনীয়ম্। বৈকৃতং বৈপরীত্যম্ আনন্দেনাধৈর্য্যমিত্যর্থঃ ॥৯॥
সমুদ্রস্যেতি। বিসর্পণং স্বস্থানাচ্চলনম্। কর্ম্ম আনন্দপ্রকাশকার্য্যম্ ॥১০॥
অতীতি। অতিহর্ষমতিহর্ষহেতুম্। প্রসাদকরম্ উদ্বেগশূন্যতাজনকম্ ॥১১॥

'মধুসূদন! ঘটোৎকচ নিহত হওয়ায় গুরুতর শোকের বিষয়ই উপস্থিত হইয়াছে। সুতরাং এটা আনন্দের বিষয় নহে; তথাপি তোমার আজ অত্যন্ত আনন্দ দেখিতেছি! ॥৬॥

ঘটোৎকচকে নিহত দেখিয়া সৈন্যেরা যুদ্ধবিমুখ হইয়াছে এবং আমরাও ঘটোৎকচের পতনে গুরুতর শোকার্ত্ত হইয়াছি ॥৭॥

সত্যবাদিশ্রেষ্ঠ জনার্দ্দন! এই আনন্দের কারণ অল্প হইবে বলিয়া আমার মনে হয় না। অতএব আমি জিজ্ঞাসা করি, তুমি উহার কারণ সত্য বল ॥৮॥

অরিন্দম! ইহা যদি তোমার গোপনীয় না হয়, তবে বলিতে পার। মধুসূদন! আজ তোমার এই আনন্দকৃত অধীরতার হেতুটা বল ॥৯॥

জনার্দ্দন! সমুদ্রের শোষণ এবং সুমেরুপর্ব্বতের বিচলনের ন্যায় তোমার এই আনন্দপ্রকাশকে আমি অদ্ভুত বলিয়া মনে করিতেছি' ॥১০॥

কৃষ্ণ বলিলেন—'অর্জ্জুন! সদ্য মনের অত্যন্ত প্রসন্নতাজনক এই অসাধারণ হর্ষের কারণ তুমি শ্রবণ কর ॥১১॥

(৭)···হৈড়িম্বেস্য···বা নি। (৯)···ধৈর্য্যস্য বিকৃতিং ব্রূহি···নি।

শক্তিং ঘটোৎকচেনেমাং ব্যংসয়িত্বা মহামতে !।
কর্ণং নিহতমেবাজৌ বিদ্ধি সদ্যো ধনঞ্জয় ! ॥১২॥
শক্তিহস্তং পুনঃ কর্ণং ন লোকেঽস্তি পুমানিহ।
য এনমভিতস্তিষ্ঠেৎ কার্ত্তিকেয়মিবাহবে ॥১৩॥
দিষ্ট্যাপনীতকবচো দিষ্ট্যাপহৃতকুণ্ডলঃ।
দিষ্ট্যা চ ব্যংসিতা শক্তিরমোঘাস্য ঘটোৎকচে ॥১৪॥
যদি হি স্যাৎ সকবচস্তথৈব চ সকুণ্ডলঃ।
সামরানপি লোকাংস্ত্রীনেকঃ কর্ণো জয়েদ্বলী ॥১৫॥
বাসবো বা কুবেরো বা বরুণো বা জলেশ্বরঃ।
যমো বা নোৎসহেৎ কর্ণং রণে প্রতিসমাসিতুম্ ॥১৬॥
গাণ্ডীবমুদ্যম্য ভবাংশ্চক্রঞ্চাহং সুদর্শনম্।
ন শক্তৌ স্বো রণে জেতুং তথাযুক্তং নরর্ষভম্ ॥১৭॥

ভারতকৌমুদী

শক্তিমিতি। ব্যংসয়িত্বা কর্ণাদ্ভ্রংশয়িত্বা। আজৌ ভাবিনি যুদ্ধে ॥১২॥
শক্তীতি। পুমান্ তাদৃশঃ পুরুষঃ। অভিতঃ সম্মুখে ॥১৩॥
দিষ্ট্যেতি। দিষ্ট্যা ভাগ্যেন। উভয়ত্রাপি ইন্দ্রেণেতি কর্ত্তৃপদমূহ্যম্। ব্যংসিতা ব্যয়িতা ॥১৪॥
যদীতি। কবচেন সহেতি সকবচঃ, কুণ্ডলাভ্যাং সহেতি সকুণ্ডলঃ ॥১৫॥
বাসব ইতি। বাসব ইন্দ্রঃ। নোৎসহেৎ ন শক্নুয়াৎ। প্রতিসমাসিতুং সম্মুখে স্থাতুম্ ॥১৬॥

মহামতি অর্জ্জুন! আজ ঘটোৎকচদ্বারা কর্ণের এই শক্তিটাকে ব্যয় করাইতে পারায় ভাবী যুদ্ধে কর্ণকে নিহত বলিয়াই মনে কর ॥১২॥

এই জগতে এমন পুরুষ নাই, যে—যুদ্ধে কার্ত্তিকের ন্যায় শক্তিধারী কর্ণের অভিমুখে থাকিতে পারে ॥১৩॥

অতএব ভাগ্যবশতঃ কর্ণের অক্ষয় কবচ গিয়াছে, ভাগ্যবশতঃ ইন্দ্র কর্ণের কুণ্ডল হরণ করিয়াছেন এবং ভাগ্যবশতই আমরা আজ ঘটোৎকচের উপরে কর্ণের সেই অব্যর্থ শক্তিটাকে ব্যয় করাইতে পারিয়াছি ॥১৪॥

কর্ণ যদি কবচ-কুণ্ডলযুক্ত থাকিত, তবে বলবান্ এক কর্ণই দেবগণের সহিত ত্রিভুবন জয় করিতে পারিত ॥১৫॥

ইন্দ্র, কুবের, জলাধিপতি বরুণ, কিংবা যমও যুদ্ধে সে অবস্থায় কর্ণের সম্মুখে থাকিতে সমর্থ হইতেন না ॥১৬॥

---

(১২)…ব্যংসয়িত্বা মহাছ্যতে!…বা নি। (১৩) …কো লোকেঽস্তি…বা নি। (১৪) …দিষ্ট্যা সা…বা নি। (১৫)…তথৈব স্যাৎ সকুণ্ডলঃ…বা নি।

ত্বদ্ধিতার্থন্তু শক্রেণ মায়াপহৃতকুণ্ডলঃ।
বিহীনকবচশ্চায়ং কৃতঃ পরপুরঞ্জয়ঃ ॥১৮॥
উৎকৃত্য কবচং যস্মাৎ কুণ্ডলে বিমলে চ তে।
প্রাদাচ্ছক্রায় কর্ণো বৈ তেন বৈকর্ত্তনঃ স্মৃতঃ ॥১৯॥
আশীবিষ ইব ক্রুদ্ধো জৃম্ভিতো মন্ত্রতেজসা।
তথাদ্য ভাতি কর্ণো মে শান্তজ্বাল ইবানলঃ ॥২০॥
যদা প্রভৃতি কর্ণায় শক্তির্দত্তা মহাত্মনা।
বাসবেন মহাবাহো! প্রাপ্তা যাসৌ ঘটোৎকচম্ ॥২১॥
কুণ্ডলাভ্যাং নিনায়াথ দিব্যেন কবচেন চ।
তাং প্রাপ্যামন্যত বৃষঃ সততং ত্বাং হতং রণে ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গাণ্ডীবমিতি। স্বো ভবাবঃ। তথাযুক্তং কবচকুণ্ডলান্বিতম্, নরর্ষভং কর্ণম্ ॥১৭॥
ত্বদিতি। মায়য়া কূটকৌশলেন অপহৃতে কুণ্ডলে যস্য সঃ। অয়ং কর্ণঃ ॥১৮॥
উদিতি। উৎকৃত্য ছিত্ত্বা। বিকর্ত্তনস্য সূর্য্যস্য পুত্রত্বাদপি বৈকর্ত্তন উচ্যতে ॥১৯॥
আশীতি। জৃম্ভিতো বর্দ্ধিতঃ। শান্তা নিবৃত্তা জ্বালা শিখা যস্য সঃ ॥২০॥
যদেতি। প্রাপ্তা কর্ণেন নিক্ষেপাৎ। নিনায় জগ্রাহ। বৃষঃ কর্ণঃ ॥২১—২২॥

ভারতভাবদীপঃ

হৈড়িম্বমিতি ॥১—৩॥ আস্ফোট্য ঘট্টয়িত্বা ॥৪—৮॥ বৈকৃতং বিকারকারণম্ ॥৯—১২॥ এনমিত্যভিতো যোগে দ্বিতীয়া, এতস্য সম্মুখ ইত্যর্থঃ ॥১৩—১৮॥ তেন কর্ত্তনেন হেতুনা কর্ণো

কিংবা গাণ্ডীব উদ্যত করিয়া তুমি, অথবা সুদর্শনচক্র উত্তোলিত করিয়া আমিও যুদ্ধে কবচকুণ্ডলযুক্ত নরশ্রেষ্ঠ কর্ণকে জয় করিতে সমর্থ হইতাম না ॥১৭॥

কিন্তু দেবরাজ তোমার হিতের জন্যই কূটকৌশল করিয়া বিপক্ষনগরবিজয়ী কর্ণের কুণ্ডল দুইটী হরণ করিয়াছেন এবং উহাকে কবচশূন্য করিয়াছেন ॥১৮॥

যে হেতু কর্ণ দেহ হইতে কবচ ও নির্ম্মল কুণ্ডল দুইটী উৎকর্ত্তন (ছেদন) করিয়া ইন্দ্রকে দিয়াছিল, সেই হেতুই উহাকে 'বৈকর্ত্তন' বলে ॥১৯॥

কর্ণ পূর্ব্বে ক্রুদ্ধ সর্পের ন্যায় এবং মন্ত্রের তেজে বর্দ্ধিত থাকিত; আর এখন আমার মনে হয়—শিখাশূন্য অগ্নির তুল্য হইয়া গিয়াছে ॥২০॥

মহাবাহু! যে অবধি মহাত্মা ইন্দ্র কর্ণকে শক্তি দান করিয়াছিলেন—যাহা নিক্ষিপ্ত হইয়া ঘটোৎকচের উপরে পতিত হইয়াছে, এবং কর্ণ নিজের কুণ্ডল

(২১)···ক্ষিপ্তা যাসৌ···বা নি। (২২)···তাং প্রাপ্যামন্যত বৃথা···নি।

এবং গতোঽপি শক্যোঽয়ং হন্তুং নান্যেন কেনচিৎ।
ঋতে ত্বাং পুরুষব্যাঘ্র! শপে সত্যেন চানঘ! ॥২৩॥
ব্রহ্মণ্যঃ সত্যবাদী চ তপস্বী নিয়তব্রতঃ।
রিপুষ্বপি দয়াবাংশ্চ তস্মাৎ কর্ণো বৃষঃ স্মৃতঃ ॥২৪॥
যুদ্ধশৌণ্ডো মহাবাহুর্নিত্যোদ্যতশরাসনঃ।
কেশরীব বনে নর্দ্দন্ মত্তমাতঙ্গযূথপান্।
বিমদান্ রথশার্দ্দূলান্ কুরুতে রণমূর্দ্ধনি ॥২৫॥
মধ্যং গত ইবাদিত্যো যো ন শক্যো হ্যুদীক্ষিতুম্।
ত্বদীয়ৈঃ পুরুষব্যাঘ্র! যোধমুখ্যৈর্মহাত্মভিঃ ॥২৬॥
শরজালসহস্রাংশুঃ শরদীব দিবাকরঃ।
তপান্তে তোয়দো যদ্বচ্ছরধারাঃ ক্ষরন্ মুহুঃ।
দিব্যাস্ত্রজলদঃ কর্ণঃ পর্জন্য ইব বৃষ্টিমান্ ॥২৭॥

ভারতকৌমুদী

এবমিতি। এবং গতোঽপি ঈদৃগবস্থোঽপি। ঋতে বিনা। শপে শপথং করোমি ॥২৩॥

নন্থ কর্ণঃ কথং বৃষ উচ্যত ইত্যাহ ব্রহ্মণ্য ইতি। ব্রহ্মণ্যো ব্রাহ্মণেষু সাধুঃ। ধার্ম্মিকত্বাদেব কর্ণো বৃষ উচ্যত ইতি ভাবঃ। "স্যাদ্ধর্ম্মমস্ত্রিয়াং পুণ্যশ্রেয়সী সুকৃতং বৃষঃ" ইত্যমরঃ ॥২৪॥

যুদ্ধেতি। যুদ্ধে শৌণ্ডো মত্তঃ। নর্দ্দন্ গর্জ্জন্। বিমদান্ গর্ব্বশূন্যান্। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥২৫॥

মধ্যমিতি। মধ্যং গগনস্য। উদীক্ষিতুং যুদ্ধে দ্রষ্টুম্ ॥২৬॥

দুইটী ও দিব্য কবচটীর পরিবর্ত্তে যাহা লইয়াছিল, তাহা প্রাপ্ত হওয়া অবধি কর্ণ সর্ব্বদাই তোমাকে যুদ্ধে নিহত বলিয়া মনে করিত ॥২১—২২॥

নিষ্পাপ পুরুষশ্রেষ্ঠ! আমি সত্যদ্বারা শপথ করিতেছি যে, কর্ণ এখন এইরূপ হইয়া থাকিলেও তুমি ভিন্ন অন্য কোন ব্যক্তিই যুদ্ধে উহাকে বধ করিতে পারে না ॥২৩॥

কর্ণ—ব্রাহ্মণহিতৈষী, সত্যবাদী, তপস্বী, শাস্ত্রীয়নিয়মানুসারী এবং শত্রুর উপরেও দয়াশীল; এই সকল কারণে উহাকে 'বৃষ' বলে ॥২৪॥

বনে গর্জ্জনকারী সিংহ যেমন মত্তহস্তিসমূহকে মদবিহীন করে, সেইরূপ যুদ্ধমত্ত, মহাবাহু ও সর্বদা উত্তোলিতকার্ম্মুক কর্ণও যুদ্ধে রথিশ্রেষ্ঠগণকে গর্বশূন্য করিয়া থাকে ॥২৫॥

পুরুষশ্রেষ্ঠ! তোমাদের পক্ষের মহাবল যোদ্ধারা গগনমধ্যবর্ত্তী সূর্য্যের ন্যায় যে কর্ণের প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হন না ॥২৬॥

---

(২৪)···বৃষা স্মৃতঃ—নি। (২৫)···বিমর্দ্দন্ রথশার্দ্দূলান্ রাজতে রণমূর্দ্ধনি—নি।

ত্রিদশৈরপি চাস্যদ্ভিঃ শরবর্ষং সমন্ততঃ।
অশক্যস্তদ্রথো জেতুং স্রবদ্ভির্মাংসশোণিতম্ ॥২৮॥
কবচেন বিহীনশ্চ কুণ্ডলাভ্যাঞ্চ পাণ্ডব !।
সোঽস্য মানুষতাং প্রাপ্তো বিমুক্তঃ শক্রদত্তয়া ॥২৯॥
একো হি যোগোঽস্য ভবেদ্বধায় ছিদ্রে হ্যেনং স্বপ্রমত্তঃ প্রমত্তম্।
কৃচ্ছ্রপ্রাপ্তং রথচক্রে নিমগ্নে হত্বাঃ পূর্বং ত্বস্তু সংজ্ঞাং বিচার্য্য।
ন ত্ব্যুদ্যতাস্ত্রং যুধি হন্যাদজয্যমপ্যেকবীরো বলভিৎ সবজ্রঃ ॥৩০॥

ভারতকৌমুদী

শরেতি। শরজালং সহস্রমংশব ইব যস্য সঃ। তপান্তে গ্রীষ্মকালাপগমে, তোয়দো মেঘো যদ্বজ্জলধারাং ক্ষরতি তদ্বৎ। দিব্যাস্ত্রাণি জলানীব দদাতীতি সঃ। পর্জন্যো মেঘঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৭॥

ত্রিদশৈরিতি। অস্যদ্ভিঃ ক্ষিপদ্ভিঃ। স্রবদ্ভিঃ শত্রুগাত্রাৎ পাতয়দ্ভিঃ ॥২৮॥

কবচেনেতি। মানুষতাং সাধারণমনুষ্যত্বম্। শক্রদত্তয়া শক্ত্যা ॥২৯॥

এক ইতি। যোগ উপায়ঃ। স্বপ্রমত্তঃ সম্যগপ্রমত্তঃ সর্ব্বথা সাবধান ইতি যাবৎ, প্রমত্তম্ আত্মরক্ষায়ামসাবধানম্। সংজ্ঞাং মৎকৃতসঙ্কেতম্। অজয্যং জেতুমশক্যম্, বলভিদিন্দ্রঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

তা'র পর শরৎকালে সূর্য্য যেমন সহস্র কিরণ নিক্ষেপ করেন, কর্ণও সেইরূপ যুদ্ধে শরজাল নিক্ষেপ করিয়া থাকে এবং বর্ষাকালে মেঘ যে রূপ বার বার জলধারা বর্ষণ করে, কর্ণও সেইরূপ যুদ্ধে মুহুর্মুহু বাণধারা বর্ষণ করে; আর বৃষ্টিকারী মেঘ যেমন জল আবিষ্কার করে, কর্ণও তেমন যুদ্ধে অলৌকিক অস্ত্র সকল আবিষ্কার করে ॥২৭॥

সকল দিকে বাণবর্ষণপূর্ব্বক শত্রুগণের দেহ হইতে রক্ত ও মাংস নিঃসারণ করিতে থাকিয়া দেবতারাও কর্ণের রথ জয় করিতে সমর্থ হন না ॥২৮॥

কিন্তু পাণ্ডুনন্দন! পূর্ব্বেই কবচ-কুণ্ডলবিহীন হইয়াছিল; আর আজ ইন্দ্রদত্ত-শক্তিবিহীন হইয়াছে। সুতরাং কর্ণ এখন সাধারণ মানুষ হইয়া গিয়াছে ॥২৯॥

কর্ণকে বধ করিবার পক্ষে একটা উপায় হইবে। তোমার সহিত যুদ্ধের সময়ে উহার রথচক্র ভূতলে নিমগ্ন হইবে; তখন কর্ণ কষ্টে পড়িবে এবং অসাবধান থাকিবে; অথ চ পূর্ব্বেই তুমি আমার নিকট সঙ্কেত জানিতে পারিবে; সুতরাং তুমি তাহা আলোচনা করিয়া বিশেষ সাবধান হইয়া সেই ফাঁকে উহাকে বধ

(২৮)···অশক্যস্তদয়ং জেতুম্··বা নি। (৩০)···কৃচ্ছ্রপ্রাপ্তম্···নি।

জরাসন্ধশ্চেদিরাজো মহাত্মা মহাবাহুশ্চৈকলব্যো নিষাদঃ।
একৈকশো নিহতাঃ সর্ব্ব এব যোগৈস্তৈস্তৈস্ত্বদ্ধিতার্থং ময়ৈব ॥৩১॥
অথাপরে নিহতা রাক্ষসেন্দ্রা হিড়িম্বকির্ম্মীরবকপ্রধানাঃ।
অলায়ুধঃ পরসৈন্যাবমর্দ্দী ঘটোৎকচশ্চোগ্রকর্ম্মা তরস্বী ॥৩২॥

অর্জ্জুন উবাচ।

কথমস্মদ্ধিতার্থং তে কৈশ্চ যোগৈর্জ্জনার্দ্দন !।
জরাসন্ধপ্রভৃতয়ো ঘাতিতাঃ পৃথিবীশ্বরাঃ ॥৩৩॥

বাসুদেব উবাচ।

জরাসন্ধশ্চেদিরাজো নৈষাদিশ্চ মহাবলঃ।
যদি স্যুর্ন হতাঃ পূর্ব্বমিদানীং স্যুর্ভয়ঙ্করাঃ ॥৩৪॥

ভারতকৌমুদী

জরেতি। চেদিরাজঃ শিশুপালঃ। যোগৈরুপায়ৈঃ। ময়া যথাসম্ভবং করণেন কর্ত্রা চ ॥৩১॥
অথেতি। নিহতা ভীমাদিনা। তরস্বী বলবান্ ॥৩২॥
বাল ইবার্জ্জুনঃ পৃচ্ছন্নুবাচ কথমিতি। যোগৈরুপায়ৈঃ ॥৩৩॥
প্রথমং চতুর্ভিস্তেষাং হননস্য হিতার্থত্বমাহ জরেতি। নৈষাদিরেকলব্যঃ ॥৩৪॥

করিবে। না হইলে, কর্ণ যুদ্ধে অস্ত্র উদ্যত করিয়া রহিলে, সে অজেয় হইয়া যায়। সুতরাং তখন জগতের অদ্বিতীয় বীর বজ্রধারী ইন্দ্রও উহাকে বধ করিতে পারেন না ॥৩০॥

অর্জ্জুন! মহাবীর ও মহাবাহু জরাসন্ধ, শিশুপাল এবং ব্যাধজাতীয় একলব্য, ইহাদের সকলকেই এক এক করিয়া সেই সেই উপায়ে তোমার হিতের জন্য আমিই বধ করিয়াছি ও করাইয়াছি ॥৩১॥

তা'র পর হিড়িম্ব, কির্ম্মীর ও বকপ্রভৃতি অন্য রাক্ষসশ্রেষ্ঠেরা, পরসৈন্য-বিধ্বংসী অলায়ুধ এবং ভীমকর্ম্মা ও বলবান্ ঘটোৎকচও নিহত হইয়াছে' ॥৩২॥

অর্জ্জুন বলিলেন—'কৃষ্ণ! তুমি সেই জরাসন্ধপ্রভৃতি ভূপালগণকে আমাদের হিতের জন্য কি করিয়া বধ করিয়াছিলে? এবং কোন্ কোন্ উপায়েই বা বধ করাইয়াছিলে?' ॥৩৩॥

কৃষ্ণ বলিলেন—'মহাবল জরাসন্ধ, শিশুপাল ও একলব্য পূর্ব্বে যদি নিহত না হইত, তবে এখন তাহারা ভয়ঙ্কর হইয়া দাঁড়াইত ॥৩৪॥

---

(৩১)…সর্ব এতে…বা নি। (৩২)…পরচক্রাবমর্দ্দী…বা নি। ইতঃ পরম্ '…অষ্ট-সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ বৰ্দ্ধ, '…একাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

দুর্য্যোধনস্তানবশ্যং বৃণুয়াদ্রথসত্তমান্।
তেঽস্মাসু নিত্যং বিদ্বিষ্টাঃ সংশ্রয়েয়ুশ্চ কৌরবান্ ॥৩৫॥
তে হি বীরা মহেষ্বাসাঃ কৃতাস্ত্রা দৃঢ়যোধিনঃ।
ধার্ত্তরাষ্ট্রীং চমূং কৃৎস্নাং রক্ষেয়ুরমরা ইব ॥৩৬॥
সূতপুত্ত্রো জরাসন্ধশ্চেদিরাজো নিষাদজঃ।
সুযোধনং সমাশ্রিত্য তপেয়ুঃ পৃথিবীমিমাম্ ॥৩৭॥
যোগৈরপি হতা যৈস্তে তান্ মে শৃণু ধনঞ্জয় !।
অজয্যা হি বিনা যোগৈর্ম্মৃধে তে দৈবতৈরপি ॥৩৮॥
একৈকো হি পৃথক্ তেষাং সমস্তাং সুরবাহিনীম্।
যোধয়েৎ সমরে পার্থ ! লোকপালাভিরক্ষিতাম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

কথং ভয়ঙ্করাঃ স্যুরিত্যাহ দুর্য্যোধন ইতি। অবশ্যং বৃণুয়াত্তদ্বৈরজ্ঞানাৎ ॥৩৫॥

ত ইতি। মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ, কৃতাস্ত্রাঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রাঃ ॥৩৬॥

তাদৃশবিপক্ষাণাং প্রতাপমাহ সূতেতি। পৃথিবীতপনে যুষ্মত্তপনং সম্ভবপরমেবেতি ভাবঃ ॥৩৭॥

ইদানীং যোগানাহ যোগৈরিতি। যোগৈর্যোগ্যোপায়ৈঃ। অজয্যা জেতুমশক্যাঃ ॥৩৮॥

একেতি। তেষাং মধ্যে। যোধয়েৎ যোধয়িতুং শক্নুয়াৎ ॥৩৯॥

কারণ, দুর্য্যোধন নিশ্চয়ই এই যুদ্ধে সেই রথিশ্রেষ্ঠগণকে বরণ করিত এবং তাহারাও আমাদের চিরবিদ্বেষী বলিয়া কুরুপক্ষ অবলম্বন করিত ॥৩৫॥

তা'র পর মহাধনুর্দ্ধর, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও তীব্রযোদ্ধা সেই বীরেরা দেবগণের ন্যায় দুর্য্যোধনের সমগ্র সৈন্য রক্ষা করিত ॥৩৬॥

কেন না, কর্ণ, জরাসন্ধ, শিশুপাল ও একলব্য দুর্য্যোধনকে আশ্রয় করিয়া এই পৃথিবীটাকেই সন্তপ্ত করিতে পারিত ॥৩৭॥

তা'র পর অর্জ্জুন ! যে যে কৌশলে তাহারা নিহত হইয়াছে, তাহাও আমার নিকট শ্রবণ কর। কৌশল ব্যতীত তাহারা যুদ্ধে দেবগণেরও অজেয় ছিল ॥৩৮॥

অর্জ্জুন তাহাদের এক এক জনই সমরাঙ্গনে দিক্পালগণরক্ষিত সমগ্র দেবসৈন্যের সহিতও যুদ্ধ করিতে পারিত ॥৩৯॥

(৩৫)…তেঽস্মাসু নিত্যবিদ্বিষ্টাঃ…পি বা নি। (৩৬)…ধার্ত্তরাষ্ট্রচমূং কৃৎস্নাম্…পি বা নি।
(৩৭)…জয়েয়ুঃ পৃথিবীমিমাম্—বা,…তপেরন্ পৃথিবীমিমাম্—নি। (৩৮)…তন্মে শৃণু…বা নি।

জরাসন্ধো হি রুষিতো রৌহিণেয়প্রধর্ষিতঃ।
অস্মদ্বধার্থং চিক্ষেপ গদাং বৈ সর্বঘাতিনীম্ ॥৪০॥
সীমন্তমিব কুর্বাণা নভসঃ পাবকপ্রভা।
অদৃশ্যতাপতন্তী সা শক্রমুক্তা যথাশনিঃ ॥৪১॥
তামাপতন্তীং দৃষ্ট্বৈব গদাং রোহিণিনন্দনঃ।
প্রতিঘাতার্থমস্ত্রং বৈ স্থূণাকর্ণমবাসৃজৎ ॥৪২॥
অস্ত্রবেগপ্রতিহতা সা গদা প্রাপতদ্ভুবি।
দারয়ন্তী ধরাং দেবীং কম্পয়ন্তীব পর্ব্বতান্ ॥৪৩॥
তত্র সা রাক্ষসী ঘোরা জরানাম্নী সুবিক্রমা।
সন্দধে সা হি সঞ্জাতং জরাসন্ধমরিন্দমম্ ॥৪৪॥
দ্বাভ্যাং জাতো হি মাতৃভ্যামর্দ্ধদেহঃ পৃথক্ পৃথক্।
জরয়া সন্ধিতো যস্মাজ্জরাসন্ধস্ততোঽভবৎ ॥৪৫॥

ভারতকৌমুদী

তদেব প্রমাণয়তি চতুর্ভিঃ। জরেতি। রৌহিণেয়প্রধর্ষিতো রামেনাভিভূতঃ ॥৪০॥
সীমন্তমিতি। সীমন্তং কেশবিন্যাসম্। অশনির্বজ্রম্ ॥৪১॥
তামিতি। রোহিণিনন্দনো রামঃ "ঘাকারো স্ত্রীকৃতো হ্রস্বো কচিৎ" ইতি হ্রস্বঃ ॥৪২॥
অস্ত্রেতি। অস্ত্রবেগেন স্থূণাকর্ণতাড়নেন প্রতিহতা। ধরাং তত্রত্যভূমিম্ ॥৪৩॥
অথাস্য জরাসন্ধেতি নাম কুত ইত্যাহ তত্রেতি। তত্র তজ্জন্মকালে। সন্দধে সংযোজয়ামাস ॥৪৪॥

একদা যুদ্ধে বলরাম পরাভূত করায় জরাসন্ধ ক্রুদ্ধ হইয়া আমাদিগকে বধ করিবার জন্য একটা সর্ব্বঘাতিনী গদা নিক্ষেপ করিয়াছিলেন ॥৪০॥

তখন অগ্নির ন্যায় উজ্জ্বল সেই গদাটা আকাশের কেশবিন্যাস (সীঁতি) করতই যেন ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রের তুল্য আসিতেছে দেখা গেল ॥৪১॥

সেই গদাটাকে আসিতে দেখিয়াই তাহার প্রতিঘাতের জন্য বলরাম স্থূণাকর্ণ নামে একটা অস্ত্র নিক্ষেপ করিলেন ॥৪২॥

তখন সেই গদাটা বলরামের অস্ত্রে প্রতিহত হইয়া পর্ব্বতগণকে যেন কম্পিত করিতে থাকিয়া ভূমি বিদারণ করতঃ ভূতলে পতিত হইল ॥৪৩॥

জরাসন্ধের জন্মসময়ে ভয়ঙ্করমূর্ত্তি ও অত্যন্তবিক্রমশালিনী জরানাম্নী একটা রাক্ষসী জন্মিবামাত্র অরিন্দম জরাসন্ধকে সংযোজিত করিয়াছিল ॥৪৪॥

(৪০)…গদাং বৈ লোহিতামুখীম্—পি বৰ্দ্ধ। (৪১) সীমন্তমিব কুর্বাণাং নভসঃ পাবকপ্রভাম্…পি বঙ্গ বৰ্দ্ধ। (৪৪)…জরানামাত্তবিক্রমা। সন্ধয়ামাস তং জাতম্…পি বৰ্দ্ধ।

সা তু ভূমিং গতা পার্থ ! হতা সসুতবান্ধবা ।
গদয়া তেন চাস্ত্রেণ স্থূণাকর্ণেন রাক্ষসী ॥৪৬॥
বিনাভূতঃ স গদয়া জরাসন্ধো মহামৃধে ।
নিহতো ভীমসেনেন পশ্যতস্তে ধনঞ্জয় ! ॥৪৭॥
যদি হি স্যাদ্‌গদাপাণির্জরাসন্ধঃ প্রতাপবান্ ।
সেন্দ্রা দেবা ন তং হন্তুং রণে শক্তা নরোত্তমম্ ॥৪৮॥
ত্বদ্ধিতার্থং হি নৈষাদিরঙ্গুষ্ঠেন বিযোজিতঃ ।
দ্রোণেনাচার্য্যকং কৃত্বা চ্ছদ্মনা সত্যবিক্রমঃ ॥৪৯॥
স তু বদ্ধাঙ্গুলিত্রাণো নৈষাদির্দৃঢ়বিক্রমঃ ।
অস্যন্নেকো বনচরো বভৌ রাম ইবাপরঃ ॥৫০॥

ভারতকৌমুদী

নম্বেকস্য কথং যোজনমিত্যাহ খাভ্যামিতি । সন্ধিতঃ সন্ধাং সংযোগং প্রাপিতঃ ॥৪৫॥
অথ সা রাক্ষসী ক্ব গতেত্যাহ সেতি । ভূমিং গতা যদৃচ্ছয়া তদস্ত্রদ্বয়পাতস্থানস্থিতা ॥৪৬॥
বিনেতি । বিনাভূতো বিহীনঃ । মহামৃধে মহাযুদ্ধে ॥৪৭॥
যদীতি । তদ্‌গদাভ্রংশনমপাস্যং প্রবৃত্তমেবেতি ভাবঃ ॥৪৮॥
ত্বদিতি । নৈষাদিরেকলব্যঃ । আচার্য্যকং গুরুদক্ষিণাদাননিয়োগরূপমাচার্য্যকর্ম ॥৪৯॥
স ইতি । অস্যন্ বাণান্ ক্ষিপন্ । রামো জামদগ্ন্যঃ ॥৫০॥

দুই মাতার গর্ভে দুইটী অর্দ্ধদেহ পৃথক্ পৃথক্ ভাবে উৎপন্ন হইয়াছিল ; তাহার পর জরারাক্ষসী সেই দুইটী অর্দ্ধদেহকে সংযোজিত করিয়াছিল বলিয়া তাঁহার নাম হইয়াছিল—'জরাসন্ধ' ॥৪৫॥

অর্জ্জুন ! সেই জরারাক্ষসী সন্তান ও বন্ধুবর্গের সহিত উভয় অস্ত্রপতনের স্থানে ছিল বলিয়া সেই গদা ও স্থূণাকর্ণের আঘাতে নিহত হইয়াছিল ॥৪৬॥

ধনঞ্জয় ! তোমার সমক্ষেই ভীমসেন মহাযুদ্ধে গদাবিহীন সেই জরাসন্ধকে বধ করিয়াছিলেন ॥৪৭॥

প্রতাপশালী জরাসন্ধ যদি গদাহস্তে থাকিতেন, তবে ইন্দ্রের সহিত দেবতারাও যুদ্ধে সেই নরশ্রেষ্ঠকে বধ করিতে সমর্থ হইতেন না ॥৪৮॥

তা'র পর দ্রোণাচার্য্য তোমার হিতের জন্যই গুরুদক্ষিণাদানের আদেশ করিয়া ছলক্রমে যথার্থবিক্রমশালী একলব্যের অঙ্গুষ্ঠ ছেদন করাইয়াছিলেন ॥৪৯॥

দৃঢ়বিক্রমসমন্বিত একলব্য অঙ্গুলিত্র ধারণ করিয়া দ্বিতীয় পরশুরামের ন্যায় বাণক্ষেপ করিতে করিতে বনে বিচরণ করিত ॥৫০॥

(৫০)···অতিমানী বনচর···বা নি ।

একলব্যং হি সাঙ্গুষ্ঠমশক্তা দেবদানবাঃ।
সরাক্ষসোরগাঃ পার্থ! বিজেতুং যুধি কর্হিচিৎ।
কিমু মানুষমাত্রেণ শক্যঃ স্যাৎ প্রতিবীক্ষিতুম্ ॥৫১॥
দৃঢ়মুষ্টিঃ কৃতী নিত্যমস্যমানো দিবানিশম্।
ত্বদ্ধিতার্থস্তু স ময়া হতঃ সংগ্রামমূর্দ্ধনি ॥৫২॥
চেদিরাজশ্চ বিক্রান্তঃ প্রত্যক্ষং নিহতস্তব।
স চাপ্যশক্যঃ সংগ্রামে জেতুং সর্ব্বৈঃ সুরাসুরৈঃ ॥৫৩॥
বধার্থং তস্য জাতোঽহমন্যেষাঞ্চ সুরদ্বিষাম্।
ত্বৎসহায়ো নরব্যাঘ্র! লোকানাং হিতকাম্যয়া ॥৫৪॥
হিড়িম্ববককির্ম্মীরা ভীমসেনেন ঘাতিতাঃ।
রাবণেন সমপ্রাণা ব্রহ্মযজ্ঞবিনাশনাঃ ॥৫৫॥

ভারতকৌমুদী

একেতি। অশক্তা ইতি প্রধানস্য নঞঃ সমাসে গুণীভাবাদ্বিধেয়াবিমর্শদোষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫১॥

দৃঢ়েতি। অস্যমানঃ অস্যন্ অস্ত্রাণি ক্ষিপন্ ॥৫২॥

চেদীতি। চেদিরাজঃ শিশুপালঃ। নিহতো ময়া যুষ্মাকং রাজসূয়যজ্ঞে ॥৫৩॥

বধেতি। ত্বমেব সহায়ো যস্য সঃ। অত্র সাহায্যং বধে ন পুনর্জ্জন্মনি ॥৫৪॥

হিড়িম্বেতি। ঘাতিতা অন্তঃপ্রেরণাকারিণা ময়া। সমপ্রাণাস্তুল্যবলাঃ ॥৫৫॥

অর্জ্জুন! একলব্য সেই অঙ্গুষ্ঠযুক্ত থাকিলে, দেব, দানব, রাক্ষস এবং নাগেরাও কোন সময়েই যুদ্ধে তাহাকে জয় করিতে পারিতেন না; তাহাতে কেবল মানুষ কি তাহার প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইত? ॥৫১॥

কিন্তু দৃঢ়মুষ্টি, যুদ্ধনিপুণ এবং প্রত্যহ দিবা-রাত্রি বাণক্ষেপকারী সেই একলব্যকে আমি তোমার মঙ্গলের জন্যই বধ করিয়াছি ॥৫২॥

অর্জ্জুন! তোমাদের রাজসূয়যজ্ঞে তোমার সমক্ষেই আমি বিক্রমশালী শিশুপালকে বধ করিয়াছি। সমস্ত দেবতারা ও অসুরেরা যুদ্ধে তাহাকেও জয় করিতে পারিতেন না ॥৫৩॥

নরশ্রেষ্ঠ! ত্রিভুবনের হিতসাধনের জন্য সেই শিশুপালকে বধ করা এবং তোমার সাহায্যে অন্যান্য দেবদ্বেষীদিগকে বধ করার নিমিত্তই আমি জন্ম গ্রহণ করিয়াছি ॥৫৪॥

---

(৫৩)…জেতুং সর্ব্বসুরাসুরৈঃ—বা নি। (৫৫)…ভীমসেনেন পাতিতাঃ—বা নি।

হতস্তথৈব মায়াবী হৈড়িম্বেনাপ্যলায়ুধঃ।
হৈড়িম্বশ্চাপ্যুপায়েন শক্ত্যা কর্ণেন ঘাতিতঃ ॥৫৬॥
যদি হ্যেনং নাহনিষ্যৎ কর্ণঃ শক্ত্যা মহামৃধে।
ময়া বধ্যোঽভবিষ্যৎ স ভৈমসেনির্ঘটোৎকচঃ।
ময়া ন নিহতঃ পূর্ব্বমেষ যুষ্মৎপ্রিয়েপ্সয়া ॥৫৭॥
এষ হি ব্রাহ্মণদ্বেষী যজ্ঞদ্বেষী চ রাক্ষসঃ।
ধর্ম্মস্য লোপ্তা পাপাত্মা তস্মাদেষ নিপাতিতঃ।
ব্যংসিতা চাপ্যুপায়েন শক্রদত্তা ময়ানঘ ! ॥৫৮॥
যে হি ধর্ম্মস্য লোপ্তারো বধ্যাস্তে মম পাণ্ডব !।
ধর্ম্মসংস্থাপনার্থং হি প্রতিজ্ঞৈষা মমাব্যয়া ॥৫৯॥

ভারতকৌমুদী

হত ইতি। হতো মৎপ্রেরণয়ৈব। শক্ত্যা ইন্দ্রদত্তয়া, ঘাতিতো ময়ৈব ॥৫৬॥

যদীতি। এনং হৈড়িম্বম্। যুষ্মৎপ্রিয়েপ্সয়া তস্য যুষ্মৎসম্বন্ধত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৭॥

অথ তে ঘটোৎকচবধে কো হেতুরিত্যাহ এষ ইতি। ব্যংসিতা ব্যয়িতা, শক্রদত্তা শক্তিঃ। অয়মপি ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৮॥

য ইতি। অব্যয়া চিরন্তনী, "পরিত্রাণায় সাধূনাম্" ইত্যাদিগীতোক্তেঃ ॥৫৯॥

আমিই ভীমসেনদ্বারা রাবণের তুল্য বলবান্ এবং তপস্বী ও যজ্ঞবিধ্বংসী হিড়িম্ব, বক ও কির্ম্মীরকে বধ করাইয়াছি ॥৫৫॥

এবং আমার প্রেরণাতেই ঘটোৎকচ মায়াবী অলায়ুধকে বধ করিয়াছে; আর আমিই কৌশল করিয়া কর্ণকর্তৃক ইন্দ্রদত্ত শক্তিদ্বারা ঘটোৎকচকে বধ করাইয়াছি ॥৫৬॥

কর্ণ যদি শক্তিদ্বারা মহাযুদ্ধে ঘটোৎকচকে বধ না করিতেন, তবে আমিই তাহাকে বধ করিতাম। কিন্তু তোমাদের প্রীতির জন্যই পূর্ব্বে আমি উহাকে বধ করি নাই ॥৫৭॥

কারণ, এই রাক্ষসটাও ব্রাহ্মণদ্বেষী, যজ্ঞবিরোধী, ধর্ম্মলোপী ও পাপাত্মা ছিল। সেই জন্য উহাকেও নিপাত করাইয়াছি এবং নিষ্পাপ অর্জ্জুন! কৌশলে কর্ণের হস্ত হইতে ইন্দ্রদত্ত শক্তিটাকেও বিচ্যুত করিয়াছি ॥৫৮॥

পাণ্ডুনন্দন! যাহারাই ধর্ম্মলোপী হইবে, তাহারাই আমার বধ্য হইবে; ধর্ম্মসংস্থাপনের জন্য ইহাই আমার চিরন্তনী প্রতিজ্ঞা ॥৫৯॥

ব্রহ্ম সত্যং দমঃ শৌচং ধর্ম্মো হ্রীঃ শ্রীর্ধৃতিঃ ক্ষমা।
যত্র তত্র রমে নিত্যমহং সত্যেন তে শপে ॥৬০॥
ন বিষাদস্ত্বয়া কার্য্যঃ কর্ণং বৈকর্ত্তনং প্রতি।
উপদেক্ষ্যাম্যুপায়ং তে যেন তং প্রসহিষ্যসি ॥৬১॥
সুযোধনঞ্চাপি রণে হনিষ্যতি বৃকোদরঃ।
তস্য চাপি বধোপায়ং বক্ষ্যামি তব পাণ্ডব! ॥৬২॥
বর্দ্ধতে তুমুলস্ত্বেষ শব্দঃ পরচমূং প্রতি।
বিদ্রবন্তি চ সৈন্যানি ত্বদীয়ানি দিশো দশ ॥৬৩॥

ভারতকৌমুদী

অথ ধর্ম্মলোপারম্ভে বধ্যাঃ, রক্ষ্যাস্তে কে ইত্যাহ ব্রহ্মেতি। ব্রহ্ম তপঃ, দম ইন্দ্রিয়দমনম্। হ্রীঃ অকার্য্যকরণে লজ্জা, শ্রীঃ সৎকার্য্যোপযোগিনী সম্পৎ, ধৃতির্ধৈর্য্যম্। রমে আনন্দেন বসামি ॥৬০॥

নেতি। বিষাদোঽবসাদঃ, কর্ণং কর্ণযুদ্ধম্। উপদেক্ষ্যামি যথাকালম্ ॥৬১॥

সুযোধনমিতি। তব সন্নিধান এব তং বৃকোদরং বক্ষ্যামীত্যর্থঃ ॥৬২॥

যুদ্ধং প্রত্যর্জ্জুনমনো নিবেশয়তি বর্দ্ধত ইতি। শব্দো যুদ্ধকোলাহলঃ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

ত ইতি। কুণ্ডলান্যেষাং সন্তীতি কুণ্ডলিনঃ, পরস্পরং সায়কৈর্বিক্ষতানি অঙ্গানি যেষাং তে চ, তে ক্ষত্রিয়া যুবানঃ, গজানাং কুম্ভেষু লীনাঃ পতিতাঃ সন্তঃ, সুরতানন্তরং কামিনীনাং কুচেষু লগ্নাঃ সংসক্তদেহা ইব সুষুপুঃ। অহো! ক্ষত্রেরপি পরক্ষেত্রেষু ধৃতরাষ্ট্রপাণ্ডুবিদুরান্ জনিতবতো দ্বৈপায়নস্য সুরতপরক্রিয়াবিষ্কারঃ সম্ভবপর এবেতি মন্তব্যম্ ॥৪৪॥

তত ইতি। ততঃ সৈন্যানাং স্বাপানন্তরম্, কুমুদনাথেন প্রকাশকতয়া কৈরববান্ধবেন, কামিন্যাঃ কামতপ্তায়া যোষিতো গণ্ডবৎ পাণ্ডুনা শ্বেতবর্ণেন, নেত্রে আনন্দয়তীতি তেন চন্দ্রেণ, মাহেন্দ্রী মহেন্দ্রাধিষ্ঠিতা পূর্ব্বা দিক্, অলঙ্কৃতা উদয়েন শোভিতা।

অত্রেদমালোচনীয়ম্—"কৌমুদে মাসি রেবত্যাং শরদন্তে হিমাগমে।" ইত্যাদ্যুদ্যোগপর্ববচনেন কার্ত্তিকে মাসি সন্ধিসম্পাদনায় কৃষ্ণস্য হস্তিনায়াং প্রস্থানমভিহিতম্। ততো দুর্য্যোধনসন্ধানঙ্গীকারাদিবিবিধকার্য্যকলাপানন্তরং যুদ্ধারম্ভো মার্গশীর্ষমাস এব সম্ভবতি। তেন চ "হেমন্তে প্রথমে মাসি শুক্লপক্ষে ত্রয়োদশীম্। প্রবৃত্তং ভারতং যুদ্ধং নক্ষত্রে যমদৈবতে॥" ইতি ভারতসাবিত্রীবচনং সর্ব্বথৈবোপপদ্যতে। অস্মিন্নধ্যায়ে চ "অর্দ্ধরাত্রিঃ সমাজগ্মে নিদ্রান্ধানাং বিশেষতঃ।" ইতি পূর্ব্বমভিধানাদর্দ্ধরাত্রিরাগতেত্যভিহিতম্, তৎপরকার্জ্জুনস্য সর্ব্বত্র সৈন্যগণবিশ্রামাদেশে তদ্বিশ্রামাদৌ সম্পন্নে চ সপ্তদণ্ডাতিক্রমঃ সম্ভবত্যেব। তদনন্তরকাত্র চন্দ্রোদয়াভিধানেন তদ্দিনে প্রাতরষ্টৈকাদশী পরঞ্চ দ্বাদশী তিথিঃ কৃষ্ণপক্ষস্য, তৎপরদিনে চ প্রাতরল্পা দ্বাদশী পরঞ্চ ত্রয়োদশী তত্র চ মধ্যাহ্নে দ্রোণো হত ইতি সর্ব্বথা সুবচত্বাৎ "ত্রয়োদশ্যাঞ্চ মধ্যাহ্নে ভারদ্বাজো নিপাতিতঃ" ইতি ভারতসাবিত্রীবচনস্য মহাভারতেন সহ সামঞ্জস্যমবাধেনাপ্যঙ্গীকার্য্যমিতি ॥৪৫॥

নিদ্রামগ্ন ও চৈতন্যহীন সেই সৈন্যেরা ক্রমে সেই ভাবে শয়ন করিল। তখন চিত্রনিপুণ-চিত্রকারকর্ত্তৃক পটে চিত্রিত অদ্ভুত চিত্রের ন্যায় তাহাদিগকে দেখা যাইতে লাগিল ॥৪৩॥

আর কুণ্ডলধারী এবং পরস্পর বাণবিক্ষতগাত্র যুবক ক্ষত্রিয়েরা কামিনীগণের স্তনলগ্ন হইয়াই যেন হস্তিগণের কুম্ভদেশে পতিত হইয়া শয়ন করিলেন ॥৪৪॥

দশশতাক্ষককুব্দরিনিঃসৃতঃ কিরণকেশরভাস্বরপিঞ্জরঃ।
তিমিরবারণযূথবিদারণঃ সমুদিয়াযুদয়াচলকেশরী ॥৪৬॥
হরবৃষোত্তমগাত্রসমদ্যুতিঃ স্মরশরাসনপূর্ণসমপ্রভঃ।
নববধূস্মিতচারুমনোহরঃ প্রবিসৃতঃ কুমুদাকরবান্ধবঃ ॥৪৭॥
ততো মুহূর্ত্তাদ্ভগবান্ পুরস্তাচ্ছশলক্ষণঃ।
অরুণং দর্শয়ামাস গ্রসন্ জ্যোতিঃপ্রভাং প্রভুঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

অথ শ্লোকাভ্যামুদয়মানং চন্দ্রং বর্ণয়তি দশেতি। দশশতাক্ষঃ সহস্রাক্ষ ইন্দ্রস্তস্য ককুপ্ পূর্ব্বা দিক্ সৈব দরিগুর্হা তস্যা নিঃসৃতো নির্গতঃ, কিরণা এব কেশরা জটাস্তৈর্ভাস্বরো দীপ্তিমাংশ্চাসৌ পিঞ্জর উদয়কালীনত্বাৎ পিঙ্গলবর্ণশ্চেতি সঃ। তথা তিমিরাণি অন্ধকারা এব বারণা গজাস্তেষাং যূথং বিদারয়তীতি স তাদৃশশ্চ, উদয়াচলস্য কেশরী শুভ্রবর্ণঃ সিংহস্তৎস্বরূপশ্চন্দ্রঃ, সমুদিয়াৎ সমুদিয়ায়। দ্রুতবিলম্বিতং বৃত্তম্ ॥৪৬॥

হরেতি। কিঞ্চ হরস্য শিবস্য যো বৃষস্তস্য উত্তমগাত্রেণ উৎকৃষ্টাঙ্গদ্যুত্যা সমা তুল্যা দ্যুতিঃ প্রভা যস্য সঃ, স্মরস্য কামস্য যৎ শরাসনং শুভ্রকুসুমময়ং ধনুস্তস্য পূর্ণসমা সর্ব্বথা তুল্যা প্রভা যস্য সঃ। তথা নববধূনাং স্মিতম্ ঈষদ্ধাস্যমিব চারুঃ সুন্দরঃ অতএব মনোহরশ্চিত্তাকর্ষকঃ, কুমুদাকরবান্ধবশ্চন্দ্রঃ, প্রবিসৃতঃ ক্রমেণ গগনোপরি সমাগতঃ। দ্রুতবিলম্বিতং বৃত্তম্ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

ব্যাসেনেতি ॥১—২০॥ পরেভ্য ইতি ষষ্ঠ্যর্থে পঞ্চমী ॥২১—২৬॥ সংসাধয়িত্বা গময়িত্বা ॥২৭॥ সর্বধর্মজ্ঞা রাজানঃ সৈন্যানি চেতাংস্যঃ ॥২৮—৪৫॥ কিরণা এব কেশরভাস্বরাঃ সটাকারেণ ভাসমানাস্তৈরপি পিঞ্জরঃ পীতঃ, অথবা কিরণকেসরৈর্ভাস্বরৈরপি পিঞ্জরশ্চ ॥৪৬॥ হরবৃষস্যোত্তমগাত্রং শিরস্তেন সমদ্যুতির্যস্য ত্রিভাগশেষত্বাদিন্দোরমরশরাসনপূর্ণসমপ্রভত্বং কুষ্ঠকামচাপসদৃশশোভত্বং নববধূনাং স্মরকোমলপদবিন্যাসাদিনাঽস্মিতঃ কামস্তস্য যশ্চাপঃ তদ্বৎ সর্ব্বমনোহরঃ প্রবিসৃতঃ উদ্গতঃ ততঃ শয়নাদস্য পুরস্তাৎ প্রাচ্যাম্ ॥৪৭॥ অরুণমব্যক্তরাগম্

তাহার পর কুমুদবান্ধব, কামিনীগণের গণ্ডদেশের ন্যায় শ্বেতবর্ণ ও নয়নানন্দজনক চন্দ্র উদিত হইতে থাকিয়া পূর্ব্বদিক্ অলঙ্কৃত করিলেন ॥৪৫॥

অন্ধকাররূপ-হস্তিবিনাশকারী এবং কিরণরূপ জটাজালে দীপ্তিমান্ ও পিঙ্গলবর্ণ উদয়পর্ব্বতের সিংহস্বরূপ চন্দ্র পূর্ব্বদিক্স্বরূপ গুহা হইতে নির্গত হইয়া ক্রমে সম্পূর্ণ উদয় পাইলেন ॥৪৬॥

পরে মহাদেবের বৃষের উত্তম শরীরের ন্যায় শুভ্রবর্ণ, কামদেবের শুভ্রপুষ্পময় ধনুর তুল্য শ্বেতকান্তি এবং নববধূর ঈষৎ হাস্যের সদৃশ সুন্দর ও চিত্তাকর্ষক চন্দ্র ক্রমে একটু আকাশের উপরের দিকে উঠিলেন ॥৪৭॥

---

(৪৭)···নববধূস্মরচারুমনোহরঃ···বর্দ্ধ। (৪৮)···শশলক্ষণঃ··· পি বা নি।

অরুণস্য তু তস্যানু জাতরূপসমপ্রভম্ ।
রশ্মিজালং মহচ্চন্দ্রো মন্দং মন্দমবাসৃজৎ ॥৪৯॥
উৎসারয়ন্তঃ প্রভয়া তমস্তে চন্দ্ররশ্ময়ঃ ।
পর্য্যগচ্ছন্ শনৈঃ সর্ব্বা দিশঃ খঞ্চ ক্ষিতিং তথা ॥৫০॥
ততো মুহূর্ত্তাদ্ভুবনং জ্যোতির্ভূতমিবাভবৎ ।
অপ্রখ্যমপ্রকাশঞ্চ জগামাশু তমস্তথা ॥৫১॥
ততঃ প্রকাশিতে লোকে দিবাভূতে নিশাকরে ।
বিচেরুর্ন বিচেরুশ্চ রাজন্ ! নক্তঞ্চরাস্তথা ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। ততো মুহূর্ত্তাৎ পরম্, ভগবান্ মাহাত্ম্যবান্, প্রভুঃ অন্ধকারনাশপ্রভাবশালী চন্দ্রঃ, জ্যোতিষাং নক্ষত্রাণাং প্রভাম্, গ্রসন্ বিলুম্পন্ সন্, শশলক্ষ্ম আত্মনঃ শশচিহ্নস্য, পুরস্তাদগ্রতঃ, অরুণং বর্ণম্, দর্শয়ামাস। উদয়কালীনচন্দ্রস্য স্বভাবোঽয়ম্ ॥৪৮॥

অরুণস্যেতি। ক্রমেণ চন্দ্রঃ, তস্য অরুণস্য বর্ণস্য, অনু পশ্চাৎ, জাতরূপসমপ্রভং স্বর্ণবর্ণম্, মহৎ রশ্মিজালম্, মন্দং মন্দং শনৈঃ শনৈঃ, অবাসৃজৎ মুক্তিপৎ ॥৪৯॥

উদিতি। ততস্তে চন্দ্ররশ্ময়ঃ, প্রভয়া আলোকেন, তমো জগদন্ধকারম্, উৎসারয়ন্তো দূরীকুর্বন্তঃ সন্তঃ, শনৈঃ, সর্বা দিশঃ, খমাকাশম্, তথা ক্ষিতিঞ্চ পর্য্যগচ্ছন্ ॥৫০॥

তত ইতি। ততো ভুবনং মুহূর্ত্তাৎ জ্যোতির্ভূতং তেজোময়মিবাভবৎ। তথা অপ্রকাশম্ অপ্রকটিতস্বরূপম্, অতএব ন বিদ্যতে প্রখ্যা জ্ঞানং যস্য তত্তাদৃশঞ্চ তমঃ, আশু জগাম অপসসার ॥৫১॥

তত ইতি। হে রাজন্! ততো নিশাকরে চন্দ্রে প্রকাশিতে, লোকে জগতি চ, দিবাভূতে দিবসং প্রাপ্ত ইব সতি, নক্তঞ্চরা রাত্রিচরাঃ পেচকাদয়ঃ, বিচেরুঃ রাত্রিজ্ঞানাৎ, ন বিচেরুশ্চ দিবাজ্ঞানাৎ ॥৫২॥

তদনন্তর মাহাত্ম্যশালী ও অন্ধকারনাশক চন্দ্র মুহূর্ত্ত পরে নক্ষত্রসমূহের প্রভা তিরোহিত করিয়া নিজের শশচিহ্নের সম্মুখে একটু অরুণ বর্ণ দেখাইলেন ॥৪৮॥

ক্রমে চন্দ্র সেই অরুণবর্ণের পশ্চাতে ধীরে ধীরে স্বর্ণবর্ণ বিশাল রশ্মিজাল প্রকাশ করিতে লাগিলেন ॥৪৯॥

পরে চন্দ্রের সেই বিশাল রশ্মিজাল অন্ধকার দূর করিতে থাকিয়া ধীরে ধীরে সকল দিক্, আকাশ ও ভূতলে আগমন করিতে থাকিল ॥৫০॥

তৎপরে মুহূর্ত্তমধ্যে সমগ্র জগৎটাই যেন তেজোময় হইয়া পড়িল এবং অপ্রকটিত ও অজ্ঞেয় অন্ধকার সত্বর অপসৃত হইল ॥৫১॥

(৫২) প্রতিপ্রকাশিতে·· নক্তঞ্চরাস্ততঃ—পি বা নি।

বোধ্যমানস্তু তৎ সৈন্যং রাজংশ্চন্দ্রস্য রশ্মিভিঃ।
বুবুধে শতপত্রাণাং বনং সূর্য্যাংশুভির্যথা ॥৫৩॥
যথা চন্দ্রোদয়োদ্ধূতঃ ক্ষুভিতঃ সাগরো ভবেৎ।
তথা চন্দ্রোদয়োদ্ধূতঃ স বভূব বলার্ণবঃ ॥৫৪॥
ততঃ প্রববৃতে যুদ্ধং পুনরেব বিশাংপতে!।
লোকে লোকবিনাশায় পরং লোকমভীপ্সতাম্ ॥৫৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে রাত্রিযুদ্ধে সৈন্যনিদ্রায়ামষ্টপঞ্চাশদধিক-শততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ভারতকৌমুদী

বোধ্যেতি। হে রাজন্! তদুভয়পক্ষীয়ং সৈন্যং কর্ত্তৃ, চন্দ্রস্য রশ্মিভিস্তদ্দর্শনৈরিত্যর্থঃ, বোধ্যমানং পূর্ব্বাদেশবশাল্লোকৈর্জাগর্য্যমাণং সৎ, সূর্য্যাংশুভিঃ শতপত্রাণাং পদ্মানাং বনং যথা বুধ্যতে স্ফুটতি, তথা বুবুধে জজাগার ॥৫৩॥

যথেতি। সাগরো যথা চন্দ্রোদয়ে, উদ্ধূত উদ্বেলিতঃ, ক্ষুভিতঃ সঙ্কলিতশ্চ ভবেৎ, তথা স উভয়পক্ষীয় এব, বলার্ণবঃ সৈন্যসাগরঃ, উদ্ধূত উদ্বেলিতো বভূব ॥৫৪॥

ভারতভাবদীপঃ

॥৪৮—৫০॥ ভুবনং ভূর্ভুবঃ, অপ্রথামপরিজ্ঞানম্ ॥৫১॥ নিশাকরেণ প্রকাশিতে লোকে দিবাভূত ইত্যর্থঃ, বিচেরুঃ সৈনিকাঃ, নক্তঞ্চরাশ্চ ন বিচেরুঃ প্রকাশাতিশয়ত্বাৎ ॥৫২—৫৩॥ চন্দ্রোদয়েনোদ্ধূত আকম্পিতঃ ক্ষুভিতঃ ॥৫৪—৫৫॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৮॥

রাজা! ক্রমে চন্দ্র প্রকাশিত এবং জগৎটা দিনের ন্যায় আলোকিত হইলে, রাত্রিচারী প্রাণীদের মধ্যে কতকগুলি বিচরণ করিতে লাগিল, আর কতকগুলি বিচরণ করিতে লাগিল না ॥৫২॥

মহারাজ! পরে চন্দ্রের রশ্মি দেখিয়া লোকেরা জাগাইতে লাগিলে, সূর্য্যের কিরণে পদ্মবন যেমন প্রবুদ্ধ (প্রস্ফুটিত) হয়, সেইরূপ উভয় সৈন্যই প্রবুদ্ধ (জাগরিত) হইল ॥৫৩॥

তৎকালে সমুদ্র যেমন চন্দ্রের উদয়ে উচ্ছলিত ও সঙ্কলিত হয়, সেইরূপ সেই দুই সৈন্যসাগরই চন্দ্রের উদয়ে আবার উদ্বেলিত ও সঙ্কলিত হইল ॥৫৪॥

---

(৫৪)···ক্ষুভিতশ্চ বলার্ণবঃ—নি। * '···দ্ব্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '···ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '···পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা নি।

উনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ ।

তততো দুর্য্যোধনো দ্রোণমভিগম্যাব্রবীদিদম্ ।
অমর্ষবশমাপন্নো জনয়ন্ হর্ষতেজসী ॥১॥
ন মর্ষণীয়াঃ সংগ্রামে বিশ্রাম্যন্তঃ শ্রমান্বিতাঃ ।
সপত্না গ্লানমনসো লব্ধলক্ষৈর্বিশেষতঃ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। হে বিশাংপতে ! প্রজানাথ ! ততঃ পরমুত্তমম্, লোকং স্বর্গম্, অভীপ্সতাং লিপ্সমানানাং বীরাণাং যুদ্ধম্, লোকে মর্ত্ত্যে, লোকবিনাশায়, পুনরেব প্রববৃতে ॥৫৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে
অষ্টপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———ঃ০ঃ———

তত ইতি। অমর্ষবশমসহিষ্ণুতাধীনতাম্ আপন্নঃ প্রাপ্তঃ। হর্ষতেজসী দ্রোণস্য ।১॥

নেতি। বিশেষতো লব্ধানি লব্ধানি লব্ধাণি শরব্যাণি যৈস্তৈরস্মাভিঃ, গ্লানানি শ্রমনিদ্রাভ্যামবসন্নানি মনাংসি যেষাং তে, শ্রমান্বিতাশ্চ, অতএব বিশ্রাম্যন্তঃ সপত্নাঃ শত্রবঃ পাণ্ডবাঃ, সংগ্রামে, মর্ষণীয়াঃ 'সোঢ়ব্যা উপেক্ষণীয়া নাসন্। অপি তু বিশ্রামকাল এবামী প্রহর্ত্তব্যা আসন্নিত্যাশয়ঃ ॥২॥

নরনাথ ! তাহার পর মর্ত্ত্যলোকে লোকবিনাশের জন্য স্বর্গাভিলাষী বীরগণের পুনরায় যুদ্ধারম্ভ হইল' ॥৫৫॥

———০ঃঃ০———

সঞ্জয় বলিলেন—'মহারাজ ! তাহার পর দুর্য্যোধন অসহিষ্ণু হইয়া দ্রোণের নিকট যাইয়া তাঁহার হর্ষ ও তেজ উৎপাদন করিতে থাকিয়া এই কথা কহিলেন—॥১॥

'আচার্য্য ! শত্রুপক্ষ পরিশ্রান্ত হইয়াছিল এবং তাহাদের মনও অবসন্ন হইয়া পড়িয়াছিল ; তাই তাহারা বিশ্রাম করিতেছিল ; তখন আমরা তাহাদিগকে বিশেষভাবে লক্ষ্যরূপে পাইয়াছিলাম। সুতরাং সেই অবস্থায় তাহারা আমাদের উপেক্ষণীয় ছিল না ॥২॥

---

(১)···দৈর্ঘ্যতেজসী—বর্দ্ধ। ইতঃ পরং 'দুর্য্যোধন উবাচ' বঙ্গ বর্দ্ধ বা নি। (২)···বিশ্রমন্তঃ শ্রমান্বিতাঃ···বা নি।

তত্তু মর্ষিতমস্মাভির্ভবতঃ প্রিয়কাম্যয়া।
ত এতে পরিবিশ্রান্তাঃ পাণ্ডবা বলবত্তরাঃ ॥৩॥
সর্বথা পরিহীণাঃ স্ম তেজসা চ বলেন চ।
ভবতা পাল্যমানাস্তে বিবর্দ্ধন্তে পুনঃ পুনঃ ॥৪॥
দিব্যান্যস্ত্রাণি সর্ব্বাণি ব্রাহ্মাদীনি চ যানি চ।
তানি সর্ব্বাণি তিষ্ঠন্তি ভবত্যেব বিশেষতঃ ॥৫॥
ন পাণ্ডবেয়া ন বয়ং নান্যে লোকে ধনুর্দ্ধরাঃ।
যুধ্যমানস্য তে তুল্যাঃ সত্যমেতদ্‌ব্রবীমি তে ॥৬॥
সসুরাসুরগন্ধর্ব্বানিমাল্লোঁকান্ দ্বিজোত্তম!।
সর্ব্বাস্ত্রবিত্তবান্ হন্যাদ্দিব্যৈরস্ত্রৈর্ন সংশয়ঃ ॥৭॥

ভারতকৌমুদী

তর্হি কথং সোঢ়মিত্যাহ তদিতি। মর্ষিতং সোঢ়ম্। অন্যথা ভবান্ কুপ্যেদিতি ভাবঃ ॥৩॥
সর্বথেতি। পাল্যমানা হন্তুং শক্যা অপি রক্ষ্যমাণাঃ, তে পাণ্ডবাঃ ॥৪॥
দিব্যানীতি। দিব্যানি স্বর্গীয়াণি। ভবতি ত্বয়ি, বিশেষতঃ সর্বপ্রকারেণ ॥৫॥
তৎফলমাহ নেতি। লোকে জগতি। তে তব ॥৬॥
ততশ্চাহ সেতি। হন্যাৎ হন্তুং শক্নুয়াৎ, দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ ॥৭॥

কিন্তু আপনার প্রীতি কামনা করিয়া আমরা তখন তাহাদিগকে উপেক্ষা করিয়াছি। অথ চ এখন সেই পাণ্ডবেরা বিশ্রাম করিয়া বিশেষ বলবান্ হইয়াছে ॥৩॥

এদিকে আমরা ক্রমশঃ সর্বপ্রকারে তেজ ও বলবিহীন হইয়া যাইতেছি; আর আপনি বার বার তাহাদিগকে পাইয়াও রক্ষা করিতে থাকায় তাহারা ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে ॥৪॥

ব্রাহ্মপ্রভৃতি যে সকল স্বর্গীয় অস্ত্র আছে, সে সমস্তই বিশেষভাবে আপনাতে রহিয়াছে ॥৫॥

সুতরাং আপনি যুদ্ধ করিতে থাকিলে, পাণ্ডবেরা, আমরা, এমন কি জগতের অন্য ধনুর্দ্ধরেরা আপনার তুল্য হইতে পারি না; এ কথা আমি আপনার নিকট সত্য বলিতেছি ॥৬॥

অতএব ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি সর্ব্বাস্ত্রবিৎ বলিয়া দিব্য অস্ত্রদ্বারা দেবতা, অসুর ও গন্ধর্ব্বগণের সহিত এই ত্রিভুবন সংহার করিতে পারেন, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৭॥

(৫)...যানি হ...বা নি।

স ভবান্ মর্ষয়ত্যেতাংস্ত্বত্তো হীনান্ বিশেষতঃ।
শিষ্যত্বং বা পুরস্কৃত্য মম বা মন্দভাগ্যতাম্ ॥৮॥

সঞ্জয় উবাচ।

এবমুদ্ধর্ষিতো দ্রোণঃ কোপিতশ্চ সুতেন তে।
সমন্যুরব্রবীদ্রাজন্! দুর্য্যোধনমিদং বচঃ ॥৯॥

স্থবিরঃ সন্ পরং শক্ত্যা ঘটে দুর্য্যোধনাহবে।
অতঃ পরং ময়া কার্য্যং ক্ষুদ্রং বিজয়গৃদ্ধিনা।
অনস্ত্রবিদয়ং সর্ব্বো হন্তব্যোঽস্ত্রবিদা জনঃ ॥১০॥

যদ্ভবান্ মন্যতে চাপি শুভং বা যদিবাঽশুভম্।
তদ্বৈ কর্ত্তাস্মি কৌরব্য! বচনাত্তব নান্যথা ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। স ভবান্, পাণ্ডবানাং শিষ্যত্বং পুরস্কৃত্য প্রাধান্যেনাদৃত্য, মম মন্দভাগ্যতাং বা পুরস্কৃত্য অনুসৃত্য, ত্বত্তো ভবদপেক্ষয়া বিশেষত এব হীনান্ বীরত্বে নিকৃষ্টান্, এতান্ পাণ্ডবান্, মর্ষয়তি যুদ্ধে ক্ষমতে। অন্যথা সর্বৈরেবামীষাং ভবতা বধসম্ভব ইতি ভাবঃ ॥৮॥

এবমিতি। উদ্ধর্ষিতো বীর্য্যাস্তুত্যা, কোপিতো বিশ্বাসঘাতকতাসূচনেন। সমন্যুঃ সক্রোধঃ ॥৯॥

স্থবির ইতি। ঘটে জেতুং চেষ্টে। ক্ষুদ্রং নিকৃষ্টম্, বিজয়গৃদ্ধিনা জয়েচ্ছুনা। ষট্পাদঃ ॥১০॥

যদিতি। মন্যতে অভিপ্রৈতি, শুভং ন্যায্যম্, অশুভমন্যায্যম্। কর্ত্তাস্মি করিষ্যামি ॥১১॥

সেই আপনি পাণ্ডবগণকে প্রধান শিষ্য ভাবিয়া, কিংবা আমার মন্দভাগ্যতার অনুসরণ করিয়া আপনা অপেক্ষা বিশেষ ন্যূন পাণ্ডবদিগকে ক্ষমা করিয়া আসিতেছেন' ॥৮॥

সঞ্জয় কহিলেন—'রাজা! আপনার পুত্র এইভাবে দ্রোণকে আনন্দিতও করিলেন, আবার ক্রুদ্ধও করিলেন। তাই তিনি ক্রুদ্ধ হইয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৯॥

'দুর্য্যোধন! আমি বৃদ্ধ হইয়াও যুদ্ধে শক্তি অনুসারে জয় করিবারই চেষ্টা করিয়া থাকি। (সে যাহা হউক,) ইহার পর আমি জয়াভিলাষী হইয়া নিকৃষ্ট কার্য্যও করিব। (অর্থাৎ) আমি অস্ত্রজ্ঞ হইয়া অনস্ত্রজ্ঞ এই সকল লোককে বধ করিব ॥১০॥

কৌরবনন্দন! তুমি ন্যায্য বা অন্যায্য যাহা ইচ্ছা করিবে, আমি তোমার কথায় তাহাই করিব, অন্যরূপ করিব না ॥১১॥

---

(৮)…ত্বত্তো ভীতান্ বিশেষতঃ…বা,…মর্ষয়ত্যোনাংস্তব তুল্যানবেত্য চ…নি।

নিহত্য সর্ব্বপাঞ্চালান্ যুদ্ধে কৃত্বা পরাক্রমম্।
বিমোক্ষ্যে কবচং রাজন্! সত্যেনায়ুধমালভে ॥১২॥
মন্যসে যচ্চ কৌন্তেয়মর্জ্জুনং শ্রান্তমাহবে।
তস্য বীর্য্যং মহাবাহো! শৃণু সত্যেন কৌরব! ॥১৩॥
তং ন দেবা ন গন্ধর্ব্বা ন যক্ষা ন চ রাক্ষসাঃ।
উৎসহেরন্ রণে জেতুং কুপিতং সব্যসাচিনম্ ॥১৪॥
খাণ্ডবে যেন ভগবান্ প্রত্যুদ্যাতঃ সুরেশ্বরঃ।
সায়কৈর্ব্বারিতশ্চাপি বর্ষমাণো মহাত্মনা ॥১৫॥
যক্ষা নাগাস্তথা দৈত্যা যে চান্যে বলদর্পিতাঃ।
নিহতাঃ পুরুষেন্দ্রেণ তচ্চাপি বিদিতং তব ॥১৬॥

ভারতকৌমুদী

নিহত্যেতি। বিমোক্ষ্যে গাত্রাৎ চ্যাবয়িষ্যামি। ন তু তৎপূর্বমিতি ভাবঃ। আলভে স্পৃশামি ॥১২॥

মন্যস ইতি। শ্রান্তম্, অতএব জয্যমিত্যাশয়ঃ। তত্র ব্রবীমীতি শেষঃ ॥১৩॥

তমিতি। উৎসহেরন্ শক্নুয়ুঃ। সব্যসাচিত্বাদেব নোৎসহেরন্নিত্যাশয়ঃ ॥১৪॥

উক্তমর্থং প্রমাণয়তি যড়ভিঃ খাণ্ডব ইতি। খাণ্ডবে খাণ্ডবদাহকালে, যেন মহাত্মনার্জ্জুনেন, প্রত্যুদ্যাতঃ তদ্দাহনিবারণায়াগতঃ, সুরেশ্বর ইন্দ্রঃ। বর্ষমাণঃ অস্ত্রাণি বর্ষন্ ॥১৫॥

যক্ষা ইতি। নিহতাস্তদানীমেব, পুরুষেন্দ্রেণ অর্জ্জুনেন ॥১৬॥

রাজা! আমি অস্ত্রস্পর্শ করিয়া সত্য শপথ করিতেছি—যুদ্ধে পরাক্রম দেখাইয়া সমস্ত পাঞ্চাল সংহার করিয়া পরে কবচ ত্যাগ করিব ॥১২॥

তবে তুমি যে কুন্তীনন্দন অর্জ্জুনকে যুদ্ধে পরিশ্রান্ত বলিয়া মনে করিয়াছ, মহাবাহু কৌরবনন্দন! সে বিষয়ে আমি সত্য বলিতেছি—তুমি তাঁহার বলের বিষয় শ্রবণ কর ॥১৩॥

সব্যসাচী অর্জ্জুন ক্রুদ্ধ হইলে, দেবতা, গন্ধর্ব্ব, যক্ষ এবং রাক্ষসেরাও তাঁহাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না ॥১৪॥

যে মহাত্মা অর্জ্জুন খাণ্ডবদাহের সময়ে বাণদ্বারা প্রতিপক্ষ হইয়া উপস্থিত এবং অস্ত্রবর্ষণকারী ভগবান্ দেবরাজকেও বারণ করিয়াছিলেন ॥১৫॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন তখন যক্ষ, নাগ, দৈত্য এবং অন্য যে সকল বলদর্পিত বীর ছিলেন, তাঁহাদিগকে বধ করিয়াছিলেন; তাহা তোমারও জানা আছে ॥১৬॥

---

(১৪)···উৎসহন্তে···বা নি। (১৬)···বলগর্বিতাঃ···নি।

গন্ধর্ব্বা ঘোষযাত্রায়াং চিত্রসেনাদয়ো জিতাঃ।
যূয়ং তৈর্হ্রিয়মাণাশ্চ মোক্ষিতা দৃঢ়ধন্বনা ॥১৭॥
নিবাতকবচাশ্চাপি দেবানাং শত্রবস্তথা।
সুরৈরবধ্যাঃ সংগ্রামে তেন বীরেণ নির্জ্জিতাঃ ॥১৮॥
দানবানাং সহস্রাণি হিরণ্যপুরবাসিনাম্।
বিজিগ্যে পুরুষব্যাঘ্রঃ স শক্যো মানুষৈঃ কথম্ ॥১৯॥
প্রত্যক্ষঞ্চৈব তে সর্ব্বং যথা বলমিদং তব।
ক্ষপিতং পাণ্ডুপুত্রেণ চেষ্টতাং নো বিশাংপতে! ॥২০॥
সঞ্জয় উবাচ।
তং তথাতিপ্রশংসন্তমর্জ্জুনং কুপিতস্তদা।
দ্রোণং তব সুতো রাজন্! পুনরেবেদমব্রবীৎ ॥২১॥

ভারতকৌমুদী

গন্ধর্ব্বা ইতি। দৃঢ়ধন্বনা অর্জ্জুনেন। এতেনার্জ্জুনতো দুর্য্যোধনাদিনিকর্ষোঽপি সূচিতঃ ॥১৭॥
নিবাতেতি। নিবাতকবচাস্তৎসংজ্ঞকা অসুরাঃ। তেন বীরেণার্জ্জুনেন ॥১৮॥
দানবানামিতি। শক্যো বিজেতুমিতি শেষঃ। কথমপি নেত্যর্থঃ ॥১৯॥
অথৈতাঃ কিংবদন্ত্যো মিথ্যা এবেত্যাহ প্রত্যক্ষমিতি। চেষ্টতাং বারয়িতুং চেষ্টমানানাম্ ॥২০॥
তমিতি। কুপিতঃ, তৎপ্রশংসয়া তৎপক্ষপাতাবধারণাদিতি ভাবঃ ॥২১॥

দৃঢ়ধন্বা অর্জ্জুন ঘোষযাত্রার সময়ে চিত্রসেনপ্রভৃতি গন্ধর্বগণকে জয় করিয়াছিলেন এবং তাহারা তোমাদিগকে হরণ করিয়া লইয়া যাইতেছিল, সেই অবস্থায় তোমাদিগকে মুক্ত করিয়াছিলেন ॥১৭॥

সেই বীর অর্জ্জুন দেবতাদের শত্রু এবং দেবতাদের অবধ্য নিবাতকবচনামক অসুরগণকে যুদ্ধে জয় করিয়াছিলেন ॥১৮॥

পুরুষশ্রেষ্ঠ অর্জ্জুন হিরণ্যপুরবাসী বহুসহস্র দানবকে জয় করিয়াছিলেন। সুতরাং তাঁহাকে মানুষেরা জয় করিতে পারিবে কি করিয়া? ॥১৯॥

নরনাথ! তা'র পর এ সমস্তই তোমার প্রত্যক্ষ যে, আমরা প্রাণপণে রক্ষা করিবার চেষ্টা করিতেছি, তথাপি অর্জ্জুন তোমার এই সৈন্য ক্ষয় করিতেছেন' ॥২০॥

সঞ্জয় কহিলেন—'রাজা! দ্রোণাচার্য্য সেইভাবে অর্জ্জুনের অত্যন্ত প্রশংসা করিতে লাগিলে, তখন আপনার পুত্র ক্রুদ্ধ হইয়া পুনরায় এই কথা বলিলেন—॥২১॥

---

(২০)···ক্ষয়িতম্···পি বর্দ্ধ। (২১)···অভিপ্রশংসন্তম্···বর্দ্ধ নি।

অহং দুঃশাসনঃ কর্ণঃ শকুনির্মাতুলশ্চ মে।
হনিষ্যামোঽর্জ্জুনং সংখ্যে দ্বিধা কৃত্বাদ্য ভারতীম্ ॥২২॥
তস্য তদ্বচনং শ্রুত্বা ভারদ্বাজো হসন্নিব।
অন্ববর্ত্তত রাজানং স্বস্তি তেঽস্ত্বিতি চাব্রবীৎ ॥২৩॥
কো হি গাণ্ডীবধন্বানং জ্বলন্তমিব তেজসা।
অক্ষয়ং ক্ষপয়েৎ কশ্চিৎ ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়র্ষভম্ ॥২৪॥
তং ন বিত্তপতির্নেন্দ্রো ন যমো ন জলেশ্বরঃ।
নাসুরোরগরক্ষাংসি ক্ষপয়েয়ুঃ সহায়ুধম্ ॥২৫॥
মূঢ়াস্ত্বেতানি ভাষন্তে যানীমান্যাত্থ ভারত!।
যুদ্ধে হ্যর্জ্জুনমাসাদ্য স্বস্তিমান্ কো ব্রজেদ্গৃহান্ ॥২৬॥

ভারতকৌমুদী

অহমিতি। ভারতীং কৌরবীং সেনাম্। তয়োরেকোঽংশো ভবতঃ, একোঽংশস্ত্বস্মাকম্ ॥২২॥
তস্যেতি। অন্ববর্ত্তত অন্বমোদতৈব, ন তু প্রত্যবদৎ, স্বস্তি মঙ্গলম্ ॥২৩॥
ক ইতি। কঃ সাধারণো জনঃ, বীরজাতীয়ঃ কশ্চিৎ ক্ষত্রিয়ো বেত্যপুনরুক্তিঃ ॥২৪॥
তমিতি। বিত্তপতির্ধনেশ্বরঃ কুবেরঃ। জলেশ্বরো বরুণঃ। সহায়ুধম্ অস্ত্রযুক্তম্ ॥২৫॥
মূঢ়া ইতি। এতানি ঈদৃশানি বচনানি। আত্থ ত্বং ব্রবীষি। স্বস্তিমান্ কুশলী ॥২৬॥

'আমি, দুঃশাসন, কর্ণ ও আমার মাতুল শকুনি আমরাই কৌরবসৈন্য দুই ভাগে বিভক্ত করিয়া আজ যুদ্ধে অর্জ্জুনকে বধ করিব' ॥২২॥

দ্রোণ তাঁহার সেই কথা শুনিয়া হাসিতে হাসিতেই যেন তাঁহার অনুমোদন করিলেন (কিন্তু প্রতিবাদ করিলেন না) এবং বলিলেন—'তোমার মঙ্গল হউক ॥২৩॥

গাণ্ডীবধনুর্দ্ধারী ও ক্ষত্রিয়শ্রেষ্ঠ অর্জ্জুন যখন তেজে জ্বলিতে থাকেন, তখন তিনি অক্ষয়ই হইয়া থাকেন; সেই সময়ে কোন্ লোক বা কোন্ ক্ষত্রিয় তাঁহাকে ক্ষয় করিতে পারে? ॥২৪॥

অর্জ্জুন অস্ত্রসমন্বিত থাকিলে, কুবের, ইন্দ্র, যম, বরুণ, অসুর, নাগ, কিংবা রাক্ষসও তাঁহাকে ক্ষয় করিতে সমর্থ হন না ॥২৫॥

সুতরাং ভরতনন্দন! তুমি যে এই কথাগুলি বলিলে, এ জাতীয় কথা মূর্খেরাই বলিয়া থাকে। (আমি জিজ্ঞাসা করি—) কোন্ লোক যুদ্ধে অর্জ্জুনের নিকট উপস্থিত হইয়া সুস্থ অবস্থায় গৃহে গমন করিতে পারে? ॥২৬॥

(২৪)...অক্ষয়ং ক্ষয়য়েৎ...পি বঙ্গ বৰ্দ্ধ। (২৫)...ক্ষয়য়েয়ুঃ সহায়ুধম্—পি বৰ্দ্ধ।

ত্বং তু সর্বাভিশঙ্কিত্বান্নিষ্ঠুরঃ পাপনিশ্চয়ঃ।
শ্রেয়সস্ত্বদ্ধিতে যুক্তাংস্তত্তদ্বক্তুমিহেচ্ছসি ॥২৭॥
গচ্ছ ত্বমপি কৌন্তেয়মাত্মার্থে জহি মা চিরম্।
তমপ্যাশংসসে যোদ্ধুং কুলজঃ ক্ষত্রিয়ো হ্যসি ॥২৮॥
ইমান্ কিং ক্ষত্রিয়ান্ সর্ব্বান্ ঘাতয়িষ্যস্যনাগসঃ।
ত্বমস্য মূলং বৈরস্য তস্মাদাসাদয়ার্জ্জুনম্ ॥২৯॥
এষ তে মাতুলঃ প্রাজ্ঞঃ ক্ষত্রধর্ম্মমনুব্রতঃ।
দুর্দ্যূতদেবী গান্ধারে! প্রয়াত্বর্জ্জুনমাহবে ॥৩০॥
এষোঽক্ষকুশলো জিহ্মো দ্যূতকৃৎ কিতবঃ শঠঃ।
দেবিতা নিকৃতিপ্রজ্ঞো যুধি জেষ্যতি পাণ্ডবান্ ॥৩১॥

ভারতকৌমুদী

ত্বমিতি। সর্বেষ্বেবাভিশঙ্কিত্বাদ্বিশ্বাসঘাতকতয়া। শ্রেয়সস্তব মঙ্গলকরান্ ॥২৭॥

গচ্ছেতি। আত্মার্থে গচ্ছ, বয়ন্তু পরার্থ এব গচ্ছামঃ। সোল্লুণ্ঠনোক্তিরিয়ম্ ॥২৮॥

ইমানিতি। অনাগসো নিরপরাধান্। আসাদয় যুদ্ধে গৃহাণ ॥২৯॥

এষ ইতি। গান্ধার্য্যা অপত্যমিতি গান্ধারিঃ "বাহ্বাদেশ্চ বিধীয়তে" ইতীঞি রূপে সম্বোধনম্। অনুব্রতঃ অনুবর্ত্তমানঃ। দুষ্টেন দ্যূতেন দীব্যতিক্রীড়তীতি দুর্দ্যূতদেবী ॥৩০॥

এষ ইতি। অক্ষকুশলঃ পাশক্রীড়ানিপুণঃ, জিহ্মঃ কুটিলঃ, কিতবো ধূর্ত্তঃ। দেবিতা ক্রীড়াশীলঃ, নিকৃতিপ্রজ্ঞঃ পরবঞ্চনাভিজ্ঞঃ, যুধি পাণ্ডবান্ জেষ্যতীতি সোল্লুণ্ঠনোক্তিঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩০॥ কিতবো বঞ্চকঃ, শঠো ধূর্ত্তঃ, নিকৃতপ্রজ্ঞঃ কুৎসিতঃ ॥৩১—৩৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৯॥

তুমি সকলের উপরেই আশঙ্কা কর বলিয়া নিষ্ঠুর ও পাপবুদ্ধি; তাই তোমার মঙ্গলকামী ও তোমার হিতে নিরত লোকদিগকে তুমি সেই সেই কথা বলিতে ইচ্ছা কর ॥২৭॥

তুমিও স্বার্থের জন্যই অর্জ্জুনের নিকট গমন কর এবং তাঁহাকে বধ কর, বিলম্ব করিও না। (কি আশ্চর্য্য,) তুমি অর্জ্জুনের সহিতও যুদ্ধ করিবার আশা কর! প্রকৃতবংশজাত ক্ষত্রিয় বট ॥২৮॥

নিরপরাধ এই সকল ক্ষত্রিয়কে কেন বধ করাইবে; তুমিই এই শত্রুতার মূল। সুতরাং তুমিই যাইয়া অর্জ্জুনকে আক্রমণ কর ॥২৯॥

গান্ধারীনন্দন! আর বুদ্ধিমান্, ক্ষত্রিয়ধর্ম্মানুগামী ও দুষ্টদ্যূতক্রীড়াকারী তোমার এই মাতুল যুদ্ধে অর্জ্জুনের নিকটে গমন করুন ॥৩০॥

---

(২৯)…ঘাতয়িষ্যা হ্যনাগসঃ… পি বঙ্গ বর্দ্ধ।

ত্বয়া কথিতমত্যর্থং কর্ণেন সহ হৃষ্টবৎ।
অসকৃচ্ছৃণ্বমোহান্ধ্বৃতরাষ্ট্রস্য শৃণ্বতঃ ॥৩২॥
অহঞ্চ তাত! কর্ণশ্চ ভ্রাতা দুঃশাসনশ্চ মে।
পাণ্ডুপুত্রান্ হনিষ্যামঃ সহিতাঃ সমরে ত্রয়ঃ ॥৩৩॥
ইতি তে কত্থমানস্য শ্রুতং সংসদি সংসদি।
অনুতিষ্ঠ প্রতিজ্ঞাং তাং সত্যবাগ্ভব তৈঃ সহ ॥৩৪॥
এষ তে পাণ্ডবঃ শত্রুরবিশঙ্কোঽগ্রতঃ স্থিতঃ।
ক্ষত্রধর্ম্মমবেক্ষস্ব শ্লাঘ্যস্তব বধো জয়াৎ ॥৩৫॥
দত্তং ভুক্তমধীতঞ্চ প্রাপ্তমৈশ্বর্য্যমীপ্সিতম্।
কৃতকৃত্যোঽনৃণশ্চাসি মা ভৈর্য্যুধ্যস্ব পাণ্ডবম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

ত্বয়েতি। অত্যর্থমতীবাধিকম্। শৃণ্ববৎ শূন্যস্থান ইব ॥৩২॥
কিং কথিতমিত্যাহ অহমিতি। সহিতাঃ সম্মিলিতা বয়ম্ ॥৩৩॥
ইতীতি। কত্থমানস্য আত্মশ্লাঘাং কুর্ব্বতঃ, শ্রুতমস্মাভিঃ। তৈঃ কর্ণাদিভিঃ ॥৩৪॥
এষ ইতি। তব জয়াদ্বধঃ শ্লাঘ্যঃ, সম্মুখযুদ্ধে মরণেন স্বর্গলাভাদিতি ভাবঃ ॥৩৫॥
ইদানীং ত্বন্মরণে নাস্তি ক্ষতিরিতি শমেন বোধয়ন্নাশ্বাসয়তি দত্তমিতি। ত্বয়া ঈপ্সিত-মৈশ্বর্য্যং ধনসম্পৎ প্রাপ্তম্। ততশ্চ দত্তং পাত্রে দানং কৃতম্, ভুক্তং ভোগঃ কৃতঃ, অধীতঞ্চ বেদাদিকং শাস্ত্রম্। অতএব কৃতকৃত্যঃ অনৃণশ্চাসি, যজ্ঞাদিনা দেবঋণস্য সন্তানোৎপাদনাদিনা

ইনি অক্ষক্রীড়ানিপুণ, কুটিল, দ্যূতকারী, ধূর্ত্ত, শঠ, ক্রীড়াশীল ও পরবঞ্চনাচতুর। সুতরাং ইনি যুদ্ধে পাণ্ডবগণকে জয় করিবেন ॥৩১॥

দুর্য্যোধন! তুমি মোহবশতঃ আনন্দিতের ন্যায় হইয়া শূন্যস্থানের ন্যায় ধৃতরাষ্ট্রের সমক্ষে কর্ণের সহিত বার বার অত্যধিক পরিমাণে এই কথা বলিয়াছ—॥৩২॥

'পিতা! আমি, কর্ণ এবং আমার ভ্রাতা দুঃশাসন এই তিন জনই মিলিত হইয়া যুদ্ধে পাণ্ডবগণকে বধ করিব' ॥৩৩॥

সভায় সভায় তোমার এই আত্মশ্লাঘার কথা শুনিয়াছি। অতএব এখন সেই প্রতিজ্ঞা রক্ষা কর এবং কর্ণপ্রভৃতির সহিত সত্যবাদী হও ॥৩৪॥

দুর্য্যোধন! শত্রু অর্জ্জুন নিঃশঙ্কচিত্তে এই তোমার সম্মুখে রহিয়াছেন। সুতরাং তুমি ক্ষত্রিয়ধর্ম্মের দিকে দৃষ্টিপাত কর; যুদ্ধে জয় অপেক্ষা তোমার মৃত্যু শ্লাঘ্য ॥৩৫॥

(৩৫)···অবিষহ্যোঽগ্রতঃ স্থিতঃ···পি বঙ্গ বৰ্দ্ধ।

ইত্যুক্ত্বা সমরে দ্রোণো হ্যবর্ত্তত যতঃ পরে।
দ্বৈধীকৃত্য ততঃ সেনাং যুদ্ধং সমভবত্তদা ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে দ্রোণদুর্য্যোধনসংবাদে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———:*:———

ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———(:*:)———

সঞ্জয় উবাচ।

ত্রিভাগমাত্রশেষায়াং রাত্র্যাং যুদ্ধমবর্ত্তত।
কুরূণাং পাণ্ডবানাঞ্চ সংহৃষ্টানাং বিশাংপতে ! ॥১॥

ভারতকৌমুদী

পিতৃঋণস্তু বেদাধ্যয়নাদিনা ঋষিঋণস্তু চ পরিশোধনাদিত্যাশয়ঃ। তথা চ বিষ্ণুধর্ম্মোত্তরম্—"দেবানাঞ্চ পিতৄনাঞ্চ ঋষীণাঞ্চ তথা নরঃ। ঋণবান্ জায়তে যস্মাত্তন্মোক্ষে প্রযতেৎ সদা ॥ দেবানামনৃণো জন্তুর্যজ্ঞৈর্ভবতি মানবঃ। অন্নবিত্তশ্চ পূজাভিরুপবাসব্রতৈস্তথা ॥ শ্রাদ্ধেন প্রজয়া চৈব পিতৄণামনৃণো ভবেৎ। ঋষীণাং ব্রহ্মচর্য্যেণ শ্রুতেন তপসা তথা ॥" অতএব মরণান্মা ভৈঃ, তথা সত্যপি স্বর্গলাভাবশ্যম্ভাবাদিতি ভাবঃ। পাণ্ডবমর্জ্জুনং যুধ্যস্ব ॥৩৬॥

ইতীতি। হ্যবর্ত্তত দুর্য্যোধনাভিমুখান্নিবৃত্য তদভিমুখোঽভবৎ, যতো যত্র ॥৩৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে ঊনষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

দুর্য্যোধন! তুমি অভীষ্ট ধনসম্পৎ পাইয়াছ, দান করিয়াছ, ভোগ করিয়াছ এবং অধ্যয়নও করিয়াছ। অতএব এখন কৃতকার্য্য হইয়াছ এবং সমস্ত ঋণ-পরিশোধও করিয়াছ। সুতরাং মৃত্যুভয় করিও না, অর্জ্জুনের সহিত যুদ্ধ কর' ॥৩৬॥

এই কথা বলিয়া দ্রোণাচার্য্য কৌরবসৈন্য দুইভাগে বিভক্ত করিয়া—যে দিকে বিপক্ষেরা ছিল, সেই দিকে ফিরিলেন। তাহার পর যুদ্ধ হইতে লাগিল' ॥৩৭॥

---

* '…ত্র্যশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '…চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '…ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

অথ চন্দ্রপ্রভাং মুষ্ণন্নাদিত্যস্য পুরঃসরঃ।
অরুণোঽভ্যুদয়ঞ্চক্রে তাম্রীকুর্ব্বন্ দিবাকরম্ ॥২॥
ততো দ্বৈধীকৃতে সৈন্যে দ্রোণঃ সোমকপাণ্ডবান্।
অভ্যদ্রবৎ সপাঞ্চালান্ দুর্য্যোধনপুরোগমঃ ॥৩॥
দ্বৈধীভূতান্ কুরূন্ দৃষ্ট্বা মাধবোঽর্জ্জুনমব্রবীৎ।
সপত্নান্ সব্যতঃ কুর্য্যাঃ সব্যসাচিন্নিমান্ কুরূন্ ॥৪॥
স মাধবমনুজ্ঞায় কুরুষ্বেতি ধনঞ্জয়ঃ।
দ্রোণকর্ণৌ মহেষ্বাসৌ সব্যতঃ পর্য্যবর্ত্তত ॥৫॥

ভারতকৌমুদী

ত্রিভাগেতি। ত্রিভাগমাত্রং পঞ্চদশধা বিভক্তায়া রাত্র্যা ভাগত্রয়মাত্রং শেষো যস্যাস্তস্যাং ত্রিমুহূর্ত্তমাত্রাবশিষ্টায়ামিত্যর্থঃ। "ত্রিভাগমাত্রশেষায়ামিত্যনেন তস্মিন্নহনি কৃষ্ণা নবমীতিথিরবগম্যতে" ইতি নীলকণ্ঠঃ। তন্ন "ত্রয়োদশাহ্নি মধ্যাহ্নে ভারদ্বাজো নিপাতিতঃ" ইতি ভারতসাবিত্রীবচনাসুপপত্তেঃ তদানীং কৃষ্ণনবম্যাং তৎপরদিনে কৃষ্ণত্রয়োদশ্যসম্ভবাৎ। ততশ্চ কৃষ্ণদ্বাদশী তিথিরেবাবগম্যতে ॥১॥

অথেতি। অথ দণ্ডদ্বয়ানন্তরম্। মুষ্ণন্ হরন্ অলীকুর্ব্বন্নিত্যর্থঃ ॥২॥

তত ইতি। দ্বৈধীকৃতে দ্বিধা বিভক্তে। দুর্য্যোধনস্য পুরোগমঃ অগ্রগামী সন্ ॥৩॥

দ্বৈধীতি। মাধবঃ কৃষ্ণঃ। সপত্নান্ শত্রূন্, সব্যতো বামে, হে সব্যসাচিন্! অর্জ্জুন! ॥৪॥

স ইতি। মহেষ্বাসৌ মহাধনুর্দ্ধরৌ, সব্যতস্তয়োর্ব্বামে ॥৫॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! রাত্রি তিন মুহূর্ত্তমাত্র অবশিষ্ট থাকিতে হৃষ্টচিত্ত কৌরব ও পাণ্ডবগণের পুনরায় যুদ্ধারম্ভ হইল ॥১॥

তাহার পর সূর্য্যের অগ্রগামী অরুণ চন্দ্রের প্রভা খর্ব্ব করিতে থাকিয়া এবং সূর্য্যকে তাম্রবর্ণ করতঃ উদয় পাইল ॥২॥

তদনন্তর কৌরবসৈন্য দুইভাগে বিভক্ত হইলে, তাহার একভাগ লইয়া দ্রোণ দুর্য্যোধনের অগ্রে থাকিয়া পাণ্ডব, সোমক ও পাঞ্চালগণের দিকে ধাবিত হইলেন ॥৩॥

কৌরবসৈন্য দুইভাগে বিভক্ত হইয়াছে দেখিয়া কৃষ্ণ অর্জ্জুনকে বলিলেন—'অর্জ্জুন! এই শত্রু কৌরবদিগকে বামদিকে রাখ' ॥৪॥

'রাখ' এইভাবে কৃষ্ণকে অনুমতি দিয়া অর্জ্জুন মহাধনুর্দ্ধর দ্রোণ ও কর্ণের বামদিকে রহিলেন ॥৫॥

---

(২)...অরুণোঽভ্যুদয়াঞ্চক্রে... বা নি। ইতঃ পরং শ্লোকদ্বয়মধিকং বা নি।

অভিপ্রায়ন্তু কৃষ্ণস্য জ্ঞাত্বা পরপুরঞ্জয়ঃ।
আজিশীর্ষগতং পার্থং ভীমসেনোঽভ্যুবাচ হ ॥৬॥

ভীমসেন উবাচ।

অর্জ্জুনার্জ্জুন! বীভৎসো! শৃণুষ্বৈতদ্বচো মম।
যদর্থং ক্ষত্রিয়া সূতে তস্য কালোঽয়মাগতঃ ॥৭॥
অস্মিংশ্চেদাগতে কালে শ্রেয়ো ন প্রতিপৎস্যসে।
অসম্ভাবিতরূপস্ত্বং সুনৃশংসং করিষ্যসি ॥৮॥
সত্যশ্রীধর্ম্মযশসাং বীর্য্যেণানৃণ্যমাপ্নুহি।
ভিন্ধ্যনীকং যুধাং শ্রেষ্ঠ! অপসব্যমিমান্ কুরু ॥৯॥

ভারতকৌমুদী

অভীতি। আজিশীর্ষগতং যুদ্ধসম্মুখস্থিতম্, পার্থমর্জ্জুনম্ ॥৬॥

অর্জ্জুনেতি। ক্ষত্রিয়া ক্ষত্রিয়স্ত্রী, সূতে পুত্রং প্রসবতি ॥৭॥

অস্মিন্নিতি। অস্মিন্নীদৃশে কালে আগতে সতি, চেদ্ যদি ত্বম্, শ্রেয়ো বিপক্ষসংহারেণ স্বপক্ষমঙ্গলম্, ন প্রতিপৎস্যসে দয়াদিনা ন বিধাস্যসি ; তদা অসম্ভাবিতং পূর্ব্বমনুৎপ্রেক্ষিতং রূপং কাপুরুষতা যস্য তাদৃশস্ত্বম্, সুনৃশংসং স্বপক্ষে গুরুতরনিষ্ঠুরব্যবহারং করিষ্যসি ॥৮॥

তৎ কিমিদানীং ময়া কর্ত্তব্যমিত্যাহ সত্যেতি। হে যুধাং যোদ্ধৃণাং শ্রেষ্ঠ! বীর্য্যেণ বীরত্বপ্রকাশেন, সত্যং বিপক্ষান্ হনিষ্যামীতি সত্যবচনং শ্রীর্বীরশোভা ধর্ম্মঃ ক্ষত্রধর্ম্মঃ যশো বীরত্বকীর্ত্তিশ্চ তেষাম্, আনৃণ্যমুপযুক্তকার্য্যম্, আপ্নুহি কুরু। স্পষ্টং ব্রবীত্যাহ ভিন্ধীতি। অনীকং কৌরবসৈন্যং ভিন্ধি ; তদর্থঞ্চ ইমান্ দ্রোণাদীন্, অপসব্যং বামস্থান্ কুরু। তথাত্বে চৈষাং নিবৃত্ত্যাঽন্যেষাং সংহারঃ সুকরো ভবেদিতি ভাবঃ ॥৯॥

কৃষ্ণের অভিপ্রায় বুঝিয়া শত্রুনগরবিজয়ী ভীমসেন যুদ্ধসম্মুখগত অর্জ্জুনকে বলিলেন ॥৬॥

ভীমসেন বলিলেন—'অর্জ্জুন! অর্জ্জুন! বীভৎসু! আমার এই কথা শোন—ক্ষত্রিয়রমণী যে জন্য পুত্র প্রসব করেন, তাহার এই সময় আসিয়াছে ॥৭॥

অর্জ্জুন! তোমার কাপুরুষতা হইতে পারে এরূপ সম্ভাবনা পূর্ব্বে কেহই করে নাই। সুতরাং এইরূপ সময় উপস্থিত হইয়াছে, এখন যদি তুমি স্বপক্ষের মঙ্গল না কর, তবে পাণ্ডবগণের দিকে অতিনিষ্ঠুর ব্যবহার করিবে ॥৮॥

অতএব তুমি বীরত্বপ্রকাশ করিয়া সত্যবাক্য, বীরশ্রী, ক্ষত্রিয়ধর্ম্ম ও যশের অনুরূপ কার্য্য কর ; শত্রুসৈন্য ভেদ কর এবং এই দ্রোণপ্রভৃতিকে বামদিকে রাখিয়া যাও' ॥৯॥

---

(৯)···যুধাং শ্রেষ্ঠ! প্রতিজ্ঞাং সফলাং কুরু—নি।

সঞ্জয় উবাচ।

স সব্যসাচী ভীমেন চোদিতঃ কেশবেন চ।
কর্ণদ্রোণাবতিক্রম্য সমন্তাৎ পর্য্যবারয়ৎ ॥১০॥
তমাজিশীর্ষমায়ান্তং দহন্তং ক্ষত্রিয়র্ষভান্।
পরাক্রান্তং পরাক্রম্য যতন্তঃ পুরুষর্ষভাঃ।
নাশক্নুবন্ বারয়িতুং বর্দ্ধমানমিবাচলম্ ॥১১॥
অথ দুর্য্যোধনঃ কর্ণঃ শকুনিশ্চাপি সৌবলঃ।
অভ্যবর্ষন্ শরব্রাতৈঃ কুন্তীপুত্রং ধনঞ্জয়ম্ ॥১২॥
তেষামস্ত্রাণি সর্ব্বেষামুত্তমাস্ত্রবিদাং বরঃ।
কদর্থীকৃত্য রাজেন্দ্র! শরবর্ষৈরবাকিরৎ ॥১৩॥
অস্ত্রৈরস্ত্রাণি সংবার্য্য লঘুহস্তো ধনঞ্জয়ঃ।
সর্ব্বানবিধ্যন্নিশিতৈর্দশভির্দশভিঃ শরৈঃ ॥১৪॥

ভারতকৌমুদী

স ইতি। সব্যসাচী অর্জ্জুনঃ, চোদিতঃ প্রণোদিতঃ। পর্য্যবারয়ৎ দ্রোণেতরান্ ॥১০॥
তমিতি। আজিশীর্ষং যুদ্ধাগ্রভাগম্। পুরুষর্ষভাঃ কৌরবপক্ষীয়াঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১১॥
অথেতি। সৌবলঃ সুবলপুত্রঃ। শরাণাং ব্রাতৈঃ সমূহৈঃ ॥১২॥
তেষামিতি। বরঃ অর্জ্জুনঃ। কদর্থীকৃত্য ব্যর্থীকৃত্য। অবাকিরৎ কৌরবান্ প্রাহরৎ ॥১৩॥
অস্ত্রৈরিতি। লঘুহস্তঃ অস্ত্রক্ষেপে দ্রুতহস্তঃ। অতএব তাদৃশতাড়নসম্ভব ইত্যাশয়ঃ ॥১৪॥

সঞ্জয় বলিলেন—'কৃষ্ণ ও ভীম এইভাবে প্রণোদিত করিলে, অর্জ্জুন দ্রোণ ও কর্ণকে অতিক্রম করিয়া যাইয়া সকল দিকের কৌরবসৈন্য বারণ করিতে লাগিলেন ॥১০॥

পরাক্রমশালী অর্জ্জুন যুদ্ধসম্মুখে আসিয়া ক্ষত্রিয়শ্রেষ্ঠগণকে দগ্ধ করিতে লাগিলে, কৌরবপক্ষের বীরশ্রেষ্ঠেরা যত্নপূর্ব্বক পরাক্রম প্রকাশ করিতে থাকিয়াও বর্দ্ধমান পর্ব্বতের ন্যায় অর্জ্জুনকে বারণ করিতে সমর্থ হইলেন না ॥১১॥

তাহার পর দুর্য্যোধন, কর্ণ ও সুবলপুত্র শকুনি কুন্তীনন্দন অর্জ্জুনের উপরে বাণসমূহ বর্ষণ করিতে লাগিলেন ॥১২॥

রাজশ্রেষ্ঠ! তখন উত্তমাস্ত্রজ্ঞশ্রেষ্ঠ অর্জ্জুন তাঁহাদের সকলের অস্ত্রসমূহ ব্যর্থ করিয়া বাণবর্ষণপূর্ব্বক তাঁহাদিগকে প্রহার করিতে থাকিলেন ॥১৩॥

(১১)···পরাক্রম্য ততঃ ক্ষত্রিয়পুঙ্গবাঃ···বর্দ্ধমানমিবানলম্···বা নি।

উদ্ধূতা রজসো বৃষ্টিঃ শরবৃষ্টিস্তথৈব চ।
তমশ্চ ঘোরশব্দশ্চ ততঃ সমভবন্মহান্ ॥১৫॥
ন দ্যৌর্ন ভূমির্ন দিশঃ প্রাজ্ঞায়ন্ত তথাগতে।
সৈন্যেন রজসা মূঢ়ং সর্ব্বমন্ধমিবাভবৎ ॥১৬॥
নৈব তে ন বয়ং রাজন্! প্রাজ্ঞাসিষ্ম পরস্পরম্।
উদ্দেশেন হি তেন স্ম সময়ুধ্যন্ত পার্থিবাঃ ॥১৭॥
বিরথা রথিনো রাজন্! সমাসাদ্য পরস্পরম্।
কেশেষু সমসজ্জন্ত কবচেষু ভুজেষু চ ॥১৮॥
হতাশ্বা হতসূতাশ্চ নিশ্চেষ্টা রথিনো হতাঃ।
জীবন্ত ইব তত্র স্ম ব্যদৃশ্যন্ত ভয়ার্দ্দিতাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

উদ্ধূতেতি। উদ্ধূতা উৎপন্না, রজসো ধূল্যাঃ। তমোঽন্ধকারঃ ॥১৫॥

নেতি। দ্যৌরাকাশম্। তথা তাদৃশে ভাবে, আগতে সতি। সৈন্যানামিদমিতি সৈন্যং তেন ॥১৬॥

নেতি। তে বিপক্ষাঃ। প্রাজ্ঞাসিষ্ম অবগতাঃ। তেনার্জ্জুনেন সহ, পার্থিবাঃ কুরুপক্ষীয়াঃ ॥১৭॥

বিরথা ইতি। সমসজ্জন্ত মিলিতা অভবন্ মল্লযুদ্ধমকুর্ব্বন্নিত্যর্থঃ ॥১৮॥

হতেতি। হতাশ্বা হতসূতা নষ্টসারথয়শ্চ ভয়ার্দ্দিতা ব্যদৃশ্যন্তেতি ভাবঃ ॥১৯॥

ক্রমে লঘুহস্ত অর্জ্জুন অস্ত্রদ্বারাই তাঁহাদের অস্ত্র বারণ করিয়া ক্ষুধার দশ দশটা বাণে তাঁহাদের সকলকে বিদ্ধ করিলেন ॥১৪॥

তাহার পর ধূলিবৃষ্টি ও বাণবৃষ্টি হইতে লাগিল, তাহাতে অন্ধকার আসিয়া পড়িল এবং বিশাল ও ভয়ঙ্কর কোলাহল হইতে থাকিল ॥১৫॥

সেইরূপ অবস্থা হইয়া পড়িলে আকাশ, ভূতল ও দিক্ সকল জানা গেল না এবং সৈন্যোত্তোলিত ধূলিজালে কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানহীন হইয়া সকলই যেন অন্ধ হইয়া গেল ॥১৬॥

রাজা! তখন আমরা বা বিপক্ষেরা পরস্পর চিনিতে লাগিলাম না; কিন্তু কুরুপক্ষের রাজারা উদ্দেশে অর্জ্জুনের সহিত যুদ্ধ করিতে লাগিলেন ॥১৭॥

নরনাথ! রথবিহীন রথীরা পরস্পরকে পাইয়া কেশে, কবচে ও বাহুতে মিলিত হইতে লাগিলেন (মল্লযুদ্ধ করিতে আরম্ভ করিলেন) ॥১৮॥

---

(১৫)…তমশ্চ ঘোরং শব্দশ্চ তদা…বা নি।

হতান্ গজান্ সমাশ্লিষ্য পর্ব্বতানিব বাজিনঃ।
গতসত্ত্বা ব্যদৃশ্যন্ত তথৈব সহ সাদিভিঃ ॥২০॥
ততস্ত্বভ্যবসৃত্যৈব সংগ্রামাদুত্তরাং দিশম্।
অতিষ্ঠদাহবে দ্রোণো বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥২১॥
তমাজিশীর্ষাদেকান্তমপক্রান্তং নিশম্য তু।
সমকম্পন্ত সৈন্যানি পাণ্ডবানাং বিশাংপতে! ॥২২॥
ভ্রাজমানং শ্রিয়া যুক্তং জ্বলন্তমিব তেজসা।
দ্রোণং দৃষ্ট্বারয়স্ত্রেসুশ্চেলুর্ম্মম্লুশ্চ ভারত! ॥২৩॥
আহ্বয়ন্তং পরানীকং প্রভিন্নমিব বারণম্।
নৈনমাশংসিরে জেতুং দানবা বাসবং যথা ॥২৪॥

ভারতকৌমুদী

হতানিতি। গতসত্ত্বা নির্গতপ্রাণাঃ। সাদিভিরারোহিভিঃ সহ ॥২০॥

তত ইতি। অভ্যবসৃত্য অপসৃত্য। আহবে সমরাঙ্গনে ॥২১॥

তমিতি। আজিশীর্ষাৎ যুদ্ধসম্মুখাৎ একান্তমপক্রান্তমপক্রম্য গতম্, নিশম্য দৃষ্ট্বা ॥২২॥

ভ্রাজেতি। শ্রিয়া বীরশোভয়া। অরয়ঃ শত্রবঃ, ত্রেসুর্ভীতাঃ, চেলুঃ কম্পিতাঃ, মম্লুর্ম্লানাশ্চ বভূবুঃ ॥২৩॥

আহ্বয়ন্তমিতি। পরানীকং বিপক্ষসৈন্যম্, প্রভিন্নং মদস্রাবিণম্, বারণং গজম্ ॥২৪॥

ক্রমে দেখা গেল—অশ্ব ও সারথি নিহত হইলে, রথীরা নিশ্চেষ্ট ও ভয়ার্ত্ত হইয়া থাকিতে লাগিলেন এবং নিহত রথীরা জীবিতের ন্যায় দৃষ্টিগোচর হইতে থাকিলেন ॥১৯॥

আরও দেখিতে পাইলাম—প্রাণহীন অশ্ব ও অশ্বারোহীরা নিহত ও পর্বতের ন্যায় পতিত হস্তীগুলিকে আলিঙ্গন করিয়া রহিয়াছে ॥২০॥

তাহার পর দ্রোণ নিজের রণস্থল হইতে উত্তর দিকে সরিয়া যাইয়া ধূম-বিহীন অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া সমরাঙ্গনে অবস্থান করিতে লাগিলেন ॥২১॥

নরনাথ! দ্রোণাচার্য্য যুদ্ধসম্মুখ হইতে অত্যন্ত সরিয়া আসিয়াছেন দেখিয়া সে দিকের পাণ্ডবসৈন্যেরা কাঁপিতে লাগিল ॥২২॥

ভরতনন্দন! উত্তেজিত ও বীরশোভায় শোভিত দ্রোণ যেন তেজে জ্বলিতেছেন দেখিয়া শত্রুরা ভীত, বিচলিত এবং বিষণ্ণ হইয়া পড়িল ॥২৩॥

দ্রোণ বিপক্ষসৈন্যকে আহ্বান করিতে লাগিলে এবং মদস্রাবী হস্তীর ন্যায়

(২১)…আতিষ্ঠদাহবে…বা নি। (২২) তমাজিশীর্ষমেকান্তম্…বর্দ্ধ। (২৩)…দ্রোণং দৃষ্ট্বা পরে ত্রেসুশ্চেরুর্ম্মম্লুশ্চ ভারত!—বা নি।

কেচিদাসন্ নিরুৎসাহাঃ কেচিৎ ক্রুদ্ধা মনস্বিনঃ।
বিস্মিতাশ্চাভবন্ কেচিৎ কেচিদাসন্নমর্ষিতাঃ ॥২৫॥
হস্তৈর্হস্তাগ্রমপরে প্রত্যপিংষন্ নরাধিপাঃ।
অপরে দশনৈরোষ্ঠানদশন্ ক্রোধমূর্চ্ছিতাঃ ॥২৬॥
ব্যাক্ষিপন্নায়ুধান্যন্যে মমৃদুশ্চাপরে ভুজান্।
অন্যে চাভ্যপতন্ দ্রোণং ত্যক্তাত্মানো মহৌজসঃ ॥২৭॥
পাঞ্চালাস্তু বিশেষেণ দ্রোণসায়কপীড়িতাঃ।
সমসজ্জন্ত রাজেন্দ্র! সমরে ভৃশবেদনাঃ ॥২৮॥
ততো বিরাটদ্রুপদৌ দ্রোণং প্রতীয়তু রণে।
তথা চরন্তং সংগ্রামে ভৃশং সমরদুর্জয়ম্ ॥২৯॥

ভারতকৌমুদী

কেচিদিতি। অমর্ষিতা অসহিষ্ণবঃ। এষাং ভাবার্থাঃ স্পষ্টাঃ ॥২৫॥

হস্তৈরিতি। প্রত্যপিংষন্ নিষ্পিষ্টবন্তঃ। দশনৈর্দন্তৈঃ, অদশন্ দষ্টবন্তঃ ॥২৬॥

ব্যাক্ষিপন্নিতি। ব্যাক্ষিপন্ সমচালয়ন্। মমৃদুর্মর্দ্দয়ামাসুঃ। ত্যক্তাত্মানো জীবনত্যাগোদ্যতাঃ ॥২৭॥

পাঞ্চালা ইতি। সমসজ্জন্ত সংসক্তাঃ প্রবৃত্তা ইতি যাবৎ ॥২৮॥

তত ইতি। প্রতি ঈয়তুর্জগ্মতুঃ। ইণ্ধাতোঃ পরোক্ষায়াং প্রয়োগঃ ॥২৯॥

অবস্থান করিতে থাকিলে, দানবেরা যেমন ইন্দ্রকে জয় করিবার আশা করে নাই, সেইরূপ সে বিপক্ষসৈন্যেরা দ্রোণকে জয় করিবার আশা করিল না ॥২৪॥

কতকগুলি যুদ্ধে নিরুৎসাহ হইল, অনেক মনস্বীরা ক্রুদ্ধ হইলেন, বহুতর সৈন্য বিস্ময়াপন্ন হইল এবং অনেকে অসহিষ্ণু হইয়া উঠিল ॥২৫॥

অন্য ক্ষত্রিয়েরা ক্রোধে অধীর হইয়া হস্তদ্বারা হস্তাগ্র নিষ্পেষণ করিতে লাগিলেন এবং অপর যোদ্ধারা দন্তদ্বারা ওষ্ঠ দংশন করিতে থাকিলেন ॥২৬॥

কতকগুলি যোদ্ধা অস্ত্রসঞ্চালন করিতে লাগিলেন, অন্য যোদ্ধারা বাহুমর্দ্দন করিতে থাকিলেন, আর অপর তেজস্বীরা জীবনত্যাগের উদ্যম করিয়া দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥২৭॥

রাজশ্রেষ্ঠ! পাঞ্চালেরা দ্রোণের বাণে বিশেষ পীড়িত ও অত্যন্তবেদনাযুক্ত হইয়া যুদ্ধে প্রবৃত্ত হইল ॥২৮॥

(২৫)…কেচিৎ কেচিদ্ধৃষ্টাভবন্ যুধি—নি। (২৭)…অন্যে চাষপতন্…বা নি। (২৯)…প্রতি যযু রণে…পি বা নি।

দ্রুপদস্য ততঃ পৌত্রাস্ত্রয় এব বিশাংপতে!।
চেদয়শ্চ মহেষ্বাসা দ্রোণমেবাভ্যযুর্ম্বৃধি ॥৩০॥
তেষাং দ্রুপদপৌত্রাণাং ত্রয়াণাং নিশিতৈঃ শরৈঃ।
ত্রিভির্দ্রোণোঽহরৎ প্রাণাংস্তে হতা ন্যপতন্ ভুবি ॥৩১॥
ততো দ্রোণোঽজয়দ্যুদ্ধে চেদিকেকয়সৃঞ্জয়ান্।
মৎস্যাংশ্চৈবাজয়ৎ কৃৎস্নান্ ভারদ্বাজো মহারথঃ ॥৩২॥
ততস্তু দ্রুপদঃ ক্রোধাচ্ছরবর্ষমবাসৃজৎ।
দ্রোণং প্রতি মহারাজ! বিরাটশ্চৈব সংযুগে ॥৩৩॥
তং নিহত্যেষুবর্ষন্তু দ্রোণঃ ক্ষত্রিয়মর্দ্দনঃ।
তৌ শরৈশ্ছাদয়ামাস বিরাটদ্রুপদাবুভৌ ॥৩৪॥

ভারতকৌমুদী

দ্রুপদস্যেতি। ইষূন্ বাণান্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বাসো ধনুঃ মহানিষ্বাসো যেষাং তে ॥৩০॥

তেষামিতি। নিশিতৈঃ শিলাদৌ ঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥৩১॥

তত ইতি। ভরদ্বাজস্যাপত্যমিতি ভারদ্বাজো দ্রোণ এব ॥৩২॥

তত ইতি। ক্রোধাৎ পৌত্রাদিবধনিবন্ধনাৎ। সংযুগে যুদ্ধে ॥৩৩॥

তমিতি। ইষুবর্ষং বাণবর্ষণম্, নিহত্য বাণবর্ষণেনৈব নিবার্য্য ॥৩৪॥

তদনন্তর সমরদুর্জ্জয় দ্রোণ সেইভাবে সমরাঙ্গনে তীব্রভাবে বিচরণ করিতে লাগিলে, বিরাট ও দ্রুপদরাজা যুদ্ধে তাঁহার দিকে গমন করিলেন ॥২৯॥

নরনাথ! তাহার পর দ্রুপদরাজার তিন পৌত্র এবং চেদিদেশীয় মহাধনুর্দ্ধর যোদ্ধারা দ্রোণের দিকেই ধাবিত হইলেন ॥৩০॥

তখন দ্রোণ তিনটা সুধার বাণদ্বারা দ্রুপদরাজার সেই তিন পৌত্রের প্রাণ হরণ করিলেন; পরে তাঁহারা নিহত হইয়া ভূতলে পতিত হইলেন ॥৩১॥

তৎপরে মহারথ দ্রোণ চেদি, কেকয় ও সৃঞ্জয় সৈন্যগণকে জয় করিলেন এবং সমস্ত মৎস্যদেশীয় সৈন্যদিগকেও তিনি পরাভূত করিলেন ॥৩২॥

মহারাজ! তদনন্তর দ্রুপদ ও বিরাটরাজা ক্রোধবশতঃ যুদ্ধে দ্রোণের প্রতি বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৩॥

তখন ক্ষত্রিয়মর্দ্দন দ্রোণ সেই বাণবর্ষণ নিবারণ করিয়া বাণদ্বারা বিরাট ও দ্রুপদ দুই জনকেই আবৃত করিয়া ফেলিলেন ॥৩৪॥

(৩২)⋯ ভারদ্বাজো মহারথান্⋯ বা নি।

দ্রোণেন চ্ছাদ্যমানৌ তৌ ক্রুদ্ধৌ সংগ্রামমূর্দ্ধনি।
দ্রোণং শরৈর্বিব্যধতুঃ পরমং ক্রোধমাস্থিতৌ ॥৩৫॥
ততো দ্রোণো মহারাজ! ক্রোধামর্ষসমন্বিতঃ।
ভল্লাভ্যাং ভৃশতীক্ষ্ণাভ্যাং চিচ্ছেদ ধনুষী তয়োঃ ॥৩৬॥
ততো বিরাটঃ কুপিতঃ সমরে তোমরান্ দশ।
দশ চিক্ষেপ চ শরান্ দ্রোণস্য বধকাঙ্ক্ষয়া ॥৩৭॥
শক্তিঞ্চ দ্রুপদো ঘোরামায়সীং স্বর্ণভূষিতাম্।
চিক্ষেপ ভুজগেন্দ্রাভাং ক্রুদ্ধো দ্রোণরথং প্রতি ॥৩৮॥
ততো ভল্লৈঃ সুনিশিতৈশ্ছিত্ত্বা তাংস্তোমরান্ দশ।
শক্তিং কনকবৈদূর্য্যাং দ্রোণশ্চিচ্ছেদ সায়কৈঃ ॥৩৯॥
ততো দ্রোণঃ সুপীতাভ্যাং ভল্লাভ্যামরিমর্দ্দনঃ।
দ্রুপদঞ্চ বিরাটঞ্চ প্রেষয়ামাস মৃত্যবে ॥৪০॥

ভারতকৌমুদী

দ্রোণেনেতি। পূর্ব্বত এব ক্রুদ্ধৌ ছাদনেন তু পরমং ক্রোধমাস্থিতাবিত্যপৌনরুক্ত্যম্ ॥৩৫॥
তত ইতি। ক্রোধেন অমর্ষেণ অসহিষ্ণুতয়া চ সমন্বিতঃ ॥৩৬॥
তত ইতি। তোমরান্ অস্ত্রবিশেষান্ ॥৩৭॥
শক্তিমিতি। আয়সীং লৌহময়ীম্। ভুজগেন্দ্রাভাং বৃহৎসর্পতুল্যাম্ ॥৩৮॥
তত ইতি। কনকবৈদূর্য্যাং স্বর্ণবৈদূর্য্যমণিখচিতাম্। অর্শ আদিত্বাদস্ত্যর্থে অং ॥৩৯॥
তত ইতি। সুপীতাভ্যাং প্রাগতীবপীতরক্তজাতীয়াভ্যাং সুপীততৈলাভ্যাং বা ॥৪০॥

দ্রোণ বাণদ্বারা আবৃত করিলে, ক্রুদ্ধ বিরাট ও দ্রুপদ আরও ক্রুদ্ধ হইয়া সমরসম্মুখে বাণদ্বারা দ্রোণকে বিদ্ধ করিতে লাগিলেন ॥৩৫॥

মহারাজ! তাহার পর দ্রোণ ক্রুদ্ধ ও অসহিষ্ণু হইয়া অতিতীক্ষ্ণ দুইটা ভল্লদ্বারা বিরাট ও দ্রুপদের ধনু দুইখানা ছেদন করিলেন ॥৩৬॥

তৎপরে বিরাট ক্রুদ্ধ হইয়া দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া তাঁহার প্রতি দশটা তোমর এবং দশটা বাণ নিক্ষেপ করিলেন ॥৩৭॥

আর দ্রুপদ ক্রুদ্ধ হইয়া লৌহময়ী, স্বর্ণভূষিতা ও বৃহৎসর্পতুল্যা একটা ভয়ঙ্কর শক্তি দ্রোণের রথের উপরে ক্ষেপ করিলেন ॥৩৮॥

তদনন্তর দ্রোণ সুধার ভল্লদ্বারা সেই দশটা তোমর ছেদন করিয়া বাণদ্বারা স্বর্ণ ও বৈদূর্য্যমণিখচিত সেই শক্তিটাকে কাটিয়া ফেলিলেন ॥৩৯॥

তৎপরে শত্রুমর্দ্দন দ্রোণ দুইটা সুতৈলাক্ত ভল্লদ্বারা দ্রুপদ ও বিরাটকে যমলোকে প্রেরণ করিলেন ॥৪০॥

হতে বিরাটে দ্রুপদে কেকয়েষু তথৈব চ।
তথৈব চেদিমৎস্যেষু পাঞ্চালেষু তথৈব চ।
হতেষু ত্রিষু বীরেষু দ্রুপদস্য চ নপ্তৃষু ॥৪১॥
দ্রোণস্য কর্ম্ম তদ্দৃষ্ট্বা কোপদুঃখসমন্বিতঃ।
শশাপ রথিনাং মধ্যে ধৃষ্টদ্যুম্নো মহামনাঃ ॥৪২॥ (যুগ্মকম্)
ইষ্টাপূর্ত্তাত্তথা ক্ষাত্রাদ্‌ব্রাহ্মণ্যাচ্চ স নশ্যতু।
দ্রোণো যস্যাদ্য মুচ্যেত যো বা দ্রোণাৎ পরাভবেৎ ॥৪৩॥
ইতি তেষাং প্রতিশ্রুত্য মধ্যে সর্বধনুষ্মতাম্।
আয়াদ্‌দ্রোণং সহানীকঃ পাঞ্চাল্যঃ পরবীরহা।
পাঞ্চালাস্ত্বেকতো দ্রোণমভ্যঘ্নন্ পাণ্ডবৈঃ সহ ॥৪৪॥
দুর্য্যোধনশ্চ কর্ণশ্চ শকুনিশ্চাপি সৌবলঃ।
সোদর্য্যাশ্চ তথা মুখ্যাস্তেঽরক্ষন্ দ্রোণমাহবে ॥৪৫॥

ভারতকৌমুদী

হত ইতি। নপ্তৃষু পৌত্রেষু। ষট্‌পাদঃ শ্লোকঃ। শশাপ শপথং চকার ॥৪১—৪২॥

ইষ্টেতি। ক্ষাত্রাদ্‌ব্রাহ্মণ্যাচ্চ তদুভয়কর্ত্তব্যাৎ, ইষ্টাপূর্ত্তাৎ অগ্নিহোত্রাদ্যনুষ্ঠানবাপীনির্ম্মাণাদিধর্ম্মাৎ। ইষ্টাপূর্ত্তপ্রমাণস্তু বহুশঃ পূর্ব্বমুক্তম্। নশ্যতু ভ্রশ্যতু ॥৪৩॥

ইতীতি। প্রতিশ্রুত্য প্রতিজ্ঞায়। সহানীকঃ সসৈন্যঃ, পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ। ষট্‌পাদঃ ॥৪৪॥

দুর্য্যোধন ইতি। সৌবলঃ সুবলপুত্রঃ। সোদর্য্যা দুর্য্যোধনস্যৈব সহোদরাঃ ॥৪৫॥

বিরাট ও দ্রুপদ এবং কেকয়, চেদি, মৎস্য ও পাঞ্চালদেশীয় সৈন্যগণ, আর দ্রুপদরাজার তিন বীর পৌত্র নিহত হইলে, দ্রোণের সেই কার্য্য দেখিয়া মহামনা ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ ও দুঃখার্ত্ত হইয়া রথিগণের মধ্যে এই শপথ করিলেন—॥৪১—৪২॥

'আজ দ্রোণ যাহার হাত হইতে মুক্তি পাইবে, কিংবা যে—দ্রোণের হস্তে পরাভূত হইবে, সে ব্যক্তি যেন ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের কর্ত্তব্য অগ্নিহোত্রাদি ও বাপীনির্ম্মাণাদিধর্ম্ম হইতে বিচ্যুত হয়' ॥৪৩॥

সেই সমস্ত ধনুর্দ্ধরের মধ্যে এইরূপ প্রতিজ্ঞা করিয়া বিপক্ষবীরহন্তা ধৃষ্টদ্যুম্ন সৈন্যগণের সহিত দ্রোণের দিকে আসিলেন এবং পাঞ্চালসৈন্যেরাও পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া একদিক্ হইতে দ্রোণকে আঘাত করিতে লাগিল ॥৪৪॥

(৪৩)···যং বা দ্রোণঃ পরাভবেৎ—বা নি।

রক্ষ্যমাণং তথা দ্রোণং সর্ব্বৈস্তৈস্তু মহারথৈঃ।
যতমানাস্তু পাঞ্চালা ন শেকুঃ প্রতিবীক্ষিতুম্ ॥৪৬॥
তত্রাক্রুধ্যদ্ভীমসেনো ধৃষ্টদ্যুম্নস্য মারিষ!।
স এনং বাগ্‌ভিরুগ্রাভিস্ততক্ষ পুরুষর্ষভ! ॥৪৭॥

ভীমসেন উবাচ।

দ্রুপদস্য কুলে জাতঃ সর্ব্বাস্ত্রেষ্বস্ত্রবিত্তমঃ।
কঃ ক্ষত্রিয়ো মন্যমানঃ প্রেক্ষেতারিমবস্থিতম্ ॥৪৮॥
পিতৃপুত্রবধং প্রাপ্য পুমান্ কঃ পরিহাপয়েৎ।
বিশেষতস্তু শপথং শপিত্বা রাজসংসদি ॥৪৯॥
এষ বৈশ্বানর ইব সমিদ্ধঃ স্বেন তেজসা।
শরচাপেন্ধনো দ্রোণঃ ক্ষত্রং দহতি তেজসা ॥৫০॥

ভারতকৌমুদী

রক্ষ্যেতি। যতমানা জেতুং যত্নং কুর্ব্বাণা অপি ॥৪৬॥

তত্রেতি। স ভীমসেনঃ, এনং ধৃষ্টদ্যুম্নম্। ততক্ষ তনূচকার তিরস্কারেত্যর্থঃ ॥৪৭॥

দ্রুপদস্যেতি। সর্ব্বাস্ত্রেষু সর্বাস্ত্রজ্ঞেষু মধ্যে। মন্যমান আত্মানং ক্ষত্রিয়ত্বেন ॥৪৮॥

পিত্রিতি। প্রাপ্য দৃষ্ট্বা। পরিহাপয়েৎ শত্রুং ত্যজেৎ। শপিত্বা কৃত্বা ॥৪৯॥

এষ ইতি। বৈশ্বানরো বহ্নিঃ, সমিদ্ধঃ প্রজ্বলিতঃ। শরাশ্চাপশ্চ ইন্ধনানীব যস্য সঃ ॥৫০॥

তখন দুর্য্যোধন, কর্ণ, সুবলনন্দন শকুনি এবং দুর্য্যোধনের প্রধান সহোদরেরা যুদ্ধে দ্রোণকে রক্ষা করিতে লাগিলেন ॥৪৫॥

সেই মহারথেরা সকলে সেইভাবে দ্রোণকে রক্ষা করিতে লাগিলে, পাঞ্চালেরা যত্নবান্ হইয়া দ্রোণের দিকে দৃষ্টিপাত করিতেও সমর্থ হইল না ॥৪৬॥

মাননীয় পুরুষশ্রেষ্ঠ! তখন ভীমসেন ধৃষ্টদ্যুম্নের উপরে ক্রুদ্ধ হইলেন এবং তিনি উগ্র বাক্যদ্বারা ধৃষ্টদ্যুম্নকে তিরস্কার করিতে লাগিলেন ॥৪৭॥

ভীমসেন বলিলেন—'কোন্ ক্ষত্রিয় দ্রুপদের বংশে জন্মিয়া, সমস্ত অস্ত্রজ্ঞের মধ্যে প্রধান অস্ত্রজ্ঞ হইয়া এবং আপনাকে ক্ষত্রিয় মনে করিয়া শত্রুকে অবস্থিত দর্শন করিতে পারে? ॥৪৮॥

কোন্ পুরুষ সমক্ষে পিতা ও পুত্রগণের বধ দেখিয়া, বিশেষতঃ রাজসভায় শপথ করিয়া শত্রুকে পরিত্যাগ করে? ॥৪৯॥

এই দ্রোণ আপন তেজে অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া কাষ্ঠের ন্যায় ধনু ও বাণ ধরিয়া তেজে ক্ষত্রিয়গণকে দগ্ধ করিতেছেন ॥৫০॥

---

(৪৬)…যতমানাপি পাঞ্চালাঃ…বর্দ্ধ। (৪৯)…পুংস্ত্বং কো বা প্রহর্ষয়েৎ…নি।

পুরা করোতি নিঃশেষাং পাণ্ডবানামনীকিনীম্।
স্থিতাঃ পশ্যত মে কর্ম্ম দ্রোণমেব ব্রজাম্যহম্ ॥৫১॥
ইত্যুক্ত্বা প্রাবিশৎ ক্রুদ্ধো দ্রোণানীকং বৃকোদরঃ।
দৃঢ়ৈঃ পূর্ণায়তোৎসৃষ্টৈর্দ্রাবয়ংস্তব বাহিনীম্ ॥৫২॥
ধৃষ্টদ্যুম্নোঽপি পাঞ্চাল্যঃ প্রবিশ্য মহতীং চমূম্।
আসসাদ রণে দ্রোণং তদাসীত্তুমুলং মহৎ ॥৫৩॥
নৈব নস্তাদৃশং যুদ্ধং দৃষ্টপূর্ব্বং ন চ শ্রুতম্।
যথা সূর্য্যোদয়ে রাজন্! সমুৎপিঞ্জোঽভবন্মহান্ ॥৫৪॥
সংসক্তান্যেব চাদৃশ্যন্ রথবৃন্দানি মারিষ!।
হতানি চ বিশীর্ণানি শরীরাণি শরীরিণাম্ ॥৫৫॥
কেচিদন্যত্র গচ্ছন্তঃ পথি চান্যৈরুপদ্রুতাঃ।
বিমুখাঃ পৃষ্ঠতশ্চান্যে তাড্যন্তে পার্শ্বতোঽপরে ॥৫৬॥

ভারতকৌমুদী

পুরেতি। পুরা আগামিনি কালে, "নিকটাগামিকে পুরা" ইত্যমরঃ, করোতি দ্রোণঃ ॥৫১॥

ইতীতি। পূর্ণমায়তেনাকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ শরৈঃ, দ্রাবয়ন্ পীড়য়ন্ ॥৫২॥

ধৃষ্টেতি। আসসাদ প্রাপ। তুমুলং যুদ্ধমিতি শেষঃ ॥৫৩॥

নেতি। নঃ অস্মাভিঃ। সম্যক্ উৎপিঞ্জ উত্তমবধো যস্মিন্ স তাদৃশো রণঃ। "পিঞ্জা তুলহরিদ্রয়োঃ। বলে ক্লীবং বধে পুংসি ব্যাকুলে ত্রিষু" ইতি মেদিনী ॥৫৪॥

সমিতি। সংসক্তানি পরস্পরং মিলিতান্যেব, অদৃশ্যন্ অদৃশ্যন্ত ॥৫৫॥

হয় ত দ্রোণ পরে পাণ্ডবসৈন্য একেবারে নিঃশেষ করিয়া ফেলিবেন। সুতরাং আপনারা দাঁড়াইয়া আমার কার্য্য দেখুন; আমি দ্রোণের দিকেই যাইতেছি' ॥৫১॥

মহারাজ! এই কথা বলিয়া ক্রুদ্ধ ভীমসেন পূর্ণাকৃষ্ট-কার্ম্মুক-নিক্ষিপ্ত দৃঢ় বাণদ্বারা আপনার সৈন্য পীড়ন করিতে করিতে দ্রোণসৈন্যমধ্যে প্রবেশ করিলেন ॥৫২॥

পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্নও বিশাল কৌরবসৈন্যমধ্যে প্রবেশ করিয়া দ্রোণের নিকট উপস্থিত হইলেন। তখন তুমুল মহাযুদ্ধ লাগিয়া গেল ॥৫৩॥

রাজা! সেই সূর্য্যোদয়কালে মহামারীজনক যেরূপ মহাযুদ্ধ হইতে লাগিল, সেইরূপ যুদ্ধ আমরা পূর্ব্বে দেখি নাই বা শুনিও নাই ॥৫৪॥

মাননীয় রাজা! ক্রমে দেখিলাম—রথ সকল পরস্পর মিলিত হইয়াছে এবং প্রাণিগণের শরীরগুলি ক্ষত-বিক্ষত হইয়া পতিত হইতেছে ॥৫৫॥

তথা সংসক্তযুদ্ধং তদভবদ্ভৃশদারুণম্ ।
অথ সন্ধ্যাগতঃ সূর্য্যঃ ক্ষণেন সমপদ্যত ॥৫৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে বিরাটদ্রুপদবধে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———০:::০———

একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———(ঃ*ঃ)———

সঞ্জয় উবাচ।

তে তথৈব মহারাজ! দংশিতা রণমূর্দ্ধনি ।
উদ্যন্তঞ্চ সহস্রাংশুমাদিত্যমুপতস্থিরে ॥১॥

ভারতকৌমুদী

কেচিদিতি। উপক্রুতা আক্রান্তাঃ। তাভ্যস্তে অন্যৈরিত্যনুবৃত্তিঃ ॥৫৬॥

তথেতি। সংসক্তানাং মিলিতানাং যুদ্ধম্। সন্ধ্যাং সন্ধ্যাকালং ব্রাহ্মমুহূর্ত্তং গতঃ প্রাপ্তঃ, সমপদ্যত অভবৎ। ইত্যন্তং দ্রোণস্য চতুর্থদিবসীয়রাত্রিযুদ্ধম্ ॥৫৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে ষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ত্রিভাগেতি। ত্রিভাগশেষামিত্যনেন তস্মিন্নহনি কৃষ্ণা নবমীতিথিরবগম্যতে ॥১—৫॥ আজিশীর্ষগতং সংগ্রামমুখাগতম্ ॥৬—৫৬॥ সংসক্তযুদ্ধং সঙ্কুলযুদ্ধম্ ॥৫৭॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষষ্ঠাধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬০॥

কতকগুলি যোদ্ধা অন্যত্র যাইতেছিল, তখন অন্য যোদ্ধারা তাহাদিগকে পথে আক্রমণ করিতে লাগিল; আর অপর সৈন্যেরা বিমুখ হইয়া পলাইতেছিল, সেই সময়ে বিপক্ষেরা আসিয়া তাহাদের পৃষ্ঠে ও পার্শ্বে তাড়ন করিতে থাকিল ॥৫৬॥

সেই সম্মিলিতযুদ্ধ সেইভাবে অতিদারুণরূপে চলিতে লাগিল। তাহার পর ক্ষণকালমধ্যেই সূর্য্য ব্রাহ্মমুহূর্ত্তে উপস্থিত হইলেন' ॥৫৭॥

* '...চতুরশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বৰ্দ্ধ, '...পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '...সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি। (১)...সন্ধ্যাগতং সহস্রাংশুম্...পি বা নি।

উদিতে তু সহস্রাংশৌ তপ্তকাঞ্চনসুপ্রভে।
প্রকাশিতেষু লোকেষু পুনর্যুদ্ধমবর্ত্তত ॥২॥
দ্বন্দ্বানি তত্র যান্যাসন্ সংসক্তানি পুরোদয়াৎ।
তান্যেবাভ্যুদিতে সূর্য্যে সমসজ্জন্ত ভারত! ॥৩॥
রথৈর্হয়া হয়ৈর্নাগাঃ পাদাতাশ্চাপি কুঞ্জরৈঃ।
হয়ৈর্হয়াঃ সমাজগ্মুঃ পাদাতাশ্চ পদাতিভিঃ।
সংসক্তাশ্চ বিযুক্তাশ্চ যোধাঃ সংন্যপতন্ রণে ॥৪॥
তে রাত্রৌ কৃতকর্ম্মাণঃ শ্রান্তাঃ সূর্য্যস্য তেজসা।
ক্ষুৎপিপাসাপরীতাঙ্গা বিসংজ্ঞা বহবোঽভবন্ ॥৫॥

ভারতকৌমুদী

ত ইতি। তে উভয়পক্ষীয়া এব যোদ্ধারঃ। সংশিতাঃ সন্নদ্ধাঃ। উপতস্থিরে উপাসাঞ্চক্রিরে প্রাতঃসন্ধ্যাঞ্চক্রুরিত্যর্থঃ, সময়াতিক্রমে পাপোৎপত্তেরিতি ভাবঃ। অহো তদানীং যুধ্যমানা অপি সন্ধ্যাং চক্রুঃ, ইদানীন্তনাস্তু সাবসরা অপি ন কুর্বন্তীতি গরীয়ানেবায়মধুনা ধর্ম্মবিপ্লবঃ ॥১॥

উদিত ইতি। তপ্তকাঞ্চনস্যেব শোভনা প্রভা যস্য তস্মিন্। লোকেষু জগৎসু ॥২॥

দ্বন্দ্বানীতি। দ্বন্দ্বানি যোদ্ধৃযুগলানি। পুরা পূর্ব্বম্। সমসজ্জন্ত মধ্যে সন্ধ্যানুষ্ঠানেন বিচ্ছেদাৎ পরং পুনরপি সংসক্তা অভবন্ ॥৩॥

রথৈরিতি। নাগা হস্তিনঃ। সমাজগ্মুঃ পুনর্মিলিতা বভূবুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেই উভয়পক্ষীয় যোদ্ধারা সেইভাবে যুদ্ধসজ্জায় সজ্জিত থাকিয়া সমরাঙ্গনমধ্যেই উদয়মান সহস্ররশ্মি সূর্য্যের উপাসনা করিতে লাগিলেন ॥১॥

ক্রমে তপ্তকাঞ্চনের ন্যায় সুন্দরপ্রভাযুক্ত সূর্য্য উদিত হইলে এবং জগৎ প্রকাশ পাইলে, পুনরায় যুদ্ধারম্ভ হইল ॥২॥

ভরতনন্দন! সূর্য্যোদয়ের পূর্ব্বে যে দুই দুই জন যুদ্ধে মিলিত হইয়াছিলেন, সন্ধ্যোপাসনাকালীন বিচ্ছেদের পরে সূর্য্য উদিত হইলে, সেই দুই দুই জনই আবার মিলিত হইলেন ॥৩॥

রথের সহিত অশ্ব, অশ্বের সহিত হস্তী, হস্তীর সহিত পদাতি, অশ্বের সহিত অশ্ব এবং পদাতির সহিত পদাতি মিলিত হইল। ক্রমে মিলিত ও বিচ্ছিন্ন যোদ্ধারা যুদ্ধে পতিত হইতে লাগিলেন ॥৪॥

(২)…তপ্তকাঞ্চনসপ্রভে…পি বা নি। (৪)…পাদাতৈশ্চাপি কুঞ্জরাঃ…বা নি,…সংসক্তাশ্চ বিযুক্তাশ্চ…বর্দ্ধ।

শঙ্খভেরীমৃদঙ্গানাং কুঞ্জরাণাঞ্চ গর্জতাম্ ।
বিস্ফারিতবিকৃষ্টানাং কার্ম্মুকাণাঞ্চ কূজতাম্ ।
শব্দঃ সমভবদ্রাজন্ ! দিবস্পৃগ্‌ভরতর্ষভ ! ॥৬॥
দ্রবতাঞ্চ পদাতীনাং শস্ত্রাণাং পততামপি ।
হয়ানাং হেষতাঞ্চাপি রথানাঞ্চ নিবর্ত্ততাম্ ॥৭॥
ক্রোশতাং গর্জতাঞ্চৈব তদাসীত্তুমুলো মহান্ ।
বিবৃদ্ধস্তুমুলঃ শব্দো দ্যামগচ্ছন্মহাংস্তদা ॥৮॥ (যুগ্মকম্)
নানায়ুধনিকৃত্তানাং চেষ্টতামাতুরস্বনঃ ।
ভূমাবশ্রূয়ত মহাংস্তদাসীৎ কৃপণং মহৎ ।
পততাং পাত্যমানানাং পত্ত্যশ্বরথদন্তিনাম্ ॥৯॥
তেষু সর্ব্বেষ্বনীকেষু ব্যতিষক্তেষ্বনেকশঃ ।
স্বে স্বান্ জঘ্নুঃ পরে স্বাংশ্চ স্বান্ পরেষাং পরে পরান্ ॥১০॥

ভারতকৌমুদী

ত ইতি। কৃতকর্ম্মাণঃ কৃতযুদ্ধাঃ। ক্ষুৎপিপাসাভ্যাং পরীতানি আকুলান্যঙ্গানি যেষাং তে ॥৫॥

শঙ্খেতি। কূজতামব্যক্তং শব্দং কুর্ব্বতাম্। দিবস্পৃক্ গগনস্পর্শী। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৬॥

দ্রবতামিতি। দ্রবতাং ধাবতাম্। হেষতাং হেষারবং কুর্বতাম্, নিবর্ত্ততাং নিবর্ত্তমানানাং নিবৃত্য নিবৃত্য চলতাম্। ক্রোশতাম্ উচ্চৈরাহ্বয়তাম্। তুমুলঃ শব্দঃ। দ্যামাকাশম্ ॥৭—৮॥

নানেতি। নানায়ুধৈর্নিকৃত্তানাং ছিন্নানাম্, অতএব চেষ্টতাং স্পন্দমানানাম্, আতুরস্বন আর্ত্তনাদঃ। মহৎ কৃপণম্ অতীববীভৎসো ব্যাপারঃ। পত্তিঃ পদাতিঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥৯॥

বহুতর যোদ্ধাই রাত্রিতে যুদ্ধ করায় পরিশ্রান্ত ছিলেন, এখন সূর্য্যের তেজে ও ক্ষুধাপিপাসায় আকুল হইয়া তাঁহারা অচৈতন্য হইয়া পড়িতে লাগিলেন ॥৫॥

ভরতশ্রেষ্ঠ রাজা! তখন শঙ্খ, ভেরী, মৃদঙ্গ, গর্জনকারী হস্তী এবং বিস্ফারিত ও আকৃষ্ট ধনুর শব্দ গগনস্পর্শ করিতে থাকিল ॥৬॥

তখন ধাবনপ্রবৃত্ত পদাতি, পতনশীল অস্ত্র, হেষারবকারী অশ্ব, বিচরণকারী রথ এবং আহ্বান ও গর্জনকারী বীরগণের তুমুল ও বিশাল শব্দ হইতে লাগিল এবং বিবৃদ্ধ, তুমুল ও বিশাল সেই শব্দ আকাশে উঠিতে থাকিল ॥৭—৮॥

ক্রমে নানা অস্ত্রে ছিন্ন ও স্পন্দমান (ছটফট্‌কারী) প্রাণিগণের গুরুতর আর্ত্তনাদ ভূতলে শুনা যাইতে লাগিল এবং পতিত ও পাত্যমান পদাতি, অশ্ব, রথী ও হস্তীদিগের অতিবীভৎস ব্যাপার হইতে থাকিল ॥৯॥

(১০)···স্বান্ পরে চ পরে পরান্—পি বঙ্গ।

বীরবাহুবিসৃষ্টাশ্চ যোধেষু চ গজেষু চ।
রাশয়ঃ প্রত্যদৃশ্যন্ত বাসসাং নেজনেম্বিব ॥১১॥
উদ্যতপ্রতিপিষ্টানাং খড়্গানাং বীরবাহুভিঃ।
স এব শব্দস্তদ্রূপো বাসসাং নিজ্যতামিব ॥১২॥
অর্দ্ধাসিভিস্তথা খড়্গৈস্তোমরৈঃ সপরশ্বধৈঃ।
নিকৃষ্টযুদ্ধং সংসক্তং মহদাসীৎ সুদারুণম্ ॥১৩॥
গজাশ্বকায়প্রভবাং নরদেহপ্রবাহিনীম্।
শস্ত্রমৎস্যসুসম্পূর্ণাং মাংসশোণিতকর্দ্দমাম্ ॥১৪॥

ভারতকৌমুদী

তেষ্বিতি। ব্যতিষক্তেষু পরস্পরং মিলিতেষু। স্বে কুরুপক্ষীয়াঃ স্বান্ কুরুপক্ষীয়ান্, পরে পাণ্ডবপক্ষীয়াঃ স্বান্ কুরুপক্ষীয়ান্ পরেষাং পাণ্ডবানাং স্বাংশ্চ, পরে পাণ্ডবেতরে কুরুপক্ষীয়াঃ পরান্ পাণ্ডবপক্ষীয়াংশ্চ জঘ্নুঃ। সঙ্কুলযুদ্ধকারিণাং স্বপরভেদজ্ঞানং নাসীদিতি ভাবঃ ॥১০॥

বীরেতি। নিজ্যতে পরিষ্ক্রিয়তে এম্বিতি নেজনানি পরিষ্কার্য্যবস্ত্ররক্ষণস্থানানি তেষু, বাসসাং রাশয় ইব, যোধেষু চ গজেষু চ বীরবাহুবিসৃষ্টা অস্ত্রাণাং রাশয়ঃ প্রত্যদৃশ্যন্ত ॥১১॥

উদ্যতেতি। নিজ্যতাং নিজ্যমানানাং কাষ্ঠফলকাদাবাহন্যমানানাং বাসসামিব, বীরবাহুভিঃ, উদ্যতা উত্তোলিতাঃ পরঞ্চ প্রতিপিষ্টা খড়্গান্তরৈঃ প্রতিহতাস্তেষাং খড়্গানাম, তদ্রূপ উচ্চভূতঃ, স প্রসিদ্ধ এব শব্দঃ, অশ্রূয়তেতি শেষঃ ॥১২॥

অর্দ্ধেতি। যেষামেকপার্শ্বেষু ধারাস্তে অর্দ্ধাসয়স্তৈঃ। নিকৃষ্টানাং সন্নিহিতানাং যুদ্ধম্ ॥১৩॥

ভারতভাবদীপঃ

ত ইতি ॥১—৮॥ মহান্ স্বনঃ প্রতিধ্বনিঃ ॥৯—১০॥ রাশয়ঃ খড়্গানামিত্যনেনান্বয়ঃ। নেজনেষু ক্ষালনস্থানেষু শিলাসু বাসসাং রাশয় ইবেত্যুপমা ॥১১॥ উদ্যতপ্রতিপিষ্টানাম্ অত্যাহতানাং

সেই সমস্ত সৈন্য পরস্পর মিলিত হইলে, কুরুপক্ষীয়েরা কুরু ও পাণ্ডব-পক্ষীয়দিগকে এবং পাণ্ডবপক্ষীয়েরাও পাণ্ডব ও কুরুপক্ষীয়গণকে বধ করিতে লাগিল ॥১০॥

বস্ত্রপরিষ্কারস্থানে বস্ত্ররাশির ন্যায় যোদ্ধা ও হস্তিগণের উপরে বীরবাহু-নিক্ষিপ্ত অস্ত্ররাশি দেখা যাইতে থাকিল ॥১১॥

কতকগুলি বীর বাহুদ্বারা তরবারি উত্তোলন করিলে, অপর বীরেরা তরবারিদ্বারাই সেই তরবারির উপরে আঘাত করিতে থাকিলেন ; তখন তাড্যমান বস্ত্রশব্দের ন্যায় সেই শব্দ শুনা যাইতে লাগিল ॥১২॥

একদিকে ধারযুক্ত তরবারি, তোমর ও পরশুদ্বারা সন্নিহিত বীরগণের অতিদারুণ মহাযুদ্ধ হইতে থাকিল ॥১৩॥

আর্ত্তনাদস্বনবতীং পতাকাবস্ত্রফেনিলাম্ ।
নদীং প্রাবর্ত্তয়ন্ বীরাঃ পরলোকপ্রবাহিনীম্ ॥১৫॥ (যুগ্মকম্)
শরশক্ত্যর্দ্দিতাঃ ক্লান্তা রাত্রিমূঢ়াল্পচেতসঃ ।
বিষ্টভ্য সর্ব্বগাত্রাণি ব্যতিষ্ঠন্ গজবাজিনঃ ॥১৬॥
বাহুভিঃ কবচৈঃ শস্ত্রৈঃ শিরোভিশ্চারুকুণ্ডলৈঃ ।
যুদ্ধোপকরণৈশ্চান্যৈস্তত্র তত্র প্রকাশিতৈঃ ॥১৭॥
ক্রব্যাদসংঘৈরাকীর্ণং মৃতৈরর্দ্ধমৃতৈরপি ।
নাসীদ্রথপথস্তত্র সর্ব্বমায়োধনং প্রতি ॥১৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গজেতি। গজানামশ্বানাঞ্চ কায়েভ্যঃ কায়রক্তেভ্যঃ প্রভবতি উৎপদ্যত ইতি তাম্, নরাণাং দেহান্ প্রবহতি প্রোহ্য নয়তীতি তাম্, শস্ত্রাণি মৎস্যা ইব তৈঃ সুসম্পূর্ণাম্, মাংসানি শোণিতানি ঘনীভূতরক্তানি চ কর্দ্দমা ইব যস্যাস্তাম্। আর্ত্তনাদাঃ স্বনা জলশব্দা ইব তদ্বতীম্, পতাকাভির্বস্ত্রৈশ্চ ফেনিলাং শুভ্রত্বাৎ ফেনবতীম্, পরলোকপ্রবাহিনীং পরলোকপর্য্যন্ত-গামিনীম্ ॥১৪—১৫॥

শরেতি। রাত্রৌ মূঢ়া আহতত্বান্মোহযুক্তা অত এবাল্পচেতসঃ অল্পচৈতন্যাঃ, "ভাস্তং প্রসন্নগম্ভীরম্" ইত্যাদিবদ্বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। বিষ্টভ্য স্তব্ধীকৃত্য, ব্যতিষ্ঠন্ অবা-তিষ্ঠন্ত ॥১৬॥

বাহুভিরিতি। প্রকাশিতৈর্দৃষ্টিগোচরৈঃ। ক্রব্যাদসংঘৈর্মাংসভোজিসমূহৈঃ, আকীর্ণং ব্যাপ্তম্। সর্ব্বমায়োধনং প্রতি সর্ব্বস্মিন্নেব যুদ্ধস্থানে, রথপথো নাসীৎ, তৈরাকীর্ণত্বাদেব ॥১৭—১৮॥

বীরেরা তখন একটা নদী প্রবর্ত্তিত করিলেন; সে নদীটা হস্তী ও অশ্বের রক্তে উৎপন্ন হইয়াছিল, মানুষের দেহ বহন করিতেছিল, মৎস্যের ন্যায় অস্ত্রে পরিপূর্ণ ছিল, কর্দ্দমতুল্য মাংস ও ঘন রক্তে ব্যাপ্ত ছিল এবং পরলোকপর্য্যন্ত যাইতেছিল; আর প্রাণিগণের আর্ত্তনাদ ছিল তাহার জলশব্দতুল্য এবং পতাকা ও বস্ত্র সকল ছিল তাহার ফেনসদৃশ ॥১৪—১৫॥

হস্তী ও অশ্ব সকল পূর্ব্বরাত্রিযুদ্ধে বাণ ও শক্তিদ্বারা আহত হইয়া ক্লান্ত, মোহিত ও অল্পচৈতন্যযুক্ত থাকায় সমস্ত অঙ্গ স্তব্ধ করিয়া অবস্থান করিতে লাগিল ॥১৬॥

নানাস্থানে পতিত বাহু, কবচ, অস্ত্র, সুন্দরকুণ্ডলযুক্ত মস্তক, অন্যান্য যুদ্ধোপকরণ, মাংসভোজী প্রাণী, মৃত ও অর্দ্ধমৃত প্রাণিগণে সমগ্র সমরভূমি ব্যাপ্ত হইয়া যাওয়ায় তাহাতে আর রথের পথ ছিল না ॥১৭—১৮॥

---

(১৫)···পরলোকৌঘগামিনীম্···বা নি। (১৭)···তত্র তত্র চকাশিরে—বা নি।

মজ্জৎস্থ চক্রেষু রথান্ সত্ত্বমাস্থায় বাজিনঃ।
কথঞ্চিদবহন্ শ্রান্তা বেপমানাঃ শরার্দ্দিতাঃ।
কুলসত্ত্ববলোপেতা বাজিনো বারণোপমাঃ ॥১৯॥
বিহ্বলং তূর্ণমুদ্‌ভ্রান্তং সভয়ং ভারতাতুরম্।
বলমাসীত্তদা সর্বমৃতে দ্রোণার্জ্জুনাবুভৌ ॥২০॥
তাবেবাস্তাং নিলয়নং তাবার্ত্তায়নমেব চ।
তাবেবান্যে সমাসাদ্য জগ্মুর্বৈবস্বতক্ষয়ম্ ॥২১॥
আবিগ্নমভবৎ সর্ব্বং কৌরবাণাং মহদ্বলম্।
পাঞ্চালানাঞ্চ সংসক্তং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥২২॥

ভারতকৌমুদী

মজ্জৎস্বিতি। সত্ত্বমধ্যবসায়ম্। কথঞ্চিদতিকষ্টেন। তে বাজিনঃ কীদৃশা ইত্যাহ কুলেতি। কুলেন সদ্বংশেন সত্ত্বেনাধ্যবসায়েন বলেন চোপেতাঃ, বারণোপমা হস্তিতুল্যা বিশালাশ্চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

বিহ্বলমিতি। উদ্‌ভ্রান্তং বিচলিতম্। দ্রোণার্জ্জুনয়োস্তু সত্ত্বাতিরেকান্ন তাদৃগ্ভাব ইতি ভাবঃ ॥২০॥

তাবিতি। নিলয়নমাশ্রয়ঃ, আর্ত্তানাময়নমবলম্বনম্। বৈবস্বতক্ষয়ং যমালয়ম্ ॥২১॥

আবিগ্নমিতি। আবিগ্নমস্থিরম্। সংসক্তং মিলিতম্। কিঞ্চন তয়োঃ পার্থক্যম্ ॥২২॥

ভারতভাবদীপঃ

পশ্চাৎ নিযুজ্যতাং যোধ্যমানানাম্ ॥১২॥ অর্দ্ধাসিভিশ্চ, নিকৃষ্টযুদ্ধং নিকটযুদ্ধম্ ॥১৩—১৭॥ আকীর্ণমিত্যায়োধনবিশেষণম্ ॥১৮॥ বাজিনঃ পক্ষিসদৃশাঃ ॥১৯॥ বিহ্বলং চলিতং ধারণপ্রায়ং তূর্ণে ত্বরিতম্ উদ্‌ভ্রান্তমাকুলম্, আতুরমনবস্থিতম্ ॥২০॥ নিলয়নমাবরণম্, আর্ত্তায়নম্ আর্ত্তানা-

চক্রগুলি রক্তকর্দ্দমে মগ্ন হইয়া পড়িলে, পরিশ্রান্ত, বাণপীড়িত ও কম্পমান অশ্বগণ অধ্যবসায় অবলম্বন করিয়া অতিকষ্টে রথগুলি বহন করিতে লাগিল। কারণ, সে অশ্বগুলি বংশ, অধ্যবসায় ও শক্তিশালী এবং হস্তীর তুল্য বিশাল ছিল বলিয়াই তাহা পারিয়াছিল ॥১৯॥

ভরতনন্দন! তখন দ্রোণ ও অর্জ্জুন এই দুই জন ব্যতীত অন্য সমস্ত সৈন্যই বিহ্বল, বিচলিত, ভীত ও পীড়িত হইয়া পড়িয়াছিল ॥২০॥

দ্রোণ ও অর্জ্জুনই স্বস্বপক্ষের আশ্রয় এবং স্বস্বপক্ষীয় পীড়িতগণের অবলম্বন হইয়াছিলেন এবং বিপক্ষেরা তাঁহাদের নিকটে উপস্থিত হইয়াই যমালয়ে যাইতে লাগিল ॥২১॥

কৌরব ও পাঞ্চালগণের সেই বিশাল সমগ্র সৈন্যই পরস্পর মিলিত হইয়া অস্থির হইল, তখন আর তাহাদের পার্থক্য জানা গেল না ॥২২॥

অন্তকাক্রীড়সদৃশে ভীরূণাং ভয়বৰ্দ্ধনে।
পৃথিব্যাং রাজবংশ্যানামুত্থিতে মহতি ক্ষয়ে ॥২৩॥
ন তত্র কর্ণং ন দ্রোণং নার্জ্জুনং ন যুধিষ্ঠিরম্।
ন ভীমসেনং ন যমৌ ন পাঞ্চাল্যং ন সাত্যকিম্ ॥২৪॥
ন চ দুঃশাসনং দ্রৌণিং ন দুর্য্যোধনসৌবলৌ।
ন কৃপং মদ্ররাজঞ্চ কৃতবৰ্ম্মাণমেব চ ॥২৫॥
ন চান্যান্ নৈব চাত্মানং ন ক্ষিতিং ন দিশস্তথা।
পশ্যাম রাজন্! সংসক্তান্ সৈন্যেন রজসাবৃতান্ ॥২৬॥ (কলাপকম্)
সংভ্রান্তে তুমুলে ঘোরে রজোমেঘে সমুত্থিতে।
দ্বিতীয়ামিব সংপ্রাপ্তামমন্যন্ত নিশাং তদা ॥২৭॥
ন জ্ঞায়ন্তে কৌরবেয়া ন পাঞ্চালা ন পাণ্ডবাঃ।
ন দিশো দ্যৌর্ন চোর্ব্বী চ ন সমং বিষমং তথা ॥২৮॥

ভারতকৌমুদী

অন্তকেতি। অন্তকাক্রীড়সদৃশে যমস্য খেলাতুল্যে। যমৌ নকুলসহদেবৌ, পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্। সৌবলঃ শকুনিঃ। সৈন্যেন সৈন্যোত্থাপিতেন, রজসা ধূল্যা। পশ্যামেতি ছন্দস্যা মবিভক্তাবড়াগমাভাব আর্ষঃ ॥২৩—২৬॥

সমিতি। সাধকবাধকপ্রমাণাভাবাৎ রজোমেঘ ইত্যুপমারূপকয়োঃ সন্দেহসঙ্করঃ ॥২৭॥

নেতি। ন জ্ঞায়ন্তে রজসাবৃতত্বাদেব। দ্যৌরাকাশম্। বিষমমুচ্চাবচং স্থানম্ ॥২৮॥

রাজা! যমের খেলার তুল্য ও ভীরুজনের ভয়বৰ্দ্ধক সেই পৃথিবীর রাজাদের মহামারী উপস্থিত হইলে, তখন সৈন্যগণের উত্তোলিত ধূলিজালে সমস্ত আবৃত হইয়া যাওয়ায় কর্ণ, দ্রোণ, অর্জ্জুন, যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব, ধৃষ্টদ্যুম্ন, সাত্যকি, দুঃশাসন, অশ্বত্থামা, দুর্য্যোধন, শকুনি, কৃপ, শল্য, কৃতবৰ্ম্মা ও অন্যান্য যোদ্ধা এবং ভূমি ও দিক্ ইহার কিছুই দৃষ্টিগোচর হইতে লাগিল না, এমন কি আপনাকেও আপনি দেখিতে পাইলাম না ॥২৩—২৬॥

সেই ঘূর্ণিত, তুমুল ও ভয়ঙ্কর ধূলিমেঘ উত্থিত হইলে, তখন দ্বিতীয় রাত্রি উপস্থিত হইয়াছে বলিয়াই সকলে মনে করিতে লাগিল ॥২৭॥

আর কৌরব, পাণ্ডব, পাঞ্চাল, দিক্, আকাশ, পৃথিবী এবং সমান ও অসমান স্থানগুলিও বিশেষভাবে জানা গেল না ॥২৮॥

(২৩) অন্তকাক্রীড়সদৃশং ভীরূণাং ভয়বৰ্দ্ধনম্···বা নি। (২৪)···কর্ণং দ্রোণং বা···বা নি। (২৭)···ত্রিযামামিব সংপ্রাপ্তামমন্যন্ত নিশাচরাঃ—নি।

হস্তসংস্পর্শমাপন্নান্ পরানপ্যথবা স্বকান্।
ন্যপাতয়ংস্তদা যুদ্ধে নরাঃ স্ম বিজয়ৈষিণঃ ॥২৯॥
উদ্ধূতত্বাত্তু রজসঃ প্রসেকাচ্ছোণিতস্য চ।
প্রাশাম্যত রজো ভৌমং শীঘ্রত্বাদনিলস্য চ ॥৩০॥
তত্র নাগা হয়া যোধা রথিনোঽথ পদাতয়ঃ।
পারিজাতবনানীব ব্যরোচন্ রুধিরোক্ষিতাঃ ॥৩১॥
ততো দুর্য্যোধনঃ কর্ণো দ্রোণো দুঃশাসনস্তথা।
পাণ্ডবৈঃ সমসজ্জন্ত চতুর্ভিশ্চতুরো রথাঃ ॥৩২॥
দুর্য্যোধনঃ সহ ভ্রাত্রা যমাভ্যাং সমসজ্জত।
বৃকোদরেণ রাধেয়ো ভারদ্বাজেন চার্জ্জুনঃ ॥৩৩॥
তদ্‌ঘোরং মহদাশ্চর্য্যং সর্ব্বে প্রৈক্ষন্ সমীপতঃ।
রথর্ষভাণামুগ্রাণাং সন্নিপাতমমানুষম্ ॥৩৪॥

ভারতকৌমুদী

হস্তেতি। হস্তসংস্পর্শমাপন্নান্ হস্তসংস্পর্শেন জ্ঞাতান্। স্বকান্ স্বমান্ ॥২৯॥
উদ্ধূতত্বাদিতি। রজস উদ্ধূতত্বাদুত্তোলিতত্বাদাবরণমাসীদিতি শেষঃ ॥৩০॥
তত্রেতি। নাগা গজাঃ। পারিজাতবনান্যপি রক্তবর্ণানীতি সাম্যম্ ॥৩১॥
তত ইতি। সমসজ্জন্ত যুদ্ধে মিলিতা অভবন্, চতুরশ্চত্বারঃ ॥৩২॥
অথ কেন সহ কঃ সমসজ্জদিত্যাহ দুর্যোধন ইতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্ ॥৩৩॥
তদিতি। তদ্‌যুদ্ধম্। সমাঙ্ নিপাতো নিপাতনং যস্মিন্ তৎ ॥৩৪॥

তখন জয়াভিলাষী লোকেরা হস্তস্পর্শে অবগত বিপক্ষ বা স্বপক্ষদিগকে নিপাত করিতে লাগিল ॥২৯॥

পূর্ব্বে ধূলি উঠায় সমস্ত আবৃত হইয়াছিল; পরে রক্তসেকে এবং দ্রুতগামী বায়ুর চালনে সে ভূতলের ধূলি নিবৃত্তি পাইল ॥৩০॥

তখন হস্তী, অশ্ব, পদাতি ও রথারোহী যোদ্ধারা রক্তাক্তদেহে পারিজাত-বনের ন্যায় প্রকাশ পাইতে লাগিলেন ॥৩১॥

তাহার পর দুর্য্যোধন, কর্ণ, দ্রোণ ও দুঃশাসন এই চারি জন রথী চারি জন পাণ্ডবের সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥৩২॥

নকুল ও সহদেবের সহিত দুর্য্যোধন ও দুঃশাসন, ভীমের সহিত কর্ণ এবং অর্জ্জুনের সহিত দ্রোণ মিলিত হইলেন ॥৩৩॥

(৩৪)···আশ্চর্য্যং যুদ্ধং দেবাসুরোপমম্···নি।

রথমার্গৈর্বিচিত্রৈস্তৈর্বিচিত্ররথসঙ্কুলম্ ।
অপশ্যন্ রথিনো যুদ্ধং বিচিত্রং চিত্রযোধিনাম্ ॥৩৫॥
যতমানাঃ পরাক্রান্তাঃ পরস্পরজিগীষবঃ ।
জীমূতা ইব ঘর্ম্মান্তে শরবর্ষৈরবাকিরন্ ॥৩৬॥
তে রথান্ সূর্য্যসঙ্কাশানাস্থিতাঃ পুরুষর্ষভাঃ ।
অশোভন্ত যথা মেঘাঃ শারদাশ্চ সবিদ্যুতঃ ॥৩৭॥
যোধাস্তে তু মহারাজ ! ক্রোধামর্ষসমন্বিতাঃ ।
স্পর্দ্ধিনশ্চ মহেষ্বাসাঃ কৃতযত্না ধনুর্দ্ধরাঃ ।
অভ্যগচ্ছংস্তদান্যোন্যং মত্তা গজবৃষা ইব ॥৩৮॥
ন নূনং দেহভেদোঽস্তি কালে রাজন্ননাগতে ।
যত্র সর্ব্বে ন যুগপদ্ব্যশীর্য্যন্ত মহারথাঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

রথেতি। বিচিত্রৈ রথৈঃ সঙ্কুলং ব্যাপ্তম্। চিত্রযোধিনাং দুর্য্যোধনাদীনাম্ ॥৩৫॥

যতেতি। জীমূতা মেঘাঃ, ঘর্ম্মান্তে গ্রীষ্মকালাপগমে, জলবর্ষৈরিবেত্যর্থঃ ॥৩৬॥

ত ইতি। শারদাঃ শরৎকালীনাঃ। তন্মেঘতুল্যা রথাঃ, স্বর্ণভূষিতাঃ পুরুষর্ষভা বিদ্যুৎসমাঃ ॥৩৭॥

যোধা ইতি। অমর্ষঃ অসহিষ্ণুতা। গজবৃষা গজশ্রেষ্ঠাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

মেঘায়নমালম্বনম্ ॥২১—২২॥ অন্তকস্যাক্রীড়তঃ, ক্রীড়াস্থানং তৎসদৃশম্ ॥২৩—৩০॥ পারিজাতঃ পারিভদ্রকঃ ॥৩১—৩৩॥ সন্নিপাতং যুদ্ধম্ ॥৩৪—৩৭॥ প্রতিকূলে তু দৈষ্ক্যস্য প্রতিবন্ধঃ,

তখন নিকটবর্ত্তী সকলেই সেই ভীষণ রথিশ্রেষ্ঠগণের ভয়ঙ্কর, আশ্চর্য্য, বিপক্ষনিপাতক ও অলৌকিক সেই মহাযুদ্ধ দেখিতে লাগিল ॥৩৪॥

রথীরাও বিচিত্র রথপথে বিচরণ করিতে থাকিয়া সেই বিচিত্রযুদ্ধকারিগণের বিচিত্ররথসঙ্কুল সেই বিচিত্র যুদ্ধ দর্শন করিতে থাকিলেন ॥৩৫॥

পরাক্রমশালী, প্রহারে যত্নবান্ ও পরস্পরজয়াভিলাষী সেই বীরগণ—বর্ষাকালে মেঘ যেমন জলবর্ষণ করে, সেইরূপ বাণবর্ষণ করিতে লাগিলেন ॥৩৬॥

সেই পুরুষশ্রেষ্ঠেরা সূর্য্যের ন্যায় উজ্জ্বল রথে আরোহণ করিয়া বিদ্যুৎসমন্বিত শরৎকালের মেঘের তুল্য শোভা পাইতে লাগিলেন ॥৩৭॥

মহারাজ ! তখন ক্রুদ্ধ, অসহিষ্ণু, স্পর্দ্ধাকারী, জয়ে যত্নশীল ও মহাধনুর্দ্ধর সেই যোদ্ধারা মত্ত গজেন্দ্রের ন্যায় পরস্পরের অভিমুখে ধাবিত হইলেন ॥৩৮॥

(৩৭)···শারদাশ্চলবিদ্যুতঃ—বা নি। (৩৮)···তথান্যোন্যম্···বা নি।

বাহুভিশ্চরণৈশ্ছিন্নৈঃ শিরোভিশ্চ সকুণ্ডলৈঃ।
কার্ম্মুকৈর্বিশিখৈঃ প্রাসৈঃ খড়্গৈঃ পরশুপট্টিশৈঃ ॥৪০॥
নালীকক্ষুরনারাচৈর্নখরৈঃ শক্তিতোমরৈঃ।
অন্যৈশ্চ বিবিধাকারৈর্ধৌতৈঃ প্রহরণোত্তমৈঃ ॥৪১॥
বিচিত্রৈর্বিবিধাকারৈঃ শরীরাবরণৈরপি।
বিচিত্রৈশ্চ রথৈর্ভগ্নৈর্হতৈশ্চ গজবাজিভিঃ ॥৪২॥
শূন্যৈশ্চ নগরাকারৈর্হতযোধধ্বজৈ রথৈঃ।
অমনুষ্যৈর্হয়ৈস্ত্রস্তৈঃ কৃষ্যমাণৈস্ততস্ততঃ ॥৪৩॥
বাতায়মানৈরসকৃদ্ধতবীরৈরলঙ্কৃতৈঃ।
ব্যজনৈঃ কঙ্কটৈশ্চৈব ধ্বজৈশ্চ বিনিপাতিতৈঃ ॥৪৪॥
ছত্রৈরাভরণৈর্বস্ত্রৈর্মাল্যৈশ্চ সুসুগন্ধিভিঃ।
হারৈঃ কিরীটৈর্মুকুটৈরুষ্ণীষৈঃ কিঙ্কিণীগণৈঃ ॥৪৫॥
উরস্যৈর্মণিভির্নিষ্কৈশ্চূড়ামণিভিরেব চ।
আসীদায়োধনং তত্র নভস্তারাগণৈরিব ॥৪৬॥ (কুলকম্)

ভারতকৌমুদী

নেতি। দেহানাং ভেদো নাশঃ। যত্র যেন হেতুনা। ব্যশীর্য্যন্ত শতপ্রহারেঽপি ॥৩৯॥ বাহুভিরিতি। বিশিখৈর্বাণৈঃ। নখরৈরপি অস্ত্রবিশেষৈঃ। ধৌতৈঃ পরিষ্কৃতৈঃ। শরীরাবরণৈঃ কবচৈঃ। হতা যোধা ধ্বজাশ্চ যেষাং তৈঃ। কৃষ্যমাণৈ রথৈরেব। বাতায়মানৈ-র্বায়ুবদাচরদ্ভির্দ্রুতগামিভিরিত্যর্থঃ। কঙ্কটৈর্বর্ম্মবিশেষৈঃ। কিরীটমুকুটয়োরাকৃতিভেদাদ্ভেদঃ। উরস্যৈর্বক্ষোভূষণভূতৈঃ, নিষ্কৈঃ কণ্ঠভূষণৈঃ। আয়োধনং রণস্থলম্, নভো গগনম্ ॥৪০—৪৬॥

ভারতভাবদীপঃ

ক্রোধ উচ্যতে, ক্রোধঃ কৃতোপকারেষ্ স্থিরোঽমর্ষত্বমস্তুতে। গজারূঢ়াশ্চ রাজরূঢ়াঃ গজমুখ্যা বা ॥৩৮—৪০॥ ধৌতৈঃ উজ্জ্বলসৃষ্টৈঃ ॥৪১॥ বিচিত্রৈর্বিবিধাকারৈঃ ॥৪২—৪৫॥ উরস্যৈরুরো-

রাজা! কাল না আসিলে নিশ্চয়ই দেহ বিনষ্ট হয় না। যে হেতু শত শত আঘাত পাইতে থাকিয়াও সেই সকল মহারথ একদা বিনষ্ট হইলেন না ॥৩৯॥

ক্রমে ছিন্ন বাহু, চরণ, কুণ্ডলযুক্ত মস্তক, ধনু, বাণ, প্রাস, তরবারি, পরশু, পট্টিশ, নালীক, ক্ষুর, নারাচ, শক্তি, তোমর, অন্য নানাপ্রকার পরিমার্জিত উত্তম উত্তম অস্ত্র, বিচিত্র ও বিবিধাকার বর্ম্ম, ভগ্ন বিচিত্র রথ, নিহত হস্তী ও

(৪১) নালীকৈঃ ক্ষুরনারাচৈঃ···বা নি। (৪৫)···মাল্যৈশ্চ সহগন্ধিভিঃ···নি। (৪৬) উরস্যৈর্মণিভিঃ···বা নি।

ততো দুর্য্যোধনস্যাসীন্নকুলেন সমাগমঃ।
অমর্ষিতেন ক্রুদ্ধস্য ক্রুদ্ধেনামর্ষিতস্য চ ॥৪৭॥
অপসব্যং চকারাথ মাদ্রীপুত্রস্তবাত্মজম্।
কিরন্ শরশতৈর্হৃষ্টস্তত্র নাদো মহানভূৎ ॥৪৮॥
অপসব্যং কৃতং সংখ্যে ভ্রাতৃব্যেণাত্যমর্ষিণা।
নাম্মৃষ্যত তমপ্যাজৌ প্রতিচক্রেঽপসব্যতঃ।
পুত্রস্তব মহারাজ! রাজা দুর্য্যোধনো দ্রুতম্ ॥৪৯॥
ততঃ প্রতিচিকীর্ষন্তমপসব্যস্তু তে সুতম্।
ন্যবারয়ত তেজস্বী নকুলশ্চিত্রমার্গবিৎ ॥৫০॥

ভারতকৌমুদী

তত ইতি। সমাগমো যুদ্ধে মেলনম্। অমর্ষিতেন অসহিষ্ণুনা ॥৪৭॥

অপেতি। অপসব্যং বামস্থম্। তৎকরণং তদানীং প্রতিপক্ষস্যাপমানকরমাসীৎ ॥৪৮॥

অপেতি। ভ্রাতৃব্যেণ শত্রুণা নকুলেন, "ভ্রাতৃব্যৌ ভ্রাতৃজদ্বিষৌ" ইত্যমরঃ। নাম্মৃষ্যত নাসহত। তং নকুলমপি। অপসব্যতো বামে, প্রতিচক্রে প্রতিকর্ত্তুমিয়েষ। ষট্‌পাদঃ ॥৪৯॥

তত ইতি। প্রতিচিকীর্ষন্তং প্রাতিকূল্যেণ কর্ত্তুমিচ্ছন্তম্, অপসব্যং বামস্থম্ ॥৫০॥

অশ্ব, আরোহিশূন্য ভীত ও বায়ুর ন্যায় দ্রুতগামী অশ্বগণকর্ত্তৃক নানাদিকে আকৃষ্যমাণ নগরতুল্য এবং যোদ্ধা ও ধ্বজরহিত শূন্য রথ, নিহত ভূষিত বীর, চামর, বর্ম্ম, নিপাতিত ধ্বজ, ছত্র, অলঙ্কার, বস্ত্র, অতিসুগন্ধি মাল্য, হার, কিরীট, মুকুট, উষ্ণীষ, কিঙ্কিণীসমূহ, বক্ষের মণি, কণ্ঠের মণি ও চূড়ার মণি এই সকল দ্বারা—নক্ষত্রসমূহে আকাশের ন্যায় রণস্থল ব্যাপ্ত হইয়া গেল ॥৪০—৪৬॥

তাহার পর ক্রুদ্ধ ও অসহিষ্ণু নকুলের সহিত ক্রুদ্ধ এবং অসহিষ্ণু দুর্য্যোধনের যুদ্ধে সম্মেলন হইল ॥৪৭॥

পরে নকুল হৃষ্টচিত্তে শত শত বাণ নিক্ষেপ করিতে থাকিয়া দুর্য্যোধনকে বামদিকে ফেলিয়া চলিলেন। তৎকালে বিশাল কোলাহল উঠিল ॥৪৮॥

মহারাজ! অসহিষ্ণু শত্রু নকুল যুদ্ধে নিজেকে বামদিকে রাখিয়া চলিয়াছেন ইহা আপনার পুত্র দুর্য্যোধন সহ্য করিলেন না। সুতরাং তিনিও নকুলকে যুদ্ধে সত্বর বামদিকে ফেলিবার চেষ্টা করিলেন ॥৪৯॥

মহারাজ! তাহার পর আপনার পুত্র দুর্য্যোধন নকুলকে বামে রাখিবার চেষ্টা করিলে, তেজস্বী ও বিচিত্ররথপথজ্ঞ নকুল তাঁহাকে নিবারণ করিলেন ॥৫০॥

(৪৯)···প্রতিচক্রে পরন্তপঃ··· নি।

স সর্ব্বতো নিবার্য্যৈনং শরজালেন পীড়য়ন্।
বিমুখং নকুলশ্চক্রে তং সৈন্যাঃ সমপূজয়ন্ ॥৫১॥
তিষ্ঠ তিষ্ঠেতি নকুলো বভাষে তনয়ং তব।
সংস্মৃত্য সর্ব্বদুঃখানি তব দুর্ম্মন্ত্রিতেন চ ॥৫২॥
ততো দুঃশাসনঃ ক্রুদ্ধঃ সহদেবমুপাদ্রবৎ।
রথবেগেন তীব্রেণ কম্পয়ন্নিব মেদিনীম্ ॥৫৩॥
তস্যাপতত এবাশু ভল্লেনামিত্রকর্ষণঃ।
মাদ্রীপুত্রঃ শিরো যন্তুঃ সশিরস্ত্রাণমচ্ছিনৎ ॥৫৪॥
নৈনং দুঃশাসনঃ সূতং নাপি কশ্চন সৈনিকঃ।
কৃত্তোত্তমাঙ্গমাশুত্বাৎ সহদেবেন বুদ্ধবান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

স ইতি। এনং দুর্য্যোধনম্। সমপূজয়ন্ নৈপুণ্যাতিশয়দর্শনাৎ প্রাশংসন্ ॥৫১॥
তিষ্ঠেতি। সর্ব্বদুঃখানি দ্যূতকৃতানীনি, দুর্ম্মন্ত্রিতেন জাতানীতি শেষঃ ॥৫২॥
তত ইতি। উপাদ্রবৎ অভ্যধাবৎ ॥৫৩॥
তস্যেতি। আপতত আগচ্ছতঃ। মাদ্রীপুত্রঃ সহদেবঃ, যন্তুঃ সারথেঃ ॥৫৪॥
নেতি। সূতং সারথিম্। কৃত্তোত্তমাঙ্গং ছিন্নমস্তকম্ ॥৫৫॥

ক্রমে নকুল বাণসমূহে পীড়ন করিতে থাকিয়া দুর্য্যোধনকে নিবারণপূর্ব্বক পরাঙ্মুখ করিলেন। তখন সৈন্যেরা নকুলের প্রশংসা করিতে লাগিল ॥৫১॥

রাজা! পরে নকুল আপনার কুমন্ত্রণানিবন্ধন সমস্ত দুঃখ স্মরণ করিয়া 'থাক থাক' এই কথা দুর্য্যোধনকে বলিলেন ॥৫২॥

তদনন্তর অন্যদিকে দুঃশাসন ক্রুদ্ধ হইয়া তীব্র রথবেগে সমরভূমি কম্পিত করিতে থাকিয়াই যেন সহদেবের দিকে ধাবিত হইলেন ॥৫৩॥

তিনি সেইভাবে আসিতেছেন সেই অবস্থাতেই শত্রুহন্তা সহদেব একটা ভল্লদ্বারা সত্বর তাঁহার সারথির শিরস্ত্রাণযুক্ত মস্তকটা ছেদন করিলেন ॥৫৪॥

সহদেব যে দুঃশাসনের সারথির মস্তকচ্ছেদন করিলেন, তাহা অতিদ্রুত হইল বলিয়া দুঃশাসন তাহা বুঝিতে পারিলেন না, কোন সৈন্যও পারিল না ॥৫৫॥

---

(৫১)…তং সৈন্যাঃ…পি বা নি। (৫২)…তব দুর্ম্মন্ত্রিতঞ্চ তং—বঙ্গ বা নি। ইতঃ পরং '…পঞ্চাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বর্দ্ধ, '…ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ, 'অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা রা নি।

যদা ত্বসংগৃহীতত্বাৎ প্রয়ান্ত্যশ্বা যথাসুখম্ ।
তদা দুঃশাসনঃ সূতং বুবুধে গতচেতনম্ ॥৫৬॥
স হয়ান্ সন্নিগৃহ্যাজৌ স্বয়ং হয়বিশারদঃ ।
যুযুধে রথিনাং শ্রেষ্ঠো লঘু চিত্রঞ্চ সুষ্ঠু চ ॥৫৭॥
তদস্যাপূজয়ন্ কর্ম্ম স্বে পরে চাপি সংযুগে ।
হতসূতো রথেনাজৌ ব্যচরদ্যদভীতবৎ ॥৫৮॥
সহদেবস্তু তানশ্বাংস্তীক্ষ্ণৈর্বাণৈরবাকিরৎ ।
পীড্যমানাঃ শরৈশ্চাশু প্রাদ্রবংস্তে ততস্ততঃ ॥৫৯॥
স রশ্মিষু বিষক্তত্বাদুৎসসর্জ্জ শরাসনম্ ।
ধনুষা কর্ম্ম কুর্ব্বংস্তু রশ্মীন্ স পুনরুৎসৃজৎ ॥৬০॥

ভারতকৌমুদী

যদেতি। অসংগৃহীতত্বাৎ অধৃতত্বাৎ। গতচেতনং মৃতম্ ॥৫৬॥

স ইতি। সন্নিগৃহ্য ধৃত্বা। লঘু দ্রুতম্, চিত্রমাশ্চর্য্যম্, সুষ্ঠু সুন্দরঞ্চ ॥৫৭॥

তদিতি। অপূজয়ন্ প্রাশংসন্, স্বে স্বপক্ষীয়াঃ, পরে পরপক্ষীয়াশ্চ ॥৫৮॥

সহেতি। অবাকিরৎ প্রাহরৎ। প্রাদ্রবন্ অগচ্ছন্ ॥৫৯॥

স ইতি। বিষক্তত্বাৎ লগ্নত্বাৎ ধারণাদিত্যর্থঃ, শরাসনং ধনুঃ। কর্ম্ম বাণক্ষেপম্। রশ্মীন্ অশ্বরজ্জুঃ, উৎসৃজৎ উদসৃজৎ। অড়াগমাভাব আর্ষঃ ॥৬০॥

যখন অধৃত বলিয়া অশ্বগুলি ইচ্ছানুসারে যাইতে লাগিল, তখন দুঃশাসন বুঝিলেন—'সারথির প্রাণ গিয়াছে' ॥৫৬॥

তখন অশ্ববিদ্যাবিশারদ ও রথিশ্রেষ্ঠ দুঃশাসন নিজেই অশ্বগুলিকে ধারণ করিয়া দ্রুত, আশ্চর্য্য ও সুন্দর যুদ্ধ করিতে লাগিলেন ॥৫৭॥

সারথি নিহত হইলেও দুঃশাসন যে নির্ভয়ের ন্যায় যুদ্ধে রথারোহণে বিচরণ করিতে থাকিলেন, স্বপক্ষ ও বিপক্ষেরা তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিতে থাকিল ॥৫৮॥

কিন্তু সহদেব তীক্ষ্ণ বাণসমূহদ্বারা সেই অশ্বগুলিকে পীড়ন করিতে লাগিলেন; তখন তাঁহার বাণে পীড়িত হইতে থাকিয়া সেই অশ্বগণ বেগে ইতস্ততঃ গমন করিতে লাগিল ॥৫৯॥

সেই সময়ে দুঃশাসন অশ্বরজ্জু ধারণ করিবার কালে ধনু ত্যাগ করিতে লাগিলেন, আবার ধনুর কার্য্য করিবার সময়ে অশ্বরজ্জু ত্যাগ করিতে থাকিলেন ॥৬০॥

(৫৮)···হতসূতরথেনাজৌ···বা নি।

ছিদ্রেষু তেষু তং বাণৈর্মাদ্রীপুত্রোঽভ্যবাকিরৎ।
পরীপ্সংস্ত্বৎসুতং কর্ণস্তদনন্তরমাপতৎ ॥৬১॥
বৃকোদরস্ততঃ কর্ণং ত্রিভির্ভল্লৈঃ সমাহিতৈঃ।
আকর্ণপূর্ণৈরভ্যঘ্নদ্বাহ্বোরুরসি চানদৎ ॥৬২॥
সংনিবৃত্য ততঃ কর্ণঃ সংঘট্টিত ইবোরগঃ।
ভীমমাবারয়ামাস বিকিরন্ নিশিতান্ শরান্।
তদভূত্তুমুলং যুদ্ধং ভীমরাধেয়য়োস্তদা ॥৬৩॥
তৌ বৃষাবিব নর্দ্দন্তৌ বিবৃত্তনয়নাবুভৌ।
বেগেন মহতান্যোন্যং সংরব্ধাবভিপেততুঃ ॥৬৪॥
অভিসংশ্লিষ্টয়োস্তত্র তয়োরাহবশৌণ্ডয়োঃ।
বিচ্ছিন্নশরপাতত্বাদ্গদাযুদ্ধমবর্ত্তত ॥৬৫॥

ভারতকৌমুদী

ছিদ্রেম্বিতি। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্, ত্বৎসুতং দুঃশাসনম্, আপতদাগচ্ছৎ ॥৬১॥

বৃকোদর ইতি। সমাহিতৈঃ সম্যক্‌সংহিতৈঃ। আকর্ণপূর্ণৈরিত্যত্র আকর্ণপূর্ণাকর্ষণপূর্ব্বকক্ষিপ্তৈঃ, অভ্যঘ্নৎ অভিহতবান্। আর্ষোঽয়ং প্রয়োগঃ। উরসি বক্ষসি ॥৬২॥

সমিতি। সংঘট্টিতঃ চরণাদিনা চালিতঃ, উরগঃ সর্পঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৩॥

তাবিতি। বিবৃত্তনয়নৌ পরস্পরোপরিপ্রবৃত্তলোচনৌ। সংরব্ধৌ ক্রুদ্ধৌ ॥৬৪॥

এদিকে সহদেব সেই অবসরে দুঃশাসনের উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন। রাজা! তদনন্তর কর্ণ আপনার পুত্রকে রক্ষা করিবার জন্য আসিতে থাকিলেন ॥৬১॥

তাহার পর ভীমসেন ধনুখানাকে আকর্ণ আকর্ষণ করিয়া বিশেষসন্ধানপূর্ব্বক তিনটা ভল্লদ্বারা কর্ণের বাহুযুগল ও বক্ষস্থলে আঘাত করিলেন ও সিংহনাদ করিয়া উঠিলেন ॥৬২॥

তৎপরে কর্ণ চরণতাড়িত সর্পের ন্যায় ফিরিয়া সুধার বাণ সকল নিক্ষেপ করিতে থাকিয়া ভীমকে বারণ করিতে প্রবৃত্ত হইলেন। তখন ভীম ও কর্ণের তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥৬৩॥

ক্রমে ভীম ও কর্ণ ক্রুদ্ধ হইয়া দুইটা বৃষের ন্যায় গর্জন করিতে থাকিয়া উভয়ের প্রতি উভয়ে দৃষ্টিক্ষেপ করিয়া মহাবেগে পরস্পর অভিপতিত হইলেন ॥৬৪॥

---

(৬১)···ছিদ্রেষ্বেতেষু···তদন্তরমবাপতৎ বা নি।

গদয়া ভীমসেনস্তু কর্ণস্য রথকূবরম্ ।
বিভেদ শতধা রাজন্ ! তদদ্ভুতমিবাভবৎ ॥৬৬॥
ততো ভীমস্য রাধেয়ো গদামাবিধ্য বীর্য্যবান্ ।
অবাসৃজদ্রথে তাস্তু বিভেদ গদয়া গদাম্ ।
ততো ভীমঃ পুনর্গুর্বীং চিক্ষেপাধিরথের্গদাম্ ॥৬৭॥
তাং শরৈর্দশভিঃ কর্ণঃ সুপুঙ্খৈঃ সুপ্রবেজিতৈঃ ।
প্রত্যবিধ্যৎ পুনশ্চান্যৈঃ সা ভীমং পুনরাব্রজৎ ।
ব্যালীব মন্ত্রাভিহতা কর্ণবাণৈরভিদ্রুতা ॥৬৮॥
তস্যাঃ প্রতিনিপাতেন ভীমস্য বিপুলো ধ্বজঃ ।
পপাত সারথিশ্চাস্য মুমোহ গদয়াহতঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

অভীতি। অভিসংশ্লিষ্টয়োঃ পরস্পরাভিমুখ্যেন মিলিতয়োঃ, আহবশৌণ্ডয়োর্যুদ্ধমত্তয়োঃ। শরাঃ পাত্যন্তে ক্ষিপ্যন্তে আভ্যামিতি শরপাতৌ চাপৌ বিচ্ছিন্নৌ শরপাতৌ ধনুষী যয়োস্তৌ তয়োর্ভাবস্তত্বাং ।৬৫।

গদয়েতি। রথস্য কূবরং দারুবিশেষম্। বিভেদ পোথয়ামাস ।৬৬।

তত ইতি। আবিধ্য বিঘূর্ণ্য। বিভেদ ভীমো নিবারয়ামাস। আধিরথেঃ কর্ণস্যোপরি ।৬৭।

তামিতি। সুপ্রবেজিতৈর্মহাবেগীকৃতৈঃ। ব্যালী সর্পী। ইমৌ ষট্‌পাদৌ শ্লোকৌ ।৬৮।

তস্যা ইতি। তস্যা ভীমগদায়া এব। অস্য ভীমস্য ।৬৯।

যুদ্ধমত্ত ভীম ও কর্ণ দুই জনেরই ধনু পূর্ব্বে ছিন্ন হইয়াছিল, সেই অবস্থায় তাঁহারা সম্মিলিত হইয়াছিলেন ; তখন তাঁহাদের গদাযুদ্ধ হইতে লাগিল ॥৬৫॥

রাজা ! ক্রমে ভীমসেন গদাদ্বারা কর্ণের রথকূবর (রথের কাষ্ঠবিশেষ) শতধা বিচূর্ণ করিলেন ; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৬৬॥

তদনন্তর বলবান্ কর্ণ গদা ঘূর্ণিত করিয়া তাহা ভীমের রথের উপরে নিক্ষেপ করিলেন ; তখন ভীমও গদাদ্বারাই সে গদা প্রতিহত করিলেন। তৎপরে ভীম পুনরায় একটা বিশাল গদা কর্ণের উপরে নিক্ষেপ করিলেন ॥৬৭॥

তখন কর্ণ প্রথমে সুপুঙ্খ ও বেগবান্ দশটা বাণদ্বারা আবার অন্য বাণসমূহ-দ্বারা সেই গদাটাকে প্রতিবিদ্ধ করিলেন ; সেই সময়ে মন্ত্রতাড়িত সর্পীর ন্যায় কর্ণবাণতাড়িত সেই গদাটা পুনরায় ভীমের দিকেই গেল ॥৬৮॥

---

(৬৯)···মুমোহ চ গদাহতঃ—বা নি। ইতঃ পরম্ 'কর্ণোঽপ্যস্তম্ভয়দ্‌গুর্ব্বীং হেমপৃষ্ঠং দুরাসদম্' ইত্যধিকপাঠঃ বর্দ্ধ নি।

স কর্ণে সায়কানষ্টৌ ব্যসৃজৎ ক্রোধমূর্চ্ছিতঃ।
ধ্বজে শরাসনে চৈব শরাবাপে চ ভারত! ॥৭০॥
ততঃ পুনস্তু রাধেয়ো হয়ানস্য রথেষুভিঃ।
ঋক্ষবর্ণান্ জঘানাশু তথোভৌ পার্ষ্ণিসারথী ॥৭১॥
স বিপন্নরথো ভীমো নকুলস্যাপ্লুতো রথম্।
হরির্যথা গিরেঃ শৃঙ্গং সমাক্রামদরিন্দমঃ ॥৭২॥
তথা দ্রোণার্জ্জুনৌ চিত্রমযুধ্যেতাং মহারথৌ।
আচার্য্যশিষ্যৌ রাজেন্দ্র! কৃতপ্রহরণৌ যুধি ॥৭৩॥
লঘুসন্ধানযোগাভ্যাং রথয়োশ্চরণেন চ।
মোহয়ন্তৌ মনুষ্যাণাং চক্ষূংষি চ মনাংসি চ ॥৭৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। শরাসনে ধনুষি, শরাবাপে শরাঘাতবারণার্থকচর্ম্মনির্ম্মিতহস্তাবরণে ॥৭০॥

তত ইতি। রথেষুভিঃ রথস্থিতৈর্দীর্ঘৈর্বাণৈঃ। ঋক্ষবর্ণান্ ভল্লুকবৎ কৃষ্ণবর্ণান্ ॥৭১॥

স ইতি। বিপন্নরথঃ অশ্বাভাবাদকর্ম্মণ্যরথঃ। আপ্লুত আরূঢ়ঃ। হরিঃ সিংহঃ ॥৭২॥

তথেতি। চিত্রমাশ্চর্য্যম্। আচার্য্যশিষ্যাবপি বীরধর্ম্মাৎ কৃতং প্রহরণং প্রহারো যাভ্যাং তৌ। লঘু দ্রুতং সন্ধানঞ্চ যোগ উপায়ঃ কৌশলঞ্চ তাভ্যাম্ ॥৭৩—৭৪॥

সেই গদাপতনে ভীমের বিশাল ধ্বজটা পড়িয়া গেল এবং সেই গদার আঘাতে ভীমের সারথিও মূর্চ্ছিত হইল ॥৬৯॥

ভরতনন্দন! তখন ভীম ক্রোধে অধীর হইয়া কর্ণ, কর্ণের ধ্বজ, ধনু ও হস্তাবরণের উপরে আটটা বাণ নিক্ষেপ করিলেন ॥৭০॥

তাহার পর কর্ণ রথস্থিত বাণদ্বারা ভীমের ভল্লুকবর্ণ অশ্বগুলি এবং পৃষ্ঠরক্ষক দুই জনকে সত্বর বধ করিলেন ॥৭১॥

এইভাবে ভীমের রথখানা অকর্ম্মণ্য হইয়া গেলে, সিংহ যেমন পর্ব্বতশৃঙ্গে আরোহণ করে, সেইরূপ ভীম যাইয়া নকুলের রথে আরোহণ করিলেন ॥৭২॥

রাজশ্রেষ্ঠ! অন্যদিকে মহারথ এবং গুরু ও শিষ্য দ্রোণ ও অর্জ্জুন পরস্পর প্রহার করিতে থাকিয়া সমরাঙ্গনে বিচিত্র যুদ্ধ করিতে লাগিলেন এবং তাঁহারা দ্রুত বাণসন্ধান, বাণক্ষেপের কৌশল ও রথ দুইখানার বিচরণদ্বারা তত্রত্য লোকদিগের নয়ন ও মন মুগ্ধ করিতে থাকিলেন ॥৭৩—৭৪॥

---

(৭৩)…কৃতপ্রতিকৃতৌ যুধি—নি।

উপারমন্ত তে সর্ব্বে যোধা ভরতসত্তম !।
অদৃষ্টপূর্ব্বং পশ্যন্তস্তদ্‌যুদ্ধং গুরুশিষ্যয়োঃ ॥৭৫॥
বিচিত্রান্ পৃতনামধ্যে রথমার্গানুদীর্য্য তৌ।
অন্যোন্যমপসব্যঞ্চ কর্ত্তুং বীরৌ তদেষতুঃ।
পরাক্রমং তয়োর্যোধা দদৃশুস্তং সুবিস্মিতাঃ ॥৭৬॥
তয়োঃ সমভবদ্‌যুদ্ধং দ্রোণপাণ্ডবয়োর্ম্মহৎ।
আমিষার্থে মহারাজ ! গগনে শ্যেনয়োরিব ॥৭৭॥
যদ্‌যচ্চকার দ্রোণস্তু কুন্তীপুত্রজিগীষয়া।
তত্তৎ প্রতিজঘানাশু প্রহসংস্তস্য পাণ্ডবঃ ॥৭৮॥
যদা দ্রোণো ন শক্নোতি পাণ্ডবং স্ম বিশেষিতুম্।
ততঃ প্রাদুশ্চকারাস্ত্রমস্ত্রমার্গবিশারদঃ ॥৭৯॥
ঐন্দ্রং পাশুপতং ত্বাষ্ট্রং বায়ব্যমথ বারুণম্।
মুক্তং মুক্তং দ্রোণচাপাত্তজ্জঘান ধনঞ্জয়ঃ ॥৮০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

উপেতি। উপারমন্ত স্বস্বযুদ্ধাদ্বিরতা অভবন্ ॥৭৫॥

বিচিত্রানিতি। পৃতনামধ্যে উভয়সৈন্যমধ্যে, উদীর্য্য বিচর্য্য। অপসব্যং বামম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥

তয়োরিতি। পাণ্ডবোঽত্রার্জ্জুনঃ। আমিষার্থে মাংসার্থে। শ্যেনয়োঃ পক্ষিণোঃ ॥৭৭॥

যদিতি। কুন্তীপুত্রস্যার্জ্জুনস্য জিগীষয়া জয়েচ্ছয়া। পাণ্ডবোঽর্জ্জুনঃ ॥৭৮॥

যদেতি। বিশেষিতুং বিশেষয়িতুমতিক্রমিতুম্। পাশুপতম্ অর্জ্জুনলব্ধেতরং সাধারণম্,

ভরতশ্রেষ্ঠ ! এই সময়ে উভয় পক্ষের সমস্ত যোদ্ধাই গুরু ও শিষ্যের সেই অদৃষ্টপূর্ব্ব যুদ্ধ দেখিতে থাকিয়া আপন আপন যুদ্ধ হইতে বিরত হইলেন ॥৭৫॥

ক্রমে সেই বীরেরা দুইজন উভয়সৈন্যমধ্যে বিচিত্র রথপথে বিচরণ করিয়া করিয়া পরস্পরকে বামবর্ত্তী করিবার ইচ্ছা করিতে থাকিলেন। তখন যোদ্ধারা অত্যন্তবিস্মিত হইয়া তাঁহাদের সেই পরাক্রম দেখিতে লাগিলেন ॥৭৬॥

মহারাজ ! মাংসের জন্য আকাশে দুইটা শ্যেনপক্ষীর মহাযুদ্ধের ন্যায় ক্রমে দ্রোণ ও অর্জ্জুনের মহাযুদ্ধ হইতে লাগিল ॥৭৭॥

দ্রোণ অর্জ্জুনকে জয় করিবার ইচ্ছায় যাহা যাহা করিতে লাগিলেন, অর্জ্জুন হাস্য করতঃ তৎক্ষণাৎ তাহার তাহার প্রতিঘাত করিতে থাকিলেন ॥৭৮॥

(৭৫)···যোধাস্মাকং পরে তথা···নি। (৭৬)···দদৃশুস্তে···বা নি।

অস্ত্রাণ্যস্ত্রৈর্যদা তস্য বিধিবদ্ধন্তি পাণ্ডবঃ।
ততোঽস্ত্রৈঃ পরমৈর্দিব্যৈর্দ্রোণঃ পার্থমবাকিরৎ ॥৮১॥
যদ্যদস্ত্রং স পার্থায় প্রযুঙ্‌ক্তে বিজিগীষয়া।
তস্য তস্য বিঘাতায় তত্তদ্বিকুরুতেঽর্জ্জুনঃ ॥৮২॥
স বধ্যমানেষ্বস্ত্রেষু দিব্যেষ্বপি যথাবিধি।
অর্জ্জুনেনার্জ্জুনং দ্রোণো মনসৈবাভ্যপূজয়ৎ ॥৮৩॥
মেনে চাত্মানমধিকং পৃথিব্যামপি ভারত!।
তেন শিষ্যেণ সর্ব্বেভ্যঃ শস্ত্রবিদ্ভ্যঃ পরন্তপঃ ॥৮৪॥

ভারতকৌমুদী

অন্যথা দ্রোণাদেব তল্লাভসম্ভবে অর্জ্জুনস্য শিবারাধনবৈয়র্থ্যম্। মুক্তং মুক্তং নির্গতং নির্গতম্ ॥৭৯—৮০॥

অস্ত্রাণীতি। তস্য দ্রোণস্য। দিব্যৈরলৌকিকৈঃ, পার্থমর্জ্জুনম্ ॥৮১॥

যদিতি। বিজিগীষয়া বিজয়েচ্ছয়া। বিকুরুতে বিশেষেণাবিষ্করোতি স্ম ॥৮২॥

স ইতি। বধ্যমানেষু প্রতিহন্যমানেষু। অভ্যপূজয়ৎ প্রাশংসৎ ॥৮৩॥

মেনে ইতি। পরন্তপো দ্রোণঃ। শিষ্যপ্রাধান্যেনাত্মনঃ প্রাধান্যাবশ্যম্ভাবাদিতি ভাবঃ ॥৮৪॥

অস্ত্রবিদ্যাবিশারদ দ্রোণ যখন অর্জ্জুনকে জয় করিতে সমর্থ হইলেন না, তখন তিনি ক্রমশঃ ঐন্দ্র, পাশুপত, ত্বাষ্ট্র, বায়ব্য ও বারুণ অস্ত্র আবিষ্কার করিলেন। দ্রোণের ধনু হইতে যখন যখন সেই সকল অস্ত্র নির্গত হইল, তখন তখনই অর্জ্জুন তাহা নিবারণ করিলেন ॥৭৯—৮০॥

অর্জ্জুন যখন অস্ত্রদ্বারাই যথাবিধানে দ্রোণের অস্ত্র সকল প্রতিসংহার করিলেন, তখন দ্রোণ অর্জ্জুনের উপরে অলৌকিক উত্তম অস্ত্রসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন ॥৮১॥

দ্রোণ জয় করিবার ইচ্ছায় অর্জ্জুনের উপরে যে যে অস্ত্র প্রয়োগ করিতে থাকিলেন, অর্জ্জুন সেই সেই অস্ত্রের প্রতিঘাতের জন্য বিশেষভাবেই সেই সেই অস্ত্র আবিষ্কার করিতে লাগিলেন ॥৮২॥

অর্জ্জুন যথাবিধানে অলৌকিক অস্ত্রগুলিকেও নিবারণ করিলে, দ্রোণ মনে মনে অর্জ্জুনের প্রশংসা করিলেন ॥৮৩॥

এবং ভরতনন্দন! দ্রোণ সেই শিষ্যদ্বারা পৃথিবীর সমস্ত অস্ত্রজ্ঞ হইতে আপনাকে অধিক বলিয়া মনে করিলেন ॥৮৪॥

(৮২)···তত্তদ্ধি কুরুতেঽর্জ্জুনঃ—নি। (৮৪)···পৃথিব্যামধি ভারত!···বা নি।

বার্য্যমাণস্তু পার্থেন তথা মধ্যে মহাত্মনাম্ ।
যতমানোঽধিকং প্রীত্যা প্রীয়তে স্মার্জ্জুনেন সঃ ॥৮৫॥
ততোঽন্তরীক্ষে দেবাশ্চ গন্ধর্ব্বাশ্চ সহস্রশঃ ।
ঋষয়ঃ সিদ্ধসংঘাশ্চ ব্যতিষ্ঠন্ত দিদৃক্ষয়া ॥৮৬॥
তদপ্সরোভিরাকীর্ণং যক্ষরাক্ষসসঙ্কুলম্ ।
শ্রীমদাকাশমভবদ্ভূয়োমেঘাকুলং যথা ॥৮৭॥
তত্র স্মান্তর্হিতা বাচো বিচরন্তি পুনঃ পুনঃ ।
দ্রোণসংস্তবসংযুক্তাঃ পার্থস্য চ মহাত্মনঃ ॥৮৮॥
বিসৃজ্যমানেষ্বস্ত্রেষু জ্বালয়ৎসু দিশো দশ ।
অব্রুবংস্তত্র সিদ্ধাশ্চ ঋষয়শ্চ সমাগতাঃ ॥৮৯॥

ভারতকৌমুদী

বার্য্যেতি। অর্জ্জুনস্তু গুরুগৌরবাৎ কেবলং বারয়তি স্মৈব ন পুনঃ প্রহরতি স্মেতি বোধ্যম্ ॥৮৫॥

তত ইতি। সিদ্ধা দেবযোনিবিশেষাঃ। দিদৃক্ষয়া তয়োর্যুদ্ধদর্শনেচ্ছয়া ॥৮৬॥

তদিতি। শ্রীমৎ শোভাবৎ। ভূয়োভিঃ প্রভূতৈর্মেঘৈরাকুলং ব্যাপ্তম্ ॥৮৭॥

তত্রেতি। অন্তর্হিতা অন্তর্হিতপ্রাণ্যুক্তাঃ। এতেন দেবাদয়োঽপ্যাকাশে অন্তর্হিতা এবাসন্, সঞ্জয়েন তু ব্যাসবরাদালোক্যাভিহিতমিত্যবধেয়ম্। দ্রোণস্য সংস্তবসংযুক্তাঃ প্রশংসাবোধিকাঃ ॥৮৮॥

বিসৃজ্যেতি। বিসৃজ্যমানেষু দ্রোণার্জ্জুনাভ্যাং ক্ষিপ্যমাণেষু, জ্বালয়ৎসু প্রকাশয়ৎসু ॥৮৯॥

দ্রোণ জয়ের জন্য অধিক চেষ্টা করিতে থাকিলেও অর্জ্জুন মহাবীরগণের মধ্যে সেইভাবে তাঁহাকে বারণ করিতে থাকিলেন ; তাহাতে দ্রোণ অত্যন্ত প্রীতিলাভ করিলেন ॥৮৫॥

তাহার পর সহস্র সহস্র দেবতা, গন্ধর্ব, ঋষি ও সিদ্ধ সেই যুদ্ধ দেখিবার ইচ্ছায় আসিয়া আকাশে অবস্থান করিতে লাগিলেন ॥৮৬॥

তখন সেই আকাশ—অপ্সরা, যক্ষ ও রাক্ষসগণে ব্যাপ্ত হইয়া বহুমেঘপূর্ণের ন্যায় শোভা পাইতে লাগিল ॥৮৭॥

সেই সময়ে অন্তর্হিতপ্রাণিকর্তৃক উচ্চারিত দ্রোণ ও মহাত্মা অর্জ্জুনের প্রশংসাযুক্ত বাক্য সকল বার বার আকাশে বিচরণ করিতে থাকিল ॥৮৮॥

দ্রোণ ও অর্জ্জুননিক্ষিপ্ত অস্ত্র সকল দশ দিক্ আলোকিত করিলে, সমাগত সিদ্ধগণ ও ঋষিগণ বলিতে লাগিলেন—॥৮৯॥

---

(৮৭)···যক্ষগন্ধর্বসঙ্কুলম্···বা নি। (৮৮) ব্যচরন্ত পুনঃ পুনঃ। দ্রোণপার্থস্তবোপেতা ব্যশ্রূয়ন্ত নরাধিপ !—বা নি।

নৈবেদং মানুষং যুদ্ধং নাসুরং ন চ রাক্ষসম্।
ন দৈবং ন চ গান্ধর্বং ব্রাহ্মং ধ্রুবমিদং পরম্।
বিচিত্রমিদমাশ্চর্য্যং ন নো দৃষ্টং ন চ শ্রুতম্ ॥৯০॥
অতি পাণ্ডবমাচার্য্যো দ্রোণঞ্চাপ্যতি পাণ্ডবঃ।
নানয়োরন্তরং শক্যং দ্রষ্টুমন্যেন কেনচিৎ ॥৯১॥
যদি রুদ্রো দ্বিধাকৃত্য যুধ্যেতাত্মানমাত্মনা।
তত্র শক্যোপমা কর্ত্তুমন্যত্র তু ন বিদ্যতে ॥৯২॥
জ্ঞানমেকস্থমাচার্য্যে জ্ঞানং যোগশ্চ পাণ্ডবে।
শৌর্য্যমেকস্থমাচার্য্যে বলং শৌর্য্যঞ্চ পাণ্ডবে ॥৯৩॥

ভারতকৌমুদী

নেতি। ব্রাহ্মং ব্রহ্মলোকস্থলোককৃতম্, তেষাং প্রভাবাতিরেকাৎ। নঃ অস্মাভিঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯০॥

অতীতি। কদাচিদাচার্য্যো দ্রোণঃ, পাণ্ডবমর্জ্জুনম্, অতি অতিক্রামতি, কদাচিৎ পাণ্ডবোঽর্জ্জুনশ্চ, দ্রোণম্ অতি অতিক্রামতি। অতএবানয়োরন্তরং ভেদঃ, অন্যেন কেনচিৎ দ্রষ্টুং বোদ্ধুং ন শক্যম্ ॥৯১॥

যদীতি। তত্র তদা। অন্যত্র তু ন বিদ্যতে সা উপমা ॥৯২॥

জ্ঞানমিতি। জ্ঞানমস্ত্রাণামববোধঃ, একস্থং সৎ আচার্য্যে বিদ্যতে। এবং সর্ব্বত্র। যোগঃ কৌশলম্। শৌর্য্যমুৎসাহঃ। দ্বিতয়দ্বিতয়াশ্রয়ত্বাদাচার্য্যাৎ পাণ্ডব এব শ্রেয়ানিতি ভাবঃ ॥৯৩॥

'এই যুদ্ধ—মানুষের নহে, অসুরের নহে, রাক্ষসের নহে, দেবতার নহে, এবং গন্ধর্ব্বেরও নহে; কিন্তু নিশ্চয়ই ইহা ব্রহ্মলোকবাসী লোকের। যেহেতু আমরা এইরূপ নানাপ্রকার আশ্চর্য্য যুদ্ধ পূর্ব্বে দেখি নাই বা শুনিও নাই ॥৯০॥

কোন সময়ে দ্রোণ অর্জ্জুনকে অতিক্রম করিতেছেন, আবার কোন সময়ে অর্জ্জুনও দ্রোণকে অভিভূত করিতেছেন। সুতরাং অন্য কোন লোকই উঁহাদের তারতম্য বুঝিতে সমর্থ হয় না ॥৯১॥

রুদ্রদেব আপনাকে আপনি দুই ভাগে বিভক্ত করিয়া যদি যুদ্ধ করেন, তাহা হইলেই এই যুদ্ধের তুলনা করা যায়, না হইলে অন্যত্র ইহার তুলনা নাই ॥৯২॥

অস্ত্রবিদ্যা একস্থ হইয়া দ্রোণে রহিয়াছে, আর অস্ত্রবিদ্যা ও অস্ত্রপ্রয়োগের কৌশল দু-ই অর্জ্জুনে আছে; এবং বীরত্ব একস্থ হইয়া দ্রোণে আছে, আর শক্তি ও বীরত্ব দু-ই অর্জ্জুনে রহিয়াছে ॥৯৩॥

নেমৌ শক্যৌ মহেষ্বাসৌ যুদ্ধে ক্ষপয়িতুং পরৈঃ।
ইচ্ছমানৌ পুনরিমৌ হন্যেতাং সামরং জগৎ ॥৯৪॥
ইত্যব্রুবন্ মহারাজ! দৃষ্ট্বা তৌ পুরুষর্ষভৌ।
অন্তর্হিতানি ভূতানি প্রকাশানি চ সংঘশঃ ॥৯৫॥
ততো দ্রোণো ব্রাহ্মমস্ত্রং প্রাদুশ্চক্রে মহামতিঃ।
সন্তাপয়ন্ রণে পার্থং ভূতান্যন্তর্হিতানি চ ॥৯৬॥
ততশ্চচাল পৃথিবী সপর্বতবনদ্রুমা।
ববৌ চ বিষমো বায়ুঃ সাগরাশ্চাপি চুক্ষুভুঃ ॥৯৭॥
ততস্ত্রাসো মহানাসীৎ কুরুপাণ্ডবসেনয়োঃ।
সর্ব্বেষাঞ্চৈব ভূতানামুদ্যতেঽস্ত্রে মহাত্মনা ॥৯৮॥

ভারতকৌমুদী

নেতি। ইচ্ছমানাবিত্যাত্মনেপদপ্রত্যয়বং হন্যেতামিত্যপ্যার্ষঃ প্রয়োগঃ ॥৯৪॥
ইতীতি। অন্তর্হিতানি ভূতানি গগনস্থানি সিদ্ধাদীনি, প্রকাশানি চ ভূতানি মনুষ্যাঃ ॥৯৫॥
তত ইতি। প্রাদুশ্চক্রে প্রাদুষ্কর্ত্তুমুদ্যতো বভূব। চকারাৎ প্রকাশানি চ ॥৯৬॥
তত ইতি। বিষমো ঘূর্ণমানঃ। চুক্ষুভুঃ সঙ্কেলুঃ ॥৯৭॥
তত ইতি। ভূতানাং গগনস্থানাং দেবাদীনাং ভূতলস্থানাং মনুষ্যাদীনাঞ্চ ॥৯৮॥

অতএব অন্যেরা এই মহাধনুর্দ্ধর দুই জনকে বিনাশ করিতে সমর্থ হয় না; কিন্তু ইঁহারা ইচ্ছা করিলে, দেবতাদের সহিত সমগ্র জগৎই সংহার করিতে পারেন' ॥৯৪॥

মহারাজ! পুরুষশ্রেষ্ঠ দ্রোণ ও অর্জ্জুনকে দেখিয়া অন্তর্হিত ও প্রকাশিত প্রাণীরা দলে দলে এই কথা বলিতে লাগিল ॥৯৫॥

তাহার পর মহামতি দ্রোণ যুদ্ধে অর্জ্জুনকে, অন্তর্হিত প্রাণিগণকে এবং প্রকাশিত প্রাণীদিগকে সন্তপ্ত করতঃ পুনরায় ব্রহ্মাস্ত্রক্ষেপের উপক্রম করিলেন ॥৯৬॥

তদনন্তর পর্ব্বত, বন ও বৃক্ষাদির সহিত পৃথিবী কাঁপিতে লাগিল, বিষম বায়ু বহিতে থাকিল এবং সমুদ্রগুলিও বিচলিত হইল ॥৯৭॥

মহাত্মা দ্রোণ ব্রহ্মাস্ত্রক্ষেপের উদ্যম করিলে, কুরুসৈন্য, পাণ্ডবসৈন্য এমন কি সমস্ত প্রাণীরই মহাত্রাস জন্মিল ॥৯৮॥

(৯৪)··ক্ষয়িতুং পরৈঃ···পি বঙ্গ বৰ্দ্ধ।

ততঃ পার্থোঽপ্যসংভ্রান্তস্তদস্ত্রং প্রতিজঘ্নিবান্।
ব্রহ্মাস্ত্রেণৈব রাজেন্দ্র ! ততঃ সর্ব্বমশীশমৎ ॥৯৯॥
যদা ন গম্যতে পারং তয়োরন্যতরস্য বা।
ততঃ সঙ্কুলযুদ্ধেন তদ্যুদ্ধং ব্যাকুলীকৃতম্ ॥১০০॥
নাজ্ঞায়ত ততঃ কিঞ্চিৎ পুনরেব বিশাংপতে !।
প্রবৃত্তে তুমুলে যুদ্ধে দ্রোণপাণ্ডবয়োর্ম্মৃধে ॥১০১॥
শরজালৈঃ সমাকীর্ণে মেঘজালৈরিবাম্বরে।
ন স্ম সংপততে কশ্চিদন্তরীক্ষচরস্তদা ॥১০২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্বণি দ্রোণবধে দ্রোণার্জ্জুনযুদ্ধে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। অসংভ্রান্তঃ অবিচলিতঃ। সর্ব্বং পৃথিবীচলনাদিকম্, অশীশমৎ পার্থ এব ॥৯৯॥

যদেতি। যদা তয়োর্দ্রোণার্জ্জুনয়োরুভয়োঃ, অন্যতরস্য তয়োরেকতরস্য বা, পারং শেষঃ অস্ত্রপ্রয়োগনিবৃত্তিরিত্যর্থঃ, ন গম্যতে উভয়পক্ষীয়ৈরেব প্রষ্টৃযোদ্ধৃভির্ন প্রাপ্যতে ; ততস্তদা, সঙ্কুলযুদ্ধেন সঙ্কুলযুদ্ধারম্ভণেন, তৎ দ্রোণার্জ্জুনয়োর্যুদ্ধম্, ব্যাকুলীকৃতং সঙ্কীর্ণীকৃতম্ ॥১০০॥

নেতি। পুনরেব তুমুলে যুদ্ধে প্রবৃত্তে দ্রোণপাণ্ডবয়োর্ম্মৃধে কিঞ্চিন্নাজ্ঞায়তেতি সম্বন্ধঃ ॥১০১॥

ভারতভাবদীপঃ

ভূষণৈঃ, নিষ্কৈঃ কণ্ঠভূষণৈঃ ॥৪৬—৪৮॥ ভ্রাতৃব্যোণারিণা ॥৪৯—৯২॥ যোগঃ প্রয়োগকৌশলম্ ॥৯৩—৯৬॥ বিষমস্থঃ ॥৯৭—৯৮॥ অশীশমদশাময়ৎ, এবশব্দশ্চাপার্থে ॥৯৯—১০২॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পর অর্জ্জুন অবিচলিত থাকিয়া ব্রহ্মাস্ত্রদ্বারাই দ্রোণের সেই ব্রহ্মাস্ত্র প্রতিহত করিলেন এবং তাহাতেই সমস্ত উৎপাতের নিবৃত্তিও করিলেন ॥৯৯॥

উভয়পক্ষের যোদ্ধারা যখন দ্রোণ ও অর্জ্জুন দুই জনের কিংবা তাঁহাদের এক জনেরও যুদ্ধের শেষ দেখিলেন না, তখন তাঁহারা তুমুল যুদ্ধ আরম্ভ করিয়া দিয়া দ্রোণ ও অর্জ্জুনের সেই যুদ্ধকে মিশ্রিত করিয়া ফেলিলেন ॥১০০॥

নরনাথ ! তদনন্তর পুনরায় তুমুল যুদ্ধ লাগিয়া গেলে, দ্রোণ ও অর্জ্জুনের সেই যুদ্ধের কোন ঘটনাই জানা গেল না ॥১০১॥

---

(১০১) ···দ্রোণপাণ্ডবয়োর্নৃপ।—নি। (১০২)···নাপতচ্চ ততঃ কশ্চিৎ···নি। * '···ষড়শীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '···সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '···একোননবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

তস্মিংস্তথা বর্ত্তমানে নরাশ্বগজসংক্ষয়ে।
দুঃশাসনো মহারাজ! ধৃষ্টদ্যুম্নমযোধয়ৎ ॥১॥
স তু রুক্মরথাসক্তো দুঃশাসনশরার্দ্দিতঃ।
অমর্ষাত্তব পুত্রস্য শরৈর্বাহানবাকিরৎ ॥২॥
ক্ষণেন স রথস্তস্য সধ্বজঃ সহসারথিঃ।
নাদৃশ্যত মহারাজ! পার্ষতস্য শরৈশ্চিতঃ ॥৩॥
দুঃশাসনস্তু রাজেন্দ্র! পাঞ্চাল্যস্য মহাত্মনঃ।
নাশকৎ প্রমুখে স্থাতুং শরজালপ্রপীড়িতঃ ॥৪॥

ভারতকৌমুদী

শরেতি। সমাকীর্ণে ব্যাপ্তে। ন সংপতন্তে স্ম ন বিচচার অবকাশাভাবাদ্বিহঙ্গ ॥১০২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে
একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

তস্মিন্নিতি। তথা তাদৃশেন ভাবেন অতিশয়েনেত্যর্থঃ ॥১॥
স ইতি। রুক্মরথঃ স্বর্ণময়রথো দ্রোণস্তস্মিন্নাসক্তস্তদ্যুদ্ধায়ৈবোৎসুকঃ। বাহানশ্বান্ ॥২॥
ক্ষণেনেতি। তস্য দুঃশাসনস্য। পার্ষতস্য ধৃষ্টদ্যুম্নস্য, চিতো ব্যাপ্তঃ ॥৩॥

তখন মেঘসমূহের ন্যায় বাণসমূহে আকাশ ব্যাপ্ত হইয়া পড়িলে, আকাশচর কোন প্রাণীই সে আকাশে বিচরণ করে নাই' ॥১০২॥

———:*:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! সেইভাবে হস্তী, অশ্ব ও মানুষের গুরুতর ক্ষয় হইতে লাগিলে, দুঃশাসন ধৃষ্টদ্যুম্নের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইলেন ॥১॥

ওদিকে ধৃষ্টদ্যুম্ন দ্রোণের সহিত যুদ্ধেই অভিলাষী ছিলেন, কিন্তু দুঃশাসনের বাণে পীড়িত হওয়ায় তিনি ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা দুঃশাসনের অশ্বগুলিকে পীড়ন করিলেন ॥২॥

মহারাজ! ক্ষণকালমধ্যে ধ্বজ ও সারথির সহিত দুঃশাসনের সেই রথখানা ধৃষ্টদ্যুম্নের বাণে ব্যাপ্ত হইয়া যাওয়ায় দৃষ্টিগোচরই হইল না ॥৩॥

স তু দুঃশাসনং বাণৈর্বিমুখীকৃত্য পার্ষতঃ।
কিরন্ শরসহস্রাণি দ্রোণমেবাভ্যয়াদ্রণে ॥৫॥
প্রত্যপদ্যত হার্দ্দিক্যঃ কৃতবর্ম্মা তদন্তরম্।
সোদর্য্যাণাং ত্রয়শ্চৈব ত এনং পর্য্যবারয়ন্ ॥৬॥
তং যমৌ পৃষ্ঠতোঽন্বেতাং রক্ষন্তৌ পুরুষর্ষভৌ।
দ্রোণায়াভিমুখং যান্তং দীপ্যমানমিবানলম্ ॥৭॥
সম্প্রহারমকুর্ব্বংস্তে সর্ব্বে সপ্ত মহারথাঃ।
অমর্ষিতাঃ সত্ত্ববন্তঃ কৃত্বা মরণমগ্রতঃ ॥৮॥
শুদ্ধাত্মানঃ শুদ্ধবৃত্তা রাজন্! স্বর্গপুরস্কৃতাঃ।
আর্য্যযুদ্ধমকুর্ব্বন্ত পরস্পরজিগীষবঃ ॥৯॥

ভারতকৌমুদী

দুঃশাসন ইতি। পাঞ্চাল্যস্য ধৃষ্টদ্যুম্নস্য। প্রমুখে অগ্রতঃ ॥৪॥

স ইতি। দ্রোণমেবাভ্যয়াদভ্যগচ্ছৎ তস্যৈব মুখ্যোদ্দেশ্যত্বাদিত্যাশয়ঃ ॥৫॥

প্রতীতি। প্রত্যপদ্যত প্রাপ্নোৎ। অন্তরমবকাশম্। সোদর্য্যাণাং ধার্ত্তরাষ্ট্রাণাম্ ॥৬॥

তমিতি। তং ধৃষ্টদ্যুম্নম্, যমৌ নকুলসহদেবৌ, অন্বেতামন্বগচ্ছতাম্ ॥৭॥

সমিতি। নকুলসহদেবধৃষ্টদ্যুম্না ইতি পাণ্ডবপক্ষীয়াস্ত্রয়ঃ, ধার্ত্তরাষ্ট্রাস্ত্রয়ঃ কৃতবর্ম্মা চেতি কুরুপক্ষীয়াশ্চত্বার ইতি মিলিত্বা সপ্ত। সত্ত্ববন্তঃ অধ্যবসায়শালিনঃ ॥৮॥

শুদ্ধেতি। শুদ্ধাত্মানঃ প্রতারণাদ্যভিপ্রায়শূন্যচিত্তাঃ, অতএব শুদ্ধবৃত্তা নির্দোষব্যবহারাঃ, স্বর্গ এব পুরস্কৃতঃ প্রধানোদ্দেশীকৃতো যৈস্তে। আর্য্যযুদ্ধং সজ্জনযুদ্ধম্ ॥৯॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে দুঃশাসন মহাবল ধৃষ্টদ্যুম্নের বাণসমূহে পীড়িত হইতে থাকিয়া তাঁহার সম্মুখেই থাকিতে পারিলেন না ॥৪॥

পরে ধৃষ্টদ্যুম্ন বাণদ্বারা দুঃশাসনকে পরাঙ্মুখ করিয়া সহস্র সহস্র বাণ নিক্ষেপ করিতে করিতে দ্রোণের দিকেই ধাবিত হইলেন ॥৫॥

কিন্তু হৃদিকনন্দন কৃতবর্ম্মা ও দুঃশাসনের তিন সহোদর সেই অবসর গ্রহণ করিলেন, অর্থাৎ তাঁহারা চারিজন ধৃষ্টদ্যুম্নকে বারণ করিতে লাগিলেন ॥৬॥

প্রজ্বলিত অগ্নির ন্যায় ধৃষ্টদ্যুম্ন দ্রোণের দিকে আসিতে লাগিলে, পুরুষশ্রেষ্ঠ নকুল ও সহদেব তাঁহাকে রক্ষা করতঃ তাঁহার পিছনে আসিতে থাকিলেন ॥৭॥

ক্রুদ্ধ ও অধ্যবসায়শালী সেই সাত জন মহারথেরা সকলেই মৃত্যুকে সম্মুখে রাখিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৮॥

---

(৬)···কৃতবর্ম্মা ত্বনন্তরম্···বা নি। (৮)···সর্ব্বে চ সুমহারথাঃ···বা নি। (৯)···আর্য্যং যুদ্ধম্···বা নি।

শুক্লাভিজনকর্ম্মাণো মতিমন্তো জনাধিপ !।
ধর্ম্মযুদ্ধমযুধ্যন্ত প্রেপ্সন্তো গতিমুত্তমাম্ ॥১০॥
ন তত্রাসীদধর্ম্মিষ্ঠমশস্ত্রং যুদ্ধমেব বা।
ন তত্র কর্ণী নালীকো ন লিপ্তো ন চ বস্তকঃ ॥১১॥
ন সূচী কপিশো নাত্র ন গবাস্থিগজাস্থিকঃ।
ইষুরাসীন্ন সংশ্লিষ্টো ন পূতির্ন চ জিহ্মগঃ ॥১২॥
ঋজূন্যেব বিশুদ্ধানি সর্ব্বে শস্ত্রাণ্যধারয়ন্।
সুযুদ্ধেন পরাল্লোঁকানীপ্সন্তঃ কীর্ত্তিমেব চ ॥১৩॥

ভারতকৌমুদী

শুক্লেতি। শুক্লে নির্ম্মলে অভিজনকর্ম্মণী বংশকার্য্যে যেষাং তে ॥১০॥

নেতি। কর্ণবদুভয়পার্শ্বে কণ্টকশালী বাণঃ কর্ণী। তদুদ্ধরণে অস্ত্রানুদ্ধিয়ন্তে। অলীকো মিথ্যাভূতোঽপি বাণো নাসীৎ। মৃন্ময়মুখাঙ্গলীকবাণদর্শনে কেষাঞ্চিত্ রসারতাপ্রতীতিঃ। লিপ্তো বিষাক্তো বাণো নাসীৎ। তৎক্ষেপে নৃশংসতাপত্তিঃ। বস্তকঃ ছাগমুখাকৃতির্বাণো নাসীৎ। তৎপাতে অঙ্গচ্ছেদাতিরেকঃ কিরাতবৃত্তিদ্যোতকঃ ॥১১॥

নেতি। সূচী সূচীবৎ সূক্ষ্মমুখো বাণো নাসীৎ গাত্রেঽধিকপ্রবেশসম্ভবাৎ। কপিশঃ সুরাভাঙ্গাদিনা পিঙ্গলবর্ণো বাণো নাসীৎ স্থায়িক্ষতজননাৎ। গবাস্থিগজাস্থিকঃ তদুভয়নির্ম্মিতোঽপি বাণো নাসীৎ পীড়াতিরেকসম্ভবাৎ। ইষুর্বাণঃ, সংশ্লিষ্টো স্বিত্র্যাদিযুক্তঃ প্রহারাতিশয়াপত্তেঃ। পূতিঃ পূতিজনক ঔষধবিশেষলিপ্তমুখো বাণো নাসীৎ নৃশংসতাসূচনাৎ। জিহ্মগঃ কুটিলগামী বাণো নাসীৎ লক্ষ্যেতরস্থানপতনে ব্যথাতিশয়জননাৎ ॥১২॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১০॥ বস্তকশ্ছাগশীর্ষাকৃতিঃ, সূচয়তি সূক্ষ্মতয়ান্তরমিতি সূচী ॥১১॥ গবাস্থির্গোকর্ণাকৃতিমুখঃ, গজাস্থিকো গজকপালাস্ত্রঃ, সংশ্লিষ্টোঽনেকত্বঃখঃ, পূতিরাস্রাবজনকঃ,

রাজা! তাঁহারা শুদ্ধচিত্ত, শুদ্ধচরিত্র, স্বর্গাভিলাষী ও পরস্পরজয়ার্থী হইয়া সজ্জনোচিত যুদ্ধই করিতে থাকিলেন ॥৯॥

নরনাথ! শুদ্ধবংশোৎপন্ন, নির্দ্দোষকার্য্যকারী ও বুদ্ধিমান্ সেই যোদ্ধারা উত্তম গতিলাভের ইচ্ছা করিয়া ধর্ম্মযুদ্ধই করিতে লাগিলেন ॥১০॥

সে যুদ্ধে অধর্ম্ম ছিল না, কিংবা অস্ত্রব্যতীত সে যুদ্ধ হয় নাই এবং তাহাতে কর্ণী, অলীক, বিষাক্ত, বা ছাগমুখ বাণ ছিল না ॥১১॥

কিংবা সে যুদ্ধে সূচী, কপিশ, বা গবাস্থি ও গজাস্থিনির্ম্মিত বাণ ব্যবহৃত হয় নাই; অথবা একদা অনেক বাণ, পূতি-(পূয) জনক বাণ বা বক্রগামী বাণ নিক্ষিপ্ত হয় নাই ॥১২॥

(১১)---অশস্ত্রং যুদ্ধমেব বা। নাত্র কর্ণী ন নালীকো ন লিপ্তো ন চ বস্তিকঃ—নি।

তদাসীত্তুমুলং যুদ্ধং সর্ব্বদোষবিবর্জিতম্।
চতুর্ণাং তব যোধানাং তৈস্ত্রিভিঃ পাণ্ডবৈঃ সহ ॥১৪॥
ধৃষ্টদ্যুম্নস্তু তান্ দৃষ্ট্বা তব রাজন্! রথর্ষভান্।
যমাভ্যাং বারিতান্ বীরান্ শীঘ্রাস্ত্রো দ্রোণমভ্যয়াৎ ॥১৫॥
নিবারিতাস্তু তে বীরাস্তয়োঃ পুরুষসিংহয়োঃ।
সমসজ্জন্ত চত্বারো বাতাঃ পর্ব্বতয়োরিব ॥১৬॥
দ্বাভ্যাং দ্বাভ্যাং যমৌ সার্দ্ধং রথাভ্যাং রথপুঙ্গবৌ।
সমাসক্তৌ ততো দ্রোণং ধৃষ্টদ্যুম্নোঽভ্যবর্ত্তত ॥১৭॥
দৃষ্ট্বা দ্রোণায় পাঞ্চাল্যং ব্রজন্তং যুদ্ধদুর্ম্মদম্।
যমাভ্যাং তাংশ্চ সংসক্তাংস্তদন্তরমুপাদ্রবৎ।
দুর্য্যোধনো মহারাজ! কিরন্ শোণিতভোজনান্ ॥১৮॥

ভারতকৌমুদী

ঋজূনীতি। ঋজূনি সরলানি, বিশুদ্ধানি বিষাদিদোষহীনানি, শস্ত্রাণি অপরাণাপি ॥১৩॥
তদেতি। চতুর্ণাং ধার্ত্তরাষ্ট্রত্রয়কৃতবর্ম্মণাম্। ত্রিভির্নকুলসহদেবধৃষ্টদ্যুম্নৈঃ ॥১৪॥
ধৃষ্টেতি। যমাভ্যাং নকুলসহদেবাভ্যাম্। দ্রোণমভ্যয়াৎ তস্যৈব প্রধানলক্ষ্যত্বাৎ ॥১৫॥
নিবারিতা ইতি। তে কৃতবর্ম্মাদয়ঃ, তয়োর্যময়োঃ। সমসজ্জন্ত যুদ্ধে মিলিতাঃ ॥১৬॥
দ্বাভ্যামিতি। কুরুপক্ষীয়াণাং চতুর্ণাং মধ্যে দ্বাভ্যাং দ্বাভ্যাং সার্দ্ধমিত্যর্থঃ ॥১৭॥

তাঁহারা সকলেই ধর্ম্মযুদ্ধদ্বারা উত্তম লোক ও কীর্ত্তি লাভ করিবার ইচ্ছা করিয়া সরল ও বিশুদ্ধ অস্ত্রই ধারণ করিয়াছিলেন ॥১৩॥

রাজা! তখন পাণ্ডবপক্ষের সেই তিন জন বীরের সহিত আপনার পক্ষের চারি জন যোদ্ধার সর্ব্বদোষবিবর্জিত তুমুল যুদ্ধ হইতে লাগিল ॥১৪॥

রাজা! নকুল ও সহদেব আপনার পক্ষের সেই রথিশ্রেষ্ঠ চারি জন বীরকে রুদ্ধ করিয়াছেন দেখিয়া দ্রুতাস্ত্রক্ষেপী ধৃষ্টদ্যুম্ন দ্রোণের দিকেই ধাবিত হইলেন ॥১৫॥

আপনার পক্ষের সেই চারি জন বীর নকুল-সহদেবকর্ত্তৃক রুদ্ধ হইয়া বায়ু যেমন দুইটা পর্ব্বতে মিলিত হয়, সেইরূপ সেই পুরুষশ্রেষ্ঠ দুই জনের সহিত যুদ্ধে মিলিত হইলেন ॥১৬॥

রথিশ্রেষ্ঠ নকুল ও সহদেব প্রত্যেকে কুরুপক্ষীয় সেই চারি জন বীরের মধ্যে দুই দুই জনের সহিত মিলিত হইয়াছিলেন। তৎপরে ধৃষ্টদ্যুম্ন দ্রোণের অভিমুখেই চলিলেন ॥১৭॥

(১৭)···রথসত্তমৌ···বর্দ্ধ।

তং সাত্যকিঃ শীঘ্রতরং পুনরেবাভ্যবর্ত্তত।
তৌ পরস্পরমাসাদ্য সমীপে কুরুমাধবৌ।
হসমানৌ নৃশার্দ্দূলাবভীতৌ সমসজ্জতাম্ ॥১৯॥
বাল্যবৃত্তানি সর্বাণি প্রীয়মাণৌ বিচিন্ত্য তৌ।
অন্যোন্যং প্রেক্ষমাণৌ চ স্ময়মানৌ পুনঃ পুনঃ ॥২০॥
অথ দুর্য্যোধনো রাজা সাত্যকিং সমভাষত।
প্রিয়ং সখায়ং সততং গর্হয়ন্ বৃত্তমাত্মনঃ ॥২১॥
ধিক্ ক্রোধং ধিক্ সখে! লোভং ধিঙ্ মোহং ধিগমর্ষিতাম্।
ধিগস্তু ক্ষাত্রমাচারং ধিগস্তু বলপৌরুষম্।
যত্র মামভিসন্ধৎসে ত্বাঞ্চাহং শিনিপুঙ্গব! ॥২২॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্। তদন্তরং তদবসরং প্রাপ্য, উপাদ্রবৎ পাঞ্চাল্যমেব বারয়িতুমভ্যধাবৎ। শোণিতানি ভুঙ্ক্ত ইতি তান্ উত্তমবাণানিত্যর্থঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৮॥

তমিতি। কুরুমাধবৌ কুরুবংশীয়মধুবংশীয়ৌ দুর্য্যোধনসাত্যকী। ষট্পাদঃ শ্লোকঃ ॥১৯॥

বাল্যেতি। বাল্যবৃত্তানি বাল্যকালব্যবহারান্। স্ময়মানৌ ঈষদ্ধসন্তাবাস্তাম্ ॥২০॥

অথেতি। আত্মনো বৃত্তং ব্যবহারম্। এতেনাস্য সর্বদৈব স্বদোষস্মৃতিরাসীদিতি সূচিতম্ ॥২১॥

ধিগিতি। অমর্ষিতামসহিষ্ণুতাম্। অভি লক্ষীকৃত্য সন্ধৎসে অস্ত্রাণি। ষট্পাদঃ ॥২২॥

মহারাজ! তখন যুদ্ধদুর্দ্ধর্ষ ধৃষ্টদ্যুম্ন দ্রোণের দিকে যাইতেছেন এবং নকুল-সহদেবও সেই চারি জন বীরের সহিত যুদ্ধে ব্যাপৃত হইয়াছেন ইহা দেখিয়া দুর্য্যোধন রক্তপায়ী বাণ সকল নিক্ষেপ করিতে করিতে ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥১৮॥

এই সময়ে সাত্যকি পুনরায় সত্বর দুর্য্যোধনের অভিমুখবর্ত্তী হইলেন। তখন নরশ্রেষ্ঠ দুর্য্যোধন ও সাত্যকি নিকটে পরস্পরকে পাইয়া নির্ভয়চিত্তে হাসিতে হাসিতে আবার যুদ্ধে মিলিত হইলেন ॥১৯॥

ক্রমে তাঁহারা বাল্যকালের সমস্ত ব্যবহার স্মরণ করিয়া প্রীতিযুক্ত হইয়া পরস্পর দৃষ্টিপাত করিতে থাকিয়া বার বার মৃদু হাস্য করিতে লাগিলেন ॥২০॥

তাহার পর রাজা দুর্য্যোধন নিজ ব্যবহারের নিন্দা করিবার জন্য চিরকালের প্রিয় সখা সাত্যকিকে বলিলেন—॥২১॥

---

(২০) বাল্যে বৃত্তানি···পি বদ্ধ। (২২)···ধিগমর্ষিতম্···বলমৌরসম্···নি।

ত্বং হি প্রাণৈঃ প্রিয়তরো মমাহঞ্চ সদা তব।
স্মরামি তানি সর্বাণি বাল্যে বৃত্তানি যানি নৌ ॥২৩॥
তানি সর্ব্বাণি জীর্ণানি সাম্প্রতং নৌ রণাজিরে।
কিমন্যৎ ক্রোধলোভাভ্যাং যুধ্যামি ত্বাস্য সাত্বত! ॥২৪॥
তং তথাবাদিনং তত্র সাত্যকিঃ প্রত্যভাষত।
প্রহসন্ বিশিখাংস্তীক্ষ্ণানুদ্যম্য পরমাস্ত্রবিৎ ॥২৫॥
নেয়ং সভা রাজপুত্র! নাচার্য্যস্য নিবেশনম্।
যত্র ক্রীড়িতমস্মাভিস্তদা রাজন্! সমাগতৈঃ ॥২৬॥

দুর্য্যোধন উবাচ।

ক সা ক্রীড়া গতাস্মাকং বাল্যে বৈ শিনিপুঙ্গব!।
ক চ যুদ্ধমিদং ভূয়ঃ কালো হি দুরতিক্রমঃ ॥২৭॥

ভারতকৌমুদী

ত্বমিতি। প্রাণৈঃ প্রাণাপেক্ষয়েত্যর্থঃ। বৃত্তানি ব্যবহারা আসন্, নৌ আবয়োঃ ॥২৩॥
তানীতি। জীর্ণানি গতানি। নৌ আবয়োঃ। ত্বা ত্বাম্ ॥২৪॥
তমিতি। তীক্ষ্ণবিশিখোদ্যমনেনাত্মনো যুদ্ধেচ্ছা জ্ঞাপিতা ॥২৫॥
নেতি। আচার্য্যস্য গুরোঃ, নিবেশনং ভবনম্। সমাগতৈঃ সম্মিলিতৈঃ ॥২৬॥
কেতি। বাল্যে কৃতেতি শেষঃ। ভূয়ঃ পুনঃ। কালাদেবায়ং ব্যত্যয়ঃ ॥২৭॥

'সখে! শিনিবংশশ্রেষ্ঠ! ক্রোধ, লোভ, মোহ, অসহিষ্ণুতা, ক্ষত্রিয়াচার, বল ও পুরুষকারের আমি নিন্দা করি। যে হেতু তুমি আমার প্রতি অস্ত্রসন্ধান কর, আমিও তোমার প্রতি অস্ত্রসন্ধান করিয়া থাকি ॥২২॥

বাল্যকালে আমাদের যে সকল ব্যবহার হইত, সে সমস্তই আমি স্মরণ করিতেছি। তখন সর্ব্বদাই তুমি আমার প্রাণ অপেক্ষাও প্রিয় ছিলে, আমিও তোমার সেইরূপই প্রিয় ছিলাম ॥২৩॥

সাত্বতবংশীয়! বর্ত্তমান সময়ে এই রণস্থলে আমাদের সে সমস্তই জীর্ণ হইয়া গিয়াছে। ক্রোধ ও লোভ ভিন্ন ইহার অন্য কোন্ কারণ হইতে পারে? সে যাহা হউক, আজ আমি তোমার সহিত যুদ্ধ করিব' ॥২৪॥

দুর্য্যোধন সেইরূপ বলিতে লাগিলে, পরমাস্ত্রবিৎ সাত্যকি তখন হাস্য করতঃ তীক্ষ্ণ বাণ উত্তোলন করিয়া প্রত্যুত্তর করিলেন—॥২৫॥

'রাজপুত্র রাজা! সেই সময়ে আমরা মিলিত হইয়া যেখানে খেলা করিতাম, এ সে সভাও নহে, কিংবা গুরুগৃহও নহে ॥২৬॥

(২৪)···যুদ্ধমেবাদ্য সাত্বত!—বা নি।

কিংনু নো বিদ্যতে কৃত্যং ধনেন ধনলিপ্সয়া।
যত্র যুধ্যামহে সর্ব্বে ধনলোভাৎ সমাগতাঃ ॥২৮॥

সঞ্জয় উবাচ।

তং তথাবাদিনং তত্র রাজানং মাধবোঽব্রবীৎ।
এবং বৃত্তং সদা ক্ষাত্রং যদ্ঘ্নন্তীহ গুরূনপি ॥২৯॥
যদি তেঽহং প্রিয়ো রাজন্! জহি মাং মা চিরং কৃথাঃ।
ত্বৎকৃতে সুকৃতাল্লোঁকান্ গচ্ছেয়ং ভরতর্ষভ! ॥৩০॥
যা তে শক্তির্বলং যচ্চ তৎ ক্ষিপ্রং ময়ি দর্শয়।
নেচ্ছাম্যেতদহং দ্রষ্টুং মিত্রাণাং ব্যসনং মহৎ ॥৩১॥
ইত্যেবং ব্যক্তমাভাষ্য প্রতিভাষ্য চ সাত্যকিঃ।
অভ্যয়াত্তূর্ণমব্যগ্রো দয়াং নাকুরুতাত্মনি ॥৩২॥

ভারতকৌমুদী

কিমিতি। নঃ অস্মাকম্, ধনেন ধনলিপ্সয়া বা কিং কৃত্যং কিমপি ন বিনশ্বরত্বাৎ ॥২৮॥
তমিতি। মাধবো মধুবংশজঃ সাত্যকিঃ। এবমিত্থমেব, বৃত্তং চরিত্রম্ ॥২৯॥
যদীতি। চিরং বিলম্বম্। সুকৃতান্ সুকৃতসাধ্যান্, লোকান্ স্বর্গান্ ॥৩০॥
যেতি। শক্তির্দৈহিকী, বলং মানসিকম্। ব্যসনং মরণরূপাং বিপদম্ ॥৩১॥

দুর্য্যোধন বলিলেন—'শিনিবংশশ্রেষ্ঠ! আমাদের সেই বাল্যকালকৃত খেলাই বা কোথায় গেল, আর এই যুদ্ধই বা কোথা হইতে উপস্থিত হইল। কালকে অতিক্রম করা দুষ্করই বটে ॥২৭॥

আমরা সকলে যে ধনলোভে সম্মিলিত হইয়া যুদ্ধ করিতেছি, সেই ধন বা ধনলিপ্সায় আমাদের কোন্ কার্য্য হইবে?' ॥২৮॥

সঞ্জয় কহিলেন—'দুর্য্যোধন সেইরূপ বলিতে লাগিলে, সাত্যকি তাঁহাকে বলিলেন—'ক্ষত্রিয়ের স্বভাব চিরদিনই এইরূপ যে, তাঁহারা গুরুদিগকেও বধ করিয়া থাকেন ॥২৯॥

রাজা! আমি যদি তোমার প্রিয় হই, তবে আমাকে সত্বর বধ কর, বিলম্ব করিও না; ভরতশ্রেষ্ঠ! আমি তোমার জন্য পুণ্যলোকে গমন করিব ॥৩০॥

তোমার যতদূর দৈহিক শক্তি আছে এবং যতবড় মানসিক বল রহিয়াছে, তাহা সত্বর আমার উপরে দর্শন করাও; আমি আর এই মিত্রগণের মহাবিপদ্ দেখিতে ইচ্ছা করি না' ॥৩১॥

(২৯)·· যুধ্যন্তীহ গুরূনপি— বা নি। (৩১)·· নেচ্ছামি তদহং দ্রষ্টুম্·· বা নি।

তমায়ান্তং মহাবাহুং প্রত্যগৃহ্লাত্তবাত্মজঃ।
শরৈশ্চাবাকিরদ্রাজন্! শৈনেয়ং তনয়স্তব ॥৩৩॥
ততঃ প্রবর্ত্তে যুদ্ধং কুরুমাধবসিংহয়োঃ।
অন্যোন্যং ক্রুদ্ধয়োর্ঘোরং যথা দ্বিরদসিংহয়োঃ ॥৩৪॥
ততঃ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ সাত্বতং যুদ্ধদুর্ম্মদম্।
দুর্য্যোধনঃ প্রত্যবিধ্যৎ কুপিতো দশভিঃ শরৈঃ ॥৩৫॥
তং সাত্যকিঃ প্রত্যবিধ্যত্তথৈবাবাকিরচ্ছরৈঃ।
পঞ্চাশতা পুনশ্চাজৌ ত্রিংশতা দশভিশ্চ হ ॥৩৬॥
সাত্যকিস্তু রণে রাজন্! প্রহসংস্তনয়স্তব।
আকর্ণপূর্ণৈর্নিশিতৈর্বিব্যাধ ত্রিংশতা শরৈঃ।
ততোঽস্য সশরং চাপং ক্ষুরপ্রেণ দ্বিধাচ্ছিনৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

ইতীতি। আভাষ্য বন্ধুরূপেণ, প্রতিভাষ্য শক্ররূপেণ চ। অভ্যায়াদ্দুর্য্যোধনম্ ॥৩২॥
তমিতি। অবাকিরৎ প্রাহরৎ, শৈনেয়ং শিনিপৌত্রং সাত্যকিম্ ॥৩৩॥
তত ইতি। কুরুমাধবসিংহয়োঃ কুরুবংশীয়মধুবংশীয়শ্রেষ্ঠয়োর্দুর্য্যোধনসাত্যক্যোঃ ॥৩৪॥
তত ইতি। পূর্ণমায়তেন আকৃষ্টেন ধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ। সাত্বতং সাত্যকিম্ ॥৩৫॥
তমিতি। অবাকিরৎ অবকীর্য্য নিক্ষিপ্য প্রাহরৎ ॥৩৬॥
সাত্যকিমিতি। আকর্ণপূর্ণৈরাকর্ণাকর্ষণেন পূর্ণবেগীকৃতৈঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

সাত্যকি এইরূপ বন্ধুভাবে স্পষ্ট বলিয়া এবং শক্রভাবেও স্পষ্ট কহিয়া অনাকুল অবস্থায় সত্বর দুর্য্যোধনের দিকে ধাবিত হইলেন, কিন্তু নিজের উপরে দয়া করিলেন না ॥৩২॥

রাজা! মহাবাহু সাত্যকি আসিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন তাঁহাকে গ্রহণ করিলেন এবং তিনি বাণদ্বারা সাত্যকিকে প্রহার করিতে লাগিলেন ॥৩৩॥

তদনন্তর দুইটা হস্তিশ্রেষ্ঠের ন্যায় ক্রুদ্ধ দুর্য্যোধন ও সাত্যকির ভয়ঙ্কর যুদ্ধ লাগিয়া গেল ॥৩৪॥

তৎপরে ক্রুদ্ধ দুর্য্যোধন ধনুখানা পূর্ণ আকর্ষণপূর্ব্বক দশটা বাণ নিক্ষেপ করিয়া যুদ্ধদুর্দ্ধর্ষ সাত্যকিকে বিদ্ধ করিলেন ॥৩৫॥

সাত্যকিও সেইভাবেই দুর্য্যোধনকে প্রতিবিদ্ধ করিলেন; অর্থাৎ তিনি প্রথমে পঞ্চাশটা, পরে আবার ত্রিশটা ও দশটা বাণ নিক্ষেপ করিয়া দুর্য্যোধনকে প্রহার করিলেন ॥৩৬॥

সোঽন্যৎ কার্ম্মুকমাদায় লঘুহস্তস্ততো দৃঢ়ম্ ।
সাত্যকির্ব্যসৃজচ্চাপি শরশ্রেণীং সুতস্য তে ॥৩৮॥
তামাপতন্তীং সহসা শরশ্রেণীং জিঘাংসয়া ।
চিচ্ছেদ বহুধা রাজা তত উচ্চুক্রুশুর্জনাঃ ॥৩৯॥
সাত্যকিঞ্চ ত্রিসপ্তত্যা পীড়য়ামাস বেগিতঃ ।
স্বর্ণপুঙ্খৈঃ শিলাধৌতৈরাকর্ণাত্তূর্ণনিঃসৃতৈঃ ॥৪০॥
তস্য সন্দধতশ্চেষুং সংহিতেষুঞ্চ কার্ম্মুকম্ ।
অচ্ছিনৎ সাত্যকিস্তূর্ণং শরৈশ্চৈবাভ্যবীবিধৎ ॥৪১॥
স গাঢ়বিদ্ধো ব্যথিতঃ প্রত্যপায়াদ্রথান্তরম্ ।
দুর্য্যোধনো মহারাজ ! দাশার্হশরপীড়িতঃ ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। লঘুহস্তঃ অস্ত্রক্ষেপে শীঘ্রহস্তঃ। সুতস্য উপরি ॥৩৮॥
তামিতি। জিঘাংসয়া হননেচ্ছয়া ক্ষিপ্তামিতি শেষঃ। উচ্চুক্রুশুরুচ্চকোলাহলং চক্রুঃ ॥৩৯॥
সাত্যকিমিতি। শিলাধৌতৈঃ শিলায়াং ঘর্ষণেন পরিষ্কৃতৈঃ, আকর্ণাদাকর্ণাকৃষ্টচাপাৎ ॥৪০॥
তস্যেতি। সংহিতেষুং সংযুক্তবাণম্। অভ্যবীবিধদিতি বিধো ধাতোঃ স্বার্থে ইন্ ॥৪১॥

রাজা ! তখন আপনার পুত্র হাস্য করতঃ ধনুখানাকে আকর্ণপর্য্যন্ত আকর্ষণ করিয়া সুধার ত্রিশটা বাণদ্বারা সাত্যকিকে তাড়ন করিলেন; পরে আবার তিনি একটা ক্ষুরপ্রদ্বারা সাত্যকির বাণযুক্ত ধনুখানাকে দুই খণ্ডে ছেদন করিলেন ॥৩৭॥

তাহার পর লঘুহস্ত সাত্যকি অন্য একখানা দৃঢ় ধনু লইয়া আপনার পুত্রের উপরে বাণশ্রেণী নিক্ষেপ করিলেন ॥৩৮॥

জিঘাংসাবশতঃ সাত্যকিনিক্ষিপ্ত সেই বাণশ্রেণী আসিতে লাগিলে, দুর্য্যোধন তাহা বহুখণ্ডে ছেদন করিলেন। তখন কুরুপক্ষের লোকেরা উচ্চস্বরে আনন্দ-কোলাহল করিয়া উঠিল ॥৩৯॥

পরে বেগবান্ দুর্য্যোধন স্বর্ণপুঙ্খ, শিলাশাণিত ও আকর্ণাকৃষ্ট ধনু হইতে সত্বর নির্গত তিয়াত্তরটা বাণদ্বারা সাত্যকিকে পীড়ন করিলেন ॥৪০॥

দুর্য্যোধন যখন আবার বাণসন্ধান করিতেছিলেন, তখন তাঁহার সেই বাণযুক্ত ধনুখানাকে সাত্যকি কাটিয়া ফেলিলেন এবং তিনি বহুবাণদ্বারা দুর্য্যোধনকে বিদ্ধও করিলেন ॥৪১॥

(৪০)···আকর্ণং তূর্ণনিঃসৃতৈঃ—বা,···আকর্ণাপূর্ণনিঃসৃতৈঃ—নি। (৪১)···সন্দধতশ্চেষুন্ ···বদ্ধ,···আচ্ছিনৎ···অপ্যবীবিধৎ—বা নি। (৪২)···প্রত্যপায়াদ্রথান্তরে···বা নি।

সমাশ্বস্য তু পুত্রস্তে সাত্যকিং পুনরভ্যয়াৎ।
বিসৃজন্নিষুজালানি যুযুধানরথং প্রতি ॥৪৩॥
তথৈব সাত্যকির্বাণান্ দুর্য্যোধনরথং প্রতি।
প্রততং ব্যসৃজদ্রাজংস্তৎ সঙ্কুলমবর্ত্তত ॥৪৪॥
তত্রেষুভিঃ ক্ষিপ্যমাণৈঃ পতদ্ভিশ্চ শরীরিষু।
অগ্নেরিব মহাকক্ষে শব্দঃ সমভবন্মহান্ ॥৪৫॥
তয়োঃ শরসহস্রৈশ্চ সংছন্নং বসুধাতলম্।
অগম্যরূপঞ্চ শরৈরাকাশং সমপদ্যত ॥৪৬॥
তত্রাভ্যধিকমালক্ষ্য মাধবং রথসত্তমম্।
ক্ষিপ্রমভ্যপতৎ কর্ণঃ পরীপ্সংস্তনয়ং তব ॥৪৭॥

ভারতকৌমুদী

স ইতি। প্রত্যপায়াৎ অপাসরৎ, রথস্য অন্তরং মধ্যম্। দাশার্হঃ সাত্যকিঃ ॥৪২॥
সমিতি। সমাশ্বস্য সুস্থীভূয়। যুযুধানস্য সাত্যকে রথম্ ॥৪৩॥
তথেতি। প্রততং বিস্তৃতং যথা স্যাত্তথা। তৎ যুদ্ধম্ ॥৪৪॥
তত্রেতি। মহাকক্ষে শুষ্কবংশাদিতৃণরাশৌ, শব্দঃ চটচটারূপঃ ॥৪৫॥
তয়োরিতি। বসুধাতলমগম্যরূপমিত্যাসত্তিক্রমেণান্বয়াদাকাশং সংছন্নমিত্যবসীয়তে ॥৪৬॥
তত্রেতি। অভ্যধিকং সর্বথা বিজয়িরূপম্, মাধবং সাত্যকিম্। পরীপ্সন্ রক্ষিতুমিচ্ছন্ ॥৪৭॥

মহারাজ! তখন দুর্য্যোধন সাত্যকির বাণে গাঢ়বিদ্ধ, পীড়িত ও ব্যথিত হইয়া রথের ভিতরে সরিয়া গেলেন ॥৪২॥

রাজা! ক্রমে আপনার পুত্র সুস্থ হইয়া সাত্যকির রথের দিকে বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে পুনরায় তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৪৩॥

রাজা! সাত্যকিও সেইভাবেই দুর্য্যোধনের রথের দিকে বিস্তৃতভাবে বাণক্ষেপ করিতে লাগিলেন; তখন সেই যুদ্ধ সঙ্কুলরূপে চলিতে লাগিল ॥৪৪॥

তৎকালে উভয়নিক্ষিপ্ত বাণ সকল প্রাণিগণের উপরে পড়িতে লাগিলে, বংশপ্রভৃতি তৃণরাশিদাহকালে অগ্নির শব্দের ন্যায় মহাশব্দ হইতে লাগিল ॥৪৫॥

তাঁহাদের সহস্র সহস্র বাণে ভূতল অগম্য হইয়া উঠিল এবং আকাশও আবৃত হইয়া পড়িল ॥৪৬॥

সেই সময়ে রথিশ্রেষ্ঠ সাত্যকিকে প্রবল দেখিয়া কর্ণ দুর্য্যোধনকে রক্ষা করিবার জন্য সত্বর তাঁহার দিকে আসিতে লাগিলেন ॥৪৭॥

(৪৫)···মহাকক্ষৈঃ···বা নি।

ন তু তং মর্ষয়ামাস ভীমসেনো মহাবলঃ।
সোঽভ্যয়াত্ত্বরিতঃ কর্ণং বিসৃজন্ সায়কান্ বহূন্ ॥৪৮॥
তস্য কর্ণঃ শিতান্ বাণান্ প্রতিহত্য হসন্নিব।
ধনুঃ শরাংশ্চ চিচ্ছেদ সূতঞ্চাভ্যহনচ্ছরৈঃ ॥৪৯॥
ভীমসেনস্তু সংক্রুদ্ধো গদামাদায় পাণ্ডবঃ।
ধ্বজং ধনুশ্চ সূতঞ্চ সংমমর্দ্দাহবে রিপোঃ ॥৫০॥
রথচক্রঞ্চ কর্ণস্য বভঞ্জ স মহাবলঃ।
ভগ্নচক্রে রথেঽতিষ্ঠদকম্পঃ শৈলরাড়িব ॥৫১॥
একচক্রং রথং তস্য তমূহুঃ সুচিরং হয়াঃ।
একচক্রমিবার্কস্য রথং সপ্ত হয়োত্তমাঃ ॥৫২॥
অমৃষ্যমাণঃ কর্ণস্তু ভীমসেনমযুধ্যত।
বিবিধৈরিষুজালৈশ্চ নানাশস্ত্রৈশ্চ সংযুগে।
ভীমসেনশ্চ সংক্রুদ্ধঃ সূতপুত্রমযোধয়ৎ ॥৫৩॥

ভারতকৌমুদী

নেতি। তং সাত্যকিবারণায় কর্ণস্য তদ্‌গমনম্, ন মর্ষয়ামাস ন সেহে ॥৪৮॥
তস্যেতি। শিতান্ সুধারান্। সূতং সারথিম্, অভ্যহনৎ অভ্যহন্ ॥৪৯॥
ভীমেতি। আহবে যুদ্ধে, রিপোঃ কর্ণস্য ॥৫০॥
রথেতি। স ভীমসেনঃ। অতিষ্ঠৎ কর্ণঃ, শৈলরাট্ পর্ব্বতশ্রেষ্ঠঃ ॥৫১॥
একেতি। উহুর্বহন্তি স্ম। অর্কস্য রথ একচক্র ইতি প্রসিদ্ধিঃ ॥৫২॥

কিন্তু মহাবল ভীমসেন কর্ণের সেই গমন উপেক্ষা করিলেন না; তিনি বহুতর বাণ নিক্ষেপ করিতে করিতে সত্বর কর্ণের দিকে ধাবিত হইলেন ॥৪৮॥

তখন কর্ণ হাসিতে হাসিতেই যেন ভীমের সুধার বাণগুলিকে প্রতিহত করিয়া বাণদ্বারাই তাঁহার ধনু ও বাণ ছেদন করিলেন এবং সারথিকে বধ করিলেন ॥৪৯॥

পরে পাণ্ডুনন্দন ভীমসেন অত্যন্তক্রুদ্ধ হইয়া গদা লইয়া যুদ্ধে কর্ণের ধ্বজ, ধনু ও সারথিকে মর্দ্দন করিলেন ॥৫০॥

আর মহাবল ভীমসেন কর্ণের রথের একটা চক্রও ভগ্ন করিলেন। তখন কর্ণ সেই ভগ্নচক্র রথেই বিশাল পর্ব্বতের ন্যায় অচল রহিলেন ॥৫১॥

তখন উত্তম সাতটা অশ্ব যেমন সূর্য্যের একচক্র রথ বহন করে, সেইরূপ কর্ণের অশ্বগুলিও বহু সময় সেই একচক্র রথ বহন করিল ॥৫২॥

(৪৯)…প্রতিহন্ত…বা নি। (৫১)…অকম্প্যঃ…বৰ্দ্ধ। (৫২)…রথং সপ্ত হয়া যথা—নি।

তস্মিংস্তথা বর্ত্তমানে যুদ্ধে ধর্ম্মসুতোঽব্রবীৎ।
পাঞ্চালানাং নরব্যাঘ্রান্ মৎস্যাংশ্চ পুরুষর্ষভান্ ॥৫৪॥
যে নঃ প্রাণাঃ শিরো যে নো যে নো যোধা মহারথাঃ।
ত এতে ধার্ত্তরাষ্ট্রেণ বিষক্তাঃ পুরুষর্ষভাঃ ॥৫৫॥
কিং তিষ্ঠত যথা মূঢ়াঃ সর্ব্বে বিগতচেতসঃ।
তত্র গচ্ছত যত্রৈতে যুধ্যন্তে মামকা রথাঃ ॥৫৬॥
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য সর্ব্ব এব গতজ্বরাঃ।
জয়ন্তো বধ্যমানাশ্চ গতিমিষ্টাং গমিষ্যথ ॥৫৭॥

ভারতকৌমুদী

অমৃষ্যেতি। অমৃষ্যমাণো ভীমসেনপরাক্রমমসহমানঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩॥
তস্মিন্নিতি। ধর্ম্মসুতো যুধিষ্ঠিরঃ। মৎস্যান্ মৎস্যদেশীয়ান্ ॥৫৪॥
য ইতি। নঃ অস্মাকম্। ধার্ত্তরাষ্ট্রেণ দুর্য্যোধনেন সহ, বিষক্তা যুদ্ধে ব্যাপৃতাঃ ॥৫৫॥
কিমিতি। তিষ্ঠত যূয়ম্। বিগতচেতসশ্চৈতন্যহীনাঃ ॥৫৬॥
ক্ষত্রেতি। গতজ্বরাস্তিরোহিতভয়সন্তাপাঃ। গতিমবস্থাম্ ॥৫৭॥

ভারতভাবদীপঃ

জিহ্মঃ কুটিলগতিঃ ॥১২—১৬॥ দ্বাভ্যামিতি প্রত্যেকম্ ॥১৭॥ তদন্তরমবসরম্ ॥১৮—৫১॥ সপ্তর্ষয়ঃ শতরশ্ময়ঃ, "ঋষির্বেদে বসিষ্ঠাদৌ দীধিতৌ চ পুমানয়" মিত্যভিধানম্, তে চ "সুপুত্রো হরিকেশশ্চ বিশ্বকর্ম্মা তথৈব চ। বিশ্বভবা তথৈবান্যঃ সংযদ্বসুস্তথাপরঃ অর্বাবসুরিতি

ক্রমে কর্ণ অসহিষ্ণু হইয়া নানা বাণ ও নানা অস্ত্রদ্বারা ভীমের সহিত যুদ্ধ করিতে লাগিলেন এবং ভীমসেনও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া কর্ণের সহিত যুদ্ধ করিতে থাকিলেন ॥৫৩॥

সেই যুদ্ধ সেইভাবে চলিতে লাগিলে, যুধিষ্ঠির পাঞ্চালদেশীয় নরশ্রেষ্ঠদিগকে এবং মৎস্যদেশীয় পুরুষশ্রেষ্ঠগণকে বলিলেন—॥৫৪॥

'যাঁহারা আমাদের প্রাণতুল্য, যাঁহারা আমাদের মস্তকস্বরূপ এবং যাঁহারা আমাদের মহারথ যোদ্ধা, এই সেই পুরুষশ্রেষ্ঠেরা দুর্য্যোধনের সহিত যুদ্ধে ব্যাপৃত হইয়াছেন ॥৫৫॥

অতএব সৈন্যগণ! তোমরা কর্ত্তব্যমূঢ় বা চৈতন্যহীনের ন্যায় রহিয়াছ কেন? আমার এই রথীরা যেখানে যুদ্ধ করিতেছেন, সেইখানে যাও ॥৫৬॥

তোমরা সকলেই ক্ষত্রিয়ধর্ম্ম অনুসরণপূর্ব্বক ভয়সন্তাপ পরিত্যাগ করিয়া যুদ্ধ কর; তাহাতে জয়ী বা নিহত হইলেও অভীষ্ট গতি লাভ করিবে ॥৫৭॥

(৫৪) তস্মিংস্তথা বর্ত্তমানে ক্রুদ্ধো ধর্ম্মসুতোঽব্রবীৎ—বা নি। (৫৫)···শিরো যে চ··· ধার্ত্তরাষ্ট্রেষু···বা নি।

জিত্বা বা বহুভির্যজ্ঞৈর্যজধ্বং ভূরিদক্ষিণৈঃ।
হতা বা দেবসাদ্‌ভূত্বা লোকান্ প্রাপ্স্যথ পুষ্কলান্ ॥৫৮॥
তে রাজ্ঞা চোদিতা বীরা যোৎস্যমানা মহারথাঃ।
ক্ষত্রধর্ম্মং পুরস্কৃত্য ত্বরিতা দ্রোণমভ্যয়ুঃ ॥৫৯॥
পাঞ্চালাস্ত্বেকতো দ্রোণমভ্যঘ্নন্ বহুভিঃ শরৈঃ।
ভীমসেনপুরোগাশ্চাপ্যেকতঃ পর্য্যবারয়ন্ ॥৬০॥
আসংস্তু পাণ্ডুপুত্ত্রাণাং ত্রয়ো জিহ্মা মহারথাঃ।
যমৌ চ ভীমসেনশ্চ প্রাক্রোশংস্তে ধনঞ্জয়ম্ ॥৬১॥
অভিদ্রবার্জ্জুন ! ক্ষিপ্রং কুরূন্ দ্রোণাদপানুদ।
তত এনং হনিষ্যন্তি পাঞ্চালা হতরক্ষিণম্ ॥৬২॥

ভারতকৌমুদী

অথ জয়ে বধে বা কীদৃশী কীদৃশী গতিরিত্যাহ জিত্বেতি। দেবসাৎ দেবাঃ, লোকান্ স্বর্গান্, পুষ্কলান্ প্রচুরান্। উভয়থাপ্যভীষ্টলাভাদ্‌যুধ্যধ্বমেবেত্যাশয়ঃ ॥৫৮॥

ত ইতি। রাজ্ঞা যুধিষ্ঠিরেণ, চোদিতা যুদ্ধায় প্রণোদিতাঃ ॥৫৯॥

পাঞ্চালা ইতি। পর্য্যবারয়ন্ অবারুন্ধন্ দ্রোণরক্ষকান্ কৌরবানিতি শেষঃ ॥৬০॥

আসন্নিতি। জিহ্মাঃ কুটিলাঃ। যমৌ নকুলসহদেবৌ, প্রাক্রোশন্ উচ্চৈরাহূয়াবদন্ ॥৬১॥

অভীতি। অভিদ্রব কৌরবানভিধাব। অপানুদ অপসারয়। অথ রক্ষিণ এব দ্রোণং রক্ষিষ্যন্তীত্যাহ হতেতি। অস্মাভিরেব হতা রক্ষিণো যস্য তম্ ॥৬২॥

ভারতভাবদীপঃ

প্রোক্তাঃ সপ্তশতৈর্হয়োত্তমাঃ ॥" ইত্যুক্ত্বা এষাং চার্কঃধবাহিত্বং "দেবং বহন্তি কেতবঃ" ইত্যাদি শ্রুতৌ প্রসিদ্ধম্ ॥৫২—৫৭॥ দেবসাৎ দেবস্বরূপঃ ॥৫৮—৬৩॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিষষ্ঠ্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬২॥

জয় করিয়া প্রচুরদক্ষিণাযুক্ত বহুতর যজ্ঞ করিবে, অথবা নিহত হইয়া দেবত্ব লাভ করিয়া যথেষ্ট স্বর্গ ভোগ করিবে' ॥৫৮॥

এইভাবে যুধিষ্ঠির প্রণোদিত করিলে, সেই যুদ্ধার্থী মহারথ বীরেরা ক্ষত্রিয়-ধর্ম্ম অনুসরণ করিয়া সত্বর দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৫৯॥

তখন একদিকে পাঞ্চালেরা বহুতর বাণদ্বারা দ্রোণকে প্রহার করিতে লাগিল এবং অন্যদিকে ভীমসেনপ্রভৃতি বীরেরা কৌরবগণকে বারণ করিতে থাকিলেন ॥৬০॥

পাণ্ডবগণের মধ্যে ভীম, নকুল ও সহদেব এই তিন জন মহারথের স্বভাবটা কুটিল। সুতরাং তাঁহারা উচ্চস্বরে অর্জ্জুনকে আহ্বান করিয়া বলিলেন—॥৬১॥

---

(৫৯)··· চতুর্দ্ধা বাহিনীং কৃত্বা ত্বরিতাঃ···নি।

কৌরবেয়াংস্ততঃ পার্থঃ সহসা সমুপাদ্রবৎ।
পাঞ্চালানেব তু দ্রোণো ধৃষ্টদ্যুম্নপুরোগমান্ ॥৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে সঙ্কুলযুদ্ধে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(*)———

ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:•:———

সঞ্জয় উবাচ।
পাঞ্চালানাং ততো দ্রোণোঽপ্যকরোৎ কদনং মহৎ।
যথা ক্রুদ্ধো রণে শক্রো দানবানাং ক্ষয়ং পুরা ॥১॥

ভারতকৌমুদী

কৌরেতি। পার্থোঽর্জ্জুনঃ, সমুপাদ্রবৎ অপসারয়িতুমভ্যধাবৎ। পাঞ্চালানেব ন ত্বস্মান্, তান্ প্রত্যেব দ্রোণস্ত চিরদ্বেষাদিত্যাশয়ঃ ॥৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

পাঞ্চালানামিতি। কদনং সংহারম্। শক্র ইন্দ্রঃ ॥১॥

'অর্জ্জুন! সত্বর ধাবিত হও, দ্রোণের নিকট হইতে কৌরবগণকে অপসারিত কর। তাহার পর পাঞ্চালেরা উঁহাকে বধ করিবেন। আমরা উঁহার রক্ষীদিগকে সংহার করিয়াছি' ॥৬২॥

তদনন্তর অর্জ্জুন বেগে কৌরবগণের দিকে চলিলেন এবং দ্রোণ ধৃষ্টদ্যুম্ন-প্রভৃতি পাঞ্চালদিগের প্রতিই ধাবিত হইলেন' ॥৬৩॥

———:*:———

সঞ্জয় বলিলেন—'রাজা! তদনন্তর—পূর্ব্বকালে ইন্দ্র যেমন যুদ্ধে দানবগণের মহামারী ঘটাইয়াছিলেন, সেইরূপ ক্রুদ্ধ দ্রোণও পাঞ্চালগণের মহামারী ঘটাইতে লাগিলেন ॥১॥

(৬৩) চতুর্থচরণাৎ পরম্ 'সমন্ততস্তথা বীরাঃ পঞ্চমেঽহনি ভারত!' ইত্যর্দ্ধমধিকং বঙ্গ বা নি। * '...সপ্তাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '...অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '...নবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা রা নি।

দ্রোণাস্ত্রেণ মহারাজ ! বধ্যমানাঃ পরে যুধি ।
নাত্রসন্ত রণে দ্রোণাৎ সত্ত্ববন্তো মহারথাঃ ॥২॥
বধ্যমানা মহারাজ ! পাঞ্চালাঃ সৃঞ্জয়াস্তথা ।
দ্রোণমেবাভ্যযুযুদ্ধে মোহয়ন্তো মহারথম্ ॥৩॥
তেষান্তু চ্ছাদ্যমানানাং পাঞ্চালানাং সমন্ততঃ ।
অভবদ্ভৈরবো নাদো বধ্যতাং শরবৃষ্টিভিঃ ॥৪॥
বধ্যমানেষু সংগ্রামে পাঞ্চালেষু মহাত্মনা ।
উদীর্য্যমাণে দ্রোণাস্ত্রে পাণ্ডবান্ ভয়মাবিশৎ ॥৫॥
দৃষ্ট্বাশ্বনরযোধানাং বিপুলঞ্চ ক্ষয়ং যুধি ।
পাণ্ডবেয়া মহারাজ ! নাশশংসুর্জয়ং তদা ॥৬॥
কচ্চিদ্দ্রোণো ন নঃ সর্ব্বান্ ক্ষপয়েৎ পরমাস্ত্রবিৎ ।
সমিদ্ধঃ শিশিরাপায়ে দহন্ কক্ষমিবানলঃ ॥৭॥

ভারতকৌমুদী

দ্রোণেতি । নাত্রসন্ত ন ভীতবন্তঃ । সত্ত্ববন্তঃ অধ্যবসায়শালিনঃ ॥২॥
বধ্যমানা ইতি । অভ্যযুরভ্যগচ্ছন্, মোহয়ন্তো যুদ্ধনৈপুণ্যেনৈব ॥৩॥
তেষামিতি । নাদ আর্ত্তরবঃ, বধ্যতাং বধ্যমানানাম্ ॥৪॥
বধ্যেতি । মহাত্মনা দ্রোণেন । উদীর্য্যমাণে নিক্ষিপ্যমাণে ॥৫॥
দৃষ্ট্বেতি । নাশশংসুঃ আশাবিষয়ং ন চক্রুঃ ॥৬॥
কচ্চিদিতি । সমিদ্ধঃ প্রজ্বলিতঃ, শিশিরাপায়ে শীতাপগমে, কক্ষং তৃণরাশিম্ ॥৭॥

মহারাজ ! যুদ্ধে দ্রোণের অস্ত্র সকল বধ করিতে লাগিলেও অধ্যবসায়শীল বিপক্ষ মহারথেরা দ্রোণ হইতে ভীত হইলেন না ॥২॥

মহারাজ ! দ্রোণ বধ করিতে লাগিলেও পাঞ্চালগণ ও সৃঞ্জয়গণ যুদ্ধ-নৈপুণ্যে মহারথ দ্রোণকে মুগ্ধ করতঃ তাঁহার প্রতি ধাবিতই হইতে লাগিল ॥৩॥

দ্রোণের বাণবৃষ্টিতে পাঞ্চালেরা সকল দিকে আবৃত ও নিহত হইতে লাগিলে, তাহাদের ভয়ঙ্কর আর্ত্তনাদ হইতে থাকিল ॥৪॥

মহাত্মা দ্রোণ যুদ্ধে পাঞ্চালগণকে বধ করিতে লাগিলে এবং তিনি অনবরত অস্ত্রক্ষেপ করিতে থাকিলে, পাণ্ডবেরা ভয়াবিষ্ট হইলেন ॥৫॥

মহারাজ ! এবং পাণ্ডবেরা যুদ্ধে অশ্ব ও মনুষ্যগণের বিশাল ক্ষয় দেখিয়া তখন আর জয়ের আশা করিলেন না ॥৬॥

(৩)···যুদ্ধে যোধয়ন্তো মহারথাঃ—বা নি। (৬) দৃষ্ট্বা চ রথসংঘানাম্···পি, দৃষ্ট্বাশ্বরথ-সংঘানাম্···বর্দ্ধ। (৭)···ক্ষয়য়েৎ···পি বর্দ্ধ।

ন চৈনং সংযুগে কশ্চিৎ সমর্থঃ প্রতিবীক্ষিতুম্।
ন চৈনমর্জ্জুনো জাতু প্রতিযুধ্যেত ধর্ম্মবিৎ ॥৮॥
ত্রস্তান্ কুন্তীসুতান্ দৃষ্ট্বা দ্রোণসায়কপীড়িতান্।
মতিমান্ শ্রেয়সে যুক্তঃ কেশবোঽর্জ্জুনমব্রবীৎ ॥৯॥
নৈষ যুদ্ধেন সংগ্রামে জেতুং শক্যঃ কথঞ্চন।
সধনুর্ধন্বিনাং শ্রেষ্ঠো দেবৈরপি সবাসবৈঃ।
ন্যস্তশস্ত্রস্তু সংগ্রামে হন্তুং শক্যো ভবেন্নৃভিঃ ॥১০॥
আস্থীয়তাং জয়ে যোগো ধর্ম্মমুৎসৃজ্য পাণ্ডবাঃ!।
যথা বঃ সংযুগে সর্ব্বান্ ন হন্যাদ্রুক্মবাহনঃ ॥১১॥
অশ্বত্থাম্নি হতে নৈষ যুধ্যেদিতি মতির্মম।
তং হতং সংযুগে কশ্চিদস্মৈ শংসতু মানবঃ ॥১২॥

ভারতকৌমুদী

নেতি। জাতু কদাচিৎ। ধর্ম্মবিত্তয়া ধর্ম্মাতিক্রমভয়াদেব ন প্রতিযুধ্যেতেতি ভাবঃ ॥৮॥
ত্রস্তানিতি। মতিমান্ কূটবুদ্ধিঃ, শ্রেয়সে পাণ্ডবানাং মঙ্গলায়, যুক্তঃ সমাহিতঃ ॥৯॥
নেতি। সংগ্রামে রণস্থলে। সধনুর্ধনুর্যুক্তঃ। সবাসবৈঃ সেন্দ্রৈঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১০॥
আস্থীয়তামিতি। যোগ উপায়ঃ। রুক্মং স্বর্ণময়ং বাহনং রথো যস্য স দ্রোণঃ ॥১১॥
অশ্বেতি। ন যুধ্যেৎ শোকাতিরেকাদিত্যাশয়ঃ। শংসতু ব্রবীতু ॥১২॥

(ক্রমে পাণ্ডবপক্ষীয়েরা বলিতে লাগিল—) 'শীতকাল অতীত হইলে প্রজ্বলিত অগ্নি যেমন তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ পরমাস্ত্রজ্ঞ দ্রোণ আমাদের সকলকেই দগ্ধ করিবেন না ত? ॥৭॥

যুদ্ধে কোন ব্যক্তিই ইহার প্রতি দৃষ্টিপাত করিতেও সমর্থ হইতেছে না এবং ধর্ম্মজ্ঞ অর্জ্জুনও কখনই ইহার প্রতিপক্ষে যুদ্ধ করিবেন না' ॥৮॥

কূটবুদ্ধি ও পাণ্ডবগণের মঙ্গলবিধানে মনোযোগী কৃষ্ণ পাণ্ডবগণকে দ্রোণের বাণে পীড়িত ও ভীত দেখিয়া অর্জ্জুনকে বলিলেন—॥৯॥

'অর্জ্জুন! ধনুর্দ্ধরশ্রেষ্ঠ দ্রোণ ধনুঃসংযুক্ত অবস্থায় থাকিলে, ইন্দ্রের সহিত দেবতারাও কোন প্রকারেই উঁহাকে যুদ্ধে জয় করিতে পারেন না; কিন্তু উনি অস্ত্র ত্যাগ করিলে, মানুষেরাও উঁহাকে বধ করিতে পারে ॥১০॥

অতএব পাণ্ডবগণ! আপনারা ধর্ম্ম ত্যাগ করিয়া জয়ের উপায় অবলম্বন করুন; যাহাতে দ্রোণ যুদ্ধে আপনাদের সকলকে বধ না করেন ॥১১॥

---

(৯)···শ্রেয়সা যুক্তঃ···বর্দ্ধ। (১১)···যথা ন সংযুগে সর্ব্বান্ নিহন্যাদ্রুক্মবাহনঃ—নি।

এতন্নারোচয়দ্রাজন্! কুন্তীপুত্ত্রো ধনঞ্জয়ঃ।
অন্যে ত্বরোচয়ন্ সর্ব্বে কৃচ্ছ্রেণ তু যুধিষ্ঠিরঃ ॥১৩॥
ততো ভীমো মহাবাহুরনীকে তে মহাগজম্।
জঘান গদয়া রাজন্নশ্বত্থামানমিত্যুত।
পরপ্রমথনং ঘোরং মালবস্যেন্দ্রবর্ম্মণঃ ॥১৪॥
ভীমসেনস্তু সব্রীড়মুপেত্য দ্রোণমাহবে।
অশ্বত্থামা হত ইতি শব্দমুচ্চৈশ্চকার হ ॥১৫॥
অশ্বত্থামেতি হি গজঃ খ্যাতো নাম্না হতোঽভবৎ।
কৃত্বা মনসি তং ভীমো মিথ্যা ব্যাহৃতবাংস্তদা ॥১৬॥
ভীমসেনবচঃ শ্রুত্বা দ্রোণস্তৎ পরমাপ্রিয়ম্।
মনসা সন্নগাত্ত্রোঽভূদ্‌যথা সৈকতমম্ভসি ॥১৭॥

ভারতকৌমুদী

এতন্মিতি। নারোচয়ৎ নৈচ্ছৎ। এতেন যুধিষ্ঠিরাদপ্যর্জ্জুনো ধর্ম্মভীরুরিতি সূচিতম্ ॥১৩॥
তত ইতি। অনীকে সৈন্যে স্থিতম্। অশ্বত্থামানং নাম। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥
ভীমেতি। সব্রীড়ং মিথ্যাভাষণোপক্রমাৎ সলজ্জম্। চকার উবাচ ॥১৫॥
অশ্বেতি। ব্যাহৃতবান্ উক্তবান্। দ্রোণায় তৎপুত্ত্রোদ্দেশেনোক্তত্বান্মিথ্যাত্বম্ ॥১৬॥
ভীমেতি। সন্নগাত্রঃ শোকেন গলিতাঙ্গ ইব। সৈকতং বালুকা ॥১৭॥

আমার ধারণা—অশ্বত্থামা নিহত হইলে উনি আর যুদ্ধ করিবেন না। সুতরাং 'অশ্বত্থামা যুদ্ধে নিহত হইয়াছেন' এই কথা কোন লোক উঁহার নিকট বলুক' ॥১২॥

রাজা! এই পরামর্শ অর্জ্জুনের সঙ্গত বলিয়া মনে হইল না, অন্য সকলেই উহা অনুমোদন করিলেন, কিন্তু যুধিষ্ঠির অতিকষ্টে স্বীকার করিলেন ॥১৩॥

রাজা! তাহার পর মহাবাহু ভীমসেন গদাদ্বারা আপনার সৈন্যস্থিত মালবরাজ ইন্দ্রবর্ম্মার বিশাল হাতীটাকে বধ করিলেন; সেটার নাম ছিল—'অশ্বত্থামা' এবং সেই হাতীটা শত্রুমর্দ্দন করিত ও ভয়ঙ্করমূর্ত্তি ছিল ॥১৪॥

তৎপরে ভীমসেন লজ্জিতভাবে দ্রোণের নিকটে যাইয়া 'অশ্বত্থামা নিহত হইয়াছে' এই কথা উচ্চস্বরে বলিলেন ॥১৫॥

'অশ্বত্থামা-'নামে হস্তীই নিহত হইয়াছে ইহা মনে রাখিয়া ভীম দ্রোণের প্রতি তখন মিথ্যাই বলিলেন ॥১৬॥

(১৪)···অনীকে স্বে মহাগজম্···বঙ্গ,···অনীকেষু মহাগজম্···নি।

শঙ্কমানঃ স তন্মিথ্যা বীর্য্যজ্ঞঃ স্বসুতস্য তু।
হতঃ স ইতি চ শ্রুত্বা নৈব ধৈর্য্যাদকম্পত ॥১৮॥
স লব্ধ্বা চেতনাং দ্রোণঃ ক্ষণেনৈব সমাশ্বসৎ।
অনুচিন্ত্যাত্মনঃ পুত্রমবিষহ্যমরাতিভিঃ ॥১৯॥
স পার্ষতমভিদ্রুত্য জিঘাংসুর্ম্মৃত্যুমাত্মনঃ।
অবাকিরৎ সহস্রেণ তীক্ষ্ণানাং কঙ্কপত্রিণাম্ ॥২০॥
ভূয়শ্চাস্যৎ সমাদায় দিব্যমাঙ্গিরসং ধনুঃ।
শরাংশ্চ ব্রহ্মদণ্ডাভান্ ধৃষ্টদ্যুম্নমযোধয়ৎ ॥২১॥
ততস্তং শরবর্ষেণ মহতা সমবাকিরৎ।
ব্যশাতয়চ্চ সংক্রুদ্ধো ধৃষ্টদ্যুম্নমমর্ষণম্ ॥২২॥

ভারতকৌমুদী

শঙ্কেতি। শ্রুত্বা চ শ্রুত্বাপি। অকম্পত অভ্রশ্যৎ ॥১৮॥
স ইতি। চেতনাং শুদ্ধচেতনানিবন্ধনং ধৈর্য্যম্। অবিষহ্যং সোঢ়ুমশক্যম্ ॥১৯॥
স ইতি। পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্, জিঘাংসুর্হন্তুমিচ্ছুঃ, মৃত্যুং মৃত্যুজনকম্ ॥২০॥
ভূয় ইতি। আঙ্গিরসমঙ্গিরসাবিষ্কৃতম্। ব্রহ্মদণ্ডাভান্ ব্রহ্মদণ্ডতুল্যানবার্থান্ ॥২১॥
তত ইতি। ব্যশাতয়ৎ ক্ষতবিক্ষতমকরোৎ। অমর্ষণমসহিষ্ণুম্ ॥২২॥

ভীমের মুখে সেই অত্যন্ত অপ্রিয় বাক্য শুনিয়া—জলে যেমন বালি গলিয়া যায়, সেইরূপ মনের শোকে দ্রোণের অঙ্গ যেন গলিয়া গেল ॥১৭॥

কিন্তু দ্রোণ আপন পুত্র অশ্বত্থামার বীরত্ব জানিতেন বলিয়াই ভীমের মুখে 'অশ্বত্থামা হত হইয়াছে' ইহা শুনিয়াও তাহা মিথ্যা বলিয়া ধারণা করিয়া ধৈর্য্যচ্যুত হইলেন না ॥১৮॥

আপন পুত্র অশ্বত্থামা শত্রুগণের অসহ্য ইহা ভাবিয়া বিশেষ ধৈর্য্যলাভ করিয়া দ্রোণ ক্ষণকালমধ্যেই আশ্বস্ত হইলেন ॥১৯॥

তাহার পর দ্রোণ নিজের ভাবী মৃত্যুর কারণ ধৃষ্টদ্যুম্নকে বধ করিবার ইচ্ছা করিয়া তাহার উপরে তীক্ষ্ণ বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলেন ॥২০॥

পরে দ্রোণ (হস্তস্থিত সাধারণ ধনু পরিত্যাগ করিয়া) অঙ্গিরার আবিষ্কৃত অন্য অলৌকিক ধনু ও ব্রহ্মদণ্ডতুল্য বাণ সকল লইয়া ধৃষ্টদ্যুম্নকে প্রহার করিতে থাকিলেন ॥২১॥

তাহার পর অত্যন্তক্রুদ্ধ দ্রোণ ধৃষ্টদ্যুম্নের উপরে বিশাল বাণবর্ষণ করিতে লাগিলেন এবং অসহিষ্ণু ধৃষ্টদ্যুম্নকে ক্ষতবিক্ষত করিতে থাকিলেন ॥২২॥

(২০) ইতঃ পরং নির্ণয়সাগরপুস্তকাদৌ মহদেব শ্লোকবিন্যাসবৈষম্যং দৃশ্যতে।

শরাংশ্চ শতধা তস্য দ্রোণশ্চিচ্ছেদ সায়কৈঃ।
ধ্বজং ধনুশ্চ নিশিতৈঃ সারথিঞ্চাপ্যপাতয়ৎ ॥২৩॥
ধৃষ্টদ্যুম্নঃ প্রহস্যান্যৎ পুনরাদায় কার্ম্মুকম্।
শিতেন চৈনং বাণেন প্রত্যবিধ্যৎ স্তনান্তরে ॥২৪॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ সংভ্রান্ত ইব সংযুগে।
ভল্লেন শিতধারেণ চিচ্ছেদাস্য পুনর্ধনুঃ ॥২৫॥
যচ্চাস্য বাণবিকৃতং ধনূংষি চ বিশাংপতে!।
সর্ব্বং চিচ্ছেদ দুর্দ্ধর্ষো গদাং খড়্গঞ্চ বর্জয়ন্ ॥২৬॥
ধৃষ্টদ্যুম্নঞ্চ বিব্যাধ নবভির্নিশিতৈঃ শরৈঃ।
জীবিতান্তকরৈঃ ক্রুদ্ধঃ ক্রুদ্ধরূপং পরন্তপঃ ॥২৭॥

ভারতকৌমুদী

শরানিতি। নিশিতৈঃ শিলাঘর্ষণাদিনা সুধারীকৃতৈঃ ॥২৩॥
ধৃষ্টেতি। শিতেন সুধারেণ। স্তনয়োরন্তরে মধ্যে বক্ষসি ॥২৪॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, সংভ্রান্তো বিচলিতঃ ॥২৫॥
যদিতি। বাণৈর্বিকৃতং পূর্ণতয়া অন্যথা কৃতং তূণম্। বর্জয়ন্ দৃঢ়ত্বাৎ ॥২৬॥
ধৃষ্টেতি। জীবিতান্তকরৈঃ প্রাণনাশকৈঃ। পরন্তপো দ্রোণঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

পাঞ্চালানামিতি ॥১—১৬॥ তৎ অত্যর্থে সম্যগাপ্তো নিষ্প্রযত্নাশ্চ, সৈকতং বালুকাময়ং তটম্ ॥১৭—২০॥ আঙ্গিরসম্ অঙ্গিরস উপাত্তম্ ॥২১॥ ব্যশাতয়ৎ অবসাদিতবান্ ॥২২—২৫॥

আর তিনি সুধার বাণসমূহদ্বারা ধৃষ্টদ্যুম্নের বাণ, ধ্বজ ও ধনু শতখণ্ডে ছেদন করিলেন এবং তাঁহার সারথিকেও নিপাতিত করিলেন ॥২৩॥

তখন ধৃষ্টদ্যুম্ন হাস্য করিয়া অন্য ধনু লইয়া একটা সুধার বাণদ্বারা দ্রোণের বক্ষস্থল প্রতিবিদ্ধ করিলেন ॥২৪॥

সেই সময়ে মহাধনুর্দ্ধর দ্রোণ অত্যন্তবিদ্ধ ও বিচলিতের ন্যায় হইয়া একটা সুধার ভল্লদ্বারা পুনরায় ধৃষ্টদ্যুম্নের ধনু ছেদন করিলেন ॥২৫॥

নরনাথ! আর ধৃষ্টদ্যুম্নের যে সকল তূণ ও ধনু ছিল, সে সমস্তই দুর্দ্ধর্ষ দ্রোণ ছেদন করিলেন, কিন্তু গদা ও খড়্গ ছেদন করিলেন না ॥২৬॥

ক্রমে ক্রুদ্ধ ও পরন্তপ দ্রোণ জীবনান্তকারী নয়টা সুধার বাণদ্বারা ক্রুদ্ধ ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥২৭॥

---

(২৭)···জীবিতান্তকরঃ ক্রুদ্ধঃ ক্রুদ্ধরূপঃ পরন্তপঃ—বা।

ধৃষ্টদ্যুম্নরথস্যাশ্বান্ স্বরথাশ্বৈর্মহারথঃ।
ব্যামিশ্রয়দমেয়াত্মা ব্রাহ্মমস্ত্রমুদীরয়ন্ ॥২৮॥
তে মিশ্রা বহ্বশোভন্ত জবনা বাতরংহসঃ।
পারাবতসবর্ণাশ্চ শোণাশ্চ ভরতর্ষভ! ॥২৯॥
যথা সবিদ্যুতো মেঘা নদন্তো জলদাগমে।
তথা রেজুর্মহারাজ! মিশ্রিতা রণমূর্দ্ধনি ॥৩০॥
ঈশাবন্ধং চক্রবন্ধং রথবন্ধং তথৈব চ।
প্রাণাশয়দমেয়াত্মা ধৃষ্টদ্যুম্নস্য স দ্বিজঃ ॥৩১॥
স চ্ছিন্নধন্বা পাঞ্চাল্যো নিকৃত্তধ্বজসারথিঃ।
উত্তমামাপদং প্রাপ্য গদাং বীরঃ পরামৃষৎ ॥৩২॥

ভারতকৌমুদী

ধৃষ্টেতি। ব্যামিশ্রয়ৎ মিলিতানকরোৎ, অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ, উদীরয়ন্নাবিষ্কুর্ব্বন্ ॥২৮॥

ত ইতি। জবনা বেগবন্তঃ। অথাসৌ কীদৃশো বেগ ইত্যাহ বাতেতি। বাতস্য বায়োরিব রংহো বেগো যেষাং তে। পারাবতসবর্ণা ধৃষ্টদ্যুম্নস্য গৃহকপোততুল্যধূম্রবর্ণাঃ, শোণা রক্তাশ্চ দ্রোণস্য ॥২৯॥

অতএবোপমীয়তে যথেতি। নদন্ত ইত্যনেনাশ্বানামপি গর্জ্জনমাক্ষিপ্যতে ॥৩০॥

ঈশেতি। ঈশায়া দীর্ঘদারুবিশেষস্য বন্ধং যুগাদিনা বন্ধনম্। এবমন্যত্র ॥৩১॥

স ইতি। নিকৃত্তৌ ছিন্নৌ ধ্বজসারথী যস্য সঃ। পরামৃষৎ অগৃহ্লাৎ ॥৩২॥

মহারথ ও অজ্ঞেয়স্বভাব দ্রোণ ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিবেন বলিয়া স্বকীয় রথের অশ্বগুলির সহিত ধৃষ্টদ্যুম্নরথের অশ্বগুলিকে সম্মিলিত করিলেন ॥২৮॥

ভরতশ্রেষ্ঠ! তখন বায়ুর ন্যায় বেগবান্ এবং গৃহকপোতের তুল্য ধূম্রবর্ণ ও রক্তবর্ণ সেই অশ্বগুলি পরস্পর মিলিত হইয়া বিশেষ শোভা পাইতে লাগিল ॥২৯॥

মহারাজ! বর্ষাকালে বিদ্যুৎসমন্বিত ও গর্জ্জনকারী মেঘ সকল যেমন প্রকাশ পায়, সেইরূপ সমরাঙ্গনসম্মুখে সম্মিলিত সেই অশ্বগুলি প্রকাশ পাইতে থাকিল ॥৩০॥

পরে অজ্ঞেয়স্বভাব দ্রোণ ধৃষ্টদ্যুম্নের ঈশাবন্ধন, চক্রবন্ধন ও রথবন্ধন বিনষ্ট করিয়া ফেলিলেন ॥৩১॥

ধনু ও ধ্বজ ছিন্ন এবং সারথি বিনষ্ট হইলে, বীর ধৃষ্টদ্যুম্ন গুরুতর বিপদে পতিত হইয়া গদা গ্রহণ করিলেন ॥৩২॥

---

(৩১)···প্রাণাশয়দমেয়াত্মা···পি বা।

তামস্ত বিশিখৈস্তীক্ষ্ণৈঃ ক্ষিপ্যমাণাং মহারথঃ।
নিজঘান শরৈর্দ্রোণঃ ক্রুদ্ধঃ সত্যপরাক্রমঃ ॥৩৩॥
তাং দৃষ্ট্বা তু নরব্যাঘ্রো দ্রোণেন নিহতাং শরৈঃ।
বিমলং খড়্গমাদত্ত শতচন্দ্রঞ্চ ভানুমৎ ॥৩৪॥
অসংশয়ং তথাভূতে পাঞ্চাল্যঃ সাধ্বমন্যত।
বধমাচার্য্যমুখ্যস্য প্রাপ্তকালং মহাত্মনঃ ॥৩৫॥
ততঃ স্বরথনীড়স্থং স্বরথস্য রথেশয়া।
আগচ্ছদসিমুদ্যম্য শতচন্দ্রঞ্চ ভানুমৎ ॥৩৬॥
চিকীর্ষুর্দুষ্করং কর্ম্ম ধৃষ্টদ্যুম্নো মহারথঃ।
ইয়েষ বক্ষো ভেত্তুং স ভারদ্বাজস্য সংযুগে ॥৩৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তামিতি। বিশিখৈঃ শিখাশূন্যৈঃ। নিজঘান বিনাশয়ামাস ক্ষেপণাযোগ্যাং চকারেত্যর্থঃ ॥৩৩॥

তামিতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকাররৌপ্যখণ্ডানি যত্র তৎ, ভানুমৎ দীপ্তিমৎ চর্ম্ম ॥৩৪॥

অসংশয়মিতি। তথাভূতে তাদৃশভাবে সতি, পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ, মহাত্মন আচার্য্যমুখ্যস্য দ্রোণস্য বধম্, প্রাপ্তকালমুপস্থিতসময়ম্, অসংশয়ঞ্চ, সাধু সম্যগমন্যত ॥৩৫॥

তত ইতি। ততো মহারথো ধৃষ্টদ্যুম্নঃ, দুষ্করং কর্ম্ম দ্রোণবধম্, চিকীর্ষুঃ কর্ত্তুমিচ্ছুঃ সন্, অসিম্, ভানুমৎ দীপ্তিমৎ, শতচন্দ্রং চর্ম্ম চ, উদ্যম্য উত্তোল্য, স্বরথস্য রথেশয়া রথলগ্নতির্য্যক্‌-কাষ্ঠেন তত্র পাদক্ষেপেণেত্যর্থঃ, স্বরথস্য নীড়স্থং মধ্যবর্ত্তিনং দ্রোণং প্রতি আগচ্ছৎ। পরঞ্চ স সংযুগে ভারদ্বাজস্য দ্রোণস্য বক্ষো ভেত্তুং বিদারয়িতুমিয়েষ ॥৩৬—৩৭॥

এবং তিনি সে গদা নিক্ষেপ করিবার উপক্রম করিলেন; তখন মহারথ ও যথার্থবিক্রমশালী দ্রোণ ক্রুদ্ধ হইয়া তীক্ষ্ণ ও শিখাশূন্য বাণসমূহদ্বারা সে গদাটা বিনষ্ট করিলেন ॥৩৩॥

দ্রোণ বাণদ্বারা গদাটা বিনষ্ট করিলেন দেখিয়া নরশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন নির্ম্মল তরবারি এবং শতচন্দ্র ও উজ্জ্বল চর্ম্ম (ঢাল) গ্রহণ করিলেন ॥৩৪॥

সেইরূপ অবস্থা হইলে, মহাত্মা দ্রোণের বধের সময় উপস্থিত হইয়াছে, তাহাতে কোন সন্দেহ নাই ইহা ধৃষ্টদ্যুম্ন নিশ্চিতভাবে মনে করিলেন ॥৩৫॥

তাহার পর মহারথ ধৃষ্টদ্যুম্ন দুষ্কর কার্য্য করিবার ইচ্ছা করিয়া তরবারি এবং উজ্জ্বল ও শতচন্দ্রচিহ্নযুক্ত চর্ম্ম উত্তোলনপূর্ব্বক আপন রথের তেরচা কাঠের উপরে পা রাখিয়া রথস্থিত দ্রোণের দিকে আসিলেন এবং তাঁহার বক্ষ বিদারণ করিবার ইচ্ছা করিলেন ॥৩৬—৩৭॥

সোঽতিষ্ঠদ্যুগমধ্যে বৈ যুগসন্নহনেষু চ।
জঘনার্দ্ধেষু চাশ্বানাং তৎ সৈন্যাঃ সমপূজয়ন্ ॥৩৮॥
তিষ্ঠতো যুগপালীষু শোণানপ্যধিতিষ্ঠতঃ।
নাপশ্যদন্তরং দ্রোণস্তদদ্ভুতমিবাভবৎ ॥৩৯॥
ক্ষিপ্রং শ্যেনস্য চরতো যথৈবামিষগৃদ্ধিনঃ।
তদ্বদাসীদভীসারো দ্রোণপার্ষতয়ো রণে ॥৪০॥
তস্য পারাবতানশ্বান্ রথশক্ত্যা পরাভিনৎ।
সর্ব্বানেকৈকশো দ্রোণো রক্তানশ্বান্ বিবর্জ্জয়ন্ ॥৪১॥
তে হতা ন্যপতন্ ভূমৌ ধৃষ্টদ্যুম্নস্য বাজিনঃ।
শোণাস্তু পর্য্যমুচ্যন্ত রথবন্ধাদ্বিশাংপতে! ॥৪২॥

ভারতকৌমুদী

স ইতি। স ধৃষ্টদ্যুম্নঃ, যুগমধ্যে দ্রোণরথীয়তির্য্যগ্‌লম্বিতদারুমধ্যদেশে, তথান্তে চ দ্রোণস্যাশ্বানাং জঘনার্দ্ধেষু তৎসমসূত্রপাতস্থানে একপাদার্পণেনেত্যর্থঃ, তথা যুগসন্নহনেষু স্বরথতৎকাষ্ঠাশ্বঘটাবন্ধনদেশেষু দ্বিতীয়পাদার্পণেনেতি তাৎপর্য্যম্, অতিষ্ঠৎ। উভয় এব সৈন্যাঃ, তৎ তস্য কার্য্যম্, সমপূজয়ন্ প্রাশংসন্ ॥৩৮॥

তিষ্ঠত ইতি। দ্রোণঃ, যুগপালীষু স্বরথতির্য্যগ্‌লম্বিতকাষ্ঠাগ্রদেশেষু তিষ্ঠতঃ, শোণান্ রক্তবর্ণান্ দ্রোণাশ্বানপ্যধিতিষ্ঠত আশ্রয়তো ধৃষ্টদ্যুম্নস্য, অন্তরং প্রহারাবসরং নাপশ্যৎ ॥৩৯॥

ক্ষিপ্রমিতি। আমিষগৃদ্ধিনো মাংসগ্রহণৈষিণঃ। অভীসারো দ্রুতাক্রমণম্ ॥৪০॥

তস্যেতি। পারাবতান্ গৃহকপোতবর্ণান্। পরাভিনৎ ব্যদারয়ৎ। অশ্বান্ স্বকীয়ান্ ॥৪১॥

ক্রমে তিনি দ্রোণের ঘোড়াগুলির পিছনের সমসূত্রপাতে তাঁহার রথের তেরচা কাঠের মধ্যদেশে এক পা এবং নিজরথের তেরচাকাঠের অগ্রদেশে অপর পা রাখিয়া দাঁড়াইলেন। তখন দুই পক্ষের সৈন্যেরাই তাঁহার সেই কার্য্যের প্রশংসা করিতে লাগিল ॥৩৮॥

ধৃষ্টদ্যুম্ন আপন রথের তেরচা কাঠের আগায় এবং দ্রোণের ঘোড়াগুলির পিঠের উপরে দাঁড়াইলেও, দ্রোণ তাঁহাকে প্রহার করিবার অবসর দেখিতে পাইলেন না; তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইল ॥৩৯॥

তৎকালে মাংসলোভে দ্রুতচারী দুইটা শ্যেনপক্ষীর ন্যায় দ্রোণ ও ধৃষ্টদ্যুম্নের পরস্পর দ্রুত আক্রমণ চলিল ॥৪০॥

দ্রোণ নিজের রক্তবর্ণ অশ্বগুলিকে পরিত্যাগপূর্ব্বক রথশক্তিদ্বারা এক একটা করিয়া ধৃষ্টদ্যুম্নের ধূম্রবর্ণ সকল অশ্বকে বিদীর্ণ করিলেন ॥৪১॥

---

(৪১)···রথশক্ত্যা পরামৃষৎ—বঙ্গ।

তান্ হয়ান্ নিহতান্ দৃষ্ট্বা দ্বিজাগ্র্যেণ স পার্ষতঃ।
নামৃষ্যত যুধাংশ্রেষ্ঠো যাজ্ঞসেনির্মহারথঃ ॥৪৩॥
বিরথঃ স গৃহীত্বা তু খড়্গং খড়্গভৃতাং বরঃ।
দ্রোণমভ্যদ্রবদ্রাজন্! বৈনতেয় ইবোরগম্ ॥৪৪॥
তস্য রূপং বভৌ রাজন্! ভারদ্বাজং জিঘাংসতঃ।
যথা রূপং পুরা বিষ্ণোর্হিরণ্যকশিপোর্বধে ॥৪৫॥
স তদা বিবিধান্ মার্গান্ প্রবরাংশ্চৈকবিংশতিম্।
দর্শয়ামাস কৌরব্য! পার্ষতো বিচরন্ রণে ॥৪৬॥
ভ্রান্তমুদ্ভ্রান্তমাবিদ্ধমাপ্লুতং প্রসৃতং সৃতম্।
পরিবৃত্তং নিবৃত্তঞ্চ খড়্গং চর্ম্ম চ ধারয়ন্।
সম্পাতং সমুদীর্ণঞ্চ দর্শয়ামাস পার্ষতঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

ত ইতি। শোণা রক্তবর্ণা দ্রোণাশ্বাঃ, রথবন্ধাৎ ধৃষ্টদ্যুম্নরথসংশ্লেষাৎ। তদানীমশ্বানাং ভূমৌ পতনেন তদ্যুগকাষ্ঠানামপি পতনাদ্ধৃষ্টদ্যুম্নোঽপি ভূমাবপতদিতি বোধ্যম্ ॥৪২॥

তানিতি। দ্বিজাগ্র্যেণ ব্রাহ্মণশ্রেষ্ঠেন দ্রোণেন, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। নামৃষ্যত নাসহত ॥৪৩॥

বিরথ ইতি। বিরথঃ অশ্বনাশাদক্ষমরথতয়া পরিত্যক্তরথঃ। বৈনতেয়ো গরুড়ঃ ॥৪৪॥

তস্যেতি। ভারদ্বাজং দ্রোণম্, জিঘাংসতো হন্তুমিচ্ছতঃ ॥৪৫॥

স ইতি। মার্গান্ খড়্গযুদ্ধস্য, একবিংশতিম্ একবিংশত্যন্তর্গতত্রয়োদশপ্রকারান্ ॥৪৬॥

নরনাথ! তখন ধৃষ্টদ্যুম্নের সেই অশ্বগুলি নিহত হইয়া ভূতলে পতিত হইল এবং দ্রোণের রক্তবর্ণ অশ্বগুলি ধৃষ্টদ্যুম্নের রথবন্ধন হইতে মুক্ত হইয়া আসিল ॥৪২॥

দ্রোণ সেই অশ্বগুলিকে বধ করিলেন দেখিয়া যোদ্ধৃশ্রেষ্ঠ যজ্ঞসেননন্দন মহারথ ধৃষ্টদ্যুম্ন সহ্য করিলেন না ॥৪৩॥

রাজা! তখন খড়্গধারিশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন রথ ছাড়িয়া খড়্গ লইয়া গরুড় যেমন সর্পের দিকে ধাবিত হন, সেইরূপ দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৪৪॥

রাজা! পূর্ব্বকালে হিরণ্যকশিপুকে বধ করিবার সময়ে বিষ্ণুর যেপ্রকার রূপ হইয়াছিল, তৎকালে দ্রোণবধার্থী ধৃষ্টদ্যুম্নেরও সেইপ্রকার রূপ হইল ॥৪৫॥

কৌরবনন্দন! তখন ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে বিচরণ করিতে থাকিয়া একবিংশতি-প্রকার খড়্গযুদ্ধের পথের মধ্যে উত্তম ত্রয়োদশপ্রকার পথ দেখাইতে লাগিলেন ॥৪৬॥

---

(৪৪)···দ্রোণমভ্যপতৎ···পি।

ভারতং কৌশিকঞ্চৈব সাত্ত্বতঞ্চৈব শিক্ষয়া।
দর্শয়ন্ ব্যচরদ্‌যুদ্ধে দ্রোণস্যান্তচিকীর্ষয়া ॥৪৮॥
চরতস্তস্য তান্ মার্গান্ বিচিত্রান্ খড়্গচর্ম্মিণঃ।
ব্যস্ময়ন্ত রণে যোধা দেবতাশ্চ সমাগতাঃ ॥৪৯॥
ততঃ শরসহস্রেণ শতচন্দ্রমপাতয়ৎ।
চর্ম্ম খড়্গঞ্চ সংবাধে ধৃষ্টদ্যুম্নস্য স দ্বিজঃ ॥৫০॥
তে তু বৈতস্তিকা নাম শরা আসন্নযোধিনঃ।
নিকৃষ্টযুদ্ধে দ্রোণস্য নান্যেষাং সন্তি তে শরাঃ ॥৫১॥

ভারতকৌমুদী

ভ্রান্তমিতি। ভ্রান্তাদীনাং প্রকারাঃ প্রাগুক্তাঃ। পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৪৭॥
ভারতমিতি। এতে ত্রয়োঽপি তন্মার্গপ্রকারবিশেষাঃ। ব্যচরৎ পার্ষত এব ॥৪৮॥
চরত ইতি। তস্য ধৃষ্টদ্যুম্নস্য সম্বন্ধে। ব্যস্ময়ন্ত বিস্মিতা অভবন্ ॥৪৯॥
তত ইতি। শতং চন্দ্রাশ্চন্দ্রাকাররৌপ্যখণ্ডানি যত্র তত্তাদৃশং চর্ম্ম। সংবাধে সংঘর্ষে ॥৫০॥

ভারতভাবদীপঃ

বাণবিকৃতং শরবিষয়কৃতম্ ॥২৬—৩৪॥ অসংশয়ং বধমিত্যন্বয়ঃ ॥৩৫—৩৮॥ যুগপালীষু যুগকোটিষু ॥৩৯—৪৫॥ একবিংশতিমিতি ॥৪৬॥ ভ্রান্তং ভ্রামণমপ্যাত্তেতদ্‌দ্বিধা। সব্যদক্ষিণং "তদেবোৎপ্লুতিসম্বন্ধমুদ্‌ভ্রান্তং তদপি দ্বিধা। খড়্গস্য চর্ম্মণঃ স্যাচ্চ ক্ষালমাবিদ্ধমিষ্যতে। কম্পনং স্যাৎ প্লুতং দ্বেধা সম্মুখং বিমুখঞ্চ যৎ। প্রসৃতং স্যাৎ প্রসরণং তদ্বক্রমৃজু তদ্‌দ্বিধা॥ স্থিতং চাবষ্টম্ভকঞ্চ চলনং পরকীর্ত্তিতং পরিবৃত্তকং সব্যাপসব্যং তদ্বদ্‌দ্বেধা নিবৃত্তং বিনিবর্ত্তনম্॥ সম্পাতঃ স্যাৎ প্রসরণং তচ্চতুর্দ্ধাপদিশ্যতে। প্রহস্তশ্চাপহস্তশ্চ ক্ষাটনঞ্চেতি ভেদতঃ॥ সমুদীর্ণামুপক্রান্তং সাটোপং ভারতং মতম্। কৌশিকং সর্ব্বতোভদ্রং সাত্ত্বতং সত্ত্বসংশ্রিতম্॥"

তিনি খড়্গ ও চর্ম্ম ধারণ করিয়া প্রথমে ভ্রান্ত, উদ্‌ভ্রান্ত, আবিদ্ধ, আপ্লুত, প্রসৃত, সৃত, পরিবৃত্ত, নিবৃত্ত, সম্পাত ও সমুদীর্ণ এই দশপ্রকার পথ দেখাইলেন ॥৪৭॥

পরে আবার দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া শিক্ষার গুণে ভারত, কৌশিক ও সাত্ত্বত এই তিনপ্রকার পথ দেখাইতে থাকিয়া রণস্থলে বিচরণ করিতে থাকিলেন ॥৪৮॥

খড়্গ-চর্ম্মধারী ধৃষ্টদ্যুম্ন সেই সকল বিচিত্র পথে বিচরণ করিতে লাগিলে, যোদ্ধারা ও সমাগত দেবতারা বিস্ময়াপন্ন হইলেন ॥৪৯॥

তদনন্তর দ্রোণ বহুতর বাণের আঘাতে সেই আসন্ন সংঘর্ষে ধৃষ্টদ্যুম্নের হস্ত হইতে শতচন্দ্র চর্ম্ম ও তরবারি নিপাতিত করিলেন ॥৫০॥

ঋতে শারদ্বতাৎ পার্থাদ্দ্রৌণের্বৈকর্ত্তনাত্তথা।
প্রদ্যুম্নযুযুধানাভ্যামভিমন্যোশ্চ ভারত! ॥৫২॥ (যুগ্মকম্)
অথান্যেষুং সমাধত্ত দৃঢ়ং পরমসম্মতম্।
অন্তেবাসিনমাচার্য্যো জিঘাংসুঃ পুত্রসম্মিতম্ ॥৫৩॥
তং শরৈর্দশভিস্তীক্ষ্ণৈশ্চিচ্ছেদ শিনিপুঙ্গবঃ।
পশ্যতস্তব পুত্রস্য কর্ণস্য চ মহাত্মনঃ।
গ্রস্তমাচার্য্যমুখ্যেন ধৃষ্টদ্যুম্নমমোচয়ৎ ॥৫৪॥
চরন্তং রথমার্গেষু সাত্যকিং সত্যবিক্রমম্।
দ্রোণকর্ণান্তরগতং কৃপস্যাপি চ ভারত!।
অপশ্যেতাং মহাত্মানৌ বিষ্বক্সেনধনঞ্জয়ৌ ॥৫৫॥

ভারতকৌমুদী

ত ইতি। বৈতস্তিকা নাম বিতস্তিপ্রমাণত্বাৎ। নিকৃষ্টযুদ্ধে সন্নিহিতযুদ্ধে। ঋতে বিনা ॥৫১—৫২॥

অথেতি। ইষুং বাণম্, সমাধত্ত সন্ধায় ক্ষিপৎ। অন্তেবাসিনং ধৃষ্টদ্যুম্নম্ ॥৫৩॥

তমিতি। শিনিপুঙ্গবঃ সাত্যকিঃ। গ্রস্তমাক্রান্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৪॥

চরন্তমিতি। কৃপস্যাপ্যন্তরগতম্। বিষ্বক্সেনধনঞ্জয়ৌ কৃষ্ণার্জ্জুনৌ। ষট্পাদঃ শ্লোকঃ ॥৫৫॥

আসন্নযোধী দ্রোণের সেই বাণগুলির নাম ছিল—'বৈতস্তিক' সন্নিহিত-যুদ্ধেই সেগুলির ব্যবহার হয়। দ্রোণ, কৃপ, অর্জ্জুন, অশ্বত্থামা, কর্ণ, প্রদ্যুম্ন, সাত্যকি ও অভিমন্যু ব্যতীত অন্য কাহারই সে বাণ অভ্যস্ত নাই বা ছিল না ॥৫১—৫২॥

তাহার পর দ্রোণ পুত্রতুল্য শিষ্য ধৃষ্টদ্যুম্নকে বধ করিবার ইচ্ছা করিয়া দৃঢ় ও পরমসম্মত অন্য একটা বাণ সন্ধান করিয়া নিক্ষেপ করিলেন ॥৫৩॥

রাজা! তখন আপনার পুত্র দুর্য্যোধন ও মহাত্মা কর্ণের সমক্ষেই সাত্যকি দশটা তীক্ষ্ণ বাণদ্বারা সেই বাণটাকে ছেদন করিলেন এবং দ্রোণকর্ত্তৃক আক্রান্ত ধৃষ্টদ্যুম্নকে মুক্ত করিলেন ॥৫৪॥

ভরতনন্দন! এই সময়ে যথার্থবিক্রমশালী সাত্যকি—দ্রোণ, কর্ণ ও কৃপের মধ্য দিয়া রথপথে বিচরণ করিতে লাগিলে, মহাত্মা কৃষ্ণ ও অর্জ্জুন তাঁহাকে দেখিতে পাইলেন ॥৫৫॥

(৫৩) অথান্যেষুং সমাদত্ত···বর্দ্ধ।

অপূজয়েতাং বার্ষ্ণেয়ং ব্রুবাণৌ সাধু সাধ্বিতি।
দিব্যান্যস্ত্রাণি সর্ব্বেষাং যুধি নিঘ্নন্তমচ্যুতম্ ॥৫৬॥
ধনঞ্জয়স্ততঃ কৃষ্ণমব্রবীৎ পশ্য কেশব!।
আচার্য্যরথমুখ্যানাং মধ্যে ক্রীড়ন্ মধূদ্বহঃ ॥৫৭॥
আনন্দয়তি মাং ভূয়ঃ সাত্যকিঃ পরবীরহা।
মাদ্রীপুত্রৌ চ ভীমঞ্চ রাজানঞ্চ যুধিষ্ঠিরম্ ॥৫৮॥ (যুগ্মকম্)
যঃ শিক্ষয়ানুদ্ধতঃ সন্ রণে চরতি সাত্যকিঃ।
মহারথানুপক্রীড়ন্ বৃষ্ণীনাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
তমেতে প্রতিনন্দন্তি সিদ্ধাঃ সৈন্যাশ্চ বিস্মিতাঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

অপূজয়েতামিতি। অপূজয়েতাং বীরত্বদর্শনাৎ প্রাশংসতাং বিষ্বক্‌সেনধনঞ্জয়াবিত্যনু-বৃত্তিঃ, বার্ষ্ণেয়ং সাত্যকিম্। সর্ব্বেষাং দ্রোণাদীনাম্। অচ্যুতং বীরধর্ম্মাদভ্রষ্টম্ ॥৫৬॥

ধনঞ্জয় ইতি। আচার্য্যৌ দ্রোণকৃপৌ রথমুখ্যাশ্চ কর্ণাদয়স্তেষাম্, ক্রীড়ন্নিব, মধূদ্বহো মধুবংশশ্রেষ্ঠঃ। পরবীরহা বিপক্ষবীরহন্তা। মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ ॥৫৭—৫৮॥

য ইতি। অনুদ্ধতঃ অগর্বিতঃ। উপ লক্ষীকৃত্য ক্রীড়ন্নিব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

ভারতভাবদীপঃ

ইত্যাদি ॥৩৭—৫৫॥ অপূজয়েতামিতি পরেণান্বয়ঃ। অভিপত্যাভিগম্য, তেষাং সর্ব্বেষা-মিত্যন্বয়ঃ ॥৫৬॥ আচার্য্যরথমুখ্যানাং দ্রোণাদীনাং রথপ্রধানানাম্ ॥৫৭॥ ভূয়োঽধিকম্, মাদ্রীপুত্রাদীন্ মহারথানিত্যনুষঙ্গঃ ॥৫৮—৬০॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৩॥

তৎকালে সাত্যকি বীরধর্ম্ম হইতে অভ্রষ্ট থাকিয়া যুদ্ধে দ্রোণপ্রভৃতি সমস্ত বিপক্ষগণের দিব্য অস্ত্র সকল প্রতিহত করিতেছেন দেখিয়া—কৃষ্ণ ও অর্জ্জুন 'সাধু সাধু' বলিয়া তাঁহার প্রশংসা করিতে লাগিলেন ॥৫৬॥

তাহার পর অর্জ্জুন কৃষ্ণকে বলিলেন—'কৃষ্ণ! দেখ—মধুবংশশ্রেষ্ঠ ও বিপক্ষবীরহন্তা সাত্যকি—দ্রোণ, কৃপ ও অন্যান্য রথিশ্রেষ্ঠগণের মধ্যে যেন ক্রীড়া করিতে থাকিয়া রাজা যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেবকে এবং আমাকে বিশেষ আনন্দিত করিতেছেন ॥৫৭—৫৮॥

বৃষ্ণিবংশের কীর্ত্তিবর্দ্ধক যে সাত্যকি অগর্বিত থাকিয়া শিক্ষার গুণে মহারথ-গণের মধ্যে যেন ক্রীড়া করিতে থাকিয়া যুদ্ধে বিচরণ করিতেছেন, এই সিদ্ধগণ ও সৈন্যগণ বিস্ময়াপন্ন হইয়া তাঁহার প্রশংসা করিতেছেন ॥৫৯॥

---

(৫৬) ইতঃ পরম্ 'অভিপত্য ততস্তেষাং বিষ্বক্‌সেনধনঞ্জয়ৌ' ইতি পাদদ্বয়মধিকং পি বর্দ্ধ বা। (৫৯) যচ্ছিক্ষয়ানুদ্ধতঃ সন্…বা নি, যচ্ছিক্ষয়া চোদ্ধতঃ সন্…পি।

অজয্যং সমরে দৃষ্ট্বা সাধু সাধ্বিতি সাত্যকিম্ ।
যোধাশ্চোভয়তঃ সর্ব্বে কর্ম্মভিঃ সমপূজয়ন্ ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে দ্রোণধৃষ্টদ্যুম্নযুদ্ধে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(ঃ*ঃ)———

চতুঃষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ।

———ঃ-০-ঃ———

সঞ্জয় উবাচ । †

ততশ্চতুর্দ্দিশং সৈন্যৈর্ক্রপদস্যাভিসংবৃতঃ ।
নির্দ্দহন্ ক্ষত্রিয়ব্রাতান্ দ্রোণঃ পর্য্যচরদ্রণে ॥১॥

ভারতকৌমুদী

অজয্যমিতি। অজয্যং জেতুমশক্যম্। উভয়ত উভয়পক্ষস্থ ॥৬০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি দ্রোণবধে ত্রিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

আর উভয়পক্ষের যোদ্ধারাই সাত্যকিকে যুদ্ধে অজেয় দেখিয়া উহার কর্ম্ম অনুসারে 'সাধু সাধু' বলিয়া প্রশংসা করিতেছেন' ॥৬০॥

---

* '…অষ্টাশীত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '…নবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '…একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা, '… দ্বিনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' নি। † ইতঃ পরং সাত্যকিযুদ্ধবিষয়া দ্বাবিংশতিঃ শ্লোকা অধিকাঃ পূর্ব্বাধ্যায় এব তৎপ্রসঙ্গশেষাৎ বহুষু পুস্তকেষ্বস্থিতেশ্চ। তে চ পি বর্দ্ধ বঙ্গ বা যথা—

সাত্বতস্য তু তৎ কর্ম্ম দৃষ্ট্বা দুর্য্যোধনাদয়ঃ । শৈনেয়ং সর্ব্বতঃ ক্রুদ্ধা বারয়ামাসুরঞ্জসা ॥১॥
কৃপকর্ণৌ চ সমরে পুত্রাশ্চ তব মারিষ ! । শৈনেয়ং ত্বরয়াভ্যেত্য বিনিঘ্নন্নিশিতৈঃ শরৈঃ ॥২॥
যুধিষ্ঠিরস্ততো রাজা মাদ্রীপুত্রৌ চ পাণ্ডবৌ । ভীমসেনশ্চ বলবান্ সাত্যকিং পর্য্যবারয়ন্ ॥৩॥
কর্ণশ্চ শরবর্ষেণ গৌতমশ্চ মহারথঃ । দুর্য্যোধনাদয়স্তে চ শৈনেয়ং পর্য্যবারয়ন্ ॥৪॥
তাং বৃষ্টিং সহসা রাজন্ বিতাং ঘোররূপিণীম্ । বারয়ামাস শৈনেয়ো যোধয়ংস্তান্ মহারথান্ ॥
তেষামস্ত্রাণি দিব্যানি সংহিতানি মহাত্মনাম্ । বারয়ামাস বিধিবদ্দিব্যৈরস্ত্রৈর্মহামৃধে ॥৬॥
ক্রূরমায়োধনং জজ্ঞে তস্মিন্ রাজসমাগমে । রুদ্রস্যেব হি ক্রুদ্ধস্য নিঘ্নতস্তান্ পশূন্ পুরা ॥৭॥
হস্তানামুত্তমাঙ্গানাং কার্ম্মুকাণাঞ্চ ভারত ! । ছত্রাণাঞ্চাপবিদ্ধানাং চামরাণাঞ্চ সঞ্চয়ৈঃ ॥৮॥

হত্বা বিংশতিসাহস্রান্ ক্ষত্রিয়ানরিমর্দ্দনঃ।
দশাযুতানি করিণামবধীদ্বিশিখৈঃ শিতৈঃ ॥২॥
সোঽতিষ্ঠদাহবে যত্তো বিধূমোঽগ্নিরিব জ্বলন্।
ক্ষত্রিয়াণামভাবায় ব্রাহ্মমস্ত্রং সমাস্থিতঃ ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। দ্রুপদস্য সৈন্যৈঃ পাঞ্চালৈঃ। ক্ষত্রিয়াণাং ব্রাতান্ সমূহান্ ॥১॥
হত্বেতি। সংখ্যানির্দ্দেশো বহুত্বমাত্রজ্ঞাপনার্থঃ। অরিমর্দ্দনো দ্রোণঃ ॥২॥
স ইতি। যত্তো জয়ায় যত্নবান্। অভাবায় নাশায়, সমাস্থিত আবিষ্কারায়াশ্রিতঃ ॥৩॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর দ্রোণ চতুর্দ্দিকে পাঞ্চালসৈন্যে পরিবেষ্টিত হইয়া ক্ষত্রিয়গণকে দগ্ধ করিতে থাকিয়া যুদ্ধে বিচরণ করিতে লাগিলেন ॥১॥

ক্রমে শত্রুমর্দ্দন দ্রোণ সুধার বাণসমূহদ্বারা বিংশতিসহস্র ক্ষত্রিয় বধ করিয়া লক্ষ হস্তী বধ করিলেন ॥২॥

পরে তিনি জয়ে যত্নবান্ হইয়া ক্ষত্রিয়গণকে ধ্বংস করিবার জন্য ব্রহ্মাস্ত্র ধারণ করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় জ্বলিতে থাকিয়া যুদ্ধে অবস্থান করিতে লাগিলেন ॥৩॥

রাশয়ঃ স্ম ব্যদৃশ্যন্ত তত্র তত্র রণাজিরে। ভগ্নচক্রৈ রথৈশ্চাপি পাতিতৈশ্চ মহাধ্বজৈঃ ॥৯॥
সাদিভিশ্চ হতৈঃ শূরৈঃ সঙ্কীর্ণা বসুধাভবৎ। বাণপাতনিকৃত্তাস্তু যোধাস্তে কুরুসত্তম! ॥১০॥
চেষ্টন্তো বিবিধাশ্চেষ্টা ব্যদৃশ্যন্ত মহাহবে। বর্ত্তমানে তথা যুদ্ধে ঘোরে দেবাসুরোপমে ॥১১॥
অব্রবীৎ ক্ষত্রিয়াংস্তত্র ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ। অভিদ্রবত সংযত্তাঃ কুম্ভযোনিং মহারথাঃ ॥১২॥
এষো হি পার্ষতো বীরো ভারদ্বাজেন সঙ্গতঃ। ঘটতে চ যথাশক্তি ভারদ্বাজস্য নাশনে ॥১৩॥
যাদৃশানি হি রূপাণি দৃশ্যন্তেঽস্য মহারণে। অদ্য দ্রোণং রণে ক্রুদ্ধো পাতয়িষ্যতি পার্ষতঃ ॥১৪॥
তে যূয়ং সহিতা ভূত্বা যুধ্যধ্বং কুম্ভসম্ভবম্। যুধিষ্ঠিরসমাজ্ঞপ্তাঃ সৃঞ্জয়ানাং মহারথাঃ ॥১৫॥
অভ্যদ্রবন্ত সংযত্তা ভারদ্বাজজিঘাংসবঃ। তান্ সমাপততঃ সর্বান্ ভারদ্বাজো মহারথঃ ॥১৬॥
অভ্যবর্ত্তত বেগেন মর্ত্তব্যমিতি নিশ্চিতঃ। প্রযাতে সত্যসন্ধে তু সমকম্পত মেদিনী ॥১৭॥
ববুর্ব্বাতাঃ সনির্ঘাতাস্ত্রাসয়ানা বরূথিনীম্। পপাত মহতী চোল্কা আদিত্যান্নিশ্চরন্ত্যত ॥১৮॥
দীপয়ন্তী উভে সেনে শংসন্তীব মহদ্ভয়ম্। জজ্বলুশ্চৈব শস্ত্রাণি ভারদ্বাজস্য মারিষ! ॥১৯॥
রথাঃ স্বনন্তি চাত্যর্থং হয়াশ্চাশ্রূণ্যবাসৃজন্। হতৌজা ইব চাপ্যাসীদ্ভারদ্বাজো মহারথঃ ॥২০॥
প্রাস্ফুরন্নয়নঞ্চাস্য বামং বাহুস্তথৈব চ। বিমনাশ্চাভবদ্যুদ্ধে দৃষ্ট্বা পার্ষতমগ্রতঃ ॥২১॥
ঋষীণাং ব্রহ্মবাদানাং স্বর্গস্য গমনং প্রতি। সুযুদ্ধেন ততঃ প্রাণানুৎস্রষ্টুমুপচক্রমে ॥২২॥

(২)···দশাযুতানি তীক্ষ্ণাগ্রৈঃ···পি বর্দ্ধ।

পাঞ্চাল্যং বিরথং ভীমো হতসর্ব্বায়ুধং বলী।
সুবিষণ্ণং মহাত্মানং ত্বরমাণঃ সমভ্যয়াৎ ॥৪॥
ততঃ স্বরথমারোপ্য পাঞ্চাল্যমরিমর্দ্দনঃ।
অব্রবীদভিসংপ্রেক্ষ্য দ্রোণমস্যন্তমন্তিকাৎ ॥৫॥
ন ত্বদন্য ইহাচার্য্যং যোদ্ধুমুৎসহতে পুমান্।
ত্বরস্ব প্রাগ্‌বধায়ৈব ত্বয়ি ভারঃ সমাহিতঃ ॥৬॥
স তথোক্তো মহাবাহুঃ সর্ব্বভারসহং ধনুঃ।
অভিপত্যাদদে ক্ষিপ্রমায়ুধপ্রবরং দৃঢ়ম্ ॥৭॥
সংরব্ধশ্চ শরানস্যন্ দ্রোণং দুর্ব্বারণং রণে।
বিবারয়িষুরাচার্য্যং শরবর্ষৈরবাকিরৎ ॥৮॥

ভারতকৌমুদী

পাঞ্চাল্যমিতি। পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্। হতানি সর্ব্বাণ্যায়ুধানি যস্য তম্ ॥৪॥
তত ইতি। অরিমর্দ্দনো ভীমঃ। অস্যন্তং বাণান্ ক্ষিপন্তম্ ॥৫॥
নেতি। উৎসহতে শক্নোতি। বধায় দ্রোণস্য। সমাহিতঃ স্থাপিতঃ ॥৬॥
স ইতি। সর্বভারসহং সর্ববিধাকর্ষণসহম্। আদদে পুনর্জগ্রাহ ॥৭॥
সমিতি। সংরব্ধঃ ক্রুদ্ধঃ, অস্যন্ ক্ষিপন্। বিবারয়িষুর্বারয়িতুমিচ্ছুঃ ॥৮॥

ওদিকে রথ ও সমস্ত অস্ত্র বিনষ্ট হইলে, মহাত্মা ধৃষ্টদ্যুম্ন অতিবিষণ্ণ হইয়া অবস্থান করিতেছিলেন; তখন বলবান্ ভীমসেন তাঁহার নিকট গমন করিলেন ॥৪॥

তৎপর শত্রুমর্দ্দন ভীমসেন ধৃষ্টদ্যুম্নকে আপন রথে তুলিয়া লইয়া এবং দ্রোণ নিকট হইতে অস্ত্রক্ষেপ করিতেছেন দেখিয়া ধৃষ্টদ্যুম্নকে বলিলেন—॥৫॥

'পাঞ্চালরাজপুত্র! আপনি ভিন্ন অন্য কোন পুরুষই দ্রোণের সহিত যুদ্ধ করিতে সমর্থ হইবে না। অতএব আপনি উঁহাকে বধ করিবার জন্য ত্বরান্বিত হউন; পূর্ব্বেই আপনার উপরে এ ভার স্থাপিত হইয়াছে' ॥৬॥

ভীমসেন সেইরূপ বলিলে, মহাবাহু ধৃষ্টদ্যুম্ন দ্রুত যাইয়া সত্বর সর্বভারসহ, দৃঢ় ও অস্ত্রশ্রেষ্ঠ একখানা ধনু গ্রহণ করিলেন ॥৭॥

পরে ধৃষ্টদ্যুম্ন ক্রুদ্ধ হইয়া বাণক্ষেপ করিতে থাকিয়া যুদ্ধে দুর্নিবার দ্রোণাচার্য্যকে বারণ করিবার ইচ্ছা করিয়া তাঁহার উপরে বাণ বর্ষণ করিতে লাগিলেন ॥৮॥

(৬)···ত্বরস্ব প্রাগ্‌বধাদস্য···পি বঙ্গ। (৭)···সর্ব্বভারসহং নবম্···পি বঙ্গ বঙ্গ।

তৌ ন্যবারয়তাং শ্রেষ্ঠৌ সংরব্ধৌ রণশোভিনৌ।
উদীরয়েতাং ব্রাহ্মাণি দিব্যান্যস্ত্রাণ্যনেকশঃ ॥৯॥
স মহাস্ত্রৈর্মহারাজ! দ্রোণমাচ্ছাদয়দ্রণে।
নিহত্য সর্ব্বাণ্যস্ত্রাণি ভারদ্বাজস্য পার্ষতঃ ॥১০॥
স বশাতীন্ শিবীংশ্চৈব বাহ্লীকান্ কৌরবানপি।
রক্ষিষ্যমাণান্ সংগ্রামে দ্রোণং ব্যধমদচ্যুতঃ ॥১১॥
ধৃষ্টদ্যুম্নস্তথা রাজন্! গভস্তিভিরিবাংশুমান্।
বভৌ প্রচ্ছাদয়ন্নাশাঃ শরজালৈঃ সমন্ততঃ ॥১২॥
তস্য দ্রোণো ধনুশ্ছিত্ত্বা বিদ্ধা চৈনং শিলীমুখৈঃ।
মর্ম্মাণ্যভ্যহনদ্ভূয়ঃ স ব্যথাং পরমামগাৎ ॥১৩॥
তং বিংশতিসহস্রাণি পাঞ্চালানাং রথর্ষভাঃ।
তথা চরন্তং সংগ্রামে সর্ব্বতোঽবাকিরন্ শরৈঃ ॥১৪॥

ভারতকৌমুদী

তাবিতি। ন্যবারয়তাং পরস্পরম্। উদীরয়েতাং প্রক্ষিপতাম্। বৃদ্ধাভাব আর্ষঃ ॥৯॥
স ইতি। ভারদ্বাজস্য দ্রোণস্য, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ ॥১০॥
স ইতি। দ্রোণং রক্ষিষ্যমাণানিতি সম্বন্ধঃ। ব্যধমৎ প্রপীড়য়ৎ, অচ্যুতো বীরধর্ম্মাৎ ॥১১॥
ধৃষ্টেতি। গভস্তিভিঃ কিরণৈঃ, অংশুমান্ সূর্য্যঃ। আশা দিশঃ ॥১২॥
তস্যেতি। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। অগাৎ প্রাপৎ ॥১৩॥
তমিতি। রথর্ষভা রথিশ্রেষ্ঠাঃ। অবাকিরন্ প্রাহরন্ ॥১৪॥

ক্রমে ক্রুদ্ধ, সমরশোভী ও ধনুর্দ্ধরশ্রেষ্ঠ দ্রোণ ও ধৃষ্টদ্যুম্ন ব্রহ্মাস্ত্র ও অন্যান্য অনেক অলৌকিক অস্ত্র নিক্ষেপ করিতে থাকিলেন ও পরস্পর বারণ করিতে লাগিলেন ॥৯॥

মহারাজ! তৎপরে ধৃষ্টদ্যুম্ন দ্রোণের সমস্ত অস্ত্র প্রতিহত করিয়া উত্তম অস্ত্রসমূহে তাঁহাকে আবৃত করিয়া ফেলিলেন ॥১০॥

এবং বীরধর্ম্মান্বিত ধৃষ্টদ্যুম্ন যুদ্ধে দ্রোণের রক্ষক বশাতি, শিবি, বাহ্লীক ও কৌরবদিগকে পীড়ন করিতে থাকিলেন ॥১১॥

রাজা! তৎকালে ধৃষ্টদ্যুম্ন কিরণদ্বারা সূর্য্যের ন্যায় বাণসমূহদ্বারা সমস্ত দিক্ আবৃত করতঃ প্রকাশ পাইতে লাগিলেন ॥১২॥

তখন দ্রোণ বাণদ্বারা তাঁহার ধনু ছেদন ও তাঁহাকে তাড়ন করিয়া পুনরায় মর্ম্মস্থানে আঘাত করিলেন; তাহাতে ধৃষ্টদ্যুম্ন গুরুতর ব্যথা পাইলেন ॥১৩॥

---

(৯) তৌ নিবারয়তাং শ্রেষ্ঠৌ···বঙ্গ।

তৈঃ শরৈরাবৃতং দ্রোণং নাপশ্যাম মহারথম্ ।
ভাস্করং জলদৈ রুদ্ধং বর্ষাস্বিব বিশাংপতে ! ॥১৫॥
বিধূয় তান্ বাণগণান্ পাঞ্চালানাং মহারথঃ ।
ততঃ প্রাদুরকরোদ্দ্রোণো ব্রাহ্মমস্ত্রং পরন্তপঃ ।
বধায় তেষাং শূরাণাং পাঞ্চালানামমর্ষিতঃ ॥১৬॥
ততো ব্যরোচত দ্রোণো বিনিঘ্নন্ সর্ব্বসোমকান্ ।
শিরাংস্যপাতয়চ্চাপি পাঞ্চালানাং মহামৃধে ।
তথৈব পরিঘাকারান্ বাহূন্ কনকভূষণান্ ॥১৭॥
তে বধ্যমানাঃ সমরে ভারদ্বাজেন পার্থিবাঃ ।
মেদিন্যামন্বকীর্য্যন্ত বাতনুন্না ইব দ্রুমাঃ ॥১৮॥
কুঞ্জরাণাঞ্চ পততাং হয়ৌঘানাঞ্চ ভারত ! ।
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা ॥১৯॥

ভারতকৌমুদী

তৈরিতি। জলদৈর্মেঘৈঃ, রুদ্ধমাবৃতম্ ॥১৫॥
বিধূয়েতি। বিধূয় প্রতিহত্য। প্রাদুরকরোদিত্যড়াগমাভাব আর্ষঃ। ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৬॥
তত ইতি। তথৈব বাহূনপ্যপাতয়দিতি সম্বন্ধঃ। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৭॥
ত ইতি। অন্বকীর্য্যন্ত ব্যক্ষিপ্যন্ত, বাতনুন্না বায়ুভগ্নাঃ ॥১৮॥
কুঞ্জরাণামিতি। অগম্যরূপা অভবৎ, মাংসৈঃ শোণিতৈশ্চ কর্দ্দমো যস্যাঃ সা ॥১৯॥

দ্রোণ সেইভাবে যুদ্ধে বিচরণ করিতে লাগিলে, পাঞ্চালদেশীয় বিংশতি-সহস্র রথিশ্রেষ্ঠ সকল দিক্ হইতে দ্রোণের উপরে বাণক্ষেপ করিতে লাগিলেন ॥১৪॥

নরনাথ! বর্ষাকালে মেঘাবৃত সূর্য্যের ন্যায় তৎকালে তাহাদের বাণে আবৃত মহারথ দ্রোণকে আমরা দেখিতে পাইলাম না ॥১৫॥

তদনন্তর মহারথ ও শত্রুসন্তাপকারী দ্রোণ ক্রুদ্ধ হইয়া পাঞ্চালগণের সেই বাণগুলিকে প্রতিহত করিয়া সেই পাঞ্চালদেশীয় বীরগণকে বধ করিবার জন্য ব্রহ্মাস্ত্র আবিষ্কার করিলেন ॥১৬॥

তাহার পর দ্রোণ সমস্ত সোমক সংহার করিতে থাকিয়া বীরশোভায় শোভিত হইলেন এবং তিনি মহাযুদ্ধে পাঞ্চালগণের মস্তক, আর স্বর্ণভূষিত পরিঘতুল্য বাহু সকল নিপাতিত করিতে থাকিলেন ॥১৭॥

যুদ্ধে দ্রোণ বধ করিতে লাগিলে, রাজারা বায়ুভগ্ন বৃক্ষসমূহের ন্যায় ভূতলে পতিত হইতে লাগিলেন ॥১৮॥

হত্বা বিংশতিসাহস্রান্ পাঞ্চালানাং রথব্রজান্ ।
অতিষ্ঠদাহবে দ্রোণো বিধূমোঽগ্নিরিব জ্বলন্ ॥২০॥
তথৈব চ পুনঃ ক্রুদ্ধো ভারদ্বাজঃ প্রতাপবান্ ।
বসুদানস্য ভল্লেন শিরঃ কায়াদপাহরৎ ॥২১॥
পুনঃ পঞ্চশতান্ মৎস্যান্ ষট্‌সহস্রাংশ্চ সৃঞ্জয়ান্ ।
হস্তিনামযুতং হত্বা জঘানাশ্বাযুতং পুনঃ ॥২২॥
ক্ষত্রিয়াণামভাবায় দৃষ্ট্বা দ্রোণমবস্থিতম্ ।
ঋষয়োঽভ্যাগমংস্তূর্ণং হব্যবাহপুরোগমাঃ ॥২৩॥
বিশ্বামিত্রো জমদগ্নির্ভরদ্বাজোঽথ গৌতমঃ ।
বশিষ্ঠঃ কশ্যপোঽত্রিশ্চ ব্রহ্মলোকং নিনীষবঃ ॥২৪॥
সিকতাঃ পৃশ্নয়ো গর্গা বালখিল্যা মরীচিপাঃ ।
ভৃগবোঽঙ্গিরসশ্চৈব সূক্ষ্মাশ্চান্যে মহর্ষয়ঃ ॥২৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

হত্বেতি। রথানাং ব্রজান্ সমূহান্। বিধূমো ধূমশূন্যঃ ॥২০॥

তথেতি। ভারদ্বাজো দ্রোণঃ। বসুদানস্য তদাখ্যস্য বীরস্য ॥২১॥

পুনরিতি। পঞ্চ শতানি যেষাং তান্। এবং ষট্‌সহস্রানপি ॥২২॥

ক্ষত্রিয়াণামিতি। অভাবায় ধ্বংসায়। হব্যবাহো বহ্নিদেবঃ পুরোগমঃ অগ্রগামী যেষাং তে। নিনীষবো দ্রোণং নেতুমিচ্ছবঃ। সিকতাদীনি তত্তন্মহর্ষিগণনামানি ॥২৩—২৫॥

ভরতনন্দন! ক্রমে পতিত হস্তী ও অশ্বগণের মাংসে ও রক্তে কর্দ্দম হইয়া যাওয়ায় রণভূমি অগম্য হইয়া পড়িল ॥১৯॥

এইভাবে দ্রোণ পাঞ্চালদেশীয় বিংশতিসহস্র রথীকে বধ করিয়া ধূমশূন্য অগ্নির ন্যায় রণস্থলে অবস্থান করিতে লাগিলেন ॥২০॥

সেই ভাবেই প্রতাপশালী দ্রোণ পুনরায় ক্রুদ্ধ হইয়া একটা ভল্লদ্বারা বসুদানের দেহ হইতে মস্তকটা অপহরণ করিলেন ॥২১॥

দ্রোণ পুনরায় পঞ্চশত মৎস্যদেশীয় সৈন্য, ষট্‌সহস্র সৃঞ্জয় ও দশসহস্র হস্তী বধ করিয়া আবার দশসহস্র অশ্ব বধ করিলেন ॥২২॥

তখন দ্রোণকে ক্ষত্রিয়ধ্বংসের জন্য অবস্থান করিতে দেখিয়া তাঁহাকে ব্রহ্মলোকে লইয়া যাইবার জন্য বিশ্বামিত্র, জমদগ্নি, ভরদ্বাজ, গৌতম, বশিষ্ঠ, কশ্যপ ও অত্রি ঋষি এবং সিকত, পৃশ্নি, গর্গ, বালখিল্য, মরীচিপ, ভৃগু, অঙ্গিরা

(২৩)···ঋষয়োঽভ্যাগতাস্তূর্ণম্· ব।

ত এনমব্রুবন্ সর্ব্বে দ্রোণমাহবশোভিনম্ ।
অধর্ম্মতঃ কৃতং যুদ্ধং সময়ো নিধনস্য তে ॥২৬॥
ন্যস্যায়ুধং রণে দ্রোণ ! সমীক্ষ্যাস্মানবস্থিতান্ ।
নাতঃ ক্রূরতরং কর্ম্ম পুনঃ কর্ত্তুমিহার্হসি ॥২৭॥
বেদবেদাঙ্গবিদুষঃ সত্যধর্ম্মরতস্য তে ।
ব্রাহ্মণস্য বিশেষেণ তবৈতন্নোপপদ্যতে ॥২৮॥
ত্যজায়ুধমমোঘেষো ! তিষ্ঠ বর্ত্মনি শাশ্বতে ।
পরিপূর্ণশ্চ কালস্তে বস্তুং লোকেঽস্য মানুষে ॥২৯॥
ব্রহ্মাস্ত্রেণ ত্বয়া দগ্ধা অনস্ত্রজ্ঞা নরা যুধি ।
যদেতদীদৃশং বিপ্র ! কৃতং কর্ম্ম ন সাধু তৎ ॥৩০॥

ভারতকৌমুদী

ত ইতি। অধর্ম্মতঃ—যো যদস্ত্রং ন জানাতি তং প্রতি তদস্ত্রক্ষেপাদিতি ভাবঃ ।২৬॥
ন্যস্যেতি। ন্যস্য নিক্ষিপ। ক্রূরতরম্ অধিকনিষ্ঠুরম্ ॥২৭॥
বেদেতি। বেদান্ ঋগাদীন্ বেদাঙ্গানি শিক্ষাদীনি বেত্তীতি তস্য। এতৎ হিংসনম্ ॥২৮॥
ত্যজেতি। হে অমোঘেষো ! অব্যর্থবাণ ! শাশ্বতে চিরস্থায়িব্রহ্মলোকীয়ে ॥২৯॥
নথবর্ম্মতঃ কৃতং যুদ্ধমিতি কথমুক্তমিত্যাহ ব্রহ্মেতি। অনস্ত্রজ্ঞা ব্রহ্মাস্ত্রানভিজ্ঞাঃ ॥৩০॥

অন্যান্য সূক্ষ্ম মহর্ষিরা অগ্নিদেবকে অগ্রবর্ত্তী করিয়া সত্বর সেস্থানে আগমন করিলেন ॥২৩—২৫॥

পরে তাঁহারা সকলে সমরশোভী দ্রোণকে বলিলেন—'দ্রোণ ! তুমি অধর্ম্ম অনুসারে যুদ্ধ করিয়াছ। সুতরাং তোমার মৃত্যুর সময় হইয়াছে ॥২৬॥

অতএব দ্রোণ ! তুমি আমাদিগকে সম্মুখে অবস্থিত দেখিয়া অস্ত্র ত্যাগ কর ; ইহার পরে আর গুরুতর নিষ্ঠুর কার্য্য করিতে পার না ॥২৭॥

তুমি বেদ-বেদাঙ্গবিৎ এবং সত্যধর্ম্মে নিরত, বিশেষতঃ ব্রাহ্মণ। সুতরাং তোমার পক্ষে এরূপ নিষ্ঠুর কার্য্য সঙ্গত নহে ॥২৮॥

হে অব্যর্থবাণ দ্রোণ ! অস্ত্র ত্যাগ কর, চিরস্থায়ী ব্রহ্মলোকের পথে প্রবৃত্ত হও ; আজ তোমার মনুষ্যলোকে বাস করিবার কাল পূর্ণ হইয়াছে ॥২৯॥

ব্রাহ্মণ ! তুমি ব্রহ্মাস্ত্রদ্বারা ব্রহ্মাস্ত্রানভিজ্ঞ লোকদিগকে যুদ্ধে দগ্ধ করিয়াছ। অতএব তুমি যে এইরূপ কার্য্য করিয়াছ, তাহা ভাল কর নাই ॥৩০॥

(২৯)···বস্তুং লোকেঽস্মমানুষে—পি বর্দ্ধ। (৩০)···নরা ভুবি···নি।

ন্যস্যায়ুধং রণে ক্ষিপ্রং দ্রোণ! মা ত্বং চিরং কৃথাঃ।
মা পাপিষ্ঠতরং কর্ম্ম করিষ্যসি পুনর্দ্বিজ! ॥৩১॥
ইতি তেষাং বচঃ শ্রুত্বা ভীমসেনবচশ্চ তৎ।
ধৃষ্টদ্যুম্নঞ্চ সংপ্রেক্ষ্য রণে স বিমনাভবৎ ॥৩২॥
স দহ্যমানো ব্যথিতঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
অহতং বা হতং বাপি পপ্রচ্ছ সুতমাত্মনঃ ॥৩৩॥
স্থিরা বুদ্ধির্হি দ্রোণস্য ন পার্থো বক্ষ্যতেঽনৃতম্।
ত্রয়াণামপি লোকানামৈশ্বর্য্যার্থে কথঞ্চন ॥৩৪॥
তস্মাত্তং পরিপপ্রচ্ছ নান্যং কঞ্চিদ্দ্বিজর্ষভঃ।
তস্মিংস্তস্য হি সত্যাশা বাল্যাৎ প্রভৃতি পাণ্ডবে ॥৩৫॥

ভারতকৌমুদী

ন্যস্যেতি। ন্যস্য নিক্ষিপ। চিরং বিলম্বম্। পাপিষ্ঠতরং গুরুতরপাপজনকম্ ॥৩১॥

ইতীতি। ভীমসেনবচঃ 'অশ্বত্থামা হতঃ' ইতি পূর্ব্বাধ্যায়গতং ভীমসেনবাক্যম্। ধৃষ্টদ্যুম্নং স্ববধার্থমেব জাতমিতি ভাবঃ। বিমনাভবদিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩২॥

স ইতি। দহ্যমানঃ ভীমবাক্যাদাশঙ্কিতসুতবধশোকানলেন ॥৩৩॥

স্থিরেতি। হি যস্মাৎ, স্থিরা বুদ্ধিঃ স্থিরবুদ্ধিনিবন্ধনো বিশ্বাসঃ। পার্থো যুধিষ্ঠিরঃ ॥৩৪॥

তস্মাদিতি। সত্যাশা সত্যবাক্যশ্রবণাশা। পাণ্ডবে যুধিষ্ঠিরে। তথা চ কৌরবেষু প্রশ্নে মৃতেঽপ্যশ্বত্থাম্নি জীবতীতি তে বদেয়ুঃ, অন্যপাণ্ডবেষু প্রশ্নে চ জীবত্যপি মৃত ইতি ভাষেরন্নিতি ভাবঃ ॥৩৫॥

সুতরাং দ্রোণ! ব্রাহ্মণ! সত্বর অস্ত্র ত্যাগ কর, বিলম্ব করিও না এবং পুনরায় এইরূপ পাপের কার্য্য করিবে না' ॥৩১॥

দ্রোণাচার্য্য মহর্ষিগণের এই বাক্য ও ভীমসেনের সেই বাক্য শুনিয়া এবং সম্মুখে ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া যুদ্ধে অনিচ্ছু হইলেন ॥৩২॥

এবং তিনি শোকানলে দগ্ধ ও ব্যথিত হইতে থাকিয়া নিজপুত্র অশ্বত্থামা হত হন নাই বা হত হইয়াছেন এই বিষয় কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে জিজ্ঞাসা করিলেন ॥৩৩॥

কারণ, দ্রোণের এইরূপ স্থির বিশ্বাস ছিল যে, যুধিষ্ঠির ত্রিভুবনের রাজত্ব-লাভের জন্যও কোন প্রকারেই মিথ্যা কথা বলিবেন না ॥৩৪॥

যুধিষ্ঠিরের বাল্যকাল হইতেই তাঁহার উপরে দ্রোণের সত্যবাক্যের আশা ছিল। সেই জন্যই ব্রাহ্মণশ্রেষ্ঠ দ্রোণ তাঁহার নিকটেই সেই বিষয় জিজ্ঞাসা করিয়াছিলেন, অন্যের নিকট করেন নাই ॥৩৫॥

(৩২)…ভীমসেনবচঃ স্মরন্…বঙ্গ নি। (৩৩) সন্দিহ্যমানো ব্যথিতঃ…নি।

ততো নিষ্পাণ্ডবামুর্ব্বীং করিষ্যন্তং যুধাং পতিম্ ।
দ্রোণং জ্ঞাত্বা ধর্ম্মরাজং গোবিন্দো ব্যথিতোঽব্রবীৎ ॥৩৬॥
যদ্যর্দ্ধদিবসং দ্রোণো যুধ্যতে মন্যুমাস্থিতঃ ।
সত্যং ব্রবীমি তে সেনা বিনাশং সমুপৈষ্যতি ॥৩৭॥
স ভবাংস্ত্রাতু নো দ্রোণাৎ সত্যাজ্জ্যায়োঽনৃতং ভবেৎ ।
অনৃতং জীবিতস্যার্থে বদন্ ন স্পৃশ্যতেঽনৃতৈঃ ॥৩৮॥
তয়োঃ সংবদতোরেবং ভীমসেনোঽব্রবীদিদম্ ।
শ্রুত্বৈবং তং মহারাজ ! বধোপায়ং মহাত্মনঃ ॥৩৯॥
গাহমানস্য তে সেনাং মালবস্যেন্দ্রবর্ম্মণঃ ।
অশ্বত্থামেতি বিখ্যাতো গজঃ শক্রগজোপমঃ ॥৪০॥
নিহতো যুধি বিক্রম্য ততোঽহং দ্রোণমব্রুবম্ ।
অশ্বত্থামা হতো ব্রহ্মন্ ! নিবর্ত্তস্বাহবাদিতি ।
নূনং নাশ্রদ্দধদ্বাক্যমেষ মে পুরুষর্ষভঃ ॥৪১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। উর্ব্বীং পৃথিবীম্, যুধাং পতিং যোদ্ধৃশ্রেষ্ঠম্ ॥৩৬॥

যদীতি। মন্যুং ক্রোধম্, আস্থিত আশ্রিতঃ। তদেতি পূরণীয়ম্ ॥৩৭॥

স ইতি। ত্রাতু ত্রায়তাম্, নঃ অস্মান্। জ্যায়ঃ শ্রেষ্ঠম্, অনৃতং মিথ্যা। অনৃতৈরনৃতোক্তিপাপৈঃ। অত্রার্থে গৌতমোঽপি—"নানৃতবচনে দোষো জীবনঞ্চেত্তদধীনম্" ॥৩৮॥

তয়োরিতি। তং তাদৃশং মিথ্যাবাদমেব। মহাত্মনো দ্রোণস্য ॥৩৯॥

গাহেতি। গাহমানস্যালোড়য়তঃ। নাশ্রদ্দধৎ ন ব্যশ্বসীৎ। ষট্পাদঃ শ্লোকঃ ॥ ৪০—৪১॥

তাহার পর যোদ্ধৃশ্রেষ্ঠ দ্রোণ পৃথিবীটাকে পাণ্ডবশূন্য করিবেন বুঝিয়া কৃষ্ণ ব্যথিত হইয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥৩৬॥

'মহারাজ! দ্রোণ ক্রুদ্ধ হইয়া যদি আর দুই প্রহর কাল যুদ্ধ করেন, তাহা হইলে—আমি সত্য বলিতেছি—আপনার সৈন্য একেবারে বিনষ্ট হইবে ॥৩৭॥

অতএব আপনি আমাদিগকে দ্রোণের হস্ত হইতে রক্ষা করুন; এ সময়ে সত্য অপেক্ষা মিথ্যাই ভাল হইবে। কারণ, মানুষ জীবনের জন্য মিথ্যা বলিয়া মিথ্যা বলার পাপে লিপ্ত হয় না' ॥৩৮॥

মহারাজ! কৃষ্ণ ও যুধিষ্ঠির এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে সেইরূপ মিথ্যাবাক্যই দ্রোণবধের উপায় ইহা বুঝিয়া ভীম এই কথা বলিলেন—॥৩৯॥

(৩৮)…জ্যায়োঽনৃতং বচঃ…ব। নি।

স ত্বং গোবিন্দবাক্যানি মানয়স্ব জয়ৈষিণঃ।
দ্রোণায় নিহতং শংস রাজন্! শারদ্বতীসুতম্ ॥৪২॥
ত্বয়োক্তো নৈষ যুধ্যেত জাতু রাজন্! দ্বিজর্ষভঃ।
সত্যবান্ হি ত্রিলোকেঽস্মিন্ ভবান্ খ্যাতো জনাধিপ! ॥৪৩॥
তস্য তদ্বচনং শ্রুত্বা কৃষ্ণবাক্যপ্রচোদিতঃ।
ভাবিত্বাচ্চ মহারাজ! বক্তুং সমুপচক্রমে ॥৪৪॥
তমতথ্যভয়ে মগ্নো জয়ে সক্তো যুধিষ্ঠিরঃ।
অশ্বত্থামা হত ইতি শব্দমুচ্চৈশ্চকার হ।
অব্যক্তমব্রবীদ্রাজন্! হতঃ কুঞ্জর ইত্যুত ॥৪৫॥

ভারতকৌমুদী

স ইতি। মানয়স্ব স্বীকুরু। গোবিন্দবাক্যানীত্যত্রৈকদেশেন গোবিন্দেত্যনেন জয়ৈষিণ ইত্যস্যান্বয় আর্যত্বাৎ। শংস ব্রূহি। শারদ্বতীসুতম্ অশ্বত্থামানম্ ॥৪২॥

ত্বয়েতি। ন যুধ্যেত, ত্বদ্বাক্যবিশ্বাসেনাশ্বত্থাম্নো হননিশ্চয়াদিত্যাশয়ঃ। জাতু কদাচিৎ ॥৪৩॥

তস্যেতি। কৃষ্ণবাক্যেন চ প্রচোদিতঃ প্রণোদিতঃ। ভাবিত্বাৎ তথাত্বেন দ্রোণবধস্য ॥৪৪॥

'রাজা! মালবাধিপতি ইন্দ্রবর্ম্মা আপনার সৈন্য আলোড়ন করিতেছিলেন, ইন্দ্রের হস্তীর ন্যায় 'অশ্বত্থামা'-নামে তাঁহার একটা হস্তী ছিল; আমি যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া সেটাকে বধ করিয়াছি। তাহার পর আমি দ্রোণকে বলিয়াছিলাম যে, 'ব্রাহ্মণ! অশ্বত্থামা নিহত হইয়াছে, আপনি যুদ্ধ হইতে নিবৃত্ত হউন' কিন্তু নিশ্চয়ই এই পুরুষশ্রেষ্ঠ আমার সে কথা বিশ্বাস করেন নাই ॥৪০—৪১॥

অতএব রাজা! আপনি আমাদের জয়াভিলাষী কৃষ্ণের বাক্য স্বীকার করুন, দ্রোণকে বলুন যে, 'অশ্বত্থামা নিহত হইয়াছে' ॥৪২॥

রাজা! আপনি এইরূপ বলিলে, এই ব্রাহ্মণশ্রেষ্ঠ আর কখনও যুদ্ধ করিবেন না। কারণ, নরনাথ! আপনি এই ত্রিভুবনে সত্যপরায়ণ বলিয়া বিখ্যাত রহিয়াছেন' ॥৪৩॥

মহারাজ! যুধিষ্ঠির একে কৃষ্ণের বাক্যে প্রণোদিত হইয়াছিলেন, তাহাতে আবার ভীমেরও সেই কথা শুনিলেন এবং দ্রোণেরও সেইভাবে মৃত্যু হইবে বলিয়া বিধিলিপি রহিয়াছে। সুতরাং তিনি সেই কথাই বলিবার উপক্রম করিলেন ॥৪৪॥

(৪৫) মধ্যবর্ত্তি পাদদ্বয়ং পি বঙ্গ বর্দ্ধ বা নাস্তি। অথ চ "অশ্বত্থামা হত ইতি পৃথাসূনুনা স্পষ্টমুক্ত্বা স্বৈরং শেষে গজ ইতি কিল ব্যাহৃতং সত্যবাচা ···" ইতি বেণীসংহারনাটকদর্শনাৎ তদভাবে অর্থাসঙ্গতেশ্চায়ং পাঠো মৌলিক এবেতি প্রতীয়তে।

তস্য পূর্ব্বং রথঃ পৃথ্ব্যাশ্চতুরঙ্গুলমুচ্ছ্রিতঃ।
বভূবৈবন্তু তেনোক্তে তস্য বাহাস্পৃশন্ মহীম্ ॥৪৬॥
যুধিষ্ঠিরাত্তু তদ্বাক্যং শ্রুত্বা দ্রোণো মহারথঃ।
পুত্রব্যসনসন্তপ্তো নিরাশো জীবিতেঽভবৎ ॥৪৭॥
আগস্কৃতমিবাত্মানং পাণ্ডবানাং মহাত্মনাম্।
ঋষিবাক্যেন মন্বানঃ শ্রুত্বা চ নিহতং সুতম্ ॥৪৮॥
বিচেতাঃ পরমোদ্বিগ্নো ধৃষ্টদ্যুম্নমবেক্ষ্য চ।
যোদ্ধুং নাশক্নুবদ্রাজন্ ! যথা পূর্ব্বমরিন্দমঃ ॥৪৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তমিতি। অতথ্যভয়ে মিথ্যোক্তিপাপভয়ে মগ্নঃ। তর্হি কিং ন নিবৃত্ত ইত্যাহ জয় ইতি। জয়ে চ সক্তো ব্যাপৃতঃ। জয়স্য সদ্যঃ সম্পাদনীয়ত্বাৎ মিথ্যোক্তিপাপস্য চ পরত্রাপি প্রায়শ্চিত্তাদিনা ক্ষয়সম্ভবান্মিথ্যোক্তাবেব তস্য প্রবৃত্তির্জাতেতি ভাবঃ। উচ্চৈশ্চকার দ্রোণস্য শ্রবণার্থমিত্যভিপ্রায়ঃ। কুঞ্জরঃ অশ্বত্থামা নাম মালবরাজগজঃ, হতঃ, ইতি শব্দং, তং দ্রোণম্, অব্যক্তম্ অস্ফুটতয়া অস্পষ্টম্, অব্রবীৎ, প্রতিপ্রসবার্থমিত্যাশয়ঃ। উতশব্দঃ পাদপূরণে। ষট্পাদশ্চায়ম্। অত্রেদং বিবেচনীয়ম্—"যৎপরঃ শব্দঃ স শব্দার্থঃ" ইতি শারীরকভাষ্যভামত্যাং বাচস্পতিমিশ্রোক্তেঃ যৎপরো যদিচ্ছয়োচ্চরিত ইতি তদর্থাৎ দ্রোণপুত্রো হত ইতীচ্ছয়ৈব অশ্বত্থামা হত ইত্যুচ্চারণাৎ বস্তুতস্তু তত্ত্বতস্তাভাবান্মিথ্যোক্তিরেবেয়ম্। হতঃ কুঞ্জর ইতি স্বীশ্বরপ্রতারণামাত্রম্ ॥৪৫॥

তৎপাপফলং তদানীমেব দ্রষ্টুমারব্ধমিত্যাহ তস্যেতি। তস্য যুধিষ্ঠিরস্য। উচ্ছ্রিত উচ্চো বভূব। বাহা অশ্বা মহীমস্পৃশন্, পাপেনাধঃপাতাদিতি ভাবঃ। বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৪৬॥

যুধীতি। শ্রুত্বা তত্র বিশ্বস্য চেত্যর্থঃ। পুত্রস্য ব্যসনেন মৃত্যুবিপদা তচ্ছোকেন সন্তপ্তঃ, জীবিতে স্বজীবনে নিরাশো তত্রক্ষণানিস্পৃহোঽভবৎ, পুত্রাভাবে স্বজীবনস্য দুঃখময়ত্বাদিত্যাশয়ঃ ॥৪৭॥

রাজা ! তখন যুধিষ্ঠির একদিকে মিথ্যাভয়ে মগ্ন হইতেছিলেন, অপর দিকে জয়সম্পাদনে ব্যাপৃত ছিলেন। তাই উচ্চস্বরে বলিলেন—'অশ্বত্থামা হতঃ' আর অস্পষ্টভাবে বলিলেন—'ইতি গজঃ' ॥৪৫॥

পূর্ব্বে যুধিষ্ঠিরের রথ ভূতল হইতে চারি আঙ্গুল উর্দ্ধে থাকিত ; কিন্তু তখন তিনি সেইরূপ বলায় তাঁহার অশ্বগুলি ভূতল স্পর্শ করিল ॥৪৬॥

এদিকে মহারথ দ্রোণ যুধিষ্ঠিরের মুখে সেই বাক্য শুনিয়া পুত্রশোকে সন্তপ্ত হইয়া আপন জীবনে নিরাশ হইয়া পড়িলেন ॥৪৭॥

---

(৪৯)···অরিন্দম !···পি বর্দ্ধ বা। ইতঃ পরম্ '···একোননবত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বঙ্গ বর্দ্ধ, '···একনবত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ।' বা রা নি।

তং দৃষ্ট্বা পরমোদ্বিগ্নং শোকোপহতচেতসম্।
পাঞ্চালরাজস্য সুতো ধৃষ্টদ্যুম্নঃ সমাদ্রবৎ ॥৫০॥
য ইষ্ট্বা মনুজেন্দ্রেণ দ্রুপদেন মহামখে।
লব্ধো দ্রোণবিনাশায় সমিদ্ধাদ্ধব্যবাহনাৎ ॥৫১॥
স ধনুর্জৈত্রমাদায় ঘোরং জলদনিস্বনম্।
দৃঢ়জ্যমজরং দিব্যং শরঞ্চাশীবিষোপমম্ ॥৫২॥
সন্দধে কার্ম্মুকে তস্মিংস্তস্তমনলোপমম্।
দ্রোণং জিঘাংসুঃ পাঞ্চাল্যো মহাজ্বালমিবানলম্ ॥৫৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

অথ তদানীন্তনীং দ্রোণস্যাবস্থামাহ দ্বাভ্যাং যুগ্মকেন আগ ইতি। হে রাজন্! অরিন্দমোঽপি দ্রোণঃ, পূর্ব্বোক্তেন ঋষীণাং বাক্যেন, আত্মানং মহাত্মনাং পাণ্ডবানাং সম্বন্ধে, আগস্কৃতং ব্রহ্মাস্ত্রাদিনা ব্রহ্মাস্ত্রানভিজ্ঞানাং পাঞ্চালাদীনাং বধাৎ অপরাধকারিণমিব, মন্যমানঃ ; সুতমশ্বত্থামানঞ্চ নিহতং শ্রুত্বা বিচেতাঃ শোকাতিরেকাদ্বিগতচেতন ইব, তথা সম্মুখে চ যুদ্ধোদ্যতং ধৃষ্টদ্যুম্নমবেক্ষ্য পরমোদ্বিগ্নঃ অতীবভীতঃ সন্, পূর্ব্বং যথা তথা, যোদ্ধুং নাশক্নুবং নাশক্নোৎ ॥৪৮—৪৯॥

তমিতি। সমাদ্রবৎ তমেবাভ্যধাবৎ ॥৫০॥

য ইতি। ইষ্ট্বা যজনং কৃত্বা। মহামখে মহাযজ্ঞে। সমিদ্ধাৎ প্রজ্বলিতাৎ, হব্যবাহনাদগ্নেঃ। স ধৃষ্টদ্যুম্নঃ, জৈত্রং জয়শীলম্। দৃঢ়জ্যং দৃঢ়গুণকম্, অজরং নবম্। মহাজ্বালং মহাশিখম্। অনলোপমং মহাজ্বালমনলমিবেতি চ পুনরুক্তিরার্ষত্বাৎ সোঢ়ব্যা ॥৫১—৫৩॥

রাজা! ক্রমে শত্রুদমনকারী দ্রোণ পূর্ব্বোক্ত ঋষিবাক্য শুনিয়া মহাত্মা পাণ্ডবগণের নিকটে আপনাকে যেন অপরাধী বলিয়া মনে করিতে লাগিলেন এবং পুত্র নিহত হইয়াছে শুনিয়া শোকে যেন অচেতন হইয়া পড়িলেন, আর সম্মুখে ধৃষ্টদ্যুম্নকে দেখিয়া অত্যন্ত ভীতও হইলেন। তাই তিনি আর পূর্ব্বের ন্যায় যুদ্ধ করিতে পারিলেন না ॥৪৮—৪৯॥

ওদিকে পাঞ্চালরাজপুত্র ধৃষ্টদ্যুম্ন দ্রোণকে অত্যন্তভীত এবং শোকে অচেতনপ্রায় দেখিয়া তাঁহার দিকে ধাবিত হইলেন ॥৫০॥

পূর্ব্বে দ্রুপদরাজা দ্রোণবিনাশের জন্য মহাযজ্ঞ করিয়া প্রজ্বলিত অগ্নি হইতে যাঁহাকে লাভ করিয়াছিলেন, সেই ধৃষ্টদ্যুম্ন তখন দ্রোণকে বধ করিবার ইচ্ছা করিয়া মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী, দৃঢ়গুণযুক্ত, নূতন, অলৌকিক ও ভয়ঙ্কর একখানা ধনু এবং তীক্ষ্ণবিষ সর্পের তুল্য একটা বাণ লইয়া পরে সেই ধনুতে অগ্নিতুল্য সেই বাণ সন্ধান করিলেন ॥৫১—৫৩॥

তস্য রূপং শরস্যাসীদ্ধনুর্জ্যামণ্ডলান্তরে।
দ্যোততো ভাস্করস্যেব ঘনান্তে পরিবেশিনঃ ॥৫৪॥
পার্ষতেন পরামৃষ্টং জ্বলন্তমিব তদ্ধনুঃ।
অন্তকালমনুপ্রাপ্তং মেনিরে বীক্ষ্য সৈনিকাঃ ॥৫৫॥
তমিষুং সংহিতং তেন ভারদ্বাজঃ প্রতাপবান্।
দৃষ্ট্বামন্যত দেহস্য কালপর্য্যায়মাগতম্ ॥৫৬॥
ততঃ স যত্নমাতিষ্ঠদাচার্য্যস্তস্য বারণে।
ন চাস্যাস্ত্রাণি রাজেন্দ্র! প্রাদুরাসন্ মহাত্মনঃ ॥৫৭॥
তস্য ত্বহানি চত্বারি ক্ষপা চৈকাস্যতোঽগমৎ।
তস্য চাহস্ত্রিভাগেন ক্ষয়ং জগ্মুঃ পতত্রিণঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

তস্যেতি। দ্যোততো দ্যোতমানস্য, ঘনান্তে বর্ষাবসানে, পরিবেশিনঃ পরিধিমতঃ ॥৫৪॥
পার্ষতেনেতি। পার্ষতেন ধৃষ্টদ্যুম্নেন, পরামৃষ্টমাকৃষ্টম্। অনুপ্রাপ্তং দ্রোণম্ ॥৫৫॥
তমিতি। ইষুং বাণম্। কালপর্য্যায়ং জীবনকালপরিবৃত্তিং মৃত্যুাগমযমিত্যর্থঃ ॥৫৬॥
তত ইতি। আতিষ্ঠদাশ্রয়ৎ। ন প্রাদুরাসন্ মনসি ন স্মর্ত্তুমশক্নোদিতি তাৎপর্য্যম্ ॥৫৭॥
কুত ইত্যাহ তস্যেতি। অহানি দিনানি, ক্ষপা রাত্রিঃ, অস্যতঃ অস্ত্রাণি ক্ষিপতঃ। অতো মহাবসাদায় প্রাদুরাসন্নিতি ভাবঃ। ত্রিভাগেন পঞ্চধা বিভক্তদিনস্য তৃতীয়ভাগেন মধ্যাহ্ন-কালপর্য্যন্তযুদ্ধেনেত্যর্থঃ "ত্রয়োদশাহ্ণ মধ্যাহ্নে ভারদ্বাজো নিপাতিতঃ" ইতি ভারতসাবিত্রী-বচনৈকবাক্যত্বাৎ "দ্ব্যর্দ্ধদিবসং দ্রোণো যুধ্যতে মহামাস্থিতঃ" ইতি প্রাগুক্তকৃষ্ণবাক্যাচ্চ। পতত্রিণো বাণাঃ ॥৫৮॥

বর্ষাকাল অতীত হইলে, পরিধির অভ্যন্তরে দীপ্যমান সূর্য্যের যেমন রূপ হয়, মণ্ডলীকৃত ধনুর গুণের অভ্যন্তরে সেই বাণটারও তেমন রূপ হইয়াছিল ॥৫৪॥

ধৃষ্টদ্যুম্নকর্তৃক আকৃষ্ট সেই উজ্জ্বল ধনুখানা দেখিয়া সৈন্যেরা মনে করিল যে, দ্রোণের অন্তকাল উপস্থিত হইয়াছে ॥৫৫॥

প্রতাপশালী দ্রোণও ধৃষ্টদ্যুম্নসংহিত সেই বাণটা দেখিয়া মনে করিলেন যে, এ দেহ-পরিবর্তনের সময় আসিয়াছে ॥৫৬॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর দ্রোণাচার্য্য সেই বাণটা নিবারণ করিবার চেষ্টা করিলেন, কিন্তু সে মহাত্মার তখন অস্ত্রস্মরণ হইল না ॥৫৭॥

(৫৪)···ঘনান্তে পরিবেশতঃ—পি বর্দ্ধ। (৫৭) ততঃ প্রযত্নমাতিষ্ঠৎ··· বা নি।

স শরক্ষয়মাসাদ্য পুত্রশোকেন চার্দ্দিতঃ।
বিবিধানাঞ্চ দিব্যানামস্ত্রাণামপ্রসাদতঃ ॥৫৯॥
উৎস্রষ্টুকামঃ শস্ত্রাণি ঋষিবাক্যপ্রচোদিতঃ।
তেজসা প্রের্য্যমাণশ্চ যুযুধে ন যথা পুরা ॥৬০॥ (যুগ্মকম্)
ততো ভীমো দৃঢ়ক্রোধো দ্রোণস্যাশ্লিষ্য তং রথম্।
শনকৈরিব রাজেন্দ্র! দ্রোণং বচনমব্রবীৎ ॥৬১॥
যদি নাম ন যুধ্যেরন্ শিক্ষিতা ব্রহ্মবন্ধবঃ।
স্বকর্ম্মভিরসন্তুষ্টা ন স্ম ক্ষত্রং ক্ষয়ং ব্রজেৎ ॥৬২॥
অহিংসা সর্ব্বভূতেষু ধর্ম্মং জ্যায়স্তরং বিদুঃ।
তস্য চ ব্রাহ্মণা মূলং ভবাংশ্চ ব্রহ্মবিত্তমঃ ॥৬৩॥

ভারতকৌমুদী

স ইতি। অপ্রসাদতঃ অস্মরণাৎ। প্রাগুক্তেন ঋষিবাক্যেন প্রচোদিতঃ প্রেরিতঃ ॥৫৯ ৬০॥
তত ইতি। আশ্লিষ্য দ্রোণশ্রবণার্থং সন্নিধায়েত্যর্থঃ ॥৬১॥
যদীতি। শিক্ষিতা অস্ত্রেষু, ব্রহ্মবন্ধবো নিকৃষ্টব্রাহ্মণাঃ। স্বকর্ম্মভির্যাজনাদিভিঃ ॥৬২॥
অহিংসেতি। সর্বভূতেষু যা অহিংসা, তমেব জ্যায়স্তরং শ্রেষ্ঠতরং ধর্ম্মং বিদুঃ ॥৬৩॥

কারণ, তিনি অস্ত্রক্ষেপ করিতেছিলেন, সেই অবস্থায় চারি দিন ও এক রাত্রি অতীত হইয়াছিল এবং এই দিনেরও মধ্যাহ্নকালপর্য্যন্ত যুদ্ধ করায় তাঁহার বাণ নিঃশেষ হইয়া গিয়াছিল ॥৫৮॥

সুতরাং বাণ নিঃশেষ হইয়া যাওয়ায়, পুত্রশোকে পীড়িত হওয়ায় এবং নানাবিধ দিব্য অস্ত্র মনে না পড়ায়, বিশেষতঃ পূর্ব্বোক্ত ঋষিবাক্যে প্রণোদিত হওয়ায় দ্রোণ তখন অস্ত্রত্যাগ করিবার ইচ্ছা করিতেছিলেন; তথাপি মনের তেজে প্রেরিত হইয়া যুদ্ধ করিতে লাগিলেন, কিন্তু পূর্ব্বের ন্যায় নহে ॥৫৯—৬০॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর দৃঢ়ক্রোধ ভীম দ্রোণের সেই রথের নিকটে যাইয়া ধীরে ধীরে দ্রোণকে এই কথা বলিলেন—॥৬১॥

'আপনাদের কার্য্যে অসন্তুষ্ট অথ চ অস্ত্রবিদ্যায় শিক্ষিত নিকৃষ্ট ব্রাহ্মণেরা যদি যুদ্ধ না করিত, তবে ক্ষত্রিয়জাতিটা ক্ষয় পাইত না ॥৬২॥

সমস্ত প্রাণীর যে হিংসা না করা, তাহাকেই প্রধান ধর্ম্ম বলিয়া ধর্ম্মজ্ঞেরা মনে করেন। সেই ধর্ম্মের মূল—ব্রাহ্মণেরা; অথ চ আপনি ব্রহ্মজ্ঞশ্রেষ্ঠ ॥৬৩॥

---

(৬১) অস্মিন্ প্রকরণে পুস্তকভেদে অতীবপাঠবিন্যাসবৈষম্যং দৃশ্যতে।

শ্বপাকবন্ম্লেচ্ছগণান্ হত্বা চান্যান্ পৃথগ্‌বিধান্ ।
অজ্ঞানান্মূঢ়বদ্‌ব্রহ্মন্ ! পুত্রদারধনেপ্সয়া ॥৬৪॥
একস্যার্থে বহূন্ হত্বা পুত্রস্যাধর্ম্মবিদ্‌যথা ।
স্বকর্ম্মস্থান্ বিকর্ম্মস্থো ন ব্যপত্রপসে কথম্ ॥৬৫॥ (যুগ্মকম্)
যস্যার্থে শস্ত্রমাদায় যমপেক্ষ্য চ জীবসি ।
স চাদ্য পতিতঃ শেতে পৃষ্ঠেনাবেদিতস্তব ।
ধর্ম্মরাজেন তদ্বাক্যং নাভিশঙ্কিতুমর্হসি ॥৬৬॥
এবমুক্তস্ততো দ্রোণো ভীমেনোৎসৃজ্য তদ্ধনুঃ ।
সর্বাণ্যস্ত্রাণি ধর্ম্মাত্মা হাতুকামোঽভ্যভাষত ॥৬৭॥
কর্ণ ! কর্ণ ! মহেষ্বাস ! কৃপ ! দুর্য্যোধনেতি চ ।
সংগ্রামে ক্রিয়তাং যত্নো ব্রবীম্যেষ পুনঃ পুনঃ ॥৬৮॥

ভারতকৌমুদী

শ্বেতি। পুত্রদারধনেপ্সয়া শ্বপাকবৎ অন্ত্যজবিশেষবৎ। একস্য পুত্রস্যাশ্বত্থাম্নঃ। স্বকর্ম্মস্থান্ যুদ্ধাদিনিজবৃত্তিনিষ্ঠান্, বিকর্ম্মস্থঃ স্বকর্ম্মযাজনাদিবিরুদ্ধযুদ্ধকারী ত্বম্, ন ব্যপত্রপসে ন লজ্জসে ॥৬৪—৬৫॥

যস্যেতি। আদায় বর্ত্তসে। সোঽশ্বত্থামা। পৃষ্ঠেন পূর্বম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৬॥

এবমিতি। সর্বাণ্যস্ত্রাণি হাতুকামস্ত্যক্তুমিচ্ছন্ ॥৬৭॥

ব্রাহ্মণ ! এই সৈন্যেরা আপন বৃত্তিতে রহিয়াছে, আর আপনি ব্রাহ্মণ-বিরুদ্ধ বৃত্তিতে অবস্থান করিতেছেন ; তাহাতে আবার ব্যাধ যেমন পুত্র, ভার্য্যা ও ধনের লালসায় ম্লেচ্ছ ও অন্যান্য নানাবিধ মানুষ বধ করিয়া বিচরণ করে, আপনিও সেইরূপ মূঢ় ও অধর্ম্মজ্ঞের ন্যায় অজ্ঞানবশতঃ একপুত্রের জন্য বহু প্রাণী বধ করিয়া বিচরণ করিতেছেন। সুতরাং আপনার ইহাতে লজ্জা হয় না কেন ? ॥৬৪—৬৫॥

আপনি যাহার জন্য অস্ত্র ধারণ করিয়া রহিয়াছেন এবং যাহাকে লক্ষ্য করিয়া জীবন ধারণ করেন, আপনার সেই পুত্র আজ যুদ্ধে পতিত হইয়া শয়ন করিয়া রহিয়াছে ; ইহা ধর্ম্মরাজ পূর্ব্বেই আপনাকে জানাইয়াছেন ; তাঁহার বাক্যে আপনি সন্দেহ করিতে পারেন না' ॥৬৬॥

ভীম এইরূপ বলিলে, ধর্ম্মাত্মা দ্রোণ সেই ধনু পরিত্যাগ করিয়া এবং সমস্ত অস্ত্রও পরিত্যাগ করিবার ইচ্ছা করিয়া বলিতে লাগিলেন—॥৬৭॥

পাণ্ডবেভ্যঃ শিবং বোঽস্তু শস্ত্রমভ্যুৎসৃজাম্যহম্।
ইতি তত্র মহারাজ! প্রাক্রোশদ্দ্রৌণিমেব চ ॥৬৯॥
উৎসৃজ্য চ রণে শস্ত্রং রথোপস্থে নিবেশ্য চ।
অভয়ং সর্ব্বভূতানাং প্রদদৌ যোগযুক্তবৎ ॥৭০॥
তস্য তচ্ছিদ্রমাজ্ঞায় ধৃষ্টদ্যুম্নঃ প্রতাপবান্।
সশরং তদ্ধনুর্ঘোরং সংন্যস্যাথ রথে ততঃ।
খড়্গী রথাদবপ্লুত্য সহসা দ্রোণমভ্যয়াৎ ॥৭১॥
হাহাকৃতানি ভূতানি মানুষাণীতরাণি চ।
দ্রোণং তথাগতং দৃষ্ট্বা ধৃষ্টদ্যুম্নবশং গতম্ ॥৭২॥
হাহাকারং ভৃশং চক্রুরহো ধিগিতি চাব্রুবন্।
দ্রোণোঽপি শস্ত্রাণ্যুৎসৃজ্য পরমং শাম্যমাস্থিতঃ ॥৭৩॥

ভারতকৌমুদী

কর্ণেতি। যুষ্মাভিঃ সংগ্রামে যত্নঃ ক্রিয়তাম্, অহন্ত্বসরং গৃহ্লামীতি ভাবঃ ॥৬৮॥
পাণ্ডবেভ্য ইতি। শিবং মঙ্গলম্, বো যুষ্মভ্যম্। প্রাক্রোশদুচ্চৈরাহ্বয়ৎ ॥৬৯॥
উদিতি। রথস্য উপস্থে উপবেশনস্থানে। যোগযুক্তবৎ যোগীব ॥৭০॥
তস্যেতি। সংন্যস্য নিক্ষিপ্য। খড়্গী খড়্গধারী সন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭১॥
হাহেতি। হাহেত্যস্য কৃতং করণমেষামিতি হাহাকৃতান্যাসন্। ইতরাণি দেবাদীনি ॥৭২॥
হাহেতি। চক্রুঃ সর্বে। শাম্যং শমং ক্রোধাদিশূন্যতামিত্যর্থঃ, আস্থিত আশ্রিতঃ ॥৭৩॥

'কর্ণ! কর্ণ! মহাধনুর্দ্ধর! কৃপ! দুর্য্যোধন! এই আমি বার বার বলিতেছি—তোমরা যুদ্ধে জয় করিবার যত্ন কর ॥৬৮॥

পাণ্ডবগণের ও তোমাদের মঙ্গল হউক; আমি অস্ত্রত্যাগ করিলাম'। মহারাজ! এই কথা বলিয়া দ্রোণ তখন উচ্চস্বরে অশ্বত্থামাকে ডাকিলেন ॥৬৯॥

এবং তিনি অস্ত্র ত্যাগ করিয়া ও তাহা রথমধ্যে রাখিয়া যোগীর ন্যায় সমস্ত প্রাণীকে অভয় দান করিলেন ॥৭০॥

এই সময়ে প্রতাপশালী ধৃষ্টদ্যুম্ন দ্রোণের সেই ছিদ্র জানিয়া, সেই ভয়ঙ্কর ধনু ও বাণ রথে রাখিয়া, তৎপরে তরবারি ধারণপূর্ব্বক রথ হইতে লাফাইয়া পড়িয়া বেগে দ্রোণের দিকে ধাবিত হইলেন ॥৭১॥

তখন মানুষ ও অন্য প্রাণীরা দ্রোণকে তদবস্থ ও ধৃষ্টদ্যুম্নের বশীভূত দেখিয়া হাহাকার করিতে লাগিল ॥৭২॥

(৭২)···দ্রোণমস্তগতং দৃষ্ট্বা···পি।

তথোক্ত্বা যোগমাস্থায় জ্যোতির্ভূতো মহাতপাঃ।
পুরাণং পুরুষং বিষ্ণুং জগাম মনসা পরম্ ॥৭৪॥
মুখং কিঞ্চিৎ সমুন্নাম্য বিষ্টভ্যোরস্তথাগ্রতঃ।
নিমীলিতাক্ষঃ সত্ত্বস্থো নিক্ষিপ্য হৃদি ধারণাম্ ॥৭৫॥
ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম জ্যোতির্ভূতো মহাতপাঃ।
স্মরিত্বা দেবদেবেশমক্ষরং পরমং প্রভুম্।
দিবমাক্রামদাচার্য্যঃ সাক্ষাৎ সদ্ভির্দুরাক্রমাম্ ॥৭৬॥ (যুগ্মকম্)
দ্বৌ সূর্য্যাবিব নো বুদ্ধিরাসীত্তস্মিংস্তথা গতে।
একরূপমিবাভাসীজ্জ্যোতির্ভিঃ পূরিতং নভঃ ॥৭৭॥

ভারতকৌমুদী

তথেতি। জ্যোতির্ভূতো ব্রহ্মজ্ঞানেন ব্রহ্মভূতঃ, "ব্রহ্মবিদ্ব্রহ্মৈব ভবতি" ইতি শ্রুতেঃ ॥৭৪॥

মুখমিতি। মহাতপাঃ, জ্যোতির্ভূতো ব্রহ্মধ্যানেন তন্ময়ীভূতঃ, আচার্য্যো দ্রোণঃ, মুখং কিঞ্চিৎ সমুন্নাম্য উত্তোল্য, তথা অগ্রত উরো বক্ষো বিষ্টভ্য আশ্রিত্য, নিমীলিতে মুদ্রিতে অক্ষিণী চক্ষুষী যেন স তাদৃশঃ, সত্ত্বস্থঃ কেবলসত্ত্বগুণাবলম্বী চ সন্, হৃদি "দেশবন্ধশ্চিত্তস্য ধারণা" ইতি পাতঞ্জলোক্তলক্ষণাং ব্রহ্মবিষয়িকাং ধারণাং নিক্ষিপ্য অনুষ্ঠায়, "তস্য বাচকঃ প্রণবঃ' ইতি পাতঞ্জলসূত্রাৎ বাচ্যবাচকয়োশ্চাভেদাৎ ওমিতি একাক্ষররূপং ব্রহ্ম তদ্ভূতম্, অক্ষরমবিনশ্বরম্, পরমং প্রভুং নিয়ন্তারম্, দেবদেবেশং নারায়ণম্, স্মরিত্বা স্মৃত্বা, সদ্ভিরপি দুরাক্রমাং দুর্লভাম্, দিবং ব্রহ্মলোকাখ্যং স্বর্গম্, সাক্ষাদস্মাকং প্রত্যক্ষমেব, আক্রামদগচ্ছৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৫—৭৬॥

উভয়পক্ষের সৈন্যেরাও গুরুতর হাহাকার করিতে লাগিল এবং 'অহো ধিক্' এই কথা বলিতে থাকিল; দ্রোণও অস্ত্রত্যাগ করিয়া পরম শমগুণ অবলম্বন করিলেন ॥৭৩॥

এবং মহাতপা দ্রোণ সেইরূপ বলিয়া যোগাবলম্বন করিয়া ব্রহ্মময় হইয়া মনে মনে পুরাণ ও পরমপুরুষ বিষ্ণুকে স্মরণ করিতে লাগিলেন ॥৭৪॥

ক্রমে মহাতপা ও তন্ময়চিত্ত দ্রোণাচার্য্য মুখমণ্ডল কিঞ্চিৎ উত্তোলন করিয়া, সম্মুখে বক্ষস্থলে দৃষ্টি রাখিয়া, মুদ্রিতনয়ন ও কেবল সত্ত্বগুণাবলম্বী হইয়া, হৃদয়ে ধারণার অনুষ্ঠান করিতে থাকিয়া, 'ওম্' এই একাক্ষরাত্মক ব্রহ্মস্বরূপ, অবিনশ্বর ও পরম প্রভু নারায়ণকে স্মরণ করিয়া আমাদের সমক্ষেই সজ্জনেরও দুর্লভ ব্রহ্মলোকে গমন করিলেন ॥৭৫—৭৬॥

---

(৭৫)…বিষ্টভ্য উরমগ্রতঃ…পি বঙ্গ। (৭৬)…সদ্ভিঃ সহ দুরাক্রমম্—পি বঙ্গ। (৭৭)… একাগ্রমিব চাসীচ্চ…পি বঙ্গ বঙ্গ।

সমপশ্যত চোল্কাভং দ্রোণস্য নিধনে তদা।
ত্বরয়া বাসুদেবশ্চ ধর্ম্মরাজশ্চ মারিষ ! ।
যত্নেন মহতা বীরৌ বারয়ামাসতুস্ততঃ ॥১৬২॥

ভারতকৌমুদী

কিমিতি। কিং নু শক্যম্, কিমপি নেত্যর্থঃ, অনেন সংঘর্ষাদিত্যাশয়ঃ ॥১৫৮॥
অথবেতি। ফাল্গুনোঽর্জ্জুনঃ, সর্বান্ কৌরবান্ ॥১৫৯॥
মন্যত ইতি। হে ভীম! এনং সাত্যকিম্, উৎসৃজ মুঞ্চ ॥১৬০॥
শৃণ্বন্নিতি। সক্তঃ স্থিতঃ, বিস্ফুরতি আত্মমোচনায় ভৃশং স্পন্দতে স্ম ॥১৬১॥
তাবিতি। নর্দ্দন্তৌ গর্জ্জন্তৌ। ততঃ কলহাৎ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৬২॥

পাণ্ডবগণের এই যে গুরুতর কার্য্য সম্পাদন করিতে উদ্যত হইয়াছি, তাহার এখন কি করিতে পারি। ওঃ কৌরবেরা আসিতেছে ॥১৫৮॥

অথবা অর্জ্জুন যুদ্ধে সমস্ত কৌরবকে বারণ করিবেন, আমিও বাণদ্বারা উহার মস্তক পাতিত করিব ॥১৫৯॥

সাত্যকি আমাকে ছিন্নবাহু ভূরিশ্রবা বলিয়া মনে করিতেছে। অতএব ভীমসেন! আপনি উহাকে ছাড়িয়া দিন, আমি উহাকে বধ করিব, কিংবা ও আমাকে বধ করিবে ॥১৬০॥

ভীমসেনের বাহুযুগলের মধ্যে অবস্থিত বলবান্ সাত্যকি ধৃষ্টদ্যুম্নের বাক্য সকল শুনিতে থাকিয়া সর্পের ন্যায় শ্বাস ত্যাগ করতঃ অনবরত স্পন্দিত হইতে লাগিলেন ॥১৬১॥

মাননীয় রাজা! বলবান্, বাহুশক্তিশালী ও বীর সাত্যকি ও ধৃষ্টদ্যুম্ন

(১৫৮)…যৎকার্য্যমিদমুদ্যতাম্—নি,…আয়ান্ত্যেতে হি কৌরবাঃ—ব নি। (১৬০)…অহঞ্চৈনম্…ব নি।

নিবার্য্য পরমেম্বাসৌ কোপসংরক্তলোচনৌ।
যুযুৎসবঃ পরান্ সংখ্যে প্রতীয়ুঃ ক্ষত্রিয়র্ষভাঃ ॥১৬৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দ্রোণপর্ব্বণি
নারায়ণাস্ত্রমোক্ষে সাত্যকিধৃষ্টদ্যুম্নকলহোপশমনে
সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(:*:)———

অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

———:-০-:———

সঞ্জয় উবাচ।

ততঃ স কদনং চক্রে রিপূণাং দ্রোণনন্দনঃ।
যুগান্তে সর্ব্বভূতানাং কালসৃষ্ট ইবান্তকঃ ॥১॥

ভারতকৌমুদী

নিবার্য্যেতি। পরমেম্বাসৌ মহাধনুর্দ্ধরৌ সাত্যকিধৃষ্টদ্যুম্নৌ। পরান্ প্রতি ঈয়ুর্জগ্মুঃ ॥১৬৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-
টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং দ্রোণপর্ব্বণি নারায়ণাস্ত্রমোক্ষে
সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———:০:———

তত ইতি। কদনং মহামারীম্। যুগান্তে প্রলয়কালে, কালেন সৃষ্টঃ প্রেরিতঃ ॥১॥

দুইটা বৃষের ন্যায় গর্জন করিতে লাগিলে, কৃষ্ণ ও যুধিষ্ঠির সত্বর যাইয়া বিশেষ চেষ্টা করিয়া সেই কলহ হইতে তাঁহাদিগকে বারণ করিলেন ॥১৬২॥

ক্রমে যুদ্ধার্থী ক্ষত্রিয়শ্রেষ্ঠেরা ক্রোধে আরক্তনয়ন সেই মহাধনুর্দ্ধর দুই জনকে বারণ করিয়া রণস্থলে বিপক্ষগণের প্রতি ধাবিত হইলেন' ॥১৬৩॥

———:*:———

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর প্রলয়কালে কালপ্রেরিত যম যেমন সমস্তপ্রাণিসংহার করেন, সেইরূপ অশ্বত্থামা শত্রুসংহার করিতে লাগিলেন ॥১॥

---

(১৬৩)···যুযুৎস্বনপরান্ সংখ্যে···বা নি। * 'ষন্নবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ, '···সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বঙ্গ, '···নবনবত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা বা নি।

ধ্বজদ্রুমং শস্ত্রশৃঙ্গং হতনাগমহাশিলম্ ।
অশ্বকিংপুরুষাকীর্ণং শরাসনলতাবৃতম্ ॥২॥
ক্রব্যাদপক্ষিসংঘুষ্টং ভূতযক্ষগণাকুলম্ ।
নিহত্য শাত্রবান্ ভল্লৈঃ সোঽচিনোদ্দেহপর্ব্বতম্ ॥৩॥ (যুগ্মকম্)
ততো বেগেন মহতা বিনদ্য স নরর্ষভঃ ।
প্রতিজ্ঞাং শ্রাবয়ামাস পুনরেব তবাত্মজম্ ॥৪॥
যস্মাদ্যুধ্যন্তমাচার্য্যং ধর্ম্মকঞ্চুকমাস্থিতঃ ।
মুঞ্চ শস্ত্রমিতি প্রাহ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৫॥
তস্মাৎ সংপশ্যতস্তস্য দ্রাবয়িষ্যামি বাহিনীম্ ।
বিদ্রাব্য সর্ব্বান্ হন্তাস্মি জাল্মং পাঞ্চাল্যমেব তু ॥৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ধ্বজেতি। স দ্রোণনন্দনঃ ভল্লৈঃ শাত্রবান্ শত্রূন্ নিহত্য, ধ্বজা এব দ্রুমা যস্য তম্, শস্ত্রাণ্যেব শৃঙ্গাণি যস্য তম্, হতা নাগা গজা এব মহাশিলা যস্য তম্, অশ্বা এব কিংপুরুষাস্তৈরাকীর্ণং ব্যাপ্তম্, শরাসনানি ধনূংষ্যেব লতাস্তাভিরাবৃতম্, ক্রব্যাদা মাংসভোজিনঃ প্রাণিন এব পক্ষিণস্তৈঃ সংঘুষ্টম্ শব্দিতম্, তথা ভূতানি পিশাচাদয় এব যক্ষাস্তেষাং গণেন আকুলং পূর্ণম্, দেহঃ শরীররাশিরেব পর্ব্বতস্তম্, অচিনোদকরোৎ ॥২—৩॥

তত ইতি। প্রতিজ্ঞাং পূর্ব্বকৃতাম্। আত্মজং দুর্য্যোধনম্ ॥৪॥

যস্মাদিতি। যুধ্যন্তং যুধ্যমানম্, ধর্ম্ম এব কঞ্চুকং বহিরাবরণং তৎ। দ্রাবয়িষ্যামি মর্দ্দয়িষ্যামি, বাহিনীং তৎসেনাম্। জাল্মং নিকৃষ্টম্, পাঞ্চাল্যং ধৃষ্টদ্যুম্নম্ ॥৫—৬॥

তিনি ভল্লদ্বারা শত্রুসংহার করিয়া করিয়া এক একটা দেহপর্ব্বত নির্ম্মাণ করিতে থাকিলেন ; ধ্বজ ছিল তাহার বৃক্ষ, শস্ত্র ছিল শৃঙ্গ, নিহত হস্তী ছিল বিশাল পাষাণ, অশ্ব ছিল কিন্নর এবং ধনু ছিল লতা ; আর মাংসভোজি-প্রাণিরূপ পক্ষীরা তাহাতে রব করিতেছিল এবং ভূতরূপ যক্ষগণে তাহা ব্যাপ্ত ছিল ॥২—৩॥

রাজা ! তদনন্তর সেই নরশ্রেষ্ঠ অশ্বত্থামা মহাবেগে সিংহনাদ করিয়া পুনরায় আপনার পুত্রকে সেই প্রতিজ্ঞা শুনাইলেন—॥৪॥

'কুন্তীর পুত্র যুধিষ্ঠির যেহেতু ধর্ম্মের আবরণ ধারণ করিয়া যুধ্যমান আচার্য্যকে বলিয়াছিল যে 'অস্ত্র ত্যাগ করুন' সেই হেতু তাহার সমক্ষেই তাহার সৈন্য মর্দ্দন করিব এবং সকলকে মর্দ্দন করিয়া পাঞ্চালাধম ধৃষ্টদ্যুম্নকে বধই করিব ॥৫—৬॥

(৫) যদস্ত্র ছদ্মনাচার্য্যম্…নি।

সর্ব্বানেতান্ হনিষ্যামি যদি যোৎস্যন্তি মাং রণে।
সত্যং তে প্রতিজানামি পরিবর্ত্তয় বাহিনীম্ ॥৭॥
তচ্ছ্রুত্বা তব পুত্রস্তু বাহিনীং পর্য্যবর্ত্তয়ৎ।
সিংহনাদেন মহতা ব্যপোহ্য সুমহদ্ভয়ম্ ॥৮॥
ততঃ সমাগমো রাজন্! কুরুপাণ্ডবসেনয়োঃ।
পুনরেবাভবত্তীব্রঃ পূর্ণসাগরয়োরিব ॥৯॥
সংরব্ধা হি স্থিরীভূতা দ্রোণপুত্রেণ কৌরবাঃ।
উদগ্রাঃ পাণ্ডুপাঞ্চালা দ্রোণস্য নিধনেন চ ॥১০॥
তেষাং পরমহৃষ্টানাং জয়মাত্মনি পশ্যতাম্।
সংরব্ধানাং মহাবেগঃ প্রাদুরাসীদ্বিশাংপতে! ॥১১॥

ভারতকৌমুদী

সর্বানিতি। যদি ন যোৎস্যন্তে, তদা তু হননাসম্ভব ইতি ভাবঃ ॥৭॥
তদিতি। পুত্রো দুর্য্যোধনঃ। ব্যপোহ্য তদাশ্বাসেন পরিহায় ॥৮॥
তত ইতি। সমাগমঃ সম্মেলনম্ ॥৯॥
সংরব্ধা ইতি। সংরব্ধাঃ সোৎসাহাঃ, দ্রোণপুত্রেণ তদাশ্বাসেন। উদগ্রা উন্নতা আসন্ ॥১০॥
তেষামিতি। তেষামুভয়েষামেব। আত্মনি স্বস্বপক্ষে, পশ্যতাং সম্ভাবয়তাম্ ॥১১॥

মহারাজ! আমি আপনার নিকট সত্য প্রতিজ্ঞা করিতেছি—রণস্থলে ইহারা যদি আমার সহিত যুদ্ধ করে, তবে আমি ইহাদের সকলকেই বধ করিব; আপনি আপনার সৈন্য পরিবর্ত্তিত করুন (ফিরান)' ॥৭॥

রাজা! অশ্বত্থামার সেই উক্তি শুনিয়া আপনার পুত্র গুরুতর ভয় পরিত্যাগপূর্ব্বক বিশাল সিংহনাদ করিয়া কৌরবসৈন্য ফিরাইলেন ॥৮॥

রাজা! তৎপরে পূর্ণ দুইটা সমুদ্রের ন্যায় কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যের পুনরায় তীব্র সম্মেলন হইল ॥৯॥

কৌরবসৈন্যেরা অশ্বত্থামার আশ্বাসবাক্যে স্থির ও উৎসাহী হইল এবং পাণ্ডব ও পাঞ্চালসৈন্যেরা ত দ্রোণের নিধনে জয়োৎফুল্লই ছিল ॥১০॥

নরনাথ! সুতরাং উভয় সৈন্যই পরম আনন্দিত ও উৎসাহী হইয়া জয়ের সম্ভাবনা করিতে লাগিল। অতএব যুদ্ধের দিকে তাহাদের গুরুতর বেগ হইল ॥১১॥

যথা শিলোচ্চয়ে শৈলঃ সাগরে সাগরো যথা।
প্রতিহন্যেত রাজেন্দ্র! তথাসন্ কুরুপাণ্ডবাঃ ॥১২॥
ততঃ শঙ্খসহস্রাণি ভেরীণামযুতানি চ।
অবাদয়ন্ত সংহৃষ্টাঃ কুরুপাণ্ডবসৈনিকাঃ ॥১৩॥
ততো নির্ম্মথ্যমানস্য সাগরস্যেব নিস্বনঃ।
অভবত্তব সৈন্যস্য সুমহানদ্ভুতোপমঃ ॥১৪॥
প্রাদুশ্চক্রে ততো দ্রৌণিরস্ত্রং নারায়ণং তদা।
অভিসন্ধায় পাণ্ডূনাং পাঞ্চালানাঞ্চ বাহিনীম্ ॥১৫॥
প্রাদুরাসংস্ততো বাণা দীপ্তাগ্রাঃ খে সহস্রশঃ।
পাণ্ডবান্ ক্ষপয়িষ্যন্তো দীপ্তাস্যাঃ পন্নগা ইব ॥১৬॥

ভারতকৌমুদী

যথেতি। শিলোচ্চয়ে শৈলে। প্রতিহন্যেত প্রবলভূকম্পেনেতি শেষঃ ॥১২॥
তত ইতি। সংহৃষ্টা অশ্বত্থাম্ন আশ্বাসনাৎ দ্রোণবধেন জয়লাভাচ্চেতি ভাবঃ ॥১৩॥
তত ইতি। অদ্ভুতোপমঃ অপূর্ব্বত্বাৎ ॥১৪॥
প্রাদুরিতি। দ্রৌণিরশ্বত্থামা। অভিসন্ধায় অভিলক্ষ্য ॥১৫॥
প্রাদুরিতি। দীপ্তাগ্রা উজ্জ্বলমুখাঃ, খে আকাশে। দীপ্তাস্যা উজ্জ্বলবদনাঃ ॥১৬॥

রাজশ্রেষ্ঠ! একটা পর্ব্বত অপর পর্ব্বতে, কিংবা একটা সমুদ্র অন্য সমুদ্রে প্রতিহত হইলে যেমন অবস্থা হয়, তৎকালে কুরুপাণ্ডবসৈন্যেরও তেমনই অবস্থা হইল ॥১২॥

তাহার পর সংহৃষ্ট কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যেরা সহস্র সহস্র শঙ্খ এবং বহু-সহস্র ভেরী বাজাইতে লাগিল ॥১৩॥

মহারাজ! তদনন্তর মথ্যমান সমুদ্রের শব্দের ন্যায় আপনার সৈন্যের অতিবিশাল ও আশ্চর্য্য শব্দ হইতে থাকিল ॥১৪॥

তৎপরে অশ্বত্থামা পাণ্ডবসৈন্য ও পাঞ্চালসৈন্য লক্ষ্য করিয়া নারায়ণাস্ত্র আবিষ্কার করিলেন ॥১৫॥

তাহার পর পাণ্ডবপক্ষকে ক্ষয় করিবার জন্য উজ্জ্বলবদন সর্পের তুল্য সহস্র সহস্র উজ্জ্বলাগ্র বাণ আকাশে আবির্ভূত হইতে লাগিল ॥১৬॥

---

(১২)…সাগরৈঃ সাগরো যথা…বা নি। (১৪) যথা নির্ম্মথ্যমানস্য সাগরস্যেব নিস্বনঃ…বা,…যথা নির্ম্মথ্যমানস্য সাগরস্য তু নিস্বনঃ…নি। (১৬)…পাণ্ডবান্ ক্ষয়য়িষ্যন্তঃ…পি বঙ্গ বর্দ্ধ।

তে দিশঃ খঞ্চ সৈন্যঞ্চ সমাবৃণ্বন্ মহাহবে।
মুহূর্ত্তাদ্ভাস্করস্যেব লোকে রাজন্! গভস্তয়ঃ ॥১৭॥
তথাপরে দ্যোতমানা জ্যোতীংষীবামলেঽম্বরে।
প্রাদুরাসন্ মহারাজ! কার্ষ্ণায়সময়া গুড়াঃ ॥১৮॥
চতুশ্চক্রা দ্বিচক্রাশ্চ শতঘ্ন্যোঽথ হুলা গদাঃ।
চক্রাণি চ ক্ষুরান্তানি মণ্ডলানীব ভাস্বতঃ ॥১৯॥
শস্ত্রাকৃতিভিরাকীর্ণমতীব ভরতর্ষভ!।
দৃষ্ট্বান্তরীক্ষমাবিগ্নাঃ পাণ্ডুপাঞ্চালসৃঞ্জয়াঃ ॥২০॥
যথা যথা হ্যযুধ্যন্ত পাণ্ডবানাং মহারথাঃ।
তথা তথা তদস্ত্রং বৈ ব্যবর্দ্ধত জনাধিপ! ॥২১॥
বধ্যমানাস্তদাস্ত্রেণ তেন নারায়ণেন বৈ।
দহ্যমানানলেনেব সর্বতোঽভ্যর্দ্দিতা রণে ॥২২॥

ভারতকৌমুদী

ত ইতি। লোকে জগতি, গভস্তয়ঃ কিরণাঃ ॥১৭॥
তথেতি। কার্ষ্ণায়সময়া লৌহসারনির্ম্মিতাঃ, গুড়া গুলিকাঃ ॥১৮॥
চতুরিতি। হুলা অপি অস্ত্রবিশেষাঃ। ক্ষুরান্তানি ক্ষুরধারাণি, মণ্ডলানি বিম্বানি ॥১৯॥
শস্ত্রেতি। শস্ত্রাকৃতিভিঃ পক্ষিভিঃ তথৈব প্রাগুক্তৈঃ। আবিগ্না উদ্বিগ্না অভবন্ ॥২০॥
যথেতি। ব্যবর্দ্ধত অবর্দ্ধত তথৈব নিয়মাদিত্যাশয়ঃ ॥২১॥
বধেতি। দহ্যমানানলেনেবেতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥২২॥

রাজা! ক্রমে মুহূর্ত্তমধ্যে জগতে সূর্য্যের কিরণের ন্যায় সেই বাণ সকল মহাযুদ্ধে দিক্, আকাশ ও পাণ্ডবসৈন্য আবৃত করিল ॥১৭॥

মহারাজ! সেইরূপ লৌহসারনির্ম্মিত উজ্জ্বল অপর গুলী সকল জ্যোতিষ্ক পদার্থের ন্যায় নির্ম্মল আকাশে প্রাদুর্ভূত হইতে থাকিল ॥১৮॥

পরে চতুশ্চক্র ও দ্বিচক্র শতঘ্নী, হুল, গদা এবং সূর্য্যমণ্ডলতুল্য ক্ষুরধার চক্র সকল প্রকাশ পাইতে লাগিল ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ! তখন পাণ্ডব, পাঞ্চাল ও সৃঞ্জয়েরা আকাশমণ্ডলকে অস্ত্রাকৃতি পক্ষিগণে অত্যন্ত আকীর্ণ দেখিয়া উদ্বিগ্ন হইয়া পড়িলেন ॥২০॥

নরনাথ! পাণ্ডবপক্ষের মহারথেরা যেমন যেমন যুদ্ধ করিতে লাগিলেন, তেমন তেমন সেই অস্ত্র বৃদ্ধি পাইতে লাগিল ॥২১॥

(১৮)···কার্ষ্ণায়সময়া গুড়াঃ—বর্দ্ধ। (১৯)···শতঘ্ন্যো বহুলা গদাঃ···নি। (২২) বধ্যমানাস্তদস্ত্রেণ···পি বঙ্গ বর্দ্ধ।

যথা হি শিশিরাপায়ে দহেৎ কক্ষং হুতাশনঃ।
তথা তদস্ত্রং পাণ্ডূনাং দদাহ ধ্বজিনীং প্রভো! ॥২৩॥
আপূর্য্যমাণেনাস্ত্রেণ সৈন্যে চ ক্ষীয়তি প্রভো!।
জগাম পরমং ত্রাসং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥২৪॥
দ্রবমাণন্তু তৎ সৈন্যং দৃষ্ট্বা বিগতচেতনম্।
মধ্যস্থতাঞ্চ পার্থস্য ধর্ম্মপুত্রোঽব্রবীদিদম্ ॥২৫॥
ধৃষ্টদ্যুম্ন! পলায়স্ব সহ পাঞ্চালসেনয়া।
সাত্যকে! ত্বঞ্চ গচ্ছস্ব বৃষ্ণ্যন্ধকবৃতো গৃহান্ ॥২৬॥
বাসুদেবোঽপি ধর্ম্মাত্মা করিষ্যত্যাত্মনঃ ক্ষমম্।
শ্রেয়ো হ্যুপদিশত্যেষ লোকস্য কিমুতাত্মনঃ ॥২৭॥

ভারতকৌমুদী

যথেতি। শিশিরাপায়ে শীতাপগমে, কক্ষং শুষ্কতৃণরাশিম্ ॥২৩॥
আপূর্য্যেতি। আপূর্য্যমাণেন বর্দ্ধমানেন, ক্ষীয়তি ক্ষীয়মাণে সতি ॥২৪॥
দ্রবেতি। দ্রবমাণং দ্রুতং পলায়মানম্। মধ্যস্থতামৌদাসীন্যম্, পার্থস্যার্জ্জুনস্য ॥২৫॥
ধৃষ্টেতি। অত্রাবস্থিত্যা মৃত্যুনা কিং ফলমিত্যুভয়ত্রাপ্যাশয়ঃ ॥২৬॥
বাস্বিতি। ক্ষমমুচিতম্। শ্রেয়ো মঙ্গলম্। আত্মনঃ শ্রেয়ঃ কিং ন কুর্য্যাদিত্যর্থঃ ॥২৭॥

তখন পাণ্ডবসৈন্যেরা সেই নারায়ণাস্ত্রের প্রভাবে নিহত হইতে থাকিয়া অগ্নিতে দগ্ধ হইয়াই যেন রণস্থলের সর্ব্বত্র আকুল হইতে থাকিল ॥২২॥

রাজা! শীতকাল অতীত হইলে অগ্নি যেমন শুষ্ক তৃণরাশি দগ্ধ করে, সেইরূপ সেই অস্ত্র পাণ্ডবসৈন্য দগ্ধ করিতে লাগিল ॥২৩॥

নরনাথ! নারায়ণাস্ত্র বৃদ্ধি পাইয়া পাণ্ডবসৈন্য ক্ষয় করিতে লাগিলে, ধর্ম্মপুত্র যুধিষ্ঠির অত্যন্ত ভীত হইয়া পড়িলেন ॥২৪॥

সেই সৈন্য চৈতন্যশূন্য হইয়াই যেন বেগে পলায়ন করিতেছে এবং অর্জ্জুনও যেন উদাসীন রহিয়াছেন ইহা দেখিয়া যুধিষ্ঠির এই কথা বলিলেন—॥২৫॥

'ধৃষ্টদ্যুম্ন! আপনি পাঞ্চালসৈন্যের সহিত পলায়ন করুন এবং সাত্যকি! তুমিও বৃষ্ণি ও অন্ধকগণে বেষ্টিত হইয়া গৃহে গমন কর ॥২৬॥

ধর্ম্মাত্মা কৃষ্ণও নিজের উপযুক্ত কার্য্য নিজেই করিবেন। কেন না, ইনি সাধারণ লোককে মঙ্গলের উপদেশ দিয়া থাকেন, তাহাতে নিজের মঙ্গল কি করিবেন না? ॥২৭॥

---

(২৬)···বৃষ্ণ্যন্ধকবৃতো মহান্—বা নি।

সংগ্রামস্তু ন কর্ত্তব্যঃ সর্বসৈন্যান্ ব্রবীমি বঃ।
অহং হি সহ সোদর্য্যৈঃ প্রবেক্ষ্যে হব্যবাহনম্ ॥২৮॥
ভীষ্মদ্রোণার্ণবং তীর্ত্বা সংগ্রামে ভীরুদুস্তরম্।
বিমঙ্ক্ষ্যামি সলিলে সগণো দ্রৌণিগোষ্পদে ॥২৯॥
কামঃ সম্পদ্যতামস্য বীভৎসোরাশু মাং প্রতি।
কল্যাণবৃত্তো হ্যাচার্য্যো ময়া যুধি নিপাতিতঃ ॥৩০॥
যেন বালঃ স সৌভদ্রো যুদ্ধানামবিশারদঃ।
সমর্থৈর্বহুভিঃ ক্রূরৈর্ঘাতিতো নাভিপালিতঃ ॥৩১॥
যেন বিক্রুবতী প্রশ্নং তথা কৃষ্ণা সভাং গতা।
উপেক্ষিতা সপুত্রেণ দাসীভাবং নিয়চ্ছতী ॥৩২॥
জিঘাংসুর্ধার্ত্তরাষ্ট্রশ্চ শ্রান্তেষ্বশ্বেষু ফাল্গুনম্।
কবচেন তথা গুপ্তো রক্ষার্থং সৈন্ধবস্য চ ॥৩৩॥

ভারতকৌমুদী

সংগ্রাম ইতি। সোদর্য্যৈর্ভীমাদিভির্ভ্রাতৃভিঃ, হব্যবাহনম্ এতদগ্নিম্ ॥২৮॥

ভীষ্মেতি। সগনঃ সপরিজনঃ, দ্রৌণিগোষ্পদে অশ্বত্থামরূপগোষ্পদস্থে ॥২৯॥

কাম ইতি। কামঃ মম ধ্বংসাভিলাষঃ। কল্যাণবৃত্তঃ অস্মন্মঙ্গলকরচরিত্রঃ ॥৩০॥

অথ ষড্ভিঃ শ্লোকৈঃ কুলকেন দ্রোণস্য পাণ্ডববধেঽপিত্বং সূচয়ন্নাহ যেনেতি। সৌভদ্রোঽভিমন্যুঃ। সমর্থৈর্নানাবিধযুদ্ধকরণশক্তৈঃ কর্ণাদিভিঃ। বিক্রুবতী বিশেষেণ প্রকাশয়ন্তী, প্রশ্নম্ অহং দাসী ন বেতিরূপম্, কৃষ্ণা দ্রৌপদী। সপুত্রেণ দ্রোণেন, নিয়চ্ছতী নিবারয়ন্তী

হে সৈন্যগণ! আমি তোমাদের সকলকেও বলিতেছি—যুদ্ধ করিও না; আমি ভ্রাতাদের সহিত অগ্নিতে প্রবেশ করিব ॥২৮॥

হায়! যুদ্ধে ভীরুজনের দুস্তর ভীষ্ম ও দ্রোণরূপ সমুদ্র উত্তীর্ণ হইয়া এখন পরিজনবর্গের সহিত অশ্বত্থামরূপ গোষ্পদের জলে নিমগ্ন হইব! ॥২৯॥

আমার বিষয়ে সত্বরই এই অর্জ্জুনের অভিলাষ পূর্ণ হউক। কারণ, আমি আমাদের মঙ্গলকারী আচার্য্যকে যুদ্ধে নিপাতিত করিয়াছি ॥৩০॥

যে দ্রোণ বালক ও যুদ্ধে অপটু অভিমন্যুকে যুদ্ধনিপুণ বহুতর হিংস্র লোকদ্বারা বধ করাইয়াছেন, রক্ষা করেন নাই; দ্রৌপদী দ্যূতসভায় যাইয়া নিজের দাসীভাব নিবারণ করিবার জন্য বিশেষভাবে প্রশ্ন করিতে লাগিলেও পুত্রের সহিত যে দ্রোণ তাঁহাকে উপেক্ষা করিয়াছিলেন; অর্জ্জুনের অশ্বগুলি পরিশ্রান্ত

---

(২৯)…ভীরুদুস্তরে…নি,…অবমগ্নোঽস্মি সলিলে…পি বঙ্গ বৰ্দ্ধ। (৩০)…কল্যাণবুদ্ধিরাচার্য্যঃ…বা নি।

যেন ব্রহ্মাস্ত্রবিদুষা পাঞ্চালাঃ সত্যজিন্মুখাঃ।
কুর্ব্বাণা মজ্জয়ে যত্নং সমূলং বিনিপাতিতাঃ ॥৩৪॥
যেন প্রব্রাজ্যমানাশ্চ রাজ্যাদ্বয়মধর্ম্মতঃ।
নিবার্য্যমাণা ন বয়ং নানুযাতাস্তদৈষিণঃ ॥৩৫॥
সোঽসাবত্যন্তমস্মাসু কুর্ব্বাণঃ সৌহৃদং পরম্।
হতস্তদর্থমরণং গমিষ্যামি সবান্ধবঃ ॥৩৬॥ (কুলকম্)
এবং ব্রুবতি কৌন্তেয়ে দাশার্হস্ত্বরিতস্ততঃ।
নিবার্য্য সৈন্যং বাহুভ্যামিদং বচনমব্রবীৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

নিবারয়িতুমিচ্ছন্তী। অর্জ্জুনৈকেব অশ্বেষু শ্রান্তেষু, ফাল্গুনমর্জ্জুনম্, জিঘাংসুর্ধার্ত্তরাষ্ট্রো দুর্য্যোধনঃ, সৈন্ধবস্য জয়দ্রথস্য রক্ষার্থম্, তথা কবচেন অক্ষয়কবচবন্ধনেন, গুপ্তো যেন দ্রোণেন রক্ষিতঃ। ব্রহ্মাস্ত্রবিদুষা ব্রহ্মাস্ত্রজ্ঞেন। সত্যজিন্মুখা অব্রহ্মাস্ত্রজ্ঞাঃ সত্যজিৎপ্রভৃতয়ঃ। প্রব্রাজ্যমানা ধার্ত্তরাষ্ট্রৈর্নির্বাস্যমানাঃ। নানুযাতা দৌম্যাদিবন্নানুসৃতাঃ, এষিণস্তদনুগমনাভিলাষিণো বয়ম্। সোঽসৌ দ্রোণঃ। সোল্লুণ্ঠনোক্তিরিয়ম্। এষু নানাবিধা শব্দযোঽলঙ্কারশাস্ত্রবিদ্ভিরনুসন্ধেয়াঃ ॥৩১—৩৬॥

এবমিতি। কৌন্তেয়ে যুধিষ্ঠিরে, দাশার্হঃ কৃষ্ণঃ। বাহুভ্যাং বাহ্বয়োস্তোলনেন ॥৩৭॥

হইয়া পড়িলে দুর্য্যোধন অর্জ্জুনকে বধ করিবার ইচ্ছা করিয়াছিল, তখন যে দ্রোণ জয়দ্রথকে রক্ষা করিবার ছলে সেইভাবে অক্ষয় কবচ বন্ধন করিয়া দিয়া দুর্য্যোধনকে রক্ষা করিয়াছিলেন; ব্রহ্মাস্ত্রানভিজ্ঞ সত্যজিৎপ্রভৃতি পাঞ্চালেরা আমার জয়ের জন্য যত্ন করিতেছিলেন, তখন ব্রহ্মাস্ত্রজ্ঞ যে দ্রোণ তাঁহাদিগকে নিপাত করিয়াছেন; কৌরবেরা অধর্ম্ম করিয়া আমাদিগকে যখন রাজ্য হইতে নির্ব্বাসন করিতেছিল, তখন যে দ্রোণ কেবলমাত্র নিবারণই করিয়াছিলেন, কিন্তু আমাদের অনুসরণ করেন নাই, অথ চ আমরা তাঁহার অনুসরণ ইচ্ছা করিয়াছিলাম; আমাদের উপরে পরমস্নেহকারী সেই দ্রোণ নিহত হইয়াছেন কি না, সুতরাং আমি বন্ধুবর্গের সহিত তাঁহার জন্য প্রাণত্যাগ করিব' ॥৩১—৩৬॥

যুধিষ্ঠির এইরূপ বলিতে লাগিলে, কৃষ্ণ ত্বরান্বিত হইয়া সেই স্থান হইতেই বাহুযুগল উত্তোলনপূর্ব্বক সৈন্যগণকে যুদ্ধ করিতে বারণ করিয়া এই কথা বলিলেন—॥৩৭॥

(৩৪)···সমূলা বিনিপাতিতাঃ—নি। (৩৫)···নিবার্য্যমাণেনাস্মাভিরনুগন্তুং তদেষিতাঃ—নি। (৩৬) সোঽসাবত্যন্তম্···তদর্থে মরণম্···বা নি। ইতঃ পরং 'সঞ্জয় উবাচ' নি।

শীঘ্রং ন্যস্যত শস্ত্রাণি বাহেভ্যশ্চাবরোহত।
এষ যোগোঽত্র বিহিতঃ প্রতিঘাতে মহাত্মনা ॥৩৮॥
দ্বিপাশ্বস্যন্দনেভ্যশ্চ ক্ষিপ্রং সর্ব্বেঽবরোহত।
এবমেতন্ন বো হন্যাদস্ত্রং ভূমৌ নিরায়ুধান্ ॥৩৯॥
যথা যথা হি যুধ্যন্তে যোধা হ্যস্ত্রমিদং প্রতি।
তথা তথা ভবন্ত্যেতে কৌরবা বলবত্তরাঃ ॥৪০॥
নিক্ষেপ্স্যন্তি তু শস্ত্রাণি বাহনেভ্যোঽবরুহ্য যে।
তান্ নৈতদস্ত্রং সংগ্রামে নিহনিষ্যতি মানবান্ ॥৪১॥
যে ত্বেতৎ প্রতিযোৎস্যন্তি মনসাপীহ কেচন।
নিহনিষ্যতি তান্ সর্ব্বান্ রসাতলগতানপি ॥৪২॥
তে বচস্তস্য তচ্ছ্রুত্বা বাসুদেবস্য ভারত !।
ঈষুঃ সর্ব্বেঽস্ত্রমুৎস্রষ্টুং মনোভিঃ করণেন চ ॥৪৩॥

ভারতকৌমুদী

শীঘ্রমিতি। বাহেভ্যো বাহনেভ্যঃ। যোগ উপায়ঃ। মহাত্মনা নারায়ণেন ॥৩৮॥
দ্বিপেতি। দ্বিপাশ্বস্যন্দনেভ্যঃ হস্তিঘোটকরথেভ্যঃ। বো যুষ্মান্ ॥৩৯॥
যথেতি। ভবন্তি ভবিষ্যন্তি, এতদস্ত্রস্বভাবাদিতি ভাবঃ ॥৪০॥
নীতি। নিক্ষেপ্স্যন্তি পরিত্যক্ষ্যন্তি। এতদস্ত্রং কর্ত্তৃ ॥৪১॥
য ইতি। হনিষ্যতি, এতদস্ত্রং কর্ত্তৃ, অলৌকিকশক্তিকত্বাদিতি ভাবঃ ॥৪২॥

'সৈন্যগণ! তোমরা সত্বর অস্ত্র ত্যাগ কর এবং বাহন হইতেও অবতীর্ণ হও। মহাত্মা নারায়ণই এই অস্ত্রের প্রতিঘাতবিষয়ে এই উপায় বিধান করিয়াছেন ॥৩৮॥

তোমরা সকলেই হস্তী, অশ্ব ও রথ হইতে সত্বর অবতীর্ণ হও। ইহা হইলে আর এই অস্ত্র ভূতলে নিরস্ত্র অবস্থায় তোমাদিগকে বধ করিবে না ॥৩৯॥

পক্ষান্তরে এই অস্ত্রের প্রতিপক্ষে যোদ্ধারা যেমন যেমন যুদ্ধ করিবেন, তেমন তেমনই কৌরবেরা এই অস্ত্রের প্রভাবে প্রবল হইয়া উঠিবে ॥৪০॥

আর যাঁহারা বাহন হইতে অবতীর্ণ হইয়া অস্ত্র ত্যাগ করিবেন, এই অস্ত্র যুদ্ধে সেই মনুষ্যগণকে বধ করিবে না ॥৪১॥

যে কোন লোক মনে মনেও এই অস্ত্রের প্রতিপক্ষে যুদ্ধ করিবে, তাহারা পাতালে গেলেও এই অস্ত্র তাহাদের সকলকে বধ করিবে' ॥৪২॥

(৩৮)···প্রতিষেধে মহাত্মনা—বা,···প্রতিঘাতে মহাত্মনঃ—নি। (৩৯)···ক্ষিতিং সর্ব্বেঽবরোহত···নি। (৪৩)···ঈষুঃ সর্ব্বে সমুৎস্রষ্টুম্···বা নি।

তত উৎস্রষ্টুকামাংস্তানস্ত্রাণ্যালক্ষ্য পাণ্ডবঃ।
ভীমসেনোঽব্রবীদ্রাজন্! ইদং সংহর্ষয়ন্ বচঃ ॥৪৪॥
ন কথঞ্চন শস্ত্রাণি মোক্তব্যানীহ কেনচিৎ।
অহমাবারয়িষ্যামি দ্রোণপুত্রাস্ত্রমাশুগৈঃ ॥৪৫॥
অথবাঽপ্যনয়া গুর্ব্ব্যা হেমবিগ্রহয়া রণে।
কালবৎ প্রচরিষ্যামি দ্রৌণেরস্ত্রং বিশাতয়ন্ ॥৪৬॥
নহি মে বিক্রমে তুল্যঃ কশ্চিদস্তি পুমানিহ।
যথৈব সবিতুস্তুল্যং জ্যোতিরন্যন্ন বিদ্যতে ॥৪৭॥
পশ্যতেমৌ হি মে বাহূ নাগরাজকরোপমৌ।
সমর্থৌ পর্ব্বতস্যাপি শৈশিরস্য নিপাতনে ॥৪৮॥

ভারতকৌমুদী

ত ইতি। ঈষুঃ ইচ্ছন্তি স্ম। করণেন বহিরিন্দ্রিয়েণ হস্তেন চ ॥৪৩॥
তত ইতি। আলক্ষ্য দৃষ্ট্বা। সংহর্ষয়ন্ আশ্বাসজননাদিত্যাশয়ঃ ॥৪৪॥
নেতি। মোক্তব্যানি ত্যক্তব্যানি। আশুগৈর্বাণৈরেব ॥৪৫॥
অথবেতি। হেমবিগ্রহয়া স্বর্ণময়শরীরয়া গদয়া। বিশাতয়ন্ ব্যর্থীকুর্ব্বন্ ॥৪৬॥
নহীতি। সবিতুঃ সূর্য্যস্য, জ্যোতিস্তেজঃ ॥৪৭॥
পশ্যতেতি। নাগরাজকরোপমৌ বিশালহস্তিশুণ্ডাতুল্যৌ। শৈশিরস্য হিমালয়স্য ॥৪৮॥

ভরতনন্দন! পাণ্ডবসৈন্যেরা কৃষ্ণের সেই কথা শুনিয়া সকলেই মন ও হস্তদ্বারা অস্ত্রত্যাগ করিবার ইচ্ছা করিল ॥৪৩॥

রাজা! তাহার পর পাণ্ডুনন্দন ভীমসেন সৈন্যগণকে অস্ত্রত্যাগ করিতে অভিলাষী দেখিয়া তাহাদের আনন্দ উৎপাদন করতঃ এই কথা বলিলেন—॥৪৪॥

'কোন ব্যক্তি কোন প্রকারেই এখন অস্ত্রত্যাগ করিও না। কারণ, আমি বাণদ্বারাই অশ্বত্থামার অস্ত্র বারণ করিব ॥৪৫॥

অথবা এই স্বর্ণখচিত বিশাল গদাদ্বারা অশ্বত্থামার অস্ত্র ব্যর্থ করিতে থাকিয়া আমি যমের ন্যায় রণস্থলে বিচরণ করিব ॥৪৬॥

এই জগতে যেমন সূর্য্যের তুল্য অন্য কোন তেজ নাই, সেইরূপ বিক্রমে আমার তুল্য কোন পুরুষ নাই ॥৪৭॥

তোমরা আমার এই বিশালহস্তিশুণ্ডতুল্য বাহুযুগল দর্শন কর, এই বাহুযুগল হিমালয়পর্ব্বত নিপাত করিতেও সমর্থ হয় ॥৪৮॥

(৪৬) গদয়াপ্যনয়া গুর্ব্ব্যা…নি,…কালবৎ প্রহরিষ্যামি…বা নি।

নাগাযুতসমপ্রাণো হ্যহমেকো নরেম্বিহ।
শক্রো যথাঽপ্রতিদ্বন্দ্বো দিবি দেবেষু বিশ্রুতঃ ॥৪৯॥
অদ্য পশ্যত মে বীর্য্যং বাহ্বোঃ পীনাংসয়োর্যুধি।
জ্বলমানস্য দীপ্তস্য দ্রৌণেরস্ত্রস্য বারণে ॥৫০॥
যদি নারায়ণাস্ত্রস্য প্রতিযোদ্ধা ন বিদ্যতে।
অদ্যৈতৎ প্রতিযোৎস্যামি পশ্যৎসু কুরুপাণ্ডুষু ॥৫১॥
এবমুক্ত্বা ততো ভীমো দ্রোণপুত্রমরিন্দমম্।
অভ্যয়ান্মেঘঘোষেণ রথেনাদিত্যবর্চ্চসা ॥৫২॥
স এনমিষুজালেন লঘুত্বাচ্ছীঘ্রবিক্রমঃ।
নিমেষমাত্রেণাসাদ্য কুন্তীপুত্রোঽভ্যবাকিরৎ ॥৫৩॥
ততো দ্রৌণিঃ প্রহস্যৈনং দ্রবন্তমভিভাষ্য চ।
অবাকিরৎ প্রদীপ্তাগ্রৈঃ শরৈস্তৈরভিমন্ত্রিতৈঃ ॥৫৪॥

ভারতকৌমুদী

নাগেতি। নাগাযুতসমপ্রাণো দশসহস্রহস্তিতুল্যবলঃ। অপ্রতিদ্বন্দ্ব অপ্রতিপক্ষঃ ॥৪৯॥
অদ্যেতি। পীনৌ স্থূলৌ অংসৌ স্কন্ধৌ যয়োস্তয়োঃ ॥৫০॥
যদীতি। প্রতিযোদ্ধা অস্ত্রঃ ॥৫১॥
এবমিতি। মেঘস্যেব ঘোষো গম্ভীরধ্বনির্যস্য তেন, আদিত্যবর্চ্চসা সূর্য্যবদুজ্জ্বলেন ॥৫২॥
স ইতি। এনং দ্রোণপুত্রম্, লঘুত্বাৎ দ্রুতাস্ত্রক্ষেপিত্বাৎ। অভ্যবাকিরদাবৃণোৎ ॥৫৩॥
তত ইতি। দ্রবন্তং দ্রুতমাগচ্ছন্তম্, অভিভাষ্য আগচ্ছেত্যুক্ত্বা ॥৫৪॥

স্বর্গলোকে দেবগণের মধ্যে এক ইন্দ্র যেমন অপ্রতিদ্বন্দ্বী বলিয়া বিখ্যাত, সেইরূপ এক আমিও এই জগতে মানুষের মধ্যে দশসহস্র হস্তীর তুল্য বলবান্ বলিয়া অপ্রতিদ্বন্দ্বিভাবে বিখ্যাত ॥৪৯॥

সৈন্যগণ! আজ যুদ্ধে অশ্বত্থামার প্রজ্বলিত নারায়ণাস্ত্র বারণ করিবার সময়ে স্থূলস্কন্ধযুক্ত আমার বাহুযুগলের বল তোমরা দেখ ॥৫০॥

যদিও নারায়ণাস্ত্রের অন্য প্রতিযোদ্ধা নাই, তথাপি আমি আজ কুরু-পাণ্ডবগণের সমক্ষে উহার প্রতিপক্ষে যুদ্ধ করিব' ॥৫১॥

এই কথা বলিয়া ভীমসেন মেঘের ন্যায় গম্ভীরধ্বনিকারী ও সূর্য্যের তুল্য উজ্জ্বল রথে আরোহণ করিয়া শত্রুদমন অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন ॥৫২॥

ক্রমে দ্রুতবিক্রমী ভীমসেন নিকটবর্ত্তী হইয়া দ্রুতাস্ত্রক্ষেপী বলিয়া নিমেষ-কালমধ্যে বাণজালদ্বারা অশ্বত্থামাকে আবৃত করিয়া ফেলিলেন ॥৫৩॥

(৫১) ইতঃ পরং নির্ণয়সাগরপুস্তকে কিয়ন্তঃ শ্লোকা অধিকা দৃশ্যন্তে।

পন্নগৈরিব দীপ্তাস্যৈর্বমদ্ভিরনলং রণে।
অবকীর্ণোঽভবৎ পার্থঃ স্ফুলিঙ্গৈরিব কাঞ্চনৈঃ ॥৫৫॥
তস্য রূপমভূদ্রাজন্! ভীমসেনস্য সংযুগে।
খদ্যোতৈরাবৃতস্যেব পর্ব্বতস্য দিনক্ষয়ে ॥৫৬॥
তদস্ত্রং দ্রোণপুত্রস্য তস্মিন্ প্রতিসমস্যতি।
অবর্দ্ধত মহারাজ! যথাগ্নিরনিলোদ্ধতঃ ॥৫৭॥
বিবর্দ্ধমানমালক্ষ্য তদস্ত্রং ভীমবিক্রমম্।
পাণ্ডুসৈন্যমৃতে ভীমং সুমহদ্ভয়মাবিশৎ ॥৫৮॥
ততঃ শস্ত্রাণি তে সর্ব্বে সমুৎসৃজ্য মহীতলে।
অবারোহন্ রথেভ্যশ্চ হস্ত্যশ্বেভ্যশ্চ সর্ব্বতঃ ॥৫৯॥

ভারতকৌমুদী

পন্নগৈরিতি। দীপ্তাস্যৈরুজ্জ্বলমুখৈঃ। অবকীর্ণ আবৃতঃ, পার্থো ভীমসেনঃ ॥৫৫॥
তস্যেতি। খদ্যোতৈর্জ্যোতিরিঙ্গণৈঃ। দিনক্ষয়ে রাত্রৌ ॥৫৬॥
তদিতি। তস্মিন্ ভীমে, প্রতিসমস্যতি প্রতিপক্ষভাবেন বাণান্ ক্ষিপতি সতি ॥৫৭॥
বিবর্দ্ধেতি। ভীমম্ ঋতে বিনা, সুমহদ্ভয়ং কর্তৃ, পাণ্ডুসৈন্যং কর্ম্ম আবিশৎ ॥৫৮॥
তত ইতি। তে পাণ্ডবসৈনিকাঃ। অবারোহন্ কৃষ্ণোপদেশস্মরণাৎ ॥৫৯॥

তাহার পর অশ্বত্থামা হাস্য করিয়া দ্রুতগামী ভীমসেনকে অভিভাষণপূর্ব্বক উজ্জ্বলমুখ ও অভিমন্ত্রিত সেই বাণসমূহদ্বারা তাঁহাকে আবৃত করিতে লাগিলেন ॥৫৪॥

ক্রমে সর্পের ন্যায় উজ্জ্বলমুখ, অনলবর্ষী ও স্বর্ণকণার তুল্য প্রদীপ্ত বাণসমূহে ভীমসেন আবৃত হইয়া পড়িলেন ॥৫৫॥

রাজা! তৎকালে রণস্থলে ভীমসেনের রূপটা, রাত্রিতে খদ্যোতাবৃত পর্ব্বতের রূপের ন্যায় হইয়া পড়িল ॥৫৬॥

মহারাজ! ভীমসেন প্রতিপক্ষভাবে বাণক্ষেপ করিতে লাগিলে, অশ্বত্থামার সেই অস্ত্র বায়ুসঞ্চালিত অগ্নির ন্যায় বৃদ্ধি পাইতে লাগিল ॥৫৭॥

ভয়ঙ্করবিক্রমশালী সেই অস্ত্র বৃদ্ধি পাইতেছে দেখিয়া একমাত্র ভীমসেন ব্যতীত অন্য সমস্ত পাণ্ডবসৈন্যই অত্যন্তভীত হইয়া পড়িল ॥৫৮॥

তাহার পর সকল দিকের সেই পাণ্ডবসৈন্যেরা সকলেই অস্ত্র পরিত্যাগ করিয়া হস্তী, অশ্ব ও রথ হইতে অবতরণ করিল ॥৫৯॥

(৫৫)···বমদ্ভির্জ্বলনং রণে···বা নি। (৫৮)···পাণ্ডুসৈন্যানৃতে ভীমম্···বর্দ্ধ। (৫৯)···হস্ত্যশ্বভ্যশ্চ সর্ব্বশঃ—বা নি।

তেষু নিক্ষিপ্তশস্ত্রেষু বাহনেভ্যশ্চ্যুতেষু চ।
তদস্ত্রবীর্য্যং বিপুলং ভীমমূর্দ্ধন্যথাপতৎ ॥৬০॥
হাহাকৃতানি ভূতানি পাণ্ডবাশ্চ বিশেষতঃ।
ভীমসেনমপশ্যন্ত তেজসা সংবৃতং ততঃ ॥৬১॥
ভীমসেনং সমাকীর্ণং দৃষ্ট্বাস্ত্রেণ ধনঞ্জয়ঃ।
তেজসঃ প্রতিঘাতার্থং বারুণেন সমাবৃণোৎ ॥৬২॥
নালক্ষয়ত তৎ কশ্চিদ্বারুণাস্ত্রেণ সংবৃতম্।
অর্জ্জুনস্য লঘুত্বাচ্চ সংবৃতত্বাচ্চ তেজসঃ ॥৬৩॥
সাশ্বসূতরথো ভীমো দ্রোণপুত্রাস্ত্রসংবৃতঃ।
অগ্নাবগ্নিরিব ন্যস্তো জ্বালামালী সুদুর্দৃশঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

তেম্বিতি। নিক্ষিপ্তানি ত্যক্তানি শস্ত্রাণি যৈস্তেষু, চ্যুতেষু অবতীর্ণেষু ॥৬০॥
হাহেতি। হাহা ইত্যস্য কৃতং করণং যেষাং তানি, ভূতানি তত্রত্যা মানবাঃ ॥৬১॥
ভীমেতি। তেজসঃ অশ্বত্থামাস্ত্রস্য। সমাবৃণোৎ ভীমসেনমেব ॥৬২॥
নেতি। সংবৃতং সংবরণম্। লঘুত্বাৎ দ্রুতাস্ত্রক্ষেপিত্বাৎ, সংবৃতত্বাৎ সংবরণাৎ ॥৬৩॥
সেতি। জ্বালামালী প্রচুরশিখাযুক্তঃ। সুদুর্দৃশ ইতি গুণাভাব আর্ষঃ ॥৬৪॥

তাহারা অস্ত্র পরিত্যাগ করিয়া বাহন হইতে অবতরণ করিলে, সেই বিশাল অস্ত্র একমাত্র ভীমসেনের মস্তকের দিকে যাইতে লাগিল ॥৬০॥

তদনন্তর তত্রত্য লোকেরা, বিশেষতঃ পাণ্ডবেরা ভীমসেনকে তেজে আবৃত দেখিতে লাগিলেন এবং হাহাকার করিতে থাকিলেন ॥৬১॥

তখন অর্জ্জুন ভীমসেনকে নারায়ণাস্ত্রে সমাবৃত দেখিয়া সেই তেজের প্রতিঘাতের জন্য বারুণাস্ত্রদ্বারা ভীমসেনকে আবৃত করিলেন ॥৬২॥

এক—অর্জ্জুন দ্রুত অস্ত্রক্ষেপ করেন, দ্বিতীয়—অশ্বত্থামার অস্ত্রের তেজে ভীম আবৃত ছিলেন। সুতরাং অর্জ্জুন যে বারুণাস্ত্রদ্বারা ভীমকে আবৃত করিলেন, তাহা কেহ লক্ষ্য করিতে পারে নাই ॥৬৩॥

অশ্ব, সারথি ও রথের সহিত ভীম অশ্বত্থামার অস্ত্রে আবৃত হইয়া অগ্নিতে নিক্ষিপ্ত অগ্নির ন্যায় কেবল শিখাময় অবস্থায় অত্যন্ত দুর্দৃশ্য হইয়া পড়িলেন ॥৬৪॥

---

(৬১)…সংবৃতং তথা—বা নি। ইতঃ পরম্ …'সপ্তনবত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বর্দ্ধ, '…অষ্টনবত্যধিকশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বঙ্গ, '…দ্বিশততমোঽধ্যায়ঃ। সঞ্জয় উবাচ' বা বা নি।

যথা রাত্রিক্ষয়ে রাজন্ ! জ্যোতীংষ্যস্তগিরিং প্রতি।
সমাপেতুস্তথা বাণা ভীমসেনরথং প্রতি ॥৬৫॥
স হি ভীমো রথশ্চাস্য হয়াঃ সূতশ্চ মারিষ ! ।
সংবৃতো দ্রোণপুত্রেণ পাবকান্তর্গতোঽভবৎ ॥৬৬॥
যথা দগ্ধ্বা জগৎ কৃৎস্নং সময়ে সচরাচরম্ ।
গচ্ছেদগ্নির্বিভোরাস্যং তথাস্ত্রং ভীমমাবৃণোৎ ॥৬৭॥
সূর্য্যমগ্নিঃ প্রবিষ্টঃ স্যাদ্‌যথা চাগ্নিং দিবাকরঃ।
তথা প্রবিষ্টং তত্তেজো ন প্রাজ্ঞায়ত পাণ্ডবঃ ॥৬৮॥
বিকীর্ণমস্ত্রং তদ্‌দৃষ্ট্বা তথা ভীমরথং প্রতি।
উদীর্য্যমাণং দ্রৌণিঞ্চ নিষ্প্রতিদ্বন্দ্বমাহবে ॥৬৯॥
সর্ব্বসৈন্যঞ্চ পাণ্ডূনাং ন্যস্তশস্ত্রমচেতনম্ ।
যুধিষ্ঠিরপুরোগাংশ্চ বিমুখাংস্তান্ মহারথান্ ॥৭০॥
অর্জ্জুনো বাসুদেবশ্চ ত্বরমাণৌ মহাদ্যুতী।
অবপ্লুত্য রথাদ্বীরৌ ভীমমাদ্রবতাং ততঃ ॥৭১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যথেতি। রাত্রিক্ষয়ে প্রভাতকালে, জ্যোতীংষি নক্ষত্রাণি। বাণা অশ্বত্থাম্নঃ ॥৬৫॥
স ইতি। সংবৃতো নারায়ণাস্ত্রেণ, পাবকান্তর্গতো বহ্ন্যাবৃতঃ ॥৬৬॥
যথেতি। সময়ে প্রলয়কালে। বিভোরীশ্বরস্য, আস্যং মুখম্, অস্ত্রমেকস্থং সৎ ॥৬৭॥
সূর্য্যমিতি। প্রবিষ্টো যথাক্রমং দিবসে রাত্রৌ চ। পাণ্ডবো ভীমসেনঃ ॥৬৮॥

রাজা ! প্রভাতকালে নক্ষত্র সকল যেমন অস্তাচলের দিকে যায়, সেইরূপ অশ্বত্থামার বাণগুলি কেবল ভীমের রথের দিকেই যাইতে লাগিল ॥৬৫॥

মাননীয় রাজা ! তৎকালে ভীম, ভীমের রথ, অশ্ব ও সারথি অশ্বত্থামার অস্ত্রে আবৃত হইয়া যেন অগ্নিরাশির অন্তর্গত হইয়া গেল ॥৬৬॥

প্রলয়কালে অগ্নি যেমন চরাচরের সহিত সমগ্র জগৎ দগ্ধ করিয়া একস্থ হইয়া পরমেশ্বরের মুখের ভিতরে যায়, সেইরূপ অশ্বত্থামার অস্ত্রাগ্নিও তখন একস্থ হইয়া যাইয়া ভীমকে আবৃত করিল ॥৬৭॥

দিনে অগ্নি যেমন সূর্য্যে যায় এবং রাত্রিতে সূর্য্য যেরূপ অগ্নিতে প্রবেশ করে, সেইরূপ সেই অস্ত্রের তেজ ভীমের উপরে গেল ; সুতরাং তাঁহাকে আর দেখা গেল না ॥৬৮॥

(৬৬)…সংবৃতা দ্রোণপুত্রেণ পাবকান্তর্গতাভবন্—বা নি। (৬৭) যথা দগ্ধ্বা…গচ্ছেদ্বহ্নিঃ …বা নি।

তততদদ্রোণপুত্রস্য তেজোঽস্ত্রবলসম্ভবম্।
বিগাহ্য তৌ সুবলিনৌ মায়য়াবিশতাং তদা ॥৭২॥
ন্যস্তশস্ত্রৌ ততস্তৌ তু নাদহৎ সোঽস্ত্রজোঽনলঃ।
বারুণাস্ত্রপ্রয়োগাচ্চ বীর্য্যবত্ত্বাচ্চ কৃষ্ণয়োঃ ॥৭৩॥
ততশ্চকৃষতুর্ভীমং তস্য সর্ব্বায়ুধানি চ।
নারায়ণাস্ত্রশান্ত্যর্থং নরনারায়ণৌ বলাৎ ॥৭৪॥
আকৃষ্যমাণঃ কৌন্তেয়ো নদত্যেব মহারবম্।
বর্দ্ধতে চৈব তদ্ঘোরং দ্রৌণেরস্ত্রং সুদুর্জ্জয়ম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

বিকীর্ণমিতি। উদীর্য্যমাণং বর্দ্ধমানম্, নিষ্প্রতিদ্বন্দ্বং প্রতিপক্ষরহিতম্। অচেতনমিব নিষ্ক্রিয়ম্। আদ্রবতাম্ অভ্যাগবতাম্, ততঃ স্বরথপ্রদেশাৎ ॥৬৯—৭১॥

তত ইতি। তেজো বহ্নিম্। মায়য়া অলৌকিককৌশলেন ॥৭২॥

তর্হি কথং তৌ নাদহদিত্যাহ ন্যস্তেতি। কৃষ্ণয়োঃ কৃষ্ণার্জ্জুনয়োঃ ॥৭৩॥

তত ইতি। নরনারায়ণৌ তয়োরবতারৌ অর্জ্জুনকৃষ্ণৌ ॥৭৪॥

আকৃষ্যেতি। আকৃষ্যমাণঃ কৃষ্ণার্জ্জুনাভ্যাং রথাৎ, কৌন্তেয়ো ভীমসেনঃ ॥৭৫॥

সেই অস্ত্র সেইভাবে ভীমের রথের উপরে বিক্ষিপ্ত হইয়াছে এবং অশ্বত্থামাও প্রবল হইয়া রণস্থলে অপ্রতিদ্বন্দ্বিভাবে অবস্থান করিতেছেন, সমস্ত পাণ্ডব-সৈন্যও অস্ত্রত্যাগ করিয়া অচেতনের ন্যায় নিষ্ক্রিয় হইয়া রহিয়াছে এবং যুধিষ্ঠিরপ্রভৃতি মহারথেরাও বিমুখ হইয়া দাঁড়াইয়াছেন ইহা দেখিয়া মহাতেজা ও মহাবীর কৃষ্ণ এবং অর্জ্জুন সত্বর রথ হইতে লাফাইয়া পড়িয়া সেইস্থান হইতে ভীমের দিকে বেগে গমন করিলেন ॥৬৯—৭১॥

তদনন্তর বলবান্ কৃষ্ণ ও অর্জ্জুন তখনই অলৌকিক কৌশলে আলোড়ন-পূর্ব্বক অশ্বত্থামার অস্ত্রপ্রভাবোৎপন্ন সেই অগ্নির মধ্যে প্রবেশ করিলেন ॥৭২॥

কৃষ্ণ ও অর্জ্জুন অস্ত্রত্যাগ করিয়াছিলেন, বারুণাস্ত্রপ্রয়োগে আর্দ্র ছিলেন এবং তাঁহারা মহাবলও বটেন; এই সকল কারণে সেই অস্ত্রজাত অগ্নি তাঁহাদিগকে দগ্ধ করিতে পারে নাই ॥৭৩॥

তাহার পর কৃষ্ণ ও অর্জ্জুন নারায়ণাস্ত্রনিবৃত্তির জন্য বলপূর্ব্বক রথ হইতে ভীমকে এবং তাঁহার সমস্ত অস্ত্র আকর্ষণ করিতে লাগিলেন ॥৭৪॥

---

(৭২)...মায়য়াবিশতাং তদা—বর্দ্ধ,...মায়য়াবিশতাং তথা...বা,...আবিশতাং তথা...নি।
(৭৪)...সর্ব্বশস্ত্রায়ুধানি চ...বা,...সর্ব্বশস্ত্রায়ুধানি চ...নি।

তমব্রবীদ্বাসুদেবঃ কিমিদং পাণ্ডুনন্দন ! ।
বার্য্যমাণোঽপি কৌন্তেয় ! যদ্‌যুদ্ধান্ন নিবর্ত্তসে ॥৭৬॥
যদি যুদ্ধেন জেয়াঃ স্যুরিমে কৌরবনন্দনাঃ ।
বয়মপ্যত্র যুধ্যেম তথা চেমে নরর্ষভাঃ ॥৭৭॥
রথেভ্যস্ত্ববতীর্ণাঃ স্ম সর্ব্ব এব হি তাবকাঃ ।
তস্মাত্ত্বমপি কৌন্তেয় ! রথাত্তূর্ণমপাক্রম ॥৭৮॥
এবমুক্ত্বা তু তং কৃষ্ণো রথাদ্ভূমিমবর্ত্তয়ৎ ।
নিশ্বসন্তং যথা নাগং ক্রোধসংরক্তলোচনম্ ॥৭৯॥
যদাপকৃষ্টঃ স রথান্ন্যাসিতশ্চায়ুধং ভুবি ।
ততো নারায়ণাস্ত্রং তৎ প্রশান্তং শত্রুতাপনম্ ॥৮০॥
তস্মিন্ প্রশান্তে বিধিনা তেন তেজসি দুঃসহে ।
বভূবুর্বিমলাঃ সর্ব্বা দিশঃ প্রদিশ এব চ ॥৮১॥

ভারতকৌমুদী

তমিতি। অস্ত্রত্যাগাদিনা যুদ্ধনিবৃত্ত্যা হি অস্ত্রনিবৃত্তের্নিয়মাদ্‌যুদ্ধনিবৃত্তিস্তবোচিতেতি ভাবঃ ॥৭৬॥

যদীতি। জেয়াঃ স্যুঃ, এতদস্ত্রপ্রবৃত্তাবিতি ভাবঃ। ইমে স্বপক্ষীয়াঃ ॥৭৭॥

রথেভ্য ইতি। স্মেতি পাদপূরণে। অপাক্রম অবতর। দীর্ঘাভাব আর্ষঃ ॥৭৮॥

এবমিতি। তং ভীমম্। অবর্ত্তয়ৎ প্রাপয়ৎ। নাগং সর্পম্ ॥৭৯॥

যদেতি। অপকৃষ্ট আকৃষ্যাবতারিতঃ, ন্যাসিতস্ত্যাজিতশ্চ কৃষ্ণেন। ততস্তদা ॥৮০॥

তাঁহারা আকর্ষণ করিতে থাকিলে, ভীমসেন মহাগর্জ্জনই করিতে থাকিলেন এবং অশ্বত্থামার সেই ভয়ঙ্কর ও অতিদুর্জ্জয় অস্ত্রও বৃদ্ধি পাইতে লাগিল ॥৭৫॥

তখন কৃষ্ণ তাঁহাকে বলিলেন—'মধ্যমপাণ্ডব! একি! বারণ করিলেও আপনি যুদ্ধ হইতে নিবৃত্ত হইতেছেন না! ॥৭৬॥

যদি যুদ্ধে এই কৌরবদিগকে জয় করা যাইত, তবে আমরাও যুদ্ধ করিতাম এবং এই নরশ্রেষ্ঠেরাও যুদ্ধ করিতেন ॥৭৭॥

কিন্তু আপনাদের পক্ষের সকলেই রথ হইতে অবতীর্ণ হইয়াছেন। অতএব কুন্তীনন্দন! আপনিও সত্বর রথ হইতে অবতরণ করুন' ॥৭৮॥

এইরূপ বলিয়া কৃষ্ণ ভীমকে রথ হইতে অবতরণ করাইলেন; তখন ভীম ক্রোধে আরক্তনয়ন হইয়া সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতেছিলেন ॥৭৯॥

কৃষ্ণ যখন ভীমকে রথ হইতে টানিয়া নামাইলেন এবং তাঁহার অস্ত্রগুলিকে ভূতলে স্থাপন করিলেন, তখন সেই শত্রুতাপন নারায়ণাস্ত্র নিবৃত্তি পাইল ॥৮০॥

(৭৯)···রথাদ্ভূমিমবাতরৎ···বঙ্গ। (৮০) ইতঃ পরম্ 'সঞ্জয় উবাচ' নি।

প্রববুশ্চ শিবা বাতাঃ প্রশান্তা মৃগপক্ষিণঃ।
বাহনানি চ হৃষ্টানি প্রশান্তেঽস্ত্রে সুদুর্জয়ে ॥৮২॥
ব্যপোঢ়ে চ ততো ঘোরে তস্মিংস্তেজসি ভারত!।
বভৌ ভীমো নিশাপায়ে শ্রীমান্ সূর্য্য ইবোদিতঃ ॥৮৩॥
হতশেষং বলং তত্তু পাণ্ডবানামতিষ্ঠত।
অস্ত্রব্যুপরমাদ্ধৃষ্টং তব পুত্রজিঘাংসয়া ॥৮৪॥
ব্যবস্থিতে বলে তস্মিন্নস্ত্রে প্রতিহতে তথা।
দুর্য্যোধনো মহারাজ! দ্রোণপুত্রমথাব্রবীৎ ॥৮৫॥
অশ্বত্থামন্! পুনঃ শীঘ্রমস্ত্রমেতৎ প্রযোজয়।
ব্যবস্থিতা হি পাঞ্চালাঃ পুনরেতে জয়ৈষিণঃ ॥৮৬॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। প্রশান্তে নিবৃত্তে, বিধিনা উপায়েন। প্রদিশো বিদিশঃ ॥৮১॥
প্রেতি। শিবা মঙ্গলকরাঃ সুখস্পর্শাঃ, প্রশান্তাঃ কর্কশরবান্নিবৃত্তাঃ ॥৮২॥
ব্যপোঢ় ইতি। ব্যপোঢ়ে নিবৃত্তে। নিশাপায়ে প্রভাতে, শ্রীমান্ শোভিতঃ ॥৮৩॥
হতেতি। অস্ত্রস্য ব্যুপরমান্নিবৃত্তের্হেতোঃ, হৃষ্টং প্রগল্ভং সৎ ॥৮৪॥
ব্যবেতি। অস্ত্রে নারায়ণাস্ত্রে ॥৮৫॥
অশ্বেতি। হি যস্মাৎ ॥৮৬॥

সেই দুঃসহ তেজ সেই উপায়ে শান্ত হইলে, সমস্ত দিক্ ও বিদিক্ নির্ম্মল হইল ॥৮১॥

অতিদুর্জয় নারায়ণাস্ত্র শান্ত হইলে, সুখস্পর্শ বায়ু বহিতে লাগিল, পশু-পক্ষীরা শান্ত হইল এবং বাহন সকলও আনন্দলাভ করিল ॥৮২॥

ভরতনন্দন! সেই ভয়ঙ্কর তেজ নিবৃত্তি পাইলে, ভীমসেন প্রভাতকালীন সূর্য্যের ন্যায় বীরশোভায় শোভিত হইয়া প্রকাশ পাইতে লাগিলেন ॥৮৩॥

রাজা! আর হতাবশিষ্ট সেই পাণ্ডবসৈন্য নারায়ণাস্ত্র নিবৃত্ত হওয়ায় আবার উত্তেজিত হইয়া আপনার পুত্রকে বধ করিবার ইচ্ছা করিয়া দাঁড়াইল ॥৮৪॥

মহারাজ! নারায়ণাস্ত্র প্রতিহত হইলে এবং পাণ্ডবসৈন্য পুনরায় যুদ্ধ করিবার জন্য অবস্থান করিলে, দুর্য্যোধন অশ্বত্থামাকে বলিলেন—॥৮৫॥

'গুরুপুত্র! আপনি পুনরায় সত্বর এই অস্ত্র প্রয়োগ করুন। কারণ, পাঞ্চালেরা জয়াভিলাষী হইয়া এই আবার দাঁড়াইয়াছে' ॥৮৬॥

অশ্বত্থামা তথোক্তস্তু তব পুত্রেণ মারিষ ! ।
সুদীনমভিনিশ্বস্য রাজানমিদমব্রবীৎ ॥৮৭॥
নৈতদাবর্ত্ততে রাজন্নস্ত্রং দ্বির্নোপপদ্যতে ।
আবৃত্তং হি নিহন্ত্যেতৎ প্রয়োক্তারং ন সংশয়ঃ ॥৮৮॥
এবঞ্চাস্ত্রপ্রতীঘাতং বাসুদেবঃ প্রযুক্তবান্ ।
অন্যথা বিহিতঃ সংখ্যে বধঃ শত্রোর্জনাধিপ ! ॥৮৯॥
পরাজয়ো বা মৃত্যুর্ব্বা শ্রেয়ান্ মৃত্যুর্ন নির্জয়ঃ ।
বিজিতাশ্চারয়ো হ্যেতে শস্ত্রোৎসর্গান্মৃতোপমাঃ ॥৯০॥

ভারতকৌমুদী

অশ্বেতি। সুদীনম্ অতিবিষাদেন সহিতং যথা স্যাত্তথা, অস্ত্রপ্রতিঘাতাং ॥৮৭॥
নেতি। দ্বিঃ দ্বিঃপ্রয়োগঃ। আবৃত্তং পুনঃ প্রয়োগেণাগমিতম্ ॥৮৮॥
এবমিতি। প্রযুক্তবান্ উপদিষ্টবান্। বিহিতো ভবেৎ, শত্রোঃ সর্ব্বস্যৈব ॥৮৯॥
পরেতি। শস্ত্রোৎসর্গাৎ স্বস্বশস্ত্রত্যাগাৎ, মৃতোপমাশ্চ জাতা ইতি শেষঃ ॥৯০॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১৭॥ গুড়া গুড়াকাঃ ॥১৮—১৯॥ শস্ত্রাকৃতিভিরস্ত্রপ্রকারৈঃ ॥২০—৮১॥ প্রশান্তা অনুকূলাঃ ॥৮২—৮৭॥ ন আবর্ত্ততে ন পুনঃ প্রবর্ত্ততে, দ্বির্দ্বিবারম্, আবৃত্তং পুনঃ প্রযুক্তম্ ॥৮৮॥ অন্যথা মরণমন্তরেণৈব ॥৮৯—১৩৪॥

ইতি দ্রোণপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৮॥

মাননীয় রাজা ! আপনার পুত্র সেইরূপ বলিলে, অশ্বত্থামা অতিবিষাদের সহিত নিশ্বাস ত্যাগ করিয়া দুর্য্যোধনকে এই কথা বলিলেন—॥৮৭॥

'রাজা ! এ অস্ত্র ফিরে না এবং দুইবার ইহার প্রয়োগ করাও সঙ্গত হয় না। কারণ, পুনরায় প্রয়োগ করিলে, এ অস্ত্র নিশ্চয়ই প্রয়োগকারীকে বধ করে ॥৮৮॥

নরনাথ ! নিশ্চয়ই কৃষ্ণ এই অস্ত্রপ্রতিঘাতের বিষয় এইভাবেই উপদেশ দিয়াছেন ; না হইলে এই যুদ্ধে সমস্ত শত্রুবধই করা হইত ॥৮৯॥

পরাজয় ও মৃত্যু এই দু-এর মধ্যে মৃত্যুই ভাল—পরাজয় নহে। কিন্তু অস্ত্রত্যাগ করায় এই শত্রুরা পরাজিতও হইয়াছে এবং মৃতপ্রায়ও হইয়াছে ॥৯০॥

---

(৮৮)···আবৃতং হি নিবর্ত্তেত···বা নি। (৮৯)···দ্বিবিধো বিহিতঃ সংখ্যে···নি।

দুর্য্যোধন উবাচ।

আচার্য্যপুত্র! যদ্যেতদ্দ্বিরস্ত্রং ন প্রযুজ্যতে।
অন্যৈগুর্বুঘ্না বধ্যন্তামস্ত্রৈরস্ত্রবিদাং বর! ॥৯১॥
ত্বয়ি হ্যস্ত্রাণি দিব্যানি ত্র্যম্বকে চামিতৌজসি।
ইচ্ছতো ন হি তে মুচ্যেৎ সংক্রুদ্ধোঽপি পুরন্দরঃ ॥৯২॥

ধৃতরাষ্ট্র উবাচ।

তস্মিন্নস্ত্রে প্রতিহতে দ্রোণে চোপধিনা হতে।
তথা দুর্য্যোধনেনোক্তো দ্রৌণিঃ কিমকরোৎ পুনঃ ॥৯৩॥
দৃষ্ট্বা পার্থাংশ্চ সংগ্রামে যুদ্ধায় সমুপস্থিতান্।
নারায়ণাস্ত্রনির্ম্মুক্তাংশ্চরতঃ পৃতনামুখে ॥৯৪॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

জানন্ পিতুঃ স নিধনং সিংহলাঙ্গুলকেতনঃ।
সক্রোধো ভয়মুৎসৃজ্য সোঽভিদুদ্রাব পার্ষতম্ ॥৯৫॥

ভারতকৌমুদী

আচার্য্যেতি। গুরুঘ্না গুরুহত্যাকারিণো ধৃষ্টদ্যুম্নাদয়ঃ ॥৯১॥
ত্বয়ীতি। হি যস্মাৎ। ত্র্যম্বকে শিবে। ইচ্ছতো বধমিতি শেষঃ ॥৯২॥
তস্মিন্নিতি। উপধিনা ছলেন। পার্থান্ পাণ্ডবান্। পৃতনামুখে সেনাগ্রে ॥৯৩—৯৪॥
জানন্নিতি। স প্রসিদ্ধঃ। সঃ অশ্বত্থামা, পার্ষতং ধৃষ্টদ্যুম্নম্ ॥৯৫॥

দুর্য্যোধন বলিলেন—'অস্ত্রজ্ঞশ্রেষ্ঠ গুরুপুত্র! এই অস্ত্র যদি দুই বার প্রয়োগ করা সঙ্গত না হয়, তবে অন্য অস্ত্রদ্বারা গুরুহন্তাদিগকে বধ করুন ॥৯১॥

কারণ, অমিততেজা আপনার ও শিবের নিকটে অলৌকিক অস্ত্র সকল রহিয়াছে। সুতরাং আপনি যদি মুক্তি দিতে ইচ্ছা না করেন, তবে সংক্রুদ্ধ সাক্ষাৎ ইন্দ্রও আপনার নিকট হইতে মুক্তি পান না' ॥৯২॥

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! ছলক্রমে দ্রোণকে বধ করিলে, নারায়ণাস্ত্র প্রতিহত হইলে এবং দুর্য্যোধন সেইরূপ বলিলে, পাণ্ডবগণকে নারায়ণাস্ত্র হইতে মুক্ত, রণস্থলে যুদ্ধের জন্য উপস্থিত এবং সৈন্যসম্মুখে বিচরণ করিতে দেখিয়া অশ্বত্থামা পুনরায় কি করিলেন?' ॥৯৩—৯৪॥

(৯২)···ইচ্ছতো ন হি মুচ্যেত···পি,···ইচ্ছাতো ন হি মুচ্যেত···বর্দ্ধ। (৯৪)···সমবস্থিতান্ ···বর্দ্ধ।

অভিক্রুত্য চ বিংশত্যা ক্ষুদ্রকাণাং নরর্ষভ !।
পঞ্চভিশ্চাতিবেগেন বিব্যাধ পুরুষর্ষভম্ ॥৯৬॥
ধৃষ্টদ্যুম্নস্ততো রাজন্ ! জ্বলন্তমিব পাবকম্।
দ্রোণপুত্রং ত্রিষষ্ট্যা তু রাজন্ ! বিব্যাধ পত্রিণাম্ ॥৯৭॥
সারথিঞ্চাস্য বিংশত্যা স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
হয়াংশ্চ চতুরোঽবিধ্যচ্চতুর্ভির্নিশিতৈঃ শরৈঃ ॥৯৮॥
বিদ্ধা বিদ্ধানদদ্দ্রৌণিং কম্পয়ন্নিব মেদিনীম্।
আদদৎ সর্ব্বলোকস্য প্রাণানিব মহারণে ॥৯৯॥
পার্ষতস্তু বলী রাজন্ ! কৃতাস্ত্রঃ কৃতনিশ্চয়ঃ।
দ্রৌণিমেবাভিদুদ্রাব মৃত্যুং কৃত্বা নিবর্ত্তনম্ ॥১০০॥

ভারতকৌমুদী

অভীতি। ক্ষুদ্রকাণাং তদাখ্যানাং বাণানাম্। পঞ্চভিশ্চ ক্ষুদ্রকৈরেব ॥৯৬॥
ধৃষ্টেতি। হে রাজন্ ! বীরশ্রিয়া দীপ্যমানেতি যথা কথঞ্চিৎ পুনরুক্তিদোষনিরাসঃ ॥৯৭॥
সারথিমিতি। শিলাসু শিতৈস্তনূকৃতমুখৈঃ সুধারৈরিত্যর্থঃ ॥৯৮॥
বিদ্ধেতি। অনদৎ অগর্জ্জৎ। আদদৎ গৃহ্নন্ ॥৯৯॥
পার্ষত ইতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতসর্ব্বাস্ত্রঃ, কৃতনিশ্চয়ো দ্রৌণিবধে ॥১০০॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! প্রসিদ্ধ মহাবীর ও সিংহলাঙ্গুলধ্বজ অশ্বত্থামা সেইভাবে পিতার বধ জানিয়া ক্রুদ্ধ হইয়া ভয় পরিত্যাগ করিয়া ধৃষ্টদ্যুম্নের দিকে ধাবিত হইলেন ॥৯৫॥

নরশ্রেষ্ঠ! তিনি দ্রুত যাইয়া অতিবেগে প্রথমে কুড়িটা পরে পাঁচটা ক্ষুদ্রকবাণদ্বারা পুরুষশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্নকে বিদ্ধ করিলেন ॥৯৬॥

রাজা! তাহার পর ধৃষ্টদ্যুম্নও তেষট্টিটা বাণদ্বারা জ্বলন্ত অগ্নির ন্যায় অবস্থিত অশ্বত্থামাকে তাড়ন করিলেন ॥৯৭॥

এবং তিনি স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত কুড়িটা বাণদ্বারা অশ্বত্থামার সারথিকে, আর চারিটা সুধার বাণদ্বারা তাঁহার চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥৯৮॥

পরে তিনি অশ্বত্থামাকে বিদ্ধ করিয়া করিয়া মহাযুদ্ধে যেন সমস্ত লোকের প্রাণহরণ ও পৃথিবীকম্পন করিতে থাকিয়া গর্জ্জন করিতে লাগিলেন ॥৯৯॥

রাজা! বলবান্, সমস্ত অস্ত্রে সুশিক্ষিত ও অশ্বত্থামার বধে কৃতনিশ্চয় ধৃষ্টদ্যুম্ন মৃত্যুকেই নিবৃত্তির কারণ করিয়া অশ্বত্থামাকেই পীড়ন করিতে থাকিলেন ॥১০০॥

(৯৬)···পুরুষর্ষভঃ···বা নি। (৯৯)···আদদে সর্ব্বলোকস্য···পি বা নি।

ততো বাণময়ং বর্ষং দ্রোণপুত্রস্য মূর্দ্ধনি।
অবাসৃজদমেয়াত্মা পাঞ্চাল্যো রথিনাং বরঃ ॥১০১॥
তং দ্রৌণিঃ সমরে ক্রুদ্ধশ্ছাদয়ামাস পত্রিভিঃ।
বিব্যাধ চৈনং দশভিঃ পিতুর্বধমনুস্মরন্ ॥১০২॥
দ্বাভ্যাঞ্চ সুবিসৃষ্টাভ্যাং ক্ষুরাভ্যাং ধ্বজকার্ম্মুকে।
ছিত্ত্বা পাঞ্চালরাজস্য দ্রৌণিরন্যৈঃ সমার্দ্দয়ৎ ॥১০৩॥
ব্যশ্বসূতরথঞ্চৈনং দ্রৌণিশ্চক্রে মহাহবে।
তস্য চানুচরান্ সর্ব্বান্ ক্রুদ্ধঃ প্রাদ্রাবয়চ্ছরৈঃ ॥১০৪॥
ততঃ প্রদুদ্রুবে সৈন্যং পাঞ্চালানাং বিশাংপতে!।
সম্ভ্রান্তরূপমার্ত্তঞ্চ ন পরস্পরমৈক্ষত ॥১০৫॥
দৃষ্ট্বা তু বিমুখান্ যোধান্ ধৃষ্টদ্যুম্নঞ্চ পীড়িতম্।
শৈনেয়োঽচোদয়ত্তূর্ণং রথং দ্রৌণিরথং প্রতি ॥১০৬॥

ভারতকৌমুদী

তত ইতি। অমেয়াত্মা অজ্ঞেয়স্বভাবঃ, পাঞ্চাল্যো ধৃষ্টদ্যুম্নঃ ॥১০১॥
তমিতি। পত্রিভির্বাণৈঃ। বিব্যাধ তাড়য়ামাস, এনং পাঞ্চাল্যম্ ॥১০২॥
দ্বাভ্যামিতি। সুবিসৃষ্টাভ্যাং সম্যঙ্ নিক্ষিপ্তাভ্যাম্, ক্ষুরাভ্যাং ক্ষুরপ্রাভ্যাম্ ॥১০৩॥
ব্যশ্বেতি। বিগতা অশ্বাঃ সূতঃ সারথিঃ রথশ্চ যস্য তম্। প্রাদ্রাবয়ৎ অপীড়য়ৎ ॥১০৪॥
তত ইতি। প্রদুদ্রুবে দ্রুতং পলায়াঞ্চক্রে। সংভ্রান্তরূপং ভয়ব্যস্তম্ ॥১০৫॥

তাহার পর অজ্ঞেয়স্বভাব ও রথিশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন অশ্বত্থামার মস্তকে বাণময় বৃষ্টি করিতে লাগিলেন ॥১০১॥

তখন অশ্বত্থামা পিতার বধ স্মরণ করিয়া ক্রুদ্ধ হইয়া বাণদ্বারা যুদ্ধে ধৃষ্টদ্যুম্নকে আচ্ছাদন করিলেন এবং দশটা বাণদ্বারা পুনরায় তাঁহাকে তাড়ন করিলেন ॥১০২॥

এবং তিনি দুইটা ক্ষুরপ্র সম্যক্ নিক্ষেপ করিয়া ধৃষ্টদ্যুম্নের ধ্বজ ও ধনু ছেদনপূর্ব্বক অন্য কতকগুলি বাণদ্বারা তাঁহাকে পীড়ন করিলেন ॥১০৩॥

ক্রমে ক্রুদ্ধ অশ্বত্থামা মহাযুদ্ধে বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নের অশ্ব, সারথি ও রথ বিনষ্ট করিলেন এবং তাঁহার সমস্ত অনুচরকে পীড়ন করিতে লাগিলেন ॥১০৪॥

নরনাথ! তাহার পর পাঞ্চালসৈন্য পলায়ন করিতে লাগিল, কিন্তু তাহারা ভয়ে ব্যস্ত ও পীড়িত হওয়ায় পরস্পরের প্রতি দৃষ্টিপাতও করিল না ॥১০৫॥

(১০২)...সমরে ক্রুদ্ধম্...বা নি।

অষ্টাভির্নিশিতৈর্বাণৈরশ্বত্থামানমার্দ্দয়ৎ।
বিংশত্যা পুনরাহত্য নানারূপৈরমর্ষণঃ।
বিব্যাধ চ তথা সূতং চতুর্ভিশ্চতুরো হয়ান্ ॥১০৭॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসো নানালিঙ্গৈরমর্ষণঃ।
যুযুধানেন বৈ দ্রৌণিঃ প্রহসন্ বাক্যমব্রবীৎ ॥১০৮॥

ভারতকৌমুদী

দৃষ্ট্বেতি। শৈনেয়ঃ সাত্যকিঃ, অচোদয়ৎ প্রৈরয়ৎ ॥১০৬॥
অষ্টাভিরিতি। আর্দ্দয়ৎ শৈনেয় এব। অমর্ষণঃ অসহিষ্ণুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০৭॥
স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, নানালিঙ্গৈর্বহুবিধচিহ্নযুক্তৈঃ ॥১০৮॥

তখন পাঞ্চালসৈন্যগণকে পরাঙ্মুখ ও ধৃষ্টদ্যুম্নকে পীড়িত দেখিয়া সাত্যকি সত্বর অশ্বত্থামার রথের দিকে নিজের রথ চালাইয়া দিলেন ॥১০৬॥

পরে অসহিষ্ণু সাত্যকি আটটা সুধার বাণদ্বারা অশ্বত্থামাকে পীড়ন করিলেন এবং পুনরায় নানাবিধ কুড়িটা বাণদ্বারা তাঁহাকে আঘাত করিয়া তাঁহার সারথিকে ও চারিটা বাণদ্বারা চারিটা অশ্বকে বিদ্ধ করিলেন ॥১০৭॥

সাত্যকি নানাবিধচিহ্নযুক্ত বাণদ্বারা অত্যন্তবিদ্ধ করিলে, মহাধনুর্দ্ধর অশ্বত্থামা অসহিষ্ণু হইয়া হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥১০৮॥

(১০৭) ইতঃ পরং চতুর্দ্দশ শ্লোকা অধিকাঃ। তে চ যথা বঙ্গ বর্দ্ধ—
ধনুর্ধ্বজঞ্চ সংযত্তশ্চিচ্ছেদ কৃতহস্তবৎ। স সাশ্বং ব্যধমচ্চাপি রথং হেমপরিষ্কৃতম্। হৃদি বিব্যাধ সমরে ত্রিংশতা সায়কৈর্ভৃশম্ ॥১॥
এবং স পীড়িতো রাজন্নশ্বত্থামা মহাবলঃ। শরজালৈঃ পরিবৃতঃ কর্ত্তব্যং নাম্বপদ্যত ॥২॥
এবং গতে গুরোঃ পুত্রে তব পুত্রো মহারথঃ। কৃপকর্ণাদিভিঃ সার্দ্ধং শরৈঃ সাত্বতমাবৃণোৎ ॥৩॥
দুর্য্যোধনস্তু বিংশত্যা কৃপঃ শারদ্বতস্ত্রিভিঃ। কৃতবর্ম্মাথ দশভিঃ কর্ণঃ পঞ্চাশতা শরৈঃ ॥৪॥
দুঃশাসনঃ শতেনৈব বৃষসেনশ্চ সপ্তভিঃ। সাত্যকিং বিব্যধুস্তূর্ণং সমন্তান্নিশিতৈঃ শরৈঃ ॥৫॥
ততঃ স সাত্যকী রাজন্! সর্বানেব মহারথান্। বিরথান্ বিমুখাংশ্চৈব ক্ষণেনৈবাকরোন্নৃপ! ॥৬॥
অশ্বত্থামা তু সম্প্রাপ্য চেতনাং ভরতর্ষভ!। চিন্তয়ামাস দুঃখার্ত্তো নিশ্বসংশ্চ পুনঃ পুনঃ ॥৭॥
ততো রথান্তরং দ্রৌণিঃ সমারুহ্য পরন্তপ!। সাত্যকিং বারয়ামাস কিরঞ্ছরশতান্ বহূন্ ॥৮॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য ভারদ্বাজসুতং রণে। বিরথং বিমুখঞ্চৈব পুনশ্চক্রে মহারথঃ ॥৯॥
ততস্তে পাণ্ডবা রাজন্! দৃষ্ট্বা সাত্যকিবিক্রমম্। শঙ্খশব্দান্ ভৃশং চক্রুঃ সিংহনাদাংশ্চ নেদিরে ॥১০॥
এবং তং বিরথং কৃত্বা সাত্যকিঃ সত্যবিক্রমঃ। জঘান বৃষসেনস্য ত্রিসাহস্রান্মহারথান্ ॥১১॥
অযুতং দন্তিনাং সার্দ্ধং কৃপস্য নিজঘান সঃ। পঞ্চাযুতানি চাশ্বানাং শকুনের্নিজঘান হ ॥১২॥
ততো দ্রৌণির্মহারাজ! রথমারুহ্য বীর্যবান্। সাত্যকিং প্রতি সংক্রুদ্ধঃ প্রযযৌ তদ্বধেপ্সয়া ॥১৩॥
পুনস্তমাগতং দৃষ্ট্বা শৈনেয়ো নিশিতৈঃ শরৈঃ। অদারয়ৎ ক্রূরতরৈঃ পুনঃ পুনররিন্দমঃ ॥১৪॥

শৈনেয়াভ্যুপপত্তিং তে জানাম্যাচার্য্যঘাতিনি।
ন চৈনং ত্রাস্যসি ময়া গ্রস্তমাত্মানমেব চ ॥১০৯॥
শপে তবাহং শৈনেয়! সত্যেন তপসা তথা।
অহত্বা সর্ব্বপাঞ্চালান্ নহি শান্তিমহং লভে ॥১১০॥
যদ্বলং পাণ্ডবেয়ানাং বৃষ্ণীনামপি যদ্বলম্।
ক্রিয়তাং সর্ব্বমেবেহ নিহনিষ্যামি সোমকান্ ॥১১১॥
এবমুক্ত্বার্করশ্ম্যাভং সুতীক্ষ্ণং তং শরোত্তমম্।
ব্যসৃজৎ সাত্যকৌ দ্রৌণির্ব্বজ্রং বৃত্রে যথা হরিঃ ॥১১২॥
স তং নির্ভিদ্য তেনাস্তঃ সায়কঃ সশরাবরম্।
বিবেশ বসুধাং ভিত্বা শ্বসন্ বিলমিবোরগঃ ॥১১৩॥

ভারতকৌমুদী

শৈনেয়েতি। অভ্যুপপত্তিং জ্ঞানম্, আচার্য্যঘাতিনি ধৃষ্টদ্যুম্নে ॥১০৯॥
শপ ইতি। শপে শপথং করোমি। শান্তিং ক্রোধোৎসাহনিবৃত্তিম্ ॥১১০॥
যদিতি। ক্রিয়তাং মৎপ্রতিপক্ষে একস্থমিতি শেষঃ। তথাপি নিহনিষ্যামি ॥১১১॥
এবমিতি। অর্করশ্ম্যাভং সূর্য্যকিরণবদুজ্জ্বলম্। বৃত্রেঽসুরে, হরিরিন্দ্রঃ ॥১১২॥
স ইতি। অস্তঃ ক্ষিপ্তঃ, শরাবরেণ বর্ম্মণা সহেতি তম্। বিলং গর্ত্তম্ ॥১১৩॥

'সাত্যকি! গুরুহন্তা ধৃষ্টদ্যুম্নের উপরে আপনার কিরূপ ধারণা, তাহা আমি জানি; কিন্তু আমি আক্রমণ করিয়াছি, এ অবস্থায় আপনি উঁহাকে এবং আপনাকে রক্ষা করিতে পারিবেন না ॥১০৯॥

শিনিনন্দন! আমি সত্য ও তপস্যাদ্বারা শপথ করিতেছি—সমস্ত পাঞ্চাল সংহার না করিয়া আমি নিবৃত্তি পাইব না ॥১১০॥

অতএব পাণ্ডবগণের যত সৈন্য ও বৃষ্ণিগণের যত সৈন্য আছে, সে সমস্তই আপনি এখানে আমার বিরুদ্ধে একস্থ করুন, আমি সোমকগণকে বধ করিবই' ॥১১১॥

এইরূপ বলিয়া অশ্বত্থামা—ইন্দ্র যেমন বৃত্রাসুরের উপরে বজ্র নিক্ষেপ করিয়াছিলেন, সেইরূপ সাত্যকির উপরে সূর্য্যরশ্মির ন্যায় উজ্জ্বল ও সুতীক্ষ্ণ একটা উত্তম বাণ নিক্ষেপ করিলেন ॥১১২॥

অশ্বত্থামনিক্ষিপ্ত সেই বাণটা যাইয়া বর্ম্মের সহিত সাত্যকির দেহ ভেদ করিয়া—শ্বাসত্যাগকারী সর্প যেমন গর্ত্তমধ্যে প্রবেশ করে, সেইরূপ ভূমিমধ্যে প্রবেশ করিল ॥১১৩॥

(১১০) শপেঽহমনাহং শৈনেয়!...যদি শান্তিমহং লভে—বা নি। (১১২)...ব্যসৃজৎ সাত্বতে দ্রৌণিঃ...বা নি।

স ভিন্নকবচঃ শূরস্তোত্ত্রার্দ্দিত ইব দ্বিপঃ।
বিমুচ্য সশরং চাপং ভূরিব্রণপরিস্রুতঃ ॥১১৪॥
সীদন্ রুধিরসিক্তশ্চ রথোপস্থ উপাবিশৎ।
সূতেনাপহৃতস্তূর্ণং দ্রোণপুত্ত্রাদনন্তরম্ ॥১১৫॥ (যুগ্মকম্)
অথান্যেন সুপুঙ্খেন শরেণানতপর্ব্বণা।
আজঘান ভ্রুবোর্ম্মধ্যে ধৃষ্টদ্যুম্নং পরন্তপঃ ॥১১৬॥
স পূর্ব্বমতিবিদ্ধশ্চ ভৃশং পশ্চাচ্চ পীড়িতঃ।
বিষসাদাথ পাঞ্চাল্যো ব্যপাশ্রয়ত চ ধ্বজম্ ॥১১৭॥
তং নাগমিব সিংহেন দৃষ্ট্বা রাজন্! শরার্দ্দিতম্।
জবেনাভ্যদ্রবন্ শূরাঃ পঞ্চ পাণ্ডবতো রথাঃ ॥১১৮॥
কিরীটী ভীমসেনশ্চ বৃদ্ধক্ষত্রশ্চ পৌরবঃ।
যুবরাজশ্চ চেদীনাং মালবশ্চ সুদর্শনঃ ॥১১৯॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। তোত্ত্রার্দ্দিতঃ অঙ্কুশতাড়িতঃ। ভূরিব্রণাদ্বিশালক্ষতাৎ পরিস্রুতঃ পরিস্রুতরক্তঃ। রথস্য উপস্থে উপবেশনস্থানে। সূতেন সারথিনা। অনন্তরং ব্যবহিতদেশে ॥১১৪—১১৫॥

অথেতি। আনতম্ ঈষদ্বক্রং পর্ব্ব ফলকসংযোগদেশো যস্য তেন ॥১১৬॥

স ইতি। বিষসাদ বিষণ্ণো বভূব, ব্যপাশ্রয়ত অবালম্বত ॥১১৭॥

তমিতি। জবেন বেগেন। পাণ্ডবতঃ পাণ্ডবপক্ষাৎ। কিরীটী অর্জ্জুনঃ ॥১১৮—১১৯॥

তখন সাত্যকির বর্ম্ম ও দেহ বিদীর্ণ হইয়াছিল বলিয়া তিনি অঙ্কুশতাড়িত হস্তীর ন্যায় অবসন্ন হইয়া পড়িলেন, সেই বিশাল ক্ষত হইতে রক্তস্রাব হইতে লাগিল এবং শরীর রক্তে সিক্ত হইয়া গেল, সেই সময়ে বীর সাত্যকি ধনু ও বাণ ত্যাগ করিয়া রথমধ্যে উপবেশন করিলেন; পরে তাঁহার সারথি তাঁহাকে সত্বর অশ্বত্থামার নিকট হইতে দূরে লইয়া গেল ॥১১৪—১১৫॥

তদনন্তর অশ্বত্থামা সুন্দরপুঙ্খ ও আনতপর্ব্ব অন্য একটা বাণদ্বারা ধৃষ্টদ্যুম্নের ভ্রূযুগলমধ্যে আঘাত করিলেন ॥১১৬॥

ধৃষ্টদ্যুম্ন পূর্ব্বেই অত্যন্তবিদ্ধ হইয়াছিলেন, পরেও গুরুতর তাড়িত হইলেন। সুতরাং তিনি অবসন্ন হইয়া রথের ধ্বজ অবলম্বন করিলেন ॥১১৭॥

রাজা! সিংহ যেমন হস্তীকে পীড়ন করে, সেইরূপ অশ্বত্থামা ধৃষ্টদ্যুম্নকে পীড়ন করিয়াছেন দেখিয়া অর্জ্জুন, ভীমসেন, পুরুবংশীয় বৃদ্ধক্ষত্র, চেদিদেশের

(১১৪)…ভূরিব্রণপরিস্রবঃ—বা নি। (১১৫)…দ্রোণপুত্রাদ্রথান্তরম্—বা নি। (১১৭)… সসাদাথ চ পাঞ্চাল্যঃ…পি বা নি।

এতে হাহাকৃতাঃ সর্ব্বে প্রগৃহীতশরাশনাঃ।
বীরং দ্রৌণায়নিং বীরাঃ সর্ব্বতঃ পর্য্যবারয়ন্ ॥১২০॥
তে বিংশতিপদে যত্তা গুরুপুত্রমমর্ষণম্।
পঞ্চভিঃ পঞ্চভির্বাণৈরভ্যঘ্নন্ সর্ব্বতঃ সমম্ ॥১২১॥
আশীবিষাভৈর্বিংশত্যা পঞ্চভিস্তু স তান্ শরৈঃ।
চিচ্ছেদ যুগপদ্দ্রৌণিঃ পঞ্চবিংশতিসায়কান্ ॥১২২॥
সপ্তভিস্তু শিতৈর্ব্বাণৈঃ পৌরবং দ্রৌণিরার্দ্দয়ৎ।
মালবং ত্রিভিরেকেন পার্থং ষড়্ভির্বৃকোদরম্ ॥১২৩॥
ততস্তে বিব্যধুঃ সর্ব্বে দ্রৌণিং রাজন্! মহারথাঃ।
যুগপচ্চ পৃথক্‌চৈব রুক্মপুঙ্খৈঃ শিলাশিতৈঃ ॥১২৪॥
যুবরাজশ্চ বিংশত্যা দ্রৌণিং বিব্যাধ পত্রিভিঃ।
পার্থশ্চ পুনরষ্টাভিস্তথা সর্ব্বে ত্রিভিস্ত্রিভিঃ ॥১২৫॥

ভারতকৌমুদী

এত ইতি। হাহা ইত্যস্ক কৃতং করণং যেষাং তে। দ্রৌণায়নিমশ্বত্থামানম্ ॥১২০॥
ত ইতি। বিংশতিপদে গতা ইতি শেষঃ, যত্তা জয়ে যত্নবন্তঃ সন্তঃ ॥১২১॥
আশীতি। আশীবিষাভৈঃ সর্পতুল্যৈঃ। অতুতৈব শিক্ষেয়ম্ ॥১২২॥
সপ্তভিরিতি। পৌরবং বৃদ্ধক্ষত্রম্। মালবং সুদর্শনম্। পার্থমর্জ্জুনম্ ॥১২৩॥
তত ইতি। রুক্মপুঙ্খৈঃ স্বর্ণখচিতমূলদেশৈঃ, শিলাশিতৈশ্চ বাণৈঃ ॥১২৪॥
যুবেতি। যুবরাজশ্চেদিদেশস্থ। পত্রিভির্বাণৈঃ। সর্ব্বে পঞ্চানামবশিষ্টাঃ ॥১২৫॥

যুবরাজ এবং মালবদেশীয় সুদর্শন এই পাঁচজন রথারোহী বীর বেগে পাণ্ডবপক্ষ হইতে অশ্বত্থামার দিকে ধাবিত হইলেন ॥১১৮—১১৯॥

এই বীরেরা সকলে হাহাকার করিয়া ধনুর্ধারণপূর্ব্বক যাইয়া সকল দিক্ হইতে বীর অশ্বত্থামাকে পরিবেষ্টন করিলেন ॥১২০॥

তাঁহারা বিংশতি পদ গমন করিয়া জয়ে যত্নবান্ হইয়া পাঁচ পাঁচটা বাণদ্বারা একদা সকল দিক্ হইতে ক্রুদ্ধ অশ্বত্থামাকে আঘাত করিলেন ॥১২১॥

তখন অশ্বত্থামাও একদাই সর্পতুল্য পঁচিশটা বাণদ্বারা সেই পঁচিশটা বাণকে ছেদন করিলেন ॥১২২॥

পরে অশ্বত্থামা সাতটা বাণে বৃদ্ধক্ষত্রকে, তিন বাণে সুদর্শনকে, এক বাণে অর্জ্জুনকে এবং ছয় বাণে ভীমকে পীড়ন করিলেন ॥১২৩॥

রাজা! তাহার পর সেই মহারথেরা সকলে স্বর্ণপুঙ্খ ও শিলাশাণিত বাণসমূহদ্বারা একদা ও বিভিন্নকালে অশ্বত্থামাকে বিদ্ধ করিলেন ॥১২৪॥

ততোঽর্জ্জুনং ষড়্ভিরথাজঘান দ্রোণায়নির্দশভির্বাসুদেবম্ ।
ভীমং দশার্দ্ধৈর্যুবরাজং চতুর্ভির্দ্বাভ্যাং দ্বাভ্যাং মালবং পৌরবঞ্চ ॥১২৬॥
সূতং বিদ্ধা ভীমসেনস্য ষড়্ভির্দ্বাভ্যাং ছিত্ত্বা কার্ম্মুকঞ্চ ধ্বজঞ্চ ।
পুনঃ পার্থং শরবর্ষেণ বিদ্ধা দ্রৌণির্ঘোরং সিংহনাদং ননাদ ॥১২৭॥
তস্যাস্যতস্তান্ নিশিতান্ পীতধারান্ দ্রৌণেঃ শরান্ পৃষ্ঠতশ্চাগ্রতশ্চ ।
ধরা বিয়দ্দ্যৌঃ প্রদিশো দিশশ্চ চ্ছন্না বাণৈরভবন্ ঘোররূপৈঃ ॥১২৮॥
আসন্নস্য স্বরথং তীব্রতেজাঃ সুদর্শনস্যেন্দ্রকেতুপ্রকাশৌ ।
ভুজৌ শিরশ্চেন্দ্রসমানবীর্য্যস্ত্রিভিঃ ক্ষুরৈর্যুগপৎ সংচকর্ত্ত ॥১২৯॥
স পৌরবং রথশক্ত্যা নিহত্য চ্ছিত্ত্বা রথং তিলশশ্চাস্য বাণৈঃ ।
ছিত্ত্বা চ বাহূ বরচন্দনাক্তৌ ভল্লেন কায়াচ্ছির উচ্চকর্ত্ত ॥১৩০॥

ভারতকৌমুদী

তত ইতি। ষড়্ভিঃ শরৈঃ। এবমগ্রত্র। দশার্দ্ধৈঃ পঞ্চভিঃ ॥১২৬॥

সূতমিতি। সূতং সারথিম্। পার্থমর্জ্জুনম্। ননাদ চকার ॥১২৭॥

তস্যেতি। অস্যতঃ ক্ষিপতঃ, পীতা ঘৃতাভ্যক্তাদিনা পীতবর্ণা ধারা যেষাং তান্। দ্যৌরিতি পুনরুক্তিঃ ॥১২৮॥

আসন্নস্যেতি। আসন্নস্য সন্নিধৌ প্রাপ্তস্য। কেতুপ্রকাশৌ ধ্বজতুল্যৌ ॥১২৯॥

এবং চেদিদেশের যুবরাজ কুড়িটা, অর্জ্জুন আটটা এবং অন্য সকলে তিন তিনটা বাণদ্বারা পুনরায় অশ্বত্থামাকে তাড়ন করিলেন ॥১২৫॥

তদনন্তর অশ্বত্থামা ছয়টা বাণদ্বারা অর্জ্জুনকে, দশটাদ্বারা কৃষ্ণকে, পাঁচটাদ্বারা ভীমকে, চারিটাদ্বারা চেদিদেশীয় যুবরাজকে এবং দুই দুইটাদ্বারা সুদর্শন ও বৃদ্ধক্ষত্রকে আঘাত করিলেন ॥১২৬॥

পরে আবার অশ্বত্থামা ছয়টা বাণদ্বারা ভীমের সারথিকে বিদ্ধ করিয়া দুইটাদ্বারা তাঁহার ধনু ও ধ্বজ কাটিয়া এবং বাণবর্ষণে অর্জ্জুনকে তাড়নপূর্ব্বক ভীষণ সিংহনাদ করিয়া উঠিলেন ॥১২৭॥

অশ্বত্থামা যখন সম্মুখে ও পিছনে সুধার ও পীতমুখ সেই বাণ সকল নিক্ষেপ করিতেছিলেন, তখন তাঁহার সেই ভয়ঙ্কর বাণসমূহে রণভূমি, আকাশ, দিক্ ও বিদিক্ আবৃত হইয়া গেল ॥১২৮॥

ক্রমে মালবরাজ সুদর্শন যখন অশ্বত্থামার রথের নিকটবর্ত্তী হইলেন, তখন তীব্রতেজা ও ইন্দ্রের তুল্য শক্তিশালী অশ্বত্থামা তিনটা ক্ষুরপ্রদ্বারা একদাই তাঁহার ইন্দ্রধ্বজতুল্য বাহুযুগল ও মস্তক ছেদন করিলেন ॥১২৯॥

(১২৭)···দ্বাভ্যাং বিদ্ধা···বা নি।

যুবানমিন্দীবরদামবর্ণং চেদিপ্রভুং যুবরাজং প্রসহ্য ।
বাণৈস্ত্বরাবান্ জ্বলিতাগ্নিকল্পৈর্বিদ্ধা প্রাদান্মৃত্যবে সাশ্বসূতম্ ॥১৩১॥

ভারতকৌমুদী

স ইতি। নিহত্য আহত্য। বরেণোত্তমেন চন্দনেনাক্তৌ লিপ্তৌ ॥১৩০॥

যুবানমিতি। ইন্দীবরদামবর্ণং নীলোৎপলমালাতুল্যবর্ণম্। প্রাদাৎ প্রৈষয়ৎ ॥১৩১॥

তৎপরে অশ্বত্থামা একটা রথশক্তিদ্বারা বৃদ্ধক্ষত্রকে আঘাত করিয়া, বাণদ্বারা তাঁহার রথখানাকে তিল তিল করিয়া কাটিয়া এবং উত্তমচন্দনলিপ্ত বাহুযুগল ছেদন করিয়া একটা ভল্লদ্বারা তাঁহার মস্তকচ্ছেদন করিলেন ॥১৩০॥

তদনন্তর অশ্বত্থামা ত্বরান্বিত হইয়া প্রজ্বলিত অগ্নিতুল্য বাণসমূহদ্বারা বলপূর্ব্বক যুবক ও নীলোৎপলমালাতুল্য নীলবর্ণ চেদিদেশীয় যুবরাজকে বিদ্ধ করিয়া অশ্ব ও সারথির সহিত তাঁহাকে যমলোকে প্রেরণ করিলেন ॥১৩১॥

---

(১৩১) ইতঃ পরং ভীমসেনাশ্বত্থামযুদ্ধবিষয়াস্ত্রিচত্বারিংশৎ শ্লোকা অধিকাঃ কাশীবঙ্গেতর-দেশীয়পুস্তকেষ্বসত্ত্বাৎ ভীমাশ্বে প্রক্রান্তে পুনস্তস্য তেনৈবাশ্বেন প্রত্যবলোক্তেরসামঞ্জস্যাচ্চ। তে চ যথা পি বা বঙ্গ বর্দ্ধ—

মালবং পৌরবঞ্চৈব যুবরাজঞ্চ চেদিপম্। দৃষ্ট্বা সমক্ষং নিহতং দ্রোণপুত্রেণ পাণ্ডবঃ ॥১॥
ভীমসেনো মহাবাহুঃ ক্রোধমাহারয়ৎ পরম্। ততঃ শরশতৈস্তীক্ষ্ণৈঃ সংক্রুদ্ধাশীবিষোপমৈঃ ॥২॥
ছাদয়ামাস সমরে দ্রোণপুত্রং পরন্তপঃ। ততো দ্রৌণির্মহাতেজাঃ শরবর্ষং নিহত্য তম্ ॥৩॥
বিব্যাধ নিশিতৈর্বাণৈর্ভীমসেনমমর্ষণঃ। ততো ভীমো মহাবাহুর্দ্রৌণের্যুধি মহাবলঃ ॥৪॥
ক্ষুরপ্রেণ ধনুশ্ছিত্ত্বা দ্রৌণিং বিব্যাধ পত্রিণা। তদপাস্য ধনুশ্ছিন্নং দ্রোণপুত্রো মহামনাঃ ॥৫॥
অন্যৎ কার্ম্মুকমাদায় ভীমং বিব্যাধ পত্রিভিঃ। তৌ দ্রৌণিভীমৌ সমরে পরাক্রান্তৌ মহাবলৌ ॥
অবর্ষতাং শরবর্ষং বৃষ্টিমন্তাবিবাম্বুদৌ। ভীমনামাঙ্কিতা বাণাঃ স্বর্ণপুঙ্খাঃ শিলাশিতাঃ ॥৭॥
দ্রৌণিং সংছাদয়ামাসুর্ঘনৌঘা ইব ভাস্করম্। তথৈব দ্রৌণিনির্ম্মুক্তৈর্ভীমঃ সন্নতপর্ব্বভিঃ ॥৮॥
অবাকীর্য্যত স ক্ষিপ্রং শরৈঃ শতসহস্রশঃ। স চ্ছাদ্যমানঃ সমরে দ্রৌণিনা রণশালিনা ॥৯॥
ন বিব্যথে মহারাজ! তদদ্ভুতমিবাভবৎ। ততো ভীমো মহাবাহুঃ কার্ত্তস্বরবিভূষিতান্ ॥১০॥
নারাচান্ দশ সংপ্রৈষীদ্যমদণ্ডনিভাঞ্ছিতান্। তে জত্রুদেশমাসাদ্য দ্রোণপুত্রস্য মারিষ! ॥১১॥
নির্ভিদ্য বিবিশুস্তূর্ণং বল্মীকমিব পন্নগাঃ। সোঽতিবিদ্ধো ভৃশং দ্রৌণিঃ পাণ্ডবেন মহাত্মনা ॥
ধ্বজযষ্টিং সমাসাদ্য ন্যমীলয়ত লোচনে। স মুহূর্ত্তাৎ পুনঃ সংজ্ঞাং লব্ধা দ্রৌণির্নরাধিপ! ॥১৩॥
ক্রোধং পরমমাতস্থৌ সমরে রুধিরোক্ষিতঃ। দৃঢ়ং সোঽভিহতস্তেন পাণ্ডবেন মহাত্মনা ॥১৪॥
বেগঞ্চক্রে মহারাজ! ভীমসেনরথং প্রতি। তত আকর্ণপূর্ণানাং শরাণাং তিগ্মতেজসাম্ ॥
শতমাশীবিষাভানাং প্রেষয়ামাস ভারত!। ভীমোঽপি সমরশ্লাঘী তস্য বীর্য্যমচিন্তয়ন্ ॥১৬॥
তূর্ণং প্রাস্যজদুগ্রাণি শরবর্ষাণি পাণ্ডবঃ। ততো দ্রৌণির্মহারাজ! ছিত্ত্বাস্য বিশিখৈর্ধনুঃ ॥১৭॥
আজঘানোরসি ক্রুদ্ধঃ পাণ্ডবং নিশিতৈঃ শরৈঃ। ততোঽন্যদ্ধনুরাদায় ভীমসেনো হ্যমর্ষণঃ ॥১৮॥
বিব্যাধ নিশিতৈর্বাণৈর্দ্রৌণিং পঞ্চভিরাহবে। জীমূতাবিব ঘর্ম্মান্তে তৌ শরৌঘপ্রবর্ষিণৌ ॥১৯॥

ততঃ সর্ব্বে চ পাঞ্চালা ভীমসেনশ্চ পাণ্ডবঃ।
ধৃষ্টদ্যুম্নরথং ত্যক্ত্বা ভীতাঃ সংপ্রাদ্রবন্ দিশঃ ॥১৩২॥

ভারতকৌমুদী

তত ইতি। পাণ্ডবপদং ভীমসেনান্তরব্যাবৃত্ত্যর্থম্। সংপ্রাদ্রবন্ দ্রুতমগচ্ছন্। অহো যঃ খলু নারায়ণাস্ত্রপ্রাদুর্ভাবকালে রথমস্ত্রমপি চ ন জহৌ, স ভীমসেন ইদানীং ভীতঃ সংপ্রাদ্রবদেবেতি মানবমনোবৃত্তেরনিয়তত্বাদবস্থাবৈষম্যাচ্চেতি সুধীভিঃ সমাধেয়ম্ ॥১৩২॥

তাহার পর পাঞ্চালেরা সকলে এবং পাণ্ডুনন্দন ভীমসেন ভীত হইয়া ধৃষ্টদ্যুম্নের রথ পরিত্যাগ করিয়া বেগে নানাদিকে প্রস্থান করিলেন ॥১৩২॥

অন্যোন্যং ক্রোধতাম্রাক্ষৌ ছাদয়ামাসতুর্যুধি। তলশব্দৈস্ততো ঘোরৈস্ত্রাসয়ন্তৌ পরস্পরম্ ॥২০॥
অযুধ্যেতাং সুসংরব্ধৌ কৃতপ্রতিকৃতৈষিণৌ। ততো বিস্ফার্য্য সুমহচ্চাপং রুক্মবিভূষিতম্ ॥২১॥
ভীমং বৈপ্রেক্ষত স দ্রৌণিঃ শরানস্যন্তমন্তিকাৎ। শরদংর্মধ্যগতো দীপ্তার্চ্চিরিব ভাস্করঃ ॥২২॥
আদদানস্য বিশিখান্ সন্দধানস্য চাশুগান্। বিকর্ষতো মুঞ্চতশ্চ নান্তরং দদৃশুর্জনাঃ ॥২৩॥
অলাতচক্রপ্রতিমং তস্য মণ্ডলমায়ুধম্। দ্রৌণেরাসীন্মহারাজ! বাণান্ বিসৃজতস্তদা ॥২৪॥
ধনুশ্চ্যুতাঃ শরাস্তস্য শতশোঽথ সহস্রশঃ। আকাশে প্রত্যদৃশ্যন্ত শলভানামিবায়তীঃ ॥২৫॥
